মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

অষ্টমখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

শব্দাচার্য্য-পুরাণশাস্ত্রি-সাংখ্যরত্ন-ব্যাকরণতীর্থ-কাব্যতীর্থ-

স্মৃতিতীর্থোপাধিমতা মহোপদেশকেন

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকসুরিবর্গস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব সম্পাদিতং প্রকাশিতঞ্চ

১৩৩৭ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

মহিষৈশ্চ বরাহৈশ্চ সৃমরৈশ্চমরৈরপি।
তত্র তত্রানুচরিতং শার্দ্দূলভয়বর্জ্জিতৈঃ ॥১৫॥
করেণুভির্বারণৈশ্চ প্রভিন্নকরটামুখৈঃ।
সরোঽবগাঢ়ৈঃ ক্রীড়দ্ভিঃ সমন্তাদনুনাদিতম্ ॥১৬॥
সিংহৈর্ব্যাঘ্রৈর্মহানাদান্ নদদ্ভিরনুনাদিতম্।
অপরৈশ্চাপি সংলীনৈর্গুহাকন্দরশায়িভিঃ ॥১৭॥
তেষু তেষ্ববকাশেষু শোভিতং সুমনোরমম্।
ত্রিপিষ্টপসমপ্রখ্যং দধীচাশ্রমমাগমন্ ॥১৮॥ (কুলকম্)
তত্রাপশ্যন্ দধীচং তে দিবাকরসমদ্যুতিম্।
জাজ্বল্যমানং বপুষা যথা লক্ষ্ম্যা পিতামহম্ ॥১৯॥

ভারতকৌমুদী

আশ্রমং বিশিনষ্টি পঞ্চভিঃ। ষট্পদেতি। সামগৈর্ব্রাহ্মণৈরিব, ষট্পদানাং ভ্রমরাণাম্ উদ্গীতনিনদৈর্গানধ্বনিভিঃ, বিঘুষ্টং শব্দিতম্। পুংস্কোকিলানাং রবৈরুন্মিশ্রং যুক্তম্, জীবঞ্জীবকৈঃ পক্ষিবিশেষৈর্নাদিতম্। সৃমরচমরৌ মৃগবিশেষৌ। শার্দ্দূলভয়বর্জ্জিতৈরিত্যনেন মুনিপ্রভাবাৎ হিংসারাহিত্যং সূচিতম্। সরোঽবগাঢ়ৈর্জ্জলাশয়প্রবিষ্টৈঃ, করেণুভির্হস্তিনীভিঃ সহ ক্রীড়দ্ভিঃ, প্রভিন্নানি মদস্রাবীণি করটামুখানি গণ্ডস্থবদনানি যেষাং তৈঃ। করটেতি হ্রস্বস্য দীর্ঘতা। বারণৈর্হস্তিভিঃ, সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, অনুনাদিতম্। নদদ্ভিঃ কুর্ব্বদ্ভিঃ। অপরৈশ্চাপি সিংহৈর্ব্যাঘ্রৈঃ, গুহাসু কন্দরেষু বিবরেষু চ শেরতে তিষ্ঠন্তীতি তৈঃ। "কন্দরোঽঙ্কুশে। বিবরে চ গুহায়াঞ্চ" ইতি হেমচন্দ্রঃ। অবকাশেষু বৃক্ষলতাদিশূন্যস্থানেষু, শোভিতং দূর্ব্বাদিভিঃ। ত্রিপিষ্টপসমা স্বর্গতুল্যা প্রখ্যা শোভা যস্য তম্। আগমন্ দেবা ইত্যনুবৃত্তিঃ ॥১৪—১৮॥

তত্রেতি। তে দেবাঃ। লক্ষ্ম্যা শরীরকান্ত্যা, পিতামহং ব্রহ্মাণম্ ॥১৯॥

যে আশ্রমে সামগানকারী ব্রাহ্মণগণের ন্যায় ভ্রমরগণ গান করিতেছিল; পুরুষজাতীয় কোকিলগণ ও চকোরপক্ষিগণ রব করিতেছিল; ব্যাঘ্রভয়বিহীন মহিষ, শূকর, সৃমরহরিণ ও চমরহরিণ সেই সেই স্থানে বিচরণ করিতেছিল; মদস্রাবী হস্তিগণ হস্তিনীগণের সহিত মিলিত হইয়া, সরোবরে অবগাহনপূর্ব্বক খেলা করিতে থাকিয়া সকল দিকে শব্দ করিতেছিল; বিচরণকারী সিংহগণ ও ব্যাঘ্রগণ এবং গুহা ও গর্ত্তশায়ী নিভৃত সিংহগণ ও ব্যাঘ্রগণ গুরুতর গর্জ্জন করিতেছিল; সেই সেই স্থানে নবতৃণে শোভা জন্মাইতেছিল এবং স্বর্গের তুল্য সৌন্দর্য্য প্রকাশ পাইতেছিল; দেবতারা সেই দধীচমুনির আশ্রমে যাইয়া উপস্থিত হইলেন ॥১৪—১৮॥

তাঁহারা সেই আশ্রমে শরীরকান্তিতে ব্রহ্মার ন্যায় দেদীপ্যমান এবং সূর্য্যের তুল্য তেজস্বী দধীচমুনিকে দর্শন করিলেন ॥১৯॥

তস্য পাদৌ সুরা রাজন্নভিবাদ্য কৃতাঞ্জলি।
অযাচন্ত বরং সর্বে যথোক্তং পরমেষ্ঠিনা ॥২০॥
ততো দধীচঃ পরমপ্রতীতঃ সুরোত্তমাংস্তানিদমভ্যুবাচ।
করোমি যদ্বো হিতমদ্য দেবাঃ! স্বঞ্চাপি দেহং স্বয়মুৎসৃজামি ॥২১॥
স এবমুক্ত্বা দ্বিপদাং বরিষ্ঠঃ প্রাণান্ বশী স্বান্ সহসোৎসসর্জ্জ।
ততঃ সুরাস্তে জগৃহুঃ পরাসোরস্থীনি তস্যাথ যথোপদেশম্ ॥২২॥
প্রহৃষ্টরূপাশ্চ জয়ায় দেবাস্ত্বষ্টারমাগম্য তমর্থমূচুঃ।
ত্বষ্টা তু তেষাং বচনং নিশম্য প্রহৃষ্টরূপঃ প্রয়তঃ প্রযত্নাৎ ॥২৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। কৃতঃ অঞ্জলিঃ করদ্বয়যোগো যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা ॥২০॥

তত ইতি। পরমপ্রতীত আত্মনা জগদুপকারসম্ভবশ্রবণাদতীবানন্দিতঃ, "প্রতীতঃ সাদরে জ্ঞাতে হৃষ্টপ্রখ্যাতয়োস্ত্রিষু" ইতি মেদিনী। বো যুষ্মাকম্। অহো! জগত্যামীদৃশমুদাহরণমন্যত্রাসম্ভবমেব, যৎ স্বদেহত্যাগেনৈব পরোপকারকরণম্ ॥২১॥

স ইতি। দ্বিপদাং মনুষ্যাণাম্। বশী প্রাণত্যাগেঽপি স্বাধীনঃ। উৎসসর্জ্জ যোগবলেন তত্যাজ। পরাসোর্মৃতস্য। যথোপদেশং ব্রহ্মণ উপদেশমনতিক্রম্য ॥২২॥

ভারতভাবদীপঃ

শ্চেতনমিবেত্যর্থঃ ॥১৪—১৫॥ করেণুভির্হস্তিনীভিঃ, প্রভিন্নং মদস্রাবি করটং মদোদ্ভেদস্থানং গণ্ডস্থলৈকদেশস্তস্য মুখমুপরিভাগো যেষাং তৈঃ ॥১৬—১৭॥ ত্রিবিষ্টপসমপ্রখ্যং স্বর্গতুল্যপ্রকাশম্ ॥১৮—১৯॥ পরাসোঃ গতপ্রাণস্য ॥২২—২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৫॥

রাজা! তখন দেবতারা সকলেই দধীচমুনির চরণযুগলে নমস্কার করিয়া কৃতাঞ্জলিপুটে—ব্রহ্মা যেমন বলিয়া দিয়াছিলেন, তেমন বরই প্রার্থনা করিলেন ॥২০॥

তাহার পর দধীচমুনি অত্যন্ত আনন্দিত হইয়া সেই দেবশ্রেষ্ঠগণকে এই কথা বলিলেন—'দেবগণ! আপনাদের যাহা হিত, তাহা আজ আমি করিতেছি, আমি নিজের দেহও নিজে ত্যাগ করিতেছি' ॥২১॥

মনুষ্যশ্রেষ্ঠ স্বাধীন দধীচমুনি এইরূপ বলিয়া (যোগবলে) তৎক্ষণাৎ নিজে প্রাণ পরিত্যাগ করিলেন। তাহার পর সেই দেবতারা ব্রহ্মার উপদেশক্রমে মৃত দধীচমুনির অস্থিগুলি গ্রহণ করিলেন ॥২২॥

তৎপরে দেবতারা আনন্দিত হইয়া জয়লাভের জন্য বিশ্বকর্ম্মার নিকট আসিয়া

(২০)…অভিবাদ্য প্রণম্য চ…বা ব কা নি।

চকার বজ্রং ভৃশমুগ্ররূপং কৃত্বা চ শক্রং স উবাচ হৃষ্টঃ।
অনেন বজ্রপ্রবরেণ দেব! ভস্মীকুরুষ্বাদ্য সুরারিমুগ্রম্ ॥২৪॥ (যুগ্মকম্)
ততো হতারিঃ সগণঃ সুখং বৈ প্রশাধি কৃৎস্নং ত্রিদিবং দিবিষ্ঠঃ।
ত্বষ্ট্রা তথোক্তস্তু পুরন্দরস্তদ্বজ্রং প্রহৃষ্টঃ প্রয়তো হ্যগৃহ্ণাৎ ॥২৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং বজ্রনির্ম্মাণকথনে পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——*(:০:)*——

ষড়শীতিতমোঽধ্যায়ঃ

——:০:——

লোমশ উবাচ।
ততঃ স বজ্রী বলিভির্দৈবতৈরভিরক্ষিতঃ।
আসসাদ ততো বৃত্রং স্থিতমাবৃত্য রোদসী ॥১॥

ভারতকৌমুদী

প্রহৃষ্টেতি। ত্বষ্টারং বিশ্বকর্ম্মাণম্। অর্থং বজ্রনির্ম্মাণরূপং বিষয়ম্। প্রয়তঃ কৃতমনো-যোগঃ সন্। শক্রমিন্দ্রম্, স ত্বষ্টা। সুরারিং বৃত্রাসুরম্ ॥২৩—২৪॥

তত ইতি। সগণ আত্মীয়বর্গসহিতঃ। দিবিষ্ঠঃ স্বর্গে স্থিত এব। প্রয়তঃ সাবধানঃ ॥২৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

সেই বিষয় বলিলেন। তখন বিশ্বকর্ম্মা তাঁহাদের কথা শুনিয়া, আনন্দিত ও মনোযোগী হইয়া, যত্নপূর্ব্বক অতিভয়ঙ্করাকৃতি বজ্র নির্ম্মাণ করিলেন, সেই রূপ বজ্র নির্ম্মাণ করিয়া আনন্দিত হইয়া ইন্দ্রকে কহিলেন—'দেব! আপনি এখন এই উত্তম বজ্রদ্বারা ভয়ঙ্কর বৃত্রাসুরকে ভস্ম করুন ॥২৩—২৪॥

শত্রু সংহার করিয়া তৎপরে স্বর্গে থাকিয়া আত্মীয়-স্বজনের সহিত সুখে সমস্ত স্বর্গরাজ্য শাসন করুন'। বিশ্বকর্ম্মা সেই রূপ বলিলে, দেবরাজ আনন্দিত ও সাবধান হইয়া সেই বজ্র গ্রহণ করিলেন' ॥২৫॥

——(-:০:-)——

লোমশ বলিলেন—'তাহার পর ইন্দ্র বজ্র ধারণ করিয়া, বলসম্পন্ন দেবগণ-কর্ত্তৃক সকলদিকে রক্ষিত হইয়া, স্বস্থান হইতে যাইয়া বৃত্রাসুরকে পাইলেন;

(২৫)···দিবিষ্ঠ!···বা ব কা। * '···শততমঃ···' বা ব কা পি, '···একোনশততমঃ-' নি।

কালকেয়ৈর্মহাকায়ৈঃ সমন্তাদভিরক্ষিতম্ ।
সমুদ্যতপ্রহরণৈঃ সশৃঙ্গৈরিব পর্বতৈঃ ॥২॥ (যুগ্মকম্)
ততো যুদ্ধং সমভবদ্দেবানাং দানবৈঃ সহ ।
মুহূর্ত্তং ভরতশ্রেষ্ঠ ! লোকত্রাসকরং মহৎ ॥৩॥
উদ্যতপ্রতিপিষ্টানাং খড়্গানাং বীরবাহুভিঃ ।
আসীৎ সুতুমুলঃ শব্দঃ শরীরেষ্বভিপাত্যতাম্ ॥৪॥
শিরোভিঃ প্রপতদ্ভিশ্চাপ্যন্তরীক্ষান্মহীতলম্ ।
তালৈরিব মহারাজ ! বৃন্তাদ্‌ভ্রষ্টৈরদৃশ্যত ॥৫॥
তে হেমকবচা ভূত্বা কালেয়াঃ পরিঘায়ুধাঃ ।
ত্রিদশানভ্যবর্ত্তন্ত দাবদগ্ধা ইবাদ্রয়ঃ ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। বজ্রী বজ্রধর ইন্দ্রঃ। রোদসী স্বর্গমর্ত্ত্যৌ, "দ্যুভাবৌ রোদস্যৌ রোদসী চ তে" ইত্যমরঃ। ততঃ স্বদেশাৎ। কালকেয়ৈরসুরৈঃ। প্রহরণানাং শঙ্কতুল্যত্বম্ ॥১—২॥

তত ইতি। মুহূর্ত্তং কিয়ন্তং কালং ব্যাপ্য। মহদ্‌যুদ্ধমিতি সম্বন্ধঃ ॥৩॥

উদ্যতেতি। বীরাণাং বাহুভিঃ, আদৌ উদ্যতা উত্তোলিতাঃ অনন্তরং প্রতিপিষ্টা বিপক্ষৈঃ প্রত্যাঘাতেন ভগ্নাস্তেষাম্, বিপক্ষাণাং শরীরেষু অভিপাত্যতাম্ অভিপাত্যমানানাং খড়্গানাম্, সুতুমুলঃ শব্দ আসীৎ ॥৪॥

শিরোভিরিতি। তালৈঃ ফলৈরিব। মহীতলং ব্যাপ্তমিতি শেষঃ ॥৫॥

ত ইতি। কালেয়া অসুরাঃ। অভ্যবর্ত্তন্ত অভ্যধাবন্। দাবো বনবহ্নিঃ ॥৬॥

বৃত্রাসুর তখন (আপন সৈন্যগণ দ্বারা) স্বর্গ-মর্ত্ত্য ব্যাপ্ত করিয়া অবস্থান করিতেছিল; আর শৃঙ্গযুক্ত পর্ব্বতসমূহের ন্যায় উদ্যতাস্ত্র বিশালদেহ কালকেয় অসুরগণ সকল দিক্ হইতে তাহাকে রক্ষা করিতেছিল ॥১—২॥

ভরতশ্রেষ্ঠ ! তাহার পর কিছুকাল দানবগণের সহিত দেবগণের লোকভয়-জনক মহাযুদ্ধ হইল ॥৩॥

বীরগণ হস্ত দ্বারা তরবারি সকল উত্তোলন করিয়া বিপক্ষগণের শরীরে আঘাত করিবার উপক্রম করিবামাত্র বিপক্ষেরা প্রতিঘাত করিল; তৎক্ষণাৎ সে তরবারিগুলি ভগ্ন হইতে থাকায় অতিতুমুল শব্দ হইতে থাকিল ॥৪॥

মহারাজ ! তখন দেখা গেল যে, বৃন্তচ্যুত তালফলের ন্যায় আকাশ হইতে নিপতিত মস্তকদ্বারা ভূতল ব্যাপ্ত হইতে লাগিল ॥৫॥

তখন কালকেয় অসুরগণ স্বর্ণময়কবচ ধারণপূর্ব্বক পরিঘ উত্তোলন করিয়া দাবাগ্নিদহ্যমান পর্বতসমূহের ন্যায় দেবগণের দিকে ধাবিত হইল ॥৬॥

তেষাং বেগবতাং বেগং সাভিমানং প্রধাবতাম্।
ন শেকুস্ত্রিদশাঃ সোঢ়ুং তে ভগ্না প্রাদ্রবন্ ভয়াৎ ॥৭॥
তান্ দৃষ্ট্বা দ্রবতো ভীতান্ সহস্রাক্ষঃ পুরন্দরঃ।
বৃত্রে বিবর্দ্ধমানে চ কশ্মলং মহদাবিশৎ ॥৮॥
কালেয়ভয়সন্ত্রস্তো দেবঃ সাক্ষাৎ পুরন্দরঃ।
জগাম শরণং শীঘ্রং তন্তু নারায়ণং প্রভুম্ ॥৯॥
তং শক্রং কশ্মলাবিষ্টং দৃষ্ট্বা বিষ্ণুঃ সনাতনঃ।
স্বতেজো ব্যদধচ্ছক্রে বলমস্য বিবর্দ্ধয়ন্ ॥১০॥
বিষ্ণুনা গোপিতং শক্রং দৃষ্ট্বা দেবগণাস্ততঃ।
সর্ব্বে তেজঃ সমাদধ্যুস্তথা ব্রহ্মর্ষয়োঽমলাঃ ॥১১॥
স সমাপ্যায়িতঃ শক্রো বিষ্ণুনা দৈবতৈঃ সহ।
ঋষিভিশ্চ মহাভাগৈর্বলবান্ সমপদ্যত ॥১২॥

ভারতকৌমুদী

তেষামিতি। সাভিমানং সগর্ব্বম্। ভগ্নাঃ স্বসংঘবিশ্লিষ্টাঃ সন্তঃ ॥৭॥
তানিতি। কশ্মলং মোহম্, "মূর্চ্ছা তু কশ্মলং মোহঃ" ইত্যমরঃ ॥৮॥
কালেয়েতি। শরণং জগাম, আত্মনি বলাধানার্থমিতি ভাবঃ ॥৯॥
তমিতি। কশ্মলাবিষ্টং মোহাবিষ্টম্। ব্যদধৎ অর্পিতবান্ ॥১০॥
বিষ্ণুনেতি। গোপিতং রক্ষিতম্। সমাদধ্যুরর্পিতবন্তঃ। অমলা নিষ্পাপাঃ ॥১১॥
স ইতি। সমাপ্যায়িতঃ তেজোঽর্পণেন বর্দ্ধিতঃ। সমপদ্যত অজায়ত ॥১২॥

ভারতভাবদীপঃ

তত ইতি। রোদসী দ্যাবাপৃথিব্যৌ ॥১—৩॥ বীরবাহুভিঃ সার্দ্ধমাদাবুদ্যতাঃ পশ্চাদস্ত্রৈঃ প্রতিপিষ্টাস্তেষাম্ ॥৪॥ তালৈস্তালফলৈঃ ॥৫—৯॥ ব্যদধৎ নিহিতবান্ ॥১০—১২॥ বলস্থং

গর্ব্বের সহিত ধাবিত বেগবান্ সেই অসুরগণের বেগ দেবতারা সহ্য করিতে পারিলেন না; তাঁহারা রণে ভঙ্গ দিয়া ভয়ে পলায়ন করিতে লাগিলেন ॥৭॥

বৃত্রাসুরের পরাক্রম বৃদ্ধি পাইতে লাগিলে, দেবগণ ভীত হইয়া পলায়ন করিতেছেন ইহা দেখিয়া দেবরাজ অত্যন্ত মোহাবিষ্ট হইলেন ॥৮॥

এবং তিনি কালেয় অসুরগণের ভয়ে অত্যন্তভীত হইয়া সত্বরই যাইয়া প্রভু নারায়ণের শরণাপন্ন হইলেন ॥৯॥

তখন সনাতন নারায়ণ দেবরাজকে মোহাবিষ্ট দেখিয়া উঁহার বলবৃদ্ধি করিবার জন্য নিজের তেজ উঁহার শরীরে সমর্পণ করিলেন ॥১০॥

তাহার পর দেবতারা ও নিষ্পাপ ব্রহ্মর্ষিরা সকলেই দেবরাজকে বিষ্ণুকর্ত্তৃক রক্ষিত দেখিয়া আপন আপন তেজ তাঁহার শরীরে সমর্পণ করিলেন ॥১১॥

জ্ঞাত্বা বলস্থং ত্রিদশাধিপস্তু ননাদ বৃত্রো মহতো নিনাদান্ ।
তস্য প্রণাদেন ধরা দিশশ্চ খং দ্যৌর্নগাশ্চাপি চচাল সর্বম্ ॥১৩॥
ততো মহেন্দ্রঃ পরমাভিতপ্তঃ শ্রুত্বা রবং ঘোররূপং মহান্তম্ ।
ভয়ে নিমগ্নস্ত্বরিতো মুমোচ বজ্রং মহত্তস্য বধায় রাজন্ ! ॥১৪॥
স শক্রবজ্রাভিহতঃ পপাত মহাসুরঃ কাঞ্চনমাল্যধারী ।
যথা মহাশৈলবরঃ পুরস্তাৎ স মন্দরো বিষ্ণুকরাদ্বিমুক্তঃ ॥১৫॥
তস্মিন্ হতে দৈত্যবরে ভয়ার্ত্তঃ শক্রঃ প্রদুদ্রাব সরঃ প্রবেষ্টুম্ ।
বজ্রং স মেনে ন করাদ্বিমুক্তং বৃত্রং ভয়াচ্চাপি হতং ন মেনে ॥১৬॥
সর্ব্বে চ দেবা মুদিতাঃ প্রহৃষ্টা মহর্ষয়শ্চেন্দ্রমভিষ্টুবন্তঃ ।
বৃত্রং হতং সংদদৃশুঃ পৃথিব্যাং বজ্রাহতং শৈলমিবাবদীর্ণম্ ॥১৭॥

ভারতকৌমুদী

জ্ঞাত্বেতি । বলস্থং বলবন্তম্ । ননাদ চকার । নগাঃ পর্ব্বতাশ্চ, এতৎ সকলম্ ॥১৩॥
তত ইতি । পরমাভিতপ্তঃ অতীবসন্তপ্তচিত্তঃ । তস্য বৃত্রাসুরস্য ॥১৪॥
স ইতি । স বৃত্রঃ । পুরস্তাৎ পূর্ব্বং সমুদ্রমন্থনানন্তরমিত্যর্থঃ ॥১৫॥
তস্মিন্নিতি । ভয়াতিরেকাদিন্দ্রস্যায়ং মহানেব বিভ্রম আসীদিত্যাশয়ঃ ॥১৬॥

তখন মহাভাগ ঋষিগণ ও দেবগণের সহিত বিষ্ণু তেজ দান করিয়া বর্দ্ধিত করিলে, দেবরাজ অত্যন্ত বলবান্ হইলেন ॥১২॥

দেবরাজ বলবান্ হইয়াছেন ইহা জানিয়া বৃত্রাসুর বিশাল সিংহনাদ করিয়া উঠিল ; তাহার সেই সিংহনাদে পৃথিবী, দিক্ সকল, আকাশ, স্বর্গ ও পর্ব্বত এই সমস্তই যেন কাঁপিতে লাগিল ॥১৩॥

রাজা ! তাহার পর দেবরাজ বৃত্রাসুরের বিশাল ও ভয়ঙ্কর সিংহনাদ শুনিয়া, অত্যন্তসন্তপ্ত ও ভয়ে নিমগ্ন হইয়া, তাহার বধের জন্য সত্বরই সেই বিশাল বজ্র নিক্ষেপ করিলেন ॥১৪॥

স্বর্ণমাল্যধারী মহাসুর বৃত্র ইন্দ্রের বজ্রে তাড়িত হইয়া—পূর্বকালে বিষ্ণুর হস্ত হইতে বিমুক্ত মহাপর্ব্বত মন্দরের ন্যায় ভূতলে পতিত হইল ॥১৫॥

সেই দৈত্যশ্রেষ্ঠ বৃত্র নিহত হইলে, ইন্দ্র ভয়বিহ্বল হইয়া সরোবরে প্রবেশ করিবার জন্য ধাবিত হইলেন। কারণ, আপন হস্ত হইতে বজ্র যে নিক্ষিপ্ত হইয়াছিল, তাহা তিনি ভয়বশতঃ ধারণা করিতে পারিয়াছিলেন না ; কিংবা বৃত্রাসুর যে নিহত হইয়াছিল, তাহাও তিনি ভয়বশতই মনে করিতে পারিয়াছিলেন না ॥১৬॥

(১৭) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

সর্ব্বাংশ্চ দৈত্যাংস্ত্বরিতাঃ সমেত্য জঘ্নুঃ সুরা বৃত্রবধাভিতপ্তান্।
তৈস্ত্রাস্যমানাস্ত্রিদশৈঃ সমেতৈঃ সমুদ্রমেবাবিবিশুর্ভয়ার্ত্তাঃ ॥১৮॥
প্রবিশ্য চৈবোদধিমপ্রমেয়ং ঝষাকুলং নক্রসমাকুলঞ্চ।
তদা স্ম মন্ত্রং সহিতাঃ প্রচক্রুস্ত্রৈলোক্যনাশার্থমভিস্ময়ন্তঃ ॥১৯॥
তত্র স্ম কেচিন্মতিনিশ্চয়জ্ঞাস্তাংস্তানুপায়াননুপবর্ণয়ন্তি।
তেষাস্তু তত্র ক্রমকালযোগাদ্ঘোরা মতিশ্চিন্তয়তাং বভূব ॥২০॥
যে সন্তি বিদ্যাতপসোপপন্নাস্তেষাং বিনাশঃ প্রথমন্তু কার্য্যঃ।
লোকা হি সর্ব্বে তপসা ধ্রিয়ন্তে তস্মাত্ত্বরধ্বং তপসঃ ক্ষয়ায় ॥২১॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। মুদিতা আনন্দিতাঃ, অতএব প্রহৃষ্টা উৎফুল্লবদনা ইত্যপৌনরুক্ত্যম্ ॥১৭॥

সর্ব্বানিতি। ত্রিদশৈর্দেবৈঃ, সমেতৈঃ সম্মিলিতৈঃ। আবিবিশুর্দৈত্যা ইতি শেষঃ ॥১৮॥

প্রবিশ্যেতি। ঝষনক্রৌ মৎস্যকুম্ভীরৌ। অভিস্ময়ন্তো গর্বিতা ভবন্তঃ ॥১৯॥

তত্রেতি। তত্র মন্ত্রণাসভায়াম্, মত্যা স্বস্ববুদ্ধ্যৈব নিশ্চয়ং কার্য্যসিদ্ধেরবশ্যম্ভাবং জানন্তীতি তে মতিনিশ্চয়জ্ঞাঃ, কেচিদ্দৈত্যাঃ, জগদ্বিনাশায় তাংস্তান্ গুপ্তহত্যাদীনুপায়ান্, উপবর্ণয়ন্তি স্ম। তত্র তদানীম্, চিন্তয়তাং জগদ্বিনাশোপায়ং ভাবয়তাম্, তেষাং দৈত্যানাম্, ক্রমকালযোগাৎ ক্রমশঃ, ইয়ং ঘোরা মতির্বভূব ॥২০॥

য ইতি। হি যস্মাৎ। ধ্রিয়ন্তে অবতিষ্ঠন্তে। ত্বরধ্বং ত্বরয়া যতধ্বম্ ॥২১॥

এদিকে দেবতারা ও মহর্ষিরা সকলে আনন্দিত এবং উৎফুল্লমুখ হইয়া ইন্দ্রের প্রশংসা করিতে থাকিয়া, বজ্রতাড়িত ভূতলপতিত পর্বতের ন্যায় নিহত বৃত্রাসুরকে দর্শন করিলেন ॥১৭॥

তাহার পর দেবতারা সম্মিলিত ও ত্বরিত হইয়া বৃত্রবধসন্তপ্ত দৈত্যগণকে বধ করিতে লাগিলেন; তখন সম্মিলিত দেবগণের আক্রমণে সন্ত্রস্ত হইয়া দৈত্যেরা যাইয়া সমুদ্রেই প্রবেশ করিল ॥১৮॥

মৎস্য ও কুম্ভীরে পরিপূর্ণ অপরিমেয় সমুদ্রে প্রবেশ করিয়া দৈত্যেরা আবার সম্মিলিত ও গর্বিত হইয়া তখনই ত্রিভুবনবিনাশের জন্য মন্ত্রণা করিতে লাগিল ॥১৯॥

সেই সভায় বুদ্ধিমান্ বলিয়া অভিমানী কতকগুলি দৈত্য জগদ্বিনাশের জন্য নানা উপায়ের বর্ণনা করিল; তাহার পর চিন্তা করিতে করিতে তাহাদের ক্রমশঃ এই ভয়ঙ্কর বুদ্ধি হইল—॥২০॥

'বিদ্যা ও তপস্যাসম্পন্ন যে সকল লোক আছে, প্রথমে তাহাদিগকে বিনাশ করাই উচিত। কারণ, তপস্যার বলেই সমস্ত লোক অবস্থান করিতেছে। অতএব তপস্যা নষ্ট করিবার জন্যই সত্বর চেষ্টা কর ॥২১॥

যে সন্তি কেচিচ্চ বসুন্ধরায়াং তপস্বিনো ধর্ম্মবিদশ্চ তজ্জ্ঞাঃ ।
তেষাং বধঃ ক্রিয়তাং ক্ষিপ্রমেব তেষু প্রণষ্টেষু জগৎ প্রণষ্টম্ ॥২২॥
এবং হি সর্ব্বে গতবুদ্ধিভাবা জগদ্বিনাশে পরমপ্রহৃষ্টাঃ ।
দুর্গং সমাশ্রিত্য মহোর্ম্মিমন্তং রত্নাকরং বরুণস্যালয়ং স্ম ॥২৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং বৃত্রবধোপাখ্যানে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

ভারতকৌমুদী

য ইতি। তান্ তপস্বিনো ধর্ম্মবিদশ্চ জানন্তীতি তে তথা, তৎসম্বোধনম্ ॥২২॥

এবমিতি। জগদ্বিনাশে গতৌ বুদ্ধিভাবৌ মত্যভিপ্রায়ৌ যেষাং তে। বরুণস্য আলয়ং সমুদ্রং তদ্রূপং দুর্গং সমাশ্রিত্য পরমপ্রহৃষ্টা আসন্। স্মেতি পাদপূরণে ॥২৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভারতভাবদীপঃ

বলবত্তম্ ॥১৩—১৪॥ মাল্যধারী মালাধারী ॥১৫॥ হতমপি বৃত্রং ভয়াৎ ন হতমিব মেনে ॥১৬—২০॥ ম্রিয়ন্তে জীবন্তি ॥২১॥ গতবুদ্ধিভাবাঃ প্রাপ্তধীনিশ্চয়াঃ ॥২২॥ বরুণস্যালয়ং সমুদ্রম্ ॥২৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়শীতিতমোঽধ্যায়ঃ ॥৮৬॥

——:(০):——

হে অভিজ্ঞ দৈত্যগণ ! পৃথিবীতে যে কেহ তপস্বী বা ধর্ম্মজ্ঞ আছে, সত্বরই তাহাদিগকে বধ কর। কারণ, তাহারা বিনষ্ট হইলেই জগৎ বিনষ্ট হইবে' ॥২২॥

এই ভাবে জগদ্বিনাশের দিকে বুদ্ধি ও অভিপ্রায় স্থির হইলে, দৈত্যেরা সকলে মহাতরঙ্গশালী ও রত্নের আকর সমুদ্র-দুর্গ আশ্রয় করিয়া পরম আনন্দিত হইয়া অবস্থান করিতে লাগিল ॥২৩॥

——:(*):——

* '...একাধিকশততমঃ...' বা ব কা পি, '...শততমঃ...' নি।

সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ

—— ০০ (*) ০০ ——

লোমশ উবাচ ।

সমুদ্রং তে সমাশ্রিত্য বারুণং নিধিমম্ভসঃ ।
কালেয়াঃ সম্প্রবর্ত্তন্ত ত্রৈলোক্যস্য বিনাশনে ॥১॥
তে রাত্রৌ সমভিক্রুদ্ধা ভক্ষয়ন্তি সদা মুনীন্ ।
আশ্রমেষু চ যে সন্তি পুণ্যেষ্বায়তনেষু চ ॥২॥
বশিষ্ঠস্যাশ্রমে বিপ্রা ভক্ষিতাস্তৈর্দুরাত্মভিঃ(১)।
অশীতিঃ শতমষ্টৌ চ নব চান্যে তপস্বিনঃ ॥৩॥
চ্যবনস্যাশ্রমং গত্বা পুণ্যং দ্বিজনিষেবিতম্ ।
ফলমূলাশনানাং হি মুনীনাং ভক্ষিতং শতম্ ॥৪॥
এবং রাত্রৌ স্ম কুর্বন্তি বিবিশুশ্চার্ণবং দিবা ।
কালেয়াস্তে দুরাত্মানো ভক্ষয়ন্তস্তপোধনান্ ॥৫॥

ভারতকৌমুদী

সমুদ্রমিতি। বারুণং বরুণদেবতাকম্। সম্প্রবর্ত্তন্তেতি অড়াগমাভাব আর্ষঃ ॥১॥
ত ইতি। ভক্ষয়ন্তি বিনাশয়ন্তি স্মেত্যর্থঃ। আয়তনেষু ক্ষেত্রেষু ॥২॥
বশিষ্ঠস্যেতি। অত্রাপি ভক্ষিতা বিনাশিতা ইত্যর্থঃ ॥৩॥
চ্যবনস্যেতি। ফলমূলাশনানাং ফলমূলভোজিনাম্ ॥৪॥

লোমশ বলিলেন—'সেই কালেয় অসুরেরা বরুণপালিত ও জলের আধার সমুদ্রদুর্গ আশ্রয় করিয়া ত্রিভুবনবিনাশে প্রবৃত্ত হইল ॥১॥

আশ্রমে ও পুণ্যক্ষেত্রে যাঁহারা থাকিতেন, সেই সকল মুনিকে তাহারা প্রত্যহ রাত্রিতেই ক্রুদ্ধ হইয়া যাইয়া বিনাশ করিত ॥২॥

সেই দুরাত্মারা বশিষ্ঠের আশ্রমে যাইয়া একশত সাতান্নব্বই জন তপস্বী ব্রাহ্মণকে বিনাশ করিল ॥৩॥

ব্রাহ্মণসেবিত পবিত্র চ্যবনের আশ্রমে যাইয়া ফল-মূলভোজী একশত ব্রাহ্মণকে সংহার করিল ॥৪॥

তপস্বি-সংহারে প্রবৃত্ত সেই দুরাত্মা কালেয় দৈত্যগণ রাত্রিতে এইরূপ করিত এবং দিনের বেলায় সমুদ্রে প্রবেশ করিত ॥৫॥

(১) পরার্দ্ধং বা ব কা পি নাস্তি।

ভরদ্বাজাশ্রমে চৈব নিয়তা ব্রহ্মচারিণঃ।
বায়্বাহারাম্বুভক্ষাশ্চ বিংশতিঃ সংনিসূদিতাঃ ॥৬॥
এবং ক্রমেণ সর্বাংস্তানাশ্রমান্ দানবাস্তদা।
নিশায়াং পরিধাবন্তি মত্তা ভুজবলাশ্রয়াৎ।
কালোপসৃষ্টাঃ কালেয়া ঘ্নন্তো দ্বিজগণান্ বহূন্ ॥৭॥
ন চৈনানন্ববুধ্যন্ত মনুজা মনুজোত্তম !।
এবং প্রবৃত্তান্ দৈত্যাংস্তাংস্তাপসেষু তপস্বিনঃ ॥৮॥
প্রভাতে সমদৃশ্যন্ত নিয়মাহারকর্শিতাঃ।
মহীতলস্থা মুনয়ঃ শরীরৈর্গতজীবিতৈঃ ॥৯॥

ভারতকৌমুদী

এবমিতি। রাত্রৌ গুপ্তহত্যাসৌকর্যাৎ দিবা চ দেবভয়াদিতি ভাবঃ ॥৫॥

ভরদ্বাজেতি। নিয়তা নিয়মবন্তো ব্রতিন ইতি যাবৎ। সংনিসূদিতা নাশিতাঃ ॥৬॥

এবমিতি। কালোপসৃষ্টা আসন্নমৃত্যবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

নেতি। হে মনুজোত্তম ! তপস্বিনো মনুজা অপি, তাপসেষু এবং গুপ্তহত্যায়াং প্রবৃত্তান্ তান্ এনান্ দৈত্যান্ ন চ নৈব অন্ববুধ্যন্ত নাজানন্ত। যদ্যজ্ঞাস্যন্, তদাবশ্যমেব তপোবলেন ন্যবারয়িষ্যন্নিতি ভাবঃ ॥৮॥

প্রভাত ইতি। নিয়মেন উপবাসাদিব্রতেন আহারেণ ফলমূলাদিমাত্রভোজনেন চ কর্শিতাঃ কৃশীকৃতশরীরাঃ। গতজীবিতৈঃ শরীরৈর্বিশিষ্টাঃ সমদৃশ্যন্তাপরৈঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

সমুদ্রমিতি। কালেয়াঃ কালায়াঃ কশ্যপভার্য্যায়াঃ পুত্রাঃ ॥১—৬॥ কালোপসৃষ্টাঃ মৃত্যুনা গ্রস্তাঃ ॥৭॥ তাপসেষু প্রবৃত্তান্ দৈত্যাংস্তাপসা এব তপসা কুতো ন বারয়ন্তি ইত্যাশঙ্ক্যাহ— তপস্বিষ্বিতি। তপসৈব ধনবৎসু দেহনাশেঽপি তপোনাশো মাভূদিতি ভাবঃ ॥৮॥

এবং তাহারা ভরদ্বাজের আশ্রমে যাইয়া ব্রতী, ব্রহ্মচারী, বায়ুভোজী ও জলমাত্রপায়ী কুড়ি জন তপস্বীকে সংহার করিল ॥৬॥

বাহুবলে মত্ত সেই আসন্নমৃত্যু কালেয়দানবেরা তখন এই প্রকারে বহুতর ব্রাহ্মণকে বধ করিতে থাকিয়া রাত্রিতে সেই সকল আশ্রমে বিচরণ করিতে লাগিল ॥৭॥

নরশ্রেষ্ঠ ! সেই দৈত্যেরা তপস্বিগণের প্রতি এই ভাবে গুপ্তহত্যায় প্রবৃত্ত হইলেও তপস্বীরা তাহা বুঝিতে পারিতেন না ॥৮॥

প্রভাতকালে দেখা যাইত—উপবাসে ও ফলমূলমাত্রভোজনে কৃশ এবং প্রাণহীন মুনিগণের শরীরগুলি ভূতলে পড়িয়া রহিয়াছে ॥৯॥

---

(৮)···তাপসেষু তপস্বিষু ···বা ব কা নি। (৯)···নিয়মাহারকর্ষিতাঃ···বা ব কা পি।

ক্ষীণমাংসৈর্বিরুধিরৈর্বিমজ্জান্ত্রৈর্বিসন্ধিভিঃ।
আকীর্ণৈরাবভৌ ভূমিঃ শঙ্খানামিব রাশিভিঃ ॥১০॥
কলসৈর্বিপ্রবিদ্ধৈশ্চ স্রুবৈর্ভগ্নৈস্তথৈব চ।
বিকীর্ণৈরগ্নিহোত্রৈশ্চ ভূর্বভূব সমাবৃতা ॥১১॥
নিঃস্বাধ্যায়বষট্কারং নষ্টযজ্ঞোৎসবক্রিয়ম্।
জগদাসীন্নিরুৎসাহং কালেয়ভয়পীড়িতম্ ॥১২॥
এবং সংক্ষীয়মাণাশ্চ মানবা মনুজেশ্বর!।
আত্মত্রাণপরা ভীতাঃ প্রাদ্রবন্ত দিশো ভয়াৎ ॥১৩॥
কেচিদ্‌গুহাঃ প্রবিবিশুর্নির্ঝরাংশ্চাপরে তথা।
অপরে মরণোদ্বিগ্না ভয়াৎ প্রাণানবাসৃজন্ ॥১৪॥
কেচিদত্র মহেষ্বাসাঃ শূরাঃ পরমহর্ষিতাঃ।
মার্গমাণাঃ পরং যত্নং দানবানাং প্রচক্রিরে ॥১৫॥

ভারতকৌমুদী

ক্ষীণেতি। বিমজ্জান্ত্রৈঃ মজ্জান্ত্ররহিতৈঃ, বিসন্ধিভিঃ বিশ্লিষ্টসংযোগস্থানৈঃ ॥১০॥
কলসৈরিতি। বিপ্রবিদ্ধৈশ্চ্যুর্ব্ভত্বাদিনা বিপরীতীকৃতৈঃ, স্রুবৈর্যজ্ঞপাত্রবিশেষৈঃ ॥১১॥
নিরিতি। নিঃস্বাধ্যায়বষট্কারং বেদপাঠদেবহবির্দানরহিতম্ ॥১২॥
এবমিতি। আত্মত্রাণপরা আত্মরক্ষাব্যাপৃতাঃ সন্তঃ ॥১৩॥
কেচিদিতি। নির্ঝরান্ পর্বতজলপ্রবাহান্ তদাবৃতদেশানিত্যর্থঃ ॥১৪॥

রক্ত, মাংস, মজ্জা ও অস্ত্র না থাকায় এবং সন্ধি সকল বিশ্লিষ্ট হওয়ায় কেবল অস্থিরাশিই অবশিষ্ট রহিত; সুতরাং শঙ্খরাশির ন্যায় বিক্ষিপ্ত সেই অস্থিরাশিদ্বারা ভূতল ব্যাপ্ত থাকিত ॥১০॥

উল্টা পাল্টা করা কলসী, ভগ্ন স্রুব এবং ইতস্ততঃ বিক্ষিপ্ত অগ্নিহোত্রের পাত্রগুলি দ্বারা ভূতল আবৃত থাকিত ॥১১॥

তখন জগৎটাই কালেয় অসুরগণের ভয়ে পীড়িত হইয়া পড়িল বলিয়া বেদপাঠ, বষট্কার, যজ্ঞ ও উৎসবকার্য্য তিরোহিত হইয়া গেল এবং কাহারও কোন উৎসাহ থাকিল না ॥১২॥

রাজা! মনুষ্যগণ এই ভাবে ক্ষয় পাইতে থাকিয়া অসুরগণের ভয়ে ভীত হইয়া আত্মরক্ষার জন্য নানাদিকে পলায়ন করিতে লাগিল ॥১৩॥

কতকগুলি লোক যাইয়া গুহায় প্রবেশ করিল, অন্য কতকগুলি পার্ব্বত্য জল প্রপাতের অন্তরালে লুকাইল এবং মৃত্যুভয়ে অস্থির অপর কতকগুলি লোক ভয়ে প্রাণত্যাগই করিল ॥১৪॥

ন চৈতানধিজগ্মুস্তে সমুদ্রং সমুপাশ্রিতান্।
শ্রমং জগ্মুশ্চ পরমমাজগ্মুঃ ক্ষয়মেব চ ॥১৬॥
জগত্যুপশমং যাতে নষ্টযজ্ঞোৎসবক্রিয়ে।
আজগ্মুঃ পরমামার্ত্তিং ত্রিদশা মনুজেশ্বর ! ॥১৭॥
সমেত্য সমহেন্দ্রাশ্চ ভয়ান্মন্ত্রং প্রচক্রিরে।
শরণ্যং শরণং দেবং নারায়ণমজং বিভুম্ ॥১৮॥
তেঽভিগম্য নমস্কৃত্য বৈকুণ্ঠমপরাজিতম্।
ততো দেবা সমস্তাস্তে তদোচুর্মধুসূদনম্ ॥১৯॥
ত্বং নঃ স্রষ্টা চ ভর্ত্তা চ হর্ত্তা চ জগতঃ প্রভো !।
ত্বয়া সৃষ্টমিদং বিশ্বং যচ্চেঙ্গং যচ্চ নেঙ্গতি ॥২০॥

ভারতকৌমুদী

অথ তেষাং বিনাশায় কোঽপি কিং ন যততে স্মেত্যাহ দ্বাভ্যাং কেচিদিতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। মার্গমাণাঃ তানম্বরানেবান্বিষ্যন্তঃ, দানবানাং বিনাশায়েতি শেষঃ ॥১৫॥

নেতি। অধিজগ্মুঃ প্রাপুঃ। ক্ষয়ং গৃহম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥১৬॥

জগতীতি। উপশমম্ উৎসাহনিবৃত্তিম্, নষ্টা যজ্ঞা উৎসবক্রিয়াশ্চ যস্মিন্ তত্র ॥১৭॥

সমেত্যেতি। সমেত্য প্রাপ্য। শরণ্যং শরণেষু রক্ষকেষু সাধুম্, শরণং রক্ষকম্ ॥১৮॥

ত ইতি। বৈকুণ্ঠং নারায়ণম্। সর্ব্বত্রাপরাজিতত্বাদেবাশ্বাসে ইতি ভাবঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

শরীরৈর্মাংসাদিরহিতত্বাদস্থিমাত্রৈরিত্যর্থঃ ॥৯॥ অতএব শঙ্খরাশিতুল্যৈঃ ॥১০॥ কলশৈঃ শিরোঘটৈঃ ॥১১—১৪॥ দানবানাং বধায়েতি শেষঃ ॥১৫॥ ক্ষয়ং গৃহং নাশং বা ॥১৬—১৯॥

এই সময়ে কতকগুলি মহাধনুর্দ্ধর বীর অত্যন্ত হৃষ্টচিত্তে সেই দানবগণকে অন্বেষণ করিতে থাকিয়া তাহাদের বধের জন্য বিশেষ চেষ্টা করিয়াছিল ॥১৫॥

কিন্তু সেই দানবেরা সমুদ্রে ছিল বলিয়া তাহাদিগকে তাহারা পাইল না; পরে সেই বীরগণ পরিশ্রান্ত হইয়া গৃহেই ফিরিয়া আসিয়াছিল ॥১৬॥

রাজা! যজ্ঞ ও উৎসবকার্য্য তিরোহিত হওয়ায় জগৎটাই অবসন্ন হইয়া পড়িলে দেবতারাও অত্যন্ত দুঃখিত হইয়া পড়িলেন ॥১৭॥

তাহার পর ইন্দ্রপ্রভৃতি দেবগণ ভয়বশতঃ রক্ষকশ্রেষ্ঠ, অনাদি ও প্রভু নারায়ণের শরণাপন্ন হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন ॥১৮॥

সেই দেবতারা সকলেই যাইয়া অপরাজিত নারায়ণকে নমস্কার করিয়া তাহার পর তখনই তাঁহাকে বলিতে লাগিলেন—॥১৯॥

---

(২০) ত্বং নঃ স্রষ্টা চ কর্ত্তা চ···বা ব কা পি।

ত্বয়া ভূমিঃ পুরা নষ্টা সমুদ্রাৎ পুষ্করেক্ষণ ! ।
বারাহং বপুরাশ্রিত্য জগদর্থে সমুদ্ধৃতা ॥২১॥
আদিদৈত্যো মহাবীর্য্যো হিরণ্যকশিপুস্ত্বয়া ।
নারসিংহং বপুঃ কৃত্বা সূদিতঃ পুরুষোত্তম ! ॥২২॥
অবধ্যঃ সর্ব্বভূতানাং বলিশ্চাপি মহাসুরঃ ।
বামনং বপুরাশ্রিত্য ত্রৈলোক্যাদ্‌ভ্রংশিতস্ত্বয়া ॥২৩॥
অসুরশ্চ মহেষ্বাসো জম্ভ ইত্যভিবিশ্রুতঃ ।
যজ্ঞক্ষোভকরঃ ক্রূরস্ত্বয়ৈব বিনিপাতিতঃ ॥২৪॥
এবমাদীনি কর্ম্মাণি যেষাং সংখ্যা ন বিদ্যতে ।
অস্মাকং ভয়ভীতানাং ত্বং গতির্ম্মধুসূদন ! ॥২৫॥

ভারতকৌমুদী

ত্বমিতি। ভর্ত্তা পালয়িতা। জগতো মধ্যে। ইঙ্গতীতি ইঙ্গং জঙ্গমম্, নেঙ্গতি ন চলতি স্থাবরমিত্যর্থঃ। ইঙ্গমিতি গত্যর্থস্য ইঙ্গধাতোঃ পচাদিত্বাদচি সিদ্ধম্ ॥২০॥

ত্বয়েতি। নষ্টা জলমগ্নত্বাদদৃশ্যতাং গতা। পুষ্করেক্ষণ! পদ্মনয়ন! ॥২১॥

আদীতি। নারসিংহং বপুঃ নরসিংহরূপাং মূর্ত্তিম্। সূদিতো নাশিতঃ ॥২২॥

অবধ্য ইতি। ত্রৈলোক্যাৎ ত্রৈলোক্যরাজ্যাৎ, ভ্রংশিতঃ প্রচ্যাবিতঃ ॥২৩॥

অসুর ইতি। মহেষ্বাসো মহাধানুষ্কঃ, যজ্ঞস্য ক্ষোভকরো বিঘ্নকারী ॥২৪॥

এবমিতি। কর্ম্মাণি ত্বয়েতি শেষঃ। গতিরুপায়ঃ ॥২৫॥

'প্রভু! জগতের মধ্যে আপনিই আমাদের সৃষ্টিকর্ত্তা, রক্ষাকর্ত্তা ও সংহারকর্ত্তা এবং আপনিই এই স্থাবর-জঙ্গমাত্মক সকল সৃষ্টি করিয়াছেন ॥২০॥

পুণ্ডরীকাক্ষ! আপনিই পূর্ব্বকালে বরাহরূপ ধারণ করিয়া জলমগ্না পৃথিবীকে জগতের জন্য সমুদ্র হইতে উত্তোলন করিয়াছিলেন ॥২১॥

পুরুষোত্তম! আপনি নৃসিংহমূর্ত্তি ধারণ করিয়া মহাবল আদিদৈত্য হিরণ্যকশিপুকে বিনাশ করিয়াছিলেন ॥২২॥

এবং আপনিই বামনরূপ ধারণ করিয়া সর্ব্বভূতের অবধ্য মহাসুর বলিকেও ত্রিভুবনের রাজত্ব হইতে বিচ্যুত করিয়াছিলেন ॥২৩॥

যজ্ঞবিঘ্নকারী, হিংস্রস্বভাব ও মহাধনুর্দ্ধর 'জম্ভ'—নামে বিখ্যাত অসুরকেও আপনিই নিপাত করিয়াছিলেন ॥২৪॥

মধুসূদন! ইত্যাদি কর্ম্ম আপনার অতীত হইয়া গিয়াছে, যাহার সংখ্যা নাই। বর্ত্তমানে আমরা ভীত হইয়া পড়িয়াছি, সুতরাং আপনিই আমাদের গতি ॥২৫॥

তস্মাত্ত্বাং দেবদেবেশ ! লোকার্থং জ্ঞাপয়ামহে ।
রক্ষ লোকাংশ্চ দেবাংশ্চ শক্রঞ্চ মহতো ভয়াৎ ॥২৬॥
তব প্রসাদাদ্বর্দ্ধন্তে প্রজাঃ সর্ব্বাশ্চতুর্বিধাঃ ।
তা ভাবিতা ভাবয়ন্তি হব্যকব্যৈর্দিবৌকসঃ ॥২৭॥
লোকা হ্যেবং বিবর্দ্ধন্তে হ্যন্যোন্যং সমুপাশ্রিতাঃ ।
ত্বৎপ্রসাদান্নিরুদ্বিগ্নাস্ত্বয়ৈব পরিরক্ষিতাঃ ॥২৮॥
ইদঞ্চ সমনুপ্রাপ্তং লোকানাং ভয়মুত্তমম্ ।
ন চ জানীম কেনেমে রাত্রৌ বধ্যন্তি ব্রাহ্মণাঃ ॥২৯॥
ক্ষীণেষু চ ব্রাহ্মণেষু পৃথিবী ক্ষয়মেষ্যতি ।
ততঃ পৃথিব্যাং ক্ষীণায়াং ত্রিদিবং ক্ষয়মেষ্যতি ॥৩০॥

ভারতকৌমুদী

তস্মাদিতি । লোকার্থং লোকরক্ষার্থম্ । শক্রঞ্চেতি রাজত্বাৎ পৃথগুক্তিঃ ॥২৬॥
তবেতি । চতুর্বিধাঃ জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জাঃ । ভাবিতা বর্দ্ধিতাঃ ॥২৭॥
লোকা ইতি । অন্যোন্যং দেবা মানুষান্ মানুষাশ্চ দেবানিত্যর্থঃ ॥২৮॥
ইদমিতি । বধ্যন্তি বধ্যন্তে । জানীম ইতি বিসর্গাভাবঃ বধ্যন্তীতি পরস্মৈপদঞ্চার্ষম্ ॥২৯॥
ক্ষীণেষ্বিতি । পৃথিবী ক্ষয়মেষ্যতি উপদেষ্টুরভাবাৎ, ত্রিদিবং স্বর্গঃ ক্ষয়মেষ্যতি পৃথিবীলোককর্ত্তব্যযাগাদ্যভাবাদিতি ভাবঃ ॥৩০॥

অতএব হে দেবদেব ! হে পরমেশ্বর ! লোকরক্ষার জন্য আমরা আপনার নিকট নিবেদন করিতেছি—আপনি—লোকসমূহ, দেবগণ ও দেবরাজকে মহা-ভয় হইতে রক্ষা করুন ॥২৬॥

আপনার অনুগ্রহেই সমস্ত চতুর্বিধ প্রাণী বৃদ্ধি পাইতেছে ; তাহারা বৃদ্ধি পাইয়া হব্য-কব্যদ্বারা দেবগণকে বর্দ্ধিত করিতেছে ॥২৭॥

লোক সকল আপনাকর্ত্তৃক রক্ষিত হইয়া এবং আপনার অনুগ্রহেই নিরুদ্বেগে থাকিয়া, পরস্পর পরস্পরকে আশ্রয় করিয়া বৃদ্ধি পাইতেছে ॥২৮॥

কিন্তু লোকদিগের এই একটা দারুণ ভয় উপস্থিত হইয়াছে। কে যে রাত্রিতে আসিয়া এই ব্রাহ্মণদিগকে বধ করিতেছে, তাহা আমরা জানিতে পারিতেছি না ॥২৯॥

ব্রাহ্মণ ক্ষয় পাইয়া গেলে পৃথিবীই ক্ষয় পাইবে, পৃথিবী ক্ষয় পাইলে স্বর্গও ক্ষয় পাইবে ॥৩০॥

(২৬) শ্লোকাৎ পরম্ '…দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা পি, '…একাধিকশততমোঽধ্যায়ঃ' নি, দেবা উচুঃ, বা ব কা নি ।

ত্বৎপ্রসাদান্মহাবাহো! লোকাঃ সর্বে জগৎপতে!।
বিনাশং নাধিগচ্ছেয়ুস্ত্বয়া বৈ পরিরক্ষিতাঃ ॥৩১॥

বিষ্ণুরুবাচ।

বিদিতং মে সুরাঃ! সর্বং প্রজানাং ক্ষয়কারণম্।
ভবতাঞ্চাপি বক্ষ্যামি শৃণুধ্বং বিগতজ্বরাঃ ॥৩২॥
কালেয় ইতি বিখ্যাতো গণঃ পরমদারুণঃ।
তৈশ্চ বৃত্রং সমাশ্রিত্য জগৎ সর্বং প্রমাথিতম্ ॥৩৩॥
তে বৃত্রং নিহতং দৃষ্ট্বা সহস্রাক্ষেণ ধীমতা।
জীবিতং পরিরক্ষন্তঃ প্রবিষ্টা বরুণালয়ম্ ॥৩৪॥
তে প্রবিশ্যোদধিং ঘোরং নক্রগ্রাহসমাকুলম্।
উৎসাদনার্থং লোকানাং রাত্রৌ ঘ্নন্তি মুনীনিহ ॥৩৫॥
ন তু শক্যাঃ ক্ষয়ং নেতুং সমুদ্রাশ্রয়ণা হি তে।
সমুদ্রস্য ক্ষয়ে বুদ্ধির্ভবদ্ভিঃ সম্প্রধার্য্যতাম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

ত্বদিতি। নাধিগচ্ছেয়ুর্ন প্রাপ্নুয়ুঃ ॥৩১॥
বিদিতমিতি। প্রজানাং জনানাম্। বিগতজ্বরাঃ তিরোহিতসন্তাপাঃ সন্তঃ ॥৩২॥
কালেয় ইতি। গণো দানবানাং সংঘঃ। প্রমাথিতম্ উৎপীড়িতম্ ॥৩৩॥
ত ইতি। সহস্রাক্ষেণ ইন্দ্রেণ। পরিরক্ষন্তঃ পরিরক্ষিতুমিচ্ছন্তঃ, বরুণালয়ং সমুদ্রম্ ॥৩৪॥
ত ইতি। নক্রৈঃ কুম্ভীরৈঃ গ্রাহৈস্তদিতরজলজন্তুভিঃ সমাকুলং ব্যাপ্তম্ ॥৩৫॥

অতএব মহাবাহু! জগৎপতি! নারায়ণ! আপনার অনুগ্রহে আপনা-কর্ত্তৃক রক্ষিত হইয়া লোক সকল যেন বিনাশ পায় না' ॥৩১॥

বিষ্ণু বলিলেন—'দেবগণ! আমি লোকবিনাশের সমস্ত কারণই জানি; আপনাদের নিকটেও তাহা বলিব, আপনারা সন্তাপবিহীন হইয়া শ্রবণ করুন ॥৩২॥

'কালেয়'—নামে বিখ্যাত অতিভয়ঙ্কর কতকগুলি দানব আছে; তাহারা পূর্ব্বে বৃত্রাসুরকে আশ্রয় করিয়া সমগ্র জগৎ উৎপীড়িত করিত ॥৩৩॥

পরে ধীমান্ দেবরাজ সেই বৃত্রাসুরকে বধ করিয়াছেন দেখিয়া তাহারা জীবন রক্ষা করিবার ইচ্ছায় সমুদ্রে প্রবেশ করিয়াছিল ॥৩৪॥

তাহারা এখন জগৎ উৎসন্ন করিবার জন্য দিনে কুম্ভীর ও জলজন্তুগণে পরিপূর্ণ ভয়ঙ্কর সমুদ্রে প্রবেশ করিয়া থাকিয়া রাত্রিতে আসিয়া মুনিগণকে বধ করিতেছে ॥৩৫॥

(৩৬)···সমুদ্রাশ্রয়ণা হি তে···বা ব কা, সমুদ্রাশ্রয়িণো হি তে···নি।

অগস্ত্যেন বিনা কো হি শক্তোঽন্যোঽর্ণবশোষণে।
অন্যথা হি ন শক্যাস্তে বিনা সাগরশোষণম্ ॥৩৭॥
এতচ্ছ্রুত্বা তদা দেবা বিষ্ণুনা সমুদাহৃতম্।
পরমেষ্ঠিনমাজ্ঞাপ্য অগস্ত্যস্যাশ্রমং যযুঃ ॥৩৮॥
তত্রাপশ্যন্মহাত্মানং বারুণিং দীপ্ততেজসম্।
উপাস্যমানমৃষিভির্দেবৈরিব পিতামহম্ ॥৩৯॥
তেঽভিগম্য মহাত্মানং মৈত্রাবরুণিমচ্যুতম্।
আশ্রমস্থং তপোরাশিং কর্ম্মভিঃ স্বৈরভিষ্টুবন্ ॥৪০॥

দেবা ঊচুঃ।

নহুষেণাভিতপ্তানাং ত্বং লোকানাং গতিঃ পুরা।
ভ্রংশিতশ্চ সুরৈশ্বর্য্যাৎ স্বর্লোকাল্লোককণ্টকঃ ॥৪১॥

ভারতকৌমুদী

তর্হি বয়মেব তান্ হনিষ্যাম ইত্যাহ নেতি। সম্প্রধার্য্যতাং স্থিরীক্রিয়তাম্ ॥৩৬॥
তৎ সম্প্রধারণং ভবতৈব ক্রিয়তামিত্যাহ অগস্ত্যেনেতি। শক্যা হন্তুমিতি শেষঃ ॥৩৭॥
এতদিতি। পরমেষ্ঠিনং ব্রহ্মাণম্, আজ্ঞাপ্য আজ্ঞাং কারয়িত্বা ॥৩৮॥
তত্রেতি। বারুণিং মৈত্রাবরুণপুত্রমগস্ত্যম্। পিতামহং ব্রহ্মাণম্ ॥৩৯॥
ত ইতি। অচ্যুতম্ অচ্যুতসদৃশং মহাশক্তিম্। অভিষ্টুবন্নিত্যাডাগমাভাব আর্ষঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

ইঙ্গতি চলতীতি ইঙ্গং পচাদ্যচ্ জঙ্গমং নেঙ্গতি স্থাবরম্ ॥২০—২৬॥ চতুর্বিধাঃ সুরনর-তির্য্যক্‌স্থাবরাঃ, দিবৌকসো দেবান্ ॥২৭—৩৮॥ বারুণিং মৈত্রাবরুণপুত্রম্ ॥৩৯॥ অভিষ্টুবন্

কিন্তু তাহাদিগকে বিনষ্ট করা সম্ভবপর নহে। কারণ, তাহারা সমুদ্রের ভিতরে রহিয়াছে। সুতরাং সেই সমুদ্রকে নষ্ট করিবার জন্যই আপনারা বুদ্ধি স্থির করুন ॥৩৬॥

অগস্ত্য ব্যতীত অন্য কোন লোকই সমুদ্র শোষণ করিতে সমর্থ হইবে না, আবার সমুদ্র শোষণ ব্যতীত অন্য প্রকারেও সে দানবগণকে সংহার করা যাইবে না ॥৩৭॥

দেবতারা বিষ্ণুর এই কথা শুনিয়া, ব্রহ্মার অনুমতি লইয়া তখনই মহর্ষি অগস্ত্যের আশ্রমে চলিয়া গেলেন ॥৩৮॥

তাঁহারা সেখানে যাইয়া দেখিলেন—দেবতারা যেমন ব্রহ্মার সেবা করেন, তেমনই অন্যান্য ঋষিরা উজ্জ্বলতেজা মহাত্মা অগস্ত্যের সেবা করিতেছেন ॥৩৯॥

তখন দেবতারা নিকটে যাইয়া বিষ্ণুর তুল্য শক্তিশালী এবং তপোরাশির ন্যায় আশ্রমে অবস্থিত মহাত্মা অগস্ত্যকে তাঁহারই চরিত্রের উল্লেখ করিয়া স্তব করিতে লাগিলেন ॥৪০॥

ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সহসা ভাস্করস্য নগোত্তমঃ।
বচস্তবানতিক্রামন্ বিন্ধ্যঃ শৈলো ন বর্দ্ধতে ॥৪২॥
তমসা চাবৃতে লোকে মন্যুনাঽভ্যর্দ্দিতাঃ প্রজাঃ।
ত্বামেব নাথমাসাদ্য নির্বৃতিং পরমাং গতাঃ ॥৪৩॥
অস্মাকং ভয়ভীতানাং নিত্যশো ভগবান্ গতিঃ।
ততস্ত্বার্ত্তাঃ প্রযাচামো বরং ত্বাং বরদো হ্যসি ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামগস্ত্যমাহাত্ম্যকথনে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নহুষেণেতি। গতিঃ উপায় আসীঃ। স্বৈরৈশ্বর্য্যাৎ দেবরাজত্বপদাৎ ॥৪১॥
ক্রোধাদিতি। ভাস্করস্য তমনাদৃত্যেত্যর্থঃ, নগোত্তমঃ পর্ব্বতশ্রেষ্ঠঃ ॥৪২॥
তমসেতি। তমসা বিন্ধ্যবৃদ্ধ্যা সূর্য্যপথরোধাদন্ধকারেণ। মন্যুনা দৈন্যেন ॥৪৩॥
অস্মাকমিতি। নিত্যশশ্চিরমেব। আর্ত্তাঃ কালেয়োৎপীড়নেন ক্লিষ্টা বয়ম্ ॥৪৪॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অস্তুবন্ অতুষ্টাব আর্ষঃ ॥৪০—৪১॥ নগোত্তমঃ পর্ব্বতেষু শ্রেষ্ঠঃ, বিন্ধ্যো নাম্না ॥৪২॥ তমসা বিন্ধ্যবৃদ্ধ্যা আবৃতে গ্রস্তালোকে লোকে জগতি সতি ॥৪৩—৪৪॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৭॥

দেবগণ বলিলেন—'মহর্ষি! আপনি পূর্ব্বকালে নহুষসন্তপ্ত লোকদিগের উদ্ধারের উপায় হইয়াছিলেন এবং জগতের কণ্টক সেই নহুষকে দেবগণের রাজত্বপদ হইতে ও স্বর্গলোক হইতে বিচ্যুত করিয়াছিলেন ॥৪১॥

পর্বতশ্রেষ্ঠ বিন্ধ্যপর্বত ক্রোধবশতঃ সূর্য্যকে অগ্রাহ্য করিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে থাকিয়াও, আপনার বাক্য অতিক্রম করিতে না পারিয়া বৃদ্ধি পায় নাই ॥৪২॥

জগৎটা অন্ধকারে আবৃত হইলে লোক সকল বিষাদে পীড়িত হইয়াছিল; তাহার পর তাহারা আপনাকে রক্ষক পাইয়া পরম নির্বৃতি লাভ করিয়াছিল ॥৪৩॥

আমাদেরও ভয়ভীত অবস্থায় চিরকালই আপনি উদ্ধারের উপায় হইয়া আসিতেছেন। সুতরাং বর্ত্তমান সময়েও আমরা অত্যন্তপীড়িত হইয়া আপনার নিকট বর প্রার্থনা করিতেছি; কারণ, আপনি বরদাতা ॥৪৪॥

* '...ত্র্যধিকশততমঃ...' বা ব কা পি, '...দ্ব্যধিকশততমঃ...' নি।

অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ

যুধিষ্ঠির উবাচ।

কিমর্থং সহসা বিন্ধ্যঃ প্রবৃদ্ধঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ মহামুনে ! ॥১॥

লোমশ উবাচ।

অদ্রিরাজং মহাশৈলং মেরুং কনকপর্ব্বতম্।
উদয়াস্তমনে ভানুঃ প্রদক্ষিণমবর্ত্তত ॥২॥
তন্তু দৃষ্ট্বা তথা বিন্ধ্যঃ শৈলঃ সূর্য্যমথাব্রবীৎ।
যথা হি মেরুর্ভবতা নিত্যশঃ পরিগম্যতে ॥৩॥
প্রদক্ষিণশ্চ ক্রিয়তে মামেবং কুরু ভাস্কর !।
এবমুক্তস্ততঃ সূর্য্যঃ শৈলেন্দ্রং প্রত্যভাষত ॥৪॥ (যুগ্মকম্)
নাহমাত্মেচ্ছয়া শৈল ! করোম্যেনং প্রদক্ষিণম্।
এষ মার্গঃ প্রদিষ্টো মে যৈরিদং নির্ম্মিতং জগৎ ॥৫॥

ভারতকৌমুদী

কিমিতি। বিন্ধ্যঃ পর্ব্বতঃ, ক্রোধমূর্চ্ছিতঃ মূর্চ্ছয়েব ক্রোধেন কর্ত্তব্যজ্ঞানহীনঃ ॥১॥
অদ্রীতি। উদয়াস্তমনে উদয়াস্তকালে, ভানুঃ সূর্য্যঃ ॥২॥
তমিতি। পরিগম্যতে পরিতো বিচর্য্যতে। শৈলেন্দ্রং বিন্ধ্যম্ ॥৩—৪॥

ভারতভাবদীপঃ

কিমর্থমিতি ॥১—২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮॥

যুধিষ্ঠির বলিলেন—'মহর্ষি ! বিন্ধ্যপর্ব্বত কি জন্য ক্রুদ্ধ হইয়া সহসা বৃদ্ধি পাইয়াছিল, ইহা আমি বিস্তরক্রমে শুনিতে ইচ্ছা করি' ॥১॥

লোমশ বলিলেন—'সূর্য্য উদয়কালে ও অস্তকালে পর্বতরাজ ও মহাপর্ব্বত স্বর্ণময় সুমেরুকে প্রদক্ষিণ করিয়া যাইতেন ॥২॥

বিন্ধ্যপর্বত সূর্য্যকে সেইরূপ করিতে দেখিয়া তাঁহাকে বলিয়াছিল—'প্রভাকর ! আপনি যেমন প্রত্যহই সুমেরুপর্বতে বিচরণ করেন এবং তাহাকে প্রদক্ষিণ করেন, আমাকেও এইরূপ করুন'। বিন্ধ্যপর্বত এইরূপ বলিলে সূর্য্য তাহাকে বলিলেন—॥৩—৪॥

এবমুক্তস্ততঃ ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সহসাহচলঃ।
সূর্য্যাচন্দ্রমসোর্মার্গং রোদ্ধুমিচ্ছন্ পরন্তপ ! ॥৬॥

ততো দেবাঃ সহিতাঃ সর্ব্ব এব বিন্ধ্যং সমাগম্য মহাদ্রিরাজম্।
নিবারয়ামাসুরুপায়তস্তং ন চ স্ম তেষাং বচনং চকার ॥৭॥
অথাভিজগ্মুর্মুনিমাশ্রমস্থং তপস্বিনং ধর্ম্মভৃতাং বরিষ্ঠম্।
অগস্ত্যমত্যদ্ভুতবীর্য্যবন্তং তঞ্চার্থমূচুঃ সহিতাঃ সুরাস্তে ॥৮॥

সূর্য্যাচন্দ্রমসোর্মার্গং নক্ষত্রাণাং গতিং তথা।
শৈলরাজো বৃণোত্যেষ বিন্ধ্যঃ কোপবশানুগঃ ॥৯॥
তং নিবারয়িতুং শক্তো নান্যঃ কশ্চিদ্দ্বিজোত্তম !।
ঋতে ত্বাং হি মহাভাগ ! তস্মাদেনং নিবারয় ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। এনং মেরুম্। প্রদিষ্টো নির্দ্দিষ্টঃ। যৈরীশ্বরৈঃ, গৌরবাদ্বহুবচনম্। তেষাং-মাদেশং নাতিক্রমিতুমর্হামীতি ভাবঃ ॥৫॥

এবমিতি। অচলো বিন্ধ্যঃ। মার্গং দৈনিকবিচরণপথম্ ॥৬॥

তত ইতি। উপায়তঃ অনুনয়ভীতিপ্রদর্শনাদিভিরুপায়ৈঃ। চকার বিন্ধ্যঃ ॥৭॥

অথেতি। বীর্য্যমত্র তপঃপ্রভাবঃ। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৮॥

সূর্য্যেতি। বৃণোতি রুণদ্ধি। কোপবশানুগঃ সূর্য্যং প্রতি ॥৯॥

তমিতি। তং বিন্ধ্যম্। ঋতে বিনা ॥১০॥

'পর্ব্বত ! আমি নিজের ইচ্ছায় সুমেরুকে প্রদক্ষিণ করি না; যিনি এই জগৎ সৃষ্টি করিয়াছেন, তিনিই আমার এই পথ নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন' ॥৫॥

পরন্তপ ! সূর্য্য এইরূপ বলিলে, তাহার পরই বিন্ধ্যপর্বত ক্রোধে চন্দ্র ও সূর্য্যের পথ রোধ করিতে ইচ্ছা করিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে লাগিল ॥৬॥

তাহার পর দেবতারা সকলেই সম্মিলিত হইয়া, পর্ব্বতরাজ বিন্ধ্যের নিকট যাইয়া, নানাবিধ উপায়ে তাহাকে বারণ করিবার চেষ্টা করিলেন, কিন্তু সে বিন্ধ্যপর্ব্বত তাঁহাদের অনুরোধ রক্ষা করিল না ॥৭॥

তদনন্তর সেই দেবতারা সম্মিলিত হইয়াই আশ্রমস্থিত, তপস্বী, ধার্ম্মিকশ্রেষ্ঠ এবং অত্যন্ত অদ্ভুতপ্রভাবশালী অগস্ত্যমুনির নিকট গমন করিলেন এবং সেই বিষয় বলিতে লাগিলেন—॥৮॥

'পর্ব্বতরাজ এই বিন্ধ্য ক্রোধের বশবর্ত্তী হইয়া চন্দ্র ও সূর্য্যের পথ এবং নক্ষত্রমণ্ডলের গতি রোধ করিতেছে ॥৯॥

(৮) শ্লোকাৎ পরং 'দেবা উচুঃ' বা ব কা পি।

তচ্ছ্রুত্বা বচনং বিপ্রঃ সুরাণাং শৈলমভ্যগাৎ।
সোঽভিগম্যাব্রবীদ্বিন্ধ্যং সদারঃ সমুপস্থিতম্ ॥১১॥
মার্গমিচ্ছাম্যহং দত্তং ভবতা পর্বতোত্তম !।
দক্ষিণামভিগন্তাস্মি দিশং কার্য্যেণ কেনচিৎ ॥১২॥
যাবদাগমনং মহ্যং তাবত্ত্বং প্রতিপালয়।
নিবৃত্তে ময়ি শৈলেন্দ্র ! ততো বর্দ্ধস্ব কামতঃ ॥১৩॥
এবং স সময়ং কৃত্বা বিন্ধ্যেনামিত্রকর্ষণ !।
অদ্যাপি দক্ষিণাদ্দেশাদ্বারুণির্ন নিবর্ত্ততে ॥১৪॥
এতত্তে সর্বমাখ্যাতং যথা বিন্ধ্যো ন বর্দ্ধতে।
অগস্ত্যস্য প্রভাবেণ যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥১৫॥

ভারতকৌমুদী

তদিতি। বিপ্রঃ অগস্ত্যঃ। দারৈর্ভার্য্যয়া লোপামুদ্রয়া সহেতি সদারঃ ॥১১॥

মার্গমিতি। মার্গং মদ্গমনপথম্। কেনচিৎ কার্য্যেণ তদুদ্দেশেন ॥১২॥

যাবদিতি। মহ্যং মম। প্রতিপালয় প্রতীক্ষস্ব। নিবৃত্তে প্রত্যাবৃত্তে সতি ॥১৩॥

এবমিতি। হে অমিত্রকর্ষণ ! স বারুণিরগস্ত্যঃ, বিন্ধ্যেন সহ, এবং সময়ং প্রতিজ্ঞাং কৃত্বা, দক্ষিণং দেশং গচ্ছেতি শেষঃ, তস্মাদ্দক্ষিণাদ্দেশাদদ্যাপি ন নিবর্ত্ততে ॥১৪॥

এতদিতি। আখ্যাতং ময়া উক্তম্। পরিপৃচ্ছসীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা ॥১৫॥

কিন্তু ব্রাহ্মণশ্রেষ্ঠ মহাত্মন্ ! আপনি ব্যতীত অন্য কোন লোকই তাহাকে বারণ করিতে সমর্থ হইতেছে না। অতএব আপনি ইহাকে বারণ করুন' ॥১০॥

অগস্ত্যমুনি দেবগণের সেই কথা শুনিয়া, ভার্য্যা লোপামুদ্রার সহিত মিলিত হইয়া বিন্ধ্যপর্ব্বতের নিকট গেলেন এবং নিকটে যাইয়া সমাগত বিন্ধ্য-পর্ব্বতকে বলিলেন—॥১১॥

'পর্ব্বতশ্রেষ্ঠ ! আমি কোন কার্য্য উদ্দেশে দক্ষিণদিকে যাইব ; অতএব আমি ইচ্ছা করি যে, আপনি আমাকে পথ ছাড়িয়া দেন ॥১২॥

পর্ব্বতরাজ ! যে পর্য্যন্ত আমার পুনরায় আগমন হয়, সেই পর্য্যন্ত আপনি প্রতীক্ষা করুন ; তা'র পর আমি ফিরিয়া আসিলে, আপনি ইচ্ছানুসারে বৃদ্ধি পাইবেন' ॥১৩॥

শত্রুকর্ষণ রাজা ! অগস্ত্যমুনি বিন্ধ্যপর্ব্বতের সহিত এইরূপ প্রতিজ্ঞা করিয়া দক্ষিণদেশে যাইয়া অদ্যাপি সে দক্ষিণদেশ হইতে ফিরিয়া আসেন নাই ॥১৪॥

(১১)…সদারঃ সমুপস্থিতঃ…পি নি।

কালেয়াস্তু যথা রাজন্! সুরৈঃ সর্বৈর্নিসূদিতাঃ।
অগস্ত্যাদ্বরমাসাদ্য তন্মে নিগদতঃ শৃণু ॥১৬॥
ত্রিদশানাং বচঃ শ্রুত্বা মৈত্রাবরুণিরব্রবীৎ।
কিমর্থমভিযাতাঃ স্থ বরং মত্তঃ কিমিচ্ছথ ॥১৭॥
এবমুক্তাস্ততস্তেন দেবতা মুনিমব্রুবন্।
সর্বাঃ প্রাঞ্জলয়ো ভূত্বা পুরন্দরপুরোগমাঃ ॥১৮॥
এবং ত্বয়েচ্ছাম কৃতং হি কার্য্যং মহার্ণবং পীয়মানং মহাত্মন্!।
ততো বধিষ্যাম সহানুবন্ধান্ কালেয়সংজ্ঞান্ সুরবিদ্বিষস্তান্ ॥১৯॥
ত্রিদশানাং বচঃ শ্রুত্বা তথেতি মুনিরব্রবীৎ।
করিষ্যে ভবতাং কামং লোকানাঞ্চ মহৎ সুখম্ ॥২০॥

ভারতকৌমুদী

প্রকৃতমনুসরন্নাহ কালেয়া ইতি। কালেয়াস্তদাখ্যা অসুরাঃ ॥১৬॥
ত্রিদশানামিতি। মৈত্রাবরুণিরগস্ত্যঃ। অভিযাতা আগতাঃ ॥১৭॥
এবমিতি। তেন অগস্ত্যেন। মুনিমগস্ত্যমেব ॥১৮॥
এবমিতি। অনুবন্ধৈরনুচরৈঃ সহেতি সহানুবন্ধাস্তান্ ॥১৯॥
ত্রিদশানামিতি। কাম্যত ইতি কামস্তম্ অভীষ্টং সমুদ্রপানমিত্যর্থঃ ॥২০॥

বিন্ধ্যপর্বত অগস্ত্যের প্রভাবেই যে বৃদ্ধি পায় নাই—যাহা তুমি আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট সে সমস্তই বলিলাম ॥১৫॥

রাজা! দেবতারা সকলে অগস্ত্যের নিকট বর লাভ করিয়া যে ভাবে কালেয় অসুরগণকে বিনাশ করিয়াছিলেন, তাহা আমি বলিতেছি, শ্রবণ কর ॥১৬॥

দেবগণের কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—'দেবগণ! আপনারা কি জন্য আসিয়াছেন? কোন্ বরই বা আমার নিকট হইতে লাভ করিতে ইচ্ছা করেন?' ॥১৭॥

অগস্ত্য এইরূপ বলিলে, তাহার পর ইন্দ্রপ্রভৃতি দেবতারা সকলে কৃতাঞ্জলি হইয়া অগস্ত্যকে বলিলেন—॥১৮॥

'মহাত্মন্! আপনি এইরূপ কার্য্য করেন, অর্থাৎ মহাসমুদ্রটাকে পান করেন ইহা আমরা ইচ্ছা করি। তাহার পর আমরা সেই কালেয়নামক অসুরগণকে অনুচরদের সহিতই বিনাশ করিব' ॥১৯॥

দেবগণের কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—'তাহাই হইবে। আমি আপনাদের অভীষ্ট বিষয় এবং লোকের বিশেষ নির্বৃতি করিব' ॥২০॥

(১৮) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

এবমুক্ত্বা ততোঽগচ্ছৎ সমুদ্রং সরিতাং পতিম্ ।
ঋষিভিশ্চ তপঃসিদ্ধৈঃ সার্দ্ধং দেবৈশ্চ সুব্রত ! ॥২১॥
মনুষ্যোরগগন্ধর্ব-যক্ষকিম্পুরুষাস্তদা ।
অনুজগ্মুর্মহাত্মানং দ্রষ্টুকামাস্তদদ্ভুতম্ ॥২২॥
ততোঽভ্যগচ্ছন্ সহিতাঃ সমুদ্রং ভীমনিস্বনম্ ।
নৃত্যন্তমিব চোর্ম্মীভির্ব্বল্গন্তমিব বায়ুনা ॥২৩॥
হসন্তমিব ফেনৌঘৈঃ স্খলন্তং কন্দরেষু চ ।
নানাগ্রাহসমাকীর্ণং নানাদ্বিজগণান্বিতম্ ॥২৪॥ (যুগ্মকম্)
অগস্ত্যসহিতা দেবাঃ সগন্ধর্ব্বমহোরগাঃ ।
ঋষয়শ্চ মহাভাগাঃ সমাসেদুর্মহোদধিম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামগস্ত্যমাহাত্ম্যকথনে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। শাস্ত্রবিহিতনিয়মানাং যথাযথপালনাৎ সুব্রতেতি যুধিষ্ঠিরস্য সম্বোধনম্ ॥২১॥

মনুষ্যেতি। মহাত্মানমগস্ত্যম্। তৎ সমুদ্রপানম্ ॥২২॥

তত ইতি। বায়ুনা বায়ুপ্রাতিকূল্যেন, বল্গন্তং সাটোপং গচ্ছন্তমিব। ফেনৌঘৈর্হসন্তমিব, ফেনৌঘানাং শুভ্রত্বাৎ, কন্দরেষু গুহাসু, স্খলন্তং স্খলিত্বা পতন্তমিব। নানা অনেকৈর্গ্রাহৈর্জলজন্তুভিঃ সমাকীর্ণং ব্যাপ্তম্, নানা দ্বিজগণৈঃ পক্ষিগণৈরন্বিতম্ ॥২৩—২৪॥

অগস্ত্যেতি। সমাসেদুঃ প্রাপুঃ, মহোদধিম্ উক্তরূপং মহাসমুদ্রম্ ॥২৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াম্ অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

যুধিষ্ঠির! এইরূপ বলিয়া তাহার পর অগস্ত্য তপঃসিদ্ধ ঋষিগণ ও দেবগণের সহিত মিলিত হইয়া সরিৎপতি সমুদ্রে গমন করিলেন ॥২১॥

তখন মনুষ্য, নাগ, গন্ধর্ব, যক্ষ ও কিম্পুরুষগণ সেই অদ্ভুত ঘটনা দেখিবার জন্য মহাত্মা অগস্ত্যের অনুগমন করিলেন ॥২২॥

তাহার পর তাঁহারা সম্মিলিত হইয়া সমুদ্রের তীরে উপস্থিত হইলেন। তখন সমুদ্র ভয়ঙ্কর গর্জন করিতেছিল, তরঙ্গদ্বারা যেন নৃত্য করিতেছিল, বায়ুর প্রতিকূলতাবশতঃ যেন উদ্ধতভাবে চলিতেছিল এবং গুহা সকলের ভিতরে যেন পড়িয়া যাইতেছিল; আর সে সমুদ্র নানাবিধ জলজন্তুতে পরিপূর্ণ এবং নানাবিধ পক্ষিগণে সমাকীর্ণ ছিল ॥২৩—২৪॥

---

* '...চতুরধিকশততমঃ ...' বা ব কা পি, '...ত্র্যধিকশততমঃ...' নি।

ঊননবতিতমোঽধ্যায়ঃ

লোমশ উবাচ।

সমুদ্রং স সমাসাদ্য বারুণির্ভগবানৃষিঃ।
উবাচ সহিতান্ দেবানৃষীংশ্চৈব সমাগতান্ ॥১॥
এষ লোকহিতার্থং বৈ পিবামি বরুণালয়ম্।
ভবদ্ভির্যদনুষ্ঠেয়ং তচ্ছীঘ্রং সংবিধীয়তাম্ ॥২॥
এতাবদুক্ত্বা বচনং মৈত্রাবরুণিরচ্যুতঃ।
সমুদ্রমপিবৎ ক্রুদ্ধঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ ॥৩॥
পীয়মানং সমুদ্রন্তু দৃষ্ট্বা সেন্দ্রাস্তদাঽমরাঃ।
বিস্ময়ং পরমং জগ্মুঃ স্তুতিভিশ্চাপ্যপূজয়ন্ ॥৪॥

ভারতকৌমুদী

সমুদ্রমিতি। বারুণিরগস্ত্যঃ। সহিতান্ সম্মিলিতান্ ॥১॥
এষ ইতি। বরুণালয়ং সমুদ্রম্। অনুষ্ঠেয়ং বিধেয়ম্ ॥২॥
এতাবদিতি। মৈত্রাবরুণিরগস্ত্যঃ, অচ্যুতঃ তপঃপ্রভাবাদভ্রষ্টঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

সমুদ্রমিতি ॥১—২১॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥৮৯॥

তখন দেবতারা ও মহাত্মা ঋষিরা অগস্ত্যের সহিত এবং গন্ধর্বগণ ও নাগগণের সহিত মিলিত হইয়া উক্তবিধ মহাসমুদ্রের তীরে গমন করিলেন' ॥২৫॥

—(-:০:-)—

লোমশ বলিলেন—'ভগবান্ অগস্ত্যমুনি সমুদ্রতীরে উপস্থিত হইয়া সমাগত সম্মিলিত দেবগণ ও ঋষিগণকে কহিলেন—॥১॥

'লোকহিতের জন্য এই আমি সমুদ্রপান করিতেছি। আপনাদের যাহা কর্ত্তব্য, তাহা শীঘ্র করুন' ॥২॥

এইটুকুমাত্র কথা বলিয়া মহাপ্রভাবসম্পন্ন অগস্ত্য ক্রুদ্ধ হইয়া সকল লোকের সাক্ষাতে সমুদ্র পান করিতে আরম্ভ করিলেন ॥৩॥

তখন অগস্ত্য সমুদ্র পান করিতেছেন দেখিয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণ অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং স্তব দ্বারা তাঁহার সম্মান করিতে লাগিলেন—॥৪॥

(২) অহং লোকহিতার্থং বৈ···যাব কা।

ত্বং নস্ত্রাতা বিধাতা চ লোকানাং লোকভাবন ! ।
ত্বৎপ্রসাদাৎ সমুচ্ছেদং ন গচ্ছেৎ সামরং জগৎ ॥৫॥
স পূজ্যমানস্ত্রিদশৈর্মহাত্মা গন্ধর্ব্বতূর্য্যেষু নদৎসু সর্ব্বশঃ ।
দিব্যৈশ্চ পুষ্পৈরবকীর্য্যমাণো মহার্ণবং নিঃসলিলং চকার ॥৬॥
দৃষ্ট্বা কৃতং নিঃসলিলং মহার্ণবং সুরাঃ সমস্তাঃ পরমপ্রহৃষ্টাঃ ।
প্রগৃহ্য দিব্যানি বরায়ুধানি তান্ দানবান্ জঘ্নুরদীনসত্ত্বাঃ ॥৭॥
তে বধ্যমানাস্ত্রিদশৈর্মহাত্মভির্মহাবলৈর্বেগিভিরুন্নদদ্ভিঃ ।
ন সেহিরে বেগবতাং মহাত্মনাং বেগং তদা ধারয়িতুং দিবৌকসাম্ ॥৮॥
তে বধ্যমানাস্ত্রিদশৈর্দানবা ভীমনিস্বনাঃ ।
চক্রুঃ সুতুমুলং যুদ্ধং মুহূর্ত্তমিব ভারত ! ॥৯॥

ভারতকৌমুদী

পীয়মানমিতি। ইন্দ্রেণ সহেতি সেন্দ্রাঃ। অপূজয়ন্ অগস্ত্যমিতি শেষঃ ॥৪॥
ত্বমিতি। বিধাতা শুভস্যেতি শেষঃ। লোকভাবন! লোকানাং নির্ব্বৃত্তিকারক ! ॥৫॥
স ইতি। সঃ অগস্ত্যঃ, ত্রিদশৈর্দেবৈঃ। নদৎসু বাদনাৎ শব্দায়মানেষু ॥৬॥
দৃষ্ট্বেতি। দিব্যানি স্বর্গীয়াণি। অদীনসত্ত্বা অনল্পাধ্যবসায়াঃ ॥৭॥
ত ইতি। তে দানবাঃ। উন্নদদ্ভিঃ সিংহনাদং কুর্ব্বদ্ভিঃ। সেহিরে শেকুঃ ॥৮॥
ত ইতি। ত্রিদশৈর্দেবৈঃ। ভীমনিস্বনা ভয়ঙ্করসিংহনাদাঃ ॥৯॥

'জগতের নির্ব্বৃত্তিকারক মহর্ষি! আপনি আমাদের রক্ষাকর্ত্তা এবং ত্রিভুবনেরই মঙ্গলবিধাতা। আপনার অনুগ্রহেই দেবগণের সহিত সমস্ত জগৎ উচ্ছেদ প্রাপ্ত হইবে না' ॥৫॥

এই ভাবে দেবতারা স্তব করিতে লাগিলেন, গন্ধর্ব্বেরা সকল দিকে তূর্য্য-ধ্বনি করিতে থাকিল এবং আকাশ হইতে পুষ্পবৃষ্টি হইতে লাগিল এই; অবস্থায় মহাত্মা অগস্ত্য মহাসমুদ্রটাকে জলশূন্য করিয়া ফেলিলেন ॥৬॥

অগস্ত্য মহাসমুদ্রটাকে জলশূন্য করিয়াছেন দেখিয়া দেবতারা সকলেই আনন্দিত হইয়া স্বর্গীয় উৎকৃষ্ট অস্ত্র সকল ধারণ করিয়া বিশেষ অধ্যবসায়ের সহিত সেই দানবগণকে বধ করিতে লাগিলেন ॥৭॥

মহাবল, বেগবান্ ও সিংহনাদকারী মহাত্মা দেবতারা বধ করিতে লাগিলে, তখন সেই দানবেরা বেগবান্ ও মহাবল দেবগণের সেই বেগ ধারণ করিতে সমর্থ হইল না ॥৮॥

ভরতনন্দন! দেবতারা দানবগণকে বধ করিতে লাগিলে, তাহারা ভয়ঙ্কর সিংহনাদ করিয়া কিছুকাল অতিতুমুল যুদ্ধ করিল ॥৯॥

তে পূর্ব্বং তপসা দগ্ধা মুনিভির্ভাবিতাত্মভিঃ।
যতমানাঃ পরং শক্ত্যা ত্রিদশৈর্বিনিসূদিতাঃ ॥১০॥
তে হেমনিষ্কাভরণাঃ কুণ্ডলাঙ্গদধারিণঃ।
নিহতা বহ্বশোভন্ত পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥১১॥
হতশেষাস্ততঃ কেচিৎ কালেয়া মনুজোত্তম !।
বিদার্য্য বসুধাং দেবীং পাতালতলমাশ্রিতাঃ ॥১২॥
নিহতান্ দানবান্ দৃষ্ট্বা ত্রিদশা মুনিপুঙ্গবম্।
তুষ্টুবুর্বিবিধৈর্বাক্যৈরিদঞ্চৈবাব্রুবন্ বচঃ ॥১৩॥
ত্বৎপ্রসাদান্মহাবাহো ! লোকৈঃ প্রাপ্তং মহৎ সুখম্।
ত্বত্তেজসা চ নিহতাঃ কালেয়াঃ ক্রূরবিক্রমাঃ ॥১৪॥
পূরয়স্ব মহাবাহো ! সমুদ্রং লোকভাবন !।
যত্ত্বয়া সলিলং পীতং তদস্মিন্ পুনরুৎসৃজ ॥১৫॥

ভারতকৌমুদী

ত ইতি। ভাবিতাত্মভিঃ মৈত্র্যাদিভাবনয়া শোধিতচিত্তৈঃ ॥১০॥
ত ইতি। হেমনিষ্কং স্বর্ণমালাম্ আভরণং যেষাং তে। বহু অধিকম্ ॥১১॥
হতেতি। কালেয়াঃ কশ্যপভার্য্যায়াঃ কালায়াঃ পুত্রা আদিপর্বণ্যুক্তাঃ ॥১২॥
নিহতানিতি। মুনিপুঙ্গবমগস্ত্যম্ ॥১৩॥
ত্বদিতি। মহাবাহুবন্মহাশক্রসংহারঘটনান্মহাবাহো ইত্যগস্ত্যস্যৈব সম্বোধনম্ ॥১৪॥

নির্ম্মলচিত্ত মুনিরা পূর্ব্বেই তাহাদিগকে তপস্যানলে দগ্ধ করিয়াছিলেন; সুতরাং তখন তাহারা শক্তি অনুসারে জয়ের জন্য বিশেষ যত্ন করিতে থাকিলেও দেবতারা তাহাদিগকে সংহার করিলেন ॥১০॥

স্বর্ণময় হার, কুণ্ডল ও অঙ্গদধারী সেই দানবেরা নিহত হইয়া পুষ্পিত কিংশুকবৃক্ষের ন্যায় অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥১১॥

নরশ্রেষ্ঠ ! তাহার পর হতাবশিষ্ট কতকগুলি কালেয় অসুর পৃথিবী বিদারণ করিয়া পাতালে যাইয়া আশ্রয় লইল ॥১২॥

তখন দেবগণ দানবগণকে নিহত দেখিয়া নানাবিধ বাক্যে মুনিশ্রেষ্ঠ অগস্ত্যের স্তব করিলেন এবং এই কথা বলিলেন—॥১৩॥

'মহাবাহু ! আপনার অনুগ্রহেই লোকেরা মহাসুখ লাভ করিল। কারণ, আপনার তেজেই ক্রূরবিক্রম কালেয়গণ নিহত হইয়াছে ॥১৪॥

(১২)···পাতালতলমাস্থিতাঃ—বা ব কা নি। (১৩)···ইদং বচনমব্রুবন্—বা ব কা নি।

এবমুক্তঃ প্রত্যুবাচ ভগবান্ মুনিপুঙ্গবঃ।
তাংস্তদা সহিতান্ দেবানগস্ত্যঃ সপুরন্দরান্ ॥১৬॥
জীর্ণং তদ্ধি ময়া তোয়মুপায়োঽন্যঃ প্রচিন্ত্যতাম্।
পূরণার্থং সমুদ্রস্য ভবদ্ভির্যত্নমাস্থিতৈঃ ॥১৭॥
এতচ্ছ্রুত্বা তু বচনং মহর্ষের্ভাবিতাত্মনঃ।
বিস্মিতাশ্চ বিষণ্ণাশ্চ বভূবুঃ সহিতাঃ সুরাঃ ॥১৮॥
পরস্পরমনুজ্ঞাপ্য প্রণম্য মুনিপুঙ্গবম্।
প্রজাঃ সর্বা মহারাজ! বিপ্রজগ্মুর্যথাগতম্ ॥১৯॥
ত্রিদশা বিষ্ণুনা সার্দ্ধমুপজগ্মুঃ পিতামহম্।
পূরণার্থং সমুদ্রস্য মন্ত্রয়িত্বা পুনঃ পুনঃ ॥২০॥

ভারতকৌমুদী

পরয়স্বেতি। হে লোকভাবন! লোকানাং মঙ্গলকারক! অস্মিন্ সমুদ্রখাতে ॥১৫॥
এবমিতি। ভগবান্ অতিশয়েনাণিমাদ্যৈশ্বর্যবান্, মহার্ণবস্যৈব পানাৎ ॥১৬॥
জীর্ণমিতি। অন্যঃ মৎকর্ত্তৃকোদ্গারাদপরঃ ॥১৭॥
এতদিতি। বিস্মিতাঃ ক্ষণেনৈব জলরাশের্জীর্ণীকরণাৎ ; বিষণ্ণাঃ সমুদ্রস্য জলশূন্যত্বাৎ ॥১৮॥
পরস্পরমিতি। প্রজা গন্ধর্বমনুষ্যাদয়ো জনাঃ। যথাগতং যথাস্থানম্ ॥১৯॥
ত্রিদশা ইতি। পিতামহং ব্রহ্মাণমুপজগ্মুঃ, সমুদ্রপূরণমন্ত্রণার্থমিতি ভাবঃ ॥২০॥

মহাবাহু! লোকমঙ্গলকারক! আপনি আবার সমুদ্র পূরণ করুন; আপনি যে জল পান করিয়াছেন, তাহা আবার এই খাতে বিসর্জন করুন' ॥১৫॥

দেবতারা এইরূপ বলিলে, মুনিশ্রেষ্ঠ ভগবান্ অগস্ত্য তখন ইন্দ্রপ্রভৃতি সেই সম্মিলিত দেবগণকে বলিলেন—॥১৬॥

'আমি সে জল জীর্ণ করিয়া ফেলিয়াছি; সুতরাং আপনারা সমুদ্র পূরণের জন্য বিশেষ যত্ন অবলম্বন করিয়া অন্য উপায় চিন্তা করুন' ॥১৭॥

নির্ম্মলচিত্ত মহর্ষি অগস্ত্যের এই কথা শুনিয়া সম্মিলিত দেবতারা সকলেই বিস্মিত এবং বিষণ্ণ হইলেন ॥১৮॥

মহারাজ! তাহার পর তত্রত্য লোকেরা সকলেই মুনিশ্রেষ্ঠ অগস্ত্যকে প্রণাম করিয়া পরস্পর পরস্পরের অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেল ॥১৯॥

আর, দেবতারা সমুদ্রকে পূরণ করিবার জন্য বিষ্ণুর সহিত বার বার মন্ত্রণা করিয়া ব্রহ্মার নিকট গমন করিলেন ॥২০॥

---

(১৬) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তে ধাতারমুপাগম্য ত্রিদশাঃ সহ বিষ্ণুনা।
ঊচুঃ প্রাঞ্জলয়ঃ সর্ব্বে সাগরস্যাভিপূরণম্ ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং সমুদ্রপূরণমন্ত্রণে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

নবতিতমোঽধ্যায়ঃ

—*(:০:)*—

লোমশ উবাচ।

তানুবাচ সমেতাংস্তু ব্রহ্মা লোকপিতামহঃ।
নির্হ্রাদিন্যা গিরা রাজন্! দেবানাশ্বাসয়ংস্তদা ॥১॥
গচ্ছধ্বং বিবুধাঃ সর্ব্বে যথাকামং যথেপ্সিতম্।
মহতা কালযোগেন প্রকৃতিং যাস্যতেঽর্ণবঃ ॥২॥

ভারতকৌমুদী

ত ইতি। ধাতারং ব্রহ্মাণম্। ঊচুঃ পপৃচ্ছুঃ। অভিপূরণং তদুপায়ম্ ॥২১॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামূননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(:*:)—

তানিতি। সমেতান্ সমাগতান্। নির্হ্রাদিন্যা স্বভাবত এব গম্ভীরয়া ॥১॥
গচ্ছধ্বমিতি। যথাকামং গচ্ছধ্বম্, যথেপ্সিতঞ্চ কুরুধ্বমিতি শেষঃ ॥২॥

সেই দেবতারা বিষ্ণুর সহিত ব্রহ্মার নিকট যাইয়া, সকলেই কৃতাঞ্জলি হইয়া, সমুদ্রপূরণের উপায় জিজ্ঞাসা করিলেন ॥২১॥

—:(*):—

লোমশ বলিলেন—'রাজা! লোকপিতামহ ব্রহ্মা সমাগত দেবগণকে আশ্বস্ত করিবার জন্য গম্ভীরবাক্যে তাঁহাদিগকে বলিলেন—॥১॥

'দেবগণ! তোমরা সকলে ইচ্ছা হইলে যাইতে পার এবং ইচ্ছানুসারে কার্য্য করিতে পার। কারণ, সমুদ্র বহুকালপরে নিজেই স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইবে ॥২॥

(২১) পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি। * '...পঞ্চাধিকশততমঃ...' '...চতুরধিকশত-তমঃ...' নি। (১) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

জ্ঞাতীংশ্চ কারণং কৃত্বা মহারাজো ভগীরথঃ।
পূরয়িষ্যতি তোয়ৌঘৈঃ সমুদ্রং নিধিমম্ভসাম্ ॥৩॥
পিতামহবচঃ শ্রুত্বা সর্ব্বে বিবুধসত্তমাঃ।
কালযোগং প্রতীক্ষন্তো জগ্মুশ্চাপি যথাগতম্ ॥৪॥

যুধিষ্ঠির উবাচ।

কথং বৈ জ্ঞাতয়ো ব্রহ্মন্! কারণঞ্চাত্র বৈ মুনে!।
কথং সমুদ্রঃ পূর্ণশ্চ ভগীরথপ্রতিশ্রয়াৎ ॥৫॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ তপোধন!।
কথ্যমানং ত্বয়া বিপ্র! রাজ্ঞাঞ্চরিতমুত্তমম্ ॥৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু বিপ্রেন্দ্রো ধর্ম্মরাজ্ঞা মহাত্মনা।
কথয়ামাস মাহাত্ম্যং সগরস্য মহাত্মনঃ ॥৭॥

ভারতকৌমুদী

জ্ঞাতীনিতি। অম্ভসাং নিধিম্, অতস্তোয়ৌঘৈরেব পূরয়িষ্যতীতি ভাবঃ ॥৩॥
পিতামহেতি। কালযোগং ভাবিকালপ্রাপ্তিসম্বন্ধম্, প্রতীক্ষন্তঃ প্রতীক্ষমাণাঃ ॥৪॥
কথমিতি। অত্র সমুদ্রপূরণে। ভগীরথস্য প্রতিশ্রয়াদবলম্বনাৎ ॥৫॥
এতদিতি। রাজচরিতশ্রোত্রমধ্যাদেব তদেতচ্ছ্রোতুমিচ্ছামীত্যাশয়ঃ ॥৬॥
এবমিতি। বিপ্রেন্দ্রো লোমশঃ। ধর্ম্মরাজ্ঞেতি আর্ষত্বাদদন্তত্বাভাবঃ ॥৭॥

মহারাজ ভগীরথ জ্ঞাতিগণকে হেতু করিয়া জলরাশি দ্বারাই জলনিধি সমুদ্রকে পূর্ণ করিবেন' ॥৩॥

তখন দেবতারা সকলে ব্রহ্মার সেই কথা শুনিয়া, সেই কালের প্রতীক্ষা করিয়া যথাস্থানে চলিয়া গেলেন' ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'ব্রহ্মন্! মুনে! এ বিষয়ে ভগীরথের জ্ঞাতিরা কি করিয়া কারণ হইয়াছিলেন? এবং কি করিয়াই বা ভগীরথকে অবলম্বন করিয়া সমুদ্র পূর্ণ হইয়াছিল? ॥৫॥

ব্রাহ্মণ! তপোধন! আপনি রাজাদের উত্তম চরিত্র বিস্তরক্রমে বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি' ॥৬॥

বৈশম্পায়ন কহিলেন—মহাত্মা যুধিষ্ঠির এইরূপ বলিলে, লোমশমুনি মহাত্মা সগরের মাহাত্ম্য বলিতে আরম্ভ করিলেন ॥৭॥

(৩) জ্ঞাতীন্ বৈ কারণং কৃত্বা মহারাজো ভগীরথাৎ। দ্বিতীয়ার্দ্ধঞ্চ নাস্তি—বা ব কা পি।
(৫)…কারণঞ্চাত্র কিং মুনে!…বা ব কা নি।

লোমশ উবাচ।

ইক্ষ্বাকূণাং কুলে জাতঃ সগরো নাম পার্থিবঃ।
রূপসত্ত্ববলোপেতঃ স চাপুত্রঃ প্রতাপবান্ ॥৮॥
স হৈহয়ান্ সমুৎসাদ্য তালজঙ্ঘাংশ্চ ভারত!।
বশে চ কৃত্বা রাজন্যান্ স্বরাজ্যমন্বশিষ্টবান্ ॥৯॥
তস্য ভার্য্যে ত্বভবতাং রূপযৌবনদর্পিতে।
বৈদর্ভী ভরতশ্রেষ্ঠ! শৈব্যা চ ভরতর্ষভ! ॥১০॥
স পুত্রকামো নৃপতিস্তপ্যাতে স্ম মহত্তপঃ।
পত্নীভ্যাং সহ রাজেন্দ্র! কৈলাসং গিরিমাশ্রিতঃ ॥১১॥
স তপ্যমানঃ সুমহত্তপোযোগসমন্বিতঃ।
আসসাদ মহাত্মানং ত্র্যক্ষং ত্রিপুরমর্দ্দনম্ ॥১২॥
শঙ্করং ভবমীশানং শূলপাণিং পিনাকিনম্।
ত্র্যম্বকং শিবমুগ্রেশং বহুরূপমুমাপতিম্ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইক্ষ্বাকূণামিতি। রূপং সৌন্দর্য্যং সত্ত্বমধ্যবসায়ঃ বলং শক্তিশ্চ তৈরুপেতঃ ॥৮॥

স ইতি। হৈহয়ান্ তালজঙ্ঘাংশ্চ তত্তদ্বংশীয়ান্ নৃপতীন্ ॥৯॥

তস্যেতি। বৈদর্ভী বিদর্ভরাজতনয়া, শৈব্যা শিবিতনয়া চ ॥১০॥

স ইতি। আশ্রিতঃ অধিষ্ঠিতঃ ॥১১॥

স ইতি। তপো দৈহক্লেশ উপবাসাদিঃ যোগশ্চ ধ্যানাদিস্তাভ্যাং সমন্বিতঃ। ত্র্যক্ষং ত্রিলোচনম্। কর্ম্মানুসারিভির্নামভিস্তং বিশিনষ্টি শঙ্করমিত্যাদি ॥১২—১৩॥

লোমশ বলিলেন—'ইক্ষ্বাকুবংশে 'সগর'—নামে এক রাজা জন্মিয়াছিলেন; তিনি রূপ, উৎসাহ, শক্তি ও প্রতাপশালী হইয়াও অপুত্রক ছিলেন ॥৮॥

ভরতনন্দন! তিনি হৈহয়বংশীয় ও তালজঙ্ঘবংশীয় রাজগণকে উৎসন্ন করিয়া এবং অন্যান্য ক্ষত্রিয়দিগকে বশীভূত করিয়া আপন রাজ্য শাসন করিতেন ॥৯॥

ভরতশ্রেষ্ঠ! সেই সগররাজার দুইটী ভার্য্যা ছিল; তাঁহারা দুই জনই রূপযৌবনগর্বিতা ছিলেন; তাঁহাদের একজন বিদর্ভরাজার তনয়া, অপরজন শিবিরাজার দুহিতা ছিলেন ॥১০॥

রাজশ্রেষ্ঠ! সেই সগররাজা ভার্য্যাদের সহিত মিলিত হইয়া কৈলাসপর্বতে যাইয়া পুত্রকামনা করিয়া গুরুতর তপস্যা করেন ॥১১॥

তিনি উপবাসাদি ও ধ্যানপ্রভৃতি করিতে থাকিয়া গুরুতর তপস্যায় প্রবৃত্ত

(৯)···স্বরাজ্যমন্বশাসত—বা ব কা পি। (১৩)···পিনাকিং শূলপাণিনম্···বা ব কা নি।

স তং দৃষ্ট্বৈব বরদং পত্নীভ্যাং সহিতো নৃপঃ।
প্রণিপত্য মহাবাহুঃ পুত্রার্থং সমযাচত ॥১৪॥
তং প্রীতিমান্ হরঃ প্রাহ সভার্য্যং নৃপসত্তমম্।
যস্মিন্ বৃতো মুহূর্ত্তেঽহং ত্বয়েহ নৃপতে! বরম্ ॥১৫॥
ষষ্টিঃ পুত্রসহস্রাণি শূরাঃ পরমদর্পিতাঃ।
একস্যাং সম্ভবিষ্যন্তি পত্ন্যাং নরবরোত্তম! ॥১৬॥
তে চৈব সর্ব্বে সহিতাঃ ক্ষয়ং যাস্যন্তি পার্থিব!।
একো বংশধরঃ শূর একস্যাং সম্ভবিষ্যতি ॥১৭॥ (বিশেষকম্)
এবমুক্ত্বা তু তং রুদ্রস্তত্রৈবান্তরধীয়ত।
স চাপি সগরো রাজা জগাম স্বং নিবেশনম্ ॥১৮॥
পত্নীভ্যাং সহিতস্তত্র সোঽতিহৃষ্টমনাস্তদা।
কালং শম্ভুবরপ্রাপ্তং প্রতীক্ষন্ সগরোঽনয়ৎ ॥১৯॥

ভারতকৌমুদী

স ইতি। সমযাচত বরমিতি শেষঃ ॥১৪॥

তমিতি। বৃতো যাচিতঃ। অতএব দ্বিকর্ম্মকত্বম্ অপ্রধানকর্ম্মণ উক্তত্বঞ্চ। একস্যাং পত্ন্যাং ষষ্টিঃ পুত্রসহস্রাণি সম্ভবিষ্যন্তি, তে চৈব সর্বে শূরাঃ পরমদর্পিতাশ্চ সম্ভবিষ্যন্তি, সহিতাঃ সম্মিলিতাশ্চ ক্ষয়ং যাস্যন্তি, তস্য মুহূর্ত্তস্য গুণাদেবেতি শেষঃ। একঃ পুত্রঃ। একস্যাং পত্ন্যাম্ ॥১৫-১৭॥

এবমিতি। রুদ্রো মহাদেবঃ। নিবেশনং ভবনম্ ॥১৮॥

পত্নীভ্যামিতি। প্রাপ্তঃ শম্ভুবর ইতি শম্ভুবরপ্রাপ্তস্তম্, অগ্নিষ্টোমাদিবৎ পরনিপাতঃ ॥১৯॥

রহিয়া একদা শঙ্কর, ভব, ঈশান, শূলপাণি, পিনাকী, ত্র্যম্বক, শিব ও উগ্রেশ-প্রভৃতি বহুরূপধারী উমাপতি ত্রিপুরহন্তা মহাত্মা মহাদেবের সাক্ষাৎকার লাভ করিলেন ॥১২—১৩॥

মহাবাহু সগররাজা মহাদেবকে দেখিয়াই পত্নীদের সহিত মিলিত হইয়া প্রণিপাত করিয়া পুত্রের জন্য বর প্রার্থনা করিলেন ॥১৪॥

তখন সন্তুষ্টচিত্ত মহাদেব, ভার্য্যাদের সহিত সগররাজাকে বলিলেন—'রাজা! তুমি যে মুহূর্ত্তে আমার নিকট বর প্রার্থনা করিয়াছ, সেই মুহূর্ত্তের গুণে তোমার এক পত্নীর গর্ভে ষাট হাজার পুত্র জন্মিবে; তাহারা সকলেই বীর ও মহাদর্পিত হইবে, পরে আবার সকলে মিলিয়াই বিনষ্ট হইবে। আর, অপর পত্নীর গর্ভে একটীমাত্র বীর ও বংশরক্ষক পুত্র জন্মিবে' ॥১৫—১৭॥

সগররাজাকে এই কথা বলিয়া মহাদেব সেই খানেই অন্তর্হিত হইলেন; সগররাজাও আপন ভবনে চলিয়া গেলেন ॥১৮॥

(১৯) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তস্য তে মনুজশ্রেষ্ঠ ! ভার্য্যে কমললোচনে।
বৈদর্ভী চৈব শৈব্যা চ গর্ভিণ্যৌ সংবভূবতুঃ ॥২০॥
ততঃ কালেন বৈদর্ভী গর্ভালাবুং ব্যজায়ত।
শৈব্যা চ সুষুবে পুত্রং কুমারং দেবরূপিণম্ ॥২১॥
তদাঽলাবুং সমুৎস্রষ্টুং মনশ্চক্রে স পার্থিবঃ।
অথান্তরীক্ষাচ্ছুশ্রাব বাচং গম্ভীরনিস্বনাম্ ॥২২॥
রাজন্ ! মা সাহসং কার্ষীঃ পুত্রান্ ন ত্যক্তুমর্হসি।
অলাবুমধ্যান্নিষ্কৃষ্য বীজং যত্নেন গোপ্যতাম্ ॥২৩॥
সোপস্বেদেষু পাত্রেষু ঘৃতপূর্ণেষু ভাগশঃ।
ততঃ পুত্রসহস্রাণি ষষ্টিং প্রাপ্স্যসি পার্থিব ! ॥২৪॥ (যুগ্মকম্)
মহাদেবেন দিষ্টং তে পুত্রজন্ম নরাধিপ !।
অনেন ক্রমযোগেন মা তে বুদ্ধিরতোঽন্যথা ॥২৫॥

ভারতকৌমুদী

তস্যেতি। গর্ভিণ্যৌ সংবভূবতুঃ, কালক্রমেণ শম্ভুবরাদেবেতি ভাবঃ ॥২০॥

তত ইতি। গর্ভভূতা অলাবুর্গর্ভালাবস্তাম্, ব্যজায়ত ব্যজনয়ৎ। কুমারং কার্ত্তিকেয়মিব, রুদ্রদারকং বা ॥২১॥

তদেতি। সমুৎস্রষ্টুং পরিত্যক্তুম্, মনশ্চক্রে ইয়েষেত্যর্থঃ ॥২২॥

রাজন্নিতি। বীজমঙ্কুরঃ, গোপ্যতাং রক্ষ্যতাম্। সোপস্বেদেষু উষ্ণেষু ॥২৩—২৪॥

সগররাজা সেখানে যাইয়া পত্নীদের সহিত মিলিত হইয়া অতিহৃষ্টমনে মহাদেবের বরের প্রতীক্ষা করিয়া কাল অতিবাহিত করিতে লাগিলেন ॥১৯॥

নরশ্রেষ্ঠ ! কালক্রমে বৈদর্ভী ও শৈব্যা এই দুইটী পদ্মনয়না সগরভার্য্যাই গর্ভবতী হইলেন ॥২০॥

তাহার পর যথাকালে বৈদর্ভী একটী অলাবু প্রসব করিলেন এবং শৈব্যা কার্ত্তিকের তুল্য দিব্যরূপী একটী পুত্র প্রসব করিলেন ॥২১॥

তখন সগররাজা সেই অলাবুটাকে ফেলাইয়া দিবার ইচ্ছা করিলেন; কিন্তু তিনি সেই সময়েই আকাশ হইতে গম্ভীরস্বরে এক বাক্য শুনিতে পাইলেন ॥২২॥

'রাজা ! অবিবেচনার কার্য্য করিবেন না, পুত্রগুলিকে ফেলাইয়া দিবেন না। অলাবুর ভিতর হইতে বীজ সকল নিষ্কাশনপূর্ব্বক ভাগ ভাগ করিয়া উষ্ণ ও ঘৃতপূর্ণ পাত্রে যত্নপূর্ব্বক রক্ষা করুন; তাহা হইলে ষাট হাজার পুত্র লাভ করিবেন ॥২৩—২৪॥

(২৫) শ্লোকাৎ পরম্ '…ষড়ধিকশততমোঽধ্যায়ঃ' বাঁ ব কা পি, '…পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ' নি।

লোমশ উবাচ।

এতচ্ছ্রুত্বাঽন্তরীক্ষাচ্চ স রাজা রাজসত্তমঃ।
যথোক্তং তচ্চকারাথ শ্রদ্দধদ্ভরতর্ষভ! ॥২৬॥
একৈকশস্ততঃ কৃত্বা বীজং বীজং নরাধিপঃ।
ঘৃতপূর্ণেষু কুম্ভেষু তান্ ভাগান্ নিদধে ততঃ ॥২৭॥
ধাত্রীশ্চৈকৈকশঃ প্রাদাৎ পুত্ররক্ষণতৎপরঃ।
ততঃ কালেন মহতা সমুত্তস্থুর্মহাবলাঃ ॥২৮॥
ষষ্টিঃ পুত্রসহস্রাণি তস্যাপ্রতিমতেজসঃ।
রুদ্রপ্রসাদাদ্রাজর্ষেঃ সমজায়ন্ত পার্থিব! ॥২৯॥
তে ঘোরাঃ ক্রূরকর্ম্মাণ আকাশপরিসর্পিণঃ।
বহুত্বাচ্চাবজানন্তঃ সর্বান্ লোকান্ সহামরান্ ॥৩০॥
ত্রিদশাংশ্চাপ্যবাধন্ত তথা গন্ধর্বরাক্ষসান্।
সর্বাণি চৈব ভূতানি শূরাঃ সমরশালিনঃ ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মহেতি। দিষ্টঃ নির্দ্দিষ্টম্। ক্রমযোগেন ক্রমনিয়মেন ॥২৫॥
এতদিতি। অন্তরীক্ষাদাগতম্ এতদ্বচনম্। শ্রদ্দধৎ বিশ্বসন্ ॥২৬॥
একৈকশ ইতি। বীজং পুত্রকারণীভূতম্, বীজমঙ্কুরম্, একৈকশঃ পৃথক্ পৃথক্ ॥২৭॥
ধাত্রীরিতি। পুত্ররক্ষণতৎপরঃ সগরঃ। মহাবলাঃ পুত্রা ইতি শেষঃ ॥২৮॥
ষষ্টিরিতি। তস্য সগরস্য। রুদ্রপ্রসাদান্মহাদেবানুগ্রহাৎ ॥২৯॥

রাজা! মহাদেব এই ক্রমেই আপনার পুত্রজন্ম নির্দ্দেশ করিয়াছেন; সুতরাং আপনার যেন অন্যরূপ বুদ্ধি হয় না' ॥২৫॥

লোমশ বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! রাজপ্রধান সগররাজা আকাশ হইতে এই বাক্য শুনিয়া এবং তাহা বিশ্বাস করিয়া যথোক্তরূপ কার্য্যই করিলেন ॥২৬॥

তিনি পুত্রের কারণ সেই অঙ্কুরগুলিকে পৃথক্ পৃথক্ করিয়া, তাহার পর সেই ভাগগুলিকে ঘৃতপূর্ণ বহুতর কুম্ভের ভিতরে রাখিলেন ॥২৭॥

এবং পুত্ররক্ষার্থ এক একটী কুম্ভে এক একটী করিয়া ধাত্রী নিযুক্ত করিলেন। তাহার পর অনেক কাল পরে মহাবল পুত্র সকল উত্থিত হইল ॥২৮॥

রাজা! মহাদেবের অনুগ্রহে অতুলনীয়প্রভাব রাজর্ষি সগরের ষাট হাজার পুত্র জন্মিল ॥২৯॥

ভয়ঙ্করপ্রকৃতি, হিংস্রস্বভাব, আকাশচারী, বীর ও যুদ্ধনিপুণ সেই সগর-

(৩১) ত্রিদশাংশ্চাপ্যবাধন্ত···পি।

বাধ্যমানাস্ততো লোকাঃ সাগরৈর্ম্মন্দবুদ্ধিভিঃ।
ব্রহ্মাণং শরণং জগ্মুঃ সহিতাঃ সর্বদৈবতৈঃ ॥৩২॥
তানুবাচ মহাভাগঃ সর্বলোকপিতামহঃ।
গচ্ছধ্বং ত্রিদশাঃ! সর্বে লোকৈঃ সার্দ্ধং যথাগতম্ ॥৩৩॥
নাতিদীর্ঘেণ কালেন সাগরাণাং ক্ষয়ো মহান্।
ভবিষ্যতি মহাঘোরঃ স্বকৃতৈঃ কর্ম্মভিঃ সুরাঃ! ॥৩৪॥
এবমুক্তাস্তু তে দেবা লোকাশ্চ মনুজেশ্বর!।
পিতামহমনুজ্ঞাপ্য বিপ্রজগ্মুর্যথাগতম্ ॥৩৫॥
ততঃ কালে বহুতিথে ব্যতীতে ভরতর্ষভ!।
দীক্ষিতঃ সগরো রাজা হয়মেধেন বীর্য্যবান্ ॥৩৬॥

ভারতকৌমুদী

ত ইতি। আকাশপরিসর্পিণঃ বিমানারোহণেন গগনচারিণঃ। ত্রিদশান্ দেবান্। সমরশালিনো যুদ্ধনৈপুণ্যবন্তঃ ॥৩০—৩১॥

বাধ্যমানা ইতি। সাগরৈঃ সগরপুত্রৈঃ, বাধ্যমানাঃ পীড্যমানাঃ ॥৩২॥

তানিতি। সর্ব্বলোকপিতামহো ব্রহ্মা। যথাগতং যথাস্থানম্ ॥৩৩॥

নেতি। সাগরাণাং সগরপুত্রাণাম্। মহান্, সাকল্যেনোচ্ছেদাদিত্যাশয়ঃ ॥৩৪॥

এবমিতি। পিতামহং ব্রহ্মাণম্, অনুজ্ঞাপ্য অনুজ্ঞাং কারয়িত্বা ॥৩৫॥

তত ইতি। দীক্ষিতো লব্ধদীক্ষঃ, হয়মেধেন অশ্বমেধযজ্ঞেন ॥৩৬॥

পুত্রেরা নিজেদের সংখ্যা বহুতর বলিয়া দেবগণের সহিত সমস্ত লোককে অবজ্ঞা করিতে থাকিয়া, সমস্ত প্রাণী, গন্ধর্ব্ব, রাক্ষস, এমন কি দেবগণকে পর্য্যন্ত উৎপীড়িত করিতে লাগিল ॥৩০—৩১॥

তাহার পর সমস্ত লোক, মন্দবুদ্ধি-সগরপুত্রগণকর্তৃক উৎপীড়িত হইতে থাকিয়া দেবগণের সহিত যাইয়া ব্রহ্মার শরণাপন্ন হইল ॥৩২॥

তখন মহাত্মা ব্রহ্মা তাহাদিগকে বলিলেন—'দেবগণ! তোমরা সকলে এই লোকদের সহিত যথাস্থানে যাইতে পার ॥৩৩॥

কারণ, দেবগণ! অনতিদীর্ঘকালের মধ্যেই নিজেদের কর্ম্মফলে সগর-পুত্রগণের ভীষণভাবে সমূলে ধ্বংস হইবে' ॥৩৪॥

নরনাথ! ব্রহ্মা এইরূপ বলিলে, সেই দেবতারা ও অন্যান্য লোকেরা ব্রহ্মার অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেলেন ॥৩৫॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বহুকাল অতীত হইলে, প্রতাপশালী সগররাজা অশ্বমেধযজ্ঞে দীক্ষিত হইলেন ॥৩৬॥

তস্যাশ্বো ব্যচরদ্ভূমিং পুত্রৈঃ সম্পরিরক্ষিতঃ।
সমুদ্রং স সমাসাদ্য নিস্তোয়ং ভীমদর্শনম্ ॥৩৭॥
রক্ষ্যমাণঃ প্রযত্নেন তত্রৈবান্তরধীয়ত।
ততস্তে সাগরাস্তাত! হৃতং মত্বা হয়োত্তমম্ ॥৩৮॥
আগম্য পিতুরাচখ্যুরদৃশ্যং তুরগং হৃতম্।
তেনোক্তা দিক্ষু সর্বাসু সর্ব্বে মার্গত বাজিনম্ ॥৩৯॥ (বিশেষকম্)
ততস্তে পিতুরাজ্ঞায় দিক্ষু সর্ব্বাসু তং হয়ম্।
অমার্গন্ত মহারাজ! সর্বঞ্চ পৃথিবীতলম্ ॥৪০॥
ততস্তে সাগরাঃ সর্বে সমুপেত্য পরস্পরম্।
নাধ্যগচ্ছন্ত তুরগমশ্বহর্ত্তারমেব চ ॥৪১॥
আগম্য পিতরঞ্চোচুস্ততঃ প্রাঞ্জলয়োঽগ্রতঃ।
সসমুদ্রবনদ্বীপা সনদীনদকন্দরা ॥৪২॥
সপর্বতবনোদ্দেশা নিখিলেন মহী নৃপ!।
অস্মাভির্বিচিতা রাজন্! শাসনাত্তব পার্থিব! ॥৪৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। নিস্তোয়ং খাতমাত্রম্, অগস্ত্যেন পীততোয়ত্বাৎ। সাগরাঃ সগরপুত্রাঃ। অদৃশ্যং যথা স্যাত্তথা হৃতম্। তেন পিত্রা সগরেণ, মার্গত অন্বিষ্যত ॥৩৭—৩৯॥

তত ইতি। আজ্ঞায় আজ্ঞাং গৃহীত্বা। পৃথিবীতলঞ্চ গত্বেতি শেষঃ ॥৪০॥

তত ইতি। সাগরাঃ সগরপুত্রাঃ। নাধ্যগচ্ছন্ত নাপ্নুবন্, তুরগমশ্বম্ ॥৪১॥

আগম্যেতি। ঊচুঃ সাগরাঃ। নিখিলেন সাকল্যেনেত্যর্থঃ। বিচিতা অন্বিষ্টা ॥৪২—৪৩॥

তখন তাঁহার যজ্ঞীয় অশ্ব তাঁহারই পুত্রগণকর্ত্তৃক পরিরক্ষিত হইয়া পৃথিবী বিচরণ করিতে লাগিল। একদা সেই অশ্ব, জলশূন্য ভীমদর্শন সমুদ্রতীরে যাইয়া যত্নপূর্বক রক্ষিত হইতে থাকিয়াও সেই স্থানেই অন্তর্হিত হইল। বৎস! তাহার পর সেই সগরপুত্রেরা পিতার নিকট আসিয়া বলিল যে, অদৃশ্যভাবে সে অশ্ব অপহৃত হইয়াছে। তখন সগর বলিলেন—'তোমরা সকলে সকল দিকে সেই অশ্বের অন্বেষণ কর' ॥৩৭—৩৯॥

মহারাজ! তাহার পর সগরপুত্রেরা পিতার আদেশ পাইয়া সকল দিকে এবং সমস্ত পৃথিবীতে সেই অশ্বের অন্বেষণ করিল ॥৪০॥

তদনন্তর সেই সগরপুত্রেরা সকলে পরস্পর বিচরণ করিয়াও সে অশ্ব বা অশ্বহর্ত্তাকে পাইল না ॥৪১॥

তাহার পর তাহারা আসিয়া পিতার সম্মুখে কৃতাঞ্জলি হইয়া বলিল যে,

ন চাশ্বমধিগচ্ছামো নাশ্বহর্ত্তারমেব চ।
শ্রুত্বা তু বচনং তেষাং স রাজা ক্রোধমূর্চ্ছিতঃ ॥৪৪॥
উবাচ বচনং সর্বাংস্তদা দৈববশান্নৃপ!।
অনাগমায় গচ্ছধ্বং ভূয়ো মার্গত বাজিনম্ ॥৪৫॥ (যুগ্মকম্)
যজ্ঞিয়ং তং বিনা হ্যশ্বং নাগন্তব্যং হি পুত্রকাঃ!।
প্রতিগৃহ্য তু সন্দেশং পিতুস্তে সগরাত্মজাঃ ॥৪৬॥
ভূয় এব মহীং কৃৎস্নাং বিচেতুমুপচক্রমুঃ।
অথাপশ্যন্ত তে বীরাঃ পৃথিবীমবদারিতাম্ ॥৪৭॥ (যুগ্মকম্)
সমাসাদ্য বিলং তচ্চাপ্যখনন্ সগরাত্মজাঃ।
কুদ্দালৈর্হেষুকৈশ্চাপি সমুদ্রং যত্নমাস্থিতাঃ ॥৪৮॥
স খন্যমানঃ সহিতৈঃ সাগরৈর্বরুণালয়ঃ।
অগচ্ছৎ পরমামার্ত্তিং দীর্য্যমাণঃ সমন্ততঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

নেতি। অধিগচ্ছামঃ প্রাপ্নুমঃ। মার্গত অন্বিষ্যত ॥৪৪—৪৫॥

যজ্ঞিয়মিতি। যজ্ঞিয়ং যজ্ঞাহম্। সন্দেশমাদেশম্। বিচেতুমন্বেষ্টুম্ ॥৪৬—৪৭॥

সমিতি। হেষন্তে অব্যক্তং শব্দং কুর্ব্বন্তীতি হেষুকাণি প্রস্তকরাকারনখানি লৌহাস্ত্রাণি তৈঃ। "হেষৃ হেষৃ অব্যক্তে শব্দে" ইতি হেষধাতোরৌণাদিক উকঃ ॥৪৮॥

স ইতি। সাগরৈঃ সগরপুত্রৈঃ, বরুণালয়ঃ সমুদ্রঃ ॥৪৯॥

'মহারাজ! আপনার আদেশে আমরা সমুদ্র, বন, দ্বীপ, নদী, নদ, গুহা, পর্বত, ও বনপ্রান্তের সহিত সমগ্র পৃথিবীই অন্বেষণ করিয়াছি ॥৪২—৪৩॥

কিন্তু অশ্ব বা অশ্বহর্ত্তাকে পাইলাম না'। রাজা! তাহাদের সেই কথা শুনিয়া সগররাজা ক্রোধে উত্তেজিত হইয়া দৈববশতঃ তখনই সকলকে বলিলেন—'ফিরিয়া না আসার জন্যই তোমরা আবার যাও, অশ্ব অন্বেষণ কর ॥৪৪—৪৫॥

পুত্রগণ! সেই যজ্ঞের অশ্ব ব্যতীত তোমরা আসিও না'। সেই সগর-পুত্রগণ পিতার আদেশ পাইয়া আবারও সমগ্র পৃথিবী অন্বেষণ করিবার উপক্রম করিল। তাহার পর তাহারা (সমুদ্রতীরের এক স্থানে) ভূতলটাকে বিদারিত দেখিল ॥৪৬—৪৭॥

সগরপুত্রেরা সেই গর্ত্ত পাইয়া বিশেষ যত্ন অবলম্বনপূর্ব্বক কুদ্দাল ও হেষুক (অস্ত্রবিশেষ) দ্বারা সমুদ্র খনন করিতে লাগিল ॥৪৮॥

(৪৮)…কুদ্দালৈর্হ্রেষুকৈশ্চৈব… বা ব কা।

অসুরোরগরক্ষাংসি সত্ত্বানি বিবিধানি চ।
আর্ত্তনাদমকুর্ব্বন্ত বধ্যমানানি সাগরৈঃ ॥৫০॥
ছিন্নশীর্ষা বিদেহাশ্চ ভিন্নত্বগস্থিসন্ধয়ঃ।
প্রাণিনঃ সমদৃশ্যন্ত শতশোঽথ সহস্রশঃ ॥৫১॥
এবং হি খনতাং তেষাং সমুদ্রং বরুণালয়ম্।
ব্যতীতঃ সুমহান্ কালো ন চাশ্বঃ সমদৃশ্যত ॥৫২॥
ততঃ পূর্ব্বোত্তরে দেশে সমুদ্রস্য মহীপতে!।
বিদার্য্য পাতালমথ সংক্রুদ্ধাঃ সগরাত্মজাঃ ॥৫৩॥
অপশ্যন্ত হয়ং তত্র বিচরন্তং মহীতলে।
কপিলঞ্চ মহাত্মানং তেজোরাশিমনুত্তমম্ ॥৫৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অসুরেতি। সত্ত্বানি প্রাণিনঃ। সাগরৈঃ সগরপুত্রৈঃ ॥৫০॥

ছিন্নেতি। বিদেহা দেহরহিতাঃ, ভিন্না বিদীর্ণাস্ত্বগস্থিসন্ধয়ো যেষাং তে ॥৫১॥

এবমিতি। তেষাং সগরপুত্রাণাম্। সমদৃশ্যত তৈরিতি শেষঃ ॥৫২॥

তত ইতি। পূর্ব্বোত্তরে দেশে ঈশানকোণে। হয়ং তং যজ্ঞাশ্বম্ ॥৫৩—৫৪॥

ভারতভাবদীপঃ

তানিতি ॥১—৪৭॥ ত্রেষুকৈঃ ত্রেষয়তি সর্পয়তোভিরিতি মৃত্তিকোৎক্ষেপণযন্ত্রৈঃ সদণ্ড-লৌহপত্রৈঃ। ত্রেষ্—প্রসর্পণে অস্ম রূপম্ ॥৪৮॥ সাগরৈঃ সগরপুত্রসম্বন্ধৈঃ॥৪৯—৫২॥ পূর্ব্বোত্তরে ঐশান্যাম্ ॥৫৩—৯৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০॥

সগরপুত্রেরা মিলিত হইয়া খনন করিতে লাগিলে সেই সমুদ্র সকল দিকে বিদীর্ণ হইতে থাকিয়া অত্যন্ত দুঃখ পাইতে থাকিল ॥৪৯॥

সগরপুত্রেরা বধ করিতে থাকিলে অসুর, নাগ, রাক্ষস এবং অন্যান্য নানাবিধ প্রাণী সকল আর্ত্তনাদ করিতে লাগিল ॥৫০॥

মস্তক ছিন্ন, দেহ অপসারিত এবং চর্ম্ম, অস্থি ও সন্ধিস্থান বিদীর্ণ হইল; এই ভাবের শত শত সহস্র সহস্র প্রাণী দেখা যাইতে লাগিল ॥৫১॥

এই ভাবে বরুণালয় সমুদ্রকে খনন করিতে সগরপুত্রগণের অতিদীর্ঘকাল অতীত হইল; কিন্তু সে যজ্ঞীয় অশ্ব দেখা গেল না ॥৫২॥

রাজা! তাহার পর ক্রুদ্ধ সগরপুত্রেরা সমুদ্রের ঈশানকোণে বিদারণ করিয়া পাতালে যাইয়া দেখিল যে, সেই যজ্ঞীয় অশ্বটা ভূতলে বিচরণ করিতেছে এবং অসাধারণ তেজঃপুঞ্জের ন্যায় মহাত্মা কপিলমুনি অবস্থান করিতেছেন ॥৫৩—৫৪॥

তেজসা দীপ্যমানন্তু জ্বালাভিরিব পাবকম্।
দৃষ্ট্বা হি বিস্মিতাঃ সর্বে বভূবুঃ কালচোদিতাঃ ॥৫৫॥
তে তং দৃষ্ট্বা হয়ং রাজন্! সম্প্রহৃষ্টতনূরুহাঃ।
অনাদৃত্য মহাত্মানং কপিলং কালচোদিতাঃ।
সংক্রুদ্ধাঃ সমধাবন্ত অশ্বগ্রহণকাঙ্ক্ষিণঃ ॥৫৬॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! কপিলো মুনিসত্তমঃ।
বাসুদেবেতি যং প্রাহুঃ কপিলং মুনিপুঙ্গবম্ ॥৫৭॥
স চক্ষুর্বিকৃতং কৃত্বা তেজস্তেষু সমুৎসৃজন্।
দদাহ সুমহাতেজা মন্দবুদ্ধীন্ স সাগরান্ ॥৫৮॥
তান্ দৃষ্ট্বা ভস্মসাদ্ভূতান্ নারদঃ সুমহাতপাঃ।
সগরান্তিকমাগচ্ছত্তচ্চ তস্মৈ ন্যবেদয়ৎ ॥৫৯॥

ভারতকৌমুদী

তেজসেতি। জ্বালাভিঃ। শিখাভিঃ। কালেন মৃত্যুনা চোদিতাঃ প্রেরিতাঃ ॥৫৫॥

ত ইতি। সম্প্রহৃষ্টতনূরুহা আনন্দেন রোমাঞ্চিতদেহাঃ। সংক্রুদ্ধাঃ কপিলস্যৈব চৌরত্বাব-ধারণাদিতি ভাবঃ, সমধাবন্ত কপিলমেব হন্তুমিতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

তত ইতি। ক্রুদ্ধোঽভবৎ। বাসুদেবেতি বাসুদেবাবতার ইতি, "পঞ্চমঃ কপিলো নাম সিদ্ধেশঃ কালবিপ্লুতম্। প্রোবাচাসুরয়ে সাংখ্যং তত্ত্বগ্রামবিনির্ণয়ম্॥" ইতি শ্রীমদ্ভাগবতবচনাৎ ॥৫৭॥

স ইতি। মন্দবুদ্ধীন্, কপিলচৌর্য্যবিষয়ে বিচারাকরণাদিতি ভাবঃ। স প্রসিদ্ধঃ ॥৫৮॥

তানিতি। ভস্মসাদ্ভূতান্ অংশতঃ, পরত্র "যত্র তানি শরীরাণি" ইত্যভিধানাৎ। তৎ পুত্রনিধনম্, তস্মৈ সগরায় ॥৫৯॥

কপিলমুনিকে—শিখাদ্বারা অগ্নির ন্যায় তেজদ্বারা দীপ্যমান দেখিয়াই কালপ্রেরিত সগরপুত্রেরা সকলেই বিস্ময়াপন্ন হইল ॥৫৫॥

রাজা! তখন তাহারা সেই অশ্বটা দেখিয়া আনন্দে রোমাঞ্চিত হইয়া, সেই অশ্ব গ্রহণ করিবার ইচ্ছায় কালপ্রেরিত ও ক্রুদ্ধ হইয়া মহাত্মা কপিলকে অবজ্ঞা করিয়া তাঁহার দিকে ধাবিত হইল ॥৫৬॥

মহারাজ! তাহার পর মুনিশ্রেষ্ঠ কপিল ক্রুদ্ধ হইলেন; জ্ঞানীরা যে মুনি-শ্রেষ্ঠ কপিলকে নারায়ণের অবতার বলিয়া থাকেন ॥৫৭॥

প্রসিদ্ধ মহাতেজা সেই কপিল চক্ষু বিকৃত করিয়া সেই মন্দবুদ্ধি সগর-পুত্রগণের উপরে তেজ নিক্ষিপ্ত করিতে থাকিয়া তাহাদিগকে দগ্ধ করিলেন ॥৫৮॥

তখন মহাতপা নারদ সেই সগরপুত্রদিগকে প্রায় ভস্মীভূত দেখিয়া সগর-রাজার নিকট গেলেন এবং তাঁহাকে সেই বৃত্তান্ত জানাইলেন ॥৫৯॥

স তচ্ছ্রুত্বা বচো ঘোরং রাজা মুনিমুখোদ্গতম্ ।
মুহূর্ত্তং বিমনা ভূত্বা স্থাণোর্বাক্যমচিন্তয়ৎ ॥৬০॥
স পুত্রনিধনোত্থেন দুঃখেন সমভিপ্লুতঃ ।
আত্মানমাত্মনাশ্বাস্য হয়মেবান্বচিন্তয়ৎ ॥৬১॥
অংশুমন্তং সমাহূয় অসমঞ্জঃসুতং তদা ।
পৌত্রং ভরতশার্দ্দূল ! ইদং বচনমব্রবীৎ ॥৬২॥
ষষ্টিস্তানি সহস্রাণি পুত্রাণামমিতৌজসাম্ ।
কাপিলং তেজ আসাদ্য মৎকৃতে নিধনং গতাঃ ॥৬৩॥
তব চাপি পিতা তাত ! পরিত্যক্তো ময়াঽনঘ ! ।
ধর্ম্মং স্বং রক্ষমাণেন পৌরাণাং হিতমিচ্ছতা ॥৬৪॥

যুধিষ্ঠির উবাচ ।

কিমর্থং রাজশার্দ্দূলঃ সগরঃ পুত্রমাত্মজম্ ।
ত্যক্তবান্ দুস্ত্যজং বীরং তন্মে ব্রূহি তপোধন ! ॥৬৫॥

ভারতকৌমুদী

স ইতি। স্থাণোঃ শিবস্য। "তে চৈব সর্ব্বে সহিতাঃ ক্ষয়ং যাস্যন্তি পার্থিব!" ইতি বাক্যম্ ॥৬০॥

স ইতি। হয়ং তং যজ্ঞাশ্বমেবাচিন্তয়ৎ, যজ্ঞনির্বাহার্থমিতি ভাবঃ ॥৬১॥

অংশ্বিতি ॥ অব্রবীৎ, সগর ইতি শেষঃ ॥৬২॥

ষষ্টিরিতি। গতা ইতি শব্দাভিধেয়ে পুংস্ত্বম্, "শব্দাভিধেয়ে লিঙ্গং স্যাৎ শব্দলিঙ্গমথাপি বা। শোভনায়ৈ কলত্রায় দারান্ পশ্যন্তি শোভনান্ ॥" ইত্যুক্তেঃ ॥৬৩॥

তবেতি। পিতা অসমঞ্জা নাম, হে তাত! বৎস!। স্বং রাজকীয়ম্ ॥৬৪॥

তখন সগররাজা নারদমুখনিঃসৃত সেই ভয়ঙ্কর বাক্য শুনিয়া মুহূর্ত্তকাল বিষণ্ণচিত্ত হইয়া সেই মহাদেবের বাক্য স্মরণ করিলেন ॥৬০॥

পুত্রনিধনদুঃখে দুঃখিত সগররাজা আপনাদ্বারাই আপনাকে আশ্বস্ত করিয়া সেই অশ্বের বিষয়ই চিন্তা করিলেন ॥৬১॥

ভরতশ্রেষ্ঠ! তখন তিনি অসমঞ্জার পুত্র পৌত্র অংশুমান্‌কে আহ্বান করিয়া এই কথা বলিলেন—॥৬২॥

'বৎস! অমিততেজা সেই ষাট হাজার পুত্র আমার জন্যই কপিলের তেজে মৃত্যুমুখে পতিত হইয়াছে ॥৬৩॥

বৎস! আমি নিজের ধর্ম্মরক্ষার জন্য এবং পুরবাসিগণের হিতের জন্য তোমার পিতাকেও পরিত্যাগ করিয়াছি' ॥৬৪॥

---

(৬১) এষ শ্লোকঃ বা ব কা পি নাস্তি।

লোমশ উবাচ।

অসমঞ্জা ইতি খ্যাতঃ সগরস্য সুতো হ্যভূৎ।
যং শৈব্যা জনয়ামাস পৌরাণাং স হি দারকান্।
গলেষু ক্রোশতো গৃহ্য নদ্যাং চিক্ষেপ দুর্ব্বলান্ ॥৬৬॥
ততঃ পৌরাঃ সমাজগ্মুর্ভয়শোকপরিপ্লুতাঃ।
সগরঞ্চাপ্যভাষন্ত সর্ব্বে প্রাঞ্জলয়ঃ স্থিতাঃ ॥৬৭॥
ত্বং নস্ত্রাতা মহারাজ! পরচক্রাদিভির্ভয়াৎ।
অসমঞ্জোভয়াদ্‌ঘোরাত্ততো নস্ত্রাতুমর্হসি ॥৬৮॥
পৌরাণাং বচনং শ্রুত্বা ঘোরং নৃপতিসত্তমঃ।
মুহূর্ত্তং বিমনা ভূত্বা সচিবানিদমব্রবীৎ ॥৬৯॥
অসমঞ্জাঃ পুরাদদ্য সুতো মে বিপ্রবাস্যতাম্।
যদি বো মৎপ্রিয়ং কার্য্যমেতচ্ছীঘ্রং বিধীয়তাম্ ॥৭০॥

ভারতকৌমুদী

কিমিতি। আত্মজমিত্যনেন পরজাতক্ষেত্রজাদিব্যাবৃত্তিঃ। অতএবোক্তং দুস্ত্যজমিতি ॥৬৫॥
অসমঞ্জা ইতি। ক্রোশতঃ আর্ত্তনাদং কুর্ব্বতঃ, গৃহ্য ধৃত্বা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥
তত ইতি। সমাজগ্মুঃ সগররাজান্তিকমিতি শেষঃ ॥৬৭॥
ত্বমিতি। নঃ অস্মাকম্। পরচক্রাদিভিঃ পররাজ্যাদিভিঃ ॥৬৮॥
পৌরাণামিতি। বিমনাঃ, পুত্রকৃতাত্যাচারশ্রবণাদিতি ভাবঃ ॥৬৯॥
অসমঞ্জা ইতি। বিপ্রবাস্যতাং নির্ব্বাস্যতাম্। বো যুষ্মাকম্ ॥৭০॥

যুধিষ্ঠির কহিলেন—'তপোধন! রাজশ্রেষ্ঠ সগর দুস্ত্যজ বীর ঔরস পুত্রকে কি জন্য পরিত্যাগ করিয়াছিলেন, তাহা আমার নিকট বলুন' ॥৬৫॥

লোমশ বলিলেন—'অসমঞ্জা নামে সগরের একটী পুত্র হইয়াছিল, যাহাকে শৈব্যা প্রসব করিয়াছিলেন। সেই অসমঞ্জা পুরবাসিগণের দুর্ব্বল বালকগুলিকে গলদেশে ধারণ করিয়া নদীতে নিক্ষেপ করিত; তখন সেই বালকেরা আর্ত্তনাদ করিতে থাকিত ॥৬৬॥

তাহার পর পুরবাসীরা ভয়ে ও শোকে আকুল হইয়া সগররাজার নিকট আসিত এবং সকলেই কৃতাঞ্জলিপুটে থাকিয়া তাঁহাকে বলিত—॥৬৭॥

'মহারাজ! বিপক্ষরাজ্যের ভয় হইতে আপনি আমাদের রক্ষক। সুতরাং অসমঞ্জার গুরুতর ভয় হইতে আমাদিগকে রক্ষা করুন' ॥৬৮॥

রাজশ্রেষ্ঠ সগর পুরবাসিগণের সেই দারুণ কথা শুনিয়া, কিছুকাল বিমনা থাকিয়া মন্ত্রিগণকে এই কথা বলিলেন—॥৬৯॥

এবমুক্তা নরেন্দ্রেণ সচিবাস্তে নরাধিপ ! ।
যথোক্তং ত্বরিতাশ্চক্রুর্যথাজ্ঞাপিতবান্ নৃপঃ ॥৭১॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যথা পুত্রো মহাত্মনা ।
পৌরাণাং হিতকামেন সগরেণ বিবাসিতঃ ॥৭২॥
অংশুমাংস্তু মহেষ্বাসো যদুক্তঃ সগরেণ হি ।
তত্তে সর্ব্বং প্রবক্ষ্যামি কীর্ত্ত্যমানং নিবোধ মে ॥৭৩॥

সগর উবাচ ।

পিতুশ্চ তেঽহং ত্যাগেন পুত্রাণাং নিধনেন চ ।
অলাভেন তথাশ্বস্য পরিতপ্যামি পুত্রক ! ॥৭৪॥
তস্মাদ্দুঃখাভিসন্তপ্তং যজ্ঞবিঘ্নাচ্চ মোহিতম্ ।
হয়স্যানয়নাৎ পৌত্র ! নরকান্মাং সমুদ্ধর ॥৭৫॥

ভারতকৌমুদী

এবমিতি । যথোক্তম্ অসমঞ্জসো নির্ব্বাসনম্ ॥৭১॥

এতদিতি । বিবাসিতো নগরান্নির্ব্বাসিতঃ ॥৭২॥

অংশুমানিতি । ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপতীতি ইষ্বাসো ধনুঃ "কর্ম্মণ্যণ্" ইত্যস্যতেরণ্, মহানিষ্বাসো যস্য স মহেষ্বাসো মহাধনুর্দ্ধর ইত্যর্থঃ ॥৭৩॥

পিতুরিতি । নিধনেন কপিলনয়নাগ্নিনা দাহান্মরণেন ॥৭৪॥

তস্মাদিতি । নরকাৎ আরব্ধযজ্ঞাসমাপনেন সম্ভাব্যমানাদিতি ভাবঃ ॥৭৫॥

'মন্ত্রিগণ ! আমার প্রিয় কার্য্য যদি আপনাদের কর্ত্তব্য হয়, তবে এই কার্য্যটা সত্বর করুন, অদ্যই আমার পুত্র অসমঞ্জাকে নগর হইতে নির্ব্বাসিত করুন' ॥৭০॥

নরনাথ ! সগররাজা এইরূপ বলিলে, সেই মন্ত্রীরা রাজার আদেশ অনুসারে সত্বরই অসমঞ্জাকে নগর হইতে নির্ব্বাসিত করিলেন ॥৭১॥

সগররাজা পুরবাসীদিগের হিতকামী হইয়া পুত্র অসমঞ্জাকে যে কারণে নির্বাসিত করিয়াছিলেন, তাহা সমস্তই এই তোমার নিকট বলিলাম ॥৭২॥

সগররাজা মহাধনুর্দ্ধর অংশুমান্‌কে যাহা বলিয়াছিলেন, সে সমস্তও আমি তোমার নিকট বলিব ; তুমি শ্রবণ কর ॥৭৩॥

সগর বলিয়াছিলেন—'বৎস ! তোমার পিতাকে পরিত্যাগ করায়, অন্যান্য পুত্রদের মৃত্যু হওয়ায় এবং যজ্ঞীয় অশ্ব না পাওয়ায় আমি সর্ব্বপ্রকারেই সন্তপ্ত হইতেছি ॥৭৪॥

অতএব আমি শোকে সন্তপ্ত এবং যজ্ঞের বিঘ্ন হওয়ায় মোহিত হইয়াছি ।

অংশুমানেবমুক্তস্তু সগরেণ মহাত্মনা।
জগাম দুঃখাত্তং দেশং যত্র বৈ দারিতা মহী ॥৭৬॥
স তু তেনৈব মার্গেণ সমুদ্রং প্রবিবেশ হ।
অপশ্যচ্চ মহাত্মানং কপিলং তুরগঞ্চ তম্ ॥৭৭॥
স দৃষ্ট্বা তেজসো রাশিং পুরাণমৃষিসত্তমম্।
প্রণম্য শিরসা ভূমৌ কার্য্যমস্মৈ ন্যবেদয়ৎ ॥৭৮॥
ততঃ প্রীতো মহারাজ! কপিলোঽংশুমতোঽভবৎ।
উবাচ চৈনং ধর্ম্মাত্মা বরদোঽস্মীতি ভারত! ॥৭৯॥
স বব্রে তুরগং তত্র প্রথমং যজ্ঞকারণাৎ।
দ্বিতীয়মুদকং বব্রে পিতৃণাং পাবনেচ্ছয়া ॥৮০॥

ভারতকৌমুদী

অংশুমানিতি। দুঃখাৎ ষষ্টিসহস্রজ্ঞাতিনাশনিবন্ধনাদিত্যাশয়ঃ ॥৭৬॥
স ইতি। তেনৈব সগরপুত্রগণকৃতেনৈব। তুরগং যজ্ঞাশ্বম্ ॥৭৭॥
স ইতি। কার্য্যম্ আত্মনঃ কর্ত্তব্যবিষয়ম্, অস্মৈ কপিলায় ॥৭৮॥
তত ইতি। অংশুমত উপরি। ধর্ম্মাত্মা কপিলঃ, বরদঃ ত্বাং প্রতীতি শেষঃ ॥৭৯॥
স ইতি। সঃ অংশুমান্, বব্রে প্রার্থয়ামাস। পিতৃণাং সগরপুত্রাণাম্ ॥৮০॥

সুতরাং পৌত্র! তুমি সেই অশ্ব আনয়ন করিয়া আমাকে নরক হইতে উদ্ধার কর' ॥৭৫॥

মহাত্মা সগর এইরূপ বলিলে, অংশুমান্ দুঃখিতচিত্তেই সেই স্থানে গমন করিলেন, যেখানে ভূতল বিদারিত ছিল ॥৭৬॥

অংশুমান্ সেই পথেই সমুদ্রে প্রবেশ করিলেন এবং মহাত্মা কপিলকে ও সেই অশ্বটীকে দেখিতে পাইলেন ॥৭৭॥

অংশুমান্, প্রাচীন ও ঋষিশ্রেষ্ঠ কপিলকে তেজঃপুঞ্জের ন্যায় দেখিয়া মস্তক দ্বারা ভূতলে প্রণাম করিয়া, উঁহার নিকট নিজের কর্ত্তব্য বিষয় জানাইলেন ॥৭৮॥

মহারাজ ভরতনন্দন! তাহার পর ধর্ম্মাত্মা কপিল অংশুমানের উপরে সন্তুষ্ট হইলেন এবং তাঁহাকে বলিলেন—'আমি তোমার প্রতি বরদাতা হইলাম' ॥৭৯॥

তখন তিনি প্রথমে যজ্ঞসমাপ্তির জন্য অশ্ব প্রার্থনা করিলেন, পরে পিতৃলোকদের উদ্ধার করিবার ইচ্ছায় জল যাচ্ঞা করিলেন ॥৮০॥

(৮০)…দ্বিতীয়ং বরকং বব্রে…বা ব কা।

তমুবাচ মহাতেজাঃ কপিলো মুনিপুঙ্গবঃ।
দদানি তব ভদ্রং তে যদ্‌যৎ প্রার্থয়সেঽনঘ ! ॥৮১॥
ত্বয়ি ক্ষমা চ ধর্ম্মশ্চ সত্যঞ্চাপি প্রতিষ্ঠিতম্।
ত্বয়া কৃতার্থঃ সগরঃ পুত্রবাংশ্চ ত্বয়া পিতা ॥৮২॥
তব চৈব প্রভাবেণ স্বর্গং যাস্যন্তি সাগরাঃ।
শলভত্বং গতা যে তে মম ক্রোধহুতাশনে ॥৮৩॥
পৌত্রশ্চ তে ত্রিপথগাং ত্রিদিবাদানয়িষ্যতি।
পাবনার্থং সাগরাণাং তোষয়িত্বা মহেশ্বরম্ ॥৮৪॥
হয়ং নয়স্ব ভদ্রং তে যজ্ঞিয়ং নরপুঙ্গব ! ।
যজ্ঞঃ সমাপ্যতাং তাত ! সগরস্য মহাত্মনঃ ॥৮৫॥

ভারতকৌমুদী

তমিতি। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু ॥৮১॥

ত্বয়ীতি। ক্ষমা, অপরাধিনো মমানাক্রমণাৎ ; ধর্ম্মঃ, পিতামহযজ্ঞসমাপনোদ্‌যোগাৎ ; সত্যম্ অশ্বগ্রহণায় ছলাকরণাদিত্যাশয়ঃ। পিতা অসমঞ্জাঃ ॥৮২॥

তবেতি। সাগরাঃ সগরপুত্রাঃ। শলভত্বং পতঙ্গত্বম্ গতা দগ্ধা ইত্যর্থঃ ॥৮৩॥

পৌত্র ইতি। ত্রিপথগাং গঙ্গাম্, ত্রিদিবাৎ স্বর্গাৎ, আনয়িষ্যতি আনেষ্যতি ॥৮৪॥

হয়মিতি। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু। যজ্ঞিয়ং যজ্ঞার্হম্ ॥৮৫॥

তখন মহাতেজা মুনিশ্রেষ্ঠ কপিল অংশুমান্‌কে বলিলেন—'হে নিষ্পাপ ! তুমি যাহা যাহা প্রার্থনা করিলে, তাহা তাহাই তোমাকে দিব ; তোমার মঙ্গল হউক ॥৮১॥

কারণ, তোমাতে ক্ষমা, ধর্ম্ম ও সত্য রহিয়াছে। সুতরাং তোমাদ্বারা সগররাজা কৃতার্থ হইয়াছেন এবং তোমাদ্বারাই তোমার পিতা পুত্রবান্ হইয়াছেন ॥৮২॥

নরশ্রেষ্ঠ ! সগরের পুত্রেরা তোমার প্রভাবেই স্বর্গলাভ করিবেন ; যাঁহারা আমার ক্রোধানলে পতঙ্গত্ব প্রাপ্ত হইয়াছেন ॥৮৩॥

তোমার পৌত্র (ভগীরথ) মহাদেবকে সন্তুষ্ট করিয়া সগরপুত্রদিগের উদ্ধারের জন্য স্বর্গলোক হইতে গঙ্গাকে আনয়ন করিবেন ॥৮৪॥

বৎস ! তুমি যজ্ঞের ঘোড়া লইয়া যাও এবং মহাত্মা সগরের যজ্ঞ সমাপ্ত করাও। তোমার মঙ্গল হউক' ॥৮৫॥

---

(৮৩) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

অংশুমানেবমুক্তস্তু কপিলেন মহাত্মনা।
আজগাম হয়ং গৃহ্য যজ্ঞবাটং মহাত্মনঃ ॥৮৬॥
সোঽভিবাদ্য ততঃ পাদৌ সগরস্য মহাত্মনঃ।
মূর্দ্ধ্নি তেনাপ্যুপাঘ্রাতস্তস্মৈ সর্বং ন্যবেদয়ৎ ॥৮৭॥
যথা দৃষ্টং শ্রুতঞ্চাপি সাগরাণাং ক্ষয়ং তথা।
তঞ্চাস্মৈ হয়মাচষ্ট যজ্ঞবাটমুপাগতম্ ॥৮৮॥
তচ্ছ্রুত্বা সগরো রাজা পুত্রজং দুঃখমত্যজৎ।
অংশুমন্তঞ্চ সম্পূজ্য সমাপয়ত তং ক্রতুম্ ॥৮৯॥
সমাপ্তযজ্ঞঃ সগরো দেবৈঃ সর্বৈঃ সভাজিতঃ।
পুত্রত্বে কল্পয়ামাস সমুদ্রং বরুণালয়ম্ ॥৯০॥
প্রশাস্য সুচিরং কালং রাজ্যং রাজীবলোচনঃ।
পৌত্রে ভারং সমাবেশ্য জগাম ত্রিদিবং তদা ॥৯১॥

ভারতকৌমুদী

অংশুমানিতি। হয়ং যজ্ঞাশ্বম্, গৃহ্য গৃহীত্বা। যজ্ঞস্য বাটঃ বৃতিবেষ্টিতস্থানম্, "বাটো মার্গে বৃতিস্থানে স্যাৎ কুটীবাস্তনোঃ স্ত্রিয়াম্" ইতি মেদিনী ॥৮৬॥

স ইতি। সঃ অংশুমান্। তেন সগরেণাপি। মূর্দ্ধ্নি উপাঘ্রাণং স্নেহাতিরেকাৎ ॥৮৭॥

যথেতি। সাগরাণাং সগরপুত্রাণাম্। আচষ্ট উক্তবান্, অংশুমানিতি শেষঃ ॥৮৮॥

তদিতি। পুত্রজং পুত্রনিধনাজ্জাতম্। সম্পূজ্য কার্য্যকুশলতয়া আদৃত্য ॥৮৯॥

সমাপ্তেতি। সভাজিতঃ অভিনন্দিতঃ। পুত্রত্বকল্পনাদেব সমুদ্রস্য সাগরেতি নাম ॥৯০॥

মহাত্মা কপিল এইরূপ বলিলে. অংশুমান্ সেই অশ্ব লইয়া মহাত্মা সগরের যজ্ঞস্থানে আগমন করিলেন ॥৮৬॥

তাহার পর অংশুমান্ মহাত্মা সগরের চরণযুগলে নমস্কার করিলে, সগরও তাঁহার মস্তকাঘ্রাণ করিলেন। তৎপরে অংশুমান্ সমস্ত বিষয় সগরকে জানাইলেন ॥৮৭॥

সগরপুত্রগণের বিনাশ যেমন দেখিয়াছিলেন এবং যেমন শুনিয়াছিলেন, সেই সমস্ত সংবাদ এবং সেই অশ্ব যে যজ্ঞস্থানে আসিয়াছে, সেই সংবাদ অংশুমান্ সগরের নিকট বলিলেন ॥৮৮॥

তাহা শুনিয়া সগররাজা পুত্রগণের মৃত্যুজনিত দুঃখ পরিত্যাগ করিলেন এবং অংশুমানের গৌরব করিয়া সেই অশ্বমেধযজ্ঞ সমাপ্ত করিলেন ॥৮৯॥

সগররাজা যজ্ঞ সমাপ্ত করিলে, দেবতারা সকলে তাঁহার অভিনন্দন করিলেন; তৎপরে সগর বরুণালয় সমুদ্রকে আপন পুত্ররূপে কল্পনা করিলেন ॥৯০॥

অংশুমানপি ধর্ম্মাত্মা মহীং সাগরমেখলাম্ ।
প্রশশাস মহারাজ ! যথৈবাস্য পিতামহঃ ॥৯২॥
তস্য পুত্রঃ সমভবদ্দিলীপো নাম ধর্ম্মবিৎ ।
তস্মিন্ রাজ্যং সমাধায় অংশুমানপি সংস্থিতঃ ॥৯৩॥
দিলীপস্তু ততঃ শ্রুত্বা পিতৃণাং নিধনং মহৎ ।
পর্য্যতপ্যত দুঃখেন তেষাং গতিমচিন্তয়ৎ ॥৯৪॥
গঙ্গাবতরণে যত্নং সুমহচ্চাকরোন্নৃপঃ ।
ন চাবতারয়ামাস চেষ্টমানো যথাবলম্ ॥৯৫॥
তস্য পুত্রঃ সমভবচ্ছ্রীমান্ ধর্ম্মপরায়ণঃ ।
ভগীরথ ইতি খ্যাতঃ সত্যবাগনসূয়কঃ ॥৯৬॥

ভারতকৌমুদী

প্রশাস্যেতি । রাজীবলোচনঃ পদ্মনয়নঃ সগরঃ । পৌত্রে অংশুমতি ॥৯১॥
অংশুমানিতি । সাগর এব মেখলা কাঞ্চী যস্যাস্তাং সাগরবেষ্টিতামিত্যর্থঃ ॥৯২॥
তস্যেতি । সংস্থিতো মৃতঃ, "পরাসুপ্রাপ্তপঞ্চত্বপরেতপ্রেতসংস্থিতাঃ" ইত্যমরঃ ॥৯৩॥
দিলীপ ইতি । পিতৄণাং পিতৃপূর্ব্বপুরুষাণাং সগরপুত্রাণাম্, মহৎ সাকল্যাদিতি ভাবঃ ॥৯৪॥
গঙ্গেতি । সুমহদিতি ক্রিয়াবিশেষণত্বান্নপুংসকম্ । নৃপো দিলীপঃ ॥৯৫॥
তস্যেতি । শ্রীমান্ রাজলক্ষ্মীবান্ । অনসূয়কঃ পরদোষাবিষ্কাররহিতঃ ॥৯৬॥

এইভাবে পদ্মনয়ন সগররাজা দীর্ঘকাল রাজ্য শাসন করিয়া পৌত্র অংশুমানের উপরে তাহার ভার অর্পণ করিয়া স্বর্গে চলিয়া গেলেন ॥৯১॥

মহারাজ ! ধর্ম্মাত্মা অংশুমান্ও তাঁহার পিতামহেরই মত সমুদ্রবেষ্টিত সমগ্র পৃথিবী শাসন করিতে লাগিলেন ॥৯২॥

কালক্রমে অংশুমানের 'দিলীপ'-নামে ধর্ম্মজ্ঞ একটী পুত্র জন্মিয়াছিল, তাহার উপরে রাজ্যভার অর্পণ করিয়া অংশুমান্ও পরলোক গমন করিলেন ॥৯৩॥

তাহার পরে দিলীপ পিতার পূর্বপুরুষগণের (সগরপুত্রগণের) গুরুতর নিধন-বৃত্তান্ত শুনিয়া দুঃখে পরিতপ্ত হইতে লাগিলেন এবং তাঁহাদের উদ্ধারের উপায় চিন্তা করিতে থাকিলেন ॥৯৪॥

তৎপরে দিলীপ গঙ্গাকে মর্ত্ত্যলোকে আনিবার জন্য গুরুতর চেষ্টা করিলেন; কিন্তু শক্তি অনুসারে চেষ্টা করিয়াও আনিতে পারিলেন না ॥৯৫॥

সেই দিলীপের 'ভগীরথ'-নামে একটী পুত্র জন্মিয়াছিল ; তিনি রাজলক্ষ্মী-সম্পন্ন, ধর্ম্মপরায়ণ, সত্যবাদী ও অসূয়াশূন্য ছিলেন ॥৯৬॥

(৯৩)···তস্মৈ রাজ্যং সমাধায়···বা ব কা পি । (৯৬)···সত্যবাননসূয়কঃ বা ব কা ।

অভিষিচ্য তু তং রাজ্যে দিলীপো বনমাশ্রিতঃ।
তপঃসিদ্ধিসমাযোগাৎ স রাজা ভরতর্ষভ ! ।
বনাজ্জগাম ত্রিদিবং কালযোগেন ভারত ! ॥৯৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং ভগীরথরাজ্যাভিষেকে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

একনবতিতমোঽধ্যায়ঃ

—— ০০(*)০০ ——

লোমশ উবাচ।

স তু রাজা মহেম্বাসশ্চক্রবর্ত্তী মহারথঃ।
বভূব সর্ব্বলোকস্য মনোনয়ননন্দনঃ ॥১॥
স শুশ্রাব মহাবাহুঃ কপিলেন মহাত্মনা।
পিতৄণাং নিধনং ঘোরমপ্রাপ্তিং ত্রিদিবস্য চ ॥২॥

ভারতকৌমুদী

অভীতি। ত্রিদিবং স্বর্গম্, কালযোগেন কালক্রমেণ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৭॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

স ইতি। মহেম্বাসো মহাধনুর্দ্ধরঃ, চক্রেণ স্বপররাজ্যাধিকারেণ বর্ত্তত ইতি চক্রবর্ত্তী ॥১॥
স ইতি। ঘোরং নয়নানলেন যুগপৎ কৃতত্বাদিতি ভাবঃ। ত্রিদিবস্য স্বর্গস্য ॥২॥

ভারতভাবদীপঃ

সস্থিতি ॥১—৪৮॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একনবতিতমোঽধ্যায়ঃ ॥৯১॥

ভরতশ্রেষ্ঠ! মহারাজ দিলীপ সেই ভগীরথকে রাজ্যে অভিষিক্ত করিয়া বনে গমন করেন এবং তিনি তপঃসিদ্ধির বলে কালক্রমে সেই বন হইতেই স্বর্গে প্রস্থান করেন ॥৯৭॥

——:(*):——

লোমশ বলিলেন—'সকল লোকের মন ও নয়নের আনন্দজনক সেই ভগীরথ রাজা ক্রমে মহাধনুর্দ্ধর, মহারথ ও রাজচক্রবর্ত্তী হইলেন ॥১॥

* '...সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ...' বা ব কা পি নি।

স রাজ্যং সচিবে ন্যস্য হৃদয়েন বিদূয়তা ।
জগাম হিমবৎ পার্শ্বং তপস্তপ্তুং নরেশ্বরঃ ॥৩॥
আরিরাধয়িষুর্গঙ্গাং তপসা দগ্ধকিল্বিষঃ ।
সোঽপশ্যত নরশ্রেষ্ঠ ! হিমবন্তং নগোত্তমম্ ॥৪॥
শৃঙ্গৈর্বহুবিধাকারৈর্ধাতুমদ্ভিরলঙ্কৃতম্ ।
পবনালম্বিভির্মেঘৈঃ পরিষিক্তং সমন্ততঃ ॥৫॥
নদীকুঞ্জনিতম্বৈশ্চ প্রাসাদৈরুপশোভিতম্ ।
গুহাকন্দরসংলীনৈঃ সিংহব্যাঘ্রৈর্নিষেবিতম্ ॥৬॥
শকুনৈশ্চ বিচিত্রাঙ্গৈঃ কূজদ্ভির্বিবিধা গিরঃ ।
ভৃঙ্গরাজৈস্তথা হংসৈর্দাত্যূহৈর্জলকুক্কুটৈঃ ॥৭॥
ময়ূরৈঃ শতপত্রৈশ্চ জীবঞ্জীবককোকিলৈঃ ।
চকোরৈরসিতাপাঙ্গৈস্তথা পুত্রপ্রিয়ৈরপি ॥৮॥
জলস্থানেষু রম্যেষু পদ্মিনীভিশ্চ সঙ্কুলম্ ।
সারসানাঞ্চ মধুরৈর্ব্যাহৃতৈঃ সমলঙ্কৃতম্ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। বিদূয়তা সন্তপ্যমানেন, উক্তোভয়শ্রবণাদিত্যাশয়ঃ ॥৩॥

আরীতি। আরিরাধয়িষুঃ আরাদ্ধুমিচ্ছুঃ, স্বার্থে ইন্ আর্ষঃ ॥৪॥

শৃঙ্গৈরিতি। ধাতুমদ্ভিঃ গৈরিকাদিধাতুযুক্তৈঃ। পবনালম্বিভির্বায়ুভরশঙ্কলিতৈঃ। প্রাসাদৈর্দেবালয়ৈঃ। গুহা এব কন্দরাণি বিবরাণি তেষু সংলীনৈঃ শয়িতৈঃ। শকুনৈঃ পক্ষিভিঃ। কূজদ্ভিঃ কুর্বদ্ভিঃ, গিরো রবান্। শতপত্রৈঃ পুত্রপ্রিয়ৈশ্চ পক্ষিবিশেষৈঃ।

ক্রমে মহাবাহু ভগীরথ শুনিতে পাইলেন যে, তাঁহার পিতৃপুরুষগণ মহাত্মা কপিলের নয়নানলে ভয়ঙ্করভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছেন এবং (সেই কারণেই) স্বর্গলাভ করিতে পারেন নাই ॥২॥

তখন তিনি মন্ত্রীর উপরে রাজ্যভার বিন্যস্ত করিয়া তপস্যা করিবার জন্য সন্তপ্ত হৃদয়ে হিমালয়সমীপে গমন করিলেন ॥৩॥

নরশ্রেষ্ঠ ! তিনি তপস্যার প্রভাবে পাপবিহীন হইয়া পরে গঙ্গার আরাধনা করিবার ইচ্ছায় (যাইতে থাকিয়া ক্রমে) পর্ব্বতশ্রেষ্ঠ হিমালয়কে দর্শন করিলেন ॥৪॥

ক্রমে সেই হিমালয়ে যাইয়া উপস্থিত হইলেন। সেই হিমালয়—গৈরিকাদি ধাতুযুক্ত নানাবিধ শৃঙ্গদ্বারা অলঙ্কৃত ছিল ; বায়ুভরে চলিত মেঘসমূহ সকল দিকে বর্ষণ করিতে থাকায় সংসিক্ত হইতেছিল ; নদী, কুঞ্জ, নিতম্ব ও দেবালয়-

কিন্নরৈরপ্সরোভিশ্চ নিষেবিতশিলাতলম্ ।
দিগ্বারণবিষাণাগ্রৈঃ সমন্তাদ্‌ঘৃষ্টপাদপম্ ॥১০॥
বিদ্যাধরানুচরিতং নানারত্নসমাকুলম্ ।
বিষোল্বণভুজঙ্গৈশ্চ দীপ্তজিহ্বৈর্নিষেবিতম্ ॥১১॥
ক্বচিৎ কনকসঙ্কাশং ক্বচিদ্রজতসন্নিভম্ ।
ক্বচিদঞ্জনপুঞ্জাভং হিমবন্তমুপাগমৎ ॥১২॥ (কুলকম্)
স তু তত্র নরশ্রেষ্ঠ ! তপো ঘোরং সমাস্থিতঃ ।
ফলমূলাম্বুসংভক্ষঃ সহস্রং পরিবৎসরান্ ॥১৩॥
সংবৎসরসহস্রে তু গতে দিব্যে মহানদী ।
দর্শয়ামাস তং গঙ্গা তদা মূর্ত্তিমতী স্বয়ম্ ॥১৪॥

ভারতকৌমুদী

ব্যাহৃতৈঃ রবৈঃ। দিগ্বারণানাং দিগ্‌হস্তিনাং বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, ঘৃষ্টাঃ পাদপা বৃক্ষা যত্র তম্। দীপ্তা উজ্জ্বলা জিহ্বা যেষাং তৈঃ। কনকসঙ্কাশং স্বর্ণবর্ণম্, অঞ্জনপুঞ্জাভং কজ্জলরাশিবর্ণম্ ॥৫—১২॥

স ইতি। স ভগীরথঃ। সমাস্থিতঃ অবলম্বিতবান্ কৃতবানিত্যর্থঃ ॥১৩॥

সংবৎসরেতি। দিব্যে দেবপরিমাণে। ইদমধিককালোপলক্ষণম্। স্বয়মাত্মানম্ ॥১৪॥

সমূহে শোভিত ছিল ; গুহাসুপ্ত সিংহ ও ব্যাঘ্রসমূহে অধ্যুষিত ছিল ; নানাবিধ-রবকারী ও বিচিত্রদেহ বহুতর পক্ষী এবং বৃহৎ ভ্রমর, ডাহুক, পানকড়ি, ময়ূর, শতপত্র, জীবঞ্জীবক, কোকিল, চকোর, অসিতাপাঙ্গ ও পুত্রপ্রিয় পক্ষীরা এবং পদ্মলতাসমূহ তাহার মনোহর জলাশয়গুলিকে ব্যাপ্ত করিয়া রহিয়াছিল ; আর সারসপক্ষিগণের মধুর রব হইতেছিল ; কিন্নরগণ ও অপ্সরোগণ শিলাতলে অবস্থান করিতেছিল ; সকল দিকের বৃক্ষগুলিই দিগ্‌হস্তিগণের দন্তাগ্রে ঘর্ষিত ছিল ; বিদ্যাধরেরা বিচরণ করিতেছিল ; নানাবিধ রত্ন বিরাজ করিতেছিল ; বিষোন্মত্ত ও দীপ্তজিহ্ব সর্প সকল অবস্থান করিতেছিল এবং সে হিমালয় কোথাও স্বর্ণবর্ণ, কোথাও রজতবর্ণ এবং কোথাও কজ্জলরাশির ন্যায় কৃষ্ণবর্ণ ছিল ॥৫—১২॥

নরশ্রেষ্ঠ ! ভগীরথ সেই হিমালয়পর্ব্বতে সহস্র বৎসরপর্য্যন্ত কেবল ফল, মূল ও জল ভক্ষণ করিয়া ভয়ঙ্কর তপস্যা করিলেন ॥১৩॥

দেবপরিমাণের সহস্র বৎসর অতীত হইলে, তখন মহানদী গঙ্গা মূর্ত্তিমতী হইয়া আসিয়া ভগীরথকে আত্মদর্শন করাইলেন ॥১৪॥

(১৩)···নরশ্রেষ্ঠঃ ··সমাশ্রিতঃ ···বা ব কা।

গঙ্গোবাচ।

কিমিচ্ছসি মহারাজ! মত্তঃ কিঞ্চ দদানি তে।
তদ্‌ব্রবীহি নরশ্রেষ্ঠ! করিষ্যামি বচস্তব ॥১৫॥
এবমুক্তঃ প্রত্যুবাচ রাজা হৈমবতীং তদা।
পিতামহা মে বরদে! কপিলেন মহানদি! ॥১৬॥
অন্বেষমাণাস্তুরগং নীতা বৈবস্বতক্ষয়ম্।
ষষ্টিস্তানি সহস্রাণি সাগরাণাং মহাত্মনাম্ ॥১৭॥ (যুগ্মকম্)
কাপিলং তেজ আসাদ্য ক্ষণেন নিধনং গতাঃ।
তেষামেবং বিনষ্টানাং স্বর্গে বাসো ন বিদ্যতে ॥১৮॥
যাবত্তানি শরীরাণি ত্বং জলৈর্নাভিষিঞ্চসি।
তাবত্তেষাং গতির্নাস্তি সাগরাণাং মহানদি! ॥১৯॥
স্বর্গং নয় মহাভাগে! মৎপিতৄন্ সগরাত্মজান্।
তেষামর্থেঽভিযাচামি ত্বামহং বৈ মহানদি! ॥২০॥

ভারতকৌমুদী

কিমিতি। মত্তো মম সকাশাৎ কিমিচ্ছসি। বচো বচোঽনুরূপং কার্য্যম্ ॥১৫॥

এবমিতি। হৈমবতীং হিমবত আগতাং গঙ্গাম্। বৈবস্বতক্ষয়ং যমালয়ম্। সাগরাণাং সগরপুত্রাণাম্। ষষ্টিরিত্যতঃ সংখ্যাধিক্যাদপ্যনুপেক্ষণীয়া ইতি ভাবঃ ॥১৬—১৭॥

কাপিলমিতি। "যে চ বৈ ব্রাহ্মণৈর্হতাঃ" ইতি স্মৃতৌ পাতিত্যশ্রবণাদিত্যাশয়ঃ ॥১৮॥

যাবদিতি। ত্বদীয়জলেনাভিষেকে তু তেষাং স্বর্গে গতিঃ স্যাদেব, "যাবদস্থি মনুষ্যস্য গঙ্গাতোয়েষু মজ্জতি। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে" ইতি স্মৃতেরিতি ভাবঃ ॥১৯॥

গঙ্গা বলিলেন—'মহারাজ! আপনি আমার নিকট হইতে কি ইচ্ছা করেন, আমি আপনাকে কি দিব, তাহা বলুন; নরশ্রেষ্ঠ! আমি আপনার প্রার্থনার অনুরূপ কার্য্য করিব' ॥১৫॥

গঙ্গা এইরূপ বলিলে, তখন ভগীরথ তাঁহাকে বলিলেন—'বরদে! মহানদি! আমার পূর্ব্বপুরুষেরা অশ্ব অন্বেষণে গিয়াছিলেন, তখন কপিল তাঁহাদিগকে যমালয়ে পাঠাইয়াছেন। সেই মহাত্মা সগরপুত্রগণ সংখ্যায় ছিলেন ষাট হাজার ॥১৬—১৭॥

তাঁহারা কপিলের তেজে ক্ষণকালমধ্যেই মৃত্যুমুখে পতিত হইয়াছেন। এই ভাবে বিনষ্ট হওয়ায় তাঁহাদের স্বর্গে বাস হইতে পারে না ॥১৮॥

মহানদি! যে পর্য্যন্ত আপনি জলদ্বারা সেই শরীরগুলি অভিষিক্ত না করেন, সে পর্য্যন্ত সেই সগরপুত্রগণের সদ্‌গতি হইতে পারে না ॥১৯॥

(১৮) কপিলং দেবমাসাদ্য···বা ব কা।

লোমশ উবাচ।

এতচ্ছ্রুত্বা বচো রাজ্ঞো গঙ্গা লোকনমস্কৃতা।
ভগীরথমিদং বাক্যং সুপ্রীতা সমভাষত ॥২১॥
করিষ্যামি মহারাজ! বচস্তে নাত্র সংশয়ঃ।
বেগস্তু মম দুর্দ্ধার্য্যং পতন্ত্যা গগনাদ্ভুবম্ ॥২২॥
ন শক্তস্ত্রিষু লোকেষু কশ্চিদ্ধারয়িতুং নৃপ!।
অন্যত্র বিবুধশ্রেষ্ঠান্নীলকণ্ঠান্মহেশ্বরাৎ ॥২৩॥
তং তোষয় মহাভাগ! তপসা বরদং হরম্।
স তু মাং প্রচ্যুতাং দেবঃ শিরসা ধারয়িষ্যতি ॥২৪॥
স করিষ্যতি তে কামং পিতৃণাং হিতকাম্যয়া।
এতচ্ছ্রুত্বা ততো রাজন্! মহারাজো ভগীরথঃ ॥২৫॥

ভারতকৌমুদী

স্বর্গমিতি। মৎপিতৄন্ মম পিতৃপূর্ব্বপুরুষান্ ॥২০॥

এতদিতি। সুপ্রীতা, পূর্ব্বপুরুষোদ্ধারায় ঈদৃশায়াসস্বীকরণাদিত্যাশয়ঃ ॥২১॥

করিষ্যামীতি। দুর্দ্ধার্য্যমিতি ভাবে প্রত্যয়াৎ "ন কর্ত্তৃকর্ম্মপ্রাপ্তৌ" ইতি কর্ম্মণি ষষ্ঠী-নিষেধাৎ বেগমিতি দ্বিতীয়ৈব, "কাং দিশং গন্তব্যম্" ইতি শ্রীপত্যুদাহৃতবৎ ॥২২॥

নেতি। ধারয়িতুং মম বেগমিতি শেষঃ। বিবুধশ্রেষ্ঠাৎ দেবপ্রধানাৎ ॥২৩॥

তমিতি। প্রচ্যুতাং ভুবি পতন্তীম্ ॥২৪॥

অতএব মহাভাগে! মহানদি! আপনি আমার পূর্বপুরুষ সগরপুত্রদিগকে স্বর্গে প্রেরণ করুন; তাঁহাদের জন্যই আমি আপনার নিকট এই প্রার্থনা করিতেছি' ॥২০॥

লোমশ কহিলেন—'ভগীরথের এই কথা শুনিয়া জগৎপূজনীয়া গঙ্গা সন্তুষ্ট হইয়া ভগীরথকে এই কথা বলিলেন—॥২১॥

'মহারাজ! আমি আপনার প্রার্থনার অনুরূপ কার্য্য করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই বটে; কিন্তু আকাশ হইতে ভূতলে পড়িবার সময়ে আমার বেগ ধারণ করা দুষ্কর' ॥২২॥

রাজা! দেবশ্রেষ্ঠ নীলকণ্ঠ মহাদেব ব্যতীত ত্রিভুবনের মধ্যে অন্য কোন লোকই আমার বেগ ধারণ করিতে সমর্থ হইবে না ॥২৩॥

অতএব মহাভাগ! আপনি তপস্যাদ্বারা সেই বরদাতা মহাদেবকে সন্তুষ্ট করুন; তিনিই পড়িবার সময়ে আমাকে মস্তকদ্বারা ধারণ করিবেন ॥২৪॥

---

(২১)···বাক্যমুবাচ প্রীতমানসা—বা ব কা। (২২)···গগনাদ্রুতম্—পি।

কৈলাসং পর্বতং গত্বা তোষয়ামাস শঙ্করম্ ।
তপস্তীব্রমুপাগম্য কালযোগেন কেনচিৎ ॥২৬॥ (যুগ্মকম্)
অগৃহ্লাচ্চ বরং তস্মাদ্‌গঙ্গায়া ধারণে নৃপ ! ।
স্বর্গে বাসং সমুদ্দিশ্য পিতৃণাং স নরোত্তমঃ ॥২৭॥
ভগীরথবচঃ শ্রুত্বা প্রিয়ার্থঞ্চ দিবৌকসাম্ ।
এবমস্ত্বিতি রাজানং ভগবান্ প্রত্যভাষত ॥২৮॥
ধারয়িষ্যে মহাভাগ ! গগনাৎ প্রচ্যুতাং শিবাম্ ।
দিব্যাং দেবনদীং পুণ্যাং ত্বৎকৃতে নৃপসত্তম ! ॥২৯॥
এবমুক্ত্বা মহাবাহো ! হিমবন্তমুপাগমৎ ।
বৃতঃ পারিষদৈর্ঘোরৈর্নানাপ্রহরণোদ্যতৈঃ ॥৩০॥
তত্র স্থিত্বা নরশ্রেষ্ঠং ভগীরথমুবাচ হ ।
প্রযাচস্ব মহাবাহো ! শৈলরাজসুতাং নদীম্ ॥৩১॥

ভারতকৌমুদী

স ইতি। কামমভীষ্টম্। উপাগম্য অঙ্গীকৃত্য কৃত্বেত্যর্থঃ ॥২৫—২৬॥
অগৃহ্লাদিতি। অগৃহ্লাৎ অযাচতেত্যর্থঃ। স ভগীরথঃ ॥২৭॥
ভগীতি। প্রিয়ার্থং সমুদ্রপূরণরূপপ্রীতিকরকার্য্যার্থম্, দিবৌকসাং দেবানাম্ ॥২৮॥
ধারয়িষ্য ইতি। প্রচ্যুতাং পতিতাম্, শিবাং মঙ্গলকরীম্, দিব্যাং স্বর্গীয়াম্ ॥২৯॥
এবমিতি। উপাগমৎ, ভগবানিতি পূর্ব্বতোঽনুবৃত্তিঃ ॥৩০॥

এবং তিনিই আপনার পিতৃপুরুষগণের হিত করিবার ইচ্ছায় আপনার অভীষ্ট সম্পাদন করিবেন'। রাজা! এই কথা শুনিয়া তাহার পর মহারাজ ভগীরথ কৈলাসপর্ব্বতে যাইয়া তীব্র তপস্যা করিয়া বহুকাল পরে মহাদেবকে সন্তুষ্ট করিলেন ॥২৫—২৬॥

এবং নরশ্রেষ্ঠ ভগীরথ আপন পিতৃপুরুষগণের স্বর্গে বাস উদ্দেশ্য করিয়া গঙ্গাকে ধারণ করিবার বিষয়ে মহাদেবের নিকট বর প্রার্থনা করিলেন ॥২৭॥

ভগীরথের কথা শুনিয়া ভগবান্ মহাদেব দেবগণেরও প্রীতিকর কার্য্য করিবার জন্য ভগীরথকে বলিলেন—'এইরূপই হউক ॥২৮॥

মহাভাগ রাজশ্রেষ্ঠ! আকাশ হইতে নিপতিতা মঙ্গলকারিণী স্বর্গীয়া পবিত্রা গঙ্গাকে তোমার জন্যই আমি ধারণ করিব' ॥২৯॥

মহাবাহু! মহাদেব এইরূপ বলিয়া—নানাবিধ অস্ত্রধারী ভয়ঙ্কর পারিষদবর্গে পরিবেষ্টিত হইয়া হিমালয়ে গমন করিলেন ॥৩০॥

(২৭) শ্লোকাৎ পরম্ '…অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ। লোমশ উবাচ' বা ব কা পি নি।

পিতৃণাং পাবনার্থং তে তামহং মনুজাধিপ!।
পতমানাং সরিচ্ছ্রেষ্ঠাং ধারয়িষ্যে ত্রিপিষ্টপাৎ ॥৩২॥
এতচ্ছ্রুত্বা বচো রাজা শর্বেণ সমুদাহৃতম্।
প্রয়তঃ প্রণতো ভূত্বা গঙ্গাং সমনুচিন্তয়ৎ ॥৩৩॥
ততঃ পুণ্যজলা রম্যা রাজ্ঞা সমনুচিন্তিতা।
ঈশানঞ্চ স্থিতং দৃষ্ট্বা গগনাৎ সহসা চ্যুতা ॥৩৪॥
তাং প্রচ্যুতামথো দৃষ্ট্বা দেবাঃ সার্দ্ধং মহর্ষিভিঃ।
গন্ধর্ব্বোরগযক্ষাশ্চ সমাজগ্মুর্দিদৃক্ষবঃ ॥৩৫॥
ততঃ পপাত গগনাদ্গঙ্গা হিমবতঃ সুতা।
সমুদ্ধতমহাবর্ত্তা মীনগ্রাহসমাকুলা ॥৩৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। প্রয়াচস্ব অবতরণমিতি শেষঃ। নদীং গঙ্গাম্ ॥৩১॥
পিতৃণামিতি। পতমানাং পতন্তীম্। ত্রিপিষ্টপাৎ স্বর্গাৎ ॥৩২॥
এতদিতি। শর্বেণ মহাদেবেন। সমন্বচিন্তয়দিতি অড়াগমাভাব আর্ষঃ ॥৩৩॥
তত ইতি। পুণ্যজলা গঙ্গা। ঈশানং মহাদেবঞ্চ, স্থিতং ধারণায়েতি শেষঃ ॥৩৪॥
তামিতি। প্রচ্যুতাং পতন্তীম্। দিদৃক্ষবো দ্রষ্টুমিচ্ছবঃ ॥৩৫॥
তত ইতি। সমুদ্ধতো গর্বিত ইব মহানাবর্ত্তো জলভ্রমিযস্যাঃ সা, গ্রাহো জলজন্তুঃ ॥৩৬॥

তিনি সেই খানে থাকিয়া (দাঁড়াইয়া) নরশ্রেষ্ঠ ভগীরথকে বলিলেন—'মহাবাহু! তুমি পর্ব্বতরাজকন্যা গঙ্গার নিকট তাঁহার অবতরণ প্রার্থনা কর ॥৩১॥

নরনাথ! তোমার পিতৃপুরুষগণকে পবিত্র করিবার জন্য স্বর্গ হইতে পড়িবার সময়ে আমি সেই নদীশ্রেষ্ঠা গঙ্গাকে ধারণ করিব' ॥৩২॥

মহাদেবের এই কথা শুনিয়া রাজা ভগীরথ পবিত্র ও প্রণত হইয়া গঙ্গাকে স্মরণ করিলেন ॥৩৩॥

তাহার পর ভগীরথকর্ত্তৃক স্মৃত হইয়া এবং মহাদেবকে দাঁড়াইয়া থাকিতে দেখিয়া পুণ্যজলা ও রম্যা গঙ্গা তৎক্ষণাৎ আকাশ হইতে পতিত হইলেন ॥৩৪॥

তখন তাঁহাকে পতিত দেখিয়া মহর্ষিদের সহিত দেবগণ এবং গন্ধর্ব্বগণ, নাগগণ ও যক্ষগণ দেখিবার ইচ্ছায় আগমন করিলেন ॥৩৫॥

তাহার পর হিমালয়তনয়া গঙ্গা মৎস্য ও জলজন্তুতে পরিপূর্ণ হইয়াই আকাশ হইতে পতিত হইতে লাগিলেন; সেই সময়েই তাঁহার জলে বিশাল আবর্ত্ত (ঘোলা) সকল উদ্ধতভাবে চলিতে লাগিল ॥৩৬॥

(৩২) প্রথমার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তাং দধার হরো রাজন্ ! গঙ্গাং গগনমেখলাম্ ।
ললাটদেশে পতিতাং মালাং মুক্তাময়ীমিব ॥৩৭॥
সা বভূব বিসর্পন্তী ত্রিধা রাজন্ ! সমুদ্রগা ।
ফেনপুঞ্জাকুলজলা হংসানামিব পঙ্‌ক্তয়ঃ ॥৩৮॥
ক্বচিদাভোগকুটিলা প্রস্খলন্তী ক্বচিৎ ক্বচিৎ ।
সা ফেনপটসংবীতা মত্তেব প্রমদাঽব্রজৎ ।
ক্বচিৎ সা তোয়নিনদৈর্নদন্তী নাদমুত্তমম্ ॥৩৯॥
এবংপ্রকারান্ সুবহূন্ কুর্বতী গগনাচ্চ্যুতা ।
পৃথিবীতলমাসাদ্য ভগীরথমথাব্রবীৎ ॥৪০॥
দর্শয়স্ব মহারাজ ! মার্গং কেন ব্রজাম্যহম্ ।
ত্বদর্থমবতীর্ণাস্মি পৃথিবীং পৃথিবীপতে ! ॥৪১॥

ভারতকৌমুদী

তামিতি। গগনস্য মেখলাং কাঞ্চীমিব। মুক্তেত্যাদিনা অনায়াসধারণং সূচিতম্ ॥৩৭॥

সেতি। বিসর্পন্তী নিপতন্তী, ত্রিধা ধারাত্রয়েণ বিভক্তা, হরস্য দ্বিধাবিভক্তজটাগ্রদ্বয়াৎ নাসিকাগ্রাচ্চ স্রবণাদিতি ভাবঃ, সমুদ্রগা সমুদ্রাভিমুখগমনপ্রবৃত্তা ॥৩৮॥

ক্বচিদিতি। আ সম্যগ্‌ভোগঃ সর্পশরীরং তদ্বৎ কুটিলা বক্রা, অন্যত্র আ ভোগায় সম্যগ্‌বৃত্তিস্থপায় কুটিলা বক্রাভিপ্রায়া, ক্বচিৎ ক্বচিৎ উন্নতপাষাণাদৌ, প্রস্খলন্তী প্রতিহত-বেগা, ফেনঃ পট ইব তেন সংবীতা আবৃতা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

এবমিতি। এবম্ ঈদৃশান্, প্রকারান্ অবস্থাঃ। চ্যুতা পতিতা ॥৪০॥

দর্শয়স্বেতি। মার্গং মদ্‌গমনপথম্, কেন মার্গেণ ॥৪১॥

রাজা! তখন আকাশের মেখলার ন্যায় গঙ্গা মহাদেবের ললাটদেশে পতিত হইতে লাগিলেন; মহাদেবও মুক্তাময়ী মালার ন্যায় তাঁহাকে ধারণ করিতে থাকিলেন ॥৩৭॥

রাজা! গঙ্গা পতিত হইতে থাকিয়াই তিন ভাগে বিভক্ত হইয়া সমুদ্রাভি-মুখে চলিতে লাগিলেন; তখন হংসশ্রেণীর ন্যায় ফেনরাশিতে তাঁহার জল ব্যাপ্ত হইতে থাকিল ॥৩৮॥

কোথাও সর্পশরীরের ন্যায় বক্রা, কোথাও কোথাও প্রতিহতবেগা এবং কোথাও জলের শব্দে মনোহরশব্দকারিণী হইয়া এবং ফেনবসনে দেহ আবৃত করিয়া, মত্তা কামিনীর ন্যায় তিনি চলিতে লাগিলেন ॥৩৯॥

গঙ্গা আকাশ হইতে পড়িবার সময়ে এইরূপ বহুবিধ ভাব করিয়া, তাহার পর ভূতলে আসিয়া ভগীরথকে বলিলেন—॥৪০॥

এতচ্ছ্রুত্বা বচো রাজা প্রাতিষ্ঠত ভগীরথঃ।
যত্র তানি শরীরাণি সাগরাণাং মহাত্মনাম্।
প্লাবনার্থং নরশ্রেষ্ঠ! পুণ্যেন সলিলেন চ ॥৪২॥
গঙ্গায়া ধারণং কৃত্বা হরো লোকনমস্কৃতঃ।
কৈলাসং পর্ব্বতশ্রেষ্ঠং জগাম ত্রিদশৈঃ সহ ॥৪৩॥
সমাসাদ্য সমুদ্রঞ্চ গঙ্গয়া সহিতো নৃপঃ।
পূরয়ামাস বেগেন সমুদ্রং বরুণালয়ম্ ॥৪৪॥
দুহিতৃত্বে চ নৃপতির্গঙ্গাং সমনুকল্পয়ৎ।
পিতৃণাঞ্চোদকং তত্র দদৌ পূর্ণমনোরথঃ ॥৪৫॥
এতত্তে সর্বমাখ্যাতং গঙ্গা ত্রিপথগা যথা।
পূরণার্থং সমুদ্রস্য পৃথিবীমবতারিতা ॥৪৬॥
কালেয়াশ্চ মহারাজ! ত্রিদশৈর্বিনিপাতিতাঃ।
সমুদ্রশ্চ যথা পীতঃ কারণার্থং মহাত্মনা ॥৪৭॥

ভারতকৌমুদী

এতদিতি। প্রাতিষ্ঠত পন্থানং প্রদর্শয়ন্ অগ্রে অগ্রে অগচ্ছৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

গঙ্গায়া ইতি। ত্রিদশৈঃ—গঙ্গায়াঃ পতনদর্শনেচ্ছয়া প্রাগাগতৈর্দেবৈঃ ॥৪৩॥

সমাসাদ্যেতি। পূরয়ামাস গঙ্গায়া জলদ্বারা ॥৪৪॥

দুহিতৃত্ব ইতি। গঙ্গাং দুহিতৃত্বে সমন্বকল্পয়ৎ, তস্যাঃ পৃথিব্যামুৎপাদনাদিত্যাশয়ঃ। অতএব সা ভাগীরথীত্যাখ্যায়তে। সমন্বকল্পয়দিত্যড়াগমাভাব আর্ষঃ ॥৪৫॥

'মহারাজ! আমি কোন্ পথে যাইব, তাহা আপনি দেখাইয়া দিন; পৃথিবীপতি! আমি আপনার জন্যই পৃথিবীতে অবতীর্ণ হইয়াছি' ॥৪১॥

নরশ্রেষ্ঠ! ভগীরথরাজা এই কথা শুনিয়া—যেখানে মহাত্মা সগরপুত্রগণের সেই শরীরগুলি ছিল, সে গুলিকে গঙ্গার পবিত্র জলদ্বারা প্লাবিত করাইবার জন্য সেই পথে চলিতে লাগিলেন ॥৪২॥

জগৎপূজিত মহাদেব গঙ্গাকে ধারণ করিয়া দেবগণের সহিত পর্বতশ্রেষ্ঠ কৈলাসে চলিয়া গেলেন ॥৪৩॥

রাজা ভগীরথও গঙ্গার সহিত সমুদ্রে যাইয়া তাঁহার জলদ্বারা বরুণালয় সমুদ্রকে বেগে পরিপূর্ণ করিলেন ॥৪৪॥

এবং তিনি গঙ্গাকে আপন কন্যারূপে কল্পনা করিলেন, আর সেখানে পিতৃপুরুষগণকে গঙ্গাজল দান করিয়া পূর্ণমনোরথ হইলেন ॥৪৫॥

(৪৭) প্রথমার্দ্ধং বা ব কা পি নাস্তি।

বাতাপিশ্চ যথা নীতঃ ক্ষয়ং স ব্রহ্মহা প্রভো ! ।
অগস্ত্যেন মহারাজ ! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥৪৮॥ (বিশেষকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং গঙ্গাবতরণকথনে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ

—— ০০ (*) ০০ ——

বৈশম্পায়ন উবাচ ।
ততঃ প্রয়াতঃ কৌন্তেয়ঃ ক্রমেণ ভরতর্ষভ ! ।
নন্দামপরনন্দাঞ্চ নদ্যৌ পাপভয়াপহে ॥১॥
পর্বতং স সমাসাদ্য হেমকূটমনাময়ম্ ।
অচিন্ত্যানদ্ভুতান্ ভাবান্ দদর্শ সুবহূন্ নৃপঃ ॥২॥

ভারতকৌমুদী

এতদিতি। অবতারিতা আনীতা। কারণার্থং কালেয়বিনাশরূপপ্রয়োজনসাধনার্থম্। ব্রহ্মহা ব্রহ্মহত্যাকারী। মহাত্মনা অগস্ত্যেনেতি সম্বন্ধঃ ॥৪৬—৪৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামেকনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

তত ইতি। ততো ভৃগুতীর্থাৎ, প্রয়াতো গতঃ, কৌন্তেয়ো যুধিষ্ঠিরঃ ॥১॥

মহারাজ যুধিষ্ঠির! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে—অর্থাৎ 'সমুদ্রপূরণের জন্য ত্রিপথগামিনী গঙ্গাকে যে পৃথিবীতে আনয়ন করা হইয়াছিল, দেবতারা কালেয় অসুরগণকে যে নিপাত করিয়াছিলেন, দেবগণের উদ্দেশ্য সাধন করিবার জন্য মহাত্মা অগস্ত্য যে সমুদ্রকে পান করিয়াছিলেন এবং তিনি—সেই ব্রহ্মহত্যাকারী বাতাপি দানবকে যে ক্ষয় করিয়াছিলেন, সেই সমস্তই এই তোমার নিকট বলিলাম' ॥৪৬—৪৮॥

——:(*):——

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ জনমেজয়! যুধিষ্ঠির সেই ভৃগুতীর্থ হইতে ক্রমে পাপভয়নাশিনী নন্দা ও অপরনন্দানাম্নী দুইটী নদীতে গমন করিলেন ॥১॥

* '…নবাধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা পি নি।

বাচা যত্রাভবন্ মেঘা উপলাশ্চ সহস্রশঃ ।
নাশক্নুবংস্তমারোঢুং বিষণ্ণমনসো জনাঃ ॥৩॥
বায়ুর্নিত্যং ববৌ তত্র নিত্যং দেবশ্চ বর্ষতি ।
স্বাধ্যায়ঘোষশ্চ তথা শ্রূয়তে ন চ দৃশ্যতে ॥৪॥
সায়ং প্রাতশ্চ ভগবান্ দৃশ্যতে হব্যবাহনঃ ।
মক্ষিকাশ্চাদশংস্তত্র তপসঃ প্রতিঘাতিকাঃ ।
নির্ব্বেদো জায়তে তত্র গৃহাণি স্মরতে জনঃ ॥৫॥
এবং বহুবিধান্ ভাবানদ্ভুতান্ বীক্ষ্য পাণ্ডবঃ ।
লোমশং পুনরেবাথ পর্য্যপৃচ্ছত্তদদ্ভুতম্ ॥৬॥

ভারতকৌমুদী

পর্ব্বতমিতি । অনাময়ং নিরুপদ্রবম্ । ভাবান্ পদার্থান্ ॥২॥

বাচেতি । বাচা বাগুচ্চারণমাত্রেণ । উপলাঃ পাষাণাঃ । তং হেমকূটপর্ব্বতম্ ॥৩॥

বায়ুরিতি । স্বাধ্যায়ঘোষো বেদপাঠধ্বনিঃ, ন চ দৃশ্যতে তৎপাঠক ইতি শেষঃ ॥৪॥

সায়মিতি । হব্যবাহনো বহ্নিঃ । নির্ব্বেদো বৈরাগ্যম্, গৃহাণি ভার্য্যাদীন্ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

এবমিতি । ভাবান্ পদার্থান্ । পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ ভাবান্ পদার্থান্ ॥২॥ বাতাবদ্ধা বাতেনাবদ্ধা মেঘা উপলাশ্চ ভবন্ বাতং বিনৈব সহসা মেঘাঃ শিলাশ্চ প্রযুজ্যন্তে ইত্যর্থঃ । ভবন্নিত্যড়ভাব আর্ষঃ । বাচা যত্র ভবন্নিতি পাঠেশব্দোচ্চারণেনৈব যত্র মেঘা উপলাশ্চ, হে ভবন্ ! ভাসমান ! আবিভবন্তীতি শেষঃ॥৩॥ ন চ দৃশ্যতেঽধ্যেতা ॥৪॥ নির্ব্বেদো গিরিদর্শনবৈরাগ্যম্, গৃহাণি স্ত্র্যাদীনি ॥৫—৬॥

তিনি নিরুপদ্রব হেমকূটপর্ব্বতে যাইয়া অচিন্তনীয় ও অদ্ভুত বহুতর পদার্থ দর্শন করিলেন ॥২॥

যেখানে যে কোন বাক্য উচ্চারণ করা মাত্রেই সহস্র সহস্র মেঘ ও পাষাণ আবির্ভূত হইত এবং বিষণ্ণচিত্ত লোকেরা সেই পর্বতে আরোহণ করিতে সমর্থ হইত না ॥৩॥

এবং সর্ব্বদাই সেখানে বায়ু বহিত হয়, সর্ব্বদাই মেঘ বর্ষণ করে এবং বেদপাঠের শব্দ শুনা যায়, অথ চ তাহার পাঠককে দেখা যায় না ॥৪॥

আর, সেখানে প্রাতঃকালে ও সন্ধ্যাকালে ভগবান্ অগ্নিকে দেখা যায়, তপস্যার বিঘ্নকারী মক্ষিকা সকল আসিয়া দংশন করে, তপস্যায় মানুষের বৈরাগ্য উপস্থিত হয় এবং মানুষ গৃহপ্রভৃতি স্মরণ করিতে থাকে ॥৫॥

(৩) বাতাবদ্ধা ভবন্ মেঘাঃ···খা ব কা। (৫)···মক্ষিকাশ্চাপ্যপশ্যন্ত···পি।

লোমশ উবাচ।

যথা শ্রুতমিদং পূর্ব্বমস্মাভিররিকর্ষণ!।
তদেকাগ্রমনা রাজন্! নিবোধ গদতো মম ॥৭॥
অস্মিন্ ঋষভকূটেঽভূদৃষভো নাম তাপসঃ।
অনেকশতবর্ষায়ুস্তপস্বী কোপনো ভৃশম্ ॥৮॥
স বৈ সম্ভাষ্যমাণোঽন্যৈঃ কোপাদ্‌গিরিমুবাচ হ।
য ইহ ব্যাহরেৎ কশ্চিদুপলান্মুৎসৃজেস্তদা ॥৯॥
বাতঞ্চাহূয় মা শব্দমিত্যুবাচ স তাপসঃ।
ব্যাহরংশ্চেহ পুরুষো মেঘশব্দেন বার্য্যতে ॥১০॥
এবমেতানি কর্ম্মাণি রাজংস্তেন মহর্ষিণা।
কৃতানি কানিচিৎ ক্রোধাৎ প্রতিষিদ্ধানি কানিচিৎ ॥১১॥

ভারতকৌমুদী

যথেতি। গদতো মম সকাশাৎ, নিবোধ শৃণু ॥৭॥
অস্মিন্নিতি। কূটে শৃঙ্গে ঋষভমুনেরবস্থানাদৃষভকূট এব হেমকূটস্য নামাভূৎ ॥৮॥
স ইতি। গিরিং হেমকূটম্। ব্যাহরেৎ বাচমুচ্চারয়েৎ। উপলান্ পাষাণান্ ॥৯॥
বাতমিতি। বাতং বায়ুম্। মা শব্দং কুর্ব্বিতি শেষঃ। ব্যাহরন্ বাচমুচ্চারয়ন্ ॥১০॥
এবমিতি। কৃতানি উপলবর্ষণাদীনি। প্রতিষিদ্ধানি বায়োরপি শব্দকরণাদীনি ॥১১॥

এইরূপ বহুবিধ অদ্ভুত ভাব দর্শন করিয়া যুধিষ্ঠির পুনরায় সেই অদ্ভুত ব্যাপারগুলির বিষয় লোমশের নিকট জিজ্ঞাসা করিলেন ॥৬॥

লোমশ বলিলেন—‘শত্রুনাশক রাজা! পূর্ব্বে আমরা যেমন শুনিয়াছি, তেমনই বলিতেছি; তুমি একাগ্রচিত্ত হইয়া তাহা আমার নিকট শ্রবণ কর ॥৭॥

পূর্ব্বকালে এই ঋষভকূট-(হেমকূট) পর্ব্বতে ‘ঋষভ’-নামে এক তপস্বী ছিলেন; তিনি অতিপ্রাচীন, তপস্বী ও অত্যন্তকোপনস্বভাব ছিলেন ॥৮॥

একদা অন্য লোক আসিয়া তাঁহার সহিত আলাপে প্রবৃত্ত হইলে, তিনি কোপবশতঃ এই পর্ব্বতকে বলিয়াছিলেন—‘যে কোন লোক এখানে আসিয়া কথা বলিবে, তুমি তখনই তাহার উপরে প্রস্তর নিক্ষেপ করিবে’ ॥৯॥

এবং তিনি বায়ুকে ডাকিয়া বলিয়াছিলেন—‘বায়ু! তুমিও শব্দ করিও না’। তাই এখানে মানুষ কথা বলিলেই, বায়ু মেঘশব্দদ্বারা তাহাকে বারণ করে ॥১০॥

রাজা! এই ভাবে সেই মহর্ষি ক্রোধবশতঃ কতকগুলি কার্য্যের বিধান এবং কতকগুলি কার্য্যের নিষেধ করিয়াছিলেন ॥১১॥

নন্দাং ত্বভিগতা দেবাঃ পুরা রাজন্নিতি শ্রুতিঃ।
অন্বপদ্যন্ত সহসা পুরুষা দেবদর্শিনঃ ॥১২॥
তে দর্শনং ত্বনিচ্ছন্তো দেবাঃ শক্রপুরোগমাঃ।
দুর্গং চক্রুরিমং দেশং গিরিপ্রত্যূহরূপকম্ ॥১৩॥
তদা প্রভৃতি কৌন্তেয়! নরা গিরিমিমং সদা।
নাশক্নুবন্নভিদ্রষ্টুং কুত এবাধিরোহিতুম্ ॥১৪॥
নাতপ্ততপসা শক্যো দ্রষ্টুমেষ মহাগিরিঃ।
আরোঢ়ুং বাপি কৌন্তেয়! তস্মান্নিয়তবাগ্ভব ॥১৫॥
ইহ দেবাস্তদা সর্ব্বে যজ্ঞানাজহ্রুরুত্তমান্।
তেষামেতানি লিঙ্গানি দৃশ্যন্তেঽদ্যাপি ভারত! ॥১৬॥
কুশাকারেব দূর্ব্বেয়ং সংস্তীর্ণেব চ ভূরিয়ম্।
যূপপ্রকারা বহবো বৃক্ষাশ্চেমে বিশাংপতে! ॥১৭॥

ভারতকৌমুদী

ইদানীং পর্ব্বতারোহণব্যাঘাতমাহ চতুর্ভিঃ। নন্দামিতি। অন্বপদ্যন্ত অন্বসরন ॥১২॥
ত ইতি। দর্শনম্ আত্মপ্রত্যক্ষম্। দুর্গং দুর্গমম্, গিরিরেব প্রত্যূহরূপো যত্র তম্ ॥১৩॥
তদেতি। অধিরোহিতুম্ অধিরোঢ়ুম্, ইডাগম আর্ষঃ ॥১৪॥
নেতি। নিয়তবাক্ নিবৃত্তবচনো ভব, পর্ব্বতকর্তৃকোপলবর্ষণভয়াদিতি ভাবঃ ॥১৫॥
ইহেতি। আজহ্রুঃ অনুষ্ঠিতবন্তঃ। তেষাং যজ্ঞানাম্, লিঙ্গানি চিহ্নানি ॥১৬॥

ভারতভাবদীপঃ

পৃষ্টশ্চ লোমশ উবাচ—যথা শ্রুতমিতি ॥৭॥ ঋষভকূটে ঋষভাশ্রিতে শৈলশৃঙ্গে ॥৮—৯॥ মা শব্দং কুর্ব্বিতি শেষঃ ॥১০—১১॥ অন্বপদ্যন্ত অনুগতবন্তঃ, দেবদর্শিনো দেবদর্শনার্থিনঃ ॥১২॥

রাজা! ইহাও আমাদের শুনা আছে যে, পূর্ব্বকালে দেবতারা একদা এই নন্দানদীতে আসিতেছিলেন; তখন মানুষেরা তাঁহাদিগকে দেখিবার জন্য তাঁহাদের অনুসরণ করিয়াছিল ॥১২॥

তখন ইন্দ্রপ্রভৃতি সেই দেবতারা দেখা দেওয়ার অনিচ্ছাবশতঃ এই পর্বতরূপ বিঘ্নদ্বারা এই দেশটাকে মানুষের পক্ষে দুর্গম করিয়াছিলেন ॥১৩॥

কুন্তীনন্দন! সেই অবধি মানুষেরা এই পর্ব্বত দেখিতেও পারে না; সুতরাং কি করিয়া আরোহণ করিবে ॥১৪॥

যে লোক তপস্যা করে নাই, সে লোক এই মহাগিরি দেখিতে বা আরোহণ করিতে পারে না। অতএব কুন্তীনন্দন! তুমি নীরব হও ॥১৫॥

ভরতনন্দন! তখন দেবতারা সকলে এই খানেই উত্তম উত্তম যজ্ঞ করিয়াছিলেন; সে যজ্ঞগুলির এই সকল চিহ্ন অদ্যাপি দেখা যাইতেছে ॥১৬॥

দেবাশ্চ ঋষয়শ্চৈব বসন্ত্যদ্যাপি ভারত ! ।
তেষাং সায়ং তথা প্রাতর্দৃশ্যতে হব্যবাহনঃ ॥১৮॥
ইহাপ্লুতানাং কৌন্তেয় ! সদ্যঃ পাপ্মাভিহন্যতে ।
কুরুশ্রেষ্ঠাভিষেকং বৈ তস্মাৎ কুরু সহানুজঃ ॥১৯॥
ততো নন্দাপ্লুতাঙ্গস্ত্বং কৌশিকীমভিযাস্যসি ।
বিশ্বামিত্রেণ যত্রোগ্রং তপস্তপ্তমনুত্তমম্ ॥২০॥

বৈশম্পায়ন উবাচ । ✝

ততস্তত্র সমাপ্লুত্য গাত্রাণি সগণো নৃপঃ ।
জগাম কৌশিকীং পুণ্যাং রম্যাং শীতজলাং শুভাম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামৃষভমাহাত্ম্যকথনে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তানি লিঙ্গান্যাহ কুশেতি । সংস্তীর্ণা কৃতকুশাস্তরণা ॥১৭॥

দেবা ইতি । বসন্তি অদৃশ্যভাবেনেতি ভাবঃ । হব্যবাহনো যজ্ঞাগ্নিঃ ॥১৮॥

ইহেতি । আপ্লুতানাং স্নাতানাম্ । হে কুরুশ্রেষ্ঠ ! তস্মাদিহ অভিষেকং কুরু ॥১৯॥

তত ইতি । নন্দায়াং নদ্যামাপ্লুতানি অবগাঢ়ানি অঙ্গানি যস্য সঃ । কৌশিকীং নদীম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

প্রত্যাহরূপকং দর্শনে বিঘ্নরূপম্ ॥১৩—১৪॥ নিয়তবাঙ্মৌনবান্ ॥১৫—১৮॥ হে কুরুশ্রেষ্ঠ ! ইতি চ্ছেদঃ ॥১৯—২১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯২॥

নরনাথ ! এই দূর্বাগুলি যেন কুশের মত, এই ভূমিটা যেন কুশাস্তৃত এবং এই বহুতর বৃক্ষও যেন যূপের তুল্য দেখা যাইতেছে ॥১৭॥

ভরতনন্দন ! সেই দেবতারা ও ঋষিরা প্রচ্ছন্নভাবে অদ্যাপি এখানে বাস করিতেছেন ; তাই প্রাতঃকালে ও সন্ধ্যাকালে তাঁহাদেরই যজ্ঞাগ্নি দেখা যায় ॥১৮॥

কুরুশ্রেষ্ঠ কুন্তীনন্দন ! এখানে যাহারা স্নান করে, তাহাদের সদ্যই পাপ নষ্ট হয় । অতএব তুমি অনুজগণের সহিত এই খানে স্নান কর ॥১৯॥

এই নন্দানদীতে স্নান করিয়া তাহার পর তুমি কৌশিকীনদীতে যাইবে ; যে খানে বিশ্বামিত্র অত্যুত্তম ও ভয়ঙ্কর তপস্যা করিয়াছিলেন' ॥২০॥

✝ অয়ং পাঠঃ বা ব কা পি নাস্তি । * '…দশাধিকশততমোঽধ্যায়ঃ' পি নি, বা ব কা অধ্যায়সমাপ্তির্নাস্তি ।

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ

——॰॰(*)॰॰——

লোমশ উবাচ।

এষা দেবনদী পুণ্যা কৌশিকী ভরতর্ষভ !।
বিশ্বামিত্রাশ্রমো রম্য এষ চাত্র প্রকাশতে ॥১॥
আশ্রমশ্চৈব পুণ্যাখ্যঃ কাশ্যপস্য মহাত্মনঃ।
ঋষ্যশৃঙ্গঃ সুতো যস্য তপস্বী সংযতেন্দ্রিয়ঃ ॥২॥
তপসো যঃ প্রভাবেণ বর্ষয়ামাস বাসবম্।
অনাবৃষ্ট্যাং ভয়াদ্যস্য ববর্ষ বলবৃত্রহা ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। তত্র নন্দানন্দায়াম্। সগণঃ সপরিজনঃ। কৌশিকীং নদীম্ ॥২১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

এষেতি। পুণ্যা পুণ্যজনিকা, অতএব দেবনদী দেবানামপ্যাদৃতা নদী ॥১॥

আশ্রম ইতি। কাশ্যপস্য কাশ্যপগোত্রজস্য বিভাণ্ডকস্য। ঋষ্যস্য মৃগবিশেষস্যেব শৃঙ্গং যস্য সঃ। অয়ং মূর্দ্ধন্যষকারবান্ তালব্যশকারবাংশ্চ, "গোকর্ণপৃষতৈণর্ষ্যরোহিতাঃ" ইত্যমরোক্তেঃ, "গতং রোহিদ্ভূতাং রিরময়িষুমৃষ্যস্য বপুষা" ইতি মহিম্নঃ স্তোত্রাৎ, "বলবদৃশ্যা দৃশ্যা স্থলী" ইতি বৃন্দাবনযমকাচ্চ ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যুধিষ্ঠির সহচরদিগের সহিত সেই নন্দা-নদীতে স্নান করিয়া পুণ্যজনিকা, মনোহরা, শীতলজলা ও মঙ্গলকারিণী কৌশিকী-নদীতে গমন করিলেন ॥২১॥

——*(:০:)*——

লোমশ বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! পুণ্যজনিকা ও দেবাদৃতা এই কৌশিকী-নদী এবং ইহার তীরে এই মনোহর বিশ্বামিত্রের আশ্রম শোভা পাইতেছে ॥১॥

আর, মহাত্মা বিভাণ্ডকমুনির এই পুণ্যাখ্য আশ্রম দেখা যাইতেছে; যাঁহার পুত্র ঋষ্যশৃঙ্গ তপস্বী ও সংযতেন্দ্রিয় ছিলেন ॥২॥

যিনি তপস্যার প্রভাবে ইন্দ্রদ্বারা বর্ষণ করাইয়াছিলেন এবং ইন্দ্রও যাঁহার ভয়ে অনাবৃষ্টির সময়ে বর্ষণ করিয়াছিলেন ॥৩॥

মৃগ্যাং জাতঃ স তেজস্বী কাশ্যপস্য সুতঃ প্রভুঃ।
বিষয়ে লোমপাদস্য যশ্চকারাদ্ভুতং মহৎ ॥৪॥
প্রবর্ত্তিতেষু শস্যেষু যস্মৈ শান্তাং দদৌ নৃপঃ।
লোমপাদো দুহিতরং সাবিত্রীং সবিতা যথা ॥৫॥

যুধিষ্ঠির উবাচ।

ঋষ্যশৃঙ্গঃ কথং মৃগ্যামুৎপন্নঃ কাশ্যপাত্মজঃ।
বিরুদ্ধে যোনিসংসর্গে কথঞ্চ তপসা যুতঃ ॥৬॥
কিমর্থঞ্চ ভয়াচ্ছক্রস্তস্য বালস্য ধীমতঃ।
অনাবৃষ্ট্যাং প্রবৃত্তায়াং ববর্ষ বলবৃত্রহা ॥৭॥
কথংরূপা চ সা শান্তা রাজপুত্রী যতব্রতা।
লোভয়ামাস যা চেতো মৃগভূতস্য তস্য বৈ ॥৮॥
লোমপাদশ্চ রাজর্ষির্যদাশ্রূয়ত ধার্ম্মিকঃ।
কথং বৈ বিষয়ে তস্য নাবর্ষৎ পাকশাসনঃ ॥৯॥

ভারতকৌমুদী

তপস ইতি। বর্ষয়ামাস বৃষ্টিং কারয়ামাস। বলবৃত্রহা ইন্দ্রঃ ॥৩॥
মৃগ্যামিতি। কাশ্যপস্য বিভাণ্ডকস্য। বিষয়ে দেশে, লোমপাদস্য রাজ্ঞঃ ॥৪॥
প্রবর্ত্তিতেম্বিতি। প্রবর্ত্তিতেষু বৃষ্ট্যা উৎপাদিতেষু। শান্তাং নাম ॥৫॥
ঋষ্যেতি। যোনিসংসর্গে বিরুদ্ধে সতি ভিন্নপ্রাণিত্বাদিতি ভাবঃ। জাত ইতি শেষঃ ॥৬॥
কিমর্থমিতি। শক্র ইন্দ্রঃ, তস্য ঋষ্যশৃঙ্গস্য। প্রবৃত্তায়ামুপস্থিতায়াম্ ॥৭॥
কথমিতি। কথংরূপা কিস্তূতা আসীৎ। যতম্ ইন্দ্রিয়সংযম এব ব্রতং যস্যাঃ সা ॥৮॥

তেজস্বী ও তপঃপ্রভাবশালী সেই ঋষ্যশৃঙ্গ লোমপাদরাজার রাজ্যে বিভাণ্ডক-মুনির ঔরসে মৃগীর গর্ভে জন্মিয়াছিলেন; যিনি গুরুতর অদ্ভুত কার্য্য করিয়াছিলেন ॥৪॥

সূর্য্য যেমন সাবিত্রীকে দান করিয়াছিলেন, সেই রূপ লোমপাদরাজা শস্য উৎপন্ন হইলে আপন কন্যা শান্তাকে যাঁহার হস্তে দান করিয়াছিলেন ॥৫॥

যুধিষ্ঠির বলিলেন—'বিভাণ্ডকমুনির পুত্র ঋষ্যশৃঙ্গ কি করিয়া মৃগীর গর্ভে উৎপন্ন হইলেন? বিভিন্ন প্রাণীর সংসর্গজাত সন্তানই বা কি করিয়া তপস্বী হইল? ॥৬॥

বল ও বৃত্রাসুরহন্তা ইন্দ্রই বা কি জন্য অনাবৃষ্টির সময়ে সেই বালক ঋষ্যশৃঙ্গের ভয়ে বর্ষণ করিয়াছিলেন? ॥৭॥

আর, সেই রাজকন্যা শান্তাই বা কিরূপ ছিলেন, যিনি সংযত হইয়া মৃগভূত ঋষ্যশৃঙ্গের চিত্ত লুব্ধ করিয়াছিলেন ॥৮॥

এতন্মে ভগবন্! সর্ব্বং বিস্তরেণ যথাতথম্।
বক্তুমর্হসি শুশ্রূষোর্ঋষ্যশৃঙ্গস্য চেষ্টিতম্ ॥১০॥

লোমশ উবাচ।

বিভাণ্ডকস্য বিপ্রর্ষেস্তপসা ভাবিতাত্মনঃ।
অমোঘবীর্য্যস্য সতঃ প্রজাপতিসমদ্যুতেঃ ॥১১॥
শৃণু পুত্রো যথা জাত ঋষ্যশৃঙ্গঃ প্রতাপবান্।
মহাহ্রস্য মহাতেজা বালঃ স্থবিরসম্মতঃ ॥১২॥ (যুগ্মকম্)
মহাহ্রদং সমাসাদ্য কাশ্যপস্তপসি স্থিতঃ।
দীর্ঘকালং পরিশ্রান্ত ঋষিঃ স দেবসম্মিতঃ ॥১৩॥
তস্য রেতঃ প্রচস্কন্দ দৃষ্ট্বাপ্সরসমুর্ব্বশীম্।
অপ্সূপস্পৃশতো রাজন্! মৃগী তচ্চাপিবত্তদা ॥১৪॥

ভারতকৌমুদী

লোমেতি। যদা ধার্ম্মিকঃ শ্রূয়তে, তদা কথম্, তস্য বিষয়ে দেশে রাজ্যে ॥৯॥

এতদিতি। শুশ্রূষোঃ শ্রোতুমিচ্ছোঃ। চেষ্টিতং চরিতম্ ॥১০॥

বিভেতি। ভাবিতাত্মনঃ শোধিতচিত্তস্যাপি সত ইতি সম্বন্ধঃ। মহাহ্রস্য মহর্ষিত্বা-ন্মহামান্যস্য। স্থবিরসম্মতঃ জ্ঞানতপোঽতিরেকাদ্‌বৃদ্ধত্বেন লোকৈরভিমতঃ ॥১১—১২॥

মহেতি। কাশ্যপো বিভাণ্ডকঃ। দীর্ঘকালং তপসি স্থিতঃ অতএব পরিশ্রান্তঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

এষেতি ॥১॥ কাশ্যপস্য বিভাণ্ডকস্য। ঋশ্যেতি তালব্যাদিঃ, মূর্দ্ধন্যাদিপাঠঃ প্রামাদিকঃ, ঋশ্যো মৃগস্তস্যেব শৃঙ্গমস্যাস্তীতি ঋষ্যশৃঙ্গঃ; "ঋশ্যো ন ঋশ্যান্" ইতি মন্ত্রবর্ণাৎ ॥২— ৯॥ শুশ্রূষোর্মে

এবং রাজর্ষি লোমপাদকে যখন ধার্ম্মিক বলিয়া শুনা যায়, তখন তাঁহার রাজ্যেই বা কেন ইন্দ্র বর্ষণ করেন নাই? ॥৯॥

ভগবন্! আমি শুনিতে ইচ্ছা করি; অতএব আপনি এই সমস্ত ঋষ্য-শৃঙ্গের চরিত্র বিস্তরক্রমে এবং যথাযথভাবে আমার নিকট বলুন' ॥১০॥

লোমশ বলিলেন—'অব্যর্থবীর্য্য, ব্রহ্মার তুল্য তেজস্বী, মহামান্য এবং ব্রহ্মর্ষি বিভাণ্ডকমুনি তপঃপ্রভাবে শোধিতচিত্ত হইলেও, তপঃপ্রভাবশালী, মহাতেজা এবং বালক হইয়াও স্থবিরসম্মত ঋষ্যশৃঙ্গ যে ভাবে তাঁহার পুত্র হইয়াছিলেন, তাহা তুমি শ্রবণ কর ॥১১—১২॥

কাশ্যপগোত্র ও দেবতুল্য সেই বিভাণ্ডকমুনি কোন মহাহ্রদে যাইয়া দীর্ঘ-কাল তপস্যায় প্রবৃত্ত থাকিয়া পরিশ্রান্ত হইয়াছিলেন ॥১৩॥

রাজা! একদা তিনি স্নান করিতেছিলেন, এমন সময়ে অপ্সরা উর্ব্বশীকে

সহ তোয়েন তৃষিতা গর্ভিণী চাভবত্ততঃ।
সা পুরোক্তা ভগবতা ব্রহ্মণা লোককর্ত্তৃণা ॥১৫॥ (যুগ্মকম্)
দেবকন্যা মৃগী ভূত্বা মুনিং সূয় বিমোক্ষ্যসে।
অমোঘত্বাদ্বিধেশ্চৈব ভাবিত্বাদ্দৈবনির্ম্মিতাৎ ॥১৬॥
তস্যাং মৃগ্যাং সমভবত্তস্য পুত্রো মহানৃষিঃ।
ঋষ্যশৃঙ্গস্তপোনিত্যো বন এবাভ্যবর্ত্তত ॥১৭॥ (যুগ্মকম্)
তস্যর্ষেঃ শৃঙ্গং শিরসি রাজন্নাসীন্মহাত্মনঃ।
তেনর্ষ্যশৃঙ্গ ইত্যেবং তদা স প্রথিতোঽভবৎ ॥১৮॥
ন তেন দৃষ্টপূর্ব্বোঽন্যঃ পিতুরন্যত্র মানুষঃ।
তস্মাত্তস্য মনো নিত্যং ব্রহ্মচর্য্যেঽভবন্নৃপ ! ॥১৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। উপস্পৃশতঃ স্নানং কুর্বতস্তস্য রেতঃ, অপ্সু জলে, প্রচস্কন্দ স্খলতি স্ম। তচ্চ তৃষিতা মৃগী তোয়েন সহাপিবৎ। লোককর্ত্তৃণেতি আর্যত্বাদনপ্রিত্বেঽপি নাদেশঃ ॥১৪—১৫॥

ব্রহ্মণা কিমুক্তেত্যাহ দেবেতি। ত্বং দেবকন্যাপি অপরাধান্মৃগী ভূত্বা, মুনিং সূয় প্রসূয় বিমোক্ষ্যস ইতি। অমোঘত্বাদ্ব্রহ্মবাক্যস্য অব্যর্থত্বাৎ, বিধেশ্চ অবশ্যম্ভাবিনো ব্যাপারস্য চ দৈবনির্ম্মিতাৎ অদৃষ্টকৃতাদ্ভাবিত্বাদ্ধেতোঃ। তস্য বিভাণ্ডকস্য। তপ এব নিত্যং যস্য সঃ। অভ্যবর্ত্তত অতিষ্ঠৎ ॥১৬—১৭॥

অথ তস্য ঋষ্যশৃঙ্গনামত্বে কো হেতুরিত্যাহ তস্যেতি। ইত্যেবং নাম্না ॥১৮॥

ভারতভাবদীপঃ

মম ইতি সম্বন্ধঃ ॥১০—১১॥ মহার্হস্যাতিপূজ্যস্য ॥১৩—১৪॥ তোয়েন সহাঽপিবদিত্যন্বয়ঃ ॥১৫॥ সূয় প্রসূয়, বিধেৰ্বিধিবাক্যস্য দৈবনির্ম্মিতাদ্ধেতোর্ভাবিত্বাৎ অপরিহার্য্যত্বাচ্চ ॥১৬—১৯॥

দেখিয়া জলের ভিতরেই তাঁহার শুক্র স্খলন হইয়াছিল; তখন পিপাসার্ত্ত কোন হরিণী জলের সহিত সেই শুক্র পান করিয়াছিল; তাহাতেই সেই হরিণী গর্ভবতী হইয়াছিল। কারণ, জগৎসৃষ্টিকর্ত্তা ভগবান্ ব্রহ্মা পূর্ব্বজন্মে তাহাকে বলিয়াছিলেন—॥১৪—১৫॥

'তুমি দেবকন্যা হইলেও (অপরাধনিবন্ধন) হরিণী হইয়া কোন মুনিকে প্রসব করিয়া পরে মুক্তি লাভ করিবে'। বিধাতার বাক্য অব্যর্থ বলিয়া এবং দৈব-বশতঃ সেই রূপ হইবে বলিয়া সেই হরিণীর গর্ভেই বিভাণ্ডকের মহর্ষি পুত্র হইয়াছিল। সেই ঋষ্যশৃঙ্গ সর্বদা তপস্যায় প্রবৃত্ত থাকিয়া বনেই থাকিতেন ॥১৬—১৭॥

রাজা! মহাত্মা বিভাণ্ডকপুত্রের মস্তকে শৃঙ্গ ছিল; সেই জন্যই তিনি তখন 'ঋষ্যশৃঙ্গ' এই নামে প্রসিদ্ধ হইয়াছিলেন ॥১৮॥

এতস্মিন্নেব কালে তু সখা দশরথস্য বৈ।
লোমপাদ ইতি খ্যাতো হ্যঙ্গানামীশ্বরোঽভবৎ ॥২০॥
তেন কামাৎ কৃতং মিথ্যা ব্রাহ্মণস্যেতি নঃ শ্রুতিঃ।
স ব্রাহ্মণৈঃ পরিত্যক্তস্তদা বৈ জগতঃ পতিঃ ॥২১॥
পুরোহিতাপচারাচ্চ তস্য রাজ্ঞো মহামতেঃ।
ন ববর্ষ সহস্রাক্ষস্ততোঽপীড্যন্ত বৈ প্রজাঃ ॥২২॥
স ব্রাহ্মণান্ পর্য্যপৃচ্ছত্তপোযুক্তান্ মনীষিণঃ।
প্রবর্ষণে সুরেন্দ্রস্য সমর্থান্ পৃথিবীপতে! ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। পিতুর্বিভাণ্ডকাৎ। অন্যত্র স্থানেঽপি। ব্রহ্মচর্য্যে সর্ব্বথা স্ত্রীসংসর্গরাহিত্যে ॥১৯॥
এতস্মিন্নিতি। অঙ্গানাম্ অঙ্গদেশস্য, ঈশ্বরঃ পতিঃ ॥২০॥
কস্মাদিমৌ রামজনার্দ্দনৌ চ প্রদ্যুম্নশাম্বৌ চ ময়া সমেতৌ।
বসন্ত্যরণ্যে সহ সোদরীয়ৈস্ত্রৈলোক্যনাথানধিগম্য পার্থাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

আক্ষেপাদ্ব্রবীতি জিত ইতি। নিরস্তে নির্বাসিতে। সীদতি বিদীর্য্যতে ॥২২॥
নেতি। পরিদেবনায় বিলাপায়, যৎ উত্তরং পরকর্ত্তব্যম্। নাহ ন ব্রবীতি ॥২৩॥
য ইতি। নাথঃ সহায়ঃ। আত্মনা স্বয়ম্। ভবন্তি প্রবৃত্তা ইতি শেষঃ ॥২৪॥
যেষামিতি। নাথাঃ সহায়াঃ। অনাথবৎ নিঃসহায়া ইব, কৃচ্ছ্রং কষ্টম্ ॥২৫॥
কস্মাদিতি। ত্রৈলোক্যনাথান বলপ্রভাবেণ ত্রিভুবনপ্রভুত্বযোগ্যান্ রামাদীন্ ॥২৬॥

ভার্য্যা, ভ্রাতা ও অনুচরবর্গের সহিত ধর্ম্মপুত্র যুধিষ্ঠির বিজিত ও নির্ব্বাসিত হইয়াছেন; আর (পাপাত্মা) দুর্য্যোধন বৃদ্ধি পাইতেছে; ইহাতে পর্ব্বতসমন্বিতা পৃথিবী বিদীর্ণ হইতেছেন না কেন?' ॥২২॥

সাত্যকি বলিলেন—'বলদেব! এটা বিলাপ করিবার সময় নহে। যদিও যুধিষ্ঠির কিছু বলিতেছেন না, তথাপি আমরা সকলেই অবিলম্বে সেখানে যাইয়া—যাহা পরকর্ত্তব্য, তাহাই করি ॥২৩॥

কারণ, যে সকল লোক সহায়সম্পন্ন হন, তাঁহারা নিজেরা কোন কর্ম্ম করেন না। যে হেতু শিবিপ্রভৃতি যেমন যযাতির কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন, তেমন সহায় লোকেরাই তাঁহাদের কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকে ॥২৪॥

বলদেব! জগতে সহায় লোকেরা আপন আপন মত অনুসারে যাঁহাদের কার্য্য করে, সেই সহায়সম্পন্ন প্রধান পুরুষেরা নিঃসহায়ের ন্যায় কষ্ট অনুভব করেন না ॥২৫॥

আমার সহিত এই রাম ও কৃষ্ণ এবং প্রদ্যুম্ন ও শাম্ব, আমরা এই কয়

(২২) ইতঃ পরম্ '...একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ...' বা ব কা, '...বিংশত্যধিক-শততমোঽধ্যায়ঃ' পি নি। (২৪)...শৈব্যাদয়ো রাম!...নি।

নির্যাতু সাধ্বদ্য দশার্হসেনা প্রভূতনানায়ুধচিত্রবর্ম্মা।
যমক্ষয়ং গচ্ছতু ধার্ত্তরাষ্ট্রঃ সবান্ধবো বৃষ্ণিবলাভিভূতঃ ॥২৭॥
ত্বং হ্যেব কোপাৎ পৃথিবীমপীমাং বিনাশয়েস্তিষ্ঠতু শার্ঙ্গধন্বা।
স ধার্ত্তরাষ্ট্রং জহি সানুবন্ধং বৃত্রং যথা দেবপতির্মহেন্দ্রঃ ॥২৮॥
ভ্রাতা চ মে যঃ স সখা গুরুশ্চ জনার্দ্দনস্যাত্মসমশ্চ পার্থঃ।
যদর্থমৈচ্ছন্মনুজঃ সুপুত্রং শিষ্যং গুরুশ্চাপ্রতিকূলবাদম্ ॥২৯॥
যদর্থমভ্যুদ্যতমুত্তমং তৎ করোতি কর্ম্মাগ্র্যমপারণীয়ম্।
তস্যাস্ত্রবর্ষাণ্যহমুত্তমাস্ত্রৈর্বিহত্য সর্বাণি রণেঽভিভূয় ॥৩০॥

ভারতকৌমুদী

নির্যাত্বিতি। দশার্হাণাং বৃষ্ণীনাং সেনা। যমক্ষয়ং যমালয়ম্ ॥২৭॥

ত্বমিতি। ত্বমেক এবেতি ভাবঃ। শার্ঙ্গধন্বা কৃষ্ণঃ। বৃত্রং বৃত্রাসুরম্ ॥২৮॥

ভ্রাতেতি। যো মে ভ্রাতা পিতৃষ্বসৃপুত্রসম্পর্কাৎ, সখা সৌহার্দ্দাৎ, গুরুশ্চ অস্ত্রশিক্ষাদানাৎ, জনার্দ্দনস্য কৃষ্ণস্য চ আত্মসমঃ সখা, স পার্থোঽর্জ্জুনশ্চ, তিষ্ঠত্বিতি পূর্ব্বানুবৃত্তিঃ। যেন হি মনুজঃ, যদর্থং স্বকার্য্যকরণার্থম্, সুপুত্রম্, ঐচ্ছৎ, গুরুশ্চ অপ্রতিকূলবাদং শিষ্যম্ ঐচ্ছৎ। অর্জ্জুনশিষ্যোঽহমর্জ্জুনস্য তৎ কার্য্যং করিষ্যামীতি শেষঃ ॥২৯॥

অথ বিপক্ষঃ কর্ণোঽস্তীতি চেত্তত্রাহ যদর্থমিতি। যেন কর্ণেন যদর্থং দুর্য্যোধনবিপক্ষ

ভারতভাবদীপঃ

অস্তস্পৃশা ইতি চ্ছেদঃ ॥২১—২৩॥ নাথবন্ত ঐশ্বর্য্যবন্তঃ। ভাবে ঘঙ্, নাথন। ন স্বয়ং নাথাঃ কার্য্যসাধকাঃ, শিব্যাদয় ইত্যেবপাঠঃ, শৈব্যাদয় ইতি পাঠে তু স্বার্থে ষঙ্ ॥২৪—২৯॥ স

জনই ত্রিভুবনেরও প্রভুত্ব করিতে পারি। সুতরাং আমাদিগকে পাইয়া পাণ্ডবগণ কেন আত্মীয়গণের সহিত বনে বাস করিতেছেন? ॥২৬॥

সুতরাং অদ্যই বৃষ্ণিসেনা বিচিত্র বর্ম্ম পরিধান করিয়া এবং প্রচুর পরিমাণে নানাবিধ অস্ত্র লইয়া সুন্দরভাবে নির্গত হউক; পরে বান্ধবগণের সহিত দুর্য্যোধন বৃষ্ণিসৈন্যে আক্রান্ত হইয়া যমালয়ে গমন করুক ॥২৭॥

অথবা কৃষ্ণ (প্রভৃতি) থাকুন; আপনি একাই ত ক্রোধে এই পৃথিবীটাকেও বিনাশ করিতে পারেন। সুতরাং দেবরাজ ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন, তেমন আপনিই অনুচরবর্গের সহিত দুর্য্যোধনকে বধ করুন ॥২৮॥

যিনি আমার ভ্রাতা, সখা ও গুরু এবং কৃষ্ণের আত্মতুল্য সুহৃৎ, সেই অর্জ্জুনও থাকুন। কারণ, মানুষ যে জন্য সুপুত্র ইচ্ছা করে এবং গুরু যে জন্য অপ্রতিকূলবাদী শিষ্য ইচ্ছা করেন, তাহা আমিই করিব; কেন না, আমি অর্জ্জুনের শিষ্য ॥২৯॥

(২৮)···সংবেষ্টয়েস্তিষ্ঠতু শার্ঙ্গধন্বা···বা ব কা নি। (২৯)···যদর্থমৈচ্ছন্ মনুজাঃ···বা ব কা।

কোপাচ্ছিরঃ সর্পবিষাগ্নিকল্পৈঃ শরোত্তমৈরুন্মথিতাস্মি রাম !।
খড়্গেন চাহং নিশিতেন সংখ্যে কায়াচ্ছিরস্তস্য বলাৎ প্রমথ্য ॥৩১॥
ততোঽস্য সর্বাননুগান্ হনিষ্যে দুর্যোধনঞ্চাপি কুরূংশ্চ সর্বান্।
আত্তায়ুধং মামিহ রৌহিণেয় ! পশ্যন্তু ভৈমা যুধি জাতহর্ষাঃ ॥৩২॥
নিঘ্নন্তমেকং কুরুযোধমুখ্যানগ্নিং মহাকক্ষমিবান্তকালে।
প্রদ্যুম্নমুক্তান্ নিশিতান্ ন শক্তাঃ সোঢ়ুং কৃপদ্রোণবিকর্ণকর্ণাঃ ॥৩৩॥
(কলাপকম্)

জানামি বীর্য্যঞ্চ জয়াত্মজস্য কার্ষ্ণির্ভবত্যেষ যথা রণস্থঃ।
শাম্বঃ সসূতং সরথং ভুজাভ্যাং দুঃশাসনং শাস্তু বলাৎ প্রমথ্য ॥৩৪॥

ভারতকৌমুদী

জন্যার্থম্, উত্তমমস্ত্রম্ অভ্যস্তম্, যশ্চ কর্ণঃ অন্যৈরপারণীয়ম্, অসাধ্যং শ্রেষ্ঠং তৎ দুর্যোধন-বিপক্ষবিজয়রূপং কর্ম্ম করোতি; অহমুত্তমাস্ত্রৈঃ রণে তস্য সর্বাণি অস্ত্রবর্ষাণি বিহত্য, তঞ্চাভিভূয়, কোপাৎ, সর্পবিষাগ্নিকল্পৈঃ শরোত্তমৈঃ, তস্য শিরঃ উন্মথিতাস্মি বিদলিষ্যামি। অথবা হে রাম ! অহং সংখ্যে যুদ্ধে বলাৎ নিশিতেন খড়্গেন তস্য কায়াৎ শিরঃ প্রমথ্য নিপাত্য, ততঃ অস্য কর্ণস্য সর্বান্ অনুগান্, দুর্যোধনঞ্চ, অন্যান্ সর্বান্ কুরূংশ্চাপি হনিষ্যে। হে রৌহিণেয় ! রাম ! ভৈমা ভীমপক্ষীয়া যোধাঃ, জাতহর্ষাঃ সন্তঃ, অন্তকালে মহাকক্ষং মহাশুষ্কবনম্, নিঘ্নন্তং দহন্তমগ্নিমিব, ইহ যুধি, আত্তায়ুধং গৃহীতাস্ত্রম্, কুরুযোধমুখ্যান্ নিঘ্নন্তম্ একং মামেব পশ্যন্তু। কিঞ্চ, কৃপদ্রোণবিকর্ণকর্ণা অপি প্রদ্যুম্নমুক্তান্ নিশিতান্ বাণান্ সোঢ়ুং ন শক্তা ভবেয়ুঃ ॥৩০—৩৩॥

জানামীতি। এষ কার্ষ্ণিঃ কৃষ্ণপুত্রঃ প্রদ্যুম্নঃ, রণস্থো যথা ভবতি, তথা তস্য জয়াত্মজস্য অর্জ্জুনপুত্রস্য অভিমন্যোশ্চ বীর্যং জানামি ॥৩৪॥

বলদেব ! যে কর্ণ যে জন্য উত্তম অস্ত্র সকল ধারণ করিয়াছে এবং যে কর্ণ অন্যের অসাধ্য সেই শ্রেষ্ঠ কার্য্য সম্পাদনও করিয়া থাকে, আমি উত্তম উত্তম অস্ত্রদ্বারা যুদ্ধে সেই কর্ণের সমস্ত অস্ত্রবর্ষণ প্রতিহত করিয়া এবং তাহাকে পরাভূত করিয়া, সর্পবিষ ও অগ্নির তুল্য তীক্ষ্ণ উত্তম বাণসমূহ দ্বারা ক্রোধে তাহার মস্তক বিদীর্ণ করিব; কিংবা আমি নিশিত তরবারিদ্বারা যুদ্ধে বলপূর্ব্বক তাহার দেহ হইতে মস্তক বিচ্ছিন্ন করিয়া, তৎপরে তাহার সমস্ত অনুচর, দুর্য্যোধন এবং সমস্ত কৌরবকে বিনাশ করিব। রোহিণীনন্দন ! তৎকালে ভীমপক্ষীয় লোকেরা আনন্দিত হইয়া দেখিবে যে, প্রলয়কালে অগ্নি যেমন শুষ্ক মহাবন দগ্ধ করে, আমি একাকী অস্ত্র ধারণ করিয়া সেইরূপই সেই যুদ্ধে কুরুপক্ষীয় যোদ্ধৃশ্রেষ্ঠদিগকে বিনাশ করিতেছি। তা'র পর, কৃপ, দ্রোণ, বিকর্ণ ও কর্ণ ইঁহারা প্রদ্যুম্ননিক্ষিপ্ত বাণ সহ্য করিতে পারিবেন না ॥৩০—৩৩॥

ন বিদ্যতে জাম্ববতীসুতস্য রণেঽবিষহ্যং হি রণোৎকটস্য।
এতেন বালেন হি শম্বরস্য দৈত্যস্য সৌভং সহসা প্রণুন্নম্ ॥৩৫॥
বৃত্তোরুরত্যায়তপীনবাহুরেতেন সংখ্যে নিহতোঽশ্বচক্রঃ।
কো নাম শাম্বস্য মহারথস্য রণে সমক্ষং রথমভ্যুদীয়াৎ ॥৩৬॥
যথা প্রবিশ্যান্তরমন্তকস্য কালে মনুষ্যো ন বিনিষ্ক্রমেত।
তথা প্রবিশ্যান্তরমস্য সংখ্যে কো নাম জীবন্ পুনরাব্রজেচ্চ ॥৩৭॥
দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ মহারথৌ তৌ সুতৈর্বৃতঞ্চাপ্যথ সোমদত্তম্।
সর্বাণি সৈন্যানি চ বাসুদেবঃ প্রধক্ষ্যতে সায়কবহ্নিজালৈঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

নেতি। জাম্ববতীসুতস্য শাম্বস্য, অবিষহমসহ্যমিত্যর্থঃ। সৌভং বিমানম্ ॥৩৫॥

বৃত্তেতি। বৃত্তৌ গোলৌ ঊরূ যস্য সঃ, অত্যায়তপীনৌ অতিদীর্ঘস্থূলৌ বাহূ যস্য সঃ। সংখ্যে যুদ্ধে, অশ্বচক্রো নাম বীরঃ। রথম্ আদদ্যাদিতি শেষঃ ॥৩৬॥

যথেতি। অন্তকস্য অন্তরং বাহুমধ্যম্। সংখ্যে অন্তরং যুদ্ধস্য মধ্যম্ ॥৩৭॥

দ্রোণমিতি। বাসুদেবস্য সর্বসংহারসামর্থ্যমনেন সূচিতম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

পার্থোঽপি তিষ্ঠত্বিতি পূর্বেণান্বয়ঃ, সমরং শত্রুবধার্থম্ ॥২৯॥ তৎ স্বপুত্রাদিকং অস্মাকমস্তীতি শেষঃ ॥৩০—৩১॥ ভৈমা ভীমকন্যকা রুক্মিণী ভীমবংশজা বা ॥৩২—৩৩॥ [illegible]

অর্জ্জুনের পুত্র অভিমন্যুর বলও আমি জানি,—যুদ্ধে থাকিয়া এই প্রদ্যুম্ন যেমন হয়, অভিমন্যুও তেমনই হইতে পারিবে। তা'র পর, শাম্ব বাহুযুগল-দ্বারা বলপূর্ব্বক অভিভূত করিয়া রথ ও সারথির সহিত দুঃশাসনকে নিগৃহীত করুক ॥৩৪॥

যুদ্ধে যুদ্ধমত্ত শাম্বের কিছুই অসহ্য নাই। কারণ, এই শাম্বই বাল্যকালে শম্বরাসুরের বিমানখানাকে হঠাৎ বিনষ্ট করিয়াছিল ॥৩৫॥

তা'র পর, যাহার ঊরুযুগল গোল এবং বাহুযুগল অতিশয় দীর্ঘ ও স্থূল ছিল, সেই অশ্বচক্রকেও এই শাম্বই যুদ্ধে বিনাশ করিয়াছিল। সুতরাং যুদ্ধে মহারথ শাম্বের সমক্ষে কোন্ ব্যক্তি রথ লইয়া আসিতে পারিবে? ॥৩৬॥

আয়ুঃশেষকালে যমের বাহুযুগলের মধ্যে প্রবেশ করিয়া মানুষ যেমন নির্গত হইতে পারে না, তেমন শাম্বের যুদ্ধমধ্যে প্রবেশ করিয়া কোন্ ব্যক্তি জীবিত অবস্থায় আবার ফিরিয়া আসিতে পারিবে? ॥৩৭॥

তা'র পর, কৃষ্ণ বাণবহ্নিসমূহদ্বারা মহারথ ভীষ্ম ও দ্রোণকে এবং পুত্রগণে পরিবেষ্টিত সোমদত্তকে, আর সমস্ত সৈন্যকে দগ্ধই করিয়া ফেলিবেন ॥৩৮॥

কিং নাম লোকেষ্ববিষহ্যমস্তি কৃষ্ণস্য সর্ব্বেষু সদেবকেষু।
আত্তায়ুধস্যোত্তমবাণপাণেশ্চক্রায়ুধস্যাপ্রতিমস্য যুদ্ধে ॥৩৯॥
ততোঽনিরুদ্ধোঽপ্যসিচর্ম্মপাণির্মহীমিমাং ধার্ত্তরাষ্ট্রৈর্বিসংজ্ঞৈঃ।
হৃতোত্তমাঙ্গৈর্নিহিতৈঃ করোতু কীর্ণাং কুশৈর্বেদিমিবাধ্বরেষু ॥৪০॥
গদোল্মুকৌ বাহুকভানুনীথাঃ শূরশ্চ সংখ্যে নিশঠঃ কুমারঃ।
রণোৎকটৌ সারণচারুদেষ্ণৌ কুলোচিতং বিপ্রথয়ন্তু কর্ম্ম ॥৪১॥
সবৃষ্ণিভোজান্ধকযোধমুখ্যা সমাগতা সাত্বতশূরসেনা।
হত্বা রণে তান্ ধৃতরাষ্ট্রপুত্রান্ লোকে যশঃ স্ফীতমুপাকরোতু ॥৪২॥
ততোঽভিমন্যুঃ পৃথিবীং প্রশাস্তু যাবদ্‌ব্রতং ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ।
যুধিষ্ঠিরঃ পারয়তে মহাত্মা দ্যূতে যথোক্তং কুরুসত্তমেন ॥৪৩॥

ভারতকৌমুদী

কিমিতি। দেবৈঃ সহেতি সদেবকাস্তেষু, বহুব্রীহৌ কপ্রত্যয়ঃ ॥৩৯॥

তত ইতি। হৃতোত্তমাঙ্গৈশ্ছিন্নমস্তকৈঃ, নিহিতৈর্ভূতলপাতিতৈঃ। কীর্ণাং ব্যাপ্তাম্ ॥৪০॥

গদেতি। গদাদীনি বৃষ্ণিবীরাণাং নামানি। বিপ্রথয়ন্তু প্রকাশয়ন্তু ॥৪১॥

সেতি। সাত্বতস্য যদুবংশস্য শূরসেনা বীরসৈন্যম্। উপাকরোতু উৎপাদয়তু ॥৪২॥

অথ ধার্ত্তরাষ্ট্রান্ বিজিত্য বয়মেব কিং তদীয়রাজ্যং গৃহ্নীমঃ। যেন বনবাসব্রতসমাপ্তেঃ পূর্ব্বং যুধিষ্ঠিরো রাজ্যং ন গৃহ্নীয়াদিত্যাহ তত ইতি। পারয়তে সমাপয়তি ॥৪৩॥

কৃষ্ণ যখন উত্তম বাণ, চক্র বা অন্যান্য অস্ত্র ধারণ করেন, তখন যুদ্ধে উনি অতুলনীয়ই হন। সুতরাং দেবগণের সহিত সমস্ত জগতে কৃষ্ণের অসহ্য কি আছে? ॥৩৯॥

তা'র পর, যাজ্ঞিকেরা যেমন কুশদ্বারা যজ্ঞবেদি আস্তীর্ণ করেন, সেইরূপ অনিরুদ্ধও অসি-চর্ম্ম ধারণ করিয়া, মস্তকচ্ছেদনপূর্ব্বক ভূশায়িত করিয়া অচৈতন্য ধার্ত্তরাষ্ট্রগণদ্বারা এই পৃথিবীকে আস্তীর্ণ করুক ॥৪০॥

বীর গদ, উল্মুক, বাহুক, ভানু, নীথ, কুমার নিশঠ, এবং যুদ্ধমত্ত সারণ ও চারুদেষ্ণ, ইহারা যুদ্ধে বংশোচিত কার্য্য প্রকাশ করুক ॥৪১॥

যদুবংশীয় বীরবাহিনী বৃষ্ণি, ভোজ ও অন্ধকবংশীয় প্রধান প্রধান যোদ্ধার সহিত মিলিত হইয়া যাইয়া যুদ্ধে সেই ধৃতরাষ্ট্রপুত্রগণকে বধ করিয়া জগতে বিপুল যশ উৎপাদন করুক ॥৪২॥

তাহার পর ধার্ম্মিকশ্রেষ্ঠ মহাত্মা যুধিষ্ঠির দ্যূতক্রীড়ার সময়ে যেরূপ বলিয়াছিলেন, সেই অনুসারে যে পর্য্যন্ত বনবাসব্রত সমাপ্ত না করেন, সে-পর্য্যন্ত অভিমন্যু যাইয়া কুরুরাজ্য শাসন করুক ॥৪৩॥

অস্মৎপ্রযুক্তৈর্বিশিখৈর্জিতারিস্ততো মহীং ভোক্ষ্যতি ধর্ম্মরাজঃ।
নির্দ্ধার্ত্তরাষ্ট্রাং হতসূতপুত্রামেতদ্ধি নঃ কৃত্যতমং যশস্যম্ ॥৪৪॥

বাসুদেব উবাচ।

অসংশয়ং মাধব! সত্যমেতদ্গৃহ্ণীম তে বাক্যমদীনসত্ত্ব!।
স্বাভ্যাং ভুজাভ্যামজিতাস্তু ভূমিং নেচ্ছেৎ কুরূণামৃষভঃ কথঞ্চিৎ ॥৪৫॥
ন হ্যেষ কামান্ন ভয়ান্ন লোভাদ্যুধিষ্ঠিরো জাতু জহ্যাৎ স্বধর্ম্মম্।
ভীমার্জ্জুনৌ চাতিরথৌ যমৌ চ তথৈব কৃষ্ণা দ্রুপদাত্মজেয়ম্ ॥৪৬॥
উভৌ হি যুদ্ধেঽপ্রতিমৌ পৃথিব্যাং বৃকোদরশ্চৈব ধনঞ্জয়শ্চ।
কস্মান্ন কৃৎস্নাং পৃথিবীং প্রশাসেন্মাদ্রীসুতাভ্যাঞ্চ পুরস্কৃতোঽয়ম্ ॥৪৭॥
যদা তু পাঞ্চালপতির্মহাত্মা সকেকয়শ্চেদিপতির্বয়ঞ্চ।
যুধ্যেম বিক্রম্য রণে সমেতাস্তদৈব সর্বে রিপবো হি ন স্যুঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

অস্মদিতি। জিতা অরয়ঃ অপরেঽপি শত্রবো যস্য সঃ। যশস্যং যশস্করম্ ॥৪৪॥

অসংশয়মিতি। হে মাধব! মধুদেশজাত! সাত্যকে! হে অদীনসত্ত্ব! অনল্পবল!। কুরূণামৃষভঃ শ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ, নেচ্ছেৎ, কাপুরুষতাপাতাদিত্যাশয়ঃ ॥৪৫॥

তর্হি স্বয়ময়মেব নিগৃহ্ণাত্বিত্যাহ নেতি। জাতু কদাচিৎ, জহ্যাৎ ত্যজেৎ ॥৪৬॥

অন্যথা যুষ্মদুপদেশং বিনাপি স্বয়মেবাসৌ রাজ্যং গৃহ্ণীয়াদিত্যাহ উভাবিতি ॥৪৭॥

তর্হি কদাসৌ রাজ্যং গৃহ্ণীয়াদিত্যাহ যদেতি। সমেতা মিলিতাঃ। ন স্যুর্ন তিষ্ঠেয়ুঃ ॥৪৮॥

তা'র পর (বনবাসব্রত সমাপ্ত হইয়া গেলে), যুধিষ্ঠির যাইয়া রাজ্য পালন করিবেন; তখন ধৃতরাষ্ট্রের পুত্রগণ ও কর্ণ থাকিবে না, এবং আমরা বাণদ্বারা তৎকালীন শত্রুদিগকেও জয় করিয়া দিব। ইহাই আমাদের কার্য্যের মধ্যে প্রধান কার্য্য এবং কীর্ত্তিজনক কার্য্য' ॥৪৪॥

কৃষ্ণ বলিলেন—'মহাবল সাত্যকি! তোমার এই সত্য বাক্য আমরা নিঃসন্দেহেই গ্রহণ করিতাম বটে। কিন্তু কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠিরই যে আপন বাহু-বলে অবিজিত রাজ্য কোন প্রকারেই গ্রহণ করিতে ইচ্ছা করিবেন না ॥৪৫॥

এই যুধিষ্ঠির ইচ্ছা, ভয় বা লোভবশতঃ কখনও স্বধর্ম্ম ত্যাগ করিবেন না, কিংবা অতিরথ ভীম ও অর্জ্জুন এবং নকুল ও সহদেব, আর দ্রুপদনন্দিনী এই কৃষ্ণা ইঁহারাও স্বধর্ম্ম ত্যাগ করিবেন না ॥৪৬॥

না হইলে, ভীম ও অর্জ্জুন ইঁহারা দুই জনই পৃথিবীর মধ্যে যুদ্ধে অতুলনীয়; তা'র পর নকুল-সহদেবও উঁহার (যুধিষ্ঠিরের) পিছনে রহিয়াছেন, এ অবস্থায় উনি সমগ্র পৃথিবী শাসন করেন না কেন ॥৪৭॥

যুধিষ্ঠির উবাচ।

নেদং চিত্রং মাধব ! যদ্ব্রবীষি সত্যস্তু মে রক্ষ্যতমং ন রাজ্যম্।
কৃষ্ণস্তু মাং বেদ যথাবদেকঃ কৃষ্ণঞ্চ বেদাহমথো যথাবৎ ॥৪৯॥
যদৈব কালং পুরুষপ্রবীরো বেৎস্যত্যয়ং মাধব ! বিক্রমস্য।
তদা রণে ত্বঞ্চ শিনিপ্রবীর ! সুযোধনং জেষ্যসি কেশবশ্চ ॥৫০॥
প্রতিপ্রযান্ত্বদ্য দশার্হবীরা দৃষ্টোঽস্মি নাথৈর্নরলোকনাথৈঃ।
ধর্ম্মেঽপ্রমাদং কুরুতাপ্রমেয়াঃ ! দ্রষ্টাস্মি ভূয়ঃ সুখিনঃ সমেতান্ ॥৫১॥

বৈশম্পায়ন উবাচ। *

তেঽন্যোন্যমামন্ত্র্য তথাভিবাদ্য বৃদ্ধান্ পরিষ্বজ্য শিশূংশ্চ সর্বান্।
যদুপ্রবীরাঃ স্বগৃহাণি জগ্মুস্তে চাপি তীর্থান্যনুসংবিচেরুঃ ॥৫২॥

ভারতকৌমুদী

নেতি। রক্ষ্যতমং রক্ষ্যেষু প্রধানম্। বেদ জানাতি। বেদ জানামি ॥৪৯॥
যদেতি। পুরুষপ্রবীরঃ কৃষ্ণঃ। বেৎস্যতি জ্ঞাস্যতি। হে শিনিপ্রবীর ! সাত্যকে ! ॥৫০॥
প্রতীতি। দশার্হবীরা যাদববীরা ভবন্তঃ। অপ্রমাদম্ অনবধানতারাহিত্যম্ ॥৫১॥
ত ইতি। বৃদ্ধানভিবাদ্য, সর্বান্ শিশূংশ্চ পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥৫২॥

অতএব মহাত্মা দ্রুপদ, কেকয়রাজ, চেদিরাজ এবং আমরা, এই সকলে মিলিত হইয়া যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া যখনই যুদ্ধ করিব, তখনই সমস্ত শত্রু তিরোহিত হইবে (এবং তখনই উনি রাজ্য গ্রহণ করিলেব) ॥৪৮॥

যুধিষ্ঠির বলিলেন—'সাত্যকি ! তুমি যাহা বলিলে, তাহা আশ্চর্য্য নহে। কিন্তু সত্যই আমার রক্ষণীয়ের মধ্যে শ্রেষ্ঠ, রাজ্য নহে। একমাত্র কৃষ্ণই আমাকে যথাযথভাবে জানেন, আমিও কৃষ্ণকে যথাযথভাবে জানি ॥৪৯॥

অতএব সাত্যকি ! এই পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ যখনই বিক্রমপ্রকাশের সময় হইয়াছে বলিয়া মনে করিবেন, তখনই তুমি ও কৃষ্ণ যুদ্ধে দুর্য্যোধনকে জয় করিবে ॥৫০॥

অতএব আজ যদুবংশীয় বীরগণ প্রতিগমন করুন; কেন না, তোমরা মর্ত্ত্যলোকের মধ্যে প্রভু এবং আমার সহায়, তোমাদের সহিত আমার সাক্ষাৎ হইয়া গিয়াছে। হে অসাধারণ বীরগণ ! আপনারা ধর্ম্মের প্রতি সাবধান থাকিবেন; আবার আমি আপনাদিগকে সুখী ও সমাগত দেখিব' ॥৫১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যাদবগণ ও পাণ্ডবগণ পরস্পর সম্ভাষণ, বৃদ্ধদিগকে অভিবাদন এবং সকল কনিষ্ঠদিগকে আলিঙ্গন করিলেন, তৎপরে

* অয়ং পাঠো নাস্তি বা ব কা পি।

বিসৃজ্য কৃষ্ণং ত্বথ ধর্ম্মরাজো বিদর্ভরাজোপচিতাং সুতীর্থাম্ ।
জগাম পুণ্যাং সরিতং পয়োষ্ণীং সভ্রাতৃভৃত্যঃ সহ লোমশেন ॥৫৩॥
সুতেন সোমেন বিমিশ্রতোয়াং ততঃ পয়োষ্ণীং প্রতি সোঽধ্যুবাস ।
দ্বিজাতিমুখ্যৈর্মুদিতৈর্মহাত্মা সংস্তূয়মানঃ স্তুতিভির্বরাভিঃ ॥৫৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং যাদবগমনে শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

ভারতকৌমুদী

বিসৃজ্যেতি। বিদর্ভরাজেন উপচিতাং বর্দ্ধিতাম্, শোভনানি তীর্থানি ঘট্টানি যস্যাঃ তাম্ ॥৫৩॥

সুতেনেতি। সুতেন যজ্ঞার্থে নিষ্পিষ্টেন, সোমেন সোমরসেন ॥৫৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং শততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভারতভাবদীপঃ

॥৩৪—৪৪॥ মাধব ! মধুদেশো মথুরাপ্রদেশস্তত্র জাত ! ॥৪৫—৫৩॥ সুতেন অভিষুতেন, যাগে সোমপানতুল্যং তজ্জলপানমিত্যর্থঃ। পয়োষ্ণীং প্রতি পয়োষ্ণ্যাম্, পয়োমাত্রমধ্যুবাস ভক্ষিতবান্ ॥৫৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে শততমোঽধ্যায়ঃ ॥১০০॥

——(:*:)——

যাদবগণ আপন আপন গৃহে চলিয়া গেলেন ; আর পাণ্ডবগণ তীর্থের দিকেই প্রস্থান করিলেন ॥৫২॥

তাহার পর যুধিষ্ঠির কৃষ্ণকে বিদায় দিয়া ভ্রাতৃগণ, ভৃত্যগণ ও লোমশমুনির সহিত মিলিত হইয়া বিদর্ভরাজকর্ত্তৃক বর্দ্ধিত ও সুন্দরঘট্টযুক্ত পবিত্র পয়োষ্ণী-নদীতে গমন করিলেন ॥৫৩॥

যাহার জলে যজ্ঞীয় সোমরস মিশ্রিত ছিল, সেই পয়োষ্ণীনদীতে যাইয়া মহাত্মা যুধিষ্ঠির তাহার তীরে বাস করিতে লাগিলেন ; তখন শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ আনন্দিত হইয়া মনোহর স্তুতিবাক্যে তাঁহার স্তব করিতে থাকিলেন ॥৫৪॥

——:(*):——

* '...বিংশত্যধিকশততমঃ...' বা ব কা '...একবিংশত্যধিকশততমঃ...' পি নি।

মহাভারতম্

—:০:—

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

নবমখণ্ডম্

—:০:—

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-মহাকবি-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যপ্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যক-দেবলেনাখ্যবর্ত্মস্থ-সিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৬৭ বঙ্গাব্দে

(ফোন নং ৪৪—২৪৬৯)

গ্রাহকপক্ষে মূল্যম্ ২।০ সাধারণপক্ষে মূল্যম্ ২॥০

কলিকাতা ৪১নং দেব লেনস্থ সিদ্ধান্তপ্রেসে

শ্রীহেমচন্দ্রভট্টাচার্য্যকর্ত্তৃক মুদ্রিত

একাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।

নৃগেণ যজমানেন সোমেনেহ পুরন্দরঃ।
তর্পিতঃ শ্রূয়তে রাজন্! স তৃপ্তো মদমভ্যগাৎ ॥১॥
ইহ দেবৈঃ সহেন্দ্রৈশ্চ প্রজাপতিভিরেব চ।
ইষ্টং বহুবিধৈর্যজ্ঞৈর্মহদ্ভির্ভূরিদক্ষিণৈঃ ॥২॥
আমূর্ত্তরয়সশ্চেহ রাজা বজ্রধরং প্রভুম্।
তর্পয়ামাস সোমেন হয়মেধেষু সপ্তসু ॥৩॥
তস্য সপ্তসু যজ্ঞেষু সর্বমাসীদ্ধিরণ্ময়ম্।
বানস্পত্যঞ্চ ভৌমঞ্চ যদ্দ্রব্যং নিয়তং মখে ॥৪॥
চষালযূপচমসাঃ স্থাল্যঃ পাত্র্যঃ স্রুচঃ স্রুবাঃ।
তেষ্বেব চাস্য যজ্ঞেষু প্রয়োগাঃ সপ্ত বিশ্রুতাঃ ॥৫॥

ভারতকৌমুদী

নৃগেণেতি। নৃগেণ নৃগনাম্না রাজ্ঞা, যজমানেন যজ্ঞং কুর্ব্বতা সোমেন সোমরসেন ॥১॥
ইহেতি। ইন্দ্রেণ সহেতি সহেন্দ্রাদ্যৈঃ, প্রজাপতিভিঃ কশ্যপাদিভিঃ ॥২॥
আমূর্ত্তেতি। অমূর্ত্তরয়সোঽপত্যম্ আমূর্ত্তরয়সো গয়ঃ,বজ্রধরমিন্দ্রম্ ॥৩॥
তস্যেতি। হিরণ্ময়ং স্বর্ণময়ম্। বানস্পত্যং কাষ্ঠময়ম, ভৌমং মৃন্ময়ম্ ॥৪॥

লোমশ বলিলেন—'রাজা! আমরা শুনিতে পাই যে, এইখানে নৃগরাজা যজ্ঞ করিবার সময়ে সোমরস দ্বারা ইন্দ্রকে পরিতৃপ্ত করিয়াছিলেন এবং ইন্দ্রও তৃপ্ত হইয়া সর্ব্বপ্রকারে আনন্দিত হইয়াছিলেন ॥১॥

আর, ইন্দ্রের সহিত দেবতারা এবং প্রজাপতিরাও এইখানেই প্রচুর দক্ষিণাযুক্ত নানাবিধ বৃহৎ বৃহৎ যজ্ঞ করিয়াছিলেন ॥২॥

এবং অমূর্ত্তরয়ার পুত্র গয়রাজাও এইখানেই সাতটী অশ্বমেধযজ্ঞে সোমরস-দ্বারা দেবরাজকে পরিতৃপ্ত করিয়াছিলেন ॥৩॥

যজ্ঞে যে সকল দ্রব্য নিয়মিতভাবে কাষ্ঠময় ও মৃন্ময় হইয়া থাকে, তাহা সমস্তই গয়রাজার সেই সাতটী যজ্ঞে স্বর্ণময় হইয়াছিল ॥৪॥

(১) গয়েন যজমানেন—নি।

সপ্তৈকৈকস্য যূপস্য চষালাশ্চোপরিস্থিতাঃ।
তস্য স্ম যূপান্ যজ্ঞেষু ভ্রাজমানান্ হিরণ্ময়ান্ ॥৬॥
স্বয়মুত্থাপয়ামাসুর্দেবাঃ সেন্দ্রা যুধিষ্ঠির !।
তেষু তস্য মখাগ্র্যেষু গয়স্য পৃথিবীপতেঃ ॥৭॥
অমাদ্যদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্দ্বিজাতয়ঃ।
প্রসংখ্যানানসংখ্যেয়ান্ প্রত্যগৃহ্নন্ দ্বিজাতয়ঃ ॥৮॥ (বিশেষকম্)
সিকতা বা যথা লোকে যথা বা দিবি তারকাঃ।
যথা বা বর্ষতো ধারা অসংখ্যেয়াঃ স্ম কেনচিৎ ॥৯॥
তথৈব তদসংখ্যেয়ং ধনং যৎ প্রদদৌ গয়ঃ।
সদস্যেভ্যো মহারাজ ! তেষু যজ্ঞেষু সপ্তসু ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথ কিং কিং নাম তদ্দ্রব্যমিত্যাহ চষালেতি। অস্য গয়স্য, তেষু সপ্তস্বেব যজ্ঞেষু, চষালো যূপকটকঃ যূপোপরিনির্ম্মিতো বলয়রূপো ডমরুরূপো বা কাষ্ঠবিশেষ ইত্যর্থঃ, যূপো যজ্ঞীয়পশুবন্ধনস্তম্ভঃ, চমসঃ সোমরসপানপাত্রং তে, স্থাল্যঃ পাকপাত্রাণি, পাত্র্যঃ পক্বদ্রব্যরক্ষণপাত্রাণি, স্রুচো হবিঃপ্রক্ষেপপাত্রাণি, স্রুবা হবিঃস্থাপনপাত্রাণি চ, এতে সর্বেব, প্রযুজ্যন্ত ইতি প্রয়োগা উপকরণদ্রব্যাণি, বিশ্রুতা হিরণ্ময়ত্বেন আকর্ণিতাঃ ॥৫॥

সপ্তেতি। সপ্তসু যূপেষু একৈকস্যেতি সপ্তৈকৈকস্য। উপরিস্থিতা আসন্। মখাগ্র্যেষু যজ্ঞশ্রেষ্ঠেষু। প্রসংখ্যায়ন্তে অন্বেষ্যন্তে যে তে প্রসংখ্যানাঃ সুবর্ণাস্তান, "পঞ্চকৃষ্ণলকো মাষস্তে সুবর্ণস্তু ষোড়শ" ইতি মনুপরিভাষিতাঃ স্বর্ণমুদ্রা ইত্যর্থঃ। অতএব পুংস্ত্বম ॥৬—৮॥

সিকতা ইতি। সিকতা বালুকাঃ। বর্ষতো মেঘস্য। গয়ো রাজা ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

নৃগেণেতি ॥১—২॥ আমূর্ত্তরয়সো গয়নামা ॥৩॥ বানস্পত্যং বৃক্ষজং চষালাদি, ভৌমং মৃণ্ময়ং স্থাল্যাদি ॥৪॥ চষালো যূপকটকঃ। যূপো যজ্ঞস্তম্ভঃ। চমসাঃ সোমপানপাত্রাণি। পাত্র্যো হবিঃস্থাপনার্থানি মৃণ্ময়ানি পাত্রাণি। স্রুচঃ হবিঃপ্রদানার্থাঃ। স্রুবাঃ হবিরবদানার্থাঃ

সুতরাং গয়রাজার সেই সাতটী যজ্ঞেই চষাল, যূপ, চমস, স্থালী, পাত্র, স্রুক্ ও স্রুব এই সাতটী বস্তুই স্বর্ণময় হইয়াছিল বলিয়া শুনা যায় ॥৫॥

সাতটী যূপের মধ্যে প্রত্যেক যূপের উপরেই চষাল ছিল এবং যুধিষ্ঠির ! গয়রাজার যজ্ঞের সেই স্বর্ণময় উজ্জ্বল যূপগুলিকে ইন্দ্রপ্রভৃতি দেবতারা নিজেরাই তুলিয়াছিলেন এবং গয়রাজার সেই শ্রেষ্ঠ যজ্ঞগুলিতে ইন্দ্র সোমরস পান করিয়া, আর ব্রাহ্মণেরা দক্ষিণা লাভ করিয়া আনন্দে মত্ত হইয়াছিলেন; ব্রাহ্মণেরা অসংখ্য স্বর্ণমুদ্রা প্রতিগ্রহ করিয়াছিলেন ॥৬—৮॥

মহারাজ ! ভূতলের বালি, আকাশের নক্ষত্র এবং মেঘের বৃষ্টিধারা যেমন

ভবেৎ সংখ্যেয়মেতদ্ধি যদেতৎ পরিকীর্ত্তিতম্।
ন তস্য শক্যাঃ সংখ্যাতুং দক্ষিণা দক্ষিণাবতঃ ॥১১॥
হিরণ্ময়ীভির্গোভিশ্চ কৃতাভির্বিশ্বকর্ম্মণা।
ব্রাহ্মণাংস্তর্পয়ামাস নানাদিগ্‌ভ্যঃ সমাগতান্। ১২॥
অল্পাবশেষা পৃথিবী চৈত্যৈরাসীন্মহাত্মনঃ।
গয়স্য যজমানস্য তত্র তত্র বিশাংপতে! ॥১৩॥
স লোকান্ প্রাপ্তবানৈন্দ্রান্ কর্ম্মণা তেন ভারত!।
সলোকতাং তস্য গচ্ছেৎ পয়োষ্ণ্যাং য উপস্পৃশেৎ ॥১৪॥
তস্মাত্ত্বমত্র রাজেন্দ্র! ভ্রাতৃভিঃ সহিতোঽচ্যুত!।
উপস্পৃশ্য মহীপাল! ধূতপাপ্মা ভবিষ্যসি ॥১৫॥

ভারতকৌমুদী

ভবেদিতি। এতৎ সিকতাদিকম্। দক্ষিণাবতঃ প্রশস্তদক্ষিণস্য যজ্ঞস্য ॥১১॥
হিরণ্ময়ীভিরিতি। হিরণ্ময়ীভিঃ স্বর্ণময়ীভিঃ। তর্পয়ামাস তোষয়ামাস ॥১২॥
অল্পেতি। চৈত্যৈর্যজ্ঞশালাভিঃ। যজমানস্য যজ্ঞং কুর্ব্বতঃ ॥১৩॥
স ইতি। স গয়ঃ। সলোকতাং সমানলোকবাসম্। উপস্পৃশেৎ স্নায়াৎ ॥১৪॥
তস্মাদিতি। হে অচ্যুত! সৎপথাদভ্রষ্ট! উপস্পৃশ্য স্নাত্বা, ধূতপাপ্মা নিষ্পাপঃ ॥১৫॥

কেহই গণনা করিতে সমর্থ হয় না, তেমন সেই সাতটী যজ্ঞে গয়রাজা সদস্যদিগকে যে ধন দান করিয়াছিলেন, তাহাও কেহ গণনা করিতে সমর্থ হয় নাই ॥৯—১০॥

এই যেগুলি বলিলাম, যদিও এগুলির সংখ্যা করা যায়, তথাপি সেই প্রশস্ত দক্ষিণাযুক্ত যজ্ঞের দক্ষিণাগুলির সংখ্যা করা যায় নাই ॥১১॥

আর, গয়রাজা বিশ্বকর্ম্মনির্ম্মিত স্বর্ণময় গোদান করিয়া নানাদিক্ হইতে আগত ব্রাহ্মণদিগকে সন্তুষ্ট করিয়াছিলেন ॥১২॥

নরনাথ! মহাত্মা গয়রাজা সেই সেই স্থানে যে সকল যজ্ঞ করিয়াছিলেন, তাহার গৃহগুলিতে প্রায় ব্যাপ্ত হইয়া যাওয়ায় পৃথিবীর অল্পস্থানই অবশিষ্ট ছিল ॥১৩॥

ভরতনন্দন! তাহার পর গয়রাজা সেই সকল যজ্ঞের ফলে ইন্দ্রলোক লাভ করিয়াছিলেন। এই পয়োষ্ণীনদীতে যিনি স্নান করেন, তিনিও গয়রাজার সমান লোক লাভ করেন ॥১৪॥

অতএব ধার্ম্মিক রাজশ্রেষ্ঠ! তুমিও ভ্রাতাদের সহিত এই পয়োষ্ণীনদীতে স্নান করিয়া নিষ্পাপ হইবে' ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

স পয়োষ্ণ্যাং নরশ্রেষ্ঠঃ স্নাত্বা বৈ ভ্রাতৃভিঃ সহ।
বৈদূর্য্যপর্বতঞ্চৈব নর্ম্মদাঞ্চ মহানদীম্।
সমাজগাম তেজস্বী ভ্রাতৃভিঃ সহিতোঽনঘ! ॥১৬॥
তত্রাস্য সর্বাণ্যাচখ্যৌ লোমশো ভগবানৃষিঃ।
তীর্থানি রমণীয়ানি পুণ্যান্যায়তনানি চ ॥১৭॥
যথাযোগং যথাপ্রীতি প্রযযৌ ভ্রাতৃভিঃ সহ।
তত্র তত্রাদদদ্বিত্তং ব্রাহ্মণেভ্যঃ সহস্রশঃ ॥১৮॥

লোমশ উবাচ।

দেবানামেতি কৌন্তেয়! তথা রাজ্ঞাং সলোকতাম্।
বৈদূর্য্যপর্ব্বতং দৃষ্ট্বা নর্ম্মদামবতীর্য্য চ ॥১৯॥
সন্ধিরেষ নরশ্রেষ্ঠ! ত্রেতায়া দ্বাপরস্য চ।
এতমাসাদ্য কৌন্তেয়! সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥২০॥

ভারতকৌমুদী

স ইতি। পয়োষ্ণ্যাং নদ্যাম। নরশ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥
তত্রেতি। অস্য যুধিষ্ঠিরস্যান্তিকে, আচখ্যৌ বর্ণয়ামাস ॥১৭॥
যথেতি। যথাযোগং যথোপায়ম্। বিত্তং ধনম্ ॥১৮॥
দেবানামিতি। এতি প্রাপ্নোতি। সলোকতাং সমানলোকম্ ॥১৯॥
সন্ধিরিতি। এষ বৈদূর্য্যপর্ব্বতঃ, সান্ধঃ সন্ধিসময়োৎপন্নঃ। অতএব মহাপুণ্যঃ ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—'নিষ্পাপ রাজা! তাহার পর তেজস্বী যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত পয়োষ্ণীনদীতে স্নান করিয়া ভ্রাতাদের সহিতই বৈদূর্য্যপর্ব্বত ও মহানদী নর্ম্মদায় আগমন করিলেন ॥১৬॥

সেখানে উঁহার নিকটে ভগবান্ লোমশমুনি সকল মনোহর তীর্থ ও পুণ্য আয়তনগুলির বিষয় বলিলেন ॥১৭॥

তখন যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া যথাযোগ্য উপায়ে এবং প্রীতিসহকারে সেই সেই স্থানে গমন করিলেন এবং ব্রাহ্মণদিগকে সহস্র সহস্র ধন দান করিলেন ॥১৮॥

লোমশ বলিলেন—'কুন্তীনন্দন! বৈদূর্য্যপর্ব্বত দর্শন করিয়া এবং নর্ম্মদা নদীতে অবতীর্ণ হইয়া মানুষ দেবলোক ও রাজলোক লাভ করে ॥১৯॥

কারণ, নরশ্রেষ্ঠ কুন্তীনন্দন! এই বৈদূর্য্যপর্বত ত্রেতা ও দ্বাপরযুগের সন্ধিসময়ে জন্মিয়াছিল; সুতরাং এই পর্বতে যাইয়া মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥২০॥

এষ শর্য্যাতিযজ্ঞস্য দেশস্তাত ! প্রকাশতে ।
সাক্ষাদ্‌যত্রাপিবৎ সোমমশ্বিভ্যাং সহ কৌশিকঃ ॥২১॥
চুকোপ ভার্গবশ্চাপি মহেন্দ্রস্য মহাতপাঃ ।
সংস্তম্ভয়ামাস চ তং বাসবং চ্যবনঃ প্রভুঃ ॥২২॥
সুকন্যাঞ্চাপি ভার্য্যাং স রাজপুত্রীমবাপ্তবান্ ।
নাসত্যৌ চ মহাভাগ কৃতবান্ সোমপীথিনৌ ॥২৩॥
যুধিষ্ঠির উবাচ ।
কথং বিষ্টম্ভিতস্তেন ভগবান্ পাকশাসনঃ ।
কিমর্থং ভার্গবশ্চাপি কোপং চক্রে মহাতপাঃ ॥২৪॥
নাসত্যৌ চ কথং ব্রহ্মন্ ! কৃতবান্ সোমপীথিনৌ ।
এতৎ সর্ব্বং যথাবৃত্তমাখ্যাতু ভগবান্ মম ॥২৫॥

ভারতকৌমুদী

এষ ইতি । শর্য্যাতির্নাম রাজা তদ্‌যজ্ঞস্য । সোমং সোমরসম্, কৌশিক ইন্দ্রঃ ॥২১॥

চুকোপেতি । মহেন্দ্রস্য উপরি । বাসবমিন্দ্রম্ । প্রভুস্তপঃপ্রভাবশালী ॥২২॥

সুকন্যামিতি । সুকন্যা নাম । স চ্যবনঃ । নাসত্যৌ অশ্বিনীকুমারৌ । সোমস্য সোমরসস্য পীতং পানমনয়োরস্তীতি সোমপীথিনৌ. পৃষোদরাদিত্বাত্তকারস্য থকারঃ ॥২৩॥

কথমিতি । বিষ্টম্ভিতো বিশেষেণ স্তম্ভীকৃতঃ, তেন চ্যবনেন ॥২৪॥

নাসত্যাবিতি । এতৎ ঘটিতমনতিক্রম্যেতি যথাবৃত্তম, আখ্যাতু ব্রবীতু ॥২৫॥

বৎস ! এই শর্য্যাতিরাজার যজ্ঞস্থান প্রকাশ পাইতেছে ; যেখানে দেবরাজ ইন্দ্র অশ্বিনীকুমারদ্বয়ের সহিত প্রত্যক্ষতঃ সোমরস পান করিয়াছিলেন ॥২১॥

এবং মহাতপা ও প্রভাবশালী ভৃগুনন্দন চ্যবন ইন্দ্রের উপরে ক্রুদ্ধ হইয়াছিলেন এবং তাঁহাকে স্তম্ভিত করিয়াছিলেন ॥২২॥

মহাভাগ ! আর তিনি রাজকন্যা সুকন্যাকে ভার্য্যা লাভ করিয়াছিলেন এবং অশ্বিনীকুমারদিগকে সোমপায়ী করিয়াছিলেন' ॥২৩॥

যুধিষ্ঠির বলিলেন—'মহাতপা চ্যবনমুনি, মাহাত্ম্যশালী ইন্দ্রকে কেন স্তব করিয়াছিলেন ? কি জন্যই বা তাঁহার উপরে কুপিত হইয়াছিলেন ? ॥২৪॥

ব্রহ্মন্ ! আর তিনি কেন অশ্বিনীকুমারদিগকে সোমপায়ী করিয়াছিলেন ? এই সমস্ত বিষয় আপনি যথাযথভাবে আমার নিকট বলুন' ॥২৫॥

(২৩) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি । (২৫) শ্লোকাৎ পরম্ '...একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা 'দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—পি নি ।

লোমশ উবাচ।

ভৃগোর্ম্মহর্ষেঃ পুত্ত্রোঽভূচ্চ্যবনো নাম ভারত !।
সমীপে সরসঃ সোঽস্য তপস্তেপে মহাদ্যুতিঃ ॥২৬॥
স্থাণুভূতো মহাতেজা বীরস্থানেন পাণ্ডব !।
অতিষ্ঠৎ সুচিরং কালমেকদেশে বিশাংপতে ! ॥২৭॥
স বল্মীকোঽভবদৃষির্লতাভিরভিসংবৃতঃ।
কালেন মহতা রাজন্ ! সমাকীর্ণঃ পিপীলিকৈঃ ॥২৮॥
তথা স সংবৃতো ধীমান্ মৃৎপিণ্ড ইব সর্ব্বশঃ।
তপ্যতে স্ম তপো ঘোরং বল্মীকেন সমাবৃতঃ ॥২৯॥
অথ দীর্ঘস্য কালস্য শর্য্যাতির্নাম পার্থিবঃ।
আজগাম সরো রম্যং বিহর্তুমিদমুত্তমম্ ॥৩০॥
তস্য স্ত্রীণাং সহস্রাণি চত্বার্য্যাসন্ পরিগ্রহে।
একৈব চ সুতা সুভ্রূঃ সুকন্যা নাম ভারত ! ॥৩১॥

ভারতকৌমুদী

ভৃগোরিতি। সরসো জলাশয়স্য। মহাদ্যুতির্মহাতেজাঃ ॥২৬॥

স্থাণিতি। স্থাণুভূতঃ নিষ্পত্রশাখবৃক্ষবন্নিশ্চলঃ, বীরস্থানেন বীরাসনেন ॥২৭॥

স ইতি। বল্মীকো বল্মীকাবৃতদেহঃ। সমাকীর্ণো ব্যাপ্তঃ ॥২৮॥

তথেতি। সর্ব্বশঃ সর্ব্বাসু দিক্ষু, সংবৃতো লতাভিরাবৃতঃ, অতএব মৃৎপিণ্ড ইব স্থিতঃ ॥২৯॥

অথেতি। দীর্ঘস্য কালস্য অতিক্রমে সতীতি শেষঃ ॥৩০॥

লোমশ বলিলেন—'ভরতনন্দন! মহর্ষি ভৃগুর 'চ্যবন'-নামে একটী পুত্র হইয়াছিল, সেই মহাতেজা চ্যবন এই সরোবরের নিকটেই তপস্যা করিয়াছিলেন ॥২৬॥

নরনাথ পাণ্ডুনন্দন! মহাতেজা চ্যবন এই সরোবরেরই এক স্থানে বীরাসনে বসিয়া দীর্ঘকাল স্থাণুর ন্যায় অচল ছিলেন ॥২৭॥

রাজা! বহুকাল পরে তিনি উয়ীর মাটীতে আবৃত, লতায় আচ্ছাদিত এবং পিপীলিকায় ব্যাপ্ত হইয়াছিলেন ॥২৮॥

সেইভাবে লতা ও উয়ীর মাটীতে সকল দিকে আবৃত, সুতরাং মৃত্তিকাস্তূপের ন্যায় অবস্থিত চ্যবন ভয়ঙ্কর তপস্যা করিতে লাগিলেন ॥২৯॥

তাহার পর দীর্ঘকাল অতীত হইলে, 'শর্য্যাতি'-নামে এক রাজা এই মনোহর উত্তম সরোবরে বিহার করিতে আসিলেন ॥৩০॥

সা সখীভিঃ পরিবৃতা দিব্যাভরণভূষিতা।
চংক্রম্যমাণা বল্মীকং ভার্গবস্য সমাসদৎ ॥৩২॥
সা বৈ বসুমতীং তত্র পশ্যন্তী সুমনোরমাম্।
বনস্পতীন্ বিচিন্বন্তী বিজহার সখীবৃতা ॥৩৩॥
রূপেণ বয়সা চৈব মদনেন মদেন চ।
বভঞ্জ বনবৃক্ষাণাং শাখাঃ পরমপুষ্পিতাঃ ॥৩৪॥
তাং সখীরহিতামেকামেকবস্ত্রামলঙ্কৃতাম্।
দদর্শ ভার্গবো ধীমাংশ্চরন্তীমিব বিদ্যুতম্ ॥৩৫॥
তাং পশ্যমানো বিজনে স রেমে পরমদ্যুতিঃ।
ক্ষামকণ্ঠশ্চ বিপ্রর্ষিস্তপোবলসমন্বিতঃ ॥৩৬
তামাবভাষে কল্যাণীং সা চাস্য ন শৃণোতি বৈ।
ততঃ সুকন্যা বল্মীকে দৃষ্ট্বা ভার্গবচক্ষুষী ॥৩৭॥
কৌতূহলাৎ কণ্টকেন বুদ্ধিমোহবলাৎ কৃতা।
কিন্নু খল্বিদমিত্যুক্ত্বা নির্বিভেদাস্য লোচনে ॥৩৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। পরিগ্রহে কলত্রস্থানে, "পরিগ্রহঃ কলত্রেঽপি মূলাস্বীকারয়োরপি" ইতি মেদিনী ॥৩১॥

সেতি। বল্মীকম্ আবরণকারিবল্মীকমৃত্তিকাস্তূপম্ ॥৩২॥

সেতি। বসুমতীং সমস্ততঃ স্থানম্। বিচিন্বন্তী ফলানি বিচিন্বতী ॥৩৩॥

রূপেণেতি। রূপাদিনা সমন্বিতেতি শেষঃ ॥৩৪॥

তামিতি। একবস্ত্রামিত্যনেন বায়ুনা বস্ত্রচালনে তদঙ্গদর্শনসম্ভব ইতি সূচিতম্ ॥৩৫॥

ভরতনন্দন! সেই শর্য্যাতিরাজার চারি হাজার ভোগ্য স্ত্রী এবং 'সুকন্যা' নামে পরমসুন্দরী একটী কন্যা ছিল ॥৩১॥

দিব্য অলঙ্কারে অলঙ্কৃত সেই সুকন্যা সখীগণে পরিবেষ্টিত হইয়া বিচরণ করিতে করিতে চ্যবনের সেই বল্মীকমৃত্তিকাস্তূপের নিকটে আগমন করিল ॥৩২॥

সখীগণবেষ্টিতা সুকন্যা তখন অতিমনোহর স্থানগুলি দেখিতে থাকিয়া এবং বৃক্ষের ফল চয়ন করিয়া করিয়া বিচরণ করিতে লাগিল ॥৩৩॥

রূপ, বয়স, কাম ও মদসম্পন্না সুকন্যা ক্রমে পুষ্পসমন্বিত বন্য বৃক্ষের শাখাগুলিকে ভগ্ন করিতে লাগিল ॥৩৪॥

তখন জ্ঞানী চ্যবন—সখীরহিতা, একাকিনী, একবস্ত্রা ও অলঙ্কৃতা সেই সুকন্যাকে বিচরণশীলা বিদ্যুতের ন্যায় দর্শন করিলেন ॥৩৫॥

অক্রুধ্যৎ স তয়া বিদ্ধে নেত্রে পরমমন্যুমান্ ।
ততঃ শর্যাতিসৈন্যস্য শকৃন্মূত্রে সমাবৃণোৎ ॥৩৯॥
ততো রুদ্ধে শকৃন্মূত্রে সৈন্যমানাহদুঃখিতম্ ।
তথাগতমভিপ্রেক্ষ্য পর্য্যপৃচ্ছৎ স পার্থিবঃ ॥৪০॥
তপোনিত্যস্য বৃদ্ধস্য রোষণস্য বিশেষতঃ ।
কেনাপকৃতমদ্যেহ ভার্গবস্য মহাত্মনঃ ।
জ্ঞাতং বা যদি বাঽজ্ঞাতং তদ্দ্রুতং ব্রূত মা চিরম্ ॥৪১॥

ভারতকৌমুদী

তামিতি। রেমে আননন্দ। ক্ষামকণ্ঠঃ অতিক্ষীণস্বরঃ, চিরভোজনাভাবেনাতিদুর্ব্বলত্বাদিত্যাশয়ঃ। অতএব সা সুকন্যা অস্য চ্যবনস্যাভাষণং ন শৃণোতি স্ম। বুদ্ধিমোহবলাৎ কৃত্বা বুদ্ধিমোহাবিষ্টা। অস্য চ্যবনস্য ॥৩৬—৩৮॥

অক্রুধ্যদিতি। পরমমন্যুমান্ অতীবদৈন্যান্বিতঃ। সমাবৃণোৎ রুদ্ধবান্ ॥৩৯॥

তত ইতি। আনাহেন মলমূত্রবন্ধেন দুঃখিতম্। তথা তদ্রূপেণৈব আগতম্ ॥৪০॥

তপ ইতি। তপ এব নিত্যং সনাতনং যস্য তস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

॥৫—৭॥ প্রসংখ্যানান্ একত্বস্থেন ভূয়ঃস্বর্ণমুদ্রাদের্মাপকান্ খারীদ্রোণাদীন্ ॥৮—২৩॥ সোমস্য পীথঃ পানং তদ্বন্তৌ সোমপীথিনৌ ॥২৪॥ বীরস্থানেন বীরাসনেন ॥২৫—৩৫॥ ক্ষামকণ্ঠঃ ক্ষীণধ্বনিঃ ॥৩৬॥ অতএব সা তদ্বচনং ন শৃণোতি ॥৩৭—৩৯॥ আনাহো মলবিষ্টম্ভঃ ॥৪০—৪৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০১॥

মহাতেজা চ্যবন নির্জ্জনে তাহাকে দেখিয়াই আনন্দিত হইলেন এবং তপোবলযুক্ত ব্রহ্মর্ষি সেই চ্যবন ক্ষীণস্বরে সেই কল্যাণী সুকন্যার সহিত কথা বলিয়া উঠিলেন; কিন্তু সুকন্যা চ্যবনের সে কথা শুনিতে পাইল না। তাহার পর সুকন্যা উইয়ের মাটির ভিতরে চ্যবনের চোখ দুইটা দেখিয়া, 'এটা কি রে!' এই কথা বলিয়া কৌতুক ও বুদ্ধিমোহবশতঃ কণ্টকদ্বারা চ্যবনের নয়ন বিদ্ধ করিল ॥৩৬—৩৮॥

সুকন্যা নয়ন বিদ্ধ করিলে, চ্যবন অত্যন্ত বেদনা পাইয়া ক্রুদ্ধ হইলেন; তৎপরে তিনি তপঃপ্রভাবে শর্যাতিরাজার সৈন্যগণের মলমূত্র রুদ্ধ করিলেন ॥৩৯॥

মল-মূত্র রুদ্ধ হইলে, সৈন্যগণ আনাহরোগে পীড়িত হইয়া সেইভাবেই যাইয়া রাজার নিকট উপস্থিত হইল; রাজা তাহা দেখিয়া জিজ্ঞাসা করিলেন ॥৪০॥

'সর্ব্বদা তপস্যাকারী, বৃদ্ধ, বিশেষতঃ কোপনস্বভাব মহাত্মা চ্যবনের কোন অপকার আজ এখানে কেহ করিয়াছ কি; জান বা না জান, তাহা সত্বর বল; বিলম্ব করিও না' ॥৪১॥

তমূচুঃ সৈনিকাঃ সর্বে ন বিদ্মোঽপকৃতং বয়ম্ ।
সর্বোপায়ৈর্যথাকামং ভবাংস্তদধিগচ্ছতু ॥৪২॥
ততঃ স পৃথিবীপালঃ সাম্না চোগ্রেণ চ স্বয়ম্ ।
পর্য্যপৃচ্ছৎ সুহৃদ্বর্গং পর্য্যজানন্ন চৈব তে ॥৪৩॥
আনাহার্ত্তং ততো দৃষ্ট্বা তৎ সৈন্যমসুখার্দ্দিতম্ ।
পিতরং দুঃখিতং দৃষ্ট্বা সুকন্যেদমথাব্রবীৎ ॥৪৪॥
ময়াঽটন্ত্যেহ বল্মীকে দৃষ্টং সত্ত্বমভিজ্বলৎ ।
খদ্যোতবদভিজ্ঞাতং তন্ময়া বিদ্ধমন্তিকাৎ ॥৪৫॥
এতচ্ছ্রুত্বা তু বল্মীকং শর্য্যাতিস্তূর্ণমভ্যগাৎ ।
তত্রাপশ্যত্তপোবৃদ্ধং বয়োবৃদ্ধঞ্চ ভার্গবম্ ॥৪৬॥
অযাচদথ সৈন্যার্থং প্রাঞ্জলিঃ পৃথিবীপতিঃ ।
অজ্ঞানাদ্বালয়া যত্তে কৃতং তৎ ক্ষন্তুমর্হসি ॥৪৭॥

ভারতকৌমুদী

তমিতি। যথাকামং যথেচ্ছম্, অধিগচ্ছতু জানাতু ॥৪২॥
তত ইতি। সাম্না কোমলবাক্যেন, উগ্রেণ রুক্ষবাক্যেন চ। তে সুহৃদঃ ॥৪৩॥
আনাহেতি। আনাহার্ত্তং মলমূত্রবন্ধরোগপীড়িতম্ ॥৪৪॥
ময়েতি। অটন্ত্যা বিচরন্ত্যা। সত্ত্বং কিমপি বস্তু ॥৪৫॥
এতদিতি। বল্মীকম্ উইকামৃত্তিকাস্তূপম্। ভার্গবং চ্যবনম্ ॥৪৬॥
অযাচদিতি। পৃথিবীপতিঃ শর্য্যাতিঃ। যৎ পীড়নম্ ॥৪৭॥

তখন সৈন্যেরা সকলেই রাজাকে বলিল—'আমরা উঁহার কোন অপকারের বিষয় জানি না'; আপনি ইচ্ছানুসারে সর্বপ্রকারে তাহা জানুন' ॥৪২॥

তাহার পর শর্য্যাতিরাজা নিজেই কোমল ও কঠোর বাক্যে বন্ধুবর্গের নিকট জিজ্ঞাসা করিলেন; তাহারাও জানে না (বলিল) ॥৪৩॥

তৎপরে সেই সৈন্যগণকে আনাহরোগে পীড়িত ও যাতনাগ্রস্ত এবং পিতাকেও দুঃখিত দেখিয়া সুকন্যা এই কথা বলিল— ॥৪৪॥

'আমি এইখানে বিচরণ করিবার সময়ে উইয়ের মাটির ভিতরে উজ্জ্বল একটা বস্তু দেখিয়াছিলাম এবং সেটাকে জোনাকিপোকার মত মনে করিলাম; তাই নিকটে যাইয়া উহা আমি বিদ্ধ করিয়াছি' ॥৪৫॥

ইহা শুনিয়া শর্য্যাতিরাজা সত্বরই সেই উইয়ের মাটির নিকট গেলেন এবং তাহার ভিতরে তপোবৃদ্ধ ও বয়োবৃদ্ধ চ্যবনকে দেখিলেন ॥৪৬॥

তাহার পর তিনি কৃতাঞ্জলি হইয়া সৈন্যগণের জন্য প্রার্থনা করিলেন যে,

তেতোঽব্রবীন্মহীপালং চ্যবনো ভার্গবস্তদা।
অপমানাদহং বিদ্ধো হ্যনয়া দর্পপূর্ণয়া ॥৪৮॥
রূপৌদার্য্যসমাযুক্তাং লোভমোহবলাৎ কৃতাম্।
তামেব প্রতিগৃহ্যাহং রাজন্! দুহিতরং তব।
ক্ষংস্যামীতি মহীপাল! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৪৯॥

লোমশ উবাচ।

ঋষের্বচনমাজ্ঞায় শর্য্যাতিরবিচারয়ন্।
দদৌ দুহিতরং তস্মৈ চ্যবনায় মহাত্মনে ॥৫০॥
প্রতিগৃহ্য চ তাং কন্যাং ভগবান্ প্রসসাদ হ।
প্রাপ্তপ্রসাদো রাজা বৈ সসৈন্যঃ পুরমাব্রজৎ ॥৫১॥
সুকন্যাপি পতিং লব্ধ্বা তপস্বিনমনিন্দিতা।
নিত্যং পর্য্যচরৎ প্রীত্যা তপসা নিয়মেন চ ॥৫২॥

ভারতকৌমুদী

তত ইতি। অপমানাৎ অপমানমবজ্ঞাং কৃত্বেতি ল্যব্‌লোপে পঞ্চমী।৪৮॥

রূপেতি। রূপং সৌন্দর্য্যম্ ঔদার্য্যং বংশগুণাৎ সম্ভাব্যমানং মহত্ত্বঞ্চ তাভ্যাং সমাযুক্তাম্, লোভঃ কৌতুকচরিতার্থতাপ্রবণতা মোহশ্চ মম নয়ন এব খদ্যোতভ্রমস্তাভ্যাং বলাৎ কৃতাং বলেনাবিষ্টাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

ঋষেরিতি। আজ্ঞায় শ্রুত্বা। অবিচারয়ন্ মুনের্বার্দ্ধকাদিকম্, সৈন্যপীড়াদর্শনাৎ ॥৫০॥

প্রতীতি। প্রাপ্তঃ প্রসাদঃ প্রসন্নতানিবন্ধনং সৈন্যস্বাস্থ্যং যেন সঃ ॥৫১॥

সুকন্যেতি। নিয়মেন বৈধস্নানাদিনা পর্য্যচরৎ, পত্যনুসারিত্বাৎ পত্ন্যা ইতি ভাবঃ ॥৫২॥

'মহর্ষি! বালিকা অজ্ঞানবশতঃ আপনাকে যে পীড়ন করিয়াছে, তাহা আপনি ক্ষমা করুন' ॥৪৭॥

তদনন্তর ভৃগুনন্দন চ্যবন রাজাকে বলিলেন—'রাজা! এই দর্পিত বালিকা অবজ্ঞা করিয়া আমাকে বিদ্ধ করিয়াছে ॥৪৮॥

রাজা! রূপ ও উদারতাযুক্তা এবং লোভ ও মোহসমাবিষ্টা আপনার সেই কন্যাটীকে গ্রহণ করিয়াই আমি ক্ষমা করিব; ইহা আপনার নিকট সত্য বলিতেছি' ॥৪৯॥

লোমশ বলিলেন—চ্যবনের উক্তি শুনিয়া শর্য্যাতিরাজা কোন বিবেচনা না করিয়াই সেই মহাত্মা চ্যবনকে কন্যা সমর্পণ করিলেন ॥৫০॥

চ্যবনও সেই কন্যাটীকে গ্রহণ করিয়া প্রসন্ন হইলেন; রাজাও তাঁহার প্রসন্নতা লাভ করিয়া সৈন্যগণের সহিত রাজধানীতে চলিয়া গেলেন ॥৫১॥

অগ্নীনামতিথীনাঞ্চ শুশ্রূষুরনসূয়িকা।
সমারাধয়ত ক্ষিপ্রং চ্যবনং সা শুভাননা ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সুকন্যোপাখ্যানে একাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

লোমশ উবাচ।

কস্যচিত্ত্বথ কালস্য ত্রিদশাবশ্বিনৌ নৃপ!।
কৃতাভিষেকাং বিবৃতাং সুকন্যাং তামপশ্যতাম্ ॥১॥
তাং দৃষ্ট্বা দর্শনীয়াঙ্গীং দেবরাজসুতামিব।
ঊচতুঃ সমভিদ্রুত্য নাসত্যাবশ্বিনাবিদম্ ॥২॥

ভারতকৌমুদী

অগ্নীনামিতি। অগ্নীনাং শুশ্রূষুঃ প্রজ্বলনাদিনা, অতিথীনাঞ্চ শুশ্রূষুঃ সৎকারেণ। অনসূয়িকা পরদোষাবিষ্কাররহিতা। সমারাধয়ত শুশ্রূষয়া বশীভূতমকরোৎ।৫৩।

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামেকাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

কস্যচিদিতি। কস্যচিৎ কালস্য অতিক্রমে সতীতি শেষঃ, ত্রিদশৌ দেবৌ। কৃতাভিষেকাং কৃতস্নানাম্, অতএব বিবৃতাং বসনপরিধানাৎ প্রাগনাবৃতাঙ্গীম্।১।

তামিতি। সমভিদ্রুত্য দ্রুতমুপেত্য, ন অসত্যং মিথ্যা চিকিৎসা যয়োস্তৌ ॥২॥

এদিকে অনিন্দিতা সুকন্যাও তপস্বী পতি লাভ করিয়া তপস্যা ও নিয়ম দ্বারা প্রীতিসহকারে সর্ব্বদা তাঁহার পরিচর্য্যা করিতে লাগিলেন ॥৫২॥

এইভাবে পরদোষানুসন্ধানরহিতা সুমুখী সুকন্যা অগ্নি ও অতিথিগণের শুশ্রূষায় প্রবৃত্ত থাকিয়া সত্বরই সেবা দ্বারা চ্যবনকে বশীভূত করিলেন ॥৫৩॥

—:*:—

লোমশ বলিলেন—'রাজা! তাহার পর কিছুকাল অতীত হইলে, একদা দেবতা অশ্বিনীকুমারেরা, স্নান করিবার পরে নগ্ন অবস্থায় সেই সুকন্যাকে দর্শন করিলেন ॥১॥

দেবরাজের কন্যার ন্যায় সুদৃশ্যাঙ্গী সেই সুকন্যাকে দেখিয়া অশ্বিনীকুমারেরা সত্বর তাঁহার নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২॥

---

* '... দ্ব্যধিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা, '...ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি নি।

কস্য ত্বমসি বামোরু ! বনেঽস্মিন্ কিং করোমি চ ।
ইচ্ছাব ভদ্রে ! জ্ঞাতুং ত্বাং তত্ত্বমাখ্যাহি শোভনে ! ॥৩॥
ততঃ সুকন্যা সব্রীড়া তাবুবাচ সুরোত্তমৌ ।
শর্য্যাতিতনয়াং বিত্তং ভার্য্যাং মাং চ্যবনস্য চ ॥৪॥
অথাশ্বিনৌ প্রহস্যৈতামব্রূতাং পুনরেব তু ।
কথং ত্বমসি কল্যাণি ! পিত্রা দত্তা গতাধ্বনে ॥৫॥
ভ্রাজসেঽস্মিন্ বনে ভীরু ! বিদ্যুৎ সৌদামিনী যথা ।
ন দেবেষ্বপি তুল্যাং হি ত্বয়া পশ্যাব ভাবিনি ! ॥৬॥
অনাভরণসম্পন্না পরমাম্বরবর্জিতা ।
শোভয়স্যধিকং ভদ্রে ! বনমপ্যনলঙ্কৃতা ॥৭॥
সর্বাভরণসম্পন্না পরমাম্বরধারিণী ।
শোভসে ত্বনবদ্যাঙ্গি ! ন ত্বেবং মলপঙ্কিনী ॥৮॥

ভারতকৌমুদী

কস্যেতি । হে বামোরু ! সুন্দরোরুযুগলে ! । ইচ্ছাব আবাম্ ॥৩॥
তত ইতি । সব্রীড়া নগ্নরূপদর্শনাল্লজ্জয়া সলজ্জা । বিত্তং যুবাং জানীতম্ ॥৪॥
অথেতি । গতাধ্বনে অতীতযৌবনকালায়, "অধ্বা কালবয়সোঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥৫॥
ভ্রাজস ইতি । বিদ্যুৎ তড়িৎ, সৌদামিনী তদাখ্যা স্বর্বেশ্যা চ । পশ্যাব আবাম্ ॥৬॥
অনেতি । অনাভরণসম্পন্না, অতএবানলঙ্কৃতাপি বনমধিকং শোভয়সি ॥৭॥
সর্বেতি । মলপঙ্কৌ শরীরস্বেদাদিকর্দমৌ অস্যাস্ত ইতি মলপঙ্কিনী ॥৮॥

'বামোরু ! তুমি কাহার ? এ বনেই বা কি কর ? ভদ্রে ! আমরা তোমাকে জানিতে ইচ্ছা করি, সুন্দরি ! তুমি তাহা বল' ॥৩॥

তাহার পর সুকন্যা লজ্জিত হইয়া সেই দেবশ্রেষ্ঠ দুইজনকে বলিলেন—'আপনারা অবগত হউন যে, আমি শর্য্যাতিরাজার তনয়া এবং মহর্ষি চ্যবনের ভার্য্যা।' ॥৪॥

তৎপরে অশ্বিনীকুমারেরা হাস্য করিয়া আবারও তাঁহাকে বলিলেন—'কল্যাণি ! তোমার পিতা তোমাকে বৃদ্ধের হস্তে দান করিয়াছেন কেন ?' ॥৫॥

ভীরু ! তুমি এই বনের ভিতরে বিদ্যুৎ ও সৌদামিনীনাম্নী অপ্সরার ন্যায় শোভা পাইতেছ ; ভবিনি ! দেবতাদের মধ্যেও তোমার মত সুন্দরী আমরা দেখিতে পাই না ॥৬॥

ভদ্রে ! তোমার কোন অলঙ্কার নাই ; সুতরাং তুমি অনলঙ্কৃতা এবং উৎকৃষ্ট-বস্ত্ররহিতা ; তথাপি তুমি এই বনটীর পরম শোভা জন্মাইতেছ ॥৭॥

কস্মাদেবংবিধা ভূত্বা জরাজর্জ্জরিতং পতিম্।
ত্বমুপাস্সে হ কল্যাণি! কামভোগবহিষ্কৃতম্ ॥৯॥
অসমর্থং পরিত্রাণে পোষণে চ শুচিস্মিতে!।
সা ত্বং চ্যবনমুৎসৃজ্য বরয়স্বৈকমাবয়োঃ ॥১০॥
পত্যর্থং দেবগর্ভাভে! মা বৃথা যৌবনং কৃথাঃ।
এবমুক্তা সুকন্যাপি সুরৌ তাবিদমব্রবীৎ ॥১১॥ (বিশেষকম্)
রতাহং চ্যবনে পত্যৌ নৈবং মাং পর্য্যশঙ্কতম্।
তাবব্রূতাং পুনস্তেনামাবাং দেবভিষগ্বরৌ ॥১২॥
যুবানং রূপসম্পন্নং করিষ্যাবঃ পতিং তব।
ততস্তস্যাবয়োশ্চৈব বৃণীষ্বান্যতমং পতিম্।
এতেন সময়েনৈনমামন্ত্রয় পতিং শুভে! ॥১৩॥ (যুগ্মকম্)
সা তয়োর্বচনাদ্রাজন্নুপসঙ্গম্য ভার্গবম্।
উবাচ বাক্যং যত্তাভ্যামুক্তং ভৃগুসুতং প্রতি ॥১৪॥

ভারতকৌমুদী

কস্মাদিতি। উপাস্সে সেবসে। হশব্দঃ পাদপূরণে। হে শুচিস্মিতে! শুভ্রহাস্যে!। পত্যর্থং বরয়স্বেতি সম্বন্ধঃ। হে দেবগর্ভাভে! দেববালিকাতুল্যে! ॥৯—১১॥

রতেতি। এবং বৃদ্ধত্বাচ্চ্যবনবিরক্তাম্। সময়েন প্রতিজ্ঞয়া। পরঃশ্লোকঃ ষট্পাদঃ ॥১২—১৩॥

সুন্দরি! তুমি—সমস্ত অলঙ্কার ও উৎকৃষ্টবস্ত্র ধারণ করিয়াই শোভা পাইতে পার, কিন্তু এইরূপ মল-কর্দ্দমযুক্ত হইয়া নহে ॥৮॥

কল্যাণি! তুমি এমন সুন্দরী হইয়া—জরাজর্জ্জরিত, কামভোগশক্তিশূন্য এবং রক্ষা করিতে ও ভরণ-পোষণ করিতে অসমর্থ পতির সেবা করিতেছ কেন? শুভ্রহাসিনি! তুমি চ্যবনকে পরিত্যাগ করিয়া পতিরূপে আমাদের একজনকে বরণ কর; দেববালিকাতুল্যে! তুমি তোমার যৌবনটীকে বৃথা করিও না'। অশ্বিনীকুমারেরা এইরূপ বলিলে, সুকন্যাও সেই দেবতা দুই জনকে এই কথা বলিলেন—॥৯—১১॥

'আমি—পতি চ্যবনের প্রতি অনুরক্ত; কিন্তু আপনারা আমাকে তাঁহার প্রতি বিরক্ত বলিয়া মনে করিবেন না'। তখন অশ্বিনীকুমারেরা পুনরায় সুকন্যাকে কহিলেন—'কল্যাণি! আমরা দেবচিকিৎসকদের মধ্যে প্রধান; সুতরাং আমরা তোমার পতিকে যুবক ও রূপবান্ করিয়া দিব; তাহার পর তিনি এবং আমরা—এই তিন জনের মধ্যে কোন একজনকে পতিত্বে বরণ করিও। অতএব এই সর্ত্ত জানাইয়াই তোমার সেই পতিকে ডাক' ॥১২—১৩॥

তচ্ছ্রুত্বা চ্যবনো ভার্য্যামুবাচ ক্রিয়তামিতি।
ভর্ত্রা সা সমনুজ্ঞাতা ক্রিয়তামিত্যথাব্রবীৎ ॥১৫॥
শ্রুত্বা তদাশ্বিনৌ বাক্যং তস্তস্যাঃ ক্রিয়তামিতি।
ঊচতূ রাজপুত্রীং তাং পতিস্তব বিশত্বপঃ ॥১৬॥
ততোঽম্ভশ্চ্যবনঃ শীঘ্রং রূপার্থী প্রবিবেশ হ।
অশ্বিনাবপি তদ্রাজন্! সরঃ প্রাবিশতাং তদা ॥১৭॥
ততো মুহূর্ত্তাদুত্তীর্ণাঃ সর্বে তে সরসস্তদা।
দিব্যরূপধরাঃ সর্ব্বে যুবানো মৃষ্টকুণ্ডলাঃ ॥১৮॥
তুল্যবেশধরাশ্চৈব মনসঃ প্রীতিবর্দ্ধনাঃ।
তেঽব্রুবন সহিতাঃ সর্ব্বে বৃণীষ্বান্যতমং শুভে! ॥১৯॥
অস্মাকমীপ্সিতং ভদ্রে! পতিত্বে বরবর্ণিনি!।
যত্র বাপ্যভিকামাসি তং বৃণীষ্ব সুশোভনে! ॥২০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সেতি। ভার্গবং চ্যবনং তদর্থকমিত্যর্থঃ ॥১৪॥

তদিতি। ক্রিয়তাম্, উক্তরূপং কার্য্যমশ্বিনীকুমারাভ্যামিতি শেষঃ ॥১৫॥

শ্রুত্বেতি। তস্যাঃ সুকন্যায়াঃ। অপো জলম্ ॥১৬॥

তত ইতি। রূপার্থী যৌবনার্থী চ। প্রাবিশতাং প্রবিষ্টবন্তৌ ॥১৭॥

তত ইতি। মুহূর্ত্তাৎ পরম্। মৃষ্টকুণ্ডলাঃ পরিষ্কৃতকুণ্ডলাঃ। অস্মাকং মধ্যে ঈপ্সিতমন্যতমং জনং পতিত্বে বৃণীষ্বেতি সম্বন্ধঃ। অভিকামা আসিতঃ কামুকী ॥১৮—২০॥

রাজা! অশ্বিনীকুমারদের সেই কথা অনুসারে সুকন্যা চ্যবনের নিকট যাইয়া—তাঁহার প্রতি তাঁহারা যে কথা বলিয়াছিলেন, তাহা বলিলেন ॥১৪॥

তাহা শুনিয়া চ্যবন সুকন্যাকে বলিলেন—'অশ্বিনীকুমারেরা উক্তরূপ কার্য্যই করুন'। তখন সুকন্যা ভর্ত্তার অনুমতি পাইয়া যাইয়া অশ্বিনীকুমারদিগকে বলিলেন—'আপনারা তাহাই করুন' ॥১৫॥

তখন সুকন্যার মুখে 'করুন'—এই কথা শুনিয়া অশ্বিনীকুমারেরা তাঁহাকে বলিলেন—'তবে তোমার পতি জলে প্রবেশ করুন' ॥১৬॥

তাহার পর রূপ ও যৌবনার্থী চ্যবন সত্বরই জলে প্রবেশ করিলেন। রাজা! তখন অশ্বিনীকুমারেরাও সেই সরোবরে প্রবেশ করিলেন ॥১৭॥

তদনন্তর তাঁহারা সকলেই মুহূর্ত্তকালপরে সরোবর হইতে উঠিলেন; তখন তাঁহারা সকলেই দিব্য-রূপসম্পন্ন, যুবক, পরিমার্জ্জিতকুণ্ডলধারী, সমান-বেশসমন্বিত এবং মনের আনন্দবর্দ্ধক হইয়া বিরাজ করিতে লাগিলেন। পরে,

সা সমীক্ষ্য তু তান্ সর্ব্বাংস্তুল্যরূপধরান্ স্থিতান্।
নিশ্চিত্য মনসা বুদ্ধ্যা দেবী বব্রে স্বকং পতিম্ ॥২১॥
লব্ধ্বা তু চ্যবনো ভার্য্যাং বয়ো রূপঞ্চ বাঞ্ছিতম্।
হৃষ্টোঽব্রবীন্মহাতেজাস্তৌ নাসত্যাবিদং বচঃ ॥২২॥
যথাহং রূপসম্পন্নো বয়সা চ সমন্বিতঃ।
কৃতো ভবদ্ভ্যাং বৃদ্ধঃ সন্ ভার্য্যাঞ্চ প্রাপ্তবানিমাম্ ॥২৩॥
তস্মাদ্যুবাং করিষ্যামি প্রীত্যাহং সোমপীথিনৌ।
মিষতো দেবরাজস্য সত্যমেতদ্ব্রবীমি বাম্ ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সেতি। নিশ্চিত্য বুদ্ধ্বা যোগিযোগ্যনয়নভাবাদিনা নিশ্চয়েনাবগম্য ॥২১॥

লব্ধ্বেতি। বয়ো যৌবনম্। নাসত্যৌ অশ্বিনীকুমারৌ ॥২২॥

যথেতি। যথা যস্মাৎ। সোমপীথিনৌ যজ্ঞে সোমপায়িনৌ। মিষতঃ পশ্যতঃ পশ্যন্তং তমনাদৃত্যেত্যর্থঃ। এতেনাশ্বিনৌ পূর্ব্বমসোমপাবাস্তামিতি সূচিতম্ ॥২৩—২৪॥

ভারতভাবদীপঃ

কস্যচিদিতি। বিবৃতামনাচ্ছাদিতাম্ ॥১—৪॥ গতবয়সে অতীতবয়সে ইত্যর্থঃ ॥৫—২৩॥ "অশ্বিনৌ বৈ দেবানামসোমপাবাস্তাম্" ইতি শ্রুতেঃ [illegible], তস্মাদ্যুবামিতি। যুবয়োরসোমপত্বং মিষতঃ পশ্যতঃ দূরীকরিষ্যামীত্যর্থঃ ॥২৪—২৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০২॥

তাঁহারা সকলেই সম্মিলিত হইয়া সুকন্যাকে বলিলেন—'কল্যাণি! তুমি আমাদের মধ্যে তোমার অভীষ্ট কোন একজনকে পতিত্বে বরণ কর, অথবা ভদ্রে! বরবর্ণিনি! সুন্দরি! যাহার উপরে তোমার পূর্ব্ব হইতেই অভিলাষ আছে, তাঁহাকেই বরণ কর' ॥১৮—২০॥

তখন সুকন্যাদেবী তাঁহাদের সকলকেই সমানরূপধারণপূর্ব্বক থাকিতে দেখিয়া মনে মনে নিশ্চিতভাবে বুঝিয়া আপন পতিকেই বরণ করিলেন ॥২১॥

তাহার পর মহাতেজা চ্যবন ভার্য্যা, অভীষ্ট বয়স ও রূপ লাভ করিয়া আনন্দিত হইয়া সেই অশ্বিনীকুমারদিগকে এই কথা বলিলেন—॥২২॥

'আমি বৃদ্ধ ছিলাম, তথাপি আপনারা যখন আমাকে যুবা ও রূপবান্ করিলেন এবং আমি ভার্য্যাটী লাভ করিলাম; তখন আমিও প্রণয়বশতঃ দেবরাজের সাক্ষাতেই আপনাদিগকে সোমপায়ী করিব; ইহা আপনাদিগকে সত্য বলিলাম' ॥২৩—২৪॥

(২১)···নিশ্চিত্য মনসা বুদ্ধ্যা—বা ব কা নি।

তচ্ছ্রুত্বা হৃষ্টমনসৌ দিবং তৌ প্রতি জগ্মতুঃ।
চ্যবনশ্চ সুকন্যা চ সুরাবিব বিজহ্রতুঃ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সুকন্যোপাখ্যানে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

লোমশ উবাচ।

ততঃ শুশ্রাব শর্যাতির্বয়স্থং চ্যবনং কৃতম্।
সংহৃষ্টঃ সেনয়া সার্দ্ধমুপায়াদ্ভার্গবাশ্রমম্ ॥১॥
চ্যবনঞ্চ সুকন্যাঞ্চ দৃষ্ট্বা দেবসুতাবিব।
রেমে সভার্য্যঃ শর্যাতিঃ কৃৎস্নাং প্রাপ্য মহীমিব ॥২॥

ভারতকৌমুদী

তদিতি। তৌ অশ্বিনৌ। সুরশ্চ সুরী চ সুরৌ দেবদেব্যাবিবেত্যর্থঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। বয়স্থং তরুণম্, "বয়স্থস্তরুণো যুবা" ইত্যমরঃ ॥১॥

চ্যবনমিতি। দেবস্য সুতশ্চ সুতা চ দেবসুতৌ। রেমে আনন্দ ॥২॥

তাহা শুনিয়া আনন্দিত হইয়া অশ্বিনীকুমারেরা স্বর্গের দিকে চলিয়া গেলেন; এদিকে চ্যবন এবং সুকন্যাও দেব দেবীর ন্যায় বিহার করিতে লাগিলেন ॥২৫॥

—:*:—

লোমশ বলিলেন—তাহার পর শর্যাতিরাজা শুনিলেন যে, অশ্বিনীকুমারেরা চ্যবনকে যুবা করিয়াছেন; ইহা শুনিয়া তিনি বিশেষ আনন্দিত হইয়া সৈন্যগণের সহিত চ্যবনের আশ্রমে গমন করিলেন ॥১॥

শর্যাতিরাজা ভার্য্যার সহিত যাইয়া চ্যবনকে ও সুকন্যাকে দেবতার পুত্র-কন্যার ন্যায় দেখিয়া, সমগ্র পৃথিবীর রাজত্ব পাইয়াই যেন আনন্দ লাভ করিলেন ॥২॥

* '...ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা, '...চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' নি নি।

ঋষিণা সৎকৃতস্তেন সভার্য্যঃ পৃথিবীপতিঃ।
উপোপবিষ্টঃ কল্যাণীঃ কথাশ্চক্রে মনোরমাঃ॥৩॥
অথৈনং ভার্গবো রাজন্নুবাচ পরিসান্ত্বয়ন্।
যাজয়িষ্যামি রাজংস্ত্বাং সম্ভারানুপকল্পয়॥৪॥
ততঃ পরমসংহৃষ্টঃ শর্য্যাতিরবনীপতিঃ।
চ্যবনস্য মহারাজ! তদ্বাক্যং প্রত্যপূজয়ৎ॥৫॥
প্রশস্তেঽহনি যজ্ঞীয়ে সর্ব্বকামসমৃদ্ধিমৎ।
কারয়ামাস শর্য্যাতির্যজ্ঞায়তনমুত্তমম্॥৬॥
তত্রৈনং চ্যবনো রাজন্! যাজয়ামাস ভার্গবঃ।
অদ্ভুতানি চ তত্রাসন্ যানি তানি নিবোধ মে॥৭॥

ভারতকৌমুদী

ঋষিণেতি। উপ সমীপে, কল্যাণীঃ মঙ্গলময়ীঃ, কথাঃ আলাপান্॥৩॥

অথেতি। পরিসান্ত্বয়ন্ অনুনয়ন্। সম্ভারান্ যজ্ঞোপযোগিদ্রব্যাণি॥৪॥

তত ইতি। প্রত্যপূজয়ৎ সমাদরেণাগৃহীতবান্॥৫॥

প্রশস্ত ইতি। কাম্যন্ত ইতি কামাঃ অভীষ্টদ্রব্যাণি; যজ্ঞায়তনং যজ্ঞশালাম্॥৬॥

তত্রেতি। এনং শর্য্যাতিম্। অদ্ভুতানি আশ্চর্য্যব্যাপারাঃ। নিবোধ শৃণু॥৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি। পাঠস্তু যুবানম্, "যুবং চ্যবানং সনয়ং যথা রথং পুনর্যুবানং চরথায় চক্রথু"রিতি মন্ত্রলিঙ্গাৎ। চ্যবানং চ্যবনম্, চরথায় সঞ্চরণায়েতি॥২—৩॥ সম্ভারান্ যজ্ঞোপকরণানি॥৪—৭॥

তখন চ্যবন তাঁহাদের সংবর্দ্ধনা করিলে, শর্য্যাতিরাজা ভার্য্যার সহিত নিকটে বসিয়া মঙ্গলকর ও মনোহর আলাপ করিলেন॥৩॥

যুধিষ্ঠির! তাহার পর চ্যবন অনুনয় করিয়া শর্য্যাতিরাজাকে বলিলেন— 'রাজা! আমি আপনাকে যজ্ঞ করাইব, আপনি তাহার দ্রব্যসামগ্রী সংগ্রহ করুন'॥৪॥

মহারাজ! তদনন্তর শর্য্যাতিরাজা অত্যন্ত আনন্দিত হইয়া চ্যবনের সেই বাক্যের সমাদর করিলেন॥৫॥

তৎপরে শর্য্যাতিরাজা যজ্ঞের প্রশস্ত দিনে সর্ব্বাঙ্গসম্পন্ন উত্তম যজ্ঞশালা নির্ম্মাণ করাইলেন॥৬॥

রাজা! ভৃগুনন্দন চ্যবন সেই যজ্ঞশালায় শর্য্যাতিরাজাকে যজ্ঞ করাইতে লাগিলেন; তাহাতে যে সকল অদ্ভুত ঘটনা ঘটিয়াছিল, তাহা আমার নিকট শ্রবণ কর॥৭॥

অগৃহ্লাচ্চ্যবনঃ সোমমশ্বিনোর্দেবয়োস্তদা।
তমিন্দ্রো বারয়ামাস গৃহ্লানং স তয়োর্গ্রহম্ ॥৮॥

ইন্দ্র উবাচ।

উভাবেতৌ ন সোমার্হৌ নাসত্যাবিতি মে মতিঃ।
ভিষজৌ দিবি দেবানাং কর্ম্মণা তেন নার্হতঃ ॥৯॥

চ্যবন উবাচ।

মহোৎসাহৌ মহাত্মানৌ রূপদ্রবিণবত্তরৌ।
যৌ চক্রতুর্মাং মঘবন্! বৃন্দারকমিবাজরম্ ॥১০॥
ঋতে ত্বাং বিবুধাংশ্চান্যান্ কথং বৈ নার্হতঃ সবম্।
অশ্বিনাবপি দেবেন্দ্র! দেবৌ বিদ্ধি পুরন্দর! ॥১১॥

ইন্দ্র উবাচ।

চিকিৎসকৌ কর্ম্মকরৌ কামরূপসমন্বিতৌ।
লোকে চরন্তৌ মর্ত্ত্যানাং কথং সোমমিহার্হতঃ ॥১২॥

ভারতকৌমুদী

অগৃহ্লাদিতি। অশ্বিনোরর্থে। গৃহ্যতে অনেনেতি গ্রহঃ সোমপাত্রম্, তম্ ॥৮॥
উভাবিতি। নাসত্যাবশ্বিনৌ। ভিষজৌ চিকিৎসকমাত্রৌ ন পুনর্দেবাবিতি ভাবঃ ॥৯॥
মহোত। রূপদ্রবিণবত্তরৌ প্রাধান্যেন সৌন্দর্য্যধনবন্তৌ। বৃন্দারকং দেবম্ ॥১০॥
ঋত ইতি। সবং যজ্ঞং যজ্ঞীয়সোমমিত্যর্থঃ। দেবৌ বিদ্ধি, অতঃ সোমমর্হতঃ ॥১১॥
চিকিৎসকাবিতি। কামরূপসমন্বিতৌ, মায়ামাত্রেণ ন পুনর্দেবত্বেনেত্যাশয়ঃ ॥১২॥

চ্যবন অশ্বিনীকুমারদের জন্য সোমরস লইবার সঙ্কল্প করিলেন, এমন কি তিনি তাঁহাদিগকে দিবার জন্য সোমপাত্র গ্রহণই করিলেন; তখন ইন্দ্র তাঁহাকে নিষেধ করিলেন ॥৮॥

ইন্দ্র বলিলেন—'ঋষি! আমার ধারণা এই যে, এই অশ্বিনকুমারেরা দুই জনই সোমরস পাইতে পারেন না। কারণ, ইঁহারা স্বর্গে দেবগণের চিকিৎসকমাত্র; সুতরাং সেই কার্য্যবশতই সোমরস পাইতে পারেন না' ॥৯॥

চ্যবন বলিলেন—'দেবরাজ! ইঁহারা অত্যন্ত উৎসাহী ও মহাত্মা এবং বিশেষ রূপবান্ ও ধনবান্; বিশেষতঃ যাঁহারা আমাকে দেবতার ন্যায় জরাবিহীন করিয়াছেন' ॥১০॥

অতএব দেবরাজ! আপনি বা অন্যান্য দেবতা ব্যতীত ইঁহারা কেন যজ্ঞীয় সোমরস পাইবেন না। পুরন্দর! আপনি এই অশ্বিনীকুমার দুই জনকে দেবতা বলিয়াই জানুন' ॥১১॥

লোমশ উবাচ।

এতদেব যদা বাক্যমাম্রেড়য়তি দেবরাট্।
অনাদৃত্য ততঃ শক্রং গ্রহং জগ্রাহ ভার্গবঃ ॥১৩॥
গ্রহীষ্যন্তন্তু তং সোমমশ্বিনোরুত্তমং তদা।
সমীক্ষ্য বলভিদ্দেব ইদং বচনমব্রবীৎ ॥১৪॥
আভ্যামর্থায় সোমং ত্বং গ্রহীষ্যসি যদি স্বয়ম্।
বজ্রং তে প্রহরিষ্যামি ঘোররূপমনুত্তমম্ ॥১৫॥
এবমুক্তঃ স্ময়ন্নিন্দ্রমভিবীক্ষ্য স ভার্গবঃ।
জগ্রাহ বিধিবৎ সোমমশ্বিভ্যামুত্তমং গ্রহম্ ॥১৬॥
ততোঽস্মৈ প্রাহরদ্বজ্রং ঘোররূপং শচীপতিঃ।
অস্য প্রহরতো বাহুং স্তম্ভয়ামাস সর্বতঃ ॥১৭॥

ভারতকৌমুদী

এতদিতি। আম্রেড়য়তি দ্বিস্ত্রির্বদতি, "আম্রেড়িতং দ্বিস্ত্রিরুক্তম্" ইত্যমরঃ ॥১৩॥
গ্রহীষ্যন্তমিতি। অশ্বিনোরর্থে। বলভিৎ ইন্দ্রঃ ॥১৪॥
আভ্যামিতি। আভ্যাম্ অনয়োরশ্বিনোঃ অর্থায় প্রয়োজনায় ॥১৫॥
এবমিতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। সোমং সোমাধারভূতম্, গ্রহং পাত্রম্ ॥১৬॥
তত ইতি। প্রাহরৎ প্রহর্ত্তুমুদযচ্ছৎ। স্তম্ভয়ামাস চ্যবন ইতি শেষঃ ॥১৭॥

ইন্দ্র বলিলেন—'ঋষি! ইঁহারা দেবগণের চিকিৎসক ও কার্য্যকারী এবং মায়া করিয়া কামরূপী হন, বিশেষতঃ মর্ত্ত্যলোকে বিচরণ করেন। সুতরাং ইঁহারা কি করিয়া সোমরস পাইতে পারেন?' ॥১২॥

লোমশ বলিলেন—দেবরাজ যখন এই কথাই দুই তিনবার বলিলেন, তখন চ্যবন তাঁহাকে অগ্রাহ্য করিয়া সোমপাত্র গ্রহণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১৩॥

চ্যবন অশ্বিনীকুমারদের জন্য উত্তম সোমরস গ্রহণই করিবেন ইহা দেখিয়া তখন দেবরাজ এই কথা বলিলেন—॥১৪॥

'তুমি যদি অশ্বিনীকুমারদের জন্য নিজেই সোমরস গ্রহণ কর, তবে তোমার উপরে দারুণ ও শ্রেষ্ঠ বজ্র প্রহার করিব' ॥১৫॥

ইন্দ্র এইরূপ বলিলে, চ্যবন ঈষৎ হাস্য করিয়া তাঁহার দিকে চাহিয়া অশ্বিনীকুমারদের জন্য যথাবিধানে উত্তম সোমপাত্র গ্রহণ করিলেন ॥১৬॥

তাহার পর ইন্দ্র চ্যবনের উপরে ভয়ঙ্কর বজ্র প্রহার করিবার উদ্যম করিলেন; উদ্যম করিবামাত্র চ্যবন তাঁহার বাহু সর্ব্বপ্রকারে স্তব্ধ করিলেন ॥১৭॥

তং স্তম্ভয়িত্বা চ্যবনো জুহুবে মন্ত্রতোঽনলম্।
কৃত্যার্থী সুমহাতেজা দেবং হিংসিতুমুদ্যতঃ ॥১৮॥
ততঃ কৃত্যাথ সংজজ্ঞে মুনেস্তস্য তপোবলাৎ।
মদো নাম মহাবীর্য্যো বৃহৎকায়ো মহাসুরঃ ॥১৯॥
শরীরং যস্য নির্দ্দেষ্টুমশক্যন্তু সুরাসুরৈঃ।
তস্যাস্যমভবদ্ঘোরং তীক্ষ্ণাগ্রদশনং মহৎ ॥২০॥
হনুরেকা স্থিতা তস্য ভূমাবেকা দিবং গতা।
চতস্রশ্চায়তা দংষ্ট্রা যোজনানাং শতং শতম্ ॥২১॥
ইতরে তস্য দশনা বভূবুর্দশযোজনাঃ।
প্রাসাদশিখরাকারাঃ শূলাগ্রসমদর্শনাঃ ॥২২॥
বাহূ পর্ব্বতসঙ্কাশাবায়তাবযুতং সমৌ।
নেত্রে রবিশশিপ্রখ্যে বক্ত্রং কালাগ্নিসন্নিভম্ ॥২৩॥

ভারতকৌমুদী

তমিতি। মন্ত্রতো মন্ত্রং পঠিত্বা। কৃত্যার্থী মারণদেবতোৎপাদনার্থী ॥১৮॥
তত ইতি। কৃত্যা কাচিন্মারণদেবতা, "কৃত্যা ক্রিয়াদেবতয়োঃ" ইত্যমরঃ ॥১৯॥
শরীরমিতি। আস্যং বদনম্, তীক্ষ্ণাগ্রাঃ দশনাঃ দন্তা যস্য তৎ ॥২০॥
হনুরিতি। হনুরোষ্ঠ ইত্যর্থঃ, দিবম্ আকাশম্, আয়তা দীর্ঘাঃ, দংষ্ট্রা দন্তাঃ ॥২১॥
ইতর ইতি। দশনা দন্তাঃ। প্রাসাদশিখরাকারাঃ দেবমন্দিরচূড়াতুল্যাঃ ॥২২॥
বাহূ ইতি। অযুতম্ অযুতযোজনম্, সমৌ সমানপরিমাণৌ ॥২৩॥

অতিমহাতেজা চ্যবন ইন্দ্রের বাহু স্তম্ভ করিয়া তাঁহাকে বিনষ্ট করিবার জন্য কোন মারণদেবতা সৃষ্টি করিবার ইচ্ছায় মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নিতে আহুতি দিলেন ॥১৮॥

তদনন্তর চ্যবনমুনির তপস্যার প্রভাবে মহাসুরের ন্যায় মহাবীর ও বৃহৎকায় 'মদ'-নামে একটা মারণদেবতা জন্মিল ॥১৯॥

দেবগণ ও দানবগণ যাহার শরীরের ইয়ত্তা করিতে পারেন নাই। তাহার মুখখানা বিশাল ও ভয়ঙ্কর হইয়াছিল, এবং তাহার দন্ত সকল তীক্ষ্ণাগ্র ছিল ॥২০॥

তাহার একটা ওষ্ঠ ভূতলে ছিল, আর একটা আকাশে উঠিয়াছিল এবং সম্মুখের চারিটা দাঁত শত শত যোজন দীর্ঘ ছিল ॥২১॥

তাহার অপর দন্ত সকল দশযোজনদীর্ঘ, মন্দিরের চূড়ার ন্যায় ক্রমিক সরু এবং শূলাগ্রের ন্যায় তীক্ষ্ণ ও উজ্জ্বল ছিল ॥২২॥

আর তাহার পর্ব্বততুল্য বাহুযুগল সমান ও অযুতযোজন দীর্ঘ, নয়নযুগল

লেলিহন্ জিহ্বয়া বক্ত্রং বিদ্যুচ্চপললোলয়া।
ব্যাত্তাননো ঘোরদৃষ্টির্গ্রসন্নিব জগদ্বলাৎ ॥২৪॥
স ভক্ষয়িষ্যন্ সংক্রুদ্ধঃ শতক্রতুমুপাদ্রবৎ।
মহতা ঘোররূপেণ লোকান্ শব্দেন নাদয়ন্ ॥২৫॥ (যুগ্মকম্)
তং দৃষ্ট্বা ঘোরবদনং মদং দেবঃ শতক্রতুঃ।
আয়ান্তং ভক্ষয়িষ্যন্তং ব্যাত্তাননমিবান্তকম্ ॥২৬॥
ভয়াৎ সংস্তম্ভিতভুজঃ সৃক্কিণী লেলিহন্মুহুঃ।
ততোঽব্রবীদ্দেবরাজশ্চ্যবনং ভয়পীড়িতঃ ॥২৭॥ (যুগ্মকম্)
সোমার্হাবশ্বিনাবেতাবদ্যপ্রভৃতি ভার্গব।।
ভবিষ্যতঃ সত্যমেতদ্বচো বিপ্র! প্রসীদ মে ॥২৮॥
ন তে মিথ্যা সমারম্ভো ভবত্বেষ পরো বিধিঃ।
জানামি চাহং বিপ্রর্ষে! ন মিথ্যা ত্বং করিষ্যতি।
সোমার্হাবশ্বিনাবেতৌ যথৈবাদ্য কৃতৌ ত্বয়া ॥২৯॥

ভারতকৌমুদী

লেলিহন্নিতি। অত্র নকারলোপসম্ভবে ঙকারলোপ আর্ষঃ। বিদ্যুদিব চপলা চঞ্চলা লোলা লম্বিতা চ তয়া। ব্যাত্তাননো বিবৃতমুখঃ। শতক্রতুমিন্দ্রম্ ॥২৪—২৫॥

তমিতি। মদং তদাখ্যমসুরম্। সৃক্কিণী ওষ্ঠপ্রান্তদ্বয়ম্ ॥২৬—২৭॥

সোমেতি। সোমার্হৌ যজ্ঞীয়সোমপ্রাপ্তিযোগ্যৌ। হে ভার্গব! চ্যবন! ॥২৮॥

চন্দ্র ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং মুখের ভিতরটা প্রলয়কালীন অগ্নির ন্যায় ছিল ॥২৩॥

সেই ঘোরদর্শন অসুর অত্যন্তক্রুদ্ধ হইয়া, বিদ্যুতের ন্যায় চঞ্চল ও লম্বিত জিহ্বাদ্বারা মুখলেহন করিতে থাকিয়া, বিশাল ও ভয়ঙ্কর শব্দে ত্রিভুবন নিনাদিত করিয়া বলপূর্ব্বক জগৎ গ্রাসেই যেন প্রবৃত্ত হইয়া, হাঁ করিয়া, ইন্দ্রকে ভক্ষণ করিবার জন্য ধাবিত হইল ॥২৪—২৫॥

প্রকটিতমুখ, যমের ন্যায় ভয়ঙ্করমুখ সেই মদাসুর ভক্ষণ করিতে আসিতেছে দেখিয়া স্তম্ভিতবাহু দেবরাজ ইন্দ্র অত্যন্ত ভীত হইয়া, বার বার ওষ্ঠপ্রান্ত লেহন করিয়া ভয়বশতঃ চ্যবনকে বলিলেন—॥২৬—২৭॥

'ভৃগুনন্দন! আজ হইতে এই অশ্বিনীকুমারেরা যজ্ঞে সোমভাগী হইবেন; এই কথা ধ্রুব সত্য। অতএব ব্রাহ্মণ! আপনি আমার প্রতি প্রসন্ন হউন' ॥২৮॥

(২৫) শ্লোকাৎ পরম্ '···চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ। লোমশ উবাচ।' বা ব কঃ, '···পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ। লোমশ উবাচ।' পি নি।

ভূয় এব তু তে বীর্য্যং প্রকাশেদিতি ভার্গব !।
সুকন্যায়াঃ পিতুশ্চাস্য লোকে কীর্ত্তিঃ প্রথেদিতি ॥৩০॥
অতো ময়ৈতদ্বিহিতং তব বীর্য্যপ্রকাশনম্।
তস্মাৎ প্রসাদং কুরু মে ভবত্বেবং যথেচ্ছসি ॥৩১॥ (যুগ্মকম্)
এবমুক্তস্য শক্রেণ ভার্গবস্য মহাত্মনঃ।
স মন্যুর্ব্যগমচ্ছীঘ্রং মুমোচ চ পুরন্দরম্ ॥৩২॥
মদঞ্চ ব্যভজদ্রাজন্ ! পানে স্ত্রীষু চ বীর্য্যবান্।
অক্ষেষু মৃগয়ায়াঞ্চ পূর্ব্বসৃষ্টং পুনঃ পুনঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

নেতি। সমারম্ভো মদসৃষ্টিঃ। পরো বিধিঃ উত্তমা সৃষ্টিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

ভূয় ইতি। বীর্য্যং তপঃপ্রভাবঃ। প্রথেৎ বিস্তৃতা ভবেৎ ॥৩০—৩১॥

এবমিতি। মন্যুঃ ইন্দ্রং প্রতি ক্রোধঃ। মুমোচ বাহুস্তম্ভাৎ ॥৩২॥

মদমিতি। ব্যভজৎ বিভজ্য নিহিতবান্। পানে সুরায়াঃ। অক্ষেষু দ্যূতক্রীড়াসু। অনর্থকারিণঃ খলু পানাদয়ঃ, তদ্বর্জনায় চ মদাশ্রয়ীকরণম্, অতএব চ মদসৃষ্টিঃ পরো বিধি রিত্যাশয়ঃ। পুনঃ পুনরিত্যনেন পানাদিষু মদাধিক্যং প্রদর্শিতম্ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

গ্রহঃ সোমস্য, গৃহ্ণাণং তয়োরর্থে ॥৮—১০॥ সবং সোমম্ ॥১১—১২॥ আম্রেড়য়তি পুনঃ-পুনরাবর্ত্তয়তি ॥১৩—২৬॥ সৃক্বণী গলগর্ত্তৌ ॥২৭—৩২॥ মদঞ্চেতি। সুরাপান-স্ত্রী দ্যূত

ব্রহ্মর্ষি ! আপনার এই মদসৃষ্টি যেন মিথ্যা হয় না, বরং ইহা প্রধান কার্য্যে পরিণত হউক। আমিও জানি যে, আপনি আজ যেমন এই অশ্বিনীকুমার-দিগকে যথার্থই সোমরসভাগী করিলেন, তেমন এই মদকেও মিথ্যা করিবেন না, (যথার্থই করিবেন) ॥২৯॥

ভৃগুনন্দন ! আপনার তপস্যার প্রভাব অধিক পরিমাণেই প্রকাশিত হউক এবং সুকন্যার পিতা শর্য্যাতিরাজার কীর্ত্তিও জগতে বিস্তৃতি লাভ করুক; এইরূপ ভাবিয়াই আমি এই ভাবে আপনার প্রভাব প্রকাশ করিয়াছি; অতএব আপনি আমার প্রতি অনুগ্রহ করুন; এবং আপনি যেমন ইচ্ছা করেন মদ তেমনই হউক' ॥৩০—৩১॥

ইন্দ্র এইরূপ বলিলে, মহাত্মা চ্যবনের ক্রোধ সত্বরই তিরোহিত হইল এবং তিনি ইন্দ্রকে (বাহুস্তম্ভ হইতে) ছাড়িয়া দিলেন ॥৩২॥

রাজা ! তাহার পর তপঃপ্রভাবশালী চ্যবন পূর্ব্বসৃষ্ট মদকে বিভক্ত করিয়া সুরাপান, স্ত্রী, দ্যূতক্রীড়া ও মৃগয়াতে বার বার স্থাপিত করিলেন ॥৩৩॥

তথা মদং বিনিক্ষিপ্য শক্রং সন্তর্প্য চেন্দুনা।
অশ্বিভ্যাং সহিতান্ দেবান্ যাজয়িত্বা চ তং নৃপম্ ॥৩৪॥
বিখ্যাপ্য বীর্য্যং লোকেষু সর্ব্বেষু বদতাং বরঃ।
সুকন্যয়া মহারণ্যে বিজহারানুকূলয়া ॥৩৫॥ (যুগ্মকম্)
তস্যৈতদ্দ্বিজসংঘুষ্টং সরো রাজন্! প্রকাশতে।
প্রেতি। বীরেষু পাণ্ডবেষু। চণ্ডস্তীব্রো বাতো যস্মিন্ তৎ, বর্ষং বৃষ্টিঃ ॥৭॥
তত ইতি। পত্রৈঃ সহেতি সপত্রঃ স চাসৌ বহুলশ্চেতি সঃ, মহান্ বেগবান্ ॥৮॥
নেতি। প্রজ্ঞায়তে স্ম দৃশ্যতে স্ম। রেণুনা ধূল্যা। তে পাণ্ডবাদয়ঃ ॥৯॥
নেতি। তমসা অন্ধকারেণ। সাশ্মচূর্ণেন পাষাণরেণুসহিতেন ॥১০॥
দ্রুমাণামিতি। মহীজানাং লতাদীনাম্ ॥১১॥
দ্যৌরিতি। স্বিৎ প্রশ্নে। ভূমির্দীর্য্যতে কিম্। মেনিরে, শব্দাতিরেকাদেব ।১২॥

নরনাথ ! পাণ্ডবগণ গন্ধমাদনপর্ব্বতে প্রবেশ করিবার পরেই তীব্র বায়ু ও বিশাল বৃষ্টি প্রাদুর্ভূত হইল ॥৭॥

তাহার পর বেগবান্ প্রচুর ধূলি ও পত্র সমুত্থিত হইয়া তৎক্ষণাৎ পৃথিবী, আকাশ ও স্বর্গ আবৃত করিয়া ফেলিল ॥৮॥

ধূলিতে আকাশ আবৃত হইলে তাঁহারা কিছুই দেখিতে পাইতে লাগিলেন না, কিংবা পরস্পর আলাপ করিতেও সমর্থ হইলেন না ॥৯॥

ভরতনন্দন ! তৎপরে অন্ধকারে নয়ন আবৃত করিল এবং প্রস্তররেণুবাহী বায়ু আকর্ষণ করিতে থাকিল ; তখন তাঁহারা পরস্পর পরস্পরকেও দেখিতে পাইতে লাগিলেন না ॥১০॥

ক্রমে বৃক্ষ ও লতাপ্রভৃতি বায়ুবেগে ভগ্ন হইয়া অনবরত ভূতলে পড়িতে থাকিল ; তাহাতে গুরুতর শব্দ হইতে লাগিল ॥১১॥

তে পথানন্তরান্ বৃক্ষান্ বল্মীকান্ বিষমাণি চ।
পাণিভিঃ পরিমার্গন্তো ভীতা বায়োর্নিলিল্যিরে ॥১৩॥
ততঃ কার্ম্মুকমুদ্যম্য ভীমসেনো মহাবলঃ।
কৃষ্ণামাদায় সঙ্গম্য তস্থাবাশ্রিত্য পাদপম্ ॥১৪॥
ধর্ম্মরাজশ্চ ধৌম্যশ্চ নিলিল্যাতে মহাবনে।
অগ্নিহোত্রাণ্যুপাদায় সহদেবস্তু পর্বতে ॥১৫॥
নকুলো ব্রাহ্মণাশ্চান্যে লোমশশ্চ মহাতপাঃ।
বৃক্ষানাসাদ্য সন্ত্রস্তাস্তত্র তত্র নিলিল্যিরে ॥১৬॥
মন্দীভূতে তু পবনে তস্মিন্ রজসি শাম্যতি।
মহদ্ভির্জলধারৌঘৈর্বর্ষমভ্যাজগাম হ ॥১৭॥

ভারতকৌমুদী

তে ইতি। "পথঃ পন্থাঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ। পথানাম্ অনন্তরান্ অব্যবহিতান্। বিষমাণি বন্ধুরাণি স্থানানি। বায়োর্ভীতাঃ, নিলিল্যিরে লুক্কায়িতা বভূবুঃ ॥১৩॥

তত ইতি। উদ্যম্য উত্তোল্য ধৃত্বা। কৃষ্ণাং দ্রৌপদীম্। সঙ্গম্য গত্বা ॥১৪॥

ধর্ম্মেতি। নিলিল্যাতে লুক্কায়িতৌ বভূবতুঃ। অগ্নিহোত্রাণি তদ্দ্রব্যাণি ॥১৫॥

নকুল ইতি। সন্ত্রস্তা বাত্যাতঃ অতীবভীতাঃ সন্তঃ ॥১৬॥

মন্দীতি। রজসি ধূলিজালে, শাম্যতি নিবৃত্তে সতি। বর্ষং বৃষ্টিঃ ॥১৭॥

তখন তাঁহারা সকলেই প্রবল বাত্যায় অত্যন্ত মোহিত হইয়া মনে করিতে লাগিলেন যে, 'একি আকাশ খসিয়া পড়িতেছে! না, পৃথিবী ফাটিয়া যাইতেছে! না, পর্ব্বত বিদীর্ণ হইতেছে!' ॥১২॥

তাহার পর তাঁহারা বায়ুভয়ে ভীত হইয়া হস্তদ্বারা পথের নিকটবর্ত্তী বৃক্ষ, বল্মীকমৃত্তিকা ও বন্ধুর স্থান অন্বেষণ করিয়া করিয়া সেই গুলির ভিতরে লুক্কায়িত হইতে লাগিলেন ॥১৩॥

তাহার পর মহাবল ভীমসেন ধনু ধারণ করিয়া দ্রৌপদীকে লইয়া যাইয়া একটা বৃক্ষ আশ্রয় করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৪॥

যুধিষ্ঠির ও ধৌম্য যাইয়া নিবিড় বনের ভিতরে লুক্কায়িত হইলেন এবং সহদেব অগ্নিহোত্রের জিনিষগুলি লইয়া পর্ব্বতের ভিতরে আশ্রয় লইলেন ॥১৫॥

এবং নকুল, অন্যান্য ব্রাহ্মণ ও মহাতপা লোমশমুনি অত্যন্ত ভীত হইয়া বৃক্ষ আশ্রয় করিয়া করিয়া সেই সেই স্থানে অবস্থান করিতে লাগিলেন ॥১৬॥

---

(১৪) ততঃ কার্ম্মুকমাদায়··· বা ব কা নি।

ভৃশং চটচটাশব্দো বজ্রাণাং ক্ষিপ্যতামিব।
ততস্তাশ্চঞ্চলাভাসশ্চেরুরভ্রেষু বিদ্যুতঃ ॥১৮॥
ততোঽশ্মসহিতা ধারাঃ সংবৃণ্বত্যঃ সমন্ততঃ।
প্রপেতুরনিশং তত্র শীঘ্রবাতসমীরিতাঃ ॥১৯॥
তত্র সাগরগা হ্যাপঃ কীর্য্যমাণাঃ সমন্ততঃ।
প্রাদুরাসন্ সকলুষাঃ ফেনবত্যো বিশাংপতে! ॥২০॥
বহন্ত্যো বারি বহুলং ফেনোড়ুপপরিপ্লুতম্।
পরিসস্রুর্মহাশব্দাঃ প্রকর্ষন্ত্যো মহীরুহান্ ॥২১॥

ভারতকৌমুদী

ভৃশমিতি। ক্ষিপ্যতাং ক্ষিপ্যমাণানাম্। চঞ্চলা আভা যাসাং তাঃ, অভ্রেষু মেঘেষু ॥১৮॥

তত ইতি। অশ্মসহিতা বর্ষোপলযুক্তাঃ, ধারা জলানাম্ ॥১৯॥

তত্রেতি। সাগরগাঃ ক্রমেণ সমুদ্রগামিন্যঃ, আপো জলানি। সকলুষা আবিলাঃ ॥২০॥

বহন্ত্য ইতি। ফেনা এব উড়ুপানি তৈঃ পরিপ্লুতং ব্যাপ্তম্, বহুলম্, বারি মেঘজলং বহন্ত্যঃ, মহাশব্দা নদ্য ইতি শেষঃ, মহীরুহান্ বাতভগ্নান্ বৃক্ষান্, প্রকর্ষন্ত্য আকর্ষন্ত্যঃ সত্যঃ, পরিসস্রুঃ অধঃ সম্বেলুঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

তে শূরা ইতি ॥১—১২॥ পথা মার্গেণ, অনন্তরান্ সন্নিহিতান্, নিলিল্যিরে নিলীনাঃ ॥১৩॥ সঙ্গম্যাদায়েত্যন্বয়ঃ, গত্বা গৃহীত্বেত্যর্থঃ ॥১৪—১৮॥ অশ্মসহিতাঃ করকাসহিতাঃ ॥১৯—২০॥ বারি বহন্ত্যো নদ্যঃ ॥২১—২৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৯॥

সেই বায়ু মন্দীভূত হইলে এবং ধূলিরাশি নিবৃত্তি পাইলে, বিশাল জলধারার সহিত বৃষ্টি আসিল ॥১৭॥

তাহার পর ক্ষিপ্যমাণ বজ্রের ন্যায় বৃষ্টির অত্যন্ত 'চটচটা'—শব্দ হইতে লাগিল এবং চঞ্চলদীপ্তি বিদ্যুৎ সকল মেঘের উপরে বিচরণ করিতে থাকিল ॥১৮॥

নরনাথ! তদনন্তর শিলাবৃষ্টির সহিত বিশাল জলধারা বায়ুকর্ত্তৃক দ্রুত প্রেরিত হইয়া সকল দিক্ আবৃত করিয়া সেই স্থানে অনবরত পতিত হইতে লাগিল ॥১৯॥

নরনাথ! তখন মেঘকর্ত্তৃক সকল দিকে নিক্ষিপ্ত জলরাশি মৃত্তিকাদিস্পর্শে আবিল হইয়া এবং প্রস্তরাদিপ্রতিঘাতে ফেন ধারণ করিয়া সমুদ্রের দিকে চলিতে লাগিল ॥২০॥

আর, নদীসমূহ ফেনময় উড়ুপ-(ভেলা) ব্যাপ্ত প্রচুর জল বহন করিয়া এবং বায়ু ভগ্ন বৃক্ষ সকল আকর্ষণ করিতে থাকিয়া মহাশব্দে চলিতে লাগিল ॥২১॥

তস্মিন্নুপরতে বর্ষে বাতে চ সমতাং গতে।
গতেঽম্ভসি চ নিম্নানি প্রাদুর্ভূতে দিবাকরে ॥২২॥
নির্জগ্মুস্তে শনৈঃ সর্ব্বে সমাজগ্মুশ্চ ভারত!।
প্রতস্থিরে পুনর্বীরাঃ পর্ব্বতং গন্ধমাদনম্ ॥২৩॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—— ০০ (*) ০০ ——

বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

——:০:——

বৈশম্পায়ন উবাচ।

ক্রোশমাত্রং প্রয়াতেষু পাণ্ডবেষু মহাত্মসু।
পদ্ভ্যামনুচিতা গন্তুং দ্রৌপদী সমুপাবিশৎ ॥১॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। উপরতে নিবৃত্তে। সমতাং সমানভাবম্। নির্জগ্মুর্বনাদিভ্যো নির্গতাঃ, সমাজগ্মুঃ পরস্পরং সম্মিলিতা বভূবুঃ। বীরাঃ পাণ্ডবাঃ ॥২২—২৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামূনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

ক্রোশেতি। অনুচিতা চিরমেবানভ্যস্তা, "অভ্যস্তে তুচিতং ত্রিষু" ইত্যমরঃ ॥১॥

ভরতনন্দন! ক্রমে সেই বৃষ্টি নিবৃত্তি পাইলে, বায়ু সমানভাব অবলম্বন করিলে, জলগুলি নীচে গেলে এবং সূর্য্য আবার প্রকাশ পাইলে, সেই বীরগণ ধীরে ধীরে বনপ্রভৃতি হইতে নির্গত ও সম্মিলিত হইলেন; তাহার পর তাঁহারা পুনরায় গন্ধমাদনপর্ব্বতে গমন করিতে লাগিলেন ॥২২—২৩॥

——(০:*:০)——

বৈশম্পায়ন বলিলেন—মহাত্মা পাণ্ডবেরা একক্রোশমাত্র পথ গিয়াছেন, এমন সময়েই পদব্রজে গমন করিতে অনভ্যস্তা দ্রৌপদী বসিয়া পড়িলেন ॥১॥

(২২) তস্মিন্নুপরতে শব্দে···বা ব কা নি। * '···ত্রিচত্বারিংশদধিক···' বা ব কা, 'চতুশ্চত্বারিংশদধিক···' পি, '···পঞ্চচত্বারিংশদধিক···নি।

শ্রান্তা দুঃখপরীতা চ বাতবর্ষেণ চার্দ্দিতা।
সৌকুমার্য্যাচ্চ পাঞ্চালী সম্মুমোহ তপস্বিনী ॥২॥
সা কম্পমানা মোহেন বাহুভ্যামসিতেক্ষণা।
বৃত্তাভ্যামনুরূপাভ্যামূরূ সমবলম্বত ॥৩॥
আলম্বমানা সহিতাবূরূ গজকরোপমৌ।
পপাত সহসা ভূমৌ বেপন্তী কদলী যথা ॥৪॥
তাং পতন্তীং বরারোহাং ভজ্যমানাং লতামিব।
নকুলঃ সমভিদ্রুত্য পরিজগ্রাহ বীর্য্যবান্ ॥৫॥

নকুল উবাচ।

রাজন্! পাঞ্চালরাজস্য সুতেয়মসিতেক্ষণা।
শ্রান্তা নিপতিতা ভূমৌ তামবেক্ষস্ব ভারত! ॥৬॥
অদুঃখার্হা পরং দুঃখং প্রাপ্তেয়ং মৃদুগামিনী।
আশ্বাসয় মহারাজ! তামিমাং শ্রমকর্ষিতাম্ ॥৭॥

ভারতকৌমুদী

শ্রান্তেতি। সৌকুমার্য্যাৎ কোমলাঙ্গত্বাৎ, সম্মুমোহ মোহং প্রাপ্তুমারেভে ॥২॥
সেতি। বাহুভ্যাং নিজাভ্যামেব, বৃত্তাভ্যাং গোলাভ্যাম্, ঊরূ স্বকীয়মূরুদ্বয়ম্ ॥৩॥
আলম্বেতি। সহিতৌ মিলিতৌ, গজকরোপমৌ হস্তিশুণ্ডাতুল্যৌ, বেপন্তী কম্পমানা ॥৪॥
তামিতি। বরারোহাং সুন্দরনিতম্বাম্। সমভিদ্রুত্য দ্রুতং গত্বা ॥৫॥
রাজন্নিতি। অসিতেক্ষণা নীলনয়না। অবেক্ষস্ব প্রতীক্ষস্ব, মা যাহীতি ভাবঃ ॥৬॥
অদুঃখেতি। পরম্ অত্যন্তম্। মৃদুগামিনী শনৈর্গমনকারিণী ॥৭॥

দীনা দ্রৌপদী একেই দুঃখিতা ছিলেন, তাহার পর আবার পরিশ্রান্তা ও বায়ু–বৃষ্টিতে পীড়িতা হইয়া কোমলতাবশতঃ মূর্চ্ছাপন্না হইতে লাগিলেন ॥২॥

তখন নীলনয়না দ্রৌপদী মূর্চ্ছার আবেশে কাঁপিতে থাকিয়া অনুরূপ ও গোল বাহুযুগলদ্বারা আপন ঊরুযুগল ধারণ করিলেন ॥৩॥

তিনি হস্তিশুণ্ডযুগলের ন্যায় মিলিত ঊরুযুগল ধারণ করিয়া কাঁপিতে থাকিয়া কদলীবৃক্ষের ন্যায় তৎক্ষণাৎ ভূতলে পতিত হইতে লাগিলেন ॥৪॥

তখন বলবান্ নকুল দ্রুত যাইয়া ভগ্ন লতার ন্যায় পড়িবার সময়েই সুনিতম্বা দ্রৌপদীকে ধারণ করিলেন ॥৫॥

নকুল বলিলেন—'রাজা! এই নীলনয়না পাঞ্চালরাজনন্দিনী পরিশ্রান্ত হইয়া ভূতলে পতিত হইতেছিলেন। সুতরাং আপনি উঁহার প্রতীক্ষা করুন ॥৬॥

(২)…বাতবর্ষেণ তেন চ…বা ব কা নি। (৩) সা পত্যমানা মোহেন…পি।

বৈশম্পায়ন উবাচ।

রাজা তু বচনাত্তস্য ভৃশং দুঃখসমন্বিতঃ।
ভীমশ্চ সহদেবশ্চ সহসা সমুপাদ্রবৎ ॥৮॥
তামবেক্ষ্য তু কৌন্তেয়ো বিবর্ণবদনাং কৃশাম্।
অঙ্কমানীয় ধর্ম্মাত্মা পর্য্যদেবয়দাতুরঃ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ। প

কথং বেশ্মসু গুপ্তেষু স্বাস্তীর্ণশয়নোচিতা।
ভূমৌ নিপতিতা শেতে সুখার্হা বরবর্ণিনী ॥১০॥
সুকুমারৌ কথং পাদৌ মুখঞ্চ কমলপ্রভম্।
মৎকৃতেঽদ্য বরার্হায়াঃ শ্যামতাং সমুপাগতম্ ॥১১॥
কিমিদং দ্যূতকামেন ময়া কৃতমবুদ্ধিনা।
আদায় কৃষ্ণাং চরতা বনে মৃগগণাযুতে ॥১২॥

ভারতকৌমুদী

রাজেতি। সমুপাদ্রবৎ দ্রুতং দ্রৌপদ্যন্তিকমগচ্ছৎ ॥৮॥

তামিতি। পর্য্যদেবয়ৎ ব্যলপৎ, "দিবু পরিকূজনে" ইতি চৌরাদিকস্য রূপম্ ॥৯॥

কথমিতি। কথংশব্দো বিষাদে। গুপ্তেষু রক্ষিতেষু। শয়নং শয্যা, উচিতা যোগ্যা ॥১০॥

সুকুমারাবিতি। পাদৌ শ্যামতাং সমুপাগতাবিতি বচনব্যত্যয়েন সম্বন্ধঃ। শ্যামতাং মালিন্যম্ ॥১১॥

কিমিতি। দ্যূতকামেন দ্যূতরাগিণা। মৃগগণাযুতে হিংস্রপশুসমূহপূর্ণে ॥১২॥

মহারাজ! এই মন্দগামিনী দুঃখভোগের অযোগ্যা, অথ চ গুরুতর দুঃখ ভোগ করিতেছেন। অতএব আপনি এই পরিশ্রান্তাকে আশ্বস্ত করুন' ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির, ভীম ও সহদেব—নকুলের বাক্য শুনিয়া অত্যন্ত দুঃখিত হইয়া তৎক্ষণাৎ দ্রৌপদীর নিকটে গেলেন ॥৮॥

তখন ধর্ম্মাত্মা যুধিষ্ঠির দ্রৌপদীকে বিবর্ণবদনা ও কৃশা দেখিয়া পীড়িত হইয়া তাঁহাকে ক্রোড়ে করিয়া বিলাপ করিতে লাগিলেন ॥৯॥

যুধিষ্ঠির বলিলেন—'হায়! সুরক্ষিত গৃহে আস্তীর্ণ উত্তম শয্যায় শয়নের যোগ্যা একমাত্রসুখভোগের অধিকারিণী উত্তমাঙ্গনা দ্রৌপদী আজ ভূতলে পতিত হইয়া শয়ন করিয়াছেন! ॥১০॥

হায়! এই বরবর্ণিনীর কোমল চরণযুগল এবং পদ্মকান্তি মুখমণ্ডল আজ আমার জন্যই মলিন হইয়া গিয়াছে! ॥১১॥

প রাজোবাচ—পি।

সুখং প্রাপ্স্যতি কল্যাণী প্রাপ্য পাণ্ডুসুতান্ পতীন্।
ইতি দ্রুপদরাজেন পিত্রা দত্তায়তেক্ষণা ॥১৩॥
তৎ সর্বমনবাপ্যেয়ং শ্রমশোকাধ্বকর্ষিতা।
শেতে নিপতিতা ভূমৌ পাপস্য মম কর্ম্মভিঃ ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ।

তথা লালপ্যমানে তু ধর্ম্মরাজে যুধিষ্ঠিরে।
ধৌম্যপ্রভৃতয়ঃ সর্ব্বে তত্রাজগ্মুর্দ্বিজোত্তমাঃ ॥১৫॥
তে তামাশ্বাসয়ামাসুরাশীর্ভিশ্চাপ্যপূজয়ন্।
রক্ষোঘ্নাংশ্চ তথা মন্ত্রান্ জেপুশ্চক্রুস্তথা ক্রিয়াঃ ॥১৬॥
পঠ্যমানেষু মন্ত্রেষু শান্ত্যর্থং পরমর্ষিভিঃ।
স্পৃশ্যমানা করৈঃ শীতৈঃ পাণ্ডবৈশ্চ মুহুর্মুহুঃ ॥১৭॥

ভারতকৌমুদী

সুখমিতি। ইতি বিভাব্যেতি শেষঃ। আয়তেক্ষণা বিশাললোচনা কৃষ্ণা ॥১৩॥
তদিতি। পাপস্য পাপাত্মনঃ, কর্ম্মভির্দ্যূতক্রীড়াদিভিঃ ॥১৪॥
তথেতি। লালপ্যমানে পুনঃ পুনর্বিলপতি সতি। তত্র দ্রৌপদ্যন্তিকে ॥১৫॥
ত ইতি। অপূজয়ন্ সমতোষয়ন্। তথা অনিষ্টনিবারিকাঃ ॥১৬॥

আমি দ্যূতের অনুরাগী, অথ চ আমার বুদ্ধি নাই; তাই আমি হিংস্রজন্তুতে পরিপূর্ণ বনের ভিতরে দ্রৌপদীকে লইয়া বিচরণ করিতে থাকিয়া এটা কি করিলাম! ॥১২॥

হায়! কল্যাণী দ্রৌপদী পাণ্ডবগণকে পতিলাভ করিয়া সুখ ভোগ করিবে, ইহা ভাবিয়াই পিতা দ্রুপদরাজা এই আয়তনয়নাকে আমাদের হস্তে দান করিয়াছিলেন ॥১৩॥

কিন্তু আমি পাপাত্মা; তাই আমার কর্ম্মদোষেই ইনি সে সমস্ত না পাইয়া পরিশ্রম, শোক ও পথের ক্লেশে ক্লান্ত ও ভূতলপতিত হইয়া শয়ন করিয়াছেন! ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—ধর্ম্মরাজ যুধিষ্ঠির বার বার সেইরূপ বিলাপ করিতে থাকিলে, ধৌম্যপ্রভৃতি ব্রাহ্মণেরা সকলেই সেখানে আসিলেন ॥১৫॥

তাঁহারা দ্রৌপদীকে আশ্বস্ত করিলেন, আশীর্বাদ দ্বারা সন্তুষ্ট করিলেন, রক্ষোঘ্ন মন্ত্র পাঠ করিতে লাগিলেন এবং অনিষ্টনিবারক কার্য্য করিতে থাকিলেন ॥১৬॥

(১৩)…প্রাপ্য বৈ পাণ্ডবান্ পতীন্…বা ব কা নি। (১৬) তে সমাশ্বাসয়ামাসুঃ…চক্রুস্তে ক্রিয়াঃ—বা ব কা নি।

সেব্যমানা চ শীতেন জলমিশ্রেণ বায়ুনা।
পাঞ্চালী সুখমাসাদ্য লেভে চেতঃ শনৈঃ শনৈঃ ॥১৮॥ (যুগ্মকম্)
পরিগৃহ্য চ তাং দীনাং কৃষ্ণামজিনসংস্তরে।
পার্থা বিশ্রাময়ামাসুর্লব্ধসংজ্ঞাং তপস্বিনীম্ ॥১৯॥
তস্যা যমৌ রক্ততলৌ পাদৌ পূজিতলক্ষণৌ।
করাভ্যাং কিণজাতাভ্যাং শনকৈঃ সংববাহতুঃ ॥২০॥
পর্য্যাশ্বাসয়দপ্যেনাং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
উবাচ চ কুরুশ্রেষ্ঠো ভীমসেনমিদং বচঃ ॥২১॥
বহবঃ পর্ব্বতা ভীম! বিষমা হিমদুর্গমাঃ।
তেষু কৃষ্ণা মহাবাহো! কথং নু বিচরিষ্যতি ॥২২॥

ভারতকৌমুদী

পঠ্যমানেম্বিতি। করৈর্হস্তৈঃ, শীতৈঃ শীতলৈঃ। চেতঃ চৈতন্যম্ ॥১৭—১৮॥

পরীতি। পরিগৃহ্য নীত্বা। অজিনসংস্তরে আস্তৃতমৃগচর্ম্মণি। তপস্বিনীং শোচ্যাম্ ॥১৯॥

তস্যা ইতি। যমৌ নকুলসহদেবৌ, কিণজাতাভ্যাং ধনুর্গুণঘর্ষণেন জাতচিহ্নাভ্যাং করাভ্যাম্, শনকৈঃ, পূজিতলক্ষণৌ তস্যাঃ পাদৌ, সংববাহতুঃ সংবাহয়ামাসতুঃ। আর্ষং পদম্ ॥২০॥

পর্য্যাশ্বাসয়দিতি। এনাং দ্রৌপদীম্ ॥২১॥

বহব ইতি। বিষমা বিপৎসঙ্কুলা উচ্চাবচা বা। কৃষ্ণা দ্রৌপদী ॥২২॥

মহর্ষিরা শান্তির জন্য মন্ত্রপাঠ করিতে থাকিলে, পাণ্ডবেরা শীতল হস্তদ্বারা বার বার স্পর্শ করিতে লাগিলেন এবং জলমিশ্রিত শীতল বায়ুদ্বারা সেবন করিতে থাকিলেন; তখন দ্রৌপদী সুখ লাভ করিয়া ধীরে ধীরে চৈতন্য লাভ করিলেন ॥১৭—১৮॥

তাহার পর পাণ্ডবেরা লব্ধচৈতন্যা, দুর্বলা ও শোচনীয়া দ্রৌপদীকে আস্তৃত মৃগচর্ম্মের উপরে রাখিয়া বিশ্রাম করাইতে লাগিলেন ॥১৯॥

নকুল ও সহদেব কিণ-(কড়) চিহ্নিত হস্তযুগলদ্বারা ধীরে ধীরে দ্রৌপদীর রক্তল ও সুলক্ষণ চরণযুগলের সংবাহন করিতে থাকিলেন ॥২০॥

কুরুশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরও দ্রৌপদীকে আশ্বস্ত করিলেন এবং ভীমকে এই কথা বলিলেন—॥২১॥

'মহাবাহু ভীম! হিমে দুর্গম এবং উঁচু-নীচু বহুতর পর্ব্বত আছে; সে গুলিতে দ্রৌপদী কি করিয়া গমন করিবেন?' ॥২২॥

(১৯)...তলা বিশ্বাসয়ামাসুঃ ...পি।

ভীমসেন উবাচ।

ত্বাং রাজন্! রাজপুত্রীঞ্চ যমৌ চ পুরুষর্ষভ!।
স্বয়ং নেষ্যামি রাজেন্দ্র! মা বিষাদে মনঃ কৃথাঃ ॥২৩॥
হৈড়িম্বশ্চ মহাবীর্য্যো বিহগো মদ্বলোপমঃ।
বহেদনঘ! সর্ব্বান্ নো বচনাত্তে ঘটোৎকচঃ ॥২৪॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা তু বচনং ভীমসেনস্য ধর্ম্মরাট্।
ভীমং সম্পূজয়ংস্তুষ্ট এবমস্ত্বিত্যভাষত ॥২৫॥
সোঽনুজ্ঞাতো ধর্ম্মরাজ্ঞা পুত্রং সস্মার রাক্ষসম্।
ঘটোৎকচস্তু ধর্ম্মাত্মা স্মৃতমাত্রঃ পিতুস্তদা ॥২৬॥
কৃতাঞ্জলিরুপাতিষ্ঠদভিবাদ্যাথ পাণ্ডবান্।
ব্রাহ্মণাংশ্চ মহাবাহুঃ স চ তৈরভিনন্দিতঃ ॥২৭॥
উবাচ ভীমসেনং স পিতরং ভীমবিক্রমম্।
স্মৃতোঽস্মি ভবতা শীঘ্রং শুশ্রূষুরহমাগতঃ ॥২৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ত্বামিতি। রাজপুত্রীং দ্রৌপদীম্, যমৌ নকুলসহদেবৌ। স্বয়মহমেব ॥২৩॥
হৈড়িম্ব ইতি। হৈড়িম্বো হিড়িম্বায়াঃ পুত্রঃ, বিহায়সা গচ্ছতীতি বিহগ আকাশচরঃ ॥২৪॥
এতদিতি। ধর্ম্মরাড়্ যুধিষ্ঠিরঃ। সম্পূজয়ন্ প্রশংসন্, যথাকালমুপায়স্মরণাৎ ॥২৫॥
স ইতি। ধর্ম্মরাজ্ঞেত্যদন্তত্বাভাব আর্ষঃ। ব্রাহ্মণাংশ্চ অভিবাদ্যেতি সম্বন্ধঃ। অভি নন্দিত আশিষা সন্তোষিতঃ। শুশ্রূষুঃ ভবতাং শুশ্রূষাং কর্ত্তুমিচ্ছুঃ ॥২৬—২৮॥

ভীম বলিলেন—'হে পুরুষপ্রধান রাজশ্রেষ্ঠ রাজা! একক আমিই আপনাকে, দ্রৌপদীকে এবং নকুল ও সহদেবকে বহন করিয়া লইয়া যাইব; আপনি বিষণ্ণ হইবেন না ॥২৩॥

অথবা, হে নিষ্পাপ রাজা! আমার তুল্য বলবান্, অত্যন্ত উৎসাহী ও আকাশচারী হিড়িম্বানন্দন ঘটোৎকচ আপনার আদেশে আমাদের সকলকেই বহন করিয়া লইয়া যাইবে' ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির ভীমের এই কথা শুনিয়া সন্তুষ্ট হইয়া ভীমের প্রশংসা করিয়া বলিলেন—'এইরূপই হউক' ॥২৫॥

যুধিষ্ঠির অনুমতি করিলে, ভীমসেন তখনই পুত্র ঘটোৎকচকে স্মরণ করিলেন; তিনি স্মরণ করিবামাত্রই ধর্ম্মাত্মা ও মহাবাহু ঘটোৎকচও কৃতাঞ্জলি

(২৫) শ্লোকঃ বা ব কা নি নাস্তি। (২৮)···শীঘ্রং সহসাহমুপাগতঃ—পি।

আজ্ঞাপয় মহাবাহো! সর্ব্বং কর্ত্তাস্ম্যসংশয়ম্।
তচ্ছ্রুত্বা ভীমসেনস্তু রাক্ষসং পরিসস্বজে ॥২৯॥

যুধিষ্ঠির উবাচ।

ধর্ম্মজ্ঞো বলবান্ শূরঃ সদ্যো রাক্ষসপুঙ্গবঃ।
ভক্তোঽস্মান্ রাক্ষসঃ পুত্রো ভীম! গৃহ্লাতু মাতরম্ ॥৩০॥
তব বাহুবলেনাহমতিভীমপরাক্রম!।
অক্ষতঃ সহ পাঞ্চাল্যা গচ্ছেয়ং গন্ধমাদনম্ ॥৩১॥

বৈশম্পায়ন উবাচ।

ভ্রাতুর্বচনমাজ্ঞায় ভীমসেনো ঘটোৎকচম্।
আদিদেশ নরব্যাঘ্রস্তনয়ং শক্রকর্ষণম্ ॥৩২॥

ভারতকৌমুদী

আজ্ঞাপয়েতি। কর্ত্তাস্মি করিষ্যামি। রাক্ষসং ঘটোৎকচম্, পরিসস্বজে আলিলিঙ্গ ॥২৯॥
ধর্ম্মজ্ঞ ইতি। অস্মান্ প্রতি ভক্তঃ। সদ্যঃ সপদি, মাতরং দ্রৌপদীং বোঢ়ুং গৃহ্লাতু ॥৩০॥
ভীমমেব স্তৌতি তবেতি। ঘটোৎকচস্য বাহুবলমপি তবৈব বাহুবলমিতি ভাবঃ ॥৩১॥
ভ্রাতুরিতি। ভ্রাতুর্যুধিষ্ঠিরস্য। আজ্ঞায় শ্রুত্বা ॥৩২॥

হইয়া পিতৃপর্য্যায় পাণ্ডবগণের নিকট উপস্থিত হইল এবং তাঁহাদিগকে ও ব্রাহ্মণগণকে অভিবাদন করিল; তাহার পর তাঁহারা সকলেও তাহার অভিনন্দন করিলেন। তৎপরে ঘটোৎকচ ভীমবিক্রম পিতা ভীমসেনকে বলিল—'আপনি আমাকে স্মরণ করিয়াছেন, তাই আমি আপনাদের পরিচর্য্যা করিবার জন্য সত্বর আসিয়াছি ॥১৬—২৮॥

মহাবাহু! আদেশ করুন, নিশ্চয়ই আমি আপনাদের সমস্ত কার্য্য করিব'। তাহা শুনিয়া ভীমসেন তাহাকে আলিঙ্গন করিলেন ॥২৯॥

যুধিষ্ঠির বলিলেন—'ভীম! রাক্ষসশ্রেষ্ঠ পুত্র ঘটোৎকচ ধর্ম্মজ্ঞ, বলবান্, বীর এবং আমাদের ভক্ত; সুতরাং এখনই এ—দ্রৌপদীকে ধারণ করুক ॥৩০॥

অতিভীমপরাক্রম ভীম! তোমার বাহুবলেই আমি দ্রৌপদীর সহিত অক্ষত শরীরে গন্ধমাদনপর্ব্বতে যাইতে পারিব' ॥৩১॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ ভীমসেন যুধিষ্ঠিরের কথা শুনিয়া শত্রুহন্তা পুত্র ঘটোৎকচকে আদেশ করিলেন—॥৩২॥

(২৯) শ্লোকাৎ পরম্ '…চতুশ্চত্বারিংশদধিক…বা ব ক। '…পঞ্চচত্বারিংশদধিক…পি, 'ষট্চত্বারিংশদধিক…' নি। (৩০)…সত্যো। রাক্ষসপুঙ্গবঃ…ঔরসঃ পুত্রঃ…গৃহ্লাতু মাতরম্—বা ব কা।

হৈড়িম্বেয়ং পরিশ্রান্তা তব মাতাঽপরাজিত ! ।
ত্বঞ্চ কামগমস্তাত ! বলবান্ বহ তাং খগ ! ॥৩৩॥
স্কন্ধমারোপ্য ভদ্রং তে মধ্যেঽস্মাকং বিহায়সা ।
গচ্ছ নীচিকয়া গত্যা যথা চৈনাং ন পীড়য়েঃ ॥৩৪॥

ঘটোৎকচ উবাচ ।

ধর্ম্মরাজঞ্চ ধৌম্যঞ্চ কৃষ্ণাঞ্চ যমজৌ তথা ।
একোঽপ্যহমলং বোঢ়ুং কিমুতাদ্য সহায়বান্ ॥৩৫॥
অন্যে চ শতশঃ শূরা বিহগাঃ কামরূপিণঃ ।
সর্ব্বান্ বো ব্রাহ্মণৈঃ সার্দ্ধং বক্ষ্যন্তি সহিতা ময়া ॥৩৬॥

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্ত্বা তদা কৃষ্ণামুবাহ স ঘটোৎকচঃ ।
পাণ্ডূনাং মধ্যগো বীরঃ পাণ্ডবানপি চাপরে ॥৩৭॥

ভারতকৌমুদী

হৈড়িম্বেতি। হে হৈড়িম্ব !। মাতা দ্রৌপদী। হে খগ ! খেচর ! ॥৩৩॥
স্কন্ধমিতি। তে তব ভদ্রমস্ত্ব। বিহায়সা গগনেন। নীচিকয়া নিম্নবর্ত্তিন্যা ॥৩৪॥
ধর্ম্মেতি। অলং সমর্থঃ। অন্যেঽপি রাক্ষসা মম সহায়াঃ সন্তীতি ভাবঃ ॥৩৫॥
অন্য ইতি। বিহগা আকাশচারিণো রাক্ষসাঃ। বক্ষ্যন্তি বহনং করিষ্যন্তি ॥৩৬॥
এবমিতি। অপরে চ রাক্ষসাঃ, পাণ্ডবানপি উহুরিতি শেষঃ ॥৩৭॥

বৎস ! অপরাজিত ! খেচর ! হিড়িম্বানন্দন ! তোমার মাতা দ্রৌপদী পরিশ্রান্ত হইয়া পড়িয়াছেন, তুমিও কামগামী এবং বলবান্ ; অতএব তুমি তাঁহাকে বহন কর ॥৩৩॥

বৎস ! তোমার মঙ্গল হউক ; তুমি উঁহাকে স্কন্ধে লইয়া আমাদের মধ্যে থাকিয়া নিম্ন আকাশ দিয়া মন্দগতিতে গমন কর, যাহাতে উঁহার কষ্ট না হয় ॥৩৪॥

ঘটোৎকচ বলিল—'আমি একাকীই ধর্ম্মরাজ, ধৌম্যপুরোহিত, দ্রৌপদী এবং নকুল-সহদেবকে বহন করিতে পারি ; সহায়সম্পন্ন হইলে আর বক্তব্য আছে কি ॥৩৫॥

বীর, আকাশচারী ও কামরূপী অন্য শত শত রাক্ষসও আমার সহিত মিলিত হইয়া ব্রাহ্মণদের সহিত আপনাদের সকলকে বহন করিবে' ॥৩৬॥

---

(৩৬)...বক্ষ্যন্তি সহিতাঽনঘ !—বা ব কা।

লোমশঃ সিদ্ধমার্গেণ জগামানুপমদ্যুতিঃ।
স্বেনৈব স প্রভাবেন দ্বিতীয় ইব ভাস্করঃ ॥৩৮॥
ব্রাহ্মণাংশ্চাপি তান্ সর্ব্বান্ সমুপাদায় রাক্ষসাঃ।
নিয়োগাদ্রাক্ষসেন্দ্রস্য জগ্মুর্ভীমপরাক্রমাঃ ॥৩৯॥
এবং সুরমণীয়ানি বনান্যুপবনানি চ।
আলোকয়ন্তস্তে জগ্মুর্বিশালাং বদরীং প্রতি ॥৪০॥
তে ত্বাশুগতিভির্বীরা রাক্ষসৈস্তৈর্মহাজবৈঃ।
উহ্যমানা যযুঃ শীঘ্রং দীর্ঘমধ্বানমল্পবৎ ॥৪১॥
দেশান্ ম্লেচ্ছজনাকীর্ণান্ নানারত্নাকরান্ শুভান্।
দদৃশুর্গিরিপাদাংশ্চ নানাধাতুসমাচিতান্ ॥৪২॥

ভারতকৌমুদী

লোমশ ইতি। সিদ্ধানাং দেবযোনিবিশেষাণাং মার্গেণ আকাশপথেনৈব ॥৩৮॥
ব্রাহ্মণানিতি। নিয়োগাদাদেশাৎ, রাক্ষসেন্দ্রস্য ঘটোৎকচস্য ॥৩৯॥
এবমিতি। বদরীং কর্কন্ধুবৃক্ষং তন্নাম্না প্রসিদ্ধমাশ্রমমিত্যর্থঃ ॥৪০॥
তে ইতি। মহাজবৈর্মহাবেগৈঃ। অধ্বানং পন্থানম্, অল্পবৎ অল্পপথবৎ ॥৪১॥
দেশানিতি। বেদবাহ্যাচারা ম্লেচ্ছজনাস্তৈরাকীর্ণান্। গিরেঃ পাদান্ প্রত্যন্তপর্ব্বতান্।

বৈশম্পায়ন বলিলেন—এইরূপ বলিয়া তখনই মহাবীর ঘটোৎকচ পাণ্ডবগণের মধ্যে থাকিয়া দ্রৌপদীকে বহন করিয়া লইয়া চলিল এবং অন্য রাক্ষসেরা পাণ্ডবগণকে বহন করিয়া নিয়া যাইতে থাকিল ॥৩৭॥

এবং অসাধারণ তেজস্বী লোমশমুনি আপন প্রভাবেই সিদ্ধপথে দ্বিতীয় সূর্য্যের ন্যায় গমন করিতে লাগিলেন ॥৩৮॥

আর, ভয়ঙ্কর-পরাক্রমশালী অপর কতকগুলি রাক্ষস ঘটোৎকচের আদেশে সেই সকল ব্রাহ্মণকে লইয়া গমন করিতে থাকিল ॥৩৯॥

এই ভাবে তাঁহারা অতিমনোহর বন ও উপবন দেখিতে দেখিতে বদরিকা-শ্রমের দিকে যাইতে লাগিলেন ॥৪০॥

মহাবেগশালী ও দ্রুতগামী সেই রাক্ষসেরা বহন করিয়া লইয়া যাইতেছিল বলিয়া তাঁহারা সত্বরই অল্পপথের ন্যায় দীর্ঘপথ যাইতে থাকিলেন ॥৪১॥

তখন তাঁহারা ম্লেচ্ছগণে পরিপূর্ণ, নানাবিধ রত্নের আকর ও মনোহর বহুতর দেশ এবং গৈরিকাদিনানাধাতুব্যাপ্ত ক্ষুদ্র ক্ষুদ্র বহুতর পর্ব্বত দেখিতে

(৩৮)···স্বেনৈবাতিপ্রভাবেন···পি। (৪১)···মহদধ্বানমল্পবৎ···বা ব কা নি। (৪২)···নানারত্নাকরাযুতান্···বা ব কা নি।

বিদ্যাধরগণাকীর্ণান্ যুতান্ পন্নগকিন্নরৈঃ ।
তথা কিম্পুরুষৈশ্চৈব গন্ধর্বৈশ্চ সমন্ততঃ ॥৪৩॥
ময়ূরৈশ্চমরৈশ্চৈব বানরৈ রুরুভিস্তথা ।
বরাহৈর্গবয়ৈশ্চৈব মহিষৈশ্চ সমাবৃতান্ ॥৪৪॥
নদীজালসমাকীর্ণান্ নানাপক্ষিযুতান্ বহূন্ ।
নানাবিধৈর্মৃগৈর্জুষ্টান্ বারণৈশ্চোপশোভিতান্ ॥৪৫॥
সমদৈশ্চাপি বিহগৈঃ পাদপৈরন্বিতাংস্তথা ।
তেঽবতীর্য্য বহূন্ দেশান্ উত্তরাংশ্চ কুরূনপি ॥৪৬॥
দদৃশুর্বিবিধাশ্চর্য্যং কৈলাসং পর্ব্বতোত্তমম্ ।
তস্যাভ্যাসে তু দদৃশুর্নরনারায়ণাশ্রমম্ ॥৪৭॥
উপেতং পাদপৈর্দিব্যৈঃ সদা পুষ্পফলোপগৈঃ ।
দদৃশুস্তাঞ্চ বদরীং বৃত্তস্কন্ধাং মনোরমাম্ ॥৪৮॥
স্নিগ্ধামবিরলচ্ছায়াং শ্রিয়া পরময়া যুতাম্ ।
পত্রৈঃ স্নিগ্ধৈরবিরলৈরুপেতাং মৃদুভিঃ শুভাম্ ॥৪৯॥
বিশালশাখাং বিস্তীর্ণামতিদ্যুতিসমন্বিতাম্ ।
ফলৈরুপচিতৈর্দিব্যৈরাচিতাং স্বাদুভির্ভৃশম্ ॥৫০॥

ভারতকৌমুদী

গানকমত্বাকমত্বাভ্যাং কিন্নরাণাং দ্বৈবিধ্যাৎ পৃথগুপাদানম্। চমররুরু হরিণবিশেষৌ। মৃগৈঃ পশুভিঃ, জুষ্টান্ সেবিতান্, বারণৈর্হস্তিভিঃ। বিহগৈঃ পক্ষিভিঃ। অবতীর্য অতিক্রম্য। অভ্যাসে নিকটে। পুষ্পাণি ফলানি চ উপগচ্ছন্তি প্রাপ্নুবন্তীতি তৈঃ। বৃত্তস্কন্ধাং গোলপ্রকাণ্ডদেশাম্। অবিরলচ্ছায়াং নিবিড়চ্ছায়াম্। অবিরলৈর্ঘনৈঃ। উপচিতৈঃ

পাইলেন। তাহাতে বিদ্যাধর, কিন্নর, কিম্পুরুষ ও নাগ বিচরণ করিতেছিল এবং ময়ূর, চমরহরিণ, রুরুহরিণ, বানর, বরাহ, গবয় ও মহিষ ভ্রমণ করিতেছিল; আর সে পর্ব্বতগুলির নিকট দিয়া অনেক নদী প্রবাহিত হইতেছিল এবং সে গুলিতে নানাবিধ পক্ষী, বহুবিধ পশু, হস্তী, মদমত্ত পক্ষী ও নানাবিধ বৃক্ষ ছিল। তাহার পর তাঁহারা বহুতর দেশ ও উত্তর কুরুদেশ অতিক্রম করিয়া নানাবিধ আশ্চর্য্যের আধার কৈলাসপর্ব্বত দর্শন করিলেন এবং তাহার নিকট নর-নারায়ণ ঋষির আশ্রম (বদরিকাশ্রম) দেখিতে পাইলেন; সে আশ্রমে সর্ব্বদাই ফল ও পুষ্পশালী বহুতর উত্তম বৃক্ষ ছিল; আর তাঁহারা সেখানে সেই মনোহর বদরীবৃক্ষ দর্শন করিলেন; তাহার স্কন্ধদেশ গোলাকার, আকৃতি স্নিগ্ধ, ছায়া

(৪৩)···বানরকিন্নরৈঃ···বা ব কা নি।

মধুস্রবৈঃ সদা দিব্যাং মহর্ষিগণসেবিতাম্।
মদপ্রমুদিতৈর্নিত্যং নানাদ্বিজগণৈর্যুতাম্ ॥৫১॥
অদংশমশকে দেশে বহুমূলফলোদকে।
নীলশাদ্বলসংছন্নে দেবগন্ধর্ব্বসেবিতে ॥৫২॥
সুসমীকৃতভূভাগে স্বভাববিমলে শুভে।
জাতাং হিমমৃদুস্পর্শে দেশেঽপহতকণ্টকে ॥৫৩॥ (কুলকম্)
তামুপেত্য মহাত্মানঃ সহ তৈর্ব্রাহ্মণর্ষভৈঃ।
অবতেরুস্ততঃ সর্ব্বে রাক্ষসস্কন্ধতঃ শনৈঃ ॥৫৪॥
ততস্তমাশ্রমং রম্যং নরনারায়ণাশ্রিতম্।
দদৃশুঃ পাণ্ডবা রাজন্! সহিতা দ্বিজপুঙ্গবৈঃ ॥৫৫॥
তমসা রহিতং পুণ্যমনামৃষ্টং রবেঃ করৈঃ।
ক্ষুত্তৃট্শীতোষ্ণদোষৈশ্চ বর্জ্জিতং শোকনাশনম্ ॥৫৬॥

ভারতকৌমুদী

[illegible], আচিতাং ব্যাপ্তাম্। নানাদ্বিজগণৈর্বহুবিধপক্ষিসমূহৈঃ। নীলৈঃ শাদ্বলৈর্নব-[illegible] আবৃতে। অপহতকণ্টকে দূরীকৃতকণ্টকে ॥৪২—৫৩॥

[illegible]মিতি। তাং বদরীম্। মহাত্মানঃ পাণ্ডবাদয়ঃ ॥৫৪॥

[illegible]তি। নরনারায়ণাভ্যামৃষিভ্যাম্ আশ্রিতম্ আশ্রিতপূর্ব্বম্। তমসা অন্ধকারেণ।

ভারতভাবদীপঃ

[illegible]মিতি ॥১—২৩॥ বিহগ ইব বিহগঃ খেচরঃ ॥২৪—৩৫॥ বক্ষ্যন্তি বহনং করি-[illegible]—৪১॥ রত্নাকরৈরাসমন্তাদ্যুতান্ ॥৪২-৪৬॥ অভ্যাসে সমীপে ॥৪৭-৫২॥ স্বভাবত এব

[illegible] কান্তি মনোহর, পত্র সকল স্নিগ্ধ, ঘন ও কোমল; শাখাসমূহ বিশাল ও বিস্তীর্ণ এবং ফলসমূহ বৃহৎ, উত্তম, সুস্বাদু ও মধুস্রাবী ছিল। মহর্ষিরা সেই বদরীবৃক্ষের সেবা করিতেন এবং সেই বদরীবৃক্ষের উপরে সর্ব্বদাই মদমত্ত ও আনন্দিত নানাবিধ পক্ষী বিচরণ করিত। আর, সেই বদরীবৃক্ষ যে স্থানে জন্মিয়াছিল, সে স্থানে দংশ (ডাঁশ) ও মশক ছিল না; প্রচুর ফল, মূল ও জল ছিল এবং দেবগণ ও গন্ধর্ব্বগণ বিচরণ করিতেন; আর সে স্থানটী নীলবর্ণ নূতন তৃণে আবৃত, সমতল, স্বভাবনির্ম্মল, নিরুপদ্রব, শীতল ও কোমলস্পর্শ এবং কণ্টকবিহীন ছিল ॥৪২—৫৩॥

মহাত্মা পাণ্ডবেরা সেই বদরীবৃক্ষের নিকটে উপস্থিত হইয়া সেই ব্রাহ্মণগণের সহিত রাক্ষসস্কন্ধ হইতে ধীরে ধীরে অবতরণ করিলেন ॥৫৪॥

রাজা! তাহার পর পাণ্ডবগণ ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়া নর-নারা-

৫৩।...স্বভাববিহিতে শুভে...বা ব কা নি।

মহর্ষিগণসম্বাধং ব্রাহ্ম্যা লক্ষ্ম্যা সমন্বিতম্ ।
দুষ্প্রবেশং মহারাজ ! নরৈর্ধর্ম্মবহিষ্কৃতৈঃ ॥৫৭॥
বলিহোমার্চ্চিতং পুণ্যং সুসংমৃষ্টানুলেপনম্ ।
দিব্যপুষ্পোপহারৈশ্চ সর্বতোঽভিবিরাজিতম্ ॥৫৮॥
বিশালৈরগ্নিশরণৈঃ স্রুগ্‌ভাণ্ডৈরাচিতং শুভৈঃ ।
মহদ্ভিস্তোয়কলসৈঃ কঠিনৈশ্চোপশোভিতম্ ॥৫৯॥
শরণ্যং সর্বভূতানাং ব্রহ্মঘোষনিনাদিতম্ ।
দিব্যমাশ্রয়ণীয়ং তমাশ্রমং শ্রমনাশনম্ ॥৬০॥
শ্রিয়া যুতমনির্দ্দেশ্যং দেবচর্য্যোপশোভিতম্ ।
ফলমূলাশনৈর্দান্তৈশ্চারুকৃষ্ণাজিনাম্বরৈঃ ॥৬১॥

ভারতকৌমুদী

অনামৃষ্টং বৃক্ষপত্রাদ্যাচ্ছাদনাৎ অস্পৃষ্টম্ । মহর্ষিগণৈঃ সম্বাধং নিরবকাশম্, ব্রাহ্ম্যা ব্রহ্মণ সম্পাদিতয়া, লক্ষ্ম্যা কান্ত্যা । ধর্ম্মবহিষ্কৃতৈরধার্ম্মিকৈঃ । বলিভিঃ পূজোপহারৈঃ হোমৈশ্চ অর্চ্চিতং গৌরববিষয়ীকৃতম্, সুসংমৃষ্টং লিপ্তম্ অনুলেপনং গোময়াদিকং যত্র তম্ । অগ্নি শরণৈর্হোমগৃহৈঃ, স্রুগ্‌ভাণ্ডৈঃ স্রুক্‌স্রুবাদিস্থাপনপাত্রৈঃ, আচিতং ব্যাপ্তম্ । কঠিনৈঃ পাকস্থালীভিঃ "কঠিনং নিষ্ঠুরে স্থাল্যাং শর্করায়াং গুড়স্য চ" ইতি বিশ্বঃ ; ব্রহ্মঘোষৈর্বেদধ্বনিভির্নিনাদিতম্ । অনির্দেশ্যং সৌন্দর্য্যে অনির্ব্বচনীয়ম্, দেবস্য চর্য্যা আচারস্তেন উপশোভিতম্ । দান্তৈঃ

ভারতভাবদীপঃ

বিশেষেণ হিতে স্বভাববিহিতে জাতাং বদরীম্ ॥৫৩—৫৬॥ মহর্ষিগণসম্বাধমৃষিগণব্যাপ্তম্, ব্রাহ্ম্যা লক্ষ্ম্যা ঋগ্‌যজুঃসামাত্মিকয়া । "ঋচঃ সামানি যজূংষি সা হি শ্রীরমৃতা সতাম্" ইতি শ্রুতেঃ ॥৫৭॥ সুষ্ঠু সংমৃষ্টং সম্মার্জ্জনমনুলেপনঞ্চ যত্র তৎ ॥৫৮॥ অগ্নিশরণৈরগ্ন্যাগারৈঃ, আচিতং ব্যাপ্তম্, কঠিনৈঃ শিক্যৈঃ করঙ্কৈর্বা ॥৫৯-৬০॥ দেবচর্য্যা সত্যসঙ্কল্পত্বাদিকা, তয়া উপশোভিতম্

য়ণ ঋষির সেই পুণ্যময় মনোহর আশ্রম দর্শন করিতে লাগিলেন। তাহাতে অন্ধকারের বা সূর্য্যকিরণের সংস্পর্শ ছিল না; ক্ষুধা বা পিপাসা হইত না; শীত বা গ্রীষ্ম ছিল না, কোন শোকের সম্ভাবনাও ছিল না, এবং অধার্ম্মিক লোকের প্রবেশ করা দুষ্কর ছিল; আর মহারাজ! সে আশ্রমটী মহর্ষিগণে পরিপূর্ণ ও ব্রাহ্মী শোভায় পরিশোভিত ছিল এবং সে আশ্রমে গোময়লিপ্ত পবিত্র স্থানে পূজা ও হোম চলিতেছিল, এবং সকল দিকেই উত্তম উত্তম পুষ্প বিক্ষিপ্ত থাকায় বিশেষ শোভা জন্মিয়াছিল; আর সে আশ্রম—বিশাল বিশাল হোমগৃহ, মাঙ্গলিক স্রুক্-স্রুবের পাত্র, বৃহৎ বৃহৎ জলের কলস ও পাকের স্থালীতে পরিশোভিত ছিল; এবং সে আশ্রম—সকল প্রাণীরই রক্ষক, বেদ-ধ্বনিতে মুখরিত, সকলেরই আশ্রয়ণীয়, শ্রমনাশক, দিব্য-সৌন্দর্য্যসম্পন্ন

সূর্য্যবৈশ্বানরসমৈস্তপসা ভাবিতাত্মভিঃ।
মহর্ষিভির্মোক্ষপরৈর্যতিভির্নিয়তেন্দ্রিয়ৈঃ ॥৬২॥
ব্রহ্মভূতৈর্মহাভাগৈরুপেতং ব্রহ্মবাদিভিঃ।
সোঽভ্যগচ্ছন্মহাতেজাস্তানৃষীন্ প্রয়তঃ শুচিঃ ॥৬৩॥
ভ্রাতৃভিঃ সহিতো ধীমান্ ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
দিব্যজ্ঞানোপপন্নাস্তে দৃষ্ট্বা প্রাপ্তং যুধিষ্ঠিরম্ ॥৬৪॥
অভ্যগচ্ছন্ত সুপ্রীতাঃ সর্ব এব মহর্ষয়ঃ।
আশীর্ব্বাদান্ প্রযুঞ্জানাঃ স্বাধ্যায়নিরতা ভৃশম্ ॥৬৫॥
প্রীতাস্তে তস্য সৎকারং বিধিনা পাবকোপমাঃ।
উপাজহ্রুশ্চ সলিলং পুষ্পমূলফলং শুচি ॥৬৬॥ (কুলকম্)
স তৈঃ প্রীত্যাঽথ সৎকারমুপনীতং মহর্ষিভিঃ।
প্রয়তঃ প্রতিগৃহ্যাথ ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৬৭॥
তং শক্রসদনপ্রখ্যং দিব্যগন্ধমনোরমম্।
প্রীতঃ স্বর্গোপমং পুণ্যং পাণ্ডবঃ সহ কৃষ্ণয়া ॥৬৮॥
বিবেশ শোভয়া যুক্তং ভ্রাতৃভিশ্চ সহানঘ।।
ব্রাহ্মণৈর্বেদবেদাঙ্গপারগৈশ্চ সহস্রশঃ ॥৬৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

...নশীলৈঃ। ভাবিতাত্মভিঃ শোধিতচিত্তৈঃ। ব্রহ্মভূতৈর্বিরিঞ্চিতুল্যৈঃ, ব্রহ্মবাদিভি-...ভিঃ। প্রয়তঃ সংযতচিত্তঃ। প্রাপ্তমাগতম্। প্রযুঞ্জানাঃ কুর্ব্বাণাঃ। সৎকারং ...কৃতম্ আদরনিদর্শনমিত্যর্থঃ ॥৫৫—৬৬॥

স ইতি। উপনীতম্ উপস্থাপিতম্। প্রয়তঃ সংযতচিত্তঃ। শক্রসদনপ্রখ্যম্ ইন্দ্রভবন-...ম্। ব্রাহ্মণৈশ্চ সহেতি সম্বন্ধঃ ॥৬৭—৬৯॥

অনির্বচনীয় ও দেবতার আচারে পরিশোভিত ছিল; আর সে আশ্রমে ফল-মূলভোজী, ইন্দ্রিয়সংযমী, মনোহরকৃষ্ণাজিনধারী, সূর্য্য ও অগ্নির তুল্য, তেজস্বী, তপস্যায় শোধিতচিত্ত, মোক্ষপরায়ণ, জিতেন্দ্রিয়, ব্রহ্মার তুল্য, বেদবক্তা ও মহাত্মা মহর্ষিরা অবস্থান করিতেছিলেন। তখন মহাতেজা ধর্ম্মপুত্র যুধিষ্ঠির সংযতচিত্ত ও পবিত্র হইয়া ভ্রাতাদের সহিত সেই মহর্ষিগণের নিকট উপস্থিত হইলেন; তখন দিব্যজ্ঞানসম্পন্ন, বেদপাঠনিরত ও অগ্নিতুল্য সেই মহর্ষিরা সকলেই যুধিষ্ঠিরকে আগত দেখিয়া অত্যন্ত আনন্দিত হইয়া তাঁহার প্রত্যুদ্গমন করিলেন এবং প্রীতিসহকারে যথাবিধানে সৎকারপূর্ব্বক তাঁহাকে পবিত্র জল, ফুল, ফল ও মূল উপহার দিলেন ॥৫৫—৬৬॥

তত্রাপশ্যত ধর্ম্মাত্মা দেবদেবর্ষিপূজিতম্ ।
নরনারায়ণস্থানং ভাগীরথ্যোপশোভিতম্ ॥৭০॥
পশ্যন্তস্তে নরব্যাঘ্রা রেমিরে তত্র পাণ্ডবাঃ ।
মধুস্রবফলং দিব্যং ব্রহ্মর্ষিগণসেবিতম্ ॥৭১॥
তদুপেত্য মহাত্মানস্তেঽবসন্ ব্রাহ্মণৈঃ সহ ।
মুদা যুক্তা মহাত্মানো রেমিরে তত্র তে তদা ॥৭২॥
আলোকয়ন্তো মৈনাকং নানাদ্বিজগণাযুতম্ ।
হিরণ্যশিখরঞ্চৈব তচ্চ বিন্দুসরঃ শিবম্ ॥৭৩॥
তস্মিন্ বিহরমাণাশ্চ পাণ্ডবাঃ সহ কৃষ্ণয়া ।
মনোজ্ঞে কাননবরে সর্ব্বর্ত্তুকুসুমোজ্জ্বলে ॥৭৪॥

ভারতকৌমুদী

তত্রেতি। ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরঃ। নরনারায়ণয়োঃ স্থানং তপশ্চরণদেশম্ ॥৭০॥
পশ্যন্ত ইতি। রেমিরে আনন্দুঃ। মধুস্রবফলং মধুস্রাবি বদরীফলম্ ॥৭১॥
তদিতি। মহাত্মান উদারচিত্তাঃ, মহাত্মানস্তীক্ষ্ণবুদ্ধয়ঃ, তে প্রসিদ্ধাঃ, তে পাণ্ডবাঃ ॥৭২॥
আলোকেতি। মৈনাকং পর্ব্বতম্, নানাদ্বিজগণৈর্বহুবিধপক্ষিসমূহৈঃ আযুতং সমন্বিতম্,

ভারতভাবদীপঃ

॥৬১—৬২॥ ব্রহ্মভূতৈর্ব্রহ্মবিদ্ভির্ব্রহ্মভাবং গতৈঃ। তথা চ শ্রুতিঃ—"ব্রহ্মবিদ্ব্রহ্মৈব ভবতী"তি ॥৬৩—৬৫॥ সৎকারং চক্রুরিতি শেষঃ ॥৬৬—৭১॥ তদুপেত্য স্থানং প্রাপ্য ॥৭২—৭৪॥

প্রীতিপূর্ব্বক মহর্ষিগণের আনীত সেই সকল উপহারদ্রব্য গ্রহণ করিয়া আনন্দিত হইয়া পাণ্ডুনন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠির সংযতচিত্ত হইয়া দ্রৌপদী, ভ্রাতৃগণ ও বেদবেদাঙ্গপারদর্শী সহস্র সহস্র ব্রাহ্মণের সহিত ইন্দ্রভবন তুল্য শোভা-সম্পন্ন, দিব্য সৌরভে মনোহর, স্বর্গতুল্য ও পবিত্র সেই আশ্রমে প্রবেশ করিলেন ॥৬৭—৬৯॥

ধর্ম্মাত্মা যুধিষ্ঠির সেখানে প্রবেশ করিয়া দেবগণ ও দেবর্ষিগণের পূজিত এবং গঙ্গোপশোভিত নর-নারায়ণের তপস্যার স্থান দর্শন করিলেন ॥৭০॥

নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা সেখানে ব্রহ্মর্ষিগণসেবিত মধুস্রাবী দিব্য বদরীফল দর্শন করিয়া আনন্দিত হইলেন ॥৭১॥

উদারচেতা ও অসাধারণ বুদ্ধিমান্ পাণ্ডবগণ সেই নরনারায়ণস্থানে যাইয়া ব্রাহ্মণগণের সহিত বাস করিতে লাগিলেন এবং সেই খানেই তাঁহারা তখন আনন্দিত হইয়া বিচরণ করিতেন ॥৭২॥

তাহার নিকটে মৈনাকপর্ব্বত আছে, তাহার শৃঙ্গ সকল স্বর্ণময় এবং তাহার উপরে বহুবিধ পক্ষী বিচরণ করে; আর 'বিন্দুসর'-নামে মঙ্গলময় প্রসিদ্ধ

পাদপৈঃ পুষ্পবিকচৈঃ ফলভারাবনামিভিঃ।
শোভিতে সর্ব্বতো রম্যৈঃ পুংস্কোকিলকুলাযুতৈঃ ॥৭৫॥
স্নিগ্ধপত্রৈরবিরলৈঃ শীতচ্ছায়ৈর্মনোরমৈঃ।
সরাংসি চ বিচিত্রাণি প্রসন্নসলিলানি চ ॥৭৬॥
কমলৈঃ সোৎপলৈশ্চৈব ভ্রাজমানানি সর্ব্বশঃ।
পশ্যন্তশ্চারুরূপাণি রেমিরে তত্র পাণ্ডবাঃ ॥৭৭॥ (কুলকম্)
পুণ্যগন্ধঃ সুখস্পর্শো ববৌ তত্র সমীরণঃ।
হ্লাদয়ন্ পাণ্ডবান্ সর্ব্বান্ দ্রৌপদ্যা সহিতান্ প্রভো! ॥৭৮॥
ভাগীরথীং সুতীর্থাঞ্চ শীতাং বিমলপঙ্কজাম্।
মণিপ্রবালবিস্তারাং পাদপৈরুপশোভিতাম্ ॥৭৯॥

ভারতকৌমুদী

হিরণ্যশিখরং স্বর্ণময়শৃঙ্গম্। শিবং মঙ্গলময়ম্, তদ্বিন্দুসরশ্চ। কাননবরে শ্রেষ্ঠবনে। পুষ্পৈর্বিকচাঃ প্রফুল্লাস্তৈঃ। অবিরলৈর্ঘনৈঃ। চারুরূপাণি সরাংসীতি সম্বন্ধঃ ॥৭৩—৭৭॥

পুণ্যেতি। হ্লাদয়ন্ আনন্দয়ন্। প্রভো ইতি জনমেজয়সম্বোধনম্ ॥৭৮॥

ভাগীরথীমিতি। মহাত্মানঃ পাণ্ডবাদয়ঃ, পরমদুর্গমে দেবর্ষিচরিতে তস্মিন্ দেশে,

ভারতভাবদীপঃ

পুষ্পবিকচৈর্বিকসিতকুসুমৈঃ ॥৭৫—৭৮॥ সীতাং নামতঃ প্রস্তারঃ সোপানপাদগণাদিরূপঃ ঘট্ট ইত্যর্থঃ ॥৭৯—৮৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২০॥

একটা জলাশয় এবং মনোহর একটী বন আছে; সেই বনে সকল ঋতুতেই ফুল থাকে; আর ঘন ও মনোহর অনেক বৃক্ষ আছে, সেগুলি সর্ব্বদাই পুষ্পরাশিতে সুশোভিত, ফলভারে অবনত এবং কোকিলগণের কলরবে মুখরিত থাকে; আর সেগুলির পত্র সকল স্নিগ্ধ এবং ছায়া শীতল; আর বিচিত্র ও মনোহর অনেক সরোবর আছে; সেগুলির জল নির্ম্মল এবং সেগুলি পদ্ম ও উৎপলে সর্ব্বদাই শোভা পাইতেছে; এই সকল দর্শন করতঃ বিচরণ করিতে থাকিয়া পাণ্ডবগণ দ্রৌপদীর সহিত বিশেষ আনন্দ অনুভব করিতে লাগিলেন ॥৭৩—৭৭॥

রাজা! তখন পবিত্রসৌরভ ও সুখস্পর্শ বায়ু দ্রৌপদীর সহিত সকল পাণ্ডবকেই আনন্দিত করিয়া বহিত হইত ॥৭৮॥

অত্যন্তদুর্গম ও দেবর্ষিসেবিত সেই স্থানে বিচিত্র পুষ্প-ফলে পরিপূর্ণ, হৃদয়ের আনন্দবর্দ্ধক সেই বিশাল বদরীবৃক্ষের নিকট দিয়া শীতল ভাগীরথী-নদী প্রবাহিত হইতেছিল; তাহাতে সুন্দর ঘাট, নির্ম্মল পদ্ম, মণি ও বিদ্রুমের

চিত্রপুষ্পফলাকীর্ণাং মনসঃ প্রীতিবর্দ্ধিনীম্।
বীক্ষমাণা মহাত্মানো বিশালাং বদরীমনু ॥৮০॥
তস্মিন্ দেবর্ষিচরিতে দেশে পরমদুর্গমে।
ভাগীরথীপুণ্যজলে তর্পয়াঞ্চক্রিরে পিতৃন্ ॥৮১॥ (বিশেষকম্)
দেবানৃষীংশ্চ কৌন্তেয়াঃ পরমং শৌচমাস্থিতাঃ।
তত্র তে তর্পয়ন্তশ্চ জপন্তশ্চ কুরূদ্বহাঃ।
ব্রাহ্মণৈঃ সহিতা বীরা হ্যবসন্ পুরুষর্ষভাঃ ॥৮২॥
কৃষ্ণায়াস্তত্র পশ্যন্তঃ ক্রীড়িতান্যমরপ্রভাঃ।
বিচিত্রাণি নরব্যাঘ্রা রেমিরে তত্র পাণ্ডবাঃ ॥৮৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

চিত্রপুষ্পফলাকীর্ণাম্, মনসঃ প্রীতিবর্দ্ধিনীম্, বিশালাং বদরীং তরুম্, অনু লক্ষ্যীকৃত্য তৎসমীপে বিদ্যমানামিত্যর্থঃ, সুতীর্থাং শোভনঘট্টাম্, শীতাং শীতলাম্, বিমলপঙ্কজাম্, মণীনাং প্রবালানাঞ্চ বিস্তারো রাশয়ো যস্যাং তাম্, তীরস্থৈঃ পাদপৈরুপশোভিতাঞ্চ, ভাগীরথীম্, বীক্ষমাণাঃ সন্তঃ, ভাগীরথীপুণ্যজলে পিতৃন্ তর্পয়াঞ্চক্রিরে ॥৭৯—৮১॥

দেবানিতি। পরমং দৈহিকং মানসিকঞ্চ, শৌচং পাবিত্র্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮২॥

কৃষ্ণায়া ইতি। তত্র স্থানে, ক্রীড়িতানি বিহারান্, তত্র তদানীম্ ॥৮৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাশি এবং তীরে অনেক বৃক্ষ ছিল; এহেন ভাগীরথী দর্শন করিতে থাকিয়া পাণ্ডবপ্রভৃতি সকলেই সেই ভাগীরথীর পবিত্র জলে পিতৃলোকের তর্পণ করিতে থাকিলেন ॥৭৯—৮১॥

এবং কুরুকুলশ্রেষ্ঠ, পুরুষপ্রধান ও মহাবীর পাণ্ডবেরা ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া পরম পবিত্রতা অবলম্বনপূর্ব্বক সেই ভাগীরথীজলে দেবগণ ও ঋষিগণের তর্পণ এবং ইষ্টমন্ত্র জপ করিতে থাকিয়া বাস করিতে লাগিলেন ॥৮২॥

আর, পুরুষশ্রেষ্ঠ ও দেবতুল্য পাণ্ডবগণ তখন সেখানে দ্রৌপদীর বিচিত্র বিচরণ দেখিতে থাকিয়া আনন্দ অনুভব করিতে লাগিলেন ॥৮৩॥

(৮০) ··দিব্যপুষ্পসমাকীর্ণাম্···বা ব কা নি। * '···পঞ্চচত্বারিংশদধিক···' বা ব কৃ, '···ষট্চত্বারিংশদধিক···' পি, '···সপ্তচত্বারিংশদধিক···নি।

একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

—— ০০ (*) ০০ ——

বৈশম্পায়ন উবাচ।

তত্র তে পুরুষব্যাঘ্রাঃ পরমং শৌচমাস্থিতাঃ।
ষড়্‌রাত্রমবসন্ বীরা ধনঞ্জয়দিদৃক্ষয়া ॥১॥
ততঃ পূর্বোত্তরে বায়ুঃ পবমানো যদৃচ্ছয়া।
সহস্রপত্রমর্কাভং দিব্যং পদ্মমুপাহরৎ ॥২॥
তদবৈক্ষত পাঞ্চালী দিব্যগন্ধং মনোরমম্।
অনিলেনাহৃতং ভূমৌ পতিতং জলজং শুচি ॥৩॥
তচ্ছুভা শুভমাসাদ্য সৌগন্ধিকমনুত্তমম্।
অতীব মুদিতা রাজন্! ভীমসেনমথাব্রবীৎ ॥৪॥
পশ্য দিব্যং সুরুচিরং ভীম! পুষ্পমনুত্তমম্।
গন্ধসংস্থানসম্পন্নং মনসো মম নন্দনম্ ॥৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। শৌচং পবিত্রতাম্, আস্থিতাঃ স্নানাদিনা অবলম্বিতবন্তঃ ॥১॥
তত ইতি। পূর্বোত্তরে ঈশানকোণাদাগত ইত্যর্থঃ, পবমানঃ পবিত্রতাজনকঃ ॥২॥
তদিতি। অবৈক্ষত অপশ্যৎ। জলজং পদ্মম্, শুচি পবিত্রম্ ॥৩॥
তদিতি। শুভা শুভলক্ষণা কৃষ্ণা, শুভং শুভসূচকম্, সৌগন্ধিকং সুরভি ॥৪॥
পশ্যেতি। অনুত্তমম্ অত্যুত্তমম্, গন্ধেন সৌরভেণ সংস্থানেন আকারেণ চ সম্পন্নম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ মহাবীর পাণ্ডবেরা অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় অত্যন্ত পবিত্র হইয়া সেই বদরিকাশ্রমেই ছয় দিন বাস করিলেন ॥১॥

তাহার পর ঈশানকোণ হইতে আগত পবিত্র বায়ু যদৃচ্ছাক্রমে সূর্য্যের ন্যায় অরুণবর্ণ স্বর্গীয় একটী সহস্রদল পদ্ম আনয়ন করিল ॥২॥

বায়ুকর্ত্তৃক আনীত দিব্যগন্ধ, মনোহর ও পবিত্র সেই পদ্মটী আসিয়া ভূতলে পতিত হইল; তাহা দ্রৌপদী দেখিলেন ॥৩॥

রাজা! তাহার পর শুভলক্ষণা দ্রৌপদী শুভসূচক, সৌরভসম্পন্ন ও অত্যুত্তম সেই পদ্মটী পাইয়া অত্যন্ত আনন্দিত হইয়া ভীমকে বলিলেন—॥৪॥

'মধ্যমপাণ্ডব! অতিসুন্দর ও অত্যুত্তম এই স্বর্গীয় পুষ্পটী দর্শন করুন;

(১)…ধনঞ্জয়দিদৃক্ষবঃ—বা ব কা। (৩) তদপশ্যত…পি।

ইদঞ্চ ধর্ম্মরাজায় প্রদাস্যামি পরন্তপ !।
হরেদং মম কামায় কাম্যকে পুনরাশ্রমে ॥৬॥
যদি তেঽহং প্রিয়া পার্থ ! বহ্বীমান্যুপাহর।
তান্যহং নেতুমিচ্ছামি কাম্যকং পুনরাশ্রমম্ ॥৭॥
এবমুক্ত্বা তু পাঞ্চালী ভীমসেনমনিন্দিতা।
জগাম ধর্ম্মরাজায় পুষ্পমাদায় ভাবিনী ॥৮॥
অভিপ্রায়ন্তু বিজ্ঞায় মহিষ্যাঃ পুরুষর্ষভঃ।
প্রিয়ায়াঃ প্রিয়কামঃ স প্রায়াদ্ভীমো মহাবলঃ ॥৯॥
বাতং তমেবাভিমুখো যতস্তৎ পুষ্পমাগতম্।
আজিহীর্ষুর্জগামাশু স পুষ্পাণ্যপরাণ্যপি ॥১০॥

ভারতকৌমুদী

ইদমিতি। হর আহর, ইদম্ এতজ্জাতীয়ম্, কামায় কামনাপূরণায় ॥৬॥
যদীতি। ইমানি এতজ্জাতীয়ানি পদ্মানি। কাম্যকং কাম্যকবনস্থম্ ॥৭॥
এবমিতি। ধর্ম্মরাজায়েতি "গত্যর্থকর্ম্মণি-" ইত্যাদিনা চতুর্থী। ভাবিনী অনুরাগবতী ॥৮॥
অভীতি। প্রিয়ায়া দ্রৌপদ্যাঃ। প্রায়াৎ তৎ পুষ্পমানেতুমিতি ভাবঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

তত্রেতি ॥১॥ পূর্ব্বোত্তরে ঈশানকোণে ॥২—৩॥ শুভা কল্যাণী, শুভং শোভাযুতম্, সৌগন্ধিকং পদ্মজাতিভেদঃ ॥৪॥ গন্ধেতি। সংস্থানমাকারঃ ॥৫॥ হর আহর, ইদমেতজ্জাতীয়ম্

ইহার সৌরভও চমৎকার, আকৃতিও সুন্দর এবং ইহা আমার চিত্তের আহ্লাদ জন্মাইতেছে ॥৫॥

অতএব পরন্তপ ! পুনরায় কাম্যকবনে যাইয়া আমি ইহা ধর্ম্মরাজকে প্রদান করিব। সুতরাং আমার অভীষ্টপূরণের জন্য আপনি ইহা আনয়ন করুন ॥৬॥

পৃথানন্দন ! আমি যদি আপনার প্রিয়া হই, তবে আপনি এই জাতীয় বহুতর পদ্ম আনয়ন করুন ; আমি সেগুলি কাম্যকবনে লইয়া যাইতে ইচ্ছা করি' ॥৭॥

ভীমকে এইরূপ বলিয়া যশস্বিনী ও অনুরাগবতী দ্রৌপদী সেই ফুলটী লইয়া যুধিষ্ঠিরের নিকট গমন করিলেন ॥৮॥

এদিকে পুরুষশ্রেষ্ঠ মহাবল ভীমসেনও প্রিয়তমা মহিষী দ্রৌপদীর অভিপ্রায় বুঝিয়া তাঁহারই প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় প্রস্থান করিলেন ॥৯॥

(৮) এবমুক্তা শুভাপাঙ্গী…জগাম পুষ্পমাদায় ধর্ম্মরাজায় তত্তদা—বা ব কা। (৯)… প্রায়াদ্ভীমপরাক্রমঃ—পি।

রুক্মপৃষ্ঠং ধনুর্গৃহ্য শরাংশ্চাশীবিষোপমান্।
মৃগরাড়িব সংক্রুদ্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ ॥১১॥ (যুগ্মকম্)
দদৃশুঃ সর্ব্বভূতানি মহাবাণধনুর্দ্ধরম্।
ন গ্লানির্ন চ বৈক্লব্যং ন ভয়ং ন চ সম্ভ্রমঃ ॥১২॥
কদাচিজ্জুষতে পার্থমাত্মজং মাতরিশ্বনঃ।
দ্রৌপদ্যাঃ প্রিয়মন্বিচ্ছন্ স বাহুবলমাশ্রিতঃ ॥১৩॥
ব্যপেতভয়সম্মোহঃ শৈলমভ্যপতদ্বলী।
স তং দ্রুমলতাগুল্ম-চ্ছন্নং নীলশিলাতলম্ ॥১৪॥ (বিশেষকম্)
গিরিং চচারারিহরঃ কিন্নরাচরিতং শুভম্।
নানাবর্ণধরৈশ্চিত্রং ধাতুদ্রুমমৃগাণ্ডজৈঃ ॥১৫॥

ভারতকৌমুদী

বাতমিতি। আজিহীর্ষুঃ আহর্ত্তুমিচ্ছুঃ, তমেব বাতম্ অভি লক্ষ্যীকৃত্য স্থিতং মুখং যস্য সঃ। রুক্মপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্, গৃহ্য গৃহীত্বা। মৃগরাট্ সিংহঃ। প্রভিন্নো মদস্রাবী ॥১০-১১॥

দদৃশুরিতি। গ্লানিঃ শ্রমঃ, বৈক্লব্যং বিহ্বলতা, সম্ভ্রমো ব্যস্ততা। জুষতে সেবতে আশ্রয়তীত্যর্থঃ। পার্থং ভীমম্, মাতরিশ্বনো বায়োরাত্মজম্। স ভীমঃ ॥১২—১৪॥

অথ ষড়্ভিঃ শ্লোকৈঃ কুলকেন গমনং বর্ণয়তি গিরিমিতি। অরিহরঃ শত্রুহন্তা,

ভারতভাবদীপঃ

॥৬—১০॥ প্রভিন্নো মত্তঃ ॥১১॥ গ্লানিবৈক্লব্যে দেহচিত্তয়োরবসাদৌ, ভয়ং তৎকারণং স্বোচ্ছেদবুদ্ধিঃ, ভয়াভাবাদেব ময়া যত্নেন গন্তব্যমিত্যাদরঃ সম্ভ্রমঃ ॥১২॥ সোঽপি তং ন জুষতে

ভীমসেন স্বর্ণখচিত ধনু এবং সর্পতুল্য বাণসমূহ লইয়া—যাহা হইতে সেই ফুলটী আসিয়াছিল, সেই বায়ুরই অভিমুখ হইয়া আরও বহুতর পুষ্প আনয়ন করিবার ইচ্ছায় ক্রুদ্ধ সিংহ ও মদস্রাবী হস্তীর ন্যায় দ্রুত গমন করিতে লাগিলেন ॥১০—১১॥

তখন সকল প্রাণীই, মহাবাণ-কার্ম্মুকধারী ভীমসেনকে দেখিতে লাগিল। পরিশ্রম, বিহ্বলতা, ভয় ও ব্যস্ততা ইহার কোনটাই কখনও পবননন্দন ভীমসেনকে আশ্রয় করে নাই; তাই সেই অবস্থায়ই বলবান্ ভীমসেন আপন বাহুবল অবলম্বন করিয়া দ্রৌপদীর প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় ভয় ও মোহপরিত্যাগপূর্ব্বক বৃক্ষ, লতা ও গুল্মে আবৃত এবং নীলশিলাব্যাপ্ত পর্বতের অভিমুখে গমন করিতে লাগিলেন ॥১২—১৪॥

তাহার পর তিনি সেই মঙ্গলময় পর্ব্বতে কিছু কাল বিচরণ করিলেন; সে পর্ব্বতে কিন্নরগণ বিচরণ করিত এবং নানাবর্ণের ধাতু, বৃক্ষ, পশু ও পক্ষী ছিল;

সর্ব্বভূষণসম্পূর্ণং ভূমেভু´জমিবোচ্ছ্রিতম্ ।
সর্ব্বর্ত্তুরমণীয়েষু গন্ধমাদনসানুষু ॥১৬॥
সক্তচক্ষুরভিপ্রায়ান্ হৃদয়েনানুচিন্তয়ন্ ।
পুংস্কোকিলনিনাদেষু ষট্‌পদাচরিতেষু চ ॥১৭॥
বদ্ধশ্রোত্রমনশ্চক্ষুর্জগামামিতবিক্রমঃ ।
আজিঘ্রন্ স মহাতেজাঃ সর্ব্বর্ত্তুকুসুমোদ্ভবম্ ॥১৮॥
গন্ধমুদ্ধতমুদ্দামো বনে মত্ত ইব দ্বিপঃ ।
বীজ্যমানঃ সুপুণ্যেন নানাকুসুমগন্ধিনা ॥১৯॥
পিতুঃ সংস্পর্শশীতেন গন্ধমাদনবায়ুনা ।
হ্রিয়মাণশ্রমঃ পিত্রা সম্প্রহৃষ্টতনূরুহঃ ॥২০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অমিতবিক্রমঃ, মহাতেজাশ্চ স ভীমসেনঃ, সর্বর্ত্তুরমণীয়েষু, গন্ধমাদনস্য সানুষু সমতলদেশেষু, সক্তচক্ষুঃ সৌন্দর্য্যাতিশয়াৎ লগ্ননয়নঃ, অভিপ্রায়ান্ অভিপ্রেতবিষয়ান্ শত্রুজয়াদীন্, হৃদয়েন অনুচিন্তয়ন্, পুংস্কোকিলনিনাদেষু, ষট্‌পদানাং ভ্রমরাণাম্ আচরিতেষু বিচরণেষু চ, বদ্ধানি চমৎকারিত্বাদ্‌যথাসম্ভবং নিবেশিতানি শ্রোত্রমনশ্চক্ষূংষি যেন সঃ, সর্বর্ত্তুকুসুমোদ্ভবম্ উদ্ধতম্ অভিনবত্বাৎ প্রবলং গন্ধম্, আজিঘ্রন্, তথা সাধারণপুত্রাস্তিকে সাধারণস্য পিতুঃ সংস্পর্শবৎ শীতঃ শীতলস্তেন, সুপুণ্যেন অতিপবিত্রেণ, নানাকুসুমগন্ধিনা, পিত্রা স্বজনকেন, গন্ধমাদন-বায়ুনা, বীজ্যমানঃ, অতএব হ্রিয়মাণশ্রমঃ, আশ্চর্য্যাচ্চ সম্প্রহৃষ্টতনূরুহঃ রোমাঞ্চিতদেহশ্চ সন্, বনে মত্তো দ্বিপো হস্তীব, উদ্দাম উদ্রিক্তদর্পশ্চ সন্, কিন্নরৈঃ আচরিতং সমস্তাদ্বিচরিতম্, ভদ্রং মঙ্গলকরম্, নানাবর্ণধরৈঃ, ধাতবো গৈরিকাদয়ঃ দ্রুমা বৃক্ষাঃ মৃগাঃ পশবঃ অণ্ডজাঃ পক্ষিণশ্চ তৈঃ, চিত্রং বিচিত্রীকৃতম্, অতএব সর্ব্বভূষণসম্পূর্ণম্, উচ্ছ্রিতম্ উত্তোলিতম্, ভূমেঃ পৃথিব্যাঃ, ভুজমিব স্থিতম্, গিরিং পর্ব্বতম্, চচার বভ্রাম, পরং জগাম চ ॥১৫—২০॥

তাহাতে সকল অলঙ্কারে অলঙ্কৃত পৃথিবীর উত্তোলিত একখানি বাহুর ন্যায় সে পর্বতটীকে দেখা যাইতেছিল। তদনন্তর ভীমসেন অভিপ্রেত বিষয় মনে মনে চিন্তা করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন; তখন সকল ঋতুতেই রমণীয় গন্ধমাদনপর্বতের সমতলস্থানে তাঁহার দৃষ্টি আকৃষ্ট হইতে থাকিল; কোকিলের রবে কর্ণ ও মন নিবিষ্ট হইতে লাগিল; কোথাও ভ্রমরের ভ্রমণ নয়ন আকর্ষণ করিল; কোথাও সমস্ত ঋতুতেই উৎপন্ন পুষ্পসমূহের উদ্দাম গন্ধ আঘ্রাণ করিলেন এবং পুত্রের নিকট পিতার সংস্পর্শ যেমন শীতল হয় তেমনই শীতল, পবিত্র ও নানাকুসুমসৌরভবাহী গন্ধমাদনচারী পিতা বায়ু আসিয়া বীজন করিয়া তাঁহার পরিশ্রম দূর করিতে লাগিলেন; এই অবস্থায় অমিত-

স যক্ষগন্ধর্ব্বসুরব্রহ্মর্ষিগণসেবিতম্।
বিলোকয়ামাস তদা পুষ্পহেতোররিন্দমঃ ॥২১॥
বিষমচ্ছদরচিতৈরনুলিপ্ত ইবাঙ্গুলৈঃ।
বিমলৈর্ধাতুবিচ্ছেদৈঃ কাঞ্চনাঞ্জনরাজতৈঃ ॥২২॥
সপক্ষমিব নৃত্যন্তং পার্শ্বলগ্নৈঃ পয়োধরৈঃ।
মুক্তাহারৈরিব চিতং চ্যুতং প্রস্রবণোদকৈঃ ॥২৩॥
অভিরামদরীকুঞ্জ-নির্ঝরোদককন্দরম্।
অপ্সরোনূপুররবৈঃ প্রনৃত্তবরবর্হিণম্ ॥২৪॥
দিগ্বারণবিষাণাগ্রৈর্ঘৃষ্টোপলশিলাতলম্।
স্রস্তাংশুকমিবাক্ষোভ্যৈর্নিম্নগানিঃসৃতৈর্জ্জলৈঃ ॥২৫॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অথ পঞ্চভিঃ কুলকেন পুষ্পান্বেষণং বর্ণয়তি স ইতি। তদা অরিন্দমঃ স ভীমঃ, বিষমৈ-শ্চাবচৈশ্ছদৈর্বৃক্ষপত্রৈ রচিতাঃ কৃতাস্তৈর্বৃক্ষপত্ররূপৈরিত্যর্থঃ, অঙ্গুলৈরঙ্গুলীভিঃ, কাঞ্চনাঞ্জন-রাজতৈঃ স্বর্ণকজ্জলরজতবর্ণৈঃ, বিমলৈঃ, ধাতুবিচ্ছেদৈঃ বিচ্ছিন্নৈর্গৈরিকাদিধাতুভিঃ করণৈঃ, পর্ব্বতেনৈব কর্ত্রা, অনুলিপ্ত ইব সন্; পুষ্পহেতোঃ, যক্ষগন্ধর্ব্ব-সুরব্রহ্মর্ষিগণসেবিতম্, পার্শ্বলগ্নৈঃ পয়োধরৈর্মেঘৈঃ, সপক্ষং নৃত্যন্তমিব স্থিতম্, পার্শ্বলগ্নমেঘানাং পক্ষবচ্ছ-শনাদিতি ভাবঃ; প্রস্রবণোদকৈর্নির্ঝরজলৈঃ, চ্যুতং স্নপিতম্, অতএব মুক্তাহারৈশ্চিতং ব্যাপ্তমিব স্থিতম্, নির্ঝরজলানাং মুক্তাহারতুল্যশুভ্রবর্ণত্বাদিত্যাশয়ঃ; অভিরামাঃ সুন্দরাঃ দর্য্যো গুহাঃ কুঞ্জাঃ লতাদ্যাবৃতস্থানানি নির্ঝরোদকানি কন্দরা গর্ত্তাশ্চ যস্য তম্; "কন্দরোঽ-স্ত্রী। বিবরে চ গুহায়াঞ্চ" ইতি হেমচন্দ্রঃ; অপ্সরোনূপুররবৈঃ প্রনৃত্তা বরাঃ শ্রেষ্ঠা বর্হিণো।

ভারতভাবদীপঃ

সেবতে। তত্র হেতুঃ—আত্মজমিতি। মাতরিশ্বনো বায়োঃ সার্থঃ ॥১৩—১৬॥ অভিপ্রায়ান্ দেবর্ষিগন্ধর্ব্বাদিলীলোন্নয়নহেতূন্ পুষ্পকুশাদিসংস্তরান্ ॥১৭—১৯॥ পিতুর্যথা পুত্রস্পর্শঃ শৈত্যাদৃক্ স্পর্শবতা বায়ুনেত্যর্থঃ। পিত্রা বায়ুনা ॥২০—২১॥ ধাতুবিচ্ছেদৈর্ধাতুভেদৈঃ। অঙ্গুলৈরিব বিষমচ্ছদৈঃ সপ্তপর্ণাদিভির্নানাধাতুরঞ্জিতপত্রৈঃ রচিতৈঃ, বলিভিস্ত্রিপুণ্ড্রাকারৈরনু-লিপ্ত ইবেত্যর্থঃ। আঞ্জনেতি কৃষ্ণধাতুগ্রহণং পীতকৃষ্ণশ্বেতধাতুভিরিত্যর্থঃ ॥২২॥ পয়োধরৈ-র্মেঘৈঃ ॥২৩॥ দরী বিলগৃহম্, কন্দরং মহাপ্রপাতঃ, অভিরামা দরীপ্রভৃতয়ো যস্মিন্ ॥২৪॥ বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ। "বিষাণং কুষ্ঠকে ক্লীবং ত্রিষু শৃঙ্গেভদন্তয়ো"রিতি মেদিনী। শিলাঃ

বিক্রম, মহাতেজা ও শত্রুহন্তা ভীমসেন বনে মত্ত হস্তীর ন্যায় উদ্দামবেগে চলিতে লাগিলেন ॥১৫—২০॥

তখন শত্রুদমনকারী ভীমসেন পদ্মপুষ্প লইবার জন্য সেই পর্বতটা পর্য্য-বেক্ষণ করিতে থাকিলেন। সে পর্ব্বতে দেবতা, যক্ষ, গন্ধর্ব ও ব্রহ্মর্ষিগণ বিচরণ

২২। বিষমচ্ছেদরচিতৈঃ...পি।

সশষ্পকবলৈঃ স্বস্থৈরদূরপরিবর্ত্তিভিঃ।
ভয়ানভিজ্ঞৈর্হরিণৈঃ কৌতূহলনিরীক্ষিতঃ ॥২৬॥
চালয়ন্নূরুবেগেন লতাজালান্যনেকশঃ।
আক্রীড়মানো হৃষ্টাত্মা শ্রীমান্ বায়ুসুতো যযৌ ॥২৭॥ (যুগ্মকম্)
প্রিয়ামনোরথং কর্ত্তুমুদ্যতশ্চারুলোচনঃ।
প্রাংশুঃ কনকবর্ণাভঃ সিংহসংহননো যুবা ॥২৮॥
মত্তবারণবিক্রান্তো মত্তবারণবেগবান্।
মত্তবারণতাম্রাক্ষো মত্তবারণবারণঃ ॥২৯॥

ভারতকৌমুদী

মন্থরা যত্র তম্; দিগ্বারণানাং দিগ্দন্তিনাং বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ, ঘৃষ্টানি উপলা রত্নানি শিলাতলানি চ যস্য তম্; তথা অক্ষোভ্যোবেগাতিশয়াদ্বায়ুনা অচালনীয়ৈঃ, নিম্নগায়া নদ্যা নিঃস্রুতৈর্জলৈঃ করণৈঃ, স্রস্তাংশুকমিব স্খলিতবস্ত্রমিব, নদীজলানাং নিম্নগমনাদ্বস্ত্রবৎ শুভ্রত্বাচ্চেতি ভাবঃ, বিলোকয়ামাস গিরিশিখরোন্নতকর্ণঃ ॥২১—২৫॥

পুনর্গমনমেব বর্ণয়তি দ্বাভ্যাং যুগ্মকেন সশষ্পেতি। হৃষ্টাত্মা শ্রীমান্ বায়ুসুতো ভীমঃ; সশষ্পকবলৈঃ মুখপ্রবেশিতঘাসসহিতৈঃ, স্বস্থৈঃ স্বস্বস্থান এব স্থিতৈঃ, অদূরপরিবর্ত্তিভিঃ অদূরস্থিতৈঃ, ভয়ানভিজ্ঞৈর্হরিণৈঃ, কৌতূহলনিরীক্ষিতঃ; ঊরুবেগেন দেহস্য মহতা বেগেন, অনেকশো লতাজালানি চালয়ন্, আক্রীড়মানো বিশেষেণ ক্রীড়ন্নিব চ সন্; যযৌ ॥২৬—২৭॥

ইদানীং চতুর্ভিঃ কলাপকেন পুষ্পান্বেষণায় ভীমস্য বিচরণং বর্ণয়তি প্রিয়েতি। প্রাংশুঃ

করিতেন। আর, মেঘসমূহ আসিয়া পার্শ্বে লাগিতেছিল এবং চলিতেছিল, তাহাতে পর্ব্বতটা যেন নাচিতেছিল এবং নির্ঝরের জল পড়িতেছিল, তাহাতে পর্বতটা যেন মুক্তার হারে ব্যাপ্ত ছিল; আর তাহার গুহা, কুঞ্জ, নির্ঝরের জল ও গর্ত্ত মনোহর ছিল; অপ্সরাদের নূপুরের রবে ময়ূরগণ নৃত্য করিতেছিল; দিগ্‌-হস্তিগণের দন্তাগ্রে তাহার রত্ন ও প্রস্তরসমূহ ঘর্ষিত ছিল এবং নিস্পন্দ নদীর জল নীচে গিয়াছিল, তাহাতে পর্ব্বতটার পরিহিত বস্ত্র যেন স্খলিত হইয়াছিল ॥২১—২৫॥

হৃষ্টচিত্ত ও সুন্দরাকৃতি ভীমসেন শরীরের গুরুতর বেগে অনেক লতাসমূহ সঞ্চালিত করিয়া ক্রীড়া করিতে করিতেই যেন গমন করিতে লাগিলেন; তখন অদূরবর্ত্তী নির্ভয়চিত্ত হরিণগুলি মুখের ভিতরে ঘাস রাখিয়া এবং স্ব স্ব স্থানে থাকিয়াই কৌতুকের সহিত তাঁহাকে দেখিতে থাকিল ॥২৬—২৭॥

তদনন্তর সুন্দরনয়ন, উন্নতদেহ, কাঞ্চনবর্ণ, সিংহের ন্যায় দৃঢ়শরীর, মত্ত হস্তীর

---

(২৬) সশষ্পকবলৈঃ স্বস্থৈঃ...পি। (২৭) চালয়ানঃ স বেগেন...বা ব কা।

প্রিয়পার্শ্বোপবিষ্টাভির্ব্যাবৃত্তাভির্বিচেষ্টিতৈঃ।
যক্ষগন্ধর্বযোষাভিরদৃশ্যাভির্নিরীক্ষিতঃ ॥৩০॥
নবাবতারো রূপস্য বিক্রীড়ন্নিব পাণ্ডবঃ।
চচার রমণীয়েষু গন্ধমাদনসানুষু ॥৩১॥ (কলাপকম্)
সংস্মরন্ বিবিধান্ ক্লেশান্ দুর্য্যোধনকৃতান্ বহূন্।
দ্রৌপদ্যা বনবাসিন্যাঃ প্রিয়ং কর্ত্তুং সমুদ্যতঃ ॥৩২॥
সোঽচিন্তয়দ্গতে স্বর্গমর্জ্জুনে ময়ি চাগতে।
পুষ্পহেতোঃ কথং ত্বার্য্যঃ করিষ্যতি যুধিষ্ঠিরঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
স্নেহান্নরবরো নূনমবিশ্বাসাদ্বলস্য চ।
নকুলং সহদেবঞ্চ ন মোক্ষ্যতি যুধিষ্ঠিরঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

উন্নতদেহঃ। সিংহস্যেব সংহননং শরীরং যস্য সঃ। মত্তো বারণো হস্তীব বিক্রান্তো বিক্রমবান্, মত্তো বারণো হস্তীব বেগবান্, মত্তস্য বারণস্য হস্তিন ইব তাম্রে অক্ষিণী যস্য সঃ, তথা মত্তং বারণং হস্তিনং বারয়তীতি সঃ, রূপস্য নবাবতারঃ পরমসুন্দর ইত্যর্থঃ, অতএব প্রিয়পার্শ্বোপবিষ্টাভিঃ, লতাদিব্যবধানাদ্ভীমেনাদৃশ্যাভিঃ, ব্যাবৃত্তাভিঃ পরিবৃত্তাভিঃ, যক্ষগন্ধর্ব-যোষাভিঃ, বিচেষ্টিতৈঃ প্রিয়ভয়াস্তঙ্গীবিশেষৈঃ, নিরীক্ষিতঃ, পাণ্ডবো ভীমঃ, বিক্রীড়ন্নিব' রমণীয়েষু গন্ধমাদনসানুষু চচার ॥২৮—৩১॥

যুগ্মকেন চিন্তামাহ সংস্মরন্নিতি। প্রিয়ং পুষ্পাহরণম্। কথং কিম্ ॥৩২—৩৩॥

স্নেহাদিতি। বলস্য নিজশক্তেঃ। ন মোক্ষ্যতি সন্নিধানাদিতি শেষঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

সমপাষাণাঃ শয়নাসনযোগ্যাঃ উপলাস্তেদন্তে। শষ্পং বালতৃণম্, কবলো গ্রাসস্তদ্বদ্ভুক্তৈঃ ॥২৫-২৭॥ কনকবর্ণাভঃ পীতদীপ্তিঃ, সিংহসংহননঃ সিংহবদ্দৃঢ়াঙ্গঃ ॥২৮॥ বারণানামপি বারণো নিবারকঃ ॥২৯॥ সংগ্রামাদৌ বিচেষ্টিতৈর্ব্যাবৃত্তাভির্নিশ্চেষ্টাভিরেকাগ্রাভিরিত্যর্থঃ ॥৩০॥ রূপস্য

ন্যায় বিক্রমশালী, মত্ত হস্তীর ন্যায় বেগবান্, মত্ত হস্তীর ন্যায় তাম্রনেত্র, মত্ত-হস্তিনিবারণসমর্থ এবং রূপের যেন নূতন অবতার ভীমসেন প্রিয়তমা দ্রৌপদীর অভীষ্ট পূরণ করিতে উদ্যত হইয়া রমণীয় গন্ধমাদনপর্বতের সমতল ভূমিতে বিচরণ করিতে লাগিলেন ; তখন পতির পার্শ্বেই উপবিষ্ট অদৃশ্য যক্ষ ও গন্ধর্ব-গণের রমণীরা ফিরিয়া ফিরিয়া ভঙ্গীক্রমে তাঁহাকে দেখিতে থাকিল ॥২৮—৩১॥

তখন ভীমসেন দুর্য্যোধনকৃত নানাবিধ বহুতর ক্লেশ স্মরণ করিতে থাকিয়া বনবাসিনী দ্রৌপদীর প্রিয়কার্য্য করিতে উদ্যত হইয়া চিন্তা করিলেন—'অর্জ্জুন অস্ত্রশিক্ষার জন্য স্বর্গে গিয়াছে, আমিও পদ্মপুষ্পের জন্য এদিকে আসিয়াছি ; এ অবস্থায় পূজনীয় যুধিষ্ঠির কি করিবেন ॥৩২—৩৩॥

কথং নু কুসুমাবাপ্তিঃ স্যাচ্ছীঘ্রমিতি চিন্তয়ন্ ।
প্রতস্থে নরশার্দ্দূলঃ পক্ষিরাড়িব বেগিতঃ ॥৩৫॥
সজ্জমানমনোদৃষ্টিঃ ফুল্লেষু গিরিসানুষু ।
দ্রৌপদী বাক্যপাথেয়ো ভীমঃ শীঘ্রতরং যযৌ ॥৩৬॥
কম্পয়ন্ মেদিনীং পদ্ভ্যাং নির্ঘাত ইব পর্ব্বসু ।
ত্রাসয়ন্ মৃগযূথানি বাতরংহা বৃকোদরঃ ॥৩৭॥
সিংহব্যাঘ্রমৃগাংশ্চৈব মর্দ্দয়ানো মহাবলঃ ।
উন্মূলয়ন্ মহাবৃক্ষান্ পীড়য়ংস্তরসা বলী ॥৩৮॥
লতা বল্লীশ্চ বেগেন বিকর্ষন্ পাণ্ডুনন্দনঃ ।
উপর্য্যুপরি শৈলাগ্রমারুরুক্ষুরিব দ্বিপঃ ।
বিনর্দ্দমানোঽতিভৃশং সবিদ্যুদিব তোয়দঃ ॥৩৯॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

কথমিতি। কুসুমাবাপ্তিঃ তৎপদ্মপুষ্পপ্রাপ্তিঃ। নরশার্দ্দূলো ভীমঃ ॥৩৫॥

পুনশ্চতুর্ভিঃ কলাপকেন গমনমেব বর্ণয়তি সজ্জেতি। ফুল্লেষু ফুল্লপুষ্পবত্ত্বাদিতি ভাবঃ। নির্ঘাতো বাতাহতবাতপাতঃ। তথা চ তিথিতত্ত্বধৃতা স্মৃতিঃ—"যদন্তরীক্ষে বলবান্ মারুতো মরুতাহতঃ। পতত্যধঃ স নির্ঘাতো জায়তে বায়ুসম্ভবঃ॥" পর্ব্বসু পূর্ণিমাদিষু, তত্রৈব প্রায়েণ তৎসম্ভবাৎ। বাতরংহা বাতবেগঃ। তরসা বেগেন। লতা বৃক্ষাদীনাং শাখাঃ, "সমে শাখালতে" ইত্যমরঃ, বল্লীর্লতাঃ। দ্বিপো হস্তী। বিনর্দ্দমানো বীরস্বভাবাদেব গর্জ্জন্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬—৩৯॥

নিশ্চয়ই নরশ্রেষ্ঠ যুধিষ্ঠির নিজের শক্তির উপরে বিশ্বাস না থাকায় নকুল ও সহদেবকে নিকট হইতে ছাড়িবেন না ॥৩৪॥

সুতরাং কি করিয়া শীঘ্রই সে পুষ্প পাইব' এইরূপ চিন্তা করিতে থাকিয়া নরশ্রেষ্ঠ ভীমসেন গরুড়ের ন্যায় বেগবান্ হইয়া গমন করিতে লাগিলেন ॥৩৫॥

মহাবল ও বায়ুর ন্যায় বেগবান্ পাণ্ডুনন্দন ভীমসেন দ্রৌপদীর বাক্যমাত্র পাথেয় লইয়া, পর্ব্বকালীন নির্ঘাতের ন্যায় চরণযুগলদ্বারা ভূতল কম্পিত করিয়া, হরিণগণের ভয় জন্মাইয়া, সিংহ, ব্যাঘ্র ও অন্যান্য পশুদিগকে মর্দ্দিত করিতে থাকিয়া, বেগে বিশাল বৃক্ষগুলিকে নিপীড়িত ও উন্মূলিত করিয়া, পর্ব্বতারোহী হস্তীর ন্যায় বেগে শাখা ও লতাসমূহকে আকর্ষণ করিতে থাকিয়া, এবং বিদ্যুৎসমন্বিত মেঘের ন্যায় অতিতীব্র গর্জ্জন করিতে থাকিয়া অতিদ্রুত গমন করিতে লাগিলেন ; সে অবস্থাতেও তাঁহার মন ও দৃষ্টি পর্ব্বতের সমতল ভূমিতে আকৃষ্ট হইতে থাকিল ॥৩৬—৩৯॥

তেন শব্দেন মহতা ভীমস্য প্রতিবোধিতাঃ।
গুহাং সংতত্যজুর্ব্যাঘ্রা নিলিল্যুর্বনবাসিনঃ ॥৪০॥
সমুৎপেতুঃ খগাস্ত্রস্তা মৃগযূথানি দুদ্রুবুঃ।
ঋক্ষাশ্চোৎসসৃজুর্বৃক্ষাংস্তত্যজুর্হরয়ো গুহাম্।
ব্যজৃম্ভন্ত মহাসিংহা মহিষাশ্চ ব্যলোকয়ন্ ॥৪১॥
তেন বিত্রাসিতা নাগাঃ করেণুপরিবারিতাঃ।
তদ্বনং সংপরিত্যজ্য জগ্মুরন্যন্মহাবনম্ ॥৪২॥
বরাহমৃগসিংহাশ্চ মহিষাশ্চ বনেচরাঃ।
ব্যাঘ্রগোমায়ুসংঘাশ্চ প্রণেদুর্গবয়ৈঃ সহ ॥৪৩॥
রথাঙ্গসংঘা দাত্যূহা হংসকারণ্ডবপ্লবাঃ।
শুকাঃ পুংস্কোকিলাঃ ক্রৌঞ্চা বিসংজ্ঞা ভেজিরে দিশঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

তেনেতি। প্রতিবোধিতা জাগরিতাঃ। নিলিল্যুরন্তরালে নিলীনাঃ, বনবাসিনো ব্যাঘ্রাঃ ॥৪০॥

সমিতি। খগাঃ পক্ষিণঃ। ঋক্ষা ভল্লুকাঃ, হরয়ঃ সিংহাঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৪১॥

তেনেতি। নাগা হস্তিনঃ, করেণুভির্হস্তিনীভিঃ পরিবারিতাঃ পরিবেষ্টিতাঃ ॥৪২॥

বরাহেতি। গোমায়ুঃ শৃগালঃ। প্রণেদুঃ ভয়াৎ ক্রোধাচ্চ চুকুবুঃ ॥৪৩॥

ভারতভাবদীপঃ

সৌন্দর্য্যম্। "রূপং স্বভাবে সৌন্দর্য্যে" ইতি মেদিনী ॥৩১—৩৬॥ নির্ঘাত উৎপাতঃ, পর্বসু উৎসবেষু ॥৩৭॥ পোথয়ন্ মর্দ্দয়ন্ ॥৩৮॥ লতা ভূচরা, বল্লী বৃক্ষচরেতি ভেদঃ ॥৩৯—৪০॥ অবলোকয়ন্ ব্যলোকয়ন্ ॥৪১—৪৩॥ রথাঙ্গসাহ্বাশ্চক্রসমাননামানশ্চক্রবাকা ইতি যাবৎ।

নিদ্রিত ব্যাঘ্রগণ ভীমের সেই বিশাল শব্দে জাগরিত হইয়া গুহা ত্যাগ করিতে লাগিল এবং বনবাসী ব্যাঘ্রেরা অন্তরালে লুকাইতে থাকিল ॥৪০॥

এবং পক্ষিসমূহ ভীত হইয়া উড়িতে লাগিল, হরিণগণ পলায়ন করিতে থাকিল, ভল্লুক সকল বৃক্ষ পরিত্যাগ করিতে লাগিল, সিংহগণ গুহা ত্যাগ করিতে থাকিল, মহাসিংহ সকল হাঁই তুলিতে লাগিল এবং মহিষগণ দেখিতে থাকিল ॥৪১॥

আর, হস্তিনীবেষ্টিত হস্তিগণ সেই শব্দে ভীত হইয়া সে বন পরিত্যাগ করিয়া অন্য মহাবনে যাইতে লাগিল ॥৪২॥

বনচর বরাহ, হরিণ, সিংহ, মহিষ, ব্যাঘ্র ও শৃগালসমূহ গবয়গণের সহিত রব করিতে লাগিল ॥৪৩॥

(৪৩) ···ব্যাঘ্রা গোমায়ুসংঘাশ্চ···কা। (৪৪) রথাঙ্গসাহ্বা দাত্যূহাঃ···বা ব কা নি।

তথান্যে দর্পিতা নাগা মহিষাশ্চ মহাবলাঃ।
সিংহব্যাঘ্রাশ্চ সংক্রুদ্ধা ভীমসেনমথাদ্রবন্ ॥৪৫॥
শকৃন্মূত্রঞ্চ মুঞ্চানা ভয়বিভ্রান্তমানসাঃ।
ব্যাদিতাস্যা মহারৌদ্রা ব্যনদন্ ভীষণান্ রবান্ ॥৪৬॥
ততো বায়ুসুতঃ ক্রোধাৎ স্ববাহুবলমাশ্রিতঃ।
গজেনান্যান্ গজান্ শ্রীমান্ সিংহং সিংহেন বা বিভুঃ।
তলপ্রহারৈরন্যাংশ্চ ব্যহনৎ পাণ্ডবো বলী ॥৪৭॥
তে বধ্যমানা ভীমেন সিংহব্যাঘ্রতরক্ষবঃ।
ভয়াদ্বিসস্থ্জুর্ভীমং শকৃন্মূত্রঞ্চ সুস্রুবুঃ ॥৪৮॥
প্রবিবেশ ততঃ ক্ষিপ্রং তানপাস্য মহাবলঃ।
বনং পাণ্ডুসুতঃ শ্রীমান্ শব্দেনাপূরয়ন্ দিশঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

রথাঙ্গেতি। রথাঙ্গসংঘাশ্চক্রবাকসমূহাঃ। বিসংজ্ঞা ভয়াদচেতনপ্রায়াঃ ॥৪৪॥
তথেতি। নাগা হস্তিনঃ। আদ্রবন্ আক্রমিতুমাগচ্ছন্ ॥৪৫॥
শকৃদিতি। শকৃৎ বিষ্ঠাম্। ব্যনদন্ অকুর্বন্, অপরে নাগাদয় ইতি শেষঃ ॥৪৬॥
তত ইতি। শ্রীমান্ কান্তিমান্, বিভুঃ শিক্ষাপ্রভাববান্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৭॥
ত ইতি। তরক্ষুর্ব্যাঘ্রবিশেষঃ। বিসস্থ্জুর্বিহায় যযুঃ, সুস্রুবুর্মুমুচুঃ ॥৪৮॥

চক্রবাক, ডাহুক, হাঁস, বালিহাঁস, পিবল, শুক, কোকিল ও কোঁচবকপক্ষী প্রায় সংজ্ঞাবিহীন হইয়া নানাদিকে পলায়ন করিতে থাকিল ॥৪৪॥

আর, দর্পিত ও মহাবল অন্যান্য হস্তী, মহিষ, সিংহ ও ব্যাঘ্র অত্যন্তক্রুদ্ধ হইয়া ভীমকে আক্রমণ করিতে আসিল ॥৪৫॥

অতিভয়ঙ্কর অপর কতকগুলি জন্তু ভয়ে বিচলিতচিত্ত হইয়া বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে থাকিয়া, মুখব্যাদান করিয়া, ভীষণ গর্জন করিতে লাগিল ॥৪৬॥

তদনন্তর সুন্দর, শিক্ষানিপুণ ও বলবান্ ভীমসেন ক্রোধবশতঃ আপন বাহুবলের উপরই নির্ভর করিয়া হস্তীদ্বারাই অন্য হস্তী, সিংহদ্বারাই অন্য সিংহ এবং হস্তদ্বারা অন্যান্য জন্তু বধ করিতে লাগিলেন ॥৪৭॥

ভীমসেন সেই ভাবে বধ করিতে থাকিলে অন্যান্য সিংহ, ব্যাঘ্র ও তরক্ষু (কেঁদুয়া বাঘ) ভয়ে ভীমসেনকে পরিত্যাগ করিল এবং বিষ্ঠা-মূত্র ত্যাগ করিতে থাকিল ॥৪৮॥

তাহার পর মহাবল ভীমসেন সেগুলিকে পরিত্যাগ করিয়া, শব্দে সকল দিক্ পূর্ণ করিতে থাকিয়া সত্বর বনের ভিতরে প্রবেশ করিলেন ॥৪৯॥

অথাপশ্যন্মহাবাহুর্গন্ধমাদনসানুষু।
সুরম্যং কদলীষণ্ডং বহুযোজনবিস্তৃতম্ ॥৫০॥
তমভ্যগচ্ছদ্বেগেন ক্ষোভয়িষ্যন্ মহাবলঃ।
মহাগজ ইবাস্রাবী প্রভঞ্জন্ বিবিধান্ দ্রুমান্ ॥৫১॥
উৎপাট্য কদলীস্তম্ভান্ বহুতালসমুচ্ছ্রয়ান্।
চিক্ষেপ তরসা ভীমঃ সমন্তাদ্বলিনাং বরঃ।
বিনদন্ সুমহাতেজা নৃসিংহ ইব দর্পিতঃ ॥৫২॥
ততঃ সংন্যপতংস্তত্র সুবহূনি মহান্তি চ।
রুরুবানরযূথানি মহিষাশ্চ জলাশ্রয়াঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

প্রেতি। তান্ নাগাদীন্, অপাঙ্গ বিহায়। শ্রীমান্ সুন্দরাকৃতিঃ ॥৪৯॥

অথেতি। গন্ধমাদনস্য সানুষু সমতলভূমিষু। কদলীষণ্ডং কদলীবনম্ ॥৫০॥

তমিতি। ক্ষোভয়িষ্যন্ আলোড়য়িষ্যন্। আস্রাবী মদস্রাবী ॥৫১॥

উৎপাট্যেতি। বহবশ্চ তে তালবস্তালবৃক্ষবৎ সমুচ্ছ্রয়া উন্নতাশ্চেতি তান্। তরসা বেগেন। নৃসিংহো ভগবদবতারো নরসিংহঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥

তত ইতি। সংন্যপতন্ সমাগচ্ছন্। রুরবো হরিণবিশেষাঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

দাত্যূহো ময়ূরশ্চাতকো বা। "দাত্যূহঃ কালকণ্ঠকে—চাতকেঽপী"তি মেদিনী ॥৪৪॥ করেণুশরেণ হস্তিনীকৃতেনোত্তেজনেন পীড়িতাঃ। "শরস্তূত্তেজনে বাণে" ইতি মেদিনী ॥৪৫—৫০॥ আস্রাবী মত্তগজ ইবেত্যর্থঃ ॥৫১॥ কদলীস্তম্ভান্ মৃগবিশেষপাদান্। "রম্ভাবৃক্ষেঽথ কদলী

তদনন্তর মহাবাহু ভীমসেন গন্ধমাদনপর্ব্বতের সমতল ভূমিতে বহুযোজনবিস্তৃত অতিমনোহর একটী কদলীবন দর্শন করিলেন ॥৫০॥

তখন মহাবল ভীমসেন সেই বনটীকে আলোড়িত করিবেন বলিয়া মদস্রাবী মহাহস্তীর ন্যায় নানাবিধ বৃক্ষ ভগ্ন করিতে করিতে সেই দিকে বেগে গমন করিতে লাগিলেন ॥৫১॥

বলিশ্রেষ্ঠ ও মহাতেজা ভীমসেন দর্পিত নরসিংহের ন্যায় গর্জন করিতে থাকিয়া তালবৃক্ষের ন্যায় উন্নত বহুতর কদলীস্তম্ভ উৎপাটন করিয়া সকল দিকে বেগে নিক্ষেপ করিতে লাগিলেন ॥৫২॥

তখন বহুতর ও বিশাল বিশাল হরিণযূথ, বানরযূথ এবং জলস্থিত মহিষ সে স্থানে উপস্থিত হইল ॥৫৩॥

---

(৫১)···মত্তো গজ ইব স্রাবী···পি। (৫৩) ততঃ সত্ত্বান্যুপাক্রামন্···রুরুবানরসিংহাংশ্চ মহিষাংশ্চ জলেশয়ান্—বা ব কা।

প্রবিবেশ ততঃ ক্ষিপ্রং তানপাস্য মহাবলঃ।
বনং পাণ্ডুসুতঃ শ্রীমান্ নাদেনাপূরয়ন্ দিশঃ ॥৫৪॥
তেন শব্দেন ঘোরেণ ভীমসেনস্য নর্দ্দতঃ।
বনান্তরগতাশ্চাপি বিত্রেসুর্ম্মৃগপক্ষিণঃ ॥৫৫॥
তং শব্দং সহসা শ্রুত্বা মৃগপক্ষিসমীরিতম্।
জলার্দ্রপক্ষা বিহগাঃ সমুৎপেতুঃ সহস্রশঃ ॥৫৬॥
তানৌদকান্ পক্ষিগণান্ নিরীক্ষ্য ভরতর্ষভঃ।
তানেবানুসরন্ রম্যং দদর্শ সুমহৎ সরঃ ॥৫৭॥
কাঞ্চনৈঃ কদলীষণ্ডৈর্ম্মন্দমারুতকম্পিতৈঃ।
বীজ্যমানমিবাক্ষোভ্যং তীরান্তরবিসর্পিভিঃ ॥৫৮॥ (যুগ্মকম্)
তৎ সরোঽথাবতীর্য্যাশু প্রভূতনলিনোৎপলম্।
মহাগজ ইবোদ্দামশ্চিক্রীড় বলবদ্বলী ॥৫৯॥

ভারতকৌমুদী

এবং 'ক্রোধবশ'—নামক সেই রাক্ষসেরা ভীমকর্ত্তৃক পীড়িত, ক্ষতবিক্ষতদেহ, পরাজিত ও লুপ্তপ্রায়চৈতন্য হইয়া সেই স্থান হইতেই আকাশে উঠিয়া কৈলাস-পর্ব্বতের শৃঙ্গের দিকে পলায়ন করিল ॥৩৯॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন দৈত্য ও দানবগণকে জয় করিয়াছিলেন, সেইরূপ ভীমসেন যুদ্ধে বিক্রমপ্রকাশপূর্ব্বক শত্রুগণকে জয় করিয়া সেই পদ্মযুক্ত নদীতে অবগাহনপূর্বক দ্রৌপদীর অভিলাষ পূর্ণ করিবার জন্য বহুতর পদ্ম গ্রহণ করিলেন ॥৪০॥

তাহার পর ভীমসেন অমৃততুল্য জল পান করিয়া আরও অধিক বল ও গর্বশালী হইলেন এবং তিনি লতা উৎপাটন করিয়া উত্তম সৌরভসম্পন্ন বহুতর পদ্ম তুলিয়া লইলেন ॥৪১॥

তদনন্তর ভীমের বাহুবলে পরাজিত 'ক্রোধবশ'-নামক সেই রাক্ষসেরা অত্যন্তভীত হইয়া কুবেরের নিকট যাইয়া যুদ্ধে ভীমের দৈহিক বল ও মানসিক বলের বিষয় যথাযথভাবে বলিল ॥৪২॥

তৎপরে কুবের তাহাদের সেই কথা শুনিয়া হাস্য করিয়া তাহাদিগকে

(৩৯) শ্লোকঃ পি নাস্তি। (৪২)···অতীবদীনাঃ—পি।

ততোঽভ্যনুজ্ঞাপ্য ধনেশ্বরং তে জগ্মুঃ কুরূণাং প্রবরং বিরোষাঃ।
ভীমঞ্চ তস্যাং দদৃশুর্নলিন্যাং যথোপজোষং বিহরন্তমেকম্ ॥৪৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থ-যাত্রায়াং সৌগন্ধিকাহরণে সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

—:(*):—

বৈশম্পায়ন উবাচ।
ততস্তানি মহার্হাণি দিব্যানি ভরতর্ষভ !।
বহূনি বহুরূপাণি বিরজাংসি সমাদদে ॥১॥
ততো বায়ুর্মহান্ শীঘ্রো নীচৈঃ শর্করকর্ষণঃ।
প্রাদুরাসীৎ খরস্পর্শঃ সংগ্রামমভিচোদয়ন্ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। যথোপজোষং যথাসুখম্, "তূষ্ণীমর্থে সুখে জোষম্" ইত্যমরঃ ॥৪৪॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(:*:)—

তত ইতি। তানি পদ্মানি, মহার্হাণি দুর্লভত্বান্মহামূল্যানি, বিরজাংসি নির্ম্মলানি ॥১॥

ভারতভাবদীপঃ

বিক্রম্য জিত্বা চ, অভিভূয় বশীকৃত্য চেত্যর্থঃ ॥৪০—৪২॥ কামাৎ কামায় স্বেষ্টসিদ্ধ্যর্থম্ ॥৪৩-৪৪॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৭॥

—:০:—

বলিলেন—'আমি এ ঘটনা জানিয়াছি। ভীম দ্রৌপদীর জন্য ইচ্ছানুসারে পদ্ম গ্রহণ করুন' ॥৪৩॥

তাহার পর সেই রাক্ষসেরা কুবেরের অনুমতি লইয়া ক্রোধশূন্য হইয়া ভীমের নিকট গেল এবং একাকী ভীমকে সেই নদীতে যথাসুখে জলক্রীড়া করিতে দেখিল ॥৪৪॥

—:(০):—

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ জনমেজয়! তাহার পর ভীমসেন মহামূল্য, বহুবিধ ও নির্ম্মল বহুতর স্বর্গীয় পদ্মপুষ্প তুলিয়া লইলেন ॥১॥

* '...চতুঃপঞ্চাশদধিক...' বা ব কা পি, '...পঞ্চপঞ্চাশদধিক...' নি।

পপাত মহতী চোল্কা সনির্ঘাতা মহাভয়া।
নিষ্প্রভশ্চাভবৎ সূর্য্যশ্ছন্নরশ্মিস্তমোবৃতঃ ॥৩॥
নির্ঘাতশ্চাভবদ্ভীমো ভীমে বিক্রমমাস্থিতে।
চচাল পৃথিবী চাপি পাংশুবর্ষং পপাত চ ॥৪॥
সলোহিতা দিশশ্চাসন্ খরবাচো মৃগদ্বিজাঃ।
তমোবৃতমভূৎ সর্ব্বং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৫॥
অন্যে চ বহবো ভীমা উৎপাতাস্তত্র জজ্ঞিরে।
তদদ্ভুতমভিপ্রেক্ষ্য ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৬॥
উবাচ বদতাং শ্রেষ্ঠঃ কোঽস্মানভিভবিষ্যতি।
সজ্জীভবত ভদ্রং বঃ পাণ্ডবা যুদ্ধদুর্ম্মদাঃ ! ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। শর্করকর্ষণঃ প্রস্তররেণুবাহী। অভিচোদয়ন্ সংসূচয়ন্ ॥২॥
পপাতেতি। সনির্ঘাতা প্রাগুক্তলক্ষণবায়ুপাতসহিতা। ছন্নরশ্মিঃ আবৃতকিরণঃ॥৩॥
নির্ঘাত ইতি। নির্ঘাতঃ পৃথগ্বায়ুপাতঃ। আস্থিতে আশ্রিতে। পাংশুবর্ষং ধূলিবৃষ্টিঃ ॥৪॥
সেতি। লোহিতশব্দোঽত্র গুণবচনঃ। খরবাচস্তীব্ররবাঃ, মৃগদ্বিজাঃ পশুপক্ষিণঃ ॥৫॥
অন্য ইতি। তত্র বদরিকাশ্রমে। অভিভবিষ্যতি অভিভবিতুমাগমিষ্যতি ॥৬—৭॥

তখন (বদরিকাশ্রমে) শর্কর-(কাকর) বাহী, খরস্পর্শ ও বেগবান্ মহাবায়ু যুদ্ধ সূচনা করিয়া নিম্ন দিয়া বহিত হইতে লাগিল ॥২॥

অতিভয়ঙ্কর ও বিশাল উল্কা সকল বায়ুপাতের সহিত পতিত হইতে থাকিল এবং সূর্য্য অন্ধকারাবৃত ও আবৃতকিরণ হইয়া নিষ্প্রভ হইলেন ॥৩॥

(রাক্ষসদের সহিত যুদ্ধের সময়ে) ভীমসেন বিক্রম প্রকাশ করিতে থাকিলে, ভয়ঙ্কর নির্ঘাত হইতে থাকিল, পৃথিবী কম্পিত হইতে লাগিল এবং ধূলিবৃষ্টি পতিত হইতে থাকিল ॥৪॥

আর দিক্ সকল রক্তবর্ণ হইল, পশু-পক্ষীরা তীব্ররব করিতে লাগিল এবং সমস্তই অন্ধকারাবৃত হইয়া গেল, কিছুই জানা যাইতে লাগিল না ॥৫॥

বদরিকাশ্রমে আরও বহুতর ভয়ঙ্কর উৎপাত হইতে থাকিল। তখন বাগ্মিশ্রেষ্ঠ ধর্ম্মপুত্র যুধিষ্ঠির সেই অদ্ভুত দেখিয়া বলিলেন—'কেহ আমাদিগকে অভিভূত করিতে আসিবে; সুতরাং যুদ্ধদুর্ম্মদ পাণ্ডবগণ! তোমরা সজ্জীভূত হও, তোমাদের মঙ্গল হউক ॥৬—৭॥

(৩)…সনির্ঘাতা মহাবলা…পি। (৪) নির্ঘাতশ্চাপতদ্ভীমঃ…পি।

মহাভারতম্

—ঃ০ঃ—

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

একাদশখণ্ডম্

—ঃ০ঃ—

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-মহাকবি-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যপ্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যক-দেবলেনাখ্যবর্ত্মস্থ-সিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

১৩৬৭ বঙ্গাব্দে

(ফোন নং ৪৪—২৪৬১)

গ্রাহকপক্ষে মূল্যম্ ২।০ সাধারণপক্ষে মূল্যম্ ২৷৷০

কলিকাতা ৪১নং দেব লেনস্থ সিদ্ধান্তপ্রেসে

শ্রীহেমচন্দ্রভট্টাচার্য্যকর্ত্তৃক মুদ্রিত

যথা রূপাণি পশ্যামি স্বভ্যগ্রো নঃ পরাক্রমঃ।
এবমুক্ত্বা ততো রাজা বীক্ষাঞ্চক্রে সমন্ততঃ ॥৮॥
অপশ্যমানো ভীমন্তু ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
ততঃ কৃষ্ণাং যমৌ চাপি সমীপস্থাবরিন্দমঃ।
পপ্রচ্ছ ভ্রাতরং ভীমং ভীমকর্ম্মাণমাহবে ॥৯॥
কচ্চিন্ন ভীমঃ পাঞ্চালি! কিঞ্চিৎ কৃত্যং চিকীর্ষতি।
কৃতবানপি বা বীরঃ সাহসং সাহসপ্রিয়ঃ ॥১০॥
ইমে হ্যকস্মাদুৎপাতা মহাসমরদর্শিনঃ।
দর্শয়ন্তো ভয়ং তীব্রং প্রাদুর্ভূতাঃ সমন্ততঃ ॥১১॥
তং তথাবাদিনং কৃষ্ণা প্রত্যুবাচ মনস্বিনী।
প্রিয়া প্রিয়ং চিকীর্ষন্তী মহিষী চারুহাসিনী ॥১২॥

ভারতকৌমুদী

যথেতি। যথা রূপাণি লক্ষণানি পশ্যামি, তথা মন্ত ইতি শেষঃ। নঃ অস্মাকং পরাক্রমঃ পরাক্রমপ্রকাশকালঃ, স্বভ্যগ্রঃ অতীবসন্নিহিতঃ, "উপকণ্ঠান্তিকাভ্যর্ণাভ্যগ্রাঃ" ইত্যমরঃ। সমন্ততো বীক্ষাঞ্চক্রে ভীমস্ত দর্শনার্থমিতি ভাবঃ ॥৮॥

অপশ্যেতি। আহবে যুদ্ধে ভীমকর্ম্মাণম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

কচ্চিদিতি। সাহসং কৃত্যং সাহসমন্বিতং যুদ্ধাদি কার্য্যম্ ॥১০॥

ইম ইতি। মহাসমরদর্শিনো মহাযুদ্ধসূচকাঃ। দর্শয়ন্তো জ্ঞাপয়ন্তঃ ॥১১॥

তমিতি। কৃষ্ণা দ্রৌপদী। প্রিয়ং যুধিষ্ঠিরস্যৈব প্রীতিকরং পুষ্পদানরূপং কার্য্যম্ ॥১২॥

'যেরূপ লক্ষণ দেখিতেছি, তাহাতে বোধ হয়—আমাদের পরাক্রম প্রকাশ করার সময় অত্যন্ত সন্নিহিত হইয়াছে'। এইরূপ বলিয়া তাহার পর যুধিষ্ঠির সকল দিকেই দৃষ্টিপাত করিলেন ॥৮॥

কিন্তু ভীমসেনকে না দেখিয়া অরিন্দম ধর্ম্মপুত্র যুধিষ্ঠির দ্রৌপদী এবং নিকটবর্ত্তী নকুল ও সহদেবের নিকট যুদ্ধে ভীমকর্ম্মা ভ্রাতা ভীমসেনের বিষয় জিজ্ঞাসা করিলেন—॥৯॥

'দ্রৌপদি! বীর ও সাহসপ্রিয় ভীমসেন কি কোন সাহসের কার্য্য করিবার ইচ্ছা করিতেছেন বা করিয়াছেন? ॥১০॥

যে হেতু, মহাযুদ্ধসূচক ও মহাভয়জ্ঞাপক এই উৎপাত সকল অকস্মাৎ সমস্ত দিক্ হইতে উপস্থিত হইয়াছে' ॥১১॥

যুধিষ্ঠির সেইরূপ বলিতেছিলেন, এমন সময়ে তাঁহারই প্রিয়কার্য্য করিবার অভিলাষিণী, মনস্বিনী ও মধুরহাসিনী প্রিয়তমা মহিষী দ্রৌপদী বলিলেন ॥১২॥

(৮)…প্রত্যগ্রো নঃ পরিক্রমঃ—পি। (১১)…মহাসমরদর্শনাঃ—বা ব কা।

দ্রৌপদ্যুবাচ।

যত্তৎ সৌগন্ধিকং রাজন্নাহৃতং মাতরিশ্বনা।
তন্ময়া ভীমসেনস্য প্রীতয়াহদ্যোপপাদিতম্ ॥১৩॥
অপি চোক্তো ময়া বীরো যদি পশ্যের্বহূন্যপি।
তানি সর্বাণ্যুপাদায় শীঘ্রমাগম্যতামিতি ॥১৪॥
স তু নূনং মহাবাহুঃ প্রিয়ার্থং মম পাণ্ডবঃ।
প্রাগুদীচীং দিশং রাজংস্তান্যাহর্ত্তুমিতো গতঃ ॥১৫॥
উক্তস্ত্বেবং তয়া রাজা যমাবিদমথাব্রবীৎ।
গচ্ছাম সহিতাস্তূর্ণং যেন যাতো বৃকোদরঃ ॥১৬॥
বহন্তু রাক্ষসা বিপ্রান্ যথা শ্রান্তান্ যথা কৃশান্।
ত্বমপ্যমরসঙ্কাশ! বহ কৃষ্ণাং ঘটোৎকচ! ॥১৭॥
ব্যক্তং দূরমিতো ভীমঃ প্রবিষ্ট ইতি মে মতিঃ।
চিরঞ্চ তস্য কালোহয়ং স চ বায়ুসমো জবে ॥১৮॥

ভারতকৌমুদী

যদিতি। সৌগন্ধিকং সুরভি পদ্মম্। মাতরিশ্বনা বায়ুনা। উপপাদিতং দত্তম্ ॥১৩॥
অপীতি। বীরো ভীমসেনঃ। কিমুক্ত ইত্যাহ যদীত্যাদি ॥১৪॥
স ইতি। নূনমিত্যুৎপ্রেক্ষায়াম্। প্রাগুদীচীম্ ঐশানীম্। তানি পদ্মানি ॥১৫॥
উক্ত ইতি। তয়া দ্রৌপদ্যা, যমৌ নকুলসহদেবৌ। যেন দিগ্‌ভাগেন ॥১৬॥
ঘটোৎকচং প্রত্যাহ বহন্ত্বিতি। যথা যাদৃশম্, কৃশান্ দুর্ব্বলান্ ॥১৭॥

দ্রৌপদী বলিলেন—'রাজা! বায়ু, সেই যে সৌরভশালী পদ্ম আনয়ন করিয়াছিল, তাহা আমি আনন্দিত হইয়া ভীমসেনের নিকট দিয়াছিলাম ॥১৩॥

এবং তাঁহাকে বলিয়াছিলাম যে, যদি ইহা বহুতর দেখেন, তবে তাহা সমস্ত লইয়া সত্বর আগমন করুন ॥১৪॥

সুতরাং নিশ্চয়ই মহাবাহু মধ্যমপাণ্ডব আমার প্রীতি সম্পাদন করিবার জন্য সেই পদ্ম আনিতে এ স্থান হইতে ঈশানকোণে গিয়াছেন' ॥১৫॥

দ্রৌপদী এইরূপ বলিলে, যুধিষ্ঠির নকুল-সহদেবকে এই কথা কহিলেন—'ভীম যে দিক্ গিয়াছেন, আমরা মিলিত হইয়া সত্বর সেই দিকে যাইব ॥১৬॥

অতএব দেবতুল্য ঘটোৎকচ! ব্রাহ্মণেরা যেমন পরিশ্রান্ত ও যেমন দুর্ব্বল হইয়া পড়িয়াছেন, তেমন তাঁহাদিগকে রাক্ষসেরা বহন করুক; আর তুমি দ্রৌপদীকে বহন কর ॥১৭॥

---

(১৮)…চিরং গতস্য কালোহয়ম্—পি।

তরস্বী বৈনতেয়স্য সদৃশো ভুবি লঙ্ঘনে।
উৎপতেদপি চাকাশং নিপতেচ্চ মহীতলম্ ॥১৯॥
তমন্বিয়াম ভবতাং প্রভাবাদ্রজনীচরাঃ!।
পুরা স নাপরাধ্নোতি সিদ্ধানাং ব্রহ্মবাদিনাম্ ॥২০॥
তথেত্যুক্ত্বা তু তে সর্ব্বে হৈড়িম্বপ্রমুখাস্তদা।
উদ্দেশজ্ঞাঃ কুবেরস্য নলিন্যা ভরতর্ষভ!॥২১॥
আদায় পাণ্ডবাংশ্চৈব তাংশ্চ বিপ্রাননেকশঃ।
লোমশেনৈব সহিতাঃ প্রযযুঃ প্রীতমানসাঃ ॥২২॥ (যুগ্মকম্)
তে সর্ব্বে ত্বরিতা গত্বা দদৃশুঃ শুভকাননাম্।
পদ্মসৌগন্ধিকবতীং নলিনীং সুমনোরমাম্।
তঞ্চ ভীমং মহাত্মানং তস্যাস্তীরে তরস্বিনম্ ॥২৩॥

ভারতকৌমুদী

ব্যক্তমিতি। ব্যক্তং ধ্রুবম্। দূরগমনে যুক্তিমাহ চিরমিতি। জবে বেগে ॥১৮॥

তরস্বীতি। তরস্বী বেগবান্। উৎপতেৎ উৎপ্লবনেন, নিপতেৎ উচ্চাদবপ্লবনেন ॥১৯॥

তমিতি। অন্বিয়াম অনুগচ্ছাম। পুরা ভবিষ্যতি কালে ॥২০॥

তথেতি। হৈড়িম্বপ্রমুখা ঘটোৎকচপ্রভৃতয়ঃ। উদ্দেশজ্ঞাঃ স্থানাবস্থাভিজ্ঞাঃ। নলিন্যাঃ প্রাগুক্তায়া নদ্যাঃ। প্রীতমানসাঃ, প্রভোর্ঘটোৎকচস্য কার্য্যকরণাদিতি ভাবঃ ॥২১—২২॥

ভারতভাবদীপঃ

ততঃ ইতি ॥১—৭॥ স্বভাগ্রঃ স্বতরামাগমঃ। পরাক্রমঃ পরাক্রমকালঃ ॥৮—২০॥ উদ্দেশজ্ঞাঃ স্থানজ্ঞাঃ ২১—৩৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৮॥

কারণ, আমার ধারণা হইতেছে যে, ভীমসেন নিশ্চয়ই এ স্থান হইতে দূরে গিয়াছেন। যে হেতু তাঁহার বিলম্ব হইতেছে এবং তিনি বেগে বায়ুর তুল্য ॥১৮॥

পৃথিবীর মধ্যে ভীমসেন লঙ্ঘনবিষয়ে গরুড়ের তুল্য বেগবান্ এবং তিনি আকাশেও উঠিতে পারেন, (উচ্চস্থান হইতে) ভূতলেও পড়িতে পারেন ॥১৯॥

অতএব রাক্ষসগণ! তোমাদের ক্ষমতার বলে আমরা তাঁহার অনুসরণ করিব; যাহাতে তিনি পরে সিদ্ধ বেদবাদী ঋষিদের নিকট অপরাধী না হন ॥২০॥

ভরতশ্রেষ্ঠ জনমেজয়! 'তাহাই হউক' এই কথা বলিয়া কুবেরনদীর সমস্ত স্থানাভিজ্ঞ ঘটোৎকচপ্রভৃতি রাক্ষসেরা সকলেই পাণ্ডবগণ ও ব্রাহ্মণগণকে লইয়া সন্তুষ্ট চিত্তে লোমশের সহিত গমন করিতে লাগিল ॥২১—২২॥

---

(১৯)... নিপতেচ্চ যথেচ্ছকম্—বা ব কা নি।

দদৃশুর্নিহতাংশ্চৈব যক্ষান্ সুবিপুলেক্ষণান্ ।
ভিন্নকায়াক্ষিবাহূরূন্ সংচূর্ণিতশিরোধরান্ ॥২৪॥
তঞ্চ ভীমং মহাত্মানং তস্যাস্তীরে ব্যবস্থিতম্ ।
সক্রোধং স্তব্ধনয়নং সন্দষ্টদশনচ্ছদম্ ॥২৫॥
উদ্যম্য চ গদাং দোর্ভ্যাং নদীতীরে ব্যবস্থিতম্ ।
প্রজাসংক্ষেপসময়ে দণ্ডহস্তমিবান্তকম্ ॥২৬॥ (বিশেষকম্)
তং দৃষ্ট্বা ধর্ম্মরাজস্তু পরিষ্বজ্য পুনঃ পুনঃ ।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা কৌন্তেয় ! কিমিদং কৃতম্ ॥২৭॥
সাহসং বত ভদ্রং তে দেবানামথ চাপ্রিয়ম্ ।
পুনরেবং ন কর্ত্তব্যং মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। পদ্মানি সাধারণানি সৌগন্ধিকানি প্রাগুক্তবিলক্ষণপদ্মানি চাস্যাঃ সন্তীতি তাম্। তরস্বিনং বলবন্তম্। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৩॥

দদৃশুরিতি। শিরোধরা গ্রীবা। দোর্ভ্যাং বাহুভ্যাম্। প্রজাসংক্ষেপো লোকক্ষয়ঃ ॥২৪—২৬॥

তমিতি। শ্লক্ষ্ণয়া কোমলয়া। সাহসং প্রাণিবধরূপং কার্য্যম্। বত খেদে ॥২৭—২৮॥

তাহারা সকলে সত্বর যাইয়া মনোহর বনশোভিত এবং সাধারণ পদ্ম ও সুরভি পদ্মসমন্বিত সেই অতিমনোরম নদী এবং তাহার তীরে বলবান্ ও মহাত্মা ভীমসেনকে দর্শন করিল ॥২৩॥

তাহারা আরও দেখিল—বিশাল নয়ন বহুতর যক্ষ নিহত হইয়া রহিয়াছে, তাহাদের কাহারও দেহ, কাহারও নয়ন, কাহারও বাহু এবং কাহারও উরু বিদীর্ণ হইয়া গিয়াছে; আর কতকগুলির মস্তক চূর্ণ হইয়া রহিয়াছে এবং ক্রুদ্ধ মহাত্মা ভীমসেন সেই নদীর তীরে অবস্থান করিতেছেন; তাঁহার নয়নযুগল স্তব্ধ এবং ওষ্ঠদেশ দন্তদ্বারা সংদষ্ট ছিল; আর তিনি হস্তদ্বয়ে গদা ধারণ করিয়া, লোকসংহারকালীন দণ্ডধারী যমের ন্যায় অবস্থান করিতেছিলেন ॥২৪—২৬॥

তখন যুধিষ্ঠির তাঁহাকে দেখিয়া বার বার আলিঙ্গন করিয়া কোমল বাক্যে বলিলেন—'হায় ভীমসেন ! তুমি এটা কি করিয়াছ; এটা যে সাহসের কার্য্য এবং এটা যে দেবগণের অপ্রিয় কার্য্য। তোমার মঙ্গল হউক, তুমি যদি আমার প্রিয়কার্য্য ইচ্ছা কর, তবে আর এরূপ কার্য্য করিও না' ॥২৭—২৮॥

---

(২৫) পূর্ব্বার্দ্ধং পি নাস্তি। (২৭)···পরিষ্বজ্যাথ ভারত।—নি।

অনুশিষ্য চ কৌন্তেয়ং পদ্মানি পরিগৃহ্য চ।
তস্যামেব নলিন্যাং তে বিজহ্রুরমরোপমাঃ ॥২৯॥
এতস্মিন্নেব কালে তু প্রগৃহীতশিলায়ুধাঃ।
প্রাদুরাসন্ মহাকায়াস্তস্যোদ্যানস্য রক্ষিণঃ ॥৩০॥
তে দৃষ্ট্বা ধর্মরাজানং মহর্ষিঞ্চাপি লোমশম্।
নকুলং সহদেবঞ্চ তথান্যান্ ব্রাহ্মণর্ষভান্।
বিনয়েন নতাঃ সর্বে প্রণিপেতুশ্চ ভারত! ॥৩১॥
সান্ত্বিতা ধর্মরাজেন প্রসেদুঃ ক্ষণদাচরাঃ।
বিদিতাশ্চ কুবেরস্য তত্র তে কুরুপুঙ্গবাঃ ॥৩২॥
ঊষুর্নাতিচিরং কালং রমমাণাঃ কুরূদ্বহাঃ।
প্রতীক্ষমাণা বীভৎসুং গন্ধমাদনসানুষু ॥৩৩॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সৌগন্ধিকাহরণে অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অন্বিতি। অনুশিষ্য উপদিশ্য, কৌন্তেয়ং ভীমম্। নলিন্যাং পদ্মবত্যাং নদ্যাম্ ॥২৯॥
এতস্মিন্নিতি। প্রগৃহীতানি শিলা আয়ুধানি চ যৈস্তে ॥৩০॥
ত ইতি। ধর্ম্মরাজানমিত্যদন্তত্বাৎ আর্ষঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩১॥
সান্ত্বিতা ইতি। ক্ষণদাচরা রাক্ষসাঃ। ঊষুর্ব্বাসং চক্রুঃ। বীভৎসুমর্জ্জুনম্ ॥৩২—৩৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

দেবতার তুল্য প্রভাবশালী পাণ্ডবেরা ভীমসেনকে উক্ত রূপ উপদেশ দিয়া এবং পদ্ম সকল গ্রহণ করিয়া সেই নদীতেই বিহার করিতে লাগিলেন ॥২৯॥

এই সময়েই বিশালদেহ সেই উদ্যানরক্ষিগণ প্রস্তর ও নানাবিধ অস্ত্র লইয়া উপস্থিত হইল ॥৩০॥

ভরতনন্দন জনমেজয়! তাহারা—ধর্ম্মরাজ যুধিষ্ঠির, মহর্ষি লোমশ, নকুল, সহদেব ও অন্যান্য ব্রাহ্মণশ্রেষ্ঠদিগকে দেখিয়া বিনয় সহকারে অবনত হইয়া সকলেই প্রণাম করিল ॥৩১॥

তখন যুধিষ্ঠির সেই রাক্ষসগণকে সান্ত্বনা করিলে তাহারা প্রসন্ন হইল এবং কুবের তাঁহাদের বৃত্তান্ত অবগত হইলেন; তখন কুরুশ্রেষ্ঠ পাণ্ডবগণ অর্জ্জুনের প্রতীক্ষা করিতে থাকিয়া সেই গন্ধমাদনপর্ব্বতের সমতল ভূমিতেই আমোদে প্রবৃত্ত থাকিয়া অনধিক কাল বাস করিলেন ॥৩২—৩৩॥

* '…পঞ্চপঞ্চাশদধিক'—বা ব কা নি, '…ষট্পঞ্চাশদধিক'—নি।

ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তস্মিন্ নিবসমানোঽথ ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
কৃষ্ণয়া সহিতান্ ভ্রাতৄনিত্যুবাচ সহদ্বিজান্ ॥১॥
দৃষ্টানি তীর্থান্যস্মাভিঃ পুণ্যানি চ শিবানি চ।
মনসো হ্লাদনীয়ানি বনানি চ পৃথক্ পৃথক্ ॥২॥
দেবৈঃ পূর্ব্বং বিচীর্ণানি মুনিভিশ্চ মহাত্মভিঃ।
যথাক্রমং বিশেষেণ দ্বিজৈঃ সম্পূজিতানি চ ॥৩॥ (যুগ্মকম্)
ঋষীণাং পূর্ণচরিতং তথা কর্ম্ম বিচেষ্টিতম্।
রাজর্ষীণাঞ্চ চরিতং কথাশ্চ বিবিধাঃ শুভাঃ ॥৪॥
শৃণ্বানাস্তত্র তত্র স্ম আশ্রমেষু শিবেষু চ।
অভিষেকং দ্বিজৈঃ সার্দ্ধং কৃতবন্তো বিশেষতঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নিবসমানো নিবসন্। দ্বিজৈর্ব্রাহ্মণৈঃ সহেতি সহদ্বিজাস্তান্ ॥১॥
দৃষ্টানীতি। শিবানি মঙ্গলকরাণি। হ্লাদনীয়ানি আহ্লাদজনকানি। দ্বিজৈর্বিপ্রৈঃ ॥২—৩॥
ঋষীণামিতি। কথা আখ্যানানি। স্মঃ স্থিতা বয়মিতি শেষঃ, শিবেষু শুভেষু ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর ধর্ম্মরাজ যুধিষ্ঠির সেই নদীতীরে বাস করিতে থাকিয়া একদা দ্রৌপদী ও ব্রাহ্মণগণের সহিত ভ্রাতৃগণকে বলিলেন—॥১॥

'পূর্ব্বে দেবগণ ও মহাত্মা ঋষিগণ যেগুলিতে বিচরণ করিয়াছিলেন এবং ব্রাহ্মণেরা যেগুলির বিশেষ গৌরব করিয়াছেন, সেই সকল পুণ্য, মঙ্গল ও মনের আহ্লাদজনক তীর্থ ও বন আমরা যথাক্রমে ও পৃথক্ পৃথক্ ভাবে দেখিয়াছি ॥২—৩॥

তা'র পর, ঋষিদের পূর্ণ চরিত্র, কার্য্য ও ব্যবহার এবং রাজর্ষিদের চরিত্র ও নানাবিধ মাঙ্গলিক উপাখ্যান শুনিতে থাকিয়া সেই সেই মঙ্গলময় আশ্রমে বাস করিয়াছি এবং ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া বিশেষভাবে স্নান করিয়াছি ॥৪—৫॥

(৩)…যথাক্রমবিশেষেণ—বা,…যথাক্রমমশেষেণ—নি। (৪) ঋষীণাং পূর্ব্বচরিতম্—ব। ব কা নি।

অর্চ্চিতাঃ সততং দেবাঃ পুষ্পৈরদ্ভিঃ সদা চ নঃ।
যথালব্ধৈর্মূলফলৈঃ পিতরশ্চাপি তর্পিতাঃ ॥৬॥
পর্ব্বতেষু চ রম্যেষু সর্বেষু চ সরঃসু চ।
উদধৌ চ মহাপুণ্যে সুপস্পৃষ্টং মহাত্মভিঃ ॥৭॥
ইলা সরস্বতী সিন্ধুর্যমুনা নর্ম্মদা তথা।
নানাতীর্থেষু রম্যেষু সুপস্পৃষ্টং সহদ্বিজৈঃ ॥৮॥
গঙ্গাদ্বারমতিক্রম্য বহবঃ পর্ব্বতাঃ শুভাঃ।
হিমবান্ পর্বতশ্চৈব নানাদ্বিজগণাযুতঃ ॥৯॥
বিশালা বদরী দৃষ্টা নরনারায়ণাশ্রমঃ।
দিব্যা পুষ্করিণী দৃষ্টা সিদ্ধদেবর্ষিপূজিতা ॥১০॥
যথাক্রমং বিশেষেণ সর্বাণ্যায়তনানি চ।
দর্শিতানি দ্বিজশ্রেষ্ঠ-লোমশেন মহাত্মনা ॥১১॥

ভারতকৌমুদী

অর্চ্চিতা ইতি। অদ্ভির্জলৈঃ, নঃ অস্মাভিঃ। তৃতীয়ায়াং নসাদেশ আর্ষঃ ॥৬॥

পর্ব্বতেম্বিতি। পর্ব্বতেষু তৎস্থেষু। সুপস্পৃষ্টং সম্যক্ স্নাতম্ ॥৭॥

ইলেতি। ইলা নদী। সুপস্পৃষ্টং সম্যক্ স্নাতম্ ॥৮॥

গঙ্গেতি। নানাদ্বিজগণাযুতো বিবিধপক্ষিসমূহান্বিতঃ দৃষ্ট ইতি শেষঃ ॥৯॥

বিশালেতি। পুষ্করিণী বহুতরপদ্মবতী গঙ্গা ॥১০॥

যথেতি। আয়তনানি সিদ্ধক্ষেত্রাণি ॥১১॥

আর, সর্ব্বদাই আমরা পুষ্পদ্বারা দেবগণের অর্চ্চনা করিয়াছি এবং যথালব্ধ ফুল, ফল ও জলদ্বারা সর্ব্বদাই পিতৃলোকের তর্পণ করিয়াছি ॥৬॥

এবং মনোহর সমস্ত পার্ব্বত্যসরোবরে ও মহাপুণ্যজনক মহাসমুদ্রে মহাত্মারা (আপনারা) যথানিয়মে স্নান করিয়াছেন ॥৭॥

আমরা ব্রাহ্মণগণের সহিত ইলা, সরস্বতী, সিন্ধু, যমুনা ও নর্ম্মদাপ্রভৃতি মনোহর বহুতর তীর্থে যথানিয়মে স্নান করিয়াছি ॥৮॥

হরিদ্বার অতিক্রম করিয়া মঙ্গলময় বহুতর পর্ব্বত এবং নানাবিধ পক্ষিসমন্বিত হিমালয়পর্ব্বত দেখিয়াছি ॥৯॥

নর-নারায়ণের বিশাল বদরিকাশ্রম দেখিয়াছি এবং তৎসন্নিহিত দেবগণ, ঋষিগণ ও সিদ্ধগণসেবিত ও পদ্মসমন্বিত স্বর্গগঙ্গা দর্শন করিয়াছি ॥১০॥

এবং ব্রাহ্মণশ্রেষ্ঠ মহাত্মা লোমশ আমাদিগকে সমস্ত সিদ্ধক্ষেত্রই যথাক্রমে বিশেষ করিয়া দেখাইয়াছেন ॥১১॥

---

(৬) ··সদা চ বঃ···বা ব কা নি। (১১)···দ্বিজশ্রেষ্ঠা লোমশেন—পি।

ইমং বৈশ্রবণাবাসং পুণ্যং সিদ্ধনিষেবিতম্।
কথং ভীম! গমিষ্যামো গতিরন্তরধীয়তাম্ ॥১২॥
বৈশম্পায়ন উবাচ।
এবং ব্রুবতি রাজেন্দ্রে বাগুবাচাশরীরিণী।
ন শক্যো দুর্গমো গন্তুমিতো বৈশ্রবণাশ্রমাৎ ॥১৩॥
অনেনৈব পথা রাজন্! প্রতিগচ্ছ যথাগতম্।
নরনারায়ণস্থানং বদরীত্যভিবিশ্রুতম্ ॥১৪॥
তস্মাদ্যাস্যসি কৌন্তেয়! সিদ্ধচারণসেবিতম্।
বহুপুষ্পফলং রম্যমাশ্রমং বৃষপর্বণঃ ॥১৫॥
অতিক্রম্য চ তং পার্থ! আর্ষ্টিষেণাশ্রমে বসেঃ।
ততো দ্রক্ষ্যসি কৌন্তেয়! নিবেশং ধনদস্য তম্ ॥১৬॥

ভারতকৌমুদী

ইমমিতি। বৈশ্রবণাবাসং কুবেরভবনম্। অন্তশ্চিত্তে গতির্গমনোপায়ঃ, অধীয়তাং চিন্ত্যতাম্। অধিপূর্বস্য "ইক স্মরণে" ইত্যস্য প্রয়োগঃ ॥১২॥

এবমিতি। অশরীরিণী অশরীরিণ্যুক্তা আকাশোক্তবেত্যর্থঃ। ইতঃ স্থানাৎ, বৈশ্রবণাশ্রমাৎ কুবেরাবাসাৎ সমুদ্দিশ্যেত্যর্থঃ, দুর্গমো দেশো গন্তুং ন শক্যঃ ॥১৩॥

অনেনেতি। প্রতিগচ্ছ নিবর্তস্ব, যথা আগতং তথেতি শেষঃ ॥১৪॥

তস্মাদিতি। তস্মাদ্বদরিকাশ্রমাৎ। বহূনি পুষ্পাণি ফলানি চ যত্র তম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—১১॥ গতিরন্তরধীয়তাম্ অন্তর্গতিঃ কুবেরভবনে প্রবেশঃ কথং ভবেদিত্যধীয়তাং বিচার্যতাম্ ॥১২॥ ইতো হেতোর্বৈশ্রবণাশ্রমাৎ প্রতিগচ্ছ পরাবর্তস্ব ॥১৩—২১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৯॥

কিন্তু ভীম! আমরা এখন কি করিয়া পুণ্যজনক ও সিদ্ধসেবিত এই কুবেরভবনে গমন করিব, তাহার উপায় তুমি মনে মনে চিন্তা কর' ॥১২॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে আকাশবাণী বলিল—'এস্থান হইতে কুবেরভবনোদ্দেশে কোন মনুষ্যই গমন করিতে সমর্থ হয় না। কারণ, এই দেশ অতি দুর্গম ॥১৩॥

অতএব রাজা! আপনি যে পথে আসিয়াছেন, সেই পথেই নরনারায়ণস্থান বদরিকাশ্রমে ফিরিয়া যান ॥১৪॥

কুন্তীনন্দন! সে স্থান হইতে সিদ্ধ-চারণ-সেবিত এবং বহুতর পুষ্প-ফলযুক্ত মনোহর বৃষপর্বার আশ্রমে গমন করিবেন ॥১৫॥

(১৬)···আর্ষ্টিষেণাশ্রমে বস—পি।

এতস্মিন্নন্তরে বায়ুর্দিব্যগন্ধবহঃ শুচিঃ।
মনঃপ্রহ্লাদনঃ শীতঃ পুষ্পবর্ষং ববর্ষ চ ॥১৭॥
ততঃ শ্রুত্বা দিব্যমাকাশাদ্বিস্ময়ঃ সমপদ্যত।
ঋষীণাং ব্রাহ্মণানাঞ্চ পার্থিবানাং বিশেষতঃ ॥১৮॥
শ্রুত্বা তন্মহদাশ্চর্য্যং দ্বিজো ধৌম্যোঽব্রবীত্তদা।
ন শক্যমুত্তরং বক্তুমেবং ভবতু ভারত ! ॥১৯॥
ততো যুধিষ্ঠিরো রাজা প্রতিজগ্রাহ তদ্বচঃ।
প্রত্যাগম্য ততস্তেন নরনারায়ণাশ্রমম্ ॥২০॥
ভীমসেনাদিভিঃ সর্ব্বৈর্ভ্রাতৃভিঃ পরিবারিতঃ।
পাঞ্চাল্যা ব্রাহ্মণৈশ্চৈব ন্যবসত্তু সুখং তদা ॥২১॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং পুনর্নরনারায়ণাশ্রমাগমনে ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অতীতি। নিবেশং ভবনম্, ধনদস্য কুবেরস্য। সুগমপথোপদেশোঽয়ম্ ॥১৬॥

এতস্মিন্নিতি। অন্তরে অবসরে। ববর্ষ চকার, পাণ্ডবানাং শুভসূচনায়েতি ভাবঃ ॥১৭॥

তদিতি। দিব্যং দিব্যপুরুষপ্রযুক্তং বাক্যম্। সমপদ্যত সমজায়ত ॥১৮॥

শ্রুত্বেতি। ন শক্যম্, এতৎ পথস্যাস্মাভিরজ্ঞাতত্বাদিত্যাশয়ঃ। এবং প্রতিগমনম্ ॥১৯॥

তত ইতি। তেন সহচরবর্গেণ সহ। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥২০—২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামূনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

পৃথানন্দন ! সেই বৃষপর্ব্বার আশ্রম অতিক্রম করিয়া আর্ষ্টিষেণের আশ্রমে যাইয়া বাস করিবেন ; তথা হইতেই কুবেরের ভবন দেখিতে পাইবেন' ॥১৬॥

এই সময়ে শীতল, পবিত্র, দিব্যগন্ধবাহী ও মনের আহ্লাদজনক বায়ু পুষ্পবর্ষণ করিল ॥১৭॥

আকাশ হইতে সেই দৈববাণী শুনিয়া ঋষিগণ, ব্রাহ্মণগণ ও পাণ্ডবগণের বিশেষ বিস্ময় জন্মিল ॥১৮॥

তখন ধৌম্যপুরোহিত সেই মহাবিস্ময়জনক বাক্য শুনিয়া বলিলেন— 'ভরতনন্দন ! ইহার উত্তর আমরা বলিতে সমর্থ নহি ; সুতরাং এইরূপই হউক' ॥১৯॥

---

(১৭)…সুখপ্রহ্লাদনঃ—বা ব কা পি। (১৮) শ্রুত্বা তু দিব্যামাকাশাদ্বাচং সর্ব্বে বিসিস্মিয়ুঃ—বা ব কা পি। * '…ষট্‌পঞ্চাশদধিক'—বা ব কা পি, '…সপ্তপঞ্চাশদধিক'—নি।

ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততস্তান্ পরিবিশ্বস্তান্ বসতস্তত্র পাণ্ডবান্।
পর্ব্বতেন্দ্রে দ্বিজৈঃ সার্দ্ধং পার্থাগমনকাঙ্ক্ষয়া ॥১॥
গতেষু তেষু রক্ষঃসু ভীমসেনাত্মজেঽপি চ।
রহিতান্ ভীমসেনেন কদাচিত্তান্ যদৃচ্ছয়া ॥২॥
জহার ধর্ম্মরাজানং যমৌ কৃষ্ণাঞ্চ রাক্ষসঃ।
ব্রাহ্মণো মন্ত্রকুশলঃ সর্ব্বশাস্ত্রবিদুত্তমঃ ॥৩॥
ইতি ব্রুবন্ পাণ্ডবেয়ান্ পর্য্যুপাস্তে স্ম নিত্যদা।
পরীপ্সমানঃ পার্থানাং কলাপানি ধনূংষি চ ॥৪॥

ভারতকৌমুদী

অথ পঞ্চভিঃ কুলকেন জটাসুরকর্ত্তৃকযুধিষ্ঠিরাদিহরণমাহ তত ইতি। ততঃ, দুষ্টাত্মা দুষ্টচিত্তঃ, পাপবুদ্ধিশ্চ, জটাসুর ইতি নাম্না খ্যাতঃ, কশ্চিৎ রাক্ষসঃ, পার্থানাং পাণ্ডবানাম্, কলাপানি তূণীরান্, "কলাপো ভূষণে বর্হে সংহত্যাবপি" ইত্যমরঃ, ধনূংষি চ, পরীপ্সমানো লিপ্সমানঃ, দ্রৌপদ্যা হরণং প্রতি, অন্তরমবকাশম্, সমভিপ্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুশ্চ সন্, অহং মন্ত্রকুশলো মন্ত্রণানিপুণঃ সর্ব্বশাস্ত্রবিৎ উত্তমশ্চ ব্রাহ্মণোঽস্মি, ইতি ব্রুবন্ আত্মানং পরিচায়য়ন্, নিত্যদা সর্ব্বদৈব পাণ্ডবেয়ান্, পর্য্যুপাস্তে সেবতে স্ম; কদাচিত্তু, তেষু ঘটোৎকচপ্রভৃতিষু রক্ষঃসু রাক্ষসেষু গতেষু সৎসু, ভীমসেনাত্মজে ঘটোৎকচেঽপি চ গতে সতি, ভীমসেন

তাহার পর রাজা যুধিষ্ঠির ধৌম্যের সেই উপদেশই গ্রহণ করিলেন এবং তিনি সেই স্থান হইতে সহচরবর্গের সহিত বদরিকাশ্রমে ফিরিয়া আসিয়া ভীমসেনপ্রভৃতি ভ্রাতৃগণ, দ্রৌপদী ও ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া সেইখানেই তখন সুখে বাস করিতে লাগিলেন ॥২০—২১॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, পাণ্ডবেরা অর্জ্জুনের আগমন প্রতীক্ষায় ব্রাহ্মণগণের সহিত সেই পর্ব্বতশ্রেষ্ঠে (বদরিকাশ্রমে) নিরুদ্বেগে যদৃচ্ছাক্রমে বাস করিতেছিলেন, এমন সময়ে দুষ্টচিত্ত ও পাপমতি 'জটাসুর'-নামে প্রসিদ্ধ একটা রাক্ষস আসিয়া, পাণ্ডবগণের তূণ ও ধনু লইবার জন্য এবং দ্রৌপদীকে হরণ করিবার অবকাশ খুঁজিবার জন্য, 'আমি মন্ত্রণানিপুণ ও সর্বশাস্ত্রজ্ঞ উত্তম ব্রাহ্মণ' এইরূপ পরিচয় দিয়া সর্ব্বদাই পাণ্ডবগণের পরিচর্য্যা করিতে লাগিল

অন্তরং সমভিপ্রেপ্সুর্দ্রৌপদ্যা হরণং প্রতি।
দুষ্টাত্মা পাপবুদ্ধিশ্চ নাম্না খ্যাতো জটাসুরঃ ॥৫॥ (কুলকম্)
পোষণং তস্য রাজেন্দ্র! চক্রে পাণ্ডবনন্দনঃ।
বুবুধে ন চ তং পাপং ভস্মচ্ছন্নমিবানলম্ ॥৬॥
স ভীমসেনে নিষ্ক্রান্তে মৃগয়ার্থমরিন্দমে।
ঘটোৎকচং সানুচরং দৃষ্ট্বা বিপ্রক্রুতং দিশঃ ॥৭॥
লোমশপ্রভৃতীংস্তাংস্তু মহর্ষীংশ্চ সমাহিতান্।
স্নাতুং বিনির্গতান্ দৃষ্ট্বা পুষ্পার্থঞ্চ তপোধনান্ ॥৮॥
রূপমন্যৎ সমাস্থায় বিকৃতং ভৈরবং মহৎ।
গৃহীত্বা সর্ব্বশস্ত্রাণি দ্রৌপদীং পরিগৃহ্য চ ॥৯॥
প্রাতিষ্ঠত স দুষ্টাত্মা ত্রীন্ গৃহীত্বা চ পাণ্ডবান্।
সহদেবস্তু যত্নেন ততোঽপক্রম্য পাণ্ডবঃ ॥১০॥

ভারতকৌমুদী

[illegible] তস্য মৃগয়ার্থগমনাদিতি ভাবঃ, পার্থাগমনকাঙ্ক্ষয়া অর্জ্জুনাগমনপ্রতীক্ষয়া, তত্র [illegible] দ্বিজৈঃ সার্দ্ধম্, পরিবিশ্বস্তান্ সর্ব্বতো নিরুদ্বেগান্ সতঃ, যদৃচ্ছয়া বসতঃ, তান্ [illegible] সর্ব্বরাজানং যুধিষ্ঠিরম্, যমৌ নকুলসহদেবৌ, এতান্ তান্ পাণ্ডবান্, কৃষ্ণাং দ্রৌপদীঞ্চ [illegible] ॥১—৫॥

পোষণমিতি। পাণ্ডুরেব পাণ্ডবঃ প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্, তস্য নন্দনো যুধিষ্ঠিরঃ ॥৬॥

[illegible] লোমশপ্রভৃতিলোকেষু কথং নিরাপদং যুধিষ্ঠিরাদীনাং হরণং সম্ভবতীতি পুনঃ [illegible] কুলকেনাহ স ইতি। বিপ্রক্রুতং গতম্। সমাহিতান্ ধ্যানস্থান্ অচেতনান্। [illegible], বিকৃতং ব্রাহ্মণরূপাদন্যথাকৃতম্। সর্ব্বশস্ত্রাণি পাণ্ডবানাম্। ত্রীন্ যুধিষ্ঠির-

[illegible] পর কোন সময়ে ঘটোৎকচের অনুচর রাক্ষসেরা চলিয়া গেলে, ঘটোৎকচও প্রস্থান করিলে এবং ভীমসেনও মৃগয়ার জন্য গমন করিলে, সেই জটাসুর যুধিষ্ঠির, নকুল, সহদেব ও দ্রৌপদীকে হরণ করিল ॥১—৫॥

রাজশ্রেষ্ঠ জনমেজয়! অথচ যুধিষ্ঠির তাহাকে পোষণ করিতেছিলেন; কিন্তু তিনি ভস্মাবৃত অগ্নির ন্যায় সে পাপাত্মাকে চিনিতে পারেন নাই ॥৬॥

অরিন্দম ভীমসেন মৃগয়া করিবার জন্য নির্গত হইয়া গিয়াছেন, ঘটোৎকচ ও তাঁহার অনুচরগণ নানাদিকে প্রস্থান করিয়াছে, লোমশপ্রভৃতি মহর্ষিরা ধ্যানস্থ হইয়া অচেতনপ্রায় রহিয়াছেন এবং অন্যান্য তপস্বীরাও স্নান ও পুষ্পাহরণের জন্য চলিয়া গিয়াছেন, এই সমস্ত দেখিয়া দুরাত্মা জটাসুর বিকৃত,

(৫) অন্তরং সম্পরিপ্রেপ্সুঃ—বা ব কা নি।

বিক্রম্য কৌশিকং খড়্গং মোক্ষয়িত্বা গ্রহং রিপোঃ।
আক্রন্দদ্ভীমসেনং বৈ যেন যাতো মহাবলঃ ॥১১॥ (কুলকম্)
তমব্রবীদ্ধর্ম্মরাজো হ্রিয়মাণো যুধিষ্ঠিরঃ।
ধর্ম্মস্তে হীয়তে মূঢ়! ন চৈনং সমবেক্ষসে ॥১২॥
যেঽন্যে কেচিন্মনুষ্যেষু তির্য্যগ্‌যোনিগতাশ্চ যে।
ধর্ম্মং তে সমবেক্ষন্তে রক্ষাংসি চ বিশেষতঃ ॥১৩॥
ধর্ম্মস্য রাক্ষসা মূলং ধর্ম্মং তে বিদুরুত্তমম্।
এতৎ পরীক্ষ্য ধর্ম্মং ত্বং সময়ে স্থাতুমর্হসি ॥১৪॥

ভারতকৌমুদী

নকুলসহদেবান্। ততো জটাসুরাৎ, অপক্রম্য নিষ্ক্রম্য। বিক্রম্য বিক্রমং প্রকাশ্য, কৌশিকং কোশাভ্যন্তরগতং খড়্গম্, রিপোর্জ্জটাসুরস্য, গ্রহং তৎখড়্গগ্রহণঞ্চ মোক্ষয়িত্বা, ভীমসেনম্, আক্রন্দৎ আহুতবান্, যেন হেতুনা, স মহাবলো যাতো মৃগয়ার্থং গতঃ ॥৭—১১॥

তমিতি। হীয়তে অনেন কর্ম্মণা ভ্রশ্যতি। এনং ধর্ম্মম্ ॥১২॥

য ইতি। তির্য্যগ্‌যোনিগতাঃ পশুপক্ষিণঃ। রক্ষাংসি রাক্ষসাঃ ॥১৩॥

ধর্ম্মস্যেতি। পূর্ব্বার্দ্ধং স্তুতিপরম্। পরীক্ষ্য পর্য্যালোচ্য। সময়ে ধর্ম্মনিয়মে ॥১৪॥

ভীষণ ও বিশাল অন্য রূপ ধারণপূর্ব্বক পাণ্ডবদের সমস্ত অস্ত্র আত্মসাৎ করিয়া এবং দ্রৌপদী, যুধিষ্ঠির, নকুল ও সহদেবকে ধরিয়া লইয়া প্রস্থান করিল; তখন সহদেব বিশেষ চেষ্টা করিয়া তাহার হস্ত হইতে নির্গত হইয়া, বিক্রম-প্রকাশপূর্ব্বক কোশস্থ তরবারিখানাকে তাহার ধারণ হইতে মুক্ত করিয়া, উচ্চস্বরে ভীমসেনকে ডাকিতে লাগিলেন। যে হেতু মহাবল ভীমসেন মৃগয়ায় গিয়াছিলেন ॥৭—১১॥

জটাসুর যুধিষ্ঠিরকেও হরণ করিয়া লইয়া যাইতেছিল, এই অবস্থায় তিনি জটাসুরকে বলিলেন—'মূর্খ! তোমার ধর্ম্ম নষ্ট হইতেছে; অথচ তুমি তাহা দেখিতেছ না। ॥১২॥

মনুষ্যের মধ্যে অন্য যে কেহ আছে এবং যাহারা পশু ও পক্ষী, তাহারাও ধর্ম্ম পর্য্যবেক্ষণ করে, রাক্ষসেরা ত বিশেষভাবেই ধর্ম্ম দেখে ॥১৩॥

রাক্ষসেরাই ত ধর্ম্মের মূল এবং তাহারা উত্তম ধর্ম্ম জানে; সুতরাং এই ধর্ম্মের পর্য্যালোচনা করিয়া ধর্ম্মের নিয়মে তোমার থাকা উচিত ॥১৪॥

---

(১১) বিভ্রাম্য কৌশিকং খড়্গম্—পি। (১২)··ন তত্ত্বং সমবেক্ষসে—বা ব কা নি।
(১৩) যেঽন্যে কচিন্মনুষ্যেষু—বা ব কা নি। (১৪)···এতৎ পরীক্ষ্য সর্ব্বং ত্বং সমীপে স্থাতুমর্হতি—বা ব কা নি।

দেবাশ্চ পিতরঃ সিদ্ধা ঋষয়শ্চাপি রাক্ষস ! ।
গন্ধর্ব্বযক্ষরক্ষাংসি বয়াংসি পশবস্তথা ॥১৫॥
তির্য্যগ্‌যোনিগতাশ্চৈব অপি কীটপিপীলিকাঃ।
মনুষ্যানুপজীবন্তি ততস্ত্বমপি জীবসি।
সমৃদ্ধ্যা হ্যস্য লোকস্য লোকো যুষ্মাকমৃধ্যতি ॥১৬॥ (যুগ্মকম্)
ইমঞ্চ লোকং শোচন্তমনুশোচন্তি দেবতাঃ।
পূজ্যমানাশ্চ বর্দ্ধন্তে হব্যকব্যৈর্যথাবিধি ॥১৭॥
বয়ং রাষ্ট্রস্য গোপ্তারো রাজানশ্চৈব রাক্ষস ! ।
রাষ্ট্রস্যারক্ষ্যমাণস্য কুতো ভূতিঃ কুতঃ সুখম্ ॥১৮॥
ন চ রাজাঽবমন্তব্যো রক্ষসা জাম্বনাগসি।
অণুরপ্যপচারশ্চ নাস্ত্যস্মাকং নরাশন ! ॥১৯॥

ভারতকৌমুদী

দেবা ইতি। বয়াংসি পক্ষিণঃ। উপজীবন্তি, মনুষ্যৈর্যজ্ঞাদৌ দেবাদিভ্যো ভাগদানাদিতি ভাবঃ। ততস্ত্বমপি মনুষ্যৈস্তদ্ভাগদানাৎ। ঋধ্যতি বর্দ্ধতে। ষোড়শঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১৫—১৬॥
ইমমিতি। অনুশোচন্তি তদাশ্রিতত্বাৎ। হব্যানি দেবদেয়ানি, কব্যানি পিতৃদেয়ানি ॥১৭॥
বয়মিতি। গোপ্তারো রক্ষকাঃ। ভূতির্ধনাদিসমৃদ্ধিঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ততস্তানিতি।১—২॥ অহার দর্পাদীনাং মনো হৃতবান্ উগ্রযোঽস্মীতি ব্রুবন্।৩॥ কল্যাণানি নিবন্ধাদীনি ॥৪—১০॥ কৌশিকং কোশাদাগতম্। গ্রহং গ্রহণম্ ॥১১—১৫॥ যুষ্মাকং দেবাসুরাদীনাম্। ঋধ্যতি ঋচ্ছতীতি পাঠে বৃদ্ধিং গচ্ছতি ॥১৬—১৯॥ বিঘসাশান্

রাক্ষস ! দেবগণ, পিতৃগণ, সিদ্ধগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ, যক্ষগণ, রাক্ষসগণ, পক্ষিগণ, পশুগণ, অন্যান্য তির্য্যগ্‌জাতি, এমন কি কীট ও পিপীলিকা পর্য্যন্ত সকল প্রাণীই মনুষ্যদিগকে অবলম্বন করিয়া জীবন ধারণ করেন ও করে; সুতরাং তুমিও সেই মনুষ্যদিগকে অবলম্বন করিয়াই জীবন ধারণ করিতেছ এবং এই মনুষ্যলোকের সমৃদ্ধিতেই তোমাদের রাক্ষসলোক সমৃদ্ধ হয় ॥১৫—১৬॥

তা'র পর মনুষ্যেরা শোক করিতে থাকিলে, তাহা লক্ষ্য করিয়া দেবতারাও শোক প্রকাশ করেন এবং মনুষ্যেরা হব্য-কব্যদ্বারা যথাবিধানে পূজা করিলে দেবতারা বৃদ্ধি পান ॥১৭॥

রাক্ষস ! আমরা রাজ্যের রক্ষক রাজা; এই রাজ্য রক্ষিত না হইলে, প্রজাদের কোথা হইতেই বা সমৃদ্ধি এবং কোথা হইতেই বা সুখ হইবে ? ॥১৮॥

---

(১৫)···গন্ধর্বোরগরক্ষাংসি—বা ব কা নি। (১৮)···রাক্ষতারশ্চ রাক্ষস।—বা ব ঝা।

বিঘসাশান্ যথাশক্ত্যা কুর্ম্মহে দেবতাদিষু।
গুরূংশ্চ ব্রাহ্মণাংশ্চৈব প্রণামপ্রবণাঃ সদা ॥২০॥
দ্রোগ্ধব্যং ন চ মিত্রেষু ন বিশ্বস্তেষু কর্হিচিৎ।
যেষাঞ্চান্নানি ভুঞ্জীত যত্র চ স্যাৎ প্রতিশ্রয়ঃ ॥২১॥
স ত্বং প্রতিশ্রয়েঽস্মাকং পূজ্যমানঃ সুখোষিতঃ।
ভুক্ত্বা চান্নানি দুষ্প্রজ্ঞ! কথমস্মান্ জিহীর্ষসি ॥২২॥
এবমেব বৃথাচারো বৃথা বৃদ্ধো বৃথামতিঃ।
বৃথা মরণমর্হশ্চ বৃথৈব বিনশিষ্যসি ॥২৩॥
অথ চেদ্দুষ্টবুদ্ধিস্ত্বং সর্বৈর্ধর্ম্মৈর্বিবর্জিতঃ।
প্রদায় শস্ত্রাণ্যস্মাকং যুদ্ধেন দ্রৌপদীং হর ॥২৪॥

ভারতকৌমুদী

নেতি। রক্ষসা রাক্ষসেন, জাতু কদাচিৎ, অনাগসি অপরাধাভাবে ॥১৯॥

বিঘসেতি। প্রণামায় প্রবণা আগ্রহান্বিতা বয়ম্, দেবতাদিষু দেবতাদ্যুদ্দেশ্যকযজ্ঞাদিষু, যথাশক্ত্যা, সদৈব, গুরূংশ্চ ব্রাহ্মণাংশ্চৈব, বিঘসো যজ্ঞশেষঃ আশো ভোগ্যো যেষাং তান্, কুর্ম্মহে। "অমৃতং বিঘসো যজ্ঞশেষভোজনশেষয়োঃ" ইত্যমরঃ ॥২০॥

দ্রোগ্ধব্যমিতি। দ্রোগ্ধব্যং দ্রোহঃ কর্ত্তব্যঃ। প্রতিশ্রয় আশ্রয়ঃ ॥২১॥

স ইতি। প্রতিশ্রয়ে আশ্রয়ে, সুখেন উষিতঃ স্থিতঃ। জিহীর্ষসি হর্ত্তুমিচ্ছসি ॥২২॥

এবমিতি। মরণং প্রাপ্তুমিতি শেষঃ, অর্হো যোগ্যঃ ॥২৩॥

রাক্ষস! অপরাধ না থাকিলে, রাক্ষস কখনও রাজাকে অবজ্ঞা করি‍ে না; কিন্তু আমাদের অণুমাত্রও অপরাধ নাই ॥১৯॥

বরং সর্ব্বদাই আমরা আগ্রহসহকারে প্রণত হইয়া দেবতাদের উদ্দেশে যজ্ঞ করিয়া তাহার অবশিষ্ট দ্রব্যদ্বারা শক্তি অনুসারে গুরুজন ও ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া থাকি ॥২০॥

যাহাদের অন্ন ভোজন করা হয়, যাহাদের আশ্রয়ে বাস করা হয়, যাহারা মিত্র এবং যাহারা বিশ্বাস করে, তাহাদের প্রতি কখনও দ্রোহ করিবে না ॥২১॥

দুর্ব্বুদ্ধি রাক্ষস! তুমি আমাদের আশ্রয়ে সম্মানের সহিত সুখে থাকিয়া এবং আমাদের অন্ন ভোজন করিয়া কি প্রকারে আমাদিগকেই হরণ করিতে ইচ্ছা করিতেছ! ॥২২॥

এইরূপই তোমার আচার বৃথা, বুদ্ধি বৃথা এবং তুমিও বৃথা বৃদ্ধ হইয়াছ; সুতরাং তোমার মরণও বৃথাই হওয়া উচিত; অতএব মরিবেও বৃথাই ॥২৩॥

---

(২৩)…বৃথাহদ্য ন ভবিষ্যসি—বা ব কা নি।

অথ চেত্ত্বমবিজ্ঞানাদিদং কর্ম্ম করিষ্যসি।
অধর্ম্মঞ্চাপ্যকীর্ত্তিঞ্চ লোকে প্রাপ্স্যসি কেবলাম্ ॥২৫॥
এতামদ্য পরামৃশ্য স্ত্রিয়ং রাক্ষস! মানুষীম্।
বিষমেতৎ সমালোড্য কুম্ভেন প্রাশিতং ত্বয়া ॥২৬॥
ততো যুধিষ্ঠিরস্তস্য গুরুকঃ সমপদ্যত।
স তু ভারাভিভূতাত্মা ন তথা শীঘ্রগোঽভবৎ ॥২৭॥
ততোঽব্রবীদ্দ্রৌপদীং বৈ নকুলঞ্চ যুধিষ্ঠিরঃ।
মা ভৈষ্টং রাক্ষসাম্মূঢাদ্গতিরস্য ময়া হৃতা ॥২৮॥
নাতিদূরে মহাবাহুর্ভবিতা পবনাত্মজঃ।
অস্মিন্ মুহূর্ত্তে সংপ্রাপ্তে ন ভবিষ্যতি রাক্ষসঃ ॥২৯॥
সহদেবস্তু তং দৃষ্ট্বা রাক্ষসং মূঢ়চেতসম্।
উবাচ বচনং রাজন্! কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥৩০॥

ভারতকৌমুদী

অথেতি। যুদ্ধেন হরণে পুরুষত্বপ্রকাশঃ স্যাদিত্যাশয়ঃ ॥২৪॥
অথেতি। অবিজ্ঞানাৎ ধর্ম্মনীত্যাদেরিতি শেষঃ। ইদমস্মাকং হরণম্ ॥২৫॥
এতামিতি। পরামৃশ্য সংস্পৃশ্য। প্রাশিতং ভুক্তম্। বিষপানতুল্যমেবৈতদিতি ভাবঃ ॥২৬॥
তত ইতি। গুরুকো ভারী। তচ্চ প্রাকৃতশক্ত্যাপি সম্ভবতীতি দ্রষ্টব্যম্ ॥২৭॥
তত ইতি। মা ভৈষ্টং যুবাং ভয়ং ন কুরুতম্, গতিঃ শীঘ্রগমনশক্তিঃ ॥২৮॥
নেতি। ভবিতা স্থাস্যতি। অন্তেঃ প্রয়োগোঽয়ম্। ন ভবিষ্যতি ন স্থাস্যতি ॥২৯॥

আর, দুর্বুদ্ধি রাক্ষস! তুমি যদি বস্তুতই সর্বশস্ত্রবিবর্জ্জিত হও, তবে আমাদের অস্ত্র দিয়া যুদ্ধ করিয়া দ্রৌপদীকে হরণ কর ॥২৪॥

পক্ষান্তরে তুমি যদি না জানিয়া অবশ্যই এই কার্য্য কর, তবে জগতে কেবল পাপ ও নিন্দাই ভোগ করিবে ॥২৫॥

রাক্ষস! তুমি আজ এই মনুষ্যরমণীকে স্পর্শ করায় কলসের ভিতরে বিষ আলোড়ন করিয়া তাহাই পান করিয়াছ' ॥২৬॥

তাহার পর যুধিষ্ঠির সেই রাক্ষসের নিকট অত্যন্ত ভারী হইলেন; তখন সে, ভারাক্রান্ত হইয়া পূর্বের ন্যায় আর দ্রুত গমন করিতে পারিল না ॥২৭॥

তৎপরে যুধিষ্ঠির দ্রৌপদী ও নকুলকে বলিলেন—'তোমরা মূর্খ রাক্ষস হইতে ভীত হইও না; আমি উহার দ্রুতগমনের শক্তি হরণ করিয়াছি ॥২৮॥

(সম্ভবতঃ) মহাবাহু ভীমসেন অনতিদূরে রহিয়াছেন; সুতরাং এই (পরবর্তী) মুহূর্ত্তে আর রাক্ষস থাকিবে না ॥২৯॥

রাজন্! কিং নাম সৎ কৃত্যং ক্ষত্রিয়স্যাস্ত্যতোঽধিকম্।
যদ্যুদ্ধেঽভিমুখঃ প্রাণাংস্ত্যজেচ্ছত্রূন্ জয়েত বা ॥৩১॥
এষ বাঽস্মান্ বয়ং বৈনং যুধ্যমানাঃ পরন্তপ!।
সূদয়েম মহাবাহো! দেশঃ কালো হ্যয়ং নৃপ! ॥৩২॥
ক্ষত্রধর্ম্মস্য সংপ্রাপ্তঃ কালঃ সত্যপরাক্রম!।
জয়ন্তো হন্যমানা বা প্রাপ্তুমর্হাম সদ্গতিম্ ॥৩৩॥
রাক্ষসে জীবমানেঽস্য রবিরস্তমিয়াদ্যদি।
নাহং ব্রূয়াং পুনর্জাতু ক্ষত্রিয়োঽস্মীতি ভারত! ॥৩৪॥
ভো ভো রাক্ষস! তিষ্ঠ ত্বং সহদেবোঽস্মি পাণ্ডবঃ।
হত্বা বা মাং নয়স্বৈনাং হতো বাঽদ্যেহ স্বপ্স্যসি ॥৩৫॥

ভারতকৌমুদী

সহেতি। মূঢ়ং কর্ত্তব্যজ্ঞানহীনং চেতো যস্য তম্, তারাদিক্যাদিতি ভাবঃ ॥৩০॥
রাজন্নিতি। সৎ সাধু, কৃত্যং কার্য্যম্। ত্যজেৎ ক্ষত্রিয় ইতি শেষঃ ॥৩১॥
এষ ইতি। সূদয়েম নাশয়েম। দেশো যুদ্ধসৌকর্য্যাৎ কালো যুদ্ধকরণাৎ ॥৩২॥
ক্ষত্রেতি। সংপ্রাপ্ত উপস্থিতঃ। জয়ন্তঃ সদ্গতিং লোকেষু কীর্ত্তিম্ ॥৩৩॥
রাক্ষস ইতি। ইয়াদ্গচ্ছেৎ। জাতু কদাচিৎ ॥৩৪॥
ভো ইতি। এনাং দ্রৌপদীম্। স্বপ্স্যসি শয়িষ্যসে ॥৩৫॥

ভারতভাবদীপঃ

দেবাসুরব্রাহ্মণাদিশেষায় বিঘসং তস্য আশো ভোজনং যেষাং তান্ ॥২০॥ প্রতিশ্রুত্য গৃহম্ ॥২১—২২॥ ন ভবিষ্যসি মরিষ্যসি ॥২৩—৩০॥ সৎকৃত্যং সাধুকার্য্যম্ ॥৩১—৩৩॥

রাজা জনমেজয়! সহদেব সেই রাক্ষসটাকে কর্ত্তব্যজ্ঞানহীন দেখিয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৩০॥

'রাজা! ক্ষত্রিয়ের ইহা অপেক্ষা অধিক কি সৎ কার্য্য আছে যে, ক্ষত্রিয় সম্মুখ হইয়া যুদ্ধে প্রাণত্যাগ করিবে কিংবা শত্রুকে জয় করিবে ॥৩১॥

পরন্তপ মহাবাহু! যুদ্ধ করিতে থাকিয়া এ-ই আমাকে বিনাশ করুক, কিংবা আমিই উহাকে বিনাশ করি; রাজা! এই তাহার স্থান ও কাল ॥৩২॥

হে সত্যপরাক্রম! ক্ষত্রিয়ধর্ম্মের উপযুক্ত সময় উপস্থিত হইয়াছে। আমি জয় করিয়া বা নিহত হইয়া সদ্গতি লাভ করিতে পারিব ॥৩৩॥

ভরতনন্দন! এই রাক্ষস জীবিত থাকিতে যদি সূর্য্য অস্ত যান, তবে আমি আর কখনও 'আমি ক্ষত্রিয়' এ কথা বলিব না ॥৩৪॥

(৩২).. দেশকালো হ্যয়ং নৃপ!—বা ব কা পি।

তথা ব্রুবতি মাদ্রেয়ে ভীমসেনো যদৃচ্ছয়া।
প্রাদৃশ্যত গদাহস্তঃ সবজ্র ইব বাসবঃ ॥৩৬॥
সোঽপশ্যদ্ভ্রাতরৌ তত্র দ্রৌপদীঞ্চ যশস্বিনীম্।
ক্ষিতিস্থং সহদেবঞ্চ ক্ষিপন্তং রাক্ষসং তদা ॥৩৭॥
মার্গাচ্চ রাক্ষসং মূঢ়ং কালোপহতচেতসম্।
ভ্রমন্তং তত্র তত্রৈব দৈবেন বিনিবারিতম্ ॥৩৮॥ (যুগ্মকম্)
ভ্রাতৄংস্তান্ হ্রিয়তো দৃষ্ট্বা দ্রৌপদীঞ্চ মহাবলঃ।
ক্রোধমাহারয়দ্ভীমো রাক্ষসঞ্চেদমব্রবীৎ ॥৩৯॥
বিজ্ঞাতোঽসি ময়া পূর্ব্বং পাপ! শস্ত্রপরীক্ষণে।
আস্থা তু ত্বয়ি মে নাস্তি যতোঽসি ন হতস্তদা ॥৪০॥

ভারতকৌমুদী

তথেতি। মাদ্রেয়ে মাদ্রীপুত্রে। যদৃচ্ছয়া কর্ত্তব্যস্বরূপভাবেনাগচ্ছন্ ॥৩৬॥

স ইতি। ভ্রাতরৌ যুধিষ্ঠিরনকুলৌ। ক্ষিপন্তং নিন্দন্তম্। মার্গাদ্গন্তব্যপথাৎ, মূঢ়ং মোহেন বিচেতম্ বিনিবারিতং ক্রতগমনাদিতি শেষঃ ॥৩৭—৩৮॥

ভ্রাতৄনিতি। হ্রিয়তো রাক্ষসেন হ্রিয়মাণান্। আভাষণং কৃতবান্ ॥৩৯॥

বিজ্ঞাত ইতি। বিজ্ঞাতো দুর্জ্জনত্বেন। শস্ত্রপরীক্ষণে অস্মাকমস্ত্রশস্ত্রদর্শনসময়ে। ত্বয়ি বিষয়ে, মে আস্থা যত্নো নাস্তি; যত আস্থাহভাবাৎ ॥৪০॥

ওরে ওরে রাক্ষস! তুই দাঁড়া। আমি পাণ্ডুনন্দন সহদেব; আজ আমাকে বধ করিয়া ইহাকে হরণ করিবি, কিংবা নিজেই নিহত হইয়া এখানে শয়ন করিবি' ॥৩৫॥

সহদেব এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে বজ্রহস্ত ইন্দ্রের ন্যায় গদাহস্ত ভীমসেনকে যদৃচ্ছাক্রমে আসিতে দেখা গেল ॥৩৬॥

তখন ভীমও দেখিলেন—যুধিষ্ঠির, নকুল ও যশস্বিনী দ্রৌপদী রাক্ষসের আয়ত্ত রহিয়াছেন এবং সহদেব ভূতলে থাকিয়া রাক্ষসকে তিরস্কার করিতেছেন; আর রাক্ষস ভ্রমবশতঃ গন্তব্যপথ হইতে বিচ্যুত হইয়া সেই সেই স্থানে ভ্রমণ করিতেছে, কাল তাহার বুদ্ধি হরণ করিয়াছেন এবং দৈব তাহাকে দ্রুত গমন হইতে নিবৃত্ত করিয়াছেন ॥৩৭—৩৮॥

তখন মহাবল ভীমসেন ভ্রাতৃগণকে ও দ্রৌপদীকে হরণ করিতে দেখিয়া ক্রুদ্ধ হইলেন এবং রাক্ষসকে এই কথা বলিলেন— ॥৩৯॥

---

(৩৬) হৈবং ভাষন্ ব্রুবতি—পি।

ব্রহ্মরূপপ্রতিচ্ছন্নো ন নো বদসি চাপ্রিয়ম্।
প্রিয়েষু রমমাণং ত্বাং ন চৈবাপ্রিয়কারিণম্ ॥৪১॥
অতিথিং ব্রহ্মরূপঞ্চ কথং হন্যামনাগসম্।
রাক্ষসং জানমানোঽপি যো হন্যান্নরকং ব্রজেৎ ॥৪২॥ (যুগ্মকম্)
অপক্বস্য চ কালেন বধস্তব ন বিদ্যতে।
নূনমদ্যাসি সম্পক্বো যথা তে মতিরীদৃশী ॥৪৩॥
দত্তা কৃষ্ণাপহরণে কালেনাদ্ভুতকর্ম্মণা।
বড়িশোঽয়ং ত্বয়া গ্রস্তঃ কালসূত্রেণ লম্বিতঃ।
মৎস্যোঽম্ভসীব সূত্রাস্যঃ কথমদ্য ভবিষ্যসি ॥৪৪॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। ব্রহ্মরূপেণ ব্রাহ্মণবেশেন প্রতিচ্ছন্ন আবৃতস্বরূপঃ, নঃ অস্মাকম্। ব্রহ্মরূপং ব্রাহ্মণবেশধারিণম্, অনাগসং নিরপরাধম্ ॥৪১—৪২॥

অপক্বস্যেতি। অপক্বস্য অপরিণতাপরাধস্য। ন বিদ্যতে ন যুজ্যতে ॥৪৩॥

দত্তেতি। কৃষ্ণা দ্রৌপদী। অয়ং কৃষ্ণারূপঃ। সূত্রাস্যো বড়িশেন গ্রথিতমুখঃ, কথং ভবিষ্যসি মরিষ্যসীত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

রাক্ষস ইতি। সূর্য্যাস্তাৎ প্রাগয়ং মরিষ্যতীত্যর্থঃ ॥৩৪॥ তিষ্ঠস্ব স্থিরো ভব ॥৩৫—[illegible]॥ ম্রিয়তো ম্রিয়মাণান্ ৩৭॥ আস্থা যত্নারম্ভে আদরঃ ॥৪০—৪৩॥ বড়িশো মৎস্যবেধনম্ ॥৪৪॥

'পাপিষ্ঠ! তুই পূর্ব্বে যখন আমাদের অস্ত্রগুলির দিকে দৃষ্টিপাত করিস, তখনই তোকে আমি চিনিতে পারিয়াছিলাম। কিন্তু তোকে বধ করিতে আমার আগ্রহ ছিল না বলিয়াই তুই তখন নিহত হইস্ নাই ॥৪০॥

তুই তখন ব্রাহ্মণবেশে আবৃত থাকিয়া আমাদের অপ্রিয় কথা বলিস নাই, বরং প্রিয় কার্য্যই করিতিস, কোন অপ্রিয় কার্য্য করিতিস না; সুতরাং আমি তখন তোকে রাক্ষস বলিয়া জানিতে পারিয়াও অতিথি, ব্রাহ্মণবেশধারী এবং নিরপরাধকে কি প্রকারে বধ করিতে পারিতাম; এ প্রকার লোককে যে বধ করে, সে নরকে যায় ॥৪১—৪২॥

তখন তোর অপরাধ পূর্ণ হয় নাই; সুতরাং তখন তোকে বধ করা উচিত হইত না; কিন্তু এখন তোর অপরাধ নিশ্চয়ই পূর্ণ হইয়াছে; যে হেতু তোর এইরূপ বুদ্ধি হইয়াছে ॥৪৩॥

অদ্ভুতকার্য্যকারী কাল অপহরণ করিবার জন্য তোর হস্তে দ্রৌপদীকে দিয়াছেন; তুইও কালসূত্রবদ্ধ সেই দ্রৌপদীরূপ বড়িশ গ্রাস করিয়াছিস্; সুতরাং জলে বড়িশবিদ্ধমুখ মৎস্যের ন্যায় তুই আজ কি রূপ হইবি ॥৪৪॥

যক্ষ্যাসি প্রস্থিতো দেশং মনঃ পূর্ব্বং গতঞ্চ তে।
ন তং গন্তাসি গন্তাসি মার্গং বকহিড়িম্বয়োঃ ॥৪৫॥
এবমুক্তস্তু ভীমেন রাক্ষসঃ কালচোদিতঃ।
ভীত উৎসৃজ্য তান্ সর্ব্বান্ যুদ্ধায় সমুপস্থিতঃ ॥৪৬॥
অব্রবীচ্চ তদা ভীমং রোষাৎ প্রস্ফুরিতাধরঃ।
ন মে মূঢ়া দিশঃ পাপ! ত্বদর্থং মে বিলম্বিতম্ ॥৪৭॥
শ্রুতা মে রাক্ষসা যে যে ত্বয়া বিনিহতা রণে।
তেষামদ্য করিষ্যামি তবাস্রেণোদকক্রিয়াম্ ॥৪৮॥
এবমুক্তস্ততো ভীমঃ সৃক্কণী পরিসংলিহন্।
স্ময়মান ইব ক্রোধাৎ সাক্ষাৎ কালান্তকোপমঃ ॥৪৯॥
বাহুসংরম্ভমেবেচ্ছন্নভিদুদ্রাব রাক্ষসম্।
রাক্ষসোঽপি তদা ভীমং যুদ্ধাভিনমবস্থিতম্ ॥৫০॥
মুহুর্মুহুর্ব্যাদদানঃ সৃক্কণী পরিসংলিহন্।
অভিদুদ্রাব সংরব্ধো বলির্বজ্রধরং যথা ॥৫১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যস্যেতি। গতঞ্চ যং দেশমিত্যনুবৃত্তিঃ। মার্গং যমালয়মিত্যর্থঃ ॥৪৫॥

এবমিতি। কালেন চোদিতঃ প্রেরিতঃ। তান্ যুধিষ্ঠিরাদীন্ ॥৪৬॥

অব্রবীদিতি। মূঢ়া মোহবিষয়ীভূতা ভ্রান্তা ইত্যর্থঃ। ত্বদর্থং ত্বদ্বধার্থম্, মে ময়া ॥৪৭॥

শ্রুতা ইতি। অস্রেণ রুধিরেণ, উদকক্রিয়াং তর্পণম্ ॥৪৮॥

এবমিতি। সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ। স্ময়মান ঈষদ্ধসন্। বাহুসংরম্ভং বাহুযুদ্ধম্। ব্যাদদানঃ মুখব্যাদানং কুর্ব্বন্। সংরব্ধঃ ক্রুদ্ধঃ, বজ্রধরমিন্দ্রম্ ॥৪৯—৫১॥

তুই যে স্থানে চলিয়াছিস্ এবং তোর মন পূর্ব্বেই যে স্থানে গিয়াছে, তুই সে স্থানে যাইতে পারিবি না; বক ও হিড়িম্বের পথেই যাইবি' ॥৪৫॥

ভীমসেন এইরূপ বলিলে, জটাসুর কালপ্রেরিত ও ভীত হইয়া যুধিষ্ঠির-প্রভৃতি সকলকে পরিত্যাগ করিয়া যুদ্ধের জন্য উপস্থিত হইল ॥৪৬॥

এবং তখন সে ক্রোধে কম্পিতোষ্ঠ হইয়া ভীমকে বলিল—'পাপিষ্ঠ! আমার দিগ্‌ভ্রম হয় নাই, তোকে বধ করিবার জন্যই আমি বিলম্ব করিয়াছি ॥৪৭॥

তুই যুদ্ধে যে যে রাক্ষসকে বধ করিয়াছিস্ বলিয়া আমি শুনিয়াছি, আজ তোর রক্তদ্বারা আমি তাহাদের তর্পণ করিব' ॥৪৮॥

জটাসুর এইরূপ বলিলে, ভীমসেন ক্রোধে ওষ্ঠপ্রান্তদ্বয় লেহন করিতে

(৪৭) অব্রবীচ্চ পুনর্ভীমম্—বা ব কা মি।

বর্ত্তমানে তথা রাজন্! বাহুযুদ্ধে সুদারুণে।
মাদ্রীপুত্রাবতিক্রুদ্ধাবুভাবপ্যভ্যধাবতাম্ ॥৫২॥
ন্যবারয়ত্তৌ প্রহসন্ কুন্তীপুত্রো বৃকোদরঃ।
শক্তোঽহং রাক্ষসস্যেতি প্রেক্ষধ্বমিতি চাব্রবীৎ ॥৫৩॥
আত্মনা ভ্রাতৃভিশ্চাহং ধর্ম্মেণ সুকৃতেন চ।
ইষ্টেন চ শপে রাজন্! সূদয়িষ্যামি রাক্ষসম্ ॥৫৪॥
ইত্যেবমুক্ত্বা তৌ বীরৌ স্পর্দ্ধমানৌ পরস্পরম্।
বাহুভিঃ সমসজ্জেতামুভৌ রক্ষোবৃকোদরৌ ॥৫৫॥
তয়োরাসীৎ সম্প্রহারঃ ক্রুদ্ধয়োর্ভীমরক্ষসোঃ।
অমৃষ্যমাণয়োঃ সংখ্যে দেবদানবয়োরিব ॥৫৬॥

ভারতকৌমুদী

বর্ত্তমান ইতি। মাদ্রীপুত্রৌ নকুলসহদেবৌ। অভ্যধাবতাং রাক্ষসং প্রতি ॥৫২॥ ন্যবারয়দিতি। রাক্ষসস্য বধে ইতি শেষঃ। প্রেক্ষধ্বং যূয়ং কেবলং পশ্যত ॥৫৩॥ যুধিষ্ঠিরং প্রত্যাহ আত্মনেতি। সুকৃতেন সদাচরিতেন। ইষ্টেন যজ্ঞেন ॥৫৪॥ ইত্যেতি। রক্ষোবৃকোদরৌ রাক্ষসভীমসেনৌ ॥৫৫॥

থাকিয়া এবং যেন ঈষৎ হাস্য করিতে প্রবৃত্ত হইয়া, বাহুযুদ্ধেরই ইচ্ছা করিয়া, সাক্ষাৎ কালান্তক যমের ন্যায় জটাসুরের প্রতি ধাবিত হইলেন এবং ক্রুদ্ধ জটাসুরও মুহুর্মুহু মুখব্যাদান এবং ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া—পূর্ব্বে বলি যেমন ইন্দ্রের প্রতি ধাবিত হইয়াছিলেন, সেইরূপ যুদ্ধার্থী ও অনাবৃত ভীমের প্রতি ধাবিত হইল ॥৪৯—৫১॥

রাজা জনমেজয়! ভীম ও জটাসুরের অতি ভীষণ বাহুযুদ্ধ চলিতে লাগিলে, নকুল এবং সহদেবও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দুই জনই জটাসুরের প্রতি ধাবিত হইলেন ॥৫২॥

তখন ভীমসেন হাস্য করিয়া তাঁহাদিগকে বারণ করিলেন এবং বলিলেন— 'আমিই রাক্ষসকে সংহার করিতে সমর্থ হইব; সুতরাং তোমরা কেবল দর্শন কর ॥৫৩॥

রাজা! নিজের জীবন, ভ্রাতৃগণ, সমীচীনভাবে অনুষ্ঠিত ধর্ম্ম এবং অভীষ্ট বিষয়—এই সমস্তদ্বারা আমি শপথ করিতেছি যে, আমি রাক্ষসকে সংহার করিব' ॥৫৪॥

এইরূপ বলিয়া সেই মহাবীর ভীম ও জটাসুর দুইজনই পরস্পর স্পর্দ্ধা করিতে থাকিয়া বাহুতে বাহুতে সংশ্লিষ্ট হইলেন ॥৫৫॥

(৫২) বর্ত্তমানে তদা তাভ্যাম্—বা ব কা পি। (৫৫) ...বাহুভ্যাং সমসজ্জেতাম্—বা ব কা॥

আরুজ্যারুজ্য তৌ বৃক্ষানন্যোন্যমভিজগ্মতুঃ ।
জীমূতাবিব গর্জ্জন্তৌ বিনদন্তৌ মহাবলৌ ॥৫৭॥
বভঞ্জতুর্মহাবৃক্ষানূরুভির্ব্বলিনাং বরৌ ।
অন্যোন্যেনাতিসংরব্ধৌ পরস্পরবধৈষিণৌ ॥৫৮॥
তদ্বৃক্ষযুদ্ধমভবন্মহীরুহবিনাশনম্ ।
বালিসুগ্রীবয়োর্ভ্রাত্রোঃ পুরা স্ত্রীকাঙ্ক্ষিণোর্যথা ॥৫৯॥
আবিধ্যাবিধ্য তৌ বৃক্ষান্ মুহূর্ত্তমিতরেতরম্ ।
তাড়য়ামাসতুরুভৌ বিনদন্তৌ মুহুর্মুহুঃ ॥৬০॥
তস্মিন্ দেশে যদা বৃক্ষাঃ সর্ব্ব এব নিপাতিতাঃ ।
পুঞ্জীকৃতাশ্চ শতশঃ পরস্পরবধেপ্সয়া ॥৬১॥

ভারতকৌমুদী

তয়োরিতি । অমৃষ্যমাণয়োঃ পরস্পরমসহমানয়োঃ, সংখ্যে যুদ্ধে ॥৫৬॥
আরুজ্যেতি । আরুজ্যারুজ্য উৎপাট্য উৎপাট্য । গর্জ্জন্তৌ জীমূতৌ মেঘাবিব ॥৫৭॥
বভঞ্জতুরিতি । অতিসংরব্ধৌ অতীবক্রুদ্ধৌ ॥৫৮॥
তদিতি । মহীরুহবিনাশনম্, উৎপাটনেন পাদাঘাতেন চেতি ভাবঃ ॥৫৯॥
আবিধ্যেতি । আবিধ্য আবিধ্য ঘূর্ণয়িত্বা ঘূর্ণয়িত্বা । ইতরেতরং পরস্পরম্ ॥৬০॥

ভারতভাবদীপঃ

ত্বমি জীবিষ্যসি ॥৪৪—৪৭॥ অস্রেণ লোহিতেন ॥৪৮—৪৯॥ বাহুসংহতোভে আস্ফোটয়েতে বদ্ধসংক্রিয়ায়াঃ যথা স্যাত্তথা বাহুশ্চেষ্টম্ ॥৫০—৫২॥ আবিধ্য ভ্রাময়িত্বা ॥৬০॥ পুঞ্জীকৃতাঃ

ক্রমে ক্রুদ্ধ ভীমসেন ও জটাসুর দুইজনই যুদ্ধে দেব ও দানবের ন্যায় পরস্পর অসহিষ্ণু হইয়া উঠিলেন; তখন তাঁহাদের গুরুতর প্রহার চলিতে লাগিল ॥৫৬॥

মহাবল ভীম ও জটাসুর, গর্জ্জনকারী দুইখানা মেঘের ন্যায় গুরুতর শব্দ করিতে থাকিয়া বৃক্ষ ভগ্ন করিয়া করিয়া পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥৫৭॥

পরস্পর অতি ক্রুদ্ধ এবং পরস্পর বধাভিলাষী বলিশ্রেষ্ঠ ভীম ও জটাসুর ঊরুদ্বারা বিশাল বিশাল বৃক্ষ ভগ্ন করিতে লাগিলেন ॥৫৮॥

পূর্ব্বকালে রাজ্যাভিলাষী বালী ও সুগ্রীব দুই ভ্রাতার যেমন হইয়াছিল, তেমন সেই বৃক্ষযুদ্ধ হইতে লাগিল; তাহাতে বহুতর বৃক্ষ বিনষ্ট হইল ॥৫৯॥

সেই ভীম ও জটাসুর দুইজনই মুহুর্মুহু গর্জ্জন করিয়া বৃক্ষ ঘূর্ণন করিয়া করিয়া মুহূর্ত্তকাল পরস্পর আঘাত করিলেন ॥৬০॥

---

(৬১)···মুঞ্জীকৃতাশ্চ—বা ব কা,—পুঞ্জীকৃতাশ্চ—নি ।

ততঃ শিলাঃ সমাদায় মুহূর্তমিব ভারত !।
মহাভ্রৈরিব শৈলেন্দ্রৌ যুযুধাতে মহাবলৌ ।৬২। (যুগ্মকম্)
শিলাভিরুগ্ররূপাভির্বৃহতীভিঃ পরস্পরম্ ।
বজ্রৈরিব মহাবেগৈরাজঘ্নতুরমর্ষণৌ ॥৬৩॥
অভিক্রুত্য চ ভূয়স্তাবন্যোন্যবলদর্পিতৌ ।
ভুজাভ্যাং পরিগৃহ্যাথ চকর্ষাতে গজাবিব ॥৬৪॥
মুষ্টিভিশ্চ মহাঘোরৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ।
ততশ্চটচটাশব্দো বভূব সুমহাত্মনোঃ ।৬৫॥
ততঃ সংহৃত্য মুষ্টিন্তু পঞ্চশীর্ষমিবোরগম্ ।
বেগেনাভ্যহনদ্ভীমো রাক্ষসস্য শিরোধরাম্ ।৬৬।

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। পুঞ্জীকৃতা তরুসমূহাৎ পরিত্যাগেন রাশীকৃতাঃ। উদ্যতা। মহাভ্রৈর্মহামেঘৈঃ শৈলেন্দ্রৌ পর্বতশ্রেষ্ঠাবিব। সম্ভাবনায়ামুৎপ্রেক্ষেয়ম্ ।৬১—৬২।

শিলাভিরিতি। বৃহতীভির্মহতীভিঃ। অমর্ষণৌ ক্রোধনৌ ।৬৩।

অভীতি। ভূয়ঃ পুনঃ। চকর্ষাতে আচকৃষতুঃ, আত্মনেপদমার্ষম্ ।৬৪।

মুষ্টিভিরিতি। সুমহাত্মনৌ অতিদৃঢ়ৌ যৌ আত্মানৌ দেহৌ তয়োরুপরি ।৬৫।

তত ইতি। সংহৃত্য বদ্ধ্বা। পঞ্চশীর্ষাণি মস্তকানি যস্য তম্। এতেন সঙ্কুচিতাঃ পঞ্চ অঙ্গুলয় আক্ষিপ্যন্তে। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। শিরোধরাং গ্রীবাম্ ।৬৬।

ভরতনন্দন! তাঁহারা পরস্পর বধ করিবার ইচ্ছায় যখন সেই স্থানের সমস্ত বৃক্ষই নিপাতিত করিয়া শত শত পুঞ্জীভূত করিলেন, তখন দুইটা পর্বত যেন মহামেঘদ্বারা যুদ্ধ করিতেছে, এমন ভাবে মহাবল ভীম ও জটাসুর প্রস্তর লইয়া কিছু কাল যুদ্ধ করিলেন ॥৬১—৬২॥

ক্রুদ্ধ ভীম ও জটাসুর মহাবেগশালী বজ্রের ন্যায় বিশাল ও ভয়ঙ্কর প্রস্তর দ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ।৬৩।

তাহার পর দুইটা হস্তীর ন্যায় বলদর্পিত ভীম ও জটাসুর আবার তেড়ে যাইয়া বাহুদ্বারা ধারণ করিয়া পরস্পর আকর্ষণ করিতে লাগিলেন ॥৬৪॥

পরে তাঁহারা ভয়ঙ্কর মুষ্টিদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন; তাহাতে সুদৃঢ় শরীর দুইটার উপরে 'চটচটা'-শব্দ হইতে থাকিল ।৬৫।

তাহার পর ভীমসেন, পঞ্চমস্তক সর্পের ন্যায় মুষ্টি বন্ধন করিয়া তাহা দ্বারা জটাসুরের গ্রীবাদেশে বেগে আঘাত করিলেন ॥৬৬॥

(৬৩)...আজঘ্নতুরমর্ষণৈঃ—প।

ততঃ শ্রান্তস্তু তদ্রক্ষো ভীমসেনভুজাহতম্।
সুপরিশ্রান্তমালক্ষ্য ভীমসেনোঽভ্যবর্ত্তত ॥৬৭॥
তত এনং মহাবাহুর্বাহুভ্যামমরোপমঃ।
সমুৎক্ষিপ্য বলাদ্ভীমো নিষ্পিপেষ মহীতলে ॥৬৮॥
ততঃ সম্পীড্য বলবদ্ভুজাভ্যাং ক্রোধমূর্চ্ছিতঃ।
তস্য গাত্রাণি সর্ব্বাণি চূর্ণয়ামাস পাণ্ডবঃ ॥৬৯॥
অরত্নিনা চাভিহত্য শিরঃ কায়াদপাহরৎ।
সন্দষ্টৌষ্ঠং বিবৃত্তাক্ষং ফলং বৃন্তাদিব চ্যুতম্ ॥৭০॥
জটাসুরস্য তু শিরো ভীমসেনবলাহৃতম্।
পপাত রুধিরাদিগ্ধং সন্দষ্টদশনচ্ছদম্ ॥৭১॥

ভারতকৌমুদী

তত ইতি। শ্রান্তং ক্লান্তম্, রক্ষো রাক্ষসঃ। অভ্যবর্ত্তত দ্বিগুণোৎসাহেনাভ্যগচ্ছৎ ॥৬৭॥
তত ইতি। এনং রাক্ষসম্। সমুৎক্ষিপ্য উত্তোল্য, পুনঃ পাতয়িত্বেতি শেষঃ ॥৬৮॥
তত ইতি। সম্পীড্য মুষ্টিপাতেন। চূর্ণয়ামাস আঘাতেন চূর্ণিতঞ্চকার ॥৬৯॥
অরত্নিনেতি। অরত্নিনা নিষ্কনিষ্ঠেন মুষ্টিনা। বিবৃত্তাক্ষং ঘূর্ণিতনয়নম্ ॥৭০॥
জটেতি। হৃতং পৃথক্ কৃতম্। সন্দষ্টৌ দশনচ্ছদৌ ওষ্ঠৌ যেন তৎ ॥৭১॥

ভারতভাবদীপঃ

ছন্নাঃ মুখ্যাঙ্গীকৃতাঃ ॥৬১॥ মহাদ্রির্বিতোভূতোপমা ॥৬২—৬৫॥ শিরোধরাং গ্রীবাম্ ॥ অভ্যবর্ত্ততাধিকোৎসাহবানভূৎ ॥৬৭—৬৯॥ অরত্নিনা তলপ্রহারেণেত্যর্থঃ ॥৭০—৭২॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩০॥

ভীমের সেই মুষ্টির আঘাতেই জটাসুর ক্লান্ত হইয়া পড়িল; তখন ভীম তাহাকে অত্যন্ত ক্লান্ত দেখিয়া দ্বিগুণ উৎসাহে তাহার উপরে পড়িলেন ॥৬৭॥

তদনন্তর দেবতার তুল্য মহাবাহু ভীম বাহুযুগলদ্বারা বলপূর্ব্বক জটাসুরকে উত্তোলন করিয়া আবার নিপাতিত করিয়া ভূতলে নিষ্পেষণ করিতে লাগিলেন ॥৬৮॥

তৎপরে মহাক্রুদ্ধ ভীম হস্তযুগলদ্বারা অত্যন্ত পীড়ন করিয়া জটাসুরের সমস্ত অঙ্গ চূর্ণ (ছেঁচে) করিলেন ॥৬৯॥

তখনও জটাসুর ওষ্ঠ দংশন করিতেছিল এবং তাহার নয়ন ঘুরিতেছিল; এই অবস্থায় ভীম অরত্নির (কনুইয়ের) আঘাত করিয়া করিয়া বৃন্তচ্যুত ফলের ন্যায় তাহার মস্তকটা দেহ হইতে অপহরণ করিলেন ॥৭০॥

(৬৯) পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি। (৭১)…ভীমসেনবলাহৃতম্—বা ব কা পি।

তং নিহত্য মহেষাসো যুধিষ্ঠিরমুপাগমৎ।
স্তূয়মানো দ্বিজাগ্র্যৈস্তু মরুদ্ভিরিব বাসবঃ ॥৭২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি জটাসুরবধে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

(৯। যক্ষযুদ্ধপর্ব্ব।)

একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

নিহতে রাক্ষসে তস্মিন্ পুনর্নারায়ণাশ্রমম্।
অভ্যেত্য রাজা কৌন্তেয়ো নিবাসমকরোৎ প্রভুঃ ॥১॥
স সমানীয় তান্ সর্ব্বান্ ভ্রাতৄনিত্যব্রবীদ্বচঃ।
দ্রৌপদ্যা সহিতান্ কালে সংস্মরন্ ভ্রাতরং জয়ম্ ॥২॥

ভারতকৌমুদী

তমিতি। মহেষাসো মহাধনুর্দ্ধরো ভীমঃ। দ্বিজাগ্র্যৈস্তদানীং তত্রাগতৈঃ মার্কণ্ডেয়াদিভিঃ ॥৭২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি জটাসুরবধে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

নিহত ইতি। রাজা সহচরবর্গসমেত এবেতি বোধ্যম্। প্রভুঃ প্রভাববান্ ॥১॥

স ইতি। কালে একাদশবর্ষে। জয়ম্ অর্জ্জুনম্ ॥২॥

ক্রমে ভীমসেনের বলে পৃথক্ কৃত, রক্তলিপ্ত এবং ওষ্ঠদংশনকারী জটাসুরের মস্তকটা ভূতলে পতিত হইল ॥৭১॥

এইভাবে মহাধনুর্দ্ধর ভীমসেন জটাসুরকে বধ করিয়া যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইলেন; তখন দেবতারা যেমন ইন্দ্রের স্তব করেন, তেমন সহচর ব্রাহ্মণেরা ভীমের স্তব করিতে লাগিলেন ॥৭২॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—জটাসুর নিহত হইলে; কুন্তীনন্দন প্রভাবশালী রাজা যুধিষ্ঠির (সহচরগণের সহিত) পুনরায় বদরিকাশ্রমে আসিয়া বাস করিতে লাগিলেন ॥১॥

* '…সপ্তপঞ্চাশদধিক'—নী ব কা পি, '…অষ্টপঞ্চাশদধিক'—নি।

(১) নিহতে রাক্ষসে রাজন্!—পি।

সমাশ্চতস্রোঽভিগতাঃ শিবেন চরতাং বনে।
কৃতোদ্দেশস্তু বীভৎসুঃ পঞ্চমীমভিতঃ সমাম্ ॥৩॥
প্রাপ্য পর্ব্বতরাজানং শ্বেতং শিখরিণাং বরম্।
পুষ্পিতৈর্দ্রুমষণ্ডৈশ্চ মত্তকোকিলষট্‌পদৈঃ ॥৪॥
ময়ূরৈশ্চাতকৈশ্চাপি নিত্যোৎসববিভূষিতম্।
ব্যাঘ্রৈর্ব্বরাহৈর্মহিষৈর্গবয়ৈর্হরিণৈস্তথা ॥৫॥
শ্বাপদৈর্ব্যালরূপৈশ্চ রুরুভিশ্চ নিষেবিতম্।
ফুল্লৈঃ সহস্রপত্রৈশ্চ শতপত্রৈস্তথোৎপলৈঃ ॥৬॥
প্রফুল্লৈঃ কমলৈশ্চৈব তথা নীলোৎপলৈরপি।
মহাপুণ্যং পবিত্রঞ্চ সুরাসুরনিষেবিতম্ ॥৭॥ (কুলকম্)

ভারতকৌমুদী

সমা ইতি। বনে চরতামস্মাকমিতি শেষঃ, চতস্রঃ, সমা বৎসরাঃ, শিবেন মঙ্গলেন, অভিগতাঃ অতীতাঃ, সম্প্রতি পঞ্চমো বৎসরো বর্ত্তত ইতি ভাবঃ। কিন্তু বীভৎসুরর্জ্জুনঃ, পঞ্চমীং সমাং বৎসরম্, অভিতঃ পঞ্চমবৎসরপূর্ত্তিসমীপ ইত্যর্থঃ, কৃত উদ্দেশঃ অস্মাভিঃ সহ সম্মেলননির্দ্দেশো যেন স তাদৃশ আসীৎ। "সমীপোভয়তঃশীঘ্রসাকল্যাভিমুখেঽভিতঃ" ইত্যমরঃ। "ভসোভয়াভিপরিসর্বৈঃ" ইতি দ্বিতীয়া। কুত্র স্থানে সম্মেলননির্দ্দেশঃ কৃত ইত্যাহ প্রাপ্যেতি। শ্বেতং কৈলাসম্। দ্রুমাণাং ষণ্ডৈঃ সমূহৈর্বিশিষ্টম্, মত্তাঃ কোকিলাঃ ষট্‌পদা ভ্রমরাশ্চ যেষু তৈঃ। নিত্যোৎসবো দেবাদীনাম্। ব্যালরূপৈর্হিংস্রৈঃ। রুরুভিঃ মৃগবিশেষৈঃ। কমলৈঃ পদ্মৈঃ ॥৩—৭॥

একদা তিনি অর্জ্জুনকে স্মরণ করিয়া দ্রৌপদীর সহিত সকল ভ্রাতাকে আনয়নপূর্ব্বক এই কথা বলিলেন—॥২॥

বনবাসী অবস্থায় আমাদের চারি বৎসর নির্ব্বিঘ্নে অতীত হইয়া গিয়াছে, (সম্প্রতি পঞ্চম বৎসর চলিতেছে)। কিন্তু অর্জ্জুন যাইবার সময়ে বলিয়া গিয়াছিলেন যে, পঞ্চম বৎসর পূর্ণ হইবার সময়ে কৈলাসপর্ব্বতে আসিয়া আমি আপনাদের সহিত মিলিত হইব; যে কৈলাসপর্ব্বত—পর্ব্বতের রাজা, পর্ব্বতের শ্রেষ্ঠ, সর্ব্বদা উৎসবপূর্ণ, মহাপুণ্য, পরম পবিত্র এবং দেবাসুরগণের সেবনস্থান; আর যে কৈলাসপর্ব্বতে পুষ্পসমন্বিত এবং মত্ত কোকিল ও মত্ত ভ্রমরগণে পরিপূর্ণ বৃক্ষসমূহ রহিয়াছে; ময়ূর, চাতক, ব্যাঘ্র, বরাহ, মহিষ, গবয়, হরিণ, হিংস্র জন্তু ও রুরুহরিণ বিচরণ করে; আর, প্রস্ফুটিত সহস্রদল ও শতদল পদ্ম এবং উৎপল ও নীলোৎপল শোভিত থাকে' ॥৩—৭॥

তত্রাপি চ কৃতোদ্দেশঃ সমাগমদিদৃক্ষুভিঃ।
কৃতশ্চ সময়স্তেন পার্থেনামিততেজসা।
পঞ্চ বর্ষাণি বৎস্যামি বিদ্যার্থীতি পুরা ময়ি ॥৮॥
তত্র গাণ্ডীবধন্বানমবাপ্তাস্ত্রমরিন্দমম্।
দেবলোকাদিমং লোকং দ্রক্ষ্যামঃ পুনরাগতম্ ॥৯॥
ইত্যুক্ত্বা ব্রাহ্মণান্ সর্ব্বানামন্ত্রয়ত পাণ্ডবঃ।
কারণঞ্চৈব তত্তেষামাচচক্ষে তপস্বিনাম্ ॥১০॥
তানুগ্রতপসঃ প্রীতান্ কৃত্বা পার্থান্ প্রদক্ষিণম্।
ব্রাহ্মণাস্তেঽন্বমোদন্ত শিবেন কুশলেন চ ॥১১॥

ভারতকৌমুদী

তত্রেতি। সমাগমম্ অর্জ্জুনাগমনং দিদৃক্ষুভির্দ্রষ্টুমিচ্ছুভিরস্মাভিরপি, তত্র চ কৈলাস-পর্ব্বত এব, কৃত উদ্দেশো গমননির্দ্দেশো যস্মৈ স তথোক্তঃ অর্জ্জুন আসীদিতি শেষঃ। কিঞ্চ পুরা, ময়ি মৎসমীপে, অমিততেজসা তেন পার্থেনার্জ্জুনেন অহং বিদ্যার্থী সন্, পঞ্চ বর্ষাণি স্বর্গে বৎস্যামি, ইতি সময়ঃ শপথঃ কৃতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

তত্রেতি। তত্র কৈলাসপর্ব্বতে, গাণ্ডীবধন্বানমর্জ্জুনম্, অবাপ্তাস্ত্রং লব্ধদেবাস্ত্রম্ ॥৯॥

ইতীতি। কারণম্ অর্জ্জুনদর্শনরূপং কৈলাসপর্ব্বতগমনে হেতুম্ ॥১০॥

তানিতি। শিবেন নির্বিঘ্নেন, কুশলেন চ তত্র গচ্ছতেত্যন্বমোদন্ত ॥১১॥

ভারতভাবদীপঃ

নিহত ইতি ॥১॥ জয়মর্জ্জুনম্ ॥২॥ কৃতোদ্দেশঃ পঞ্চমে বর্ষে ময়াবশ্যমাগন্তব্যমিতি কৃতসঙ্কেতঃ ॥৩॥ শ্বেতং কৈলাসম্ ॥৪—৭॥ তত্রাপি দেশে অস্মাভিরিতি শেষঃ। উদ্দেশঃ

আমরাও অর্জ্জুনের আগমন দেখিবার ইচ্ছায় তখন তাঁহার নিকট বলিয়া ছিলাম যে—'আমরাও সেইখানেই যাইব।' পূর্ব্বে অমিততেজা অর্জ্জুনও আমার নিকট এইরূপ শপথ করিয়াছিলেন যে—'আমি অস্ত্রশিক্ষার জন্য পাঁচ বৎসর স্বর্গে বাস করিব' ॥৮॥

অতএব শত্রুবিজয়ী অর্জ্জুন দেবতাস্ত্র সকল লাভ করিয়া দেবলোক হইতে পুনরায় এই মর্ত্যলোকে আসিবেন; তাহা আমরা সেইখানেই দেখিব' ॥৯॥

এই কথা বলিয়া যুধিষ্ঠির সমস্ত ব্রাহ্মণকে আহ্বান করিলেন এবং সেই তপস্বীদের নিকটে কৈলাসগমনের সেই কারণ বলিলেন ॥১০॥

তখন সেই উগ্রতপা ব্রাহ্মণেরা আনন্দিতচিত্ত পাণ্ডবগণকে প্রদক্ষিণ করিয়া অনুমোদন করিলেন যে—'আপনারা নির্বিঘ্নে ও কুশলে গমন করুন ॥১১॥

---

(৮)…বিদ্যার্থীতি পুরন্দরে—পি। (৯) অত্র গাণ্ডীবধন্বানম্—বা ব কা নি।
(১১)…কৃত্বা পার্থাঃ প্রদক্ষিণম্—বা ব কা।

সুখোদর্কমিমং ক্লেশমচিরাত্তরতর্ষভ !।
ক্ষত্রধর্ম্মেণ ধর্ম্মজ্ঞ ! তীর্ত্ত্বা গাং পালয়িষ্যসি ॥১২॥
তত্তু রাজা বচস্তেষাং প্রতিগৃহ্য তপস্বিনাম্।
প্রতস্থে সহ বিপ্রৈস্তৈর্ভ্রাতৃভিশ্চ পরন্তপঃ ॥১৩॥
দ্রৌপদ্যা সহিতঃ শ্রীমান্ হৈড়িম্বেয়াদিভিস্তদা।
রাক্ষসৈরনুযাতো বৈ লোমশেনাভিরক্ষিতঃ ॥১৪॥ (যুগ্মকম্)
ক্বচিৎ পদ্ভ্যাং ততোঽগচ্ছদ্রাক্ষসৈরুহ্যতে ক্বচিৎ।
তত্র তত্র মহাতেজা ভ্রাতৃভিঃ সহ সুব্রতঃ ১৫॥
ততো যুধিষ্ঠিরো রাজা বহূন্ ক্লেশান্ বিচিন্তয়ন্।
সিংহব্যাঘ্রগজাকীর্ণামুদীচীং প্রযযৌ দিশম্ ॥১৬॥
অবেক্ষমাণঃ কৈলাসং মৈনাকঞ্চৈব পর্বতম্।
গন্ধমাদনপাদাংশ্চ শ্বেতঞ্চাপি শিলোচ্চয়ম্ ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সুখেতি। সুখমেব উদর্কো ভাবি ফলং যস্য তম্। গাং পৃথিবীম্ ॥১২॥
তদিতি। রাজা যুধিষ্ঠিরঃ। হৈড়িম্বেয়াদিভির্ঘটোৎকচপ্রভৃতিভিঃ ॥১৩—১৪॥
ক্বচিদিতি। সুব্রতঃ সম্যক্শাস্ত্রবিহিতনিয়মশালী যুধিষ্ঠিরঃ ॥১৫॥
তত ইতি। বিচিন্তয়ন্ অনুভবন্। শিলোচ্চয়ং প্রস্তরসমূহম্ ॥১৬—১৭॥

এবং ধর্ম্মজ্ঞ ভরতশ্রেষ্ঠ ! আপনি অচিরকাল মধ্যে ভাবি-সুখজনক এই ক্লেশ হইতে উত্তীর্ণ হইয়া ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে পৃথিবী পালন করিবেন' ॥১২॥

তখন শত্রুবিজয়ী যুধিষ্ঠির তপস্বিগণের সেই কথা স্বীকার করিয়া সেই ব্রাহ্মণগণ, ভ্রাতৃগণ ও দ্রৌপদীর সহিত তথা হইতে প্রস্থান করিলেন ; তখন ঘটোৎকচপ্রভৃতি রাক্ষসগণ তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল এবং লোমশমুনিও তাঁহার রক্ষায় প্রবৃত্ত থাকিয়া তাঁহার সঙ্গে সঙ্গে চলিলেন ॥১৩ ১৪॥

তাহার পর মহাতেজা ও শাস্ত্রীয়-নিয়মানুসারী রাজা যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত সেই সেই পথে কোথাও পদব্রজে গমন করিতে লাগিলেন, কোথাও বা রাক্ষসেরা তাঁহাদিগকে বহন করিতে থাকিল ॥১৫॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির কৈলাস ও মৈনাকপর্ব্বত, গন্ধমাদনের সন্নিহিত পর্ব্বত সকল এবং শুভ্রবর্ণ প্রস্তরসমূহ দর্শন ও বহুতর ক্লেশ অনুভব করিতে থাকিয়া সিংহ, ব্যাঘ্র ও হস্তিসমূহে পরিপূর্ণ উত্তর দিকে গমন করিলেন ॥১৬-১৭॥

(১৪) পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি।

উপর্য্যুপরি শৈলানাং বহ্বীশ্চ সরিতঃ শিবাঃ।
পৃষ্ঠং হিমবতঃ পুণ্যং যযৌ সপ্তদশেঽহনি ॥১৮॥
দদৃশুঃ পাণ্ডবা রাজন্! গন্ধমাদনমন্তিকাৎ।
পৃষ্ঠে হিমবতঃ পুণ্যে নানাদ্রুমলতাবৃতে ॥১৯॥
সলিলাবর্ত্তসঞ্জাতৈঃ পুষ্পিতৈশ্চ মহীরুহৈঃ।
সমাবৃতং পুণ্যতমমাশ্রমং বৃষপর্ব্বণঃ ॥২০॥ (যুগ্মকম্)
তমুপাগম্য রাজর্ষিং ধর্ম্মাত্মানমরিন্দমাঃ।
পাণ্ডবা বৃষপর্ব্বাণমবন্দন্ত গতক্লমাঃ ॥২১॥
অভ্যনন্দৎ স রাজর্ষিঃ পুত্রবদ্ভরতর্ষভান্।
পূজিতাশ্চাবসংস্তত্র সপ্তরাত্রমরিন্দমাঃ ॥২২॥
অষ্টমেঽহনি সংপ্রাপ্তে তমৃষিং লোকবিশ্রুতম্।
আমন্ত্র্য বৃষপর্ব্বাণং প্রস্থানং প্রত্যরোচয়ন্ ॥২৩॥

ভারতকৌমুদী

উপর্য্যুপরীতি। শিবা জলগুণেন মঙ্গলজনিকাঃ সরিতঃ, অতিক্রম্যেতি শেষঃ ॥১৮॥

দদৃশুরিতি। গন্ধমাদনমন্তিকাৎ তৎসমীপে। সলিলস্যাবর্ত্তেনাগমেন সঞ্জাতৈঃ ॥১৯—২০॥

তমিতি। গতক্লমা বিশ্রামকরণেনৈব তিরোহিতপরিশ্রমাঃ ॥২১॥

অভীতি। অভ্যনন্দৎ আপ্রিয়ত। পূজিতা অতিথিসৎকারেণ সম্মানিতাঃ ॥২২॥

অষ্টম ইতি। সম্প্রাপ্তে উপস্থিতে। প্রত্যরোচয়ন্ কর্ত্তুমৈচ্ছন্ ॥২৩॥

তাহার পর তিনি পর্ব্বতসমূহের নিকটে নিকটে মঙ্গলজনক বহুতর নদী অতিক্রম করিয়া করিয়া সপ্তদশ দিবসে পবিত্র হিমালয়ের উপরে গমন করিলেন ॥১৮॥

রাজা! তদনন্তর পাণ্ডবেরা গন্ধমাদনপর্ব্বতের নিকটে নানাবিধ বৃক্ষলতায় আবৃত ও পবিত্র হিমালয়ের উপরে অতিপবিত্র বৃষপর্ব্বামুনির আশ্রম দর্শন করিলেন; সে আশ্রমটী—জলসেকসমুৎপন্ন ও পুষ্পসমন্বিত বহুতর বৃক্ষে আবৃত ছিল ॥১৯—২০॥

তৎপরে শত্রুবিজয়ী পাণ্ডবগণ বিশ্রাম করিয়া সেই ধর্ম্মাত্মা রাজর্ষি বৃষপর্ব্বার নিকট উপস্থিত হইয়া তাঁহাকে নমস্কার করিলেন ॥২১॥

তখন রাজর্ষি বৃষপর্ব্বা পাণ্ডবগণকে পুত্রের ন্যায় আদর করিলেন; তদনন্তর শত্রুবিজয়ী পাণ্ডবেরা সেই আশ্রমে সম্মানিতভাবে সাত দিন বাস করিলেন ॥২২॥

(১৮) উপর্য্যুপরি শৈলস্য—বা ব কা।

একৈকশশ্চ তান্ বিপ্রান্ নিবেদ্য বৃষপর্ব্বণি।
ন্যাসভূতান্ যথাকালে বন্ধূনিব সুসংকৃতান্ ॥২৪॥
পারিবর্হঞ্চ তং শেষং পরিদায় মহাত্মনে।
ততস্তে যজ্ঞপাত্রাণি শুভান্যাভরণানি চ।
ন্যদধুঃ পাণ্ডবাস্তস্মিন্নাশ্রমে বৃষপর্ব্বণঃ ॥২৫॥ (যুগ্মকম্)
অতীতানাগতে বিদ্বান্ কুশলঃ সর্ব্বধর্ম্মবিৎ।
অন্বশাসৎ স ধর্ম্মজ্ঞঃ পুত্রবদ্ভরতর্ষভান্ ॥২৬॥
তেঽনুজ্ঞাতা মহাত্মানঃ প্রযযুর্দিশমুত্তরাম্।
তান্ প্রস্থিতানভ্যগচ্ছদ্বৃষপর্ব্বা মহামতিঃ ॥২৭॥
উপন্যস্য মহাতেজা বিপ্রেভ্যঃ পাণ্ডবাংস্তদা।
অনুসংসার্য্য কৌন্তেয়ানাশীভিরভিনন্দ্য চ।
বৃষপর্ব্বা নিববৃতে পন্থানমুপদিশ্য চ ॥২৮॥

ভারতকৌমুদী

একেতি। নিবেদ্য বিজ্ঞাপ্য। পারিবর্হং পরিচ্ছদম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪—২৫॥

অতীতেতি। অতীতানাগতে কালে, বিদ্বান সর্ব্বং জানন্। অন্বশাসৎ উপদিষ্টবান্ ॥২৬॥

ত ইতি। তে পাণ্ডবাঃ। অভ্যগচ্ছৎ কিয়দ্দূরমন্বগচ্ছৎ, শেষোদিত্যাশয়ঃ ॥২৭॥

উপেতি। উপন্যস্য সমর্প্য, বিপ্রেভ্যস্তৎসহচরেভ্যঃ। অনুসংসার্য্য সম্প্রেষ্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

কুতঃ। সন্ধিরার্ষঃ ॥৮—১১॥ স্বপোদর্কং স্বপোদয়ম্ ॥১২—১৬॥ শ্বেতং হিমাচলম্ ॥১৭—২৭॥

অষ্টমদিন প্রভাতকালে পাণ্ডবেরা জগদ্বিখ্যাত সেই বৃষপর্ব্বামুনির নিকট অনুমতি লইয়া প্রস্থান করিবার ইচ্ছা করিলেন ॥২৩॥

তৎপরে পাণ্ডবেরা, ন্যাসভূত (গচ্ছিত) বন্ধুর ন্যায় সমাদৃত সেই সহচর ব্রাহ্মণগণের এক এক জনকে বৃষপর্ব্বার নিকটে পরিচিত করাইয়া দিয়া এবং সেই মহাত্মার নিকট অবশিষ্ট পরিচ্ছদ সমর্পণ করিয়া সেই বৃষপর্ব্বারই আশ্রমে যথাসময়ে মঙ্গলময় যজ্ঞপাত্র ও আভরণ সকল রাখিয়া দিলেন ॥২৪—২৫॥

তখন কার্য্যনিপুণ, সর্ব্বধর্ম্মজ্ঞ, ন্যায়বিৎ এবং ভূত-ভবিষ্যতের সমস্ত বেত্তা বৃষপর্ব্বামুনি পাণ্ডবগণকে পুত্রের ন্যায় উপদেশ দিলেন ॥২৬॥

তদনন্তর মহাত্মা পাণ্ডবগণ বৃষপর্ব্বার অনুমতিক্রমে উত্তর দিকে প্রস্থান করিলেন; তখন মহামতি বৃষপর্ব্বাও কিছু দূর তাঁহাদের অনুগমন করিলেন ॥২৭॥

(২৫)…ন্যদধুঃ পাণ্ডবা রাজন্।—বা ব কা নি।

নানামৃগগণৈর্জুষ্টং কৌন্তেয়ঃ সত্যবিক্রমঃ।
পদাতির্ভ্রাতৃভিঃ সার্দ্ধং প্রাতিষ্ঠত যুধিষ্ঠিরঃ ॥২৯॥
নানাক্রমবিচিত্রেষু বসন্তঃ শৈলসানুষু।
পর্বতং বিবিশুঃ শ্বেতং চতুর্থেঽহনি পাণ্ডবাঃ ॥৩০॥
মহাভ্রঘনসঙ্কাশং সলিলোপহিতং শুভম্।
মণিকাঞ্চনরূপ্যস্য শিলানাঞ্চ সমুচ্চয়ম্ ॥৩১॥ (যুগ্মকম্)
তে সমাসাদ্য পন্থানং যথোক্তং বৃষপর্বণা।
অনুসস্রুর্যথোদ্দেশং পশ্যন্তো বিবিধান্ নগান্ ॥৩২॥
উপর্য্যুপরি শৈলস্য গুহাঃ পরমদুর্গমাঃ।
সুদুর্গমাংস্তেষু বহূন্ সুখেনৈবাভিচক্রমুঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

নানেতি। নানামৃগগণৈর্বহুবিধপশুভিঃ, জুষ্টং সেবিতম্। পদাতিঃ পাদচারী ॥২৯॥

নানেতি। শ্বেতং কৈলাসম্। মহান্তৌ যৌ অভ্রঘনৌ ধাতুবিশেষ-নির্জ্জলমেঘৌ তয়োঃ সঙ্কাশং তুল্যম্, সলিলোপহিতং জলযুক্তম্। সমুচ্চয়ং সমূহভূতম্ ॥৩০—৩১॥

ত ইতি। অনুসস্রুঃ অনুজগ্মুঃ, যথোদ্দেশং যথাস্থানম্, নগান্ বৃক্ষান্ ॥৩২॥

উপরীতি। সুদুর্গমান্ পথঃ, তেষু তদ্গুহাতীরদেশেষু। অভিচক্রমুঃ জগ্মুঃ ॥৩৩॥

তাহার পর মহাতেজা বৃষপর্ব্বামুনি (পাণ্ডবগণেরই সহচর) ব্রাহ্মণগণের নিকটে পাণ্ডবগণকে সমর্পণ করিয়া, পথের কথা বলিয়া দিয়া, আশীর্ব্বাদ দ্বারা অভিনন্দিত করিয়া এবং বিদায় দিয়া নিজে নিবৃত্ত হইলেন ॥২৮॥

যথার্থপরাক্রমশালী কুন্তীনন্দন যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত পদব্রজেই প্রস্থান করিলেন; সে পথে নানাবিধ পশু বিচরণ করিতেছিল ॥২৯॥

পাণ্ডবগণ নানাবিধ বৃক্ষে বিচিত্র পার্ব্বত্য সমতলভূমিতে বাস করিয়া করিয়া চতুর্থ দিনে কৈলাসপর্ব্বতে যাইয়া প্রবেশ করিলেন; সেই মঙ্গলময় কৈলাসপর্ব্বত—বিশাল অভ্র (ধাতুবিশেষ) ও জলশূন্য মেঘের ন্যায় বিরাজ করিতেছিল এবং তাহাতে জল, মণি, স্বর্ণ, রৌপ্য ও প্রস্তরসমূহ ছিল ॥৩০-৩১॥

পাণ্ডবেরা বৃষপর্ব্বমুনিকথিত পথ ধরিয়া যথাস্থানে নানাবিধ বৃক্ষ দর্শন করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥৩২॥

পর্ব্বতের নিকটে নিকটে অতিদুর্গম গুহাসমূহ ছিল; এবং সেগুলির তীর দিয়া আরও অতিদুর্গম বহুতর পথ ছিল; কিন্তু পাণ্ডবেরা অনায়াসেই সে সকল পথে গমন করিতে লাগিলেন ॥৩৩॥

(৩০) নানাক্রমনিরোধেষু—বা ব কা নি।

ধৌম্যঃ কৃষ্ণা চ পার্থাশ্চ লোমশশ্চ মহানৃষিঃ।
অগচ্ছন্ সহিতাস্তত্র ন কশ্চিদবহীয়তে ॥৩৪॥
তে মৃগদ্বিজসংঘুষ্টং নানাদ্রুমলতাযুতম্।
শাখামৃগগণৈশ্চৈব সেবিতং সুমনোহরম্ ॥৩৫॥
পুণ্যং পদ্মসরোযুক্তং সপল্বলমহাবনম্।
উপতস্থুর্ম্মহাভাগা মাল্যবন্তং মহাগিরিম্ ॥৩৬॥ (যুগ্মকম্)
ততঃ কিম্পুরুষাবাসং সিদ্ধচারণসেবিতম্।
দদৃশুর্হৃষ্টরোমাণঃ পর্ব্বতং গন্ধমাদনম্ ॥৩৭॥
বিদ্যাধরানুচরিতং কিন্নরীভিস্তথৈব চ।
গজসংঘসমাবাসং সিংহব্যাঘ্রগণাযুতম্।
শরভোন্নাদসংঘুষ্টং নানামৃগনিষেবিতম্ ॥৩৮॥ (যুগ্মকম্)
তে গন্ধমাদনবনং তন্নন্দনবনোপমম্।
মুদিতাঃ পাণ্ডুতনয়া মনোহৃদয়নন্দনম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

ধৌম্য ইতি। কৃষ্ণা দ্রৌপদী, পার্থাঃ পাণ্ডবাঃ। অবহীয়তে সংঘচ্যুতোঽভবৎ ॥৩৪॥

ত ইতি। মৃগদ্বিজসংঘুষ্টং পশুপক্ষিশব্দিতম্। শাখামৃগগণৈর্বানরসমূহৈঃ। পদ্মৈঃ ক্ষুদ্রসরোভির্মহাবনৈশ্চ সহিতং তম্। মাল্যবন্তং নাম ॥৩৫—৩৬॥

যুগ্মকেন গন্ধমাদনদর্শনমাহ তত ইতি। হৃষ্টরোমাণ আশ্চর্য্যদর্শনেন রোমাঞ্চিতদেহাঃ। তথৈব অনুচরিতমিত্যর্থঃ। শরভাণাং ভীষণহিংস্রজন্তুবিশেষাণাম্ উন্নাদেন উচ্চগর্জ্জনেন সংঘুষ্টং শব্দিতম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭—৩৮॥

ধৌম্য, দ্রৌপদী, পাণ্ডবগণ ও মহর্ষি লোমশ—ইঁহারা মিলিত হইয়া সে পথে গমন করিতে লাগিলেন, কিন্তু কেহই সংঘচ্যুত হইলেন না ॥৩৪॥

ক্রমে সেই মহাত্মারা 'মাল্যবান্'-নামক মহাপর্ব্বতে যাইয়া উপস্থিত হইলেন; সেই পর্ব্বতে পশু পক্ষী সকল রব করিতেছিল, নানাবিধ বৃক্ষ ও লতা ছিল, বানরগণ বিচরণ করিতেছিল এবং পদ্মময় পবিত্র সরোবর, ক্ষুদ্র জলাশয় ও বিশাল বন ছিল ॥৩৫—৩৬॥

সেই মাল্যবান্ পর্ব্বত হইতেই পাণ্ডবেরা গন্ধমাদনপর্ব্বত দর্শন করিলেন এবং তাহার আশ্চর্য্যদর্শনে তাঁহাদের শরীর রোমাঞ্চিত হইল। কারণ, সে পর্ব্বতে কিন্নর, কিন্নরী, সিদ্ধ ও চারণগণ বাস করে, বিদ্যাধরগণ বিচরণ করে এবং সিংহ, ব্যাঘ্র, হস্তী ও নানাবিধ মৃগ অবস্থান করে, আর শরভের (ভীষণ অষ্টপদ-হিংস্রজন্তুবিশেষের) গর্জ্জন হইয়া থাকে ॥৩৭—৩৮॥

বিবিশুঃ ক্রমশো বীরাঃ শরণ্যং শুভকাননম্।
দ্রৌপদীসহিতা বীরাস্তৈশ্চ বিপ্রৈর্মহাত্মভিঃ ॥৪০॥
শৃণ্বন্তঃ প্রীতিজননান্ বল্গূন্ মদকলান্ শুভান্।
শ্রোত্ররম্যান্ সুমধুরান্ শব্দান্ খগমুখেরিতান্ ॥৪১॥
সর্ব্বর্ত্তুফলভারাঢ্যান্ সর্ব্বর্ত্তুকুসুমোজ্জ্বলান্।
পশ্যন্তঃ পাদপাংশ্চাপি ফলভারাবনামিতান্ ॥৪২॥
আম্রানাম্রাতকান্ ভব্যান্ নারিকেলান্ সতিন্দুকান্।
মুঞ্জাতকাংস্তথা জীবান্ দাড়িমান্ বীজপূরকান্ ॥৪৩॥
পনসাল্লকুচান্ মোচান্ খর্জ্জুরানম্লবেতসান্।
পারাবতাংস্তথা ক্ষৌদ্রান্ নীপাংশ্চাপি মনোরমান্ ॥৪৪॥
বিল্বান্ কপিত্থান্ জম্বূংশ্চ কাশ্মরীর্ব্বদরীস্তথা।
প্লক্ষোদুম্বরবটানশ্বত্থান্ ক্ষীরিকাংস্তথা ॥৪৫॥
ভল্লাতকানামলকীর্হরীতকবিভীতকান্।
ইঙ্গুদান্ করমর্দ্দাংশ্চ তিন্দুকাংশ্চ মহাফলান্ ॥৪৬॥

ভারতকৌমুদী

চতুর্দ্দশভিঃ কুলকেন গন্ধমাদনবনপ্রবেশমাহ ত ইতি। মনোহৃদয়য়োর্নন্দনম্ আনন্দজনকম্। মনোহৃদয়য়োর্বৃত্তিভেদাদ্ভেদো বেদান্তসারাদৌ দ্রষ্টব্যঃ। শুভং কাননং সুন্দরং যত্র তৎ। বল্গূন্ সুন্দরান্। অম্লিকাম্রাতকাংশ্চ। ভব্যান্ পথিকাদীনাং মঙ্গলকরানিতি নারিকেলবিশেষণম্। মোচান্ কদলীবৃক্ষান্। কাশ্মরীর্গম্ভারীবৃক্ষান্। প্লক্ষান্ পর্কটীবৃক্ষান্। ফলভেদাত্তিন্দুকভেদ ইতি ন পৌনরুক্ত্যম্। অতএব মহাফলানিতি বিশেষণম্।

ক্রমে সেই মহাবীর পাণ্ডবগণ—দ্রৌপদী ও সেই মহাত্মা ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া আনন্দিতচিত্তে গন্ধমাদনপর্ব্বতের বনের ভিতরে যাইয়া প্রবেশ করিলেন; সে বনটী নন্দনবনের ন্যায় মন ও চিত্তের আনন্দজনক এবং বাসের যোগ্য ছিল, আর তাহার ভিতরে ক্ষুদ্র ক্ষুদ্র ও সুন্দর সুন্দর বিভিন্ন বন ছিল। প্রবেশ করিবার সময়ে তাঁহারা আনন্দজনক, সুন্দর, অস্পষ্ট, শুভসূচক, কর্ণহারী ও সুমধুর পক্ষিরব শুনিতেছিলেন এবং সকল ঋতুর ফলসমূহসম্পন্ন, সকল ঋতুর কুসুমশোভিত এবং ফলভারে অবনত নানাবিধ বৃক্ষ ও লতা দর্শন করিতেছিলেন। সেই সকল বৃক্ষের নাম—আম, আমড়া, উত্তম নারিকেল, গাব, মুঞ্জাতক, জীবক, দাড়িম, বীজপূরক, কাঁঠাল, ডহুয়া, কদলী, খর্জ্জুর, অম্লবেতস (অম্লকুচাই), পারাবত, চম্পক, সুন্দর সুন্দর কদম্ব, বিল্ব, কপিত্থ,

(৪৩) আম্রানাম্রাতকান্ ফুল্লান্—নি। (৪৪) পনসাল্লকুচান্ মোচাঃ—নি।

এতানন্যাংশ্চ বিবিধান্ গন্ধমাদনসানুষু।
ফলৈরমৃতকল্পৈস্তানাচিতান্ স্বাদুভিস্তরূন্ ॥৪৭॥
তথৈব চম্পকাশোকান্ কেতকান্ বকুলাংস্তথা।
পুন্নাগান্ সপ্তপর্ণাংশ্চ কর্ণিকারান্ সকেতকান্ ॥৪৮॥
পাটলাঃ কুটজান্ রম্যান্ মন্দারেন্দীবরাংস্তথা।
পারিজাতান্ কোবিদারান্ দেবদারুদ্রুমাংস্তথা ॥৪৯॥
শালাংস্তালাংস্তমালাংশ্চ পিপ্পলানিঙ্গুদাংস্তদা।
শাল্মলীঃ কিংশুকাশোকান্ শিংশপাঃ সরলাংস্তথা ॥৫০॥
চকোরৈঃ শতপত্রৈশ্চ ভৃঙ্গরাজৈস্তথা শুকৈঃ।
কোকিলৈঃ কলবিঙ্কৈশ্চ হারীতৈর্জীবজীবকৈঃ ॥৫১॥
প্রিয়কৈশ্চাতকৈশ্চৈব তথান্যৈর্বিবিধৈঃ খগৈঃ।
শ্রোত্ররম্যং সুমধুরং কূজদ্ভিশ্চাপ্যধিষ্ঠিতান্ ॥৫২॥ (কুলকম্)
সরাংসি চ মনোজ্ঞানি সমন্তাজ্জলচারিভিঃ।
কুমুদৈঃ পুণ্ডরীকৈশ্চ তথা কোকনদোৎপলৈঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

আচিতান্ ব্যাপ্তান্। পুষ্পাদিভেদাৎ কেতকস্যাপি দ্বৈবিধ্যমতঃ সকেতকানিতি পুনরুক্তম্। মন্দরা মন্দারাঃ। শ্বেতরক্তভেদেনাশোকভেদঃ। ইঙ্গুদানামপি তথৈব ভেদঃ। শতপত্রৈর্দার্ব্বাঘাটৈঃ। অধিষ্ঠিতান্ পূর্ব্বোক্তান্ পাদপান্ পশ্যন্তো বিবিশুরিতি সম্বন্ধঃ ॥৩৯—৫২॥

পঞ্চভিঃ কুলকেন সরসাং দর্শনমাহ সরাংসীতি। সরাংসি চ অপশ্যন্নিতি ব্যবহিতক্রিয়য়া

জম্বু, গম্ভারী, বদরী, পাকুড়, উডুম্বর, বট, অশ্বত্থ, ক্ষীরিক, ভল্লাতক, আমলকী, হরীতকী, বিভীতক, ইঙ্গুদী, করমর্দ্দ এবং বৃহৎ বৃহৎ ফলযুক্ত গাব, তাঁহারা গন্ধমাদনপর্ব্বতের সমতল ভূমিতে এই সকল বৃক্ষ এবং অমৃতের ন্যায় সুস্বাদু ফলযুক্ত অন্যান্য নানাবিধ বৃক্ষ দর্শন করিতে লাগিলেন। আরও দেখিলেন—চম্পক, অশোক, কেতক, বকুল, পুন্নাগ, সপ্তপর্ণ, কর্ণিকার, অন্যবিধ কেতক, পাটলা, কুটজ, মনোহর মন্দার ও ইন্দীবর, পারিজাত, কোবিদার, দেবদারু, শাল, তাল, তমাল, পিপ্পল, ইঙ্গুদী, শাল্মলী, কিংশুক, অশোক, শিংশপা ও সরল বৃক্ষ রহিয়াছে এবং সেই সকল বৃক্ষের উপরে চকোর, কুড়ুলিয়া, ভৃঙ্গরাজ, শুক, কোকিল, কলবিঙ্ক, হারীত, জীবঞ্জীবক, প্রিয়ক ও চাতকপক্ষী এবং অন্যান্য নানাবিধ পক্ষী কর্ণহারী সুমধুর রব করিতে থাকিয়া, অবস্থান করিতেছে ॥৩৯—৫২॥

তৎপরে নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা গন্ধমাদনপর্বতের সমতল ভূমিতে আরও

কহ্লারৈঃ কমলৈশ্চৈব আচিতানি সমন্ততঃ।
কাদম্বৈশ্চক্রবাকৈশ্চ কুররৈর্জলকুক্কুটৈঃ ॥৫৪॥
কারণ্ডবৈঃ প্লবৈর্হংসৈর্বকৈর্মদ্গুভিরেব চ।
এতৈশ্চান্যৈশ্চ কীর্ণানি সমন্তাজ্জলচারিভিঃ ॥৫৫॥
হৃষ্টৈস্তথা তামরস-রসাসবমদালসৈঃ।
পদ্মোদরচ্যুতরজঃকিঞ্জল্কারুণরঞ্জিতৈঃ ॥৫৬॥
মঞ্জুস্বরৈর্মধুকরৈর্বিরুতান্ কমলাকরান্।
অপশ্যংস্তে নরব্যাঘ্রা গন্ধমাদনসানুষু।
তথৈব পদ্মষণ্ডৈশ্চ মণ্ডিতাংশ্চ সমন্ততঃ ॥৫৭॥ (কুলকম্)
শিখণ্ডিনীভিঃ সহিতাল্লতামণ্ডপকেষু চ।
মেঘতূর্য্যরবোদ্দামমদনাকুলিতান্ ভৃশম্ ॥৫৮॥
কৃত্বৈব কেকামধুরং সঙ্গীতং মধুরস্বরম্।
চিত্রান্ কলাপান্ বিস্তীর্য্য সবিলাসান্ মদালসান্ ॥৫৯॥

ভারতকৌমুদী

সম্বন্ধঃ। পুণ্ডরীকৈঃ শ্বেতপদ্মৈঃ। কোকনদানি রক্তোৎপলানি। কহ্লারৈঃ সৌগন্ধিক-পদ্মৈঃ। আচিতানি ব্যাপ্তানি। কীর্ণানি ব্যাপ্তানি। তামরসানাং পদ্মানাং রসা এব আসবা মদ্যানি তৎপানানীত্যর্থঃ তৈর্যো মদস্তেন অলসৈর্নিষ্ক্রিয়ৈঃ। পদ্মোদরেভ্যশ্চ্যুতানি যানি রজাংসি পরাগাঃ কিঞ্জল্কাঃ কেশরাশ্চ তৈঃ অরুণং যথা স্যাত্তথা রঞ্জিতৈঃ। মঞ্জুস্বরৈঃ সুন্দর-স্বরৈঃ। কমলাকরান্ জলাশয়বিশেষান্। নরব্যাঘ্রাঃ পাণ্ডবাঃ। পদ্মানাং ষণ্ডৈঃ সমূহৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ।৫৩—৫৭॥

ত্রিভির্বিশেষকেণ ময়ূরদর্শনমাহ শিখেতি। শিখণ্ডিনীভির্ময়ূরীভিঃ। মেঘঃ তূর্য্যং

ভারতভাবদীপঃ

উপলভ্য নিবেদ্য, অনুসংসার্য্য অনুগম্য ॥২৮—৪৪॥ কাশ্মরী গম্ভারী, ক্ষীরিকা রাজাদনী ॥৪৫—৫৫॥ তামরসানাং রক্তোৎপলানাম্, রস এব আসবো মদ্যং তজ্জেন মদেন

দেখিলেন—বহুতর মনোজ্ঞ সরোবর এবং সকল দিকেই পদ্মসমূহশোভিত সাধারণ জলাশয় রহিয়াছে; সেগুলির সর্বত্রই জলের উপরে শ্বেতোৎপল, রক্তোৎপল, শ্বেতপদ্ম, সুরভি পদ্ম ও সাধারণ পদ্ম শোভা পাইতেছে; সেগুলির উপর দিয়া সকল দিকেই কলহংস, চক্রবাক, কুরল, পানকড়ি, কারণ্ডব, পিপ্লব, হংস, বক ও মদ্গুপক্ষী এবং অন্যান্য জলচারী পক্ষী বিচরণ করিতেছে ও মধুরস্বর ভ্রমরগণ পদ্মের মধুরূপ মদ্যপানে অলস হইয়া এবং পদ্মের পরাগ ও কেশরে রঞ্জিত থাকিয়া রব করিতেছে ॥৫৩—৫৭॥

আরও দেখিলেন—বনলোলুপ ময়ূরগণ তূর্য্য-(বাদ্য) ধ্বনির তুল্য মেঘের

ময়ূরান্ দদৃশুর্হৃষ্টান্ নৃত্যতো বনলালসান্।
কাংশ্চিৎ প্রিয়াভিঃ সহিতান্ রমমাণান্ কলাপিনঃ ॥৬০॥ (বিশেষকম্)
বল্লীলতাসঙ্কটেষু কুটজেষু স্থিতাংস্তথা।
কাংশ্চিচ্চ কুটজানাস্তু বিটপেষূৎকটানিব ॥৬১॥
কলাপরুচিরাটোপনিচিতান্ মুকুটানিব।
বিবরেষু তরূণাঞ্চ রুচিরং দদৃশুশ্চ তে ॥৬২॥ (যুগ্মকম্)
সিন্ধুবারাংস্তথোদারান্ মন্মথস্যেব তোমরান্।
সুবর্ণবর্ণকুসুমান্ গিরীণাং শিখরেষু চ ॥৬৩॥
কর্ণিকারান্ বিকসিতান্ কর্ণপূরানিবোত্তমান্।
তথাঽপশ্যন্ কুরুবকান্ বনরাজিষু পুষ্পিতান্ ॥৬৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পক্ষিবিশেষ ইব তস্য রবেণ উদ্দাম উৎকটো যো মদনস্তেন আকুলিতান্ বিহ্বলীকৃতান্। "কেকা বাণী ময়ূরস্য" ইত্যমরঃ। কলাপান্ পুচ্ছানি। কলাপিনো ময়ূরান্ ॥৫৮—৬০॥

দ্বাভ্যাং যুগ্মকেনাপরবিধময়ূরদর্শনমাহ বল্লীতি। বল্লীভিস্ত্রততিভিঃ লতাভিঃ শাখাভিশ্চ সঙ্কটেষু সঙ্কীর্ণেষু কুঞ্জবৎ পরিণতেষু স্থানেষ্বিত্যর্থঃ। "শাখালতে সমে" ইত্যমরঃ। কুটজেষু বৃক্ষেষু, স্থিতান্ ময়ূরান্। বিটপেষু উপরিস্থশাখাসু, উৎকটানিব নৃত্যোন্মুখানিব, কলাপেন পুচ্ছেন রুচিরাটোপং সুন্দরাম্বরং যথা তথা নিচিতান উপরি ব্যাপ্তান্, অতএব মুকুটানিব স্থিতান্, অপরময়ূরান্। রুচিরং সুন্দরম্ ॥৬১—৬২॥

দ্বাভ্যাং যুগ্মকেন কুসুমদর্শনমাহ সিন্ধ্বিতি। সিন্ধুবারান্ বৃক্ষবিশেষান্। তোমরান্

ভারতভাবদীপঃ

শব্দাঃ ॥৫৬॥ বিরুতান্ বিশিষ্টশব্দযুক্তান্ ॥৫৭—৬০ কুটজেষু বৃক্ষবিশেষেষু, বল্লীনাং লতাপ্রতানানি তৈঃ, সঙ্কটেষু কুঞ্জীকৃতেষু ॥৬১—৬২॥ সিন্ধুবারান্ পদ্মবিশেষান্ ॥৬৩—৬৪॥

ধ্বনি শুনিয়া প্রবল-কাম বেগে অত্যন্ত আকুল হইয়া, মধুর কণ্ঠে 'কেকা' রূপ মধুর সঙ্গীত গাহিয়া এবং মত্ততানিবন্ধন অলস, বিলাসযুক্ত ও বিচিত্র পুচ্ছ সকল প্রসারিত করিয়া, ময়ূরীগণের সহিত মিলিত হইয়া, লতামণ্ডপের ভিতরে উচ্চৈঃস্বরে নৃত্য করিতেছে, আর কতকগুলি ময়ূর প্রিয়তমাদের সহিত রমণ করিতেছে ॥৫৮—৬০॥

তৎপরে আবার দেখিলেন—কতকগুলি ময়ূর কুটজবৃক্ষের লতা ও শাখার কুঞ্জের ভিতরে রহিয়াছে, কতকগুলি ময়ূর কামোন্মত্ত হইয়া কুটজবৃক্ষের শাখায় অবস্থান করিতেছে, কতকগুলি ময়ূর আড়ম্বরের সহিত সুন্দরভাবে পুচ্ছদেশ বিস্তৃত করায় কুটজবৃক্ষগুলির মুকুটের ন্যায় শোভা পাইতেছে এবং কোন কোন ময়ূর বৃক্ষবিবরে রহিয়াছে ॥৬১—৬২॥

কামবশ্যৌৎসুক্যকরান্ কামস্যেব শরোৎকরান্।
তথৈব বনরাজীনামুদারান্ রচিতানিব ॥৬৫॥
বিরাজমানাংস্তেঽপশ্যংস্তিলকাংস্তিলকানিব।
তথানঙ্গশরাকারান্ সহকারান্ মনোরমান্ ॥৬৬॥ (যুগ্মকম্)
অপশ্যন্ ভ্রমরান্ রাজন্! মঞ্জরীভির্বিরাজিতান্।
হিরণ্যসদৃশৈঃ পুষ্পৈর্দাবাগ্নিসদৃশৈরপি ॥৬৭॥
লোহিতৈরঞ্জনাভৈশ্চ বৈদূর্য্যসদৃশৈরপি।
অতীব বৃক্ষা রাজন্তে পুষ্পিতাঃ শৈলসানুষু ॥৬৮॥ (যুগ্মকম্)
তথা শালাংস্তমালাংশ্চ পাটলান্ বকুলানপি।
মালা ইব সমাসক্তাঃ শৈলানাং শিখরেষু চ ॥৬৯॥

ভারতকৌমুদী

অস্ত্রভেদান্। সুবর্ণবর্ণানি কুসুমানি যেষাং তান্। কর্ণপূরান্ গিরীণামেব কর্ণালঙ্কারান্। অপশ্যন্, তে পাণ্ডবা ইতি শেষঃ। কুরুবকান্ পুষ্পবিশেষান্ ॥৬৩—৬৪॥

দ্বাভ্যাং যুগ্মকেন তিলকপুষ্পাম্রপুষ্পদর্শনমাহ কামেতি। কামবশ্যানাং জনানামৌৎসুক্যকরান্। শরোৎকরান্ বাণসমূহান্। বিধাত্রা রচিতান্, শ্রীণামিব বনরাজীনাম্ উদারান্ মহতঃ, তিলকান্ বিশেষকানিব, বিরাজমানান্, তিলকান্ তিলকবৃক্ষপুষ্পাণি, তথা অনঙ্গশরাকারান্ মনোরমান্ সহকারান্ আম্রপুষ্পাণি, তে পাণ্ডবা অপশ্যন্ ॥৬৫—৬৬॥

পুনর্দ্বাভ্যাং যুগ্মকেন ভ্রমরান্ বৃক্ষাংশ্চ বর্ণয়তি অপশ্যন্নিতি। হিরণ্যসদৃশৈঃ স্বর্ণবর্ণৈঃ। অঞ্জনাভৈঃ কজ্জলবর্ণৈঃ, বৈদূর্য্যসদৃশৈঃ বৈদূর্য্যমণিবৎ শ্যামবর্ণৈঃ ॥৬৭—৬৮॥

অন্য দিকে দেখিলেন—পর্ব্বতের শৃঙ্গে কামদেবের বড় বড় তোমরের (অস্ত্রবিশেষের) ন্যায় স্বর্ণবর্ণ পুষ্পশোভিত সিন্ধুবারবৃক্ষ (নিসিন্দা গাছ) রহিয়াছে এবং বনশ্রেণীর ভিতরে পর্বতেরই উত্তম উত্তম কর্ণভূষণের ন্যায় বিকসিত স্থলপদ্ম ও প্রস্ফুটিত কুরুবকপুষ্প শোভা পাইতেছে ॥৬৩—৬৪॥

তাহার পর তাঁহারা দর্শন করিলেন—কামী লোকদিগের কামোৎকণ্ঠাজনক ও কামবাণসমূহের ন্যায় এবং বিধাতৃনির্ম্মিত বনশ্রেণীর ললাটতিলকের ন্যায় বিশাল তিলকপুষ্পসমূহ ও কামবাণের তুল্য মনোহর আম্রপুষ্পসমূহ শোভা পাইতেছে ॥৬৫—৬৬॥

রাজা! তাঁহারা আরও দেখিলেন—ভ্রমরগণ পুষ্পমঞ্জরীর রেণুতে রঞ্জিত হইয়া বিচরণ করিতেছে এবং পর্বতের সমতল ভূমিতে স্বর্ণবর্ণ, অগ্নিবর্ণ, রক্তবর্ণ, কজ্জলবর্ণ ও বৈদূর্য্যমণিবর্ণ পুষ্পসমূহদ্বারা সুশোভিত বৃক্ষসকল অত্যন্ত শোভা পাইতেছে ॥৬৭—৬৮॥

(৬৭) অপশ্যন্ ভ্রমরারাবান্—বা ব কা পি।

বিমলস্ফটিকাভানি পাণ্ডুরচ্ছদনৈর্দ্বিজৈঃ।
কলহংসৈরুপেতানি সারসাভিরুতানি চ ॥৭০॥
সরাংসি বহুশঃ পার্থাঃ পশ্যন্তঃ শৈলসানুষু।
পদ্মোৎপলবিচিত্রাণি সুখস্পর্শজলানি চ ॥৭১॥
এবং ক্রমেণ তে বীরা বীক্ষমাণাঃ সমন্ততঃ।
গন্ধবন্ত্যপ মাল্যানি রসবন্তি ফলানি চ ॥৭২॥
সরাংসি চ মনোজ্ঞানি বৃক্ষাংশ্চাতিমনোরমান্।
বিবিশুঃ পাণ্ডবাঃ সর্ব্বে বিস্ময়োৎফুল্ললোচনাঃ ॥৭৩॥
কমলোৎপলকহ্লার-পুণ্ডরীকসুগন্ধিনা।
সেব্যমানা বনে তস্মিন্ সুখস্পর্শেন বায়ুনা ॥৭৪॥ (কুলকম্)
ততো যুধিষ্ঠিরো ভীমমাহেদং প্রীতিমদ্বচঃ।
অহো শ্রীমদিদং ভীম! গন্ধমাদনকাননম্ ॥৭৫॥

ভারতকৌমুদী

পুনঃ ষড়্ভিঃ কুলকেন শালবৃক্ষাদিদর্শনপূর্ব্বকং প্রবেশমাহ তথেতি। শৈলানাং শিখরেষু, সমাসক্তা মালা ইব শালাদীন্ পশ্যন্ত ইতি সম্বন্ধঃ। পাণ্ডুরচ্ছদনৈঃ শ্বেতবর্ণপক্ষৈঃ দ্বিজৈঃ পক্ষিভিঃ করণৈঃ, বিমলস্ফটিকাভানীত্যন্বয়ঃ। বহুশো বহূনি। মাল্যানি পুষ্পাণি, "মাল্যং মালাপ্রসূনয়োঃ" ইতি বিশ্বঃ। উক্তরূপেণ বায়ুনা সেব্যমানাঃ সর্ব্বে পাণ্ডবাস্তস্মিন্ বনে বিবিশুরিত্যন্বয়ঃ ॥৬৯—৭৪॥

তত ইতি। আহ ব্রবীতি স্ম। শ্রীমৎ কান্তিযুক্তম্ ॥৭৫॥

পর্ব্বতশৃঙ্গসংলগ্ন মালার ন্যায় শাল, তমাল, পাটল ও বকুলবৃক্ষ ছিল এবং শ্বেতপক্ষ পক্ষিগণ উপরে উড়িতে থাকায় নির্ম্মল স্ফটিকের ন্যায় শুভ্রবর্ণ, কলহংসযুক্ত, সারসপক্ষীর রবে মুখরিত, পদ্ম ও উৎপলসমূহ থাকায় বিচিত্র ও সুখস্পর্শ জলসমন্বিত বহুতর সরোবর শোভা পাইতেছিল এবং সৌরভসমন্বিত পুষ্প, সুস্বাদু ফল, মনোহর জলাশয় ও সুন্দর সুন্দর বৃক্ষ বিরাজ করিতেছিল, সকল দিকে এই সমস্ত দেখিতে থাকিয়া বিস্ময়ে উৎফুল্ল নয়ন হইয়া পাণ্ডবেরা সকলে বনের ভিতরে প্রবেশ করিলেন; তখন রক্তপদ্ম, শ্বেতপদ্ম, সাধারণ পদ্ম ও উৎপলের সৌরভবাহী সুখস্পর্শ বায়ু বহিত হইতে থাকিয়া তাঁহাদের সেবা করিতে লাগিল ॥৬৯—৭৪॥

তাহার পর যুধিষ্ঠির প্রীতিসহকারে ভীমের নিকট এই কথা বলিলেন—'ভীম! গন্ধমাদনপর্ব্বতের এই বনটী আশ্চর্য্য শোভাসম্পন্ন ॥৭৫॥

বনে হ্যস্মিন্ মনোরমে দিব্যাঃ কাননজা দ্রুমাঃ।
লতাশ্চ বিবিধাকারাঃ পত্রপুষ্পফলোপগাঃ।
ভান্ত্যেতে পুষ্পাধিকচাঃ পুংস্কোকিলকুলাকুলাঃ ॥৭৬॥
নাত্র কণ্টকিনঃ কেচিন্ন চ বিদ্যন্ত্যপুষ্পিতাঃ।
স্নিগ্ধপত্রফলা বৃক্ষা গন্ধমাদনসানুষু ॥৭৭॥
ভ্রমরারাবমধুরা নলিনীঃ ফুল্লপঙ্কজাঃ।
বিলোড্যমানাঃ পশ্যেমাঃ করিভিঃ সকরেণুভিঃ ॥৭৮॥
পশ্যেমাং নলিনীঞ্চান্যাং কমলোৎপলমালিনীম্।
স্রগ্ধরাং বিগ্রহবতীং সাক্ষাচ্ছ্রিয়মিবাপরাম্ ॥৭৯॥
নানাকুসুমগন্ধাঢ্যাস্তস্যেমাঃ কাননোত্তমে।
উপগীয়মানা ভ্রমরৈ রাজন্তে বনরাজয়ঃ ॥৮০॥

ভারতকৌমুদী

বন ইতি। পত্রাণি পুষ্পাণি ফলানি চ উপগচ্ছন্তি লভন্ত ইতি তে। ষট্পাদঃ শ্লোকঃ ॥৭৬॥
নেতি। বিদ্যন্তি বিদ্যন্তে। স্নিগ্ধানি পত্রাণি ফলানি চ যেষাং তে ॥৭৭॥
ভ্রমরেতি। ভ্রমরাণামারাবৈর্গুঞ্জনৈঃ মধুরা মনোহরাঃ, নলিনীঃ সরসীঃ ॥৭৮॥
পশ্যেতি। নলিনীং সরসীম্। স্রগ্ধরাং মাল্যধারিণীম্, বিগ্রহবতীং মূর্ত্তিমতীম্ ॥৭৯॥
নানেতি। তস্য গন্ধমাদনপর্ব্বতস্য। বনানাং রাজয়ঃ শ্রেণয়ঃ ॥৮০॥

ভারতভাবদীপঃ

কামবশ্যানাং নরাণামৌৎসুক্যকরান্ ॥৬৪—৬৯॥ স্ফাটিকাভানি নির্ম্মলানি, সারমানাসভিক্ষতশ্চ যেষু তানি সরাংসীত্যন্বয়োঽন্বয়ঃ ॥৭০—৭৪॥ হে ভীম! ॥৭৫—৭৮॥ নলিনীং সরসীম,

---

কারণ, এই মনোহর বনে নানাবিধ স্বর্গীয় বহু বৃক্ষ ও লতা—পত্র, পুষ্প ও ফল ধারণ করিয়া শোভা পাইতেছে এবং এগুলির উপরে পুষ্প সকল প্রস্ফুটিত হইয়া রহিয়াছে, আর কোকিল বিচরণ করিতেছে ॥৭৬॥

গন্ধমাদনপর্ব্বতের এই সমতল ভূমিতে কোন বৃক্ষই কণ্টকযুক্ত নহে, কিংবা পুষ্পবিহীন নহে; অথচ সকল বৃক্ষেরই পত্র ও ফল স্নিগ্ধ ॥৭৭॥

তা'র পর এই সরোবরগুলি দেখ; এ গুলিতে পদ্ম সকল ফুটিয়া রহিয়াছে, ইহার উপর দিয়া ভ্রমরগণ মধুর রব করিয়া বেড়াইতেছে এবং হস্তিগণ হস্তিনীগণের সহিত মিলিত হইয়া এ গুলিকে আলোড়ন করিতেছে ॥৭৮॥

এই আর একটী সরোবর দেখ—ইহাতে পদ্ম ও উৎপলের শ্রেণী রহিয়াছে; তাহাতে মাল্যধারিণী মূর্ত্তিমতী সাক্ষাৎ অপরা লক্ষ্মীর ন্যায় এটীকে দেখা যাইতেছে ॥৭৯॥

পশ্য ভীম ! শুভান্ দেশান্ দেবাক্রীড়ান্ সমন্ততঃ।
অমানুষগতিং প্রাপ্তাঃ সংসিদ্ধাঃ স্মো বৃকোদর ! ॥৮১॥
লতাভিঃ পুষ্পিতাগ্রাভিঃ পুষ্পিতাঃ পাদপোত্তমাঃ।
সংশ্লিষ্টাঃ পার্থ ! শোভন্তে গন্ধমাদনসানুষু ॥৮২॥
শিখণ্ডিনীভিশ্চরতাং সহিতানাং শিখণ্ডিনাম্।
নদতাং শৃণু নির্ঘোষং ভীম ! পর্ব্বতসানুষু ॥৮৩॥
চকোরাঃ শতপত্রাশ্চ মত্তকোকিলশারিকাঃ।
পত্রিণঃ পুষ্পিতানেতান্ সংপতন্তি মহাদ্রুমান্ ॥৮৪॥
রক্তপীতারুণাঃ পার্থ ! পাদপাগ্রগতাঃ খগাঃ।
পরস্পরমুদীক্ষন্তে বহবো জীবজীবকাঃ ॥৮৫॥

ভারতকৌমুদী

পশ্যেতি। দেবানামাক্রীড়ান ক্রীড়াস্পদীভূতান্। সংসিদ্ধাঃ সম্যক্ সিদ্ধবদ্ভূতাঃ ॥৮১॥
লতাভিরিতি। পুষ্পিতপদদ্বয়েন লতাপাদপয়োঃ সহাভসুখশ্রীপ্রকাশত্বং ব্যজ্যতে।৮২॥
শিখেতি। শিখণ্ডিনীভির্ময়ূরীভিঃ। শিখণ্ডিনাং ময়ূরাণাম্ ॥৮৩॥
চকোরা ইতি। পত্রিণঃ পক্ষিণঃ, সম্পতন্তি গচ্ছন্তি ॥৮৪॥
রক্তেতি। হে পার্থ! ভীম!। জীবজীবকাস্তদাখ্যাঃ, খগাঃ পক্ষিণঃ ॥৮৫॥

গন্ধমাদনের বিশাল বনের মধ্যে এই অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র বন রহিয়াছে; সেই স্থান হইতে নানাবিধ পুষ্পের সৌরভ ছুটিতেছে এবং এগুলির উপর দিয়া ভ্রমরগণ গান করিয়া বেড়াইতেছে ॥৮০॥

ভীম ! সকল দিকেই দেবগণের মঙ্গলময় ক্রীড়াস্থানগুলি দেখ। বৃকোদর ! আমরা মানুষের অগম্য স্থানে আসিয়া সিদ্ধ হইয়া গিয়াছি ॥৮১॥

পৃথানন্দন ! গন্ধমাদনপর্ব্বতের সমতল ভূমিতে পুষ্পসমন্বিত উত্তম উত্তম বৃক্ষ শোভা পাইতেছে। তাহার প্রধান কারণ—পুষ্পিতাগ্র লতাসমূহ ঐগুলিকে আলিঙ্গন করিয়া রহিয়াছে ॥৮২॥

ভীম ! ময়ূরগণ ময়ূরীগণের সহিত মিলিত হইয়া পর্ব্বতের সমতল ভূমিতে বিচরণ করিতেছে এবং রব করিতেছে; তুমি ঐ রব শ্রবণ কর ॥৮৩॥

চকোর, কুড়লিয়া, মত্ত কোকিল ও শারী—এই সকল পক্ষী পুষ্পসমন্বিত এই বিশাল বৃক্ষগুলির উপরে আসিয়া পড়িতেছে ॥৮৪॥

পৃথানন্দন ! রক্তবর্ণ, পীতবর্ণ ও অরুণবর্ণ বহুতর জীবজীবক পক্ষী বৃক্ষের উপরে থাকিয়া পরস্পর অবলোকন করিতেছে ॥৮৫॥

(৮১)…সংসিদ্ধাঃ স্ম বৃকোদর !—বা ব কা নি।

হরিতারুণবর্ণানাং শাদ্বলানাং সমীপতঃ।
সারসাঃ প্রতিদৃশ্যন্তে শৈলপ্রস্রবণেষ্বপি ॥৮৬॥
বদন্তি মধুরা বাচঃ সর্ব্বভূতমনোরমাঃ।
ভৃঙ্গরাজোপচক্রাশ্চ লোহপৃষ্ঠাঃ পতত্রিণঃ ॥৮৭॥
চতুর্বিষাণাঃ পদ্মাভাঃ কুঞ্জরাঃ সকরেণবঃ।
এতে বৈদূর্য্যবর্ণাভং ক্ষোভয়ন্তি মহৎ সরঃ ॥৮৮॥
বহুতালসমুৎসেধাঃ শৈলশৃঙ্গপরিচ্যুতাঃ।
নানাপ্রস্রবণেভ্যশ্চ বারিধারাঃ পতন্তি চ ॥৮৯॥
ভাস্করাভাঃ প্রভাভিশ্চ শারদাভ্রঘনোপমাঃ।
শোভয়ন্তি মহাশৈলং নানারজতধাতবঃ ॥৯০॥
ক্বচিদঞ্জনবর্ণাভাঃ ক্বচিৎ কাঞ্চনসন্নিভাঃ।
ধাতবো হরিতালস্য ক্বচিদ্ধিঙ্গুলকস্য চ ॥৯১॥

ভারতকৌমুদী

হরিতেতি। শাদ্বলানাং নবতৃণময়স্থানানাম্। শৈলস্য প্রস্রবণেষু জলপ্রপাতেষু ॥৮৬॥
বদন্তীতি। উপচক্রঃ পার্ব্বত্যপক্ষিবিশেষঃ, লোহপৃষ্ঠাঃ কঙ্কাঃ, পতত্রিণঃ পক্ষিণঃ ॥৮৭॥
চতুরিতি। চতুর্বিষাণাশ্চতুর্দন্তাঃ। সকরেণবো হস্তিনীসহিতাঃ ॥৮৮॥
বহ্বিতি। বহুতালসমুৎসেধা বহবস্তালস্তালবৃক্ষো যাবদুচ্চস্তিষ্ঠতি তাবদুচ্চাঃ ॥৮৯॥
ভাস্করেতি। শারদাঃ শরৎকালীনা যে অভ্রঘনা আকাশমেঘাস্তদুপমাঃ ॥৯০॥
ত্রিভির্বিশেষকেণ গুহাঃ স্থানানি চ বর্ণয়তি ক্বচিদিতি। ক্বচিদঞ্জনবর্ণাভাঃ, কচিচ্চ

হরিদ্বর্ণ ও অরুণবর্ণ নবতৃণময় স্থানের নিকটে এবং পর্ব্বতের জলপ্রপাতের নিকটে সারসপক্ষিগণকে দেখা যাইতেছে ॥৮৬॥

ভৃঙ্গরাজ, উপচক্র এবং কঙ্ক (কাড়পিলা) পক্ষিগণ মধুর ও সমস্ত প্রাণীর চিত্তাকর্ষক রব করিতেছে ॥৮৭॥

চতুর্দ্দন্ত ও পদ্মবর্ণ এই হস্তীগুলি হস্তিনীদের সঙ্গে মিলিয়া বৈদূর্য্যমণির ন্যায় শ্যামবর্ণ বিশাল সরোবরটাকে আলোড়িত করিতেছে ॥৮৮॥

পর্বতশৃঙ্গস্থিত তালোচ্চ প্রস্রবণ হইতে জলধারা পতিত হইতেছে ॥৮৯॥

সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং শরৎকালের মেঘের ন্যায় শুভ্রবর্ণ নানাবিধ রৌপ্যধাতু মহাপর্ব্বতটাকে শোভিত করিতেছে ॥৯০॥

কোথাও কজ্জলবর্ণ ধাতু, কোথাও স্বর্ণবর্ণ ধাতু, কোথাও হরিতালের গুহা,

(৯০) ভাস্করাভপ্রভা ভীমাঃ—বা ব কা নি।

মনঃশিলাগুহাশ্চৈব সন্ধ্যাভ্রনিকরোপমাঃ।
শশলোহিতবর্ণাভাঃ ক্বচিদ্‌গৈরিকধাতবঃ ॥৯২॥
সিতাসিতাভ্রপ্রতিমা বালসূর্য্যসমপ্রভাঃ।
এতে বহুবিধাঃ শৈলং শোভয়ন্তি মহাপ্রভাঃ ॥৯২॥ (বিশেষকম্)
গন্ধর্ব্বাঃ সহ কান্তাভির্যথোক্তং বৃষপর্ব্বণা।
দৃশ্যন্তে শৈলশৃঙ্গেষু পার্থ! কিম্পুরুষৈঃ সহ ॥৯৪॥
গীতানাং সমতালানাং তথা সাম্নাঞ্চ নিস্বনঃ।
শ্রূয়তে বহুধা ভীম! সর্ব্বভূতমনোহরঃ ॥৯৫॥

ভারতকৌমুদী

কাঞ্চনসন্নিভা ধাতবঃ; ক্বচিৎ হরিতালস্য, ক্বচিচ্চ হিঙ্গুলকস্য গুহা ইত্যপকর্ষঃ; ক্বচিন্মনঃশিলাগুহাঃ, ক্বচিৎ সন্ধ্যায়াং যোঽভ্রনিকরো মেঘসমূহস্তদুপমা গুহাঃ; ক্বচিৎ শশবৎ তদাখ্যমৃগবৎ লোহিতবর্ণাভা গুহাঃ; ক্বচিচ্চ গৈরিকা ধাতবো যাসু তা গুহাঃ, ক্বচিৎ সিতাসিতাভ্রপ্রতিমাঃ শুভ্রকৃষ্ণমেঘবর্ণাঃ, ক্বচিদ্বালসূর্য্যসমপ্রভাশ্চ, এতে বহুবিধা মহাপ্রভা দেশা ইতি শেষঃ, শৈলং শোভয়ন্তি ॥৯১ – ৯৩॥

যথোক্তা ইতি। বৃষপর্ব্বণা তদাখ্যেন প্রাগুক্তেন রাজর্ষিণা ॥৯৪॥

গীতানামিতি। সমস্তালঃ কালক্রিয়ামানং যেষাং তেষাং সাম্নাং গীতানাম্ ॥৯৫॥

ভারতভাবদীপঃ

কয়োঃ কপলয়োরবান্তরজাতিভেদঃ। বিগ্রহবতীং শরীরবতীম্ ॥৭৯॥ তস্য শৈলস্য ॥৮০—৮৬॥ চন্দ্র নন্দয়ঃ পক্ষিবিশেষাঃ ॥৮৭॥ চতুর্বিষাণাশ্চতুর্দ্দন্তাঃ, পদ্মাভাঃ শ্বেতাঃ ॥৮৮—৯৩॥ যথোক্তং বৃষপর্ব্বণা নিমিত্তভূতেন উক্তং ময়াঽরেণ তথাহি সভাপর্ব্বণি ময়েন বৃষপর্ব্বকথা যুধিষ্ঠিরং প্রতি সভাকরণপ্রসঙ্গাদুক্তেত্যাহুম। "স পূর্ব্বদেবচরিতং তদা তত্র বিশাম্পতে!। কথয়ামাস দৈত্যেয়ঃ পাণ্ডুপুত্রেষু ভারত!।" ইতি সময়ঃ। পূর্ব্বদেবোঽসুরঃ বৃষপর্ব্বা ॥৯৪—১০১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩১॥

কোথাও হিঙ্গুলের গুহা, কোথাও মনঃশিলার গুহা, কোথাও সান্ধ্যমেঘের ন্যায় অরুণবর্ণ গুহা, কোথাও শশের ন্যায় রক্তবর্ণ গুহা এবং কোথাও গৈরিকগুহা, আর কোথাও শুভ্রমেঘের ন্যায় স্থান, কোথাও কৃষ্ণমেঘের ন্যায় স্থান এবং কোথাও নবীন সূর্য্যের ন্যায় স্থান—এইরূপ নানাবিধ মহাপ্রভাসম্পন্ন স্থানগুলি পর্ব্বতটাকে শোভিত করিতেছে ॥৯১—৯৩॥

পৃথানন্দন! রাজর্ষি বৃষপর্ব্বা যেমন বলিয়াছিলেন, তেমনই কিন্নরগণ ও গন্ধর্ব্বীগণের সহিত গন্ধর্ব্বগণকে এই সকল পর্ব্বতশৃঙ্গে দেখা যাইতেছে ॥৯৪॥

(৯৫) গীতানাং করতালানাং গীতসাম্নাঞ্চ নিস্বনাঃ। শ্রূয়ন্তে বহুধা ভীম! সর্ব্বভূতমনোহরাঃ ॥—পি।

মহাগঙ্গামুদীক্ষস্ব পুণ্যাং দেবনদীং শুভাম্।
কলহংসগণৈর্জ্জুষ্টামৃষিকিন্নরসেবিতাম্ ॥৯৬॥
ধাতুভিশ্চ সরিদ্ভিশ্চ কিন্নরৈর্মৃগপক্ষিভিঃ।
গন্ধর্বৈরপ্সরোভিশ্চ কাননৈশ্চ মনোরমৈঃ ॥৯৭॥
ব্যালৈশ্চ বিবিধাকারৈঃ শতশীর্ষৈঃ সমন্ততঃ।
উপেতং পশ্য কৌন্তেয়! শৈলরাজমরিন্দম! ॥৯৮॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

তে প্রীতমনসঃ শূরা প্রাপ্তা গতিমনুত্তমাম্।
নাতৃপ্যন্ পর্বতেন্দ্রস্য দর্শনেন পরন্তপাঃ ॥৯৯॥
দ্রৌপদ্যা সহিতা বীরাস্তৈশ্চ বিপ্রৈর্মহাত্মভিঃ।
উপেতমথ মাল্যৈশ্চ ফলবদ্ভিশ্চ পাদপৈঃ।
আর্ষ্টিষেণস্য রাজর্ষেরাশ্রমং দদৃশুস্তদা ॥১০০॥

ভারতকৌমুদী

মহেতি। উদীক্ষস্ব অবলোকয়। জুষ্টাং সেবিতাম্ ॥৯৬॥

ধাতুভিরিতি। ধাতুভির্গৈরিকাদিভিঃ। মৃগাঃ পশবঃ। ব্যালৈঃ সর্পৈঃ ॥৯৭—৯৮॥

ত ইতি। গম্যত ইতি গতিঃ স্থানং তাম্, অনুত্তমাম্ অত্যুত্তমাম্ ॥৯৯॥

দ্রৌপদ্যেতি। মাল্যৈর্নানাবিধপুষ্পৈঃ, "মাল্যং মালাপ্রসূনয়োঃ" ইতি বিশ্বঃ। আর্ষ্টিষেণস্য দৈববাণ্যা প্রাক্ প্রস্তুতস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০০॥

ভীম! সকল প্রাণীরই চিত্তাকর্ষক ও সমান-তালযুক্ত সামগানের বহুবিধ ধ্বনি শুনা যাইতেছে ॥৯৫॥

ঋষি, কিন্নর ও কলহংস-সেবিত, পুণ্য এবং মঙ্গলময় দেবনদী মহাগঙ্গাকে দর্শন কর ॥৯৬॥

আর, শত্রুবিজয়ী কুন্তীনন্দন! এই পর্বতরাজ গন্ধমাদনের প্রতি দৃষ্টিপাত কর; এই পর্ব্বতের সকল দিকে নানাবিধ ধাতু, বহুতর নদী, কিন্নর, পশু, পক্ষী, গন্ধর্ব্ব, অপ্সরা, অনেক মনোহর বন এবং শতমস্তক নানাপ্রকার সর্প রহিয়াছে ॥৯৭—৯৮॥

মহাবীর ও শত্রুবিজয়ী পাণ্ডবেরা সর্ব্বোৎকৃষ্ট স্থানে যাইয়া প্রীতচিত্ত হইয়া গন্ধমাদনদর্শনে তৃপ্তিলাভ করিতে পারিলেন না ॥৯৯॥

তাহার পর মহাবীর পাণ্ডবগণ—দ্রৌপদী ও সেই মহাত্মা ব্রাহ্মণগণের

(১০০) প্রথমং পাদদ্বয়ং বা ব নি নাস্তি, দ্রৌপদীসহিতা বীরাঃ—কা।

ততস্তে তিগ্মতপসং কৃশং ধমনিসন্ততম্।
পারগং সর্ব্বধর্ম্মাণামার্ষ্টিষেণমুপাগমন্ ॥১০১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে গন্ধমাদনপ্রবেশে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
যুধিষ্ঠিরস্তমাসাদ্য তপসা দগ্ধকিল্বিষম্।
অভ্যবাদয়ত প্রীতঃ শিরসা নাম কীর্ত্তয়ন্ ॥১॥
ততঃ কৃষ্ণা চ ভীমশ্চ যমৌ চাপি যশস্বিনৌ।
শিরোভিঃ প্রাপ্য রাজর্ষিং পরিবার্য্যোপতস্থিরে ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। তে পাণ্ডবাদয়ঃ। ধমনিসন্ততং কৃশত্বাদেব শিরাব্যাপ্তদেহম্ ॥১০১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যুধীতি। তম্ আর্ষ্টিষেণম্। নাম আত্মনঃ সংজ্ঞাম্, কীর্ত্তয়ন পরিচয়ার্থং ব্রুবন্ ॥১॥
তত ইতি। যমৌ নকুলসহদেবৌ। প্রাপ্য শব্দ্য নমস্কৃত্যেত্যর্থঃ, পরিবার্য্য পরিবেষ্ট্য ॥২॥

সহিত মিলিত হইয়া যাইয়া তখন নানাবিধ পুষ্প ও ফলবান্ বৃক্ষে পরিপূর্ণ রাজর্ষি আর্ষ্টিষেণের আশ্রম দর্শন করিলেন ॥১০০॥

তদনন্তর তাঁহারা উগ্রতপা, কৃশদেহ, শিরাব্যাপ্ত ও সর্ব্বধর্ম্মের পারগামী আর্ষ্টিষেণের নিকট উপস্থিত হইলেন ॥১০১॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তপস্যার প্রভাবে যাঁহার পাপ বিনষ্ট হইয়াছিল, সেই আর্ষ্টিষেণমুনির নিকট উপস্থিত হইয়া, নিজের নাম কীর্ত্তন করিয়া প্রীতি-সহকারে যুধিষ্ঠির মস্তকদ্বারা তাঁহাকে অভিবাদন করিলেন ॥১॥

তাহার পর দ্রৌপদী, ভীম এবং যশস্বী নকুল ও সহদেব মস্তকদ্বারা রাজর্ষি আর্ষ্টিষেণকে নমস্কার করিয়া তাঁহাকে পরিবেষ্টনপূর্ব্বক অবস্থান করিলেন ॥২॥

* '...অষ্টপঞ্চাশদধিক'—বা ব কা পি, '...একোনষষ্ট্যধিক'—নি।
(২)...যমৌ চ সুতপস্বিনৌ—বা ব কা নি।

তথৈব ধৌম্যো ধর্ম্মজ্ঞঃ পাণ্ডবানাং পুরোহিতঃ।
যথান্যায়মুপাক্রামত্তমৃষিং সংশিতব্রতম্ ॥৩॥
অন্বজানাৎ স ধর্ম্মজ্ঞো মুনির্দিব্যেন চক্ষুষা।
পাণ্ডোঃ পুত্ত্রান্ কুরুশ্রেষ্ঠানাস্যতামিতি চাব্রবীৎ ॥৪॥
কুরূণামৃষভং পার্থং পূজয়িত্বা মহাতপাঃ।
সহ ভ্রাতৃভিরাসীনং পর্য্যপৃচ্ছদনাময়ম্ ॥৫॥
নানৃতে কুরুষে ভাবং কচ্চিদ্ধর্ম্মে প্রবর্ত্তসে।
মাতাপিত্রোশ্চ তে বৃত্তিঃ কচ্চিৎ পার্থ! ন সীদতি ॥৬॥
কচ্চিত্তে গুরবঃ সর্ব্বে বৃদ্ধা বৈদ্যাশ্চ পূজিতাঃ।
কচ্চিন্ন কুরুষে ভাবং পার্থ! পাপেষু কর্ম্মসু ॥৭॥

ভারতকৌমুদী

তথেতি। যথান্যায়ং বিনয়জ্ঞাপনমাত্রপুরঃসরমিত্যর্থঃ ব্রাহ্মণত্বাৎ, উপাক্রামদুপস্থিতঃ ॥৩॥

অন্বিতি। অন্বজানাৎ অবগতবান্। দিব্যেন চক্ষুষা ধ্যানেনেত্যর্থঃ। আস্যতামুপবিশ্যতাম্ ॥৪॥

কুরূণামিতি। পার্থং যুধিষ্ঠিরম্, পূজয়িত্বা আসনদানাদিনা সম্মান্য ॥৫॥

নেতি। অনৃতে মিথ্যাবচনব্যবহারয়োঃ, ভাবমভিপ্রায়ম্। "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যমরঃ, বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। এবমন্যত্র। বৃত্তির্ব্যবহারঃ, ন সীদতি ন হীয়তে ॥৬॥

ভারতভাবদীপঃ

যুধিষ্ঠির ইতি। নাম কীর্ত্তয়ন্ যুধিষ্ঠিরোঽহং স্বামভিবাদয়ে ইতি বদন্ ॥২—৩॥ মুনিঃ আর্ষ্টিষেণঃ ॥৪—৫॥ বৃত্তির্যথাযোগ্যমাজ্ঞাপালনশ্রাদ্ধকরণাদিরূপা ॥৬॥ বৈদ্যাঃ বিজ্ঞাঃ

পাণ্ডবগণের পুরোহিত ধর্ম্মজ্ঞ ধৌম্যও, দৃঢ়ব্রতশালী সেই ঋষির নিকট যথানিয়মে উপস্থিত হইলেন ॥৩॥

তখন ধর্ম্মজ্ঞ আর্ষ্টিষেণমুনি দিব্যজ্ঞানে কুরুশ্রেষ্ঠ পাণ্ডবগণকে জানিতে পারিলেন এবং বলিলেন—'তোমরা উপবেশন কর' ॥৪॥

তাহার পর মহাতপা আর্ষ্টিষেণমুনি, ভ্রাতৃগণের সহিত উপবিষ্ট কুরুশ্রেষ্ঠ যুধিষ্ঠিরকে সম্মানিত করিয়া তাঁহাদের আরোগ্যের বিষয় জিজ্ঞাসা করিলেন (এবং বলিলেন—) ॥৫॥

'পৃথানন্দন! তুমি মিথ্যাবাক্য বলিতে বা মিথ্যা ব্যবহার করিতে ইচ্ছা কর না ত? ধর্ম্মকার্য্যে তোমার প্রবৃত্তি আছে ত? এবং মাতা ও পিতাপ্রভৃতি গুরুজনবর্গের প্রতি তোমার উপযুক্ত ব্যবহার বিনষ্ট হয় নাই ত? ॥৬॥

(৩) ..যথান্যায়মুপাক্রামত্তঃ—বা ব কা নি। (৫) কুরূণামৃষভং প্রাজ্ঞঃ—নি, প্রাজ্ঞম্—নি।

সুকৃতং প্রতিকর্ত্তুঞ্চ কচ্চিদ্ধাতুঞ্চ দুষ্কৃতম্।
যথান্যায়ং কুরুশ্রেষ্ঠ! জানাসি ন বিকত্থসে ॥৮॥
যথার্হং মানিতাঃ কচ্চিত্ত্বয়া নন্দন্তি সাধবঃ।
বনেষ্বপি বসন্ কচ্চিদ্ধর্ম্মমেবানুবর্ত্তসে ॥৯॥
কচ্চিদ্ধৌম্যস্ত্বদাচারৈর্ন পার্থ! পরিতপ্যতে।
দানধর্ম্মতপঃশৌচৈরার্জবেন তিতিক্ষয়া ॥১০॥
পিতৃপৈতামহং বৃত্তং কচ্চিৎ পার্থানুবর্ত্তসে।
কচ্চিদ্রাজর্ষিযাতেন পথা গচ্ছসি পাণ্ডব! ॥১১॥ (যুগ্মকম্)
স্বে স্বে কিল কুলে জাতে পুত্রে নপ্তরি বা পুনঃ।
পিতরঃ পিতৃলোকস্থাঃ শোচন্তি চ হসন্তি চ ॥১২॥
কিং ন্বস্য দুষ্কৃতেঽস্মাভিঃ সম্প্রাপ্তব্যং ভবিষ্যতি।
কিং বাস্য সুকৃতেঽস্মাভিঃ প্রাপ্তব্যমিতি শোভনম্ ॥১৩॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। তে ত্বয়া। বৈদ্যা বিদ্বাংসঃ, পূজিতা উপদেশলাভার্থং সম্মানিতাঃ ॥৭॥
সুকৃতমিতি। প্রতিকর্ত্তুং বীপ্সয়া বিধাতুম্, ধাতুং ত্যক্তুম্। বিকত্থসে শ্লাঘসে ॥৮॥
যথেতি। যথার্হং যথাযোগ্যম্। নন্দন্তি আনন্দমনুভবন্তি ॥৯॥
কচ্চিদিতি। আচারৈর্ব্যবহারৈঃ। আর্জবেন সারল্যেন। বৃত্তং ব্যবহারম্ ॥১০—১১॥
স্ব ইতি। নপ্তরি পৌত্রে। শোচন্তি আশঙ্কয়া, হসন্তি আনন্দেন ॥১২॥

পৃথানন্দন! তুমি—সমস্ত গুরুজন, বৃদ্ধ ও বিদ্বান্‌দিগের সম্মান করিয়া থাক ত? এবং পাপকার্য্য করিতে ইচ্ছা কর না ত? ॥৭॥

কুরুশ্রেষ্ঠ! তুমি যথানিয়মে বার বার ধর্ম্মকার্য্য করিতে এবং পাপকার্য্য পরিত্যাগ করিতে জান ত? এবং আত্মশ্লাঘা কর না ত? ॥৮॥

তুমি যথাযোগ্য সম্মান করায় সাধুলোকেরা আনন্দিত হন ত? এবং তুমি বনে বাস করিয়াও ধর্ম্মেরই অনুসরণ কর ত? ॥৯॥

পৃথানন্দন! তোমার ব্যবহারে ধৌম্যপুরোহিত পরিতপ্ত হন না ত? কুন্তীনন্দন! তুমি—দান, ধর্ম্ম, তপস্যা, শৌচ, সরলতা ও সহিষ্ণুতা দ্বারা পিতৃ-পিতামহের পদ্ধতির অনুসরণ কর ত? এবং পাণ্ডুনন্দন! রাজর্ষিরা যে পথে চলিয়া গিয়াছেন, তুমি সেই পথে চলিতেছ ত? ॥১০—১১॥

আপন আপন বংশে পুত্র বা পৌত্র জন্মিলে, পিতৃলোকস্থিত পিতৃগণ শোকও করেন, হাস্যও করেন ॥১২॥

মাতা পিতা তথৈবাগ্নিগুরুরাত্মা চ পঞ্চমঃ।
যস্যৈতে পূজিতাঃ পার্থ! তস্য লোকাবুভৌ জিতৌ ॥১৪॥

যুধিষ্ঠির উবাচ।

ভগবন্! বাচ্যমাহৈতদ্‌যথাবদ্ধর্ম্মনিশ্চয়ম্।
যথাশক্তি যথান্যায়ং ক্রিয়তে বিধিবন্ময়া ॥১৫॥

আর্ষ্টিষেণ উবাচ।

অব্ভক্ষা বায়ুভক্ষাশ্চ প্লবমানা বিহায়সা।
জুষন্তে পর্ব্বতশ্রেষ্ঠমৃষয়ঃ পর্বসন্ধিষু ॥১৬॥
কামিনঃ সহ কান্তাভিঃ পরস্পরমনুব্রতাঃ।
দৃশ্যন্তে শৈলশৃঙ্গস্থাস্তথা কিম্পুরুষা নৃপ! ॥১৭॥

ভারতকৌমুদী

নন্বু কথং শোচন্তি হসন্তি বেত্যাহ কিমিতি। অস্য জ্ঞাতস্য পুত্রস্য নপ্তুর্বা, দুষ্কৃতে পাপে সতি, সম্প্রাপ্তব্যং দুঃখমিতি শেষঃ। শোভনং সুখম্ ॥১৩॥

মাতেতি। পূজিতা যোগ্যোপচারেণ সেবিতাঃ। উভৌ ইহপরলোকৌ ॥১৪॥

ভগবন্নিতি। বাচ্যং ত্বাদৃশেন বক্তব্যম্, আহ ভবান্ ব্রবীতি। ক্রিয়তে মদুক্তম্ ॥১৫॥

ঋষিতি। অব্ভক্ষা জলমাত্রপায়িনঃ। প্লবমানা তরন্তঃ, বিহায়সা আকাশমার্গেণ। জুষন্তে সেবন্তে। পর্ব্বসন্ধিষু প্রতিপৎপঞ্চদশ্যোঃ সন্ধিকালেষু ॥১৬॥

ভারতভাবদীপঃ

বিদিত্বাঃ ॥৭॥ সুষ্ঠু কৃতমস্য তমুপকারিণং দুষ্কৃতমপকারিণং হাতুং ত্যক্তুং ন বিকথসে আত্মশ্লাঘীতি ন শ্লাঘসে ॥৮—১৪॥ যথাবৎ যাহ যথা মামাহ ॥১৫॥ পর্ব্বসন্ধিষু প্রতিপৎ-

---

কারণ, (তাঁহারা ভাবেন—) উহার পাপে আমাদের কি দুঃখভোগ করিতে হইবে? না—উহার পুণ্যে আমাদের সুখভোগ করিতে হইবে? ॥১৩॥

কুন্তীনন্দন! মাতা, পিতা, অগ্নি, গুরু ও আত্মা—এই পাঁচটীর যিনি সেবা করেন, তাঁহার পক্ষে ইহলোক ও পরলোক এই উভয় লোকই জয় করা হয়' ॥১৪॥

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্! আপনি আপনাদের ন্যায় লোকের বক্তব্য এই ধর্ম্মনিরূপণ যথাযথভাবেই বলিলেন; আমিও শাস্ত্র এবং ন্যায় অনুসারে যথাবিধানে উহা করিয়া থাকি' ॥১৫॥

আর্ষ্টিষেণ বলিলেন—'জলমাত্রপায়ী ও বায়ুমাত্রভোজী ঋষিরা পূর্ণিমা ও প্রতিপদের কিংবা অমাবস্যা ও প্রতিপদের সন্ধিসময়ে আকাশপথে আসিয়া এই পর্ব্বতের সেবা করেন ॥১৬॥

---

(১৫) ভগবন্নার্য্য! মাহৈতৎ—বা ব কা নি।

অরজাংসি চ বাসাংসি বসানাঃ কৌশিকানি চ।
দৃশ্যন্তে বহবঃ পার্থ ! গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ ॥১৮॥
বিদ্যাধরগণাশ্চৈব স্রগ্বিণঃ প্রিয়দর্শনাঃ।
মহোরগগণাশ্চৈব সুপর্ণাশ্চোরগাদয়ঃ ॥১৯॥
অস্য চোপরি শৈলস্য শ্রূয়ন্তে পর্ব্বসন্ধিষু।
ভেরীপণবশঙ্খানাং মৃদঙ্গানাঞ্চ নিস্বনাঃ ॥২০॥
ইহস্থৈরেব তৎ সর্ব্বং শ্রোতব্যং ভরতর্ষভাঃ !।
ন কার্য্যা বঃ কথঞ্চিৎ স্যাত্তত্রাভিগমনে মতিঃ ॥২১॥
ন চাপ্যতঃ পরং শক্যং গন্তুং ভরতসত্তমাঃ !।
বিহারো হ্যত্র দেবানামমানুষগতিস্তু সা ॥২২॥
ঈষচ্চপলকর্ম্মাণং মনুষ্যমিহ ভারত !।
দ্বিষন্তি সর্ব্বভূতানি তাড়য়ন্তি চ রাক্ষসাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

কামিন ইতি। কান্তাভিঃ প্রিয়তমাভিঃ। অনুব্রতা অনুকূলাঃ ॥১৭॥
অরেতি। অরজাংসি নির্ম্মলানি, বসানাঃ পরিদধানাঃ, কৌশিকানি ক্ষৌমাণি ॥১৮॥
বিদ্যেতি। স্রগ্বিণো মাল্যধারিণঃ। সুপর্ণাঃ স্বর্ণচূড়াঃ কিরীটিন উত্তমাঃ ॥১৯॥
অস্যেতি। পর্ব্বসন্ধিষু প্রতিপৎপঞ্চদশ্যোঃ সন্ধিকালেষু। নিস্বনা বাদ্যানি ॥২০॥
ইহেতি। ইহস্থৈরেব যুষ্মাভিঃ। বো যুষ্মাকম্। তত্র শৈলস্যোপরি দেশে ॥২১॥
নেতি। বিহারঃ ক্রীড়া, অত্র শৈলোপরি। সা ভূমিঃ ॥২২॥

রাজা ! পরস্পর অনুকূল ও কামী কিন্নরগণকে কিন্নরীগণের সহিত এই পর্ব্বতশৃঙ্গে বিচরণ করিতে দেখা যায় ॥১৭॥

পৃথানন্দন ! নির্ম্মল বস্ত্র ও পট্টবস্ত্রপরিধায়ী বহুতর গন্ধর্ব এবং অপ্সরাকেও দেখিতে পাওয়া যায় ॥১৮॥

মাল্যধারী ও প্রিয়দর্শন বিদ্যাধরগণ, কিরীটধারী মহানাগসমূহ এবং সাধারণ নাগপ্রভৃতিকেও দর্শন করিতে পারা যায় ॥১৯॥

পর্ব্বসন্ধিকালে এই পর্ব্বতের উপরে ভেরী, পণব, শঙ্খ ও মৃদঙ্গের ধ্বনি শুনিতে পাওয়া যায় ॥২০॥

ভরতশ্রেষ্ঠগণ ! তোমরা এইখানে থাকিয়াই সে সমস্ত শুনিতে পাইবে। সুতরাং সেখানে যাইবার জন্য কোন প্রকারেই তোমাদের ইচ্ছা করা উচিত নহে ॥২১॥

কারণ, ভরতশ্রেষ্ঠগণ ! মানুষ ইহার পর আর গমন করিতে সমর্থ হয় না। যে হেতু ওস্থানে দেবগণের ক্রীড়া হয় বলিয়া ওস্থান মানুষের অগম্য ॥২২॥

অস্যাতিক্রম্য শিখরং কৈলাসস্য যুধিষ্ঠির ! ।
গতিঃ পরমসিদ্ধানাং দেবর্ষীণাং প্রকাশতে ॥২৪॥
চাপল্যাদিহ গচ্ছন্তং পার্থ ! যানমতঃ পরম্ ।
অয়ঃশূলাদিভির্ঘ্নন্তি রাক্ষসাঃ শত্রুসূদন ! ॥২৫॥
অপ্সরোভিঃ পরিবৃতঃ সমৃদ্ধ্যা নরবাহনঃ ।
ইহ বৈশ্রবণস্তাত ! পর্বসন্ধিষু দৃশ্যতে ॥২৬॥
শিখরে তং সমাসীনমধিপং যক্ষরক্ষসাম্ ।
প্রেক্ষন্তে সর্বভূতানি ভানুমন্তমিবোদিতম্ ॥২৭॥
দেবদানবসিদ্ধানাং তথা বৈশ্রবণস্য চ ।
গিরেঃ শিখরমুদ্যানমিদং ভরতসত্তম ! ॥২৮॥

ভারতকৌমুদী

ঈষদিতি । ঈষচ্চপলকর্ম্মাণং তত্র গমনায় অল্পমপি চাপল্যং কুর্ব্বাণমিত্যর্থঃ ॥২৩॥
অস্যেতি । পরমসিদ্ধানাম্ অতিশয়েন লব্ধাণিমাদ্যৈশ্বর্য্যাণাম্ ॥২৪॥
চাপল্যাদিতি । যাত্যনেনেতি যানং পন্থাস্তং, গচ্ছন্তম্ । অয়ো লৌহম্ ॥২৫॥
অপ্সরোভিরিতি । সমৃদ্ধ্যা সমৃদ্ধ্যনুরূপাড়ম্বরেণ । বৈশ্রবণঃ কুবেরঃ ॥২৬॥
শিখর ইতি । শিখরে এতৎপর্ব্বতশৃঙ্গে, তং বৈশ্রবণম্ । ভানুমন্তং সূর্য্যম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

পঞ্চদশ্যোরন্তরালে ॥১৬—২৬॥ যানং মার্গম্ ॥২৫—২৭॥ উদ্যানং ক্রীড়াবনযুতম্ ॥২৮—৩৬॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩২॥

ভরতনন্দন ! মানুষ ওস্থানে যাইবার জন্য একটুমাত্র চাঞ্চল্য প্রকাশ করিলেই তাহার প্রতি তত্রত্য সকলে বিদ্বেষ করে এবং তাহাকে রাক্ষসেরা প্রহার করে ॥২৩॥

যুধিষ্ঠির ! পরমসিদ্ধ দেবর্ষিরাই এই কৈলাসপর্ব্বতের শৃঙ্গ অতিক্রম করিয়া যাইতে পারেন ॥২৪॥

কিন্তু শত্রুসূদন ! মানুষ চাঞ্চল্যবশতঃ ইহার পর, পথে গমন করিতে লাগিলে, রাক্ষসেরা লৌহশূলপ্রভৃতিদ্বারা তাহাকে আঘাত করে ॥২৫॥

বৎস ! প্রতিপৎ ও পঞ্চদশীর সন্ধিকালে নরবাহন কুবেরকে অপ্সরোগণে পরিবেষ্টিত এবং সমৃদ্ধির অনুরূপ আড়ম্বরপূর্ণ অবস্থায় এই স্থানেই দেখিতে পাওয়া যায় ॥২৬॥

যক্ষ ও রাক্ষসগণের অধিপতি কুবের এই পর্ব্বতশৃঙ্গে আসিয়া উপবিষ্ট হইলে, সমস্ত প্রাণীই তাঁহাকে নবোদিত সূর্য্যের ন্যায় দেখিতে থাকে ॥২৭॥

উপাসীনস্য ধনদং তুম্বুরোঃ পর্ব্বসন্ধিষু।
গীতসামস্বনস্তাত ! শ্রূয়তে গন্ধমাদনে ॥২৯॥
এতদেবংবিধং চিত্রমিহ তাত ! যুধিষ্ঠির !।
প্রেক্ষন্তে সর্বভূতানি বহুশঃ পর্বসন্ধিষু ॥৩০॥
ভুঞ্জানা মুনিভোজ্যানি রসবন্তি ফলানি চ।
বসধ্বং পাণ্ডবশ্রেষ্ঠা যাবদর্জ্জুনদর্শনম্ ॥৩১॥
ন তাত ! চপলৈর্ভাব্যমিহ প্রাপ্তৈঃ কথঞ্চন।
চপলঃ সর্বভূতানাং দ্বেষ্যো ভবতি মানবঃ ॥৩২॥
উষিত্বেহ যথাকামং যথাশ্রদ্ধং বিহৃত্য চ।
ততঃ শস্ত্রজিতাং তাত ! পৃথিবীং পালয়িষ্যসি ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে আর্ষ্টিষেণযুধিষ্ঠিরসংবাদে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

দেবেতি। ইদং গিরেঃ শিখরমুদ্যানঞ্চ দেবদানবসিদ্ধানাং বৈশ্রবণস্য চেতি সম্বন্ধঃ ॥২৮॥

উপেতি। ধনদং কুবেরম্। গীতং সামস্বন ইবেতি গীতসামস্বনঃ ॥২৯॥

এতদিতি। এতৎ কুবেরোপাসনাদিকম্, চিত্রমাশ্চর্য্যম্। বহুশো বহুবারান্ ॥৩০॥

ভুঞ্জানা ইতি। মুনিভোজ্যানি নীবারৌদনাদীনি, রসবন্তি স্বাদূনি ॥৩১॥

নেতি। ভাব্যং ভবিতব্যম্। প্রাপ্তৈরাগতৈর্জনৈঃ ॥৩২॥

ভরতশ্রেষ্ঠ ! এই পর্ব্বতের শৃঙ্গ এবং উদ্যান—দেবগণ, দানবগণ, সিদ্ধগণ ও কুবেরের ॥২৮॥

বৎস ! এই গন্ধমাদনপর্বতে প্রতিপৎ ও পঞ্চদশীর সন্ধিসময়ে তুম্বুরু (গন্ধর্ব্ববিশেষ) যখন কুবেরের উপাসনা [illegible] তাহার গীতধ্বনি শুনিতে [illegible]

বৎস যুধিষ্ঠির ! এখানে প্রতিপৎ ও পঞ্চদশীর [illegible] এইরূপ এই আশ্চর্য্য বহু বার দেখিয়া থাকে ॥৩০॥

অতএব পাণ্ডবগণ ! তোমরা মুনিগণের খাদ্য এবং সুস্বাদু ফল ভক্ষণ করিতে থাকিয়া অর্জ্জুনের সাক্ষাৎকার লাভ পর্য্যন্ত এইখানেই বাস কর ॥৩১॥

বৎস ! মানুষ এখানে আসিয়া কোন প্রকারেই চঞ্চল হইবে না। কারণ, চঞ্চল মানুষ, সকল প্রাণীরই বিদ্বেষভাজন হয় ॥৩২॥

(৩১) ভুঞ্জানাঃ সর্ব্বভোজ্যানি—পি। (৩২) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।
* '…একোনষষ্ট্যধিক'—বা ব কা পি, '…ষষ্ট্যধিক'—নি।

ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

জনমেজয় উবাচ।

আর্ষ্টিষেণাশ্রমে তস্মিন্ মম পূর্বপিতামহাঃ।
পাণ্ডোঃ পুত্রা মহাত্মানঃ সর্বে দিব্যপরাক্রমাঃ ॥১॥
কিয়ন্তং কালমবসন্ পর্বতে গন্ধমাদনে।
কিঞ্চ চক্রুর্মহাবীর্য্যাঃ সর্বেঽতিবলপৌরুষাঃ ॥২॥ (যুগ্মকম্)
কানি চাভ্যবহার্য্যাণি তত্র তেষাং মহাত্মনাম্।
বসতাং লোকবীরাণামাসংস্তদ্‌ব্রূহি সত্তম! ॥৩॥
বিস্তরেণ চ মে শংস ভীমসেনপরাক্রমম্।
যদ্‌যচ্চক্রে মহাবাহুস্তস্মিন্ হৈমবতে গিরৌ ॥৪॥

ভারতকৌমুদী

উষিত্বেতি। উষিত্বা বাসং কৃত্বা। যথাশ্রদ্ধং বিশ্বাসানুসারেণ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

আর্ষ্টীতি। পূর্ব্বশ্চ পূর্ব্বপুরুষশ্চ পিতুঃ পিতামহাঃ। বীর্য্যমুত্সাহঃ ॥১—২॥
কানীতি। অভ্যবহার্য্যাণি খাদ্যানি। হে সত্তম! সাধুশ্রেষ্ঠ! ॥৩॥

অতএব বৎস! তুমি এখানে বাস এবং ইচ্ছা ও বিশ্বাস অনুসারে বিহার করিতে থাকিয়া তাহার পর অস্ত্রজিত পৃথিবী পালন করিবে' ॥৩৩॥

—:*:—

জনমেজয় বলিলেন—'আমার প্রপিতামহ, মহাত্মা ও অলৌকিকপরাক্রমশালী পাণ্ডবেরা সকলে গন্ধমাদনপর্ব্বতে সেই আর্ষ্টিষেণের আশ্রমে কত কাল বাস করিয়াছিলেন? এবং অসাধারণ উৎসাহশালী, অত্যন্ত বলবান্ ও বিশেষ পুরুষকারসম্পন্ন পাণ্ডবগণ কি কি কার্য্য করিয়াছিলেন? ॥১—২॥

সাধুশ্রেষ্ঠ! সেই আশ্রমে বাস করিবার সময়ে মহাত্মা ও জগদ্বীর পাণ্ডবগণের কি কি খাদ্য ছিল, তাহা বলুন ॥৩॥

মহাবাহু ভীমসেন সেই গন্ধমাদনপর্ব্বতে যাহা যাহা করিয়াছিলেন, সেই সকল পরাক্রমের বৃত্তান্তগুলি আমার নিকট বিস্তরক্রমে বলুন ॥৪॥

(১) পূর্ব্বার্দ্ধং পি নাস্তি।

ন খল্বাসীৎ পুনর্যুদ্ধং তস্য যক্ষৈর্দ্বিজোত্তম!।
ধনদাধ্যুষিতে নিত্যং বসতস্তত্র পর্বতে ॥৫॥
কচ্চিৎ সমাগমস্তেষামাসীদ্বৈশ্রবণস্য চ।
তত্র হ্যায়াতি ধনদ আর্ষ্টিষেণো যথাব্রবীৎ ॥৬॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ তপোধন!।
ন হি মে শৃণ্বতস্তৃপ্তিরস্তি তেষাং বিচেষ্টিতম্ ॥৭॥

বৈশম্পায়ন উবাচ।

এতদাত্মহিতং শ্রুত্বা তস্যাপ্রতিমতেজসঃ।
শাসনং সততং চক্রুস্তথৈব ভরতর্ষভাঃ ॥৮॥
ভুঞ্জানা মুনিভোজ্যানি রসবন্তি ফলানি চ।
শুদ্ধবাণহতানাঞ্চ মৃগাণাং পিশিতান্যপি ॥৯॥
মেধ্যানি হিমবৎপৃষ্ঠে মধূনি বিবিধানি চ।
এবং তে ন্যবসংস্তত্র পাণ্ডবা ভরতর্ষভাঃ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বিস্তরেণেতি। শংস ব্রূহি। হৈমবতে হিমবতঃ সন্নিহিতে গন্ধমাদনে ॥৪॥
নেতি। অত্র কাকাপ্রশ্নো ব্যজ্যতে। ধনাধ্যুষিতে কুবেরাধিষ্ঠিতে ॥৫॥
কচ্চিদিতি। সমাগমঃ সম্মেলনম্। বৈশ্রবণস্য কুবেরস্য। ধনদঃ কুবেরঃ ॥৬॥
এতদিতি। তৃপ্তিঃ আকাঙ্ক্ষানিবৃত্তিঃ, তেষাং পাণ্ডবানাম্, বিচেষ্টিতং চরিত্রম্ ॥৭॥
এতদিতি। তস্য আর্ষ্টিষেণস্য, শাসনমাদেশম্, ভরতর্ষভাঃ পাণ্ডবাঃ ॥৮॥
ভুঞ্জানা ইতি। শুদ্ধৈরবিষলিপ্তমুখৈর্বাণৈর্হতানাম্। অন্যথা তন্মাংসভক্ষণে প্রাণনাশাশঙ্কেতি ভাবঃ। পিশিতানি মাংসানি। মেধ্যানি পবিত্রাণি। সান্নিধ্যাৎ হিমবদিত্যুক্তিঃ ॥৯—১০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! কুবেরাধিষ্ঠিত গন্ধমাদনপর্বতে সর্বদা বাস করিবার সময়ে যক্ষগণের সহিত ভীমসেনের যুদ্ধ হইয়াছিল না ত? ॥৫॥

আর্ষ্টিষেণ যেরূপ বলিয়াছিলেন, তাহাতে নিশ্চয়ই কুবের সেখানে আসিতেন; সুতরাং কুবেরের সহিত পাণ্ডবগণের সম্মেলন হইয়াছিল ত? ॥৬॥

তপোধন! আমি বিস্তরক্রমে এই বৃত্তান্তগুলি শুনিতে ইচ্ছা করি। কারণ, পাণ্ডবগণের চরিত্র শুনিয়া আমার আকাঙ্ক্ষার নিবৃত্তি হইতেছে না' ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবগণ নিজেদের এইরূপ হিতের কথা শুনিয়া সেইভাবেই সর্বদা অসাধারণতেজা আর্ষ্টিষেণের আদেশ পালন করিতে লাগিলেন ॥৮॥

(৫) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তথা নিবসতাং তেষাং পঞ্চমং বর্ষমভ্যগাৎ।
শৃণ্বতাং লোমশোক্তানি বাক্যানি বিবিধান্যুত ॥১১॥
কৃত্যকাল উপস্থাস্যে ইতি চোক্ত্বা ঘটোৎকচঃ।
রাক্ষসৈঃ সহ সর্বৈশ্চ পূর্বমেব গতঃ প্রভো! ॥১২॥
আর্ষ্টিষেণাশ্রমে তেষাং বসতাং বৈ মহাত্মনাম্।
অগচ্ছন্ বহবো মাসাঃ পশ্যতাং মহদদ্ভুতম্ ॥১৩॥
তৈস্তত্র বিহরদ্ভিশ্চ রমমাণৈশ্চ পাণ্ডবৈঃ।
প্রীতিমন্তো মহাভাগা মুনয়শ্চারণাস্তথা ॥১৪॥
আজগ্মুঃ পাণ্ডবান্ দ্রষ্টুং শুদ্ধাত্মানো যতব্রতাঃ।
তে তৈঃ সহ কথাং চক্রুর্দিব্যাং ভরতসত্তমাঃ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তথেতি। পঞ্চমং বর্ষং বনবাসস্য, অভ্যগাৎ অত্যক্রামৎ ॥১১॥

কৃত্যেতি। কৃত্যকালে ভবতাং কার্য্যোপস্থিতিসময়ে, উপস্থাস্যে আগমিষ্যামি ॥১২॥

আর্ষ্টীতি। বহবো মাসাঃ পঞ্চমবৎসরাৎ পরম। অদ্ভুতং কুবেরদর্শনাদিকম্ ॥১৩॥

তৈরিতি। বিহরদ্ভির্বিচরদ্ভিঃ, পাণ্ডবৈস্তৈরিত্যর্থঃ। দিব্যাং রম্যাম্ ॥১৪-১৫॥

ভরতশ্রেষ্ঠ পাণ্ডবগণ—মুনিগণের খাদ্য অন্ন, সুস্বাদু ফল, নির্দোষ শরাহত হরিণগণের মাংস এবং নানাবিধ পবিত্র মধু ভক্ষণ করিতে থাকিয়া এইভাবে হিমালয়সন্নিহিত সেই গন্ধমাদনপর্ব্বতের উপরে বাস করিতে লাগিলেন ॥৯-১০॥

তাঁহারা (অবসরক্রমে) লোমশোক্ত নানাবিধ উপাখ্যান শুনিতেন; সেই ভাবে বাস করিবার সময়ে তাঁহাদের বনবাসের পঞ্চম বৎসর অতীত হইল ॥১১॥

রাজা! 'আপনাদের কার্য্যকাল উপস্থিত হইলে আমিও উপস্থিত হইব' এই কথা বলিয়া ঘটোৎকচ অন্যান্য সকল রাক্ষসের সহিত পূর্ব্বেই চলিয়া গিয়াছিল ॥১২॥

মহাত্মা পাণ্ডবেরা সাতিশয় আশ্চর্য্য বস্তু সকল দেখিতে থাকিয়া আর্ষ্টিষেণের আশ্রমে বাস করিতে লাগিলেন; এই অবস্থায় তাঁহাদের বহুতর মাস অতীত হইয়া গেল ॥১৩॥

তাহার পর একদা বিশুদ্ধ চিত্ত ও ব্রতপরায়ণ মহাত্মা মুনিগণ এবং চারণ (দেবযোনিবিশেষ) গণ—তত্রত্য আমোদমান পাণ্ডবগণের চরিত্র শুনিয়া আনন্দিত হইয়া তাঁহাদের সহিত সাক্ষাৎ করিবার জন্য আগমন করিলেন; তখন ভরতশ্রেষ্ঠ পাণ্ডবগণ তাঁহাদের সহিত মনোহর আলাপ করিলেন ॥১৪-১৫॥

ততঃ কতিপয়াহস্য মহাহ্রদনিবাসিনম্।
ঋদ্ধিমন্তং মহানাগং সুপর্ণঃ সহসাঽহরৎ ॥১৬॥
প্রাকম্পত মহাশৈলঃ প্রানৃত্যন্ত মহাদ্রুমাঃ।
দদৃশুঃ সর্ব্বভূতানি পাণ্ডবাশ্চ তদদ্ভুতম্ ॥১৭॥
ততঃ শৈলোত্তমস্যাগ্রাৎ পাণ্ডবান্ প্রতি মারুতঃ।
অবহৎ সর্ব্বমাল্যানি গন্ধবন্তি শুভানি চ ॥১৮॥
তত্র পুষ্পাণি দিব্যানি সুহৃদ্ভিঃ সহ পাণ্ডবাঃ।
দদৃশুঃ পঞ্চবর্ণানি দ্রৌপদী চ যশস্বিনী ॥১৯॥
ভীমসেনং ততঃ কৃষ্ণা কালে বচনমব্রবীৎ।
বিবিক্তে পর্ব্বতোদ্দেশে সুখাসীনং মহাভুজম্ ॥২০॥
মনসস্তুল্যবেগেন শ্বসনেন মহাবলাৎ।
পঞ্চবর্ণানি পাত্যন্তে পুষ্পাণি ভরতর্ষভ! ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। কতিপয়াহস্য অতিক্রমে সতি। ঋদ্ধিমন্তং নাম। সুপর্ণো গরুড়ঃ ॥১৬॥
প্রেতি। প্রাকম্পত প্রানৃত্যন্ত, গরুড়পক্ষবায়ুনেতি ভাবঃ। তৎ প্রকম্পনাদিকম্ ॥১৭॥
তত ইতি। সর্ব্বমাল্যানি উপভোগার্থমানীতাঃ সর্ব্বা এব পুষ্পমালাঃ ॥১৮॥
তত্রেতি। তত্র তেষু মাল্যেষু, দিব্যানি স্বর্গীয়াণি. সুহৃদ্ভিঃ ব্রাহ্মণাদিভিঃ ॥১৯॥
ভীমেতি। ততস্তস্মিন্। বিবিক্তে নির্জ্জনে, পর্ব্বতস্য উদ্দেশে স্থানবিশেষে ॥২০॥
মনস ইতি। শ্বসনেন বায়ুনা। প্রত্যেকতঃ পঞ্চ বর্ণা যেষু তানি ॥২১॥

তাহার পর কয়েক দিন অতীত হইলে একদা গরুড় আসিয়া একটা মহাহ্রদে অবস্থিত 'ঋদ্ধিমান্'-নামক একটা মহানাগকে হঠাৎ অপহরণ করিলেন ॥১৬॥

তখন গরুড়ের (পক্ষবায়ুতে) মহাপর্ব্বত কাঁপিয়া উঠিল এবং বিশাল বৃক্ষ সকল নাচিতে লাগিল; এই অদ্ভুত ঘটনা সকল প্রাণী দেখিল এবং পাণ্ডবেরাও দেখিলেন ॥১৭॥

তদনন্তর প্রবল বায়ু পর্ব্বতের উপর হইতে সৌরভসম্পন্ন ও শুভলক্ষণযুক্ত সমস্ত মালা আনিয়া পাণ্ডবগণের নিকট উপস্থিত করিল ॥১৮॥

তখন পাণ্ডবগণ, তাঁহাদের বন্ধুগণ ও যশস্বিনী দ্রৌপদী সেই মালাগুলির মধ্যে পঞ্চবর্ণ স্বর্গীয় পুষ্প সকল দর্শন করিলেন ॥১৯॥

সেই সময়ে দ্রৌপদী যাইয়া নির্জন স্থানে সুখোপবিষ্ট মহাবাহু ভীমসেনকে এই কথা বলিলেন—॥২০॥

(১৭) প্রানৃত্যন্ত মহাক্রমাঃ—বা ব কা নি। (২১) সুপর্ণানিলবেগেন—বা ব কা নি।

প্রত্যক্ষং সর্বভূতানাং নদীমশ্বরথাং প্রতি।
খাণ্ডবে সত্যসন্ধেন ভ্রাত্রা তব মহাত্মনা ॥২২॥
গন্ধর্বোরগরক্ষাংসি বাসবশ্চ নিবারিতঃ।
হতা মায়াবিনশ্চোগ্রা ধনুঃ প্রাপ্তঞ্চ গাণ্ডিবম্ ॥২৩॥ (যুগ্মকম্)
তবাপি সুমহত্তেজো মহদ্বাহুবলঞ্চ তে।
অবিষহ্যমনাধৃষ্যং শতক্রতুবলোপমম্ ॥২৪॥
ত্বদ্বাহুবলবেগেন ত্রাসিতাঃ সর্ব্বরাক্ষসাঃ।
হিত্বা শৈলং প্রপদ্যন্তাং ভীমসেন! দিশো দশ ॥২৫॥
ততঃ শৈলোত্তমস্যাগ্রং চিত্রমাল্যধরং শিবম্।
ব্যপেতভয়সম্মোহাঃ পশ্যন্তু সুহৃদস্তব ॥২৬॥
এবং প্রণিহিতং ভীম! চিরাৎ প্রভৃতি মে মনঃ।
দ্রষ্টুমিচ্ছামি শৈলাগ্রং ত্বদ্বাহুবলপালিতা ॥২৭॥

ভারতকৌমুদী

প্রত্যক্ষমিতি। অশ্বরথাং নাম। খাণ্ডবে খাণ্ডববনদাহকালে। বাসব ইন্দ্রঃ ॥২২—২৩॥
তবেতি। তেজো দর্পঃ। অনাধৃষ্যং শত্রুভিরনভিভবনীয়ম্, শতক্রতুরিন্দ্রঃ ॥২৪॥
ত্বদিতি। সর্ব্বরাক্ষসা এতৎপর্ব্বতরক্ষকা ইত্যর্থঃ। হিত্বা ত্যক্ত্বা, প্রপদ্যন্তাং গচ্ছন্তু ॥২৫॥
তত ইতি। চিত্রমাল্যধরম্ ঈদৃশাদ্ভুতমালাযুক্তম্, শিবং মঙ্গলকরম্ ॥২৬॥
এবমিতি। প্রণিহিতম্ অভিসন্ধানযুক্তম্। শৈলাগ্রম্ এতৎপর্ব্বতাগ্রম্ ॥২৭॥

'ভরতশ্রেষ্ঠ! মনের তুল্য বেগবান্ বায়ু আপন বলপ্রভাবে পঞ্চবর্ণ পুষ্প সকল নিপাতিত করিতেছে ॥২১॥

ওদিকে আপনার ভ্রাতা, সত্যপ্রতিজ্ঞ ও মহাত্মা অর্জ্জুন অশ্বরথানদীর তীরে সকল প্রাণীর প্রত্যক্ষে খাণ্ডবদাহের সময়ে গন্ধর্ব্ব, নাগ, রাক্ষস এবং ইন্দ্রকে পর্য্যন্ত বারণ করিয়াছিলেন, ভয়ঙ্কর মায়াবীদিগকে বধ করিয়াছিলেন এবং গাণ্ডিবধনু লাভ করিয়াছিলেন ॥২২—২৩॥

আপনারও ইন্দ্রবলেরই তুল্য শত্রুগণের অসহ্য এবং অজেয় মহাবাহুবল ও অত্যন্ত দর্প রহিয়াছে ॥২৪॥

অতএব ভীমসেন! আপনার বাহুবলের বেগে পর্ব্বতরক্ষী সকল রাক্ষসই ভীত হইয়া এই পর্বত ত্যাগ করিয়া দশ দিকে গমন করুক ॥২৫॥

তা'র পর, আপনার বন্ধুগণ নির্ভয় ও নিঃসঙ্কোচ হইয়া বিচিত্র মাল্যযুক্ত ও মঙ্গলময় এই পর্ব্বতের উপরিভাগ দর্শন করুন ॥২৬॥

---

(২৪)···শক্রতুল্যপরাক্রমঃ—বা ব কা নি।

ততঃ ক্ষিপ্তমিবাত্মানং দ্রৌপদ্যা স পরন্তপঃ।
নামৃষ্যত মহাবাহুঃ প্রহারমিব সদ্গবঃ ॥২৮॥
সিংহর্ষভগতিঃ শ্রীমান্ উদারকনকপ্রভঃ।
মনস্বী বলবান্ দৃপ্তো মানী শূরশ্চ পাণ্ডবঃ ॥২৯॥
লোহিতাক্ষঃ পৃথুব্যংসো মত্তবারণবিক্রমঃ।
সিংহদংষ্ট্রো বৃষস্কন্ধঃ সালপোত ইবোদ্গতঃ ॥৩০॥
মহাত্মা চারুসর্ব্বাঙ্গঃ কম্বুগ্রীবো মহাভুজঃ।
রুক্মপৃষ্ঠং ধনুঃ খড়্গং তূণাংশ্চাপি পরামৃশৎ ॥৩১॥ (বিশেষকম্)
স কেশরীব চোৎসিক্তঃ প্রভিন্ন ইব বারণঃ।
ব্যপেতভয়সম্মোহঃ শৈলমভ্যপতদ্বলী ॥৩২॥
তং মৃগেন্দ্রমিবায়ান্তং প্রভিন্নমিব বারণম্।
দদৃশুঃ সর্ব্বভূতানি বাণকার্ম্মুকধারিণম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ক্ষিপ্তং তিরস্কৃতম্। নামৃষ্যত নাসহত। সদ্গবো মহাবৃষঃ ॥২৮॥

সিংহেতি। উদারকনকপ্রভ উত্তমস্বর্ণকান্তিঃ। পৃথূ বিশালৌ বিশিষ্টৌ চ অংসৌ স্কন্ধৌ যস্য সঃ, মত্তবারণবিক্রমো মত্তহস্তিতুল্যপরাক্রমঃ। সালপোতো নবীনঃ সালবৃক্ষঃ। কম্বুঃ শঙ্খ ইব গ্রীবা যস্য সঃ। রুক্মপৃষ্ঠং স্বর্ণপৃষ্ঠম্। পরামৃশৎ অগৃহ্লাৎ ॥২৯—৩১॥

স ইতি। উৎসিক্তো দৃপ্তঃ, প্রভিন্নো মদস্রাবী, বারণো হস্তী ॥৩২॥

ভীমসেন! বহুকাল হইতেই আমার মন এইরূপ ধারণা করিয়া রহিয়াছে; আর আমিও আপনার বাহুবলে রক্ষিত হইয়া এই পর্বতের উপরি ভাগ দেখিতে ইচ্ছা করি' ॥২৭॥

তাহার পর মহাবৃষ যেমন প্রহার সহ্য করিতে পারে না, সেইরূপ শত্রুতাপী মহাবাহু ভীমসেন দ্রৌপদীকর্ত্তৃক আপনাকে যেন তিরস্কৃত বলিয়া মনে করিয়া সে তিরস্কার সহ্য করিতে পারিলেন না ॥২৮॥

তদনন্তর শ্রেষ্ঠ সিংহের ন্যায় গতিসম্পন্ন, কান্তিশালী, উত্তম স্বর্ণবর্ণ, মনস্বী, বলবান্, দর্পশালী, অভিমানী, বীর, রক্তনয়ন, বৃষের ন্যায় বিশাল স্কন্ধ, মত্ত হস্তীর ন্যায় বিক্রমযুক্ত, সিংহের ন্যায় দন্তসমন্বিত, নবীন শালবৃক্ষের ন্যায় উন্নত, উদারচেতা, সর্বাঙ্গসুন্দর, শঙ্খের ন্যায় গ্রীবাশালী ও মহাবাহু ভীমসেন স্বর্ণখচিত ধনু, তরবারি এবং তূণ গ্রহণ করিলেন ॥২৯—৩১॥

তৎপরে সিংহের ন্যায় দর্পিত, মদস্রাবী হস্তীর ন্যায় বলবান্ এবং ভয় ও অবসাদশূন্য ভীমসেন পর্বতের দিকে গমন করিতে লাগিলেন ॥৩২॥

।৩০)...সিংহদংষ্ট্রো বৃহৎস্কন্ধঃ—বা ব কা।

দ্রৌপদ্যা বর্দ্ধয়ন্ হর্ষং গদামাদায় পাণ্ডবঃ।
ব্যপেতভয়সম্মোহঃ শৈলরাজং সমাশ্রিতঃ ॥৩৪॥
ন গ্লানির্ন চ কাতর্য্যং ন বৈক্লব্যং ন মৎসরঃ।
কদাচিজ্জুষতে পার্থমাত্মজং মাতরিশ্বনঃ ॥৩৫॥
তদেকায়নমাসাদ্য বিষমং ভীমদর্শনম্।
বহুতালোচ্ছ্রয়ং শৃঙ্গমারুরোহ মহাবলঃ ॥৩৬॥
স কিন্নরমহানাগ-মুনিগন্ধর্ব্বরাক্ষসান্।
হর্ষয়ন্ পর্ব্বতস্যাগ্রমারুরোহ পরন্তপঃ ॥৩৭॥
ততো বৈশ্রবণাবাসং দদর্শ ভরতর্ষভঃ।
কাঞ্চনৈঃ স্ফাটিকৈশ্চৈব বেশ্মভিঃ সমলঙ্কৃতম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

তমিতি। সত্ত্বভূতানি শৈলস্থাঃ সর্বে প্রাণিনঃ।৩৩॥
দ্রৌপদ্যা ইতি। পাণ্ডবো ভীমঃ। সম্মোহো নিরুৎসাহতা অবসাদ ইতি যাবৎ।৩৪॥
নেতি। মৎসরো বিদ্বেষঃ। জুষতে সেবতে। মাতরিশ্বনো বায়োঃ।৩৫॥
তদিতি। একমেব অয়নং পন্থা যস্য তৎ। বহুতালবৎ উচ্ছ্রয় উন্নতাং যস্য তৎ।৩৬
স ইতি। হর্ষয়ন্ আত্মরূপপ্রদর্শনেনানন্দয়ন।৩৭॥
অথ চতুর্ভিঃ কলাপকেন কুবেরভবনং বর্ণয়ন্ তত্দর্শনমাহ তত ইতি। বৈশ্রবণাবাসং

ভারতভাবদীপঃ

আস্তি বেণেতি॥১—২৯॥ পৃথু নিশিতৌ অংসৌ যস্য স পৃথ্বংসঃ॥৩০—৩৪॥ গ্লানিঃ শ্রমঃ, কাতর্য্যং ভয়ম্, বৈক্লব্যমুৎসাহঃ, মৎসরঃ পরোৎকর্ষাসহিষ্ণুত্বম্॥৩৫॥ একায়নং বাম-

---

তখন সমস্ত প্রাণী—সিংহের ন্যায় এবং মদস্রাবী হস্তীর ন্যায় ধনুর্ব্বাণধারী ভীমসেনকে আগমন করিতে দেখিল॥৩৩॥

ক্রমে ভয় ও অবসাদবিহীন ভীমসেন গদাগ্রহণপূর্বক দ্রৌপদীর আনন্দ বর্দ্ধন করিতে থাকিয়া পর্ব্বতের নিকটে উপস্থিত হইলেন॥৩৪॥

পরিশ্রম, কাতরতা, বিহ্বলতা এবং বিদ্বেষ ইহার কোনটাই বায়ুপুত্র ভীমসেনকে কখনও আশ্রয় করে নাই॥৩৫॥

মহাবল ভীমসেন সেই একটীমাত্র পথ দিয়া যাইয়া উন্নতাবনত, ভয়ঙ্করাকৃতি এবং বহুতালবৃক্ষের ন্যায় উচ্চ সেই পর্বতশৃঙ্গে আরোহণ করিলেন॥৩৬॥

পরন্তপ ভীমসেন—কিন্নর, মহানাগ, মুনি, গন্ধর্ব ও রাক্ষসদিগকে আনন্দিত করিয়াই পর্বতের উপরে আরোহণ করিলেন॥৩৭॥

---

(৩৭)··অগ্রমারুহ্য স মহাবলঃ···বা ব কা।

প্রাকারেণ পরিক্ষিপ্তং সৌবর্ণেন সমন্ততঃ।
সর্ব্বরত্নদ্যুতিমতা সর্ব্বোদ্যানবতা তথা ॥৩৯॥
শৈলাদভ্যুচ্ছ্রয়বতা চয়াট্টালকশোভিনা।
দ্বারতোরণনির্য্যূহ-ধ্বজসংবাহশোভিনা ॥৪০॥
বিলাসিনীভিরত্যর্থং নৃত্যন্তীভিঃ সমন্ততঃ।
বায়ুনা ধূয়মানাভিঃ পতাকাভিরলঙ্কৃতম্ ॥৪১॥ (কলাপকম্)
ধনুষ্কোটীমবষ্টভ্য বক্রভাবেন বাহুনা।
পশ্যমানঃ স খেদেন দ্রবিণাধিপতেঃ পুরম্ ॥৪২॥

ভারতকৌমুদী

বেরভবনম্। পরিক্ষিপ্তং পরিবেষ্টিতম্। অভ্যুচ্ছ্রয়বতা উচ্চতাশালিনা। চয়ো বপ্রঃ প্রাকারমূলবন্ধ ইতি যাবৎ, অট্টালকানি উপরিতনগৃহাণি তৈঃ শোভিনা। দ্বারাণি, তোরণানি দ্বারবহির্দ্দেশে স্তম্ভদ্বয়োপরিনিহিতবক্রদারূণি, নির্য্যূহা নাগদন্তকা ভিত্তিতো নির্গতাঃ কাষ্ঠবিশেষাঃ, ধ্বজাঃ কেতবঃ, সংবাহা অভ্যন্তরসোপানানি চ তৈঃ শোভত ইতি তৈঃ। ধূয়মানাভিরান্দোল্যমানাভিঃ পতাকাভিঃ, নৃত্যন্তীভির্বিলাসিনীভিরিব অত্যর্থং অলঙ্কৃতমিতি সম্বন্ধঃ। এষামভিধানানি সুগমানি ॥৩৮—৪১॥

ধনুরিতি। স ভীমঃ, খেদেন আত্মনস্তাদৃশপুর্য্যা অভাবস্মরণাদ্দুঃখেন, বক্রো ভাবো যস্য তেন বাহুনা, ধনুষঃ কোটীমগ্রম্, অবষ্টভ্য আশ্রিত্য দ্রবিণাধিপতেঃ কুবেরস্য পুরং পশ্যমান আসীৎ ॥৪২॥

ভারতভাবদীপঃ

শিলাপ্রাকারশৃঙ্গম্ ॥৩৬—৩৮॥ পরিক্ষিপ্তং পরিত আবৃতম্ ॥৩৯॥ চয়াট্টালকশোভিনা চয়ঃ প্রাকারস্য মূলবন্ধঃ, অট্টালক উপরিগৃহম্। "চয়ঃ সমূহে প্রাকারমূলবন্ধে সমাহিতে" ইতি মেদিনী। তোরণং বহির্দ্বারং নির্য্যূহঃ নাগদন্তাখ্যং গৃহান্নির্গতং দারু। "নির্য্যূহো নাগ-

তাহার পর ভীমসেন কুবেরের পুরী দর্শন করিলেন; সে পুরীটী—স্বর্ণময় ও স্ফটিকময় বহুতর গৃহে অলঙ্কৃত এবং সকল দিকেই স্বর্ণপ্রাচীরে পরিবেষ্টিত ছিল; সেই প্রাচীর হইতে আবার সর্ব্বপ্রকার রত্নের কিরণ ছড়াইয়া পড়িতেছিল, ভিতরে সর্ব্বপ্রকার উদ্যান ছিল এবং তাহার উচ্চতা পর্ব্বত অপেক্ষাও অধিক ছিল; আর তাহার মূলে সুন্দর বপ্র (মূলবন্ধ), উপরে সুন্দর সুন্দর গৃহ, দ্বার, তোরণ, নাগদন্ত (হুক), ধ্বজ ও ভিতরের দিকে সিঁড়ি ছিল। আর, বায়ুকর্ত্তৃক সঞ্চালিত পতাকা সকল—নৃত্যপ্রবৃত্ত রমণীগণের ন্যায় সমস্ত দিকেই সেই পুরীটীকে অত্যন্ত শোভিত করিতেছিল ॥৩৮—৪১॥

তখন ভীমসেন বক্র বাহুদ্বারা ধনুর অগ্রদেশ অবলম্বন করিয়া দুঃখের সহিত সেই কুবেরের পুরীটী দেখিতে লাগিলেন ॥৪২॥

মোদয়ন্ সর্বভূতানি গন্ধমাদনসম্ভবঃ।
সর্বগন্ধবহস্তত্র মারুতঃ সুসুখো ববৌ ॥৪৩॥
চিত্রা বিবিধবর্ণাভাশ্চিত্রমঞ্জরিধারিণঃ।
অচিন্ত্যা বিবিধাস্তত্র দ্রুমাঃ পরমশোভিনঃ ॥৪৪॥
রত্নজালপরিক্ষিপ্তং চিত্রমাল্যবিভূষিতম্।
রাক্ষসাধিপতেঃ স্থানং দদৃশে ভরতর্ষভঃ ॥৪৫॥
গদাখড়্গধনুষ্পাণিঃ সমভিত্যক্তজীবিতঃ।
ভীমসেনো মহাবাহুস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥৪৬॥
ততঃ শঙ্খমুপাধ্মাসীদ্দ্বিষতাং লোমহর্ষণম্।
জ্যাঘোষং তলশব্দঞ্চ কৃত্বা ভূতান্যমোহয়ৎ ॥৪৭॥
ততঃ প্রহৃষ্টরোমাণস্তং শব্দমভিদুদ্রুবুঃ।
যক্ষরাক্ষসগন্ধর্বাঃ পাণ্ডবস্য সমীপতঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

মোদয়ন্নিতি। সর্বগন্ধবহঃ সর্ববিধসৌরভবাহী, সুসুখঃ অতীবসুখকরঃ ॥৪৩॥

চিত্রা ইতি। অচিন্ত্যাশ্চিন্তয়িতুমপ্যশক্যাঃ প্রাগদর্শনাৎ। দ্রুমা আসন্নিতি শেষঃ ॥৪৪॥

রত্নেতি। রত্নজালেন পরিক্ষিপ্তং পরিবেষ্টিতম্। রাক্ষসাধিপতেঃ কুবেরস্য ॥৪৫॥

গদেতি। সমভিত্যক্তং সর্বথা ত্যক্তুমুদ্যতং জীবিতং যেন সঃ ॥৪৬॥

তত ইতি। উপাধ্মাসীৎ বাদিতবান্। তলশব্দং করতলধ্বনিম্। ভূতানি প্রাণিনঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

দন্তে স্যাৎ" ইতি বিশ্বঃ ॥৪০—৪১॥ বক্রভাবেন বক্রেণ বাহুনা উপলক্ষিতঃ এতেঽস্মান্ প্রত্যাগচ্ছন্তীতি বা বক্রবুদ্ধ্যা খেদেন তদ্দর্শনাৎ স্বসম্পৎস্মরণং তেন দ্রবিণাধিপতেঃ ধনাদি-

---

সেই সময়ে সর্বপ্রকার সৌরভবাহী অত্যন্ত সুখজনক গন্ধমাদনপর্বতজাত বায়ু সকল প্রাণীকে আমোদিত করিয়া বহিতে থাকিল ॥৪৩॥

সেই পুরীটার ভিতরে বিচিত্র, নানাবর্ণ, বিচিত্র মঞ্জরীযুক্ত ও অচিন্তনীয় নানাবিধ পরম সুন্দর বৃক্ষ সকল শোভা পাইতেছিল ॥৪৪॥

ভীমসেন আরও দেখিলেন—কুবেরের পুরটী রত্নের ঝালরে পরিবেষ্টিত এবং বিচিত্র মাল্যে অলঙ্কৃত রহিয়াছে ॥৪৫॥

তখন গদা, তরবারি ও কার্ম্মুকধারী এবং জীবনত্যাগে উদ্যত মহাবাহু ভীমসেন কিছু কাল পর্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৪৬॥

তাহার পর তিনি শত্রুগণের রোমাঞ্চজনক শঙ্খধ্বনি করিলেন এবং জ্যাশব্দ ও তলশব্দ করিয়া তত্রত্য প্রাণিগণকে মোহিত করিলেন ॥৪৭॥

'অর্জ্জুন! এ অস্ত্র মানুষের উপরে কোন প্রকারেই নিক্ষেপণীয় নহে। কারণ, দুর্ব্বলের উপরে নিক্ষেপ করিলে, এ অস্ত্র জগৎটাকেই দগ্ধ করিয়া ফেলে ॥৫২॥

তবে, প্রবল লোক অত্যন্ত পীড়ন করিতে থাকিলে এ অস্ত্র নিক্ষেপ করিবে, আর অন্য সমস্ত অস্ত্র প্রতিহত হইলে অবশ্যই নিক্ষেপ করিবে' ॥৫৩॥

মহাদেব প্রসন্ন হইলে, অপ্রতিহত, স্বর্গীয়, সর্ব্বাস্ত্রনিবারক, শত্রুনাশক, শত্রুসৈন্যচ্ছেদক এবং দেব, দানব ও রাক্ষসগণেরও দুর্দ্ধর্ষ ও দুঃসহ সেই পাশুপত অস্ত্র মূর্ত্তিমান্ হইয়া আমার পার্শ্বে দাঁড়াইল ॥৫৪—৫৫॥

(৫১) পাশুপতং মহৎ—বা ব কা নি। (৫৪) সর্ব্বাস্ত্রপ্রতিবারণম্—পি। (৫৫)···পরসেনানিকর্ত্তনম্—বা ব কা নি। * '··· সপ্তমষষ্ট্যধিক'—বা ব কা পি, 'অষ্টষষ্ট্যধিক'—নি।

একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

অর্জ্জুন উবাচ।

ততস্তাগরসং প্রীতো রজনীং তত্র ভারত!।
প্রসাদং দেবদেবাদ্বৈ তং প্রাপ্য বিপুলং তদা ॥১॥
ব্যুষিতো রজনীঞ্চাহং কৃত্বা পৌর্ব্বাহ্নিকীঃ ক্রিয়াঃ।
অপশ্যং তং দ্বিজশ্রেষ্ঠং দৃষ্টবানস্মি যং পুরা।২।
তস্মৈ চাহং যথাবৃত্তং সর্বমেব ন্যবেদয়ম্।
ভগবন্তং মহাদেবং সমেতোঽস্মীতি ভারত! ॥৩॥

ভারতকৌমুদী

অন্বিতি। প্রেক্ষতঃ প্রেক্ষমাণস্য। দেবো মহাদেবঃ ॥৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং অনুশাসনপর্ব্বণি নিবাতকবচবধে
চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। প্রসাদম্ অনুগ্রহং পাশুপতাস্ত্রমিত্যর্থঃ, দেবদেবান্মহাদেবাৎ ॥১॥
ব্যুষিত ইতি। ব্যুষিতঃ সানন্দবাসেনাতিক্রান্তঃ। পৌর্ব্বাহ্নিকীঃ সন্ধ্যাবন্দনাদীঃ ॥২॥
তস্মা ইতি। বৃত্তং জাতং ব্যাপারমনতিক্রম্যেতি যথাবৃত্তম্। সমেতঃ প্রাপ্তঃ ॥৩॥

তাহার পর আমি মহাদেবের অনুমতিক্রমে সেইখানেই উপবেশন করিলাম এবং আমার সাক্ষাতে তিনিও সেইখানেই অন্তর্হিত হইলেন' ॥৫৬॥

—:*:—

অর্জ্জুন বলিলেন—'ভরতনন্দন! তখন আমি মহাদেবের নিকট সেই প্রচুর অনুগ্রহ লাভ করিয়া আনন্দিত হইয়া সেইখানেই সে রাত্রি বাস করিলাম ॥১॥

রাত্রি প্রভাতে আমি পূর্ব্বাহ্নের কার্য্যগুলি করিয়া পূর্বে যাঁহাকে দেখিয়াছিলাম, সেই শ্রেষ্ঠ ব্রাহ্মণটীকে দেখিতে পাইলাম ॥২॥

ভরতনন্দন! 'ভগবান মহাদেবকে আমি পাইয়াছি' ইত্যাদিরূপে সমস্ত বৃত্তান্ত আমি যথাযথভাবে তাঁহার নিকট জানাইলাম ॥৩॥

(১) প্রসাদাদ্দেবদেবস্য ত্র্যম্বকস্য মহাত্মনঃ—বা ব কা নি। (২) পূর্ব্বাহ্নিকীং ক্রিয়াম্ দৃষ্টবানস্মি যং পথি—পি।

স মামুবাচ রাজেন্দ্র ! প্রীয়মাণো দ্বিজোত্তমঃ ।
দৃষ্টস্ত্বয়া মহাদেবো যথা নান্যেন কেনচিৎ ॥৪॥
সমেত্য লোকপালৈস্তু সর্ব্বৈর্বৈবস্বতাদিভিঃ ।
দ্রষ্টাস্যনঘ ! দেবেন্দ্রং স চ তেঽস্ত্রাণি দাস্যতি ॥৫॥
এবমুক্ত্বা স মাং রাজন্নাশ্লিষ্য চ পুনঃ পুনঃ ।
অগচ্ছৎ স যথাকামং ব্রাহ্মণঃ সূর্য্যসন্নিভঃ ॥৬॥
অথাপরাহ্ণে তস্যাহ্নঃ প্রাবাৎ পুণ্যঃ সমীরণঃ ।
পুনর্নবমিমং লোকং কুর্ব্বন্নিব সপত্নহন্ ! ॥৭॥
দিব্যানি চৈব মাল্যানি সুগন্ধীনি নবানি চ ।
শৈশিরস্য গিরেঃ পাদে প্রাদুরাসন্ সমীপতঃ ॥৮॥
বাদিত্রাণি চ দিব্যানি সুঘোষাণি সমন্ততঃ ।
স্তুতয়শ্চেন্দ্রসংযুক্তা অশ্রূয়ন্ত মনোহরাঃ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি । ত্বয়া যথা দৃষ্টস্তথা অন্যেন কেনচিদপি জনেন ন দৃষ্ট ইত্যর্থঃ ।৪।
সমেত্যেতি । সমেত্য মিলিত্বা, বৈবস্বতাদিভির্যমাদিভিঃ ॥৫॥
এবমিতি । আস্তঃ স প্রসিদ্ধঃ । আশ্লিষ্য আলিঙ্গ্য । যথাকামং যথেচ্ছম্ ।৬।
অথেতি । প্রাবাৎ প্রবহতি স্ম । সপত্নান্ শত্রূন্ হন্তীতি সপত্নহা তৎ সম্বোধনম্ ॥৭॥
দিব্যানীতি । শৈশিরস্য হিমালয়স্য, পাদে মূলদেশে, সমীপতঃ সমেতি শেষঃ ॥৮॥
বাদীতি । বাদিত্রাণি বাদ্যানি । সুঘোষাণি সুন্দরস্বরাণি । ইন্দ্রসংযুক্তা ইন্দ্রসম্বন্ধাঃ ॥৯॥

রাজশ্রেষ্ঠ ! তখন সেই ব্রাহ্মণশ্রেষ্ঠ আনন্দিত হইয়া আমাকে বলিলেন—'আপনি যে ভাবে মহাদেবকে দেখিয়াছেন, সেভাবে অন্য কেহই দেখিতে পারে নাই ॥৪॥

অতএব নিষ্পাপ ! যমপ্রভৃতি সমস্ত লোকপালের সহিত সম্মিলিত অবস্থায় আপনি দেবরাজকে দেখিতে পাইবেন এবং তিনি আপনাকে সমস্ত অস্ত্রই দান করিবেন' ॥৫॥

রাজা ! সূর্য্যের তুল্য তেজস্বী সেই ব্রাহ্মণ এইরূপ বলিয়া বার বার আমাকে আলিঙ্গন করিয়া ইচ্ছানুসারে গমন করিলেন ॥৬॥

শত্রুহন্তা ! তাহার পর সেই দিনেরই অপরাহ্ণকালে পবিত্র বায়ু এই জগৎটাকে পুনরায় নূতন করিতে থাকিয়াই যেন বহিতে থাকিল ॥৭॥

সৌরভসম্পন্ন ও নূতন নূতন স্বর্গীয় পুষ্পমালা হিমালয়পর্ব্বতের মূলদেশে আমার নিকটে আসিয়া পড়িতে লাগিল ॥৮॥

গণাশ্চাপ্সরসাং তত্র গন্ধর্ব্বাণাং তথৈব চ।
পুরস্তাদ্দেবদেবস্য জগুর্গীতানি সর্বশঃ ॥১০॥
মরুতাঞ্চ গণাস্তত্র দেবযানৈরুপাগমন্।
মহেন্দ্রানুচরা যে চ দেবসদ্মনিবাসিনঃ ॥১১॥
ততো মরুত্বান্ হরিভির্যুক্তৈর্বাহৈঃ স্বলঙ্কৃতৈঃ।
শচীসহায়স্তত্রায়াৎ স সর্বৈস্তদাঽমরৈঃ ॥১২॥
এতস্মিন্নেব কালে তু কুবেরো নরবাহনঃ।
দর্শয়ামাস মাং রাজন্! লক্ষ্ম্যা পরময়া যুতঃ ॥১৩॥
দক্ষিণস্যাং দিশি যমং প্রত্যপশ্যং ব্যবস্থিতম্।
বরুণং দেবরাজঞ্চ যথাস্থানমবস্থিতম্ ॥১৪॥
তে মামূচুর্মহারাজ! সান্ত্বয়িত্বা নরর্ষভ!।
সব্যসাচিন্! নিরীক্ষাস্মাল্লোঁকপালানবস্থিতান্। ১৫॥

ভারতকৌমুদী

গণা ইতি। পুরস্তাদগ্রতঃ, দেবদেবরাজস্য। সর্ব্বশঃ সর্বপ্রকারাণি ॥১০॥

মরুতামিতি। মরুতাং দেবানাম্, দেবযানৈর্বিমানৈঃ ॥১১॥

তত ইতি। মরুত্বান্ ইন্দ্রঃ, হরিভিরশ্বৈঃ অশ্বাকৃতিভির্যন্ত্রৈঃ, বাহৈর্বিমানৈঃ ॥১২॥

এতস্মিন্নিতি। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। লক্ষ্ম্যা শোভয়া ॥১৩॥

দক্ষিণস্যামিতি। যথাস্থানং পশ্চিমায়াং দিশি। এতেনেন্দ্রঃ পূর্ব্বস্যামিত্যবসীয়তে ॥১৪॥

এবং সকল দিকেই আমি সুশব্দ স্বর্গীয় বাদ্য ও মনোহর ইন্দ্রের স্তব শুনিতে লাগিলাম ॥৯॥

আর, তখন অপ্সরোগণ ও গন্ধর্ব্বগণ দেবরাজের সম্মুখে থাকিয়া সর্ব্বপ্রকার গান গাহিতেছিল ॥১০॥

পরে ক্রমশঃ দেবগণ এবং যাঁহারা দেবগৃহবাসী ইন্দ্রের অনুচর, তাঁহারা দেববিমানে আরোহণ করিয়া আগমন করিতে লাগিলেন ॥১১॥

তাহার পর অশ্বাকৃতি-যন্ত্রযুক্ত ও সুন্দরভাবে অলঙ্কৃত বিমানসমূহে শচীদেবী ও সমস্ত দেবতাদের সহিত ইন্দ্র সেখানে আগমন করিলেন ॥১২॥

রাজা! এই সময়েই পরম শোভাসম্পন্ন কুবের নরবাহন অবস্থায় (পাল্কিতে চড়িয়া) আসিয়া আমাকে দেখা দিলেন ॥১৩॥

আরও আমি দেখিলাম—যম দক্ষিণদিকে রহিয়াছেন এবং দেবশ্রেষ্ঠ বরুণ যথাস্থানে (পশ্চিমদিকে) অবস্থান করিতেছেন ॥১৪॥

---

(১৫)···সমীক্ষাস্মান্—পি।

ত্বং বীর ! সুরকার্য্যার্থং দৃষ্টবানসি শঙ্করম্ ।
অস্মত্তোঽপি গৃহাণ ত্বমস্ত্রাণীতি সমন্ততঃ ॥১৬॥ (যুগ্মকম্)
ততোঽহং প্রয়তো ভূত্বা প্রণিপত্য সুরর্ষভান্ ।
প্রত্যগৃহ্ণং তদাঽস্ত্রাণি মহান্তি বিধিবদ্বিভো ! ॥১৭॥
গৃহীতাস্ত্রস্ততো দেবৈরনুজ্ঞাতোঽস্মি ভারত ! ।
অথ দেবা যযুঃ সর্ব্বে যথাগতমরিন্দম ! ॥১৮॥
মঘবানপি দেবেশো রথমারুহ্য সুপ্রভম্ ।
উবাচ ভগবান্ স্বর্গং গন্তব্যং ফাল্গুন ! ত্বয়া ॥১৯॥
পুরৈবাগমনাদস্মাদ্বেদাহং ত্বাং ধনঞ্জয় ! ।
অতঃ পরং ত্বহং বৈ ত্বাং দর্শয়ে ভরতর্ষভ ! ॥২০॥

ভারতকৌমুদী

ত ইতি। নিরীক্ষ নিরীক্ষ্য। অস্মত্তঃ অস্মাকং সকাশাৎ। ইতি সমন্ততো মামূচুঃ ॥১৫-১৬॥
তত ইতি। প্রয়তো বিষ্ণুস্মরণেন পবিত্রঃ। মহান্তি প্রশস্তানি ॥১৭॥
গৃহীতেতি। দেবৈরিন্দ্রেতরৈঃ, অনুজ্ঞাতো গন্তুমিতি শেষঃ ॥১৮॥
মঘবানিতি। মঘবান ইন্দ্রঃ। গন্তব্যমিতি ভাবে তব্যপ্রত্যয়ে "ন কর্ত্তৃকর্ম্মপ্রাপ্তে" ইতি কর্ম্মণি ষষ্ঠীনিষেধাৎ স্বর্গমিতি দ্বিতীয়ৈব। পরম্রাপেয়ম্ ॥১৯॥
পুরেতি। পুরা পূর্ব্বম্। বেদ বেদ্মি। অস্মস্থানিনম্। দর্শয়ে জ্ঞাপয়ে ॥২০॥

নরশ্রেষ্ঠ মহারাজ! তখন তাঁহারা আমাকে আশ্বস্ত করিয়া সকল দিক্ হইতেই বলিলেন—'অর্জ্জুন! আমরা চারিজন দিক্পাল রহিয়াছি; তুমি দর্শন কর। বীর তুমি দেবকার্য্যসম্পাদনের জন্যই মহাদেবকে দেখিয়াছ; (পাশুপত অস্ত্র লাভ করিয়াছ,) অতএব আমাদের নিকট হইতেও অস্ত্র গ্রহণ কর' ॥১৫—১৬॥

রাজা! তাহার পর আমি পবিত্র হইয়া, সেই দেবশ্রেষ্ঠগণকে নমস্কার করিয়া, তখনই তাঁহাদের উৎকৃষ্ট অস্ত্রগুলি যথাবিধানে গ্রহণ করিলাম ॥১৭॥

ভরতনন্দন! আমি অস্ত্র গ্রহণ করিলে পর দেবতারা আমাকে চলিয়া যাইবার অনুমতি করিলেন। অরিন্দম! তাহার পর ইন্দ্রব্যতীত সকল দেবতাই যথাস্থানে চলিয়া গেলেন ॥১৮॥

ভগবান্ দেবরাজ ইন্দ্রও অত্যুজ্জ্বল রথে আরোহণ করিয়া আমাকে বলিলেন—'অর্জ্জুন! তোমার স্বর্গে যাইতে হইবে ॥১৯॥

(১৬) সুরকার্য্যার্থসিদ্ধ্যর্থম্—বা ব কা নি।

ত্বয়া হি তীর্থেষু পুরা সমাপ্লাবঃ কৃতোঽসকৃৎ।
তপশ্চেদং মহত্তপ্তং স্বর্গং গন্তাসি পাণ্ডব! ॥২১॥
ভূয়শ্চৈব তু তপ্তব্যং তপশ্চরণমুত্তমম্।
স্বর্গস্ত্ববশ্যং গন্তব্যং ত্বয়া শত্রুনিসূদন! ॥২২॥
মাতলির্মন্নিয়োগাত্ত্বাং ত্রিদিবং প্রাপয়িষ্যতি।
বিদিতস্ত্বং হি দেবানাং মুনীনাঞ্চ মহাত্মনাম্ ॥২৩॥
ততোঽহমব্রুবং শক্রং প্রসীদ ভগবন্! মম।
আচার্য্যং বরয়েঽহং ত্বামস্ত্রার্থং ত্রিদশেশ্বর! ॥২৪॥

ইন্দ্র উবাচ।

ক্রূরকর্ম্মাস্ত্রবিত্তাত! ভবিষ্যসি পরন্তপ!।
যদর্থমস্ত্রলিপ্সুস্ত্বং তং কামং পাণ্ডবাপ্নুহি ॥২৫॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। সমাপ্লাবঃ স্নানম্। স্বর্গং গন্তাসি, অনেন মানুষদেহেনৈব ॥২১॥
ভূয় ইতি। ভূয়শ্চ পুনরপি। তত্তপশ্চরণফলমাহ স্বর্গমিতি ॥২২॥
মাতলিরিতি। বিদিতস্ত্বমেব দেবা মুনয়শ্চ ত্বাং দ্রষ্টুমিচ্ছন্তীতি ভাবঃ ॥২৩॥
তত ইতি। আচার্য্যং শিক্ষকম্। অস্ত্রার্থং দেবাস্ত্রশিক্ষার্থম্ ॥২৪॥

ভারতভাবদীপঃ

স ইতি ॥১—১০॥ দেবযানৈর্বিমানৈঃ, সদ্মনিবাসিনঃ পৌরাঃ, সপৌলোম্যা শচীসহিতো মঘবা ইত্যর্থঃ ॥১১—১৩॥ যথাস্থানং প্রাচ্যামিন্দ্রঃ প্রতীচ্যাং বরুণমিত্যাদি ॥১৪—২৪॥ ত্বং ক্রূরকর্ম্মা

ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন! আমাদের এই আগমনের পূর্ব্বেই আমি তোমাকে অস্ত্রাভিলাষী বলিয়া জানি। সুতরাং ইহার পর আমি তোমাকে অস্ত্র দেখাইব ॥২০॥

পাণ্ডুনন্দন! তুমি পূর্ব্বে বহুবার তীর্থস্নান করিয়াছ এবং এই গুরুতর তপস্যা করিয়াছ। অতএব তুমি এই শরীরেই স্বর্গে যাইতে পারিবে ॥২১॥

শত্রুসূদন! তোমার আরও উত্তম তপস্যা করিতে হইবে; তাহা হইলে তুমি অবশ্যই স্বর্গে যাইতে পারিবে ॥২২॥

আমার আদেশ অনুসারে মাতলি আসিয়া তোমাকে স্বর্গে লইয়া যাইবে। কারণ, তুমি যে, এখানে আসিয়াছ, তাহা—দেবতারা ও মহাত্মা মুনিরা জানিতে পারিয়াছেন' ॥২৩॥

তাহার পর আমি দেবরাজকে বলিলাম—'ভগবন্! আপনি আমার উপরে প্রসন্ন হউন। দেবরাজ! আমি দেবাস্ত্র শিক্ষার জন্য আপনাকে আচার্য্যরূপে বরণ করিতেছি' ॥২৪॥

(২৫) যদর্থমস্ত্রলিপ্সুস্ত্বম্—বা ব কা নি।

ততোঽহমব্রুবং নাহং দিব্যান্যস্ত্রাণি শক্রহন্ ।
মানুষেষু প্রযোক্ষ্যামি বিনাস্ত্রপ্রতিঘাতনাৎ ॥২৬॥
তানি দিব্যানি মেঽস্ত্রাণি প্রযচ্ছ বিবুধাধিপ ! ।
লোকাংশ্চাস্ত্রজিতান্ পশ্চাল্লভেয়ং সুরপুঙ্গব ! ॥২৭॥

ইন্দ্র উবাচ ।

পরীক্ষার্থং ময়ৈতত্তে বাক্যমুক্তং ধনঞ্জয় ! ।
মমাত্মজস্য বচনং সূপপন্নমিদং তব ॥২৮॥
শিক্ষ মদ্ভবনং গত্বা দিব্যান্যস্ত্রাণি ভারত ! ।
বায়োরগ্নের্বসুভ্যোঽপি বরুণাৎ সমরুদ্গণাৎ ॥২৯॥

ভারতকৌমুদী

ক্রূরেতি। হে তাত বৎস! পরন্তপ! পাণ্ডব! ত্বম্, অস্ত্রবিৎ দেবাস্ত্রজ্ঞঃ সন্, ক্রূরং পরহিংসাত্মকং কর্ম্ম যস্য স তাদৃশো ভবিষ্যসি কেবলমেব পরান্ হিংসিষ্যসীত্যর্থঃ। অতএব যদর্থং যদ্দুর্য্যোধনাদিসংহারপূর্ব্বকরাজ্যলাভার্থম্, অস্ত্রলিপ্সুর্দেবাস্ত্রলাভার্থী, তং কামং মদ্বরাদেব আপ্নুহি। অতো দেবাস্ত্রলাভস্য নাস্তি প্রয়োজনমিতি ভাবঃ ॥২৫॥

তত ইতি। দিব্যানি স্বর্গীয়াণি। অস্ত্রাণাং প্রতিঘাতনাৎ পরৈর্নাশনাৎ। অতঃ ক্রূরকর্ম্মা ন ভবিষ্যামীতি মহ্যং নিঃসন্দেহমেব দেবাস্ত্রং দাতুমর্হসীত্যাশয়ঃ ॥২৬॥

তানীতি। অস্ত্রজিতান্ বীরপ্রাপ্যানিত্যর্থঃ ॥২৭॥

পরীক্ষেতি। এতৎ ক্রূরকর্ম্মেত্যাদিকম্। সূপপন্নম্ অতীবযুক্তম্ ॥২৮॥

শিক্ষেতি। শিক্ষ শিক্ষস্ব। সমরুদ্গণাৎ অপরদেবগণসহিতাৎ ॥২৯॥

তখন ইন্দ্র বলিলেন—'বৎস পরন্তপ পাণ্ডুনন্দন! তুমি দেবাস্ত্র শিক্ষা করিয়া নিষ্ঠুরকর্ম্মা হইয়া পড়িবে। অতএব যে জন্য তুমি দেবাস্ত্র লাভ করিবার ইচ্ছা করিতেছ, সে অভীষ্ট বিষয় আমার বরেই লাভ করিতে পারিবে'।২৫।

তদনন্তর আমি বলিলাম—'শক্রহন্তা দেবরাজ! আমার অস্ত্র সমস্ত প্রতিহত না হইলে, আমি দেবাস্ত্র মনুষ্যের উপরে প্রয়োগ করিব না ॥২৬॥

অতএব দেবরাজ! সেই দেবাস্ত্র সকল আমাকে দান করুন। দেবশ্রেষ্ঠ! তাহার পর আমি বীরলভ্য লোক সকল লাভ করিব' ॥২৭॥

ইন্দ্র কহিলেন—'ধনঞ্জয়! আমি তোমাকে পরীক্ষা করিবার জন্যই এই কথা বলিয়াছি; আবার তোমার এই বাক্যও আমার পুত্রের মতই অত্যন্ত যুক্তিযুক্ত হইয়াছে ॥২৮॥

অতএব ভরতনন্দন! তুমি আমার ভবনে যাইয়া বায়ু, অগ্নি, বসুগণ এবং অন্যান্য দেবগণের সহিত বরুণ, ইঁহাদের নিকট হইতে স্বর্গীয় অস্ত্র সকল শিক্ষা কর ॥২৯॥

সাধ্যং পৈতামহঞ্চৈব গন্ধর্ব্বোরগরক্ষসাম্।
বৈষ্ণবানি চ সর্ব্বাণি নৈর্ঋতানি তথৈব চ ॥৩০॥
মদ্গতানি চ জানীহি সর্ব্বাস্ত্রাণি কুরূদ্বহ।
এবমুক্ত্বা তু মাং শক্রস্তত্রৈবান্তরধীয়ত ॥৩১॥ (যুগ্মকম্)
অথাপশ্যং হরিযুজং রথমৈন্দ্রমুপস্থিতম্।
দিব্যং মায়াময়ং পুণ্যং যত্তং মাতলিনা নৃপ ॥৩২॥
গতেষু লোকপালেষু মামুবাচাথ মাতলিঃ।
দ্রষ্টুমিচ্ছতি শক্রস্ত্বাং দেবরাজো মহাদ্যুতে ॥৩৩॥
সংসিধ্যস্ব মহাবাহো! কুরু কার্য্যমনন্তরম্।
পশ্য পুণ্যকৃতাল্লোঁকান সশরীরো দিবং ব্রজ ॥৩৪॥
দেবরাজঃ সহস্রাক্ষস্ত্বাং দিদৃক্ষতি ভারত।
ইত্যুক্তোঽহং মাতলিনা গিরিমামন্ত্র্য শৈশিরম্ ॥৩৫॥
প্রদক্ষিণমুপাবৃত্য সমারোহং রথোত্তমম্।
চোদয়ামাস স হয়ান্ মনোমারুতরংহসঃ ॥৩৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সাধ্যমিতি। সাধ্যং সাধ্যাখ্যদেবযোনিবিশেষসম্বন্ধি, পৈতামহং ব্রাহ্মম্ অস্ত্রম্। গন্ধর্ব্বোরগরক্ষসাং সর্ব্বাস্ত্রাণীতি পরেণ সম্বন্ধঃ। মদ্গতানি ময়ি স্থিতানি ॥৩০—৩১॥

অথেতি। কিয়ৎকালানন্তরম্। হরিযুজম্ অশ্বযন্ত্রযুক্তম্। যত্তং যত্নেন চালিতম্ ॥৩২॥

গতেম্বিতি। দেবরাজ ইত্যনেন তদ্দর্শনেচ্ছায়া অবশ্যপূরণীয়ত্বং সূচিতম্ ॥৩৩॥

সমিতি। সংসিধ্যস্ব সম্যক্ সিদ্ধিং লভস্ব। কার্য্যম ইষ্টদেবতাস্মরণাদিকম্ ॥৩৪॥

দেবেতি। দিদৃক্ষতি দিদৃক্ষতে। শৈশিরং হিমালয়ম্। চোদয়ামাস চালয়ামাস, স মাতলিঃ, হয়ান্ অশ্বান্ অশ্বাকৃতীনি যন্ত্রাণীত্যর্থঃ, মনোমারুতরংহসঃ মহাবেগান্ ॥৩৫—৩৬॥

এবং কুরুশ্রেষ্ঠ! সাধ্য, ব্রহ্মা, গন্ধর্ব্ব, নাগ, রাক্ষস, বিষ্ণু ও নৈর্ঋত (দিক্‌—পালবিশেষ) ইঁহাদের সমস্ত অস্ত্র এবং আমার সমস্ত অস্ত্র শিক্ষা কর'। আমাকে এইরূপ বলিয়া ইন্দ্র সেইখানেই অন্তর্হিত হইলেন ॥৩০—৩১॥

রাজা! কিছু কাল পরেই আমি দেখিলাম—অশ্বাকৃতি যন্ত্রযুক্ত, স্বর্গীয়, মায়াময় ও পবিত্র ইন্দ্ররথ মাতলিকর্তৃক চালিত হইয়া উপস্থিত হইয়াছে ॥৩২॥

দিক্‌পালগণ চলিয়া গেলে মাতলি আমাকে বলিলেন—'মহাতেজা! দেবরাজ ইন্দ্র আপনাকে দেখিতে ইচ্ছা করেন ॥৩৩॥

মহাবাহু! আপনি সিদ্ধ হউন, পরকর্ত্তব্য কার্য্য করুন, ধর্ম্মার্জিত লোক সকল দর্শন করুন এবং সশরীরেই স্বর্গে গমন করুন ॥৩৪॥

(৩১) মদ্গতানি চ বানীহ—বা ব কা পি। (৩৩) লোকপালেষু যাতেষু—বা ব কা নি।

মাতলির্হয়তত্ত্বজ্ঞো যথাবদ্ভূরিদক্ষিণঃ।
অবৈক্ষত চ মে বক্ত্রং স্থিতস্যাথ স সারথিঃ।
তথা ভ্রান্তে রথে রাজন্! বিস্মিতশ্চেদমব্রবীৎ ॥৩৭॥
অত্যদ্ভুতমিদং ত্বয্য বিচিত্রং প্রতিভাতি মে।
যদাস্থিতো রথং দিব্যং পদান্ন চলিতঃ পদম্ ॥৩৮॥
দেবরাজোঽপি হি ময়া নিত্যমত্রোপলক্ষিতঃ।
বিচলন্ প্রথমোৎপাতে হয়ানাং ভরর্ষভ! ॥৩৯॥
ত্বং পুনঃ স্থিত এবাত্র রথে ভ্রান্তে কুরূদ্বহ!।
অতিশক্রমিদং সর্বং তবেতি প্রতিভাতি মে ॥৪০॥

ভারতকৌমুদী

মাতলিরিতি। ভূরিষু জনেষু মধ্যে দক্ষিণ উদারঃ। স্থিতস্য রথমধ্যে অচলিতস্য। ভ্রান্তে ক্রমিকোর্দ্ধোত্থানকালে ঘূর্ণমানে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

অত্যেতি। বক্ত্রবিস্ময়মগ্নত্বাদেকার্থ এব অত্যদ্ভুতবিচিত্রপদদ্বয়প্রয়োগঃ বোদ্ধব্যঃ ॥৩৮॥

দেবেতি। হয়ানাং হয়াকৃতিযন্ত্রাণাম্, প্রথমোৎপাতে ঘূর্ণনেন প্রথমোত্থানকালে ॥৩৯॥

ত্বমিতি। স্থিতঃ স্থিরঃ সংবৃত্তঃ। ভ্রান্তে ঘূর্ণমানে। অতিশক্রম্ ইন্দ্রাতিশায়ি ॥৪০॥

ভরতনন্দন! সহস্রনয়ন দেবরাজ আপনাকে দেখিতে ইচ্ছা করিতেছেন'। মাতলি এইরূপ বলিলে, আমি হিমালয়পর্ব্বতের নিকট বিদায় লইয়া, সেই উৎকৃষ্ট রথখানাকে প্রদক্ষিণ করিয়া তাহাতে আরোহণ করিলাম; তখন মন ও বায়ুর ন্যায় দ্রুতগামী অশ্বাকৃতি যন্ত্রগুলিকে মাতলি চালাইতে লাগিলেন ॥৩৫—৩৬॥

এদিকে সেই বিমানখানা ঘুরিতে ঘুরিতে উপরের দিকে উঠিতে থাকিলে, অথচ আমি তাহার ভিতরে স্থিরভাবে অবস্থান করিলে, অশ্বতত্ত্বজ্ঞ ও উদারচেতা ইন্দ্রসারথি মাতলি যথানিয়মে আমার মুখ দর্শন করিলেন এবং বিস্মিত হইয়া এই কথা বলিলেন—॥৩৭॥

'আজ আমার এইটা অত্যন্ত আশ্চর্য্য বলিয়া বোধ হইতেছে যে, আপনি বিমানে আরোহণ করিয়া একপদ হইতেও অপরপদে চলিতেছেন না ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ! এই অশ্বাকৃতি যন্ত্রগুলি প্রথম উপরের দিকে উঠিতে লাগিলে, আমি সর্বদাই দেবরাজকেও বিচলিত হইতেই দেখিয়া থাকি ॥৩৯॥

কিন্তু কুরুশ্রেষ্ঠ! এই বিমানখানা ঘুরিতে থাকিলেও আপনি স্থির হইয়াই রহিয়াছেন। অতএব আপনার সমস্ত কার্য্যই ইন্দ্র অপেক্ষা অধিক বলিয়াই আমার বোধ হইতেছে।' ॥৪০॥

ইত্যুক্ত্বাকাশমাবিশ্য মাতলির্বিবুধালয়ান্‌।
দর্শয়ামাস মে রাজন্‌! বিমানানি চ ভারত! ॥৪১॥
স রথো হরিভির্যুক্ত ঊর্দ্ধমাচক্রমে ততঃ।
ঋষয়ো দেবতাশ্চৈব পূজয়ন্তি নরোত্তম! ॥৪২॥
ততঃ কামগমাঁল্লোকানপশ্যং বৈ সুরর্ষিণাম্‌।
গন্ধর্ব্বাপ্সরসাঞ্চৈব প্রভাবমমিতৌজসাম্‌ ॥৪৩॥
নন্দনাদীনি দেবানাং বনান্যুপবনানি চ।
দর্শয়ামাস মে শীঘ্রং মাতলিঃ শক্রসারথিঃ ॥৪৪॥
ততঃ শক্রস্য ভবনমপশ্যমমরাবতীম্‌।
দিব্যঃ কামফলৈর্বৃক্ষৈ রত্নৈশ্চ সমলঙ্কৃতাম্‌ ॥৪৫॥

ভারতকৌমুদী

ইতীতি। আবিশ্য উত্থানেন গত্বা। বিবুধালয়ান্‌ দেবভবনানি ॥৪১॥
স ইতি। হরিভিরশ্বৈঃ অশ্বাকারযন্ত্রৈরিত্যর্থঃ। পূজয়ন্তি স্ম তদ্বিমানগতিম্‌ ॥৪২॥
তত ইতি। লোকান্‌ স্থানানি। সুরর্ষিণামিতি দীর্ঘাভাব আর্ষঃ ॥৪৩॥
নন্দনেতি। নন্দনং নাম ইন্দ্রোপবনম্‌ ॥৪৪॥
তত ইতি। ভবনং পুরীম্‌। কামফলৈঃ ইচ্ছানুরূপফলজনকৈঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

হরিণীতি সম্বন্ধঃ ॥২৫॥ অস্ত্রৈরেব প্রতিঘাতার্থমস্ত্রং মোক্ষ্যো ন ত্বন্যত্র মানুষে ॥২৬—৩১॥ মায়ামস্ত্রমিবাত্যদ্ভুতম ॥৩২—৩৮॥ পদাৎ স্থানান্ন চলিতঃ রথস্য ভ্রমণেঽপি দৃঢ়াসন ইত্যর্থঃ

ভরতনন্দন রাজা! এই কথা বলিয়া মাতলি আকাশে উঠিয়া আমাকে দেবগণের ভবন ও বিমান সকল দেখাইতে লাগিলেন ॥৪১॥

নরশ্রেষ্ঠ! তাহার পর অশ্বাকৃতি যন্ত্রযুক্ত সেই বিমানখানা উপর দিয়া চলিতে লাগিল; তখন ঋষিরা ও দেবতারা তাহার গতির প্রশংসা করিতে থাকিলেন ॥৪২॥

তদনন্তর আমি দেবর্ষিগণের কামগামী লোক সকল এবং অমিততেজা গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণের প্রভাব দেখিতে লাগিলাম ॥৪৩॥

ক্রমে ইন্দ্রসারথি মাতলি আমাকে সত্বরই দেবগণের নন্দনপ্রভৃতি উপবন ও অন্যান্য বন দেখাইতে লাগিলেন ॥৪৪॥

তাহার পর ইচ্ছানুরূপ-ফলশালী, স্বর্গীয় বৃক্ষে ও নানাবিধ রত্নে পরিশোভিত ইন্দ্রের অমরাবতী পুরী দর্শন করিলাম ॥৪৫॥

(৪২)…যুক্তো হ্যূর্দ্ধমাচক্রমে ততঃ—বা ব কা নি।

ন তত্র সূর্য্যস্তপতি ন শীতোষ্ণে ন চ ক্লমঃ।
ন বাধতে তত্র রাজন্! তত্রাস্তি ন জরা নৃপ! ॥৪৬॥
ন তত্র শোকো দৈন্যং বা দৌর্বল্যং বোপলক্ষ্যতে।
দিবৌকসাং মহারাজ! ন গ্লানিররিমর্দ্দন! ॥৪৭॥
ন ক্রোধলোভৌ তত্রাস্তাং সুরাদীনাং বিশাংপতে!।
নিত্যং তুষ্টাশ্চ তে রাজন্! প্রাণিনঃ সুরবেশ্মনি ॥৪৮॥
নিত্যপুষ্পফলাস্তত্র পাদপা হরিতচ্ছদাঃ।
পুষ্করিণ্যশ্চ বিবিধাঃ পদ্মসৌগন্ধিকাযুতাঃ ॥৪৯॥
শীতস্তত্র সুখো বায়ুঃ সুগন্ধো জীবনঃ শুচিঃ।
সর্বরত্নবিচিত্রা চ ভূমিঃ পুষ্পবিভূষিতা ॥৫০॥
মৃগদ্বিজাশ্চ বহবো রুচিরা মধুরস্বরাঃ।
বিমানগামিনস্তত্র দৃশ্যন্তে বহবোঽম্বরে ॥৫১॥

ভারতকৌমুদী

নেতি। ন তপতি সুদহকিরণ ইত্যর্থঃ। ন বাধতে ন পীড়য়তি ॥৪৬॥
নেতি। দিবৌকসাং স্বর্গবাসিনাং দেবানাং পুণ্যবলেনাগতানামিতরেষাঞ্চ ॥৪৭॥
নেতি। অত্রাদিপদেন স্বর্গাগতপুণ্যবজ্জনপরিগ্রহঃ ॥৪৮॥
নিত্যেতি। হরিতচ্ছদা হরিদ্বর্ণপর্ণাঃ। সৌগন্ধিকমত্র কহ্লারম্ ॥৪৯॥
শীত ইতি। সুখঃ সুখজনকঃ। জীবনো বলকরঃ ॥৫০॥
মৃগেতি। মৃগদ্বিজাঃ পশুপক্ষিণঃ। তত্র স্বর্গলোকে ॥৫১॥

রাজা! সেখানে সূর্য্য কাহাকেও সন্তপ্ত করেন না; সেখানে শীত, গ্রীষ্ম বা ক্লান্তি কাহারও পীড়া জন্মায় না এবং সেখানে জরা নাই ॥৪৬॥

শত্রুমর্দ্দন মহারাজ! সে স্থানের অধিবাসীদের শোক, দৈন্য, দুর্বলতা, কিংবা গ্লানি দেখিতে পাওয়া যায় না ॥৪৭॥

নরনাথ রাজা! সেখানে দেবতাপ্রভৃতির ক্রোধ বা লোভ নাই এবং দেবলোকে সেই সমস্ত প্রাণীই সর্বদা সন্তুষ্ট থাকে ॥৪৮॥

সেখানে বৃক্ষসমূহে সর্বদাই ফুল, ফল ও হরিদ্বর্ণ পত্র থাকে এবং সেখানে পদ্ম ও কহ্লার-(সুরভি উৎপল-)যুক্ত নানাবিধ পুষ্করিণী আছে ॥৪৯॥

সেখানে শীতল, সৌরভশালী, বলকারী, সুখজনক ও পবিত্র বায়ু বহিত হয় এবং ভূমি সকল সর্বরত্নে বিচিত্র ও পুষ্পভূষিত রহিয়াছে ॥৫০॥

সেখানে মনোহর ও মধুরস্বর বহুতর পশু-পক্ষীকে এবং আকাশে বহুতর বিমানচারীকে দেখা যায় ॥৫১॥

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

দ্বাদশখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়েন

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্বূরিবর্ম্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব সম্পাদিতং প্রকাশিতঞ্চ

১৩৩৯ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং ১৲

সাধারণপক্ষে মূল্যং ১।০

ততোঽপশ্যং বসূন্ রুদ্রান্ সাধ্যাংশ্চ সমরুদ্গণান্।
আদিত্যানশ্বিনৌ চৈব তান্ সর্বান্ প্রত্যপূজয়ম্ ॥৫২॥
তে মাং বীর্য্যেণ যশসা তেজসা চ বলেন চ।
অস্ত্রৈশ্চাপ্যশ্বজানন্ত সংগ্রামে বিজয়েন চ ॥৫৩॥
প্রবিশ্য তাং পুরীং রম্যাং দেবগন্ধর্ব্বপূজিতাম্।
দেবরাজং সহস্রাক্ষমুপাতিষ্ঠং কৃতাঞ্জলিঃ ॥৫৪॥
দদাবর্দ্ধাসনং প্রীতঃ শক্রো মে দদতাং বরঃ।
বহুমানাচ্চ গাত্রাণি পস্পর্শ মম বাসবঃ ॥৫৫॥
তত্রাহং দেবগন্ধর্বৈঃ সহিতো ভূরিদক্ষিণৈঃ।
অস্ত্রার্থমবসং স্বর্গে শিক্ষাণোঽস্ত্রাণি ভারত! ॥৫৬॥
বিশ্বাবসোস্তু মে পুত্রশ্চিত্রসেনোঽভবৎ সখা।
স চ গান্ধর্ব্বমখিলং গ্রাহয়ামাস মাং নৃপ! ॥৫৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সমরুদ্গণান্ বায়ুসমূহসহিতান্। প্রত্যপূজয়ং নমস্কারেণেতি ভাবঃ ॥৫২॥
ত ইতি। বীর্য্যেণ মানসিকবলেন। তেজসা দর্পেণ। অশ্বজানন্ত অবগতবন্তঃ ॥৫৩॥
প্রবিশ্যেতি। সহস্রাক্ষমিন্দ্রম্, উপাতিষ্ঠম্ উপাগচ্ছম্ ॥৫৪॥
দদাবিতি। অর্দ্ধাসনং দদৌ স্বকীয়াসনার্দ্ধে উপবেশয়ামাসেত্যর্থঃ ॥৫৫॥
তত্রেতি। ভূরিদক্ষিণৈঃ অতীবোদারস্বভাবৈঃ। শিক্ষাণঃ শিক্ষমাণঃ ॥৫৬॥
বিশ্বেতি। মে মম সখা অভবদিতি সম্বন্ধঃ। গান্ধর্বং গানাদিকম্ ॥৫৭॥

তাহার পর আমি—বসুগণ, রুদ্রগণ, সাধ্যগণ, বায়ুগণ, আদিত্যগণ ও অশ্বিনীকুমারদিগকে দেখিলাম এবং তাঁহাদের সকলকেই নমস্কার করিলাম ॥৫২॥

মানসিক বল, দৈহিক বল, যশ, তেজ, অস্ত্রনৈপুণ্য এবং যুদ্ধজয়ে তাঁহারা সকলেই আমাকে জানিতেন ॥৫৩॥

পরে, সেই দেব-গন্ধর্ব্ব–পূজিত মনোহর পুরীতে প্রবেশ করিয়া কৃতাঞ্জলি হইয়া আমি দেবরাজ ইন্দ্রের নিকট উপস্থিত হইলাম ॥৫৪॥

তখন দাতৃশ্রেষ্ঠ দেবরাজ আমাকে স্বকীয় অর্দ্ধাসনে উপবেশন করাইলেন এবং অত্যন্ত আদরের সহিত আমার সমস্ত অঙ্গ স্পর্শ করিলেন ॥৫৫॥

ভরতনন্দন! আমি অস্ত্রনৈপুণ্যলাভের জন্য সেই স্বর্গলোকে অত্যন্ত উদারপ্রকৃতি দেবগণ ও গন্ধর্ব্বগণের সহিত অস্ত্রশিক্ষা করিতে থাকিয়া বাস করিতে লাগিলাম ॥৫৬॥

তত্রাহমবসং রাজন্! গৃহীতাস্ত্রঃ সুপূজিতঃ।
সুখং শক্রস্য ভবনে সর্ব্বকামসমন্বিতঃ ॥৫৮॥
শৃণ্বন্ গীতস্বনং পুণ্যং তূর্য্যশব্দঞ্চ পুষ্কলম্।
পশ্যংশ্চাপ্সরসঃ শ্রেষ্ঠা নৃত্যন্তীর্ভরতর্ষভ! ॥৫৯॥ (যুগ্মকম্)
তৎ সর্ব্বমনবজ্ঞায় তথ্যং বিজ্ঞায় ভারত!।
অত্যর্থং প্রতিগৃহ্যাহমস্ত্রেষ্বেব ব্যবস্থিতঃ ॥৬০॥
ততোঽতুষ্যৎ সহস্রাক্ষস্তেন কামেন মে বিভুঃ।
এবং মে বসতো রাজন্নেষ কালোঽত্যগাদ্দিবি ॥৬১॥

ভারতকৌমুদী

তত্রেতি। সর্ব্বকামসমন্বিতঃ প্রাপ্যমাণসর্ব্বাভীষ্টঃ। পুষ্কলং প্রচুরম্ ॥৫৮—৫৯॥

তদিতি। হে ভারত! তদ্গীতশ্রবণাদিকং সর্বম্, অনবজ্ঞায় অনবমান্য যথাবসর-মাদৃত্যেত্যর্থঃ, তথ্যম্ অস্ত্রশিক্ষণমেব মে সত্যমুদ্দেশ্যমিতি বিজ্ঞায়, অত্যর্থং প্রতিগৃহ্য আগ্রহমঙ্গীকৃত্য, অহম্, অস্ত্রেষ্বেব অস্ত্রশিক্ষাস্বেব, ব্যবস্থিতঃ প্রবৃত্ত আসম্ ॥৬০॥

তত ইতি। কামেন অস্ত্রশিক্ষোদ্দেশেন। এব পঞ্চবর্ষাত্মকঃ ॥৬১॥

ভারতভাবদীপঃ

॥৩৯—৪২॥ সুরর্ষিণামিতি দৈর্ঘ্যাভাব আর্ষঃ, সমাহারবহুত্বং বা বহুসমুদায়াভিপ্রায়েণ ॥৪৩—৫২॥ অম্বজানস্ত বীর্য্যাদিমান্, ভবেত্যাশীর্ব্বাদান্ মধুরিত্যর্থঃ ॥৫৩—৫৯॥ তৎ সর্বমিতি। অনবজ্ঞায়াদৃত্যাদরপূর্বকং তথ্যং যথাবদত্যর্থং পুরুষার্থ ইতি বিজ্ঞায় প্রতিগৃহ্য, রাগশতেন

রাজা! বিশ্বাবসুর পুত্র চিত্রসেন আমার সখা হইলেন এবং তিনি আমাকে সমস্ত গন্ধর্ব্বশাস্ত্র (নৃত্য-গীতাদি) শিক্ষা করাইতে লাগিলেন ॥৫৭॥

ভরতশ্রেষ্ঠ রাজা! আমি যথাসময়ে পবিত্র গান ও প্রচুর তূর্য্যধ্বনি শুনিতাম, নৃত্যপরায়ণ শ্রেষ্ঠ অপ্সরাদিগকে দেখিতাম, সকলের নিকটই সম্মানিত হইতাম, অস্ত্র শিক্ষা করিতাম এবং সমস্ত অভীষ্ট বস্তুই পাইতাম; এই ভাবে সেই ইন্দ্রভবনে সুখে বাস করিতে লাগিলাম ॥৫৮—৫৯॥

ভরতনন্দন! আমি সে সমস্ত বিষয়ের প্রতি অবজ্ঞা না করিয়া, অথচ সত্য বিষয়ের প্রতি ধারণা রাখিয়া, অত্যন্ত আগ্রহ করিয়া অস্ত্রশিক্ষাতেই প্রবৃত্ত থাকিতাম ॥৬০॥

তাহার পর দেবরাজ আমার সেই উদ্দেশ্য দেখিয়া আমার উপরে সন্তুষ্ট

(৬০) এতৎ সর্ব্বমবজ্ঞায়···অত্যর্থং পরিগৃহ্যাহম্···পি। (৬১) শ্লোকাৎ পরং '···অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ'—পি, '···একোনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' নি, অস্ত্রাধ্যায়-সমাপ্তির্নাস্তি।

কৃতাস্ত্রমতিবিশ্বস্তমথ মাং হরিবাহনঃ।
সংস্পৃশ্য মূর্দ্ধ্নি পাণিভ্যামিদং বচনমব্রবীৎ ॥৬২॥
ন ত্বমদ্য যুধা জেতুং শক্যঃ সুরগণৈরপি।
কিং পুনর্মানুষে লোকে মানুষৈরকৃতাত্মভিঃ ॥৬৩॥
অপ্রমেয়োঽপ্রধৃষ্যশ্চ যুদ্ধেষপ্রতিমস্তথা।
অজেয়স্ত্বং হি সংগ্রামে সর্ব্বৈরপি সুরাসুরৈঃ ॥৬৪॥
অথাব্রবীৎ পুনর্দেবঃ সম্প্রহৃষ্টতনূরুহঃ।
অস্ত্রযুদ্ধে সমো বীর ! ন তে কশ্চিদ্ভবিষ্যতি ॥৬৫॥
অপ্রমত্তঃ সদা দক্ষঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
ব্রহ্মণ্যশ্চাস্ত্রবিচ্চাসি শূরশ্চাসি কুরূদ্বহ ! ॥৬৬॥

ভারতকৌমুদী

কৃতেতি। কৃতাস্ত্রং শিক্ষিতাস্ত্রম্। হরিবাহন ইন্দ্রঃ। মূর্দ্ধ্নি মস্তক এব ॥৬২॥
নেতি। অকৃতাত্মভিঃ ঈদৃগ্‌দেবাস্ত্রশিক্ষায়াম্ অকৃতযত্নৈঃ ॥৬৩॥
অপ্রেতি। অপ্রধৃষ্যঃ অনবজ্ঞেয়ঃ, অপ্রতিমো নিরুপমঃ ॥৬৪॥
অথেতি। সম্প্রহৃষ্টতনূরুহ আনন্দেন রোমাঞ্চিতদেহঃ ॥৬৫॥
অপ্রেতি। অপ্রমত্তঃ সাবধানঃ। ব্রহ্মণ্যো বেদহিতস্তপঃপরায়ণো বা ॥৬৬॥

হইলেন। রাজা! স্বর্গে বাস করিবার সময়ে এই ভাবে আমার এই সময়টা অতীত হইয়াছে ॥৬১॥

আমার অস্ত্রশিক্ষা হইয়া গেলে এবং আমি অতিবিশ্বস্ত বলিয়া পরিচিত হইলে, একদা দেবরাজ হস্তযুগলদ্বারা আমার মস্তকস্পর্শ করিয়া এই কথা বলিলেন—॥৬২॥

'বৎস! এখন দেবতারাও তোমাকে যুদ্ধে জয় করিতে সমর্থ হন না। অতএব মর্ত্ত্যলোকে অশিক্ষিতাস্ত্র মানুষের কথা আর কি বলিব ॥৬৩॥

আর, তুমি যুদ্ধে অনির্ব্বচনীয়, অনবজ্ঞেয় এবং অতুলনীয় হইয়াছ। সুতরাং দেব-দানবেরা সকলেও তোমাকে যুদ্ধে জয় করিতে সমর্থ নহেন' ॥৬৪॥

তাহার পর দেবরাজ রোমাঞ্চিতদেহ হইয়া পুনরায় বলিলেন—'বীর! অস্ত্রযুদ্ধে কোন লোকই তোমার তুল্য হইবে না ॥৬৫॥

কারণ, কুরুশ্রেষ্ঠ! তুমি সর্ব্বদাই সাবধান, কার্য্যদক্ষ, সত্যবাদী, জিতেন্দ্রিয় ও তপঃপরায়ণ আছ; তার পর অস্ত্রজ্ঞ এবং বীরও হইয়াছ ॥৬৬॥

(৬৪) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

অস্ত্রাণি সমবাপ্তানি ত্বয়া দশ চ পঞ্চ চ।
পঞ্চভির্বিধিভিঃ পার্থ! বিদ্যতে ন ত্বয়া সমঃ ॥৬৭॥
প্রয়োগমুপসংহারমাবৃত্তিঞ্চ ধনঞ্জয়!।
প্রায়শ্চিত্তঞ্চ বেত্থ ত্বং প্রতীঘাতঞ্চ সর্বশঃ ॥৬৮॥
তব গুর্বর্থকালোঽয়ং সমুৎপন্নঃ পরন্তপ!।
প্রতিজানীষ্ব তং কর্ত্তুং ততো বেৎস্যাম্যহং পরম্ ॥৬৯॥
ততোঽহমব্রুবং রাজন্! দেবরাজমিদং বচঃ।
বিষহং যন্ময়া কর্ত্তুং কৃতমেব নিবোধ তৎ ॥৭০॥

ভারতকৌমুদী

অস্ত্রাণীতি। দশানাং দিক্‌পালানাং দশ, তথা পাশুপতম্, ব্রাহ্মম্, বৈষ্ণবম্, প্রাজাপত্যম্, পারমেষ্ঠ্যঞ্চেতি প্রাগুক্তানি চ পঞ্চ। বিধিভিঃ প্রকারৈঃ ॥৬৭॥

অথ কে তে পঞ্চ বিধয় ইত্যাহ প্রয়োগমিতি। প্রয়োগং লক্ষ্যে নিক্ষেপস্ত ব্যাপারণম্, উপসংহারং লক্ষ্যে ব্যাপারিতস্যাপি নিক্ষেপস্ত নিবারণম্, আবৃত্তিং প্রয়োগোপসংহারয়োঃ পৌনঃপুন্যেন করণম্, প্রায়শ্চিত্তম্ আহতস্য লক্ষ্যস্য বেদনাদিপ্রতিবিধানম্, প্রতীঘাতং পরাস্ত্রব্যর্থতাকরণম্। সর্ব্বশঃ সর্ব্বথা ॥৬৮॥

তবেতি। অতএব হে পরন্তপ! অয়ং তব গুর্বর্থকালঃ গুরুদক্ষিণাদানসময়ঃ সমুৎপন্নঃ। তেন চাদৌ তং গুর্ব্বর্থম্, কর্ত্তুম্, প্রতিজানীষ প্রতিজ্ঞাং কুরু, ততশ্চ অহম্, পরং পরকর্ত্তব্যং বিষয়ম্, বেৎস্যামি ত্বাং বেদয়িষ্যামি ॥৬৯॥

ভারতভাবদীপঃ

মনসাঙ্গীকৃত্যাপ্যহমস্ত্রেষেব ব্যবস্থিতোঽভূবং ন গীতাদিষু ॥৬০॥ তেন কামেনাস্ত্রেচ্ছয়া ন তু ভোগেচ্ছয়া ॥৬১—৬৬॥ পঞ্চভিঃ প্রয়োগাদিভিঃ, আবৃত্তিঃ পুনঃপুনঃ প্রয়োগোপসংহারৌ ॥৬৭॥ প্রায়শ্চিত্তমস্ত্রাগ্নিনা দগ্ধানামনাগসাং পুনরুজ্জীবনং প্রতীঘাতং পরাস্ত্রেণাভিভূতস্য স্বাস্ত্রস্তোদ্দীপনং গুর্বর্থো দক্ষিণা ॥৬৮॥ বেৎস্যামি বেদয়িষ্যামি পরং কার্য্যমিতি শেষঃ ॥৬৯॥

পৃথানন্দন! তুমি পঞ্চদশবিধ অস্ত্র লাভ করিয়াছ। সুতরাং অস্ত্রের পঞ্চবিধ ব্যবহারেই তোমার তুল্য লোক আর নাই ॥৬৭॥

ধনঞ্জয়! তুমি সর্ব্বপ্রকারেই অস্ত্রের প্রয়োগ, উপসংহার, বার বার সে দুইটা করা, আহতের বেদনার প্রতিবিধান এবং পরাস্ত্রনিবারণ জানিয়াছ ॥৬৮॥

অতএব পরন্তপ! তোমার এইটা গুরুদক্ষিণা দিবার সময় উপস্থিত হইয়াছে; সুতরাং তুমি তাহা দিবার প্রতিজ্ঞা কর; পরে আমি কর্ত্তব্য বিষয় তোমাকে জানাইব' ॥৬৯॥

---

(৬৭)…দ্বাদশ পঞ্চ চ…পি। (৬৯) ততো গুর্ব্বর্থকালোঽয়মুপপন্নঃ…বা ব কা।

ততো মামব্রবীদ্রাজন্! প্রহস্য বলবৃত্রহা।
নাবিষহ্যং তবাস্ত্যাস্তি ত্রিষু লোকেষু কিঞ্চন ॥৭১॥
নিবাতকবচা নাম দানবা মম শত্রবঃ।
সমুদ্রকুক্ষিমাশ্রিত্য দুর্গে প্রতিবসন্ত্যত ॥৭২॥
তিস্রঃ কোট্যঃ সমাখ্যাতাস্তুল্যরূপবলপ্রভাঃ।
তাংস্তত্র জহি পার্থৈবং গুর্ব্বর্থস্তে ভবিষ্যতি ॥৭৩॥
ততো মাতলিসংযুক্তং ময়ূরসমরোমভিঃ।
হয়ৈরুপেতং প্রাদান্মে রথং দিব্যং মহাপ্রভম্ ॥৭৪॥
ববন্ধ চৈব মে মূর্দ্ধ্নি কিরীটমিদমুত্তমম্।
স্বরূপসদৃশঞ্চৈব প্রাদাদঙ্গবিভূষণম্ ॥৭৫॥

ভারতকৌমুদী

তত ইতি। বিষহ্যং বিশেষেণ শক্যম্, তন্ময়া কৃতমেবেতি নিবোধ ॥৭০॥

তত ইতি। বলবৃত্রহা ইন্দ্রঃ। অবিসহ্যম্ অশক্যম্, কিঞ্চন কার্য্যম্ ॥৭১॥

নিবাতেতি। নিবাতানি শস্ত্রৈরভেদ্যানি কবচানি বর্ম্মাণি যেষাং তে, "নিবাতা-বাশ্রয়াবাতৌ শস্ত্রাভেদ্যঞ্চ বর্ম্ম যৎ" ইত্যমরঃ। উতশব্দঃ পাদপূরণে ॥৭২॥

তিস্র ইতি। এবং তেষাং বধে কৃতে সতি, তে তব, গুর্ব্বর্থো গুরুদক্ষিণাদানম্ ॥৭৩॥

তত ইতি। হয়ৈরশ্বৈঃ। প্রাদাৎ ইন্দ্র ইতি শেষঃ। দিব্যং স্বর্গীয়ম্ ॥৭৪॥

রাজা! তাহার পর আমি দেবরাজকে এই কথা বলিলাম—'আমি যাহা করিতে সমর্থ হইব, তাহা করিয়াই রাখিয়াছি—মনে করুন' ॥৭০॥

রাজা! তদনন্তর ইন্দ্র হাস্য করিয়া আমাকে বলিলেন—'এখন ত্রিভুবনের মধ্যে কোন কার্য্যই তোমার অসাধ্য নাই ॥৭১॥

আমার শত্রু 'নিবাতকবচ-' নামক দানবেরা সমুদ্রের ভিতরে দুর্গে অবস্থান করিতেছে ॥৭২॥

তাহারা সংখ্যায় তিন কোটি এবং তাহাদের সকলেরই রূপ, বল ও তেজ সমান। পৃথানন্দন! তুমি সেই খানে যাইয়া তাহাদিগকে বধ কর, তাহা করিলেই তোমার গুরুদক্ষিণা দান করা হইবে' ॥৭৩॥

তাহার পর দেবরাজ আমাকে একখানি পরমসুন্দর স্বর্গীয় রথ প্রদান করিলেন; তাহার সারথি ছিলেন—মাতলি এবং বাহক ছিল—ময়ূরলোমের ন্যায় লোমযুক্ত অশ্ব ॥৭৪॥

(৭১)···নাবিষহ্যং তবাস্তীতি···বা ব কা, মা বিষহ্যং তবাত্রাস্তি···পি। (৭৩)···তাংস্তত্র জহি কৌন্তেয়!···বা ব কা নি।

অভেদ্যং কবচঞ্চেদং স্পর্শরূপবদুত্তমম্ ।
অজরাং জ্যামিমাঞ্চাপি গাণ্ডীবে সমযোজয়ৎ ॥৭৬॥
ততঃ প্রায়ামহং তেন স্যন্দনেন বিরাজতা ।
যেনাজয়দ্দেবপতির্বলিং বৈরোচনিং পুরা ॥৭৭॥
ততো দেবাঃ সর্ব্ব এব তেন শব্দেন বোধিতাঃ ।
মন্বানা দেবরাজং মাং সমাজগ্মুর্বিশাংপতে ! ॥৭৮॥
দৃষ্ট্বা চ মামপৃচ্ছন্ত কিং করিষ্যসি ফাল্গুন ! ।
তানব্রুবং যথাভূতমিদং কর্ত্তাস্মি সংযুগে ॥৭৯॥
নিবাতকবচানাস্তু প্রস্থিতং মাং বধৈষিণম্ ।
নিবোধত মহাভাগাঃ ! শিবঞ্চাশাস্ত মেঽনঘাঃ ! ॥৮০॥

ভারতকৌমুদী

ববন্ধেতি । স্বরূপসদৃশং মমাকৃতিযোগ্যম্ ॥৭৫॥
অভেদ্যমিতি । স্পর্শরূপবদিতি প্রশংসায়াং বতুঃ । অজরাং ক্ষয়শূন্যাম্ ॥৭৬॥
তত ইতি । প্রায়াং প্রয়াণমকরবম্ । স্যন্দনেন রথেন ॥৭৭॥
তত ইতি । বোধিতা বিষয়ান্তরেভ্যো ব্যাবর্ত্তিতমনস্কাঃ । মন্বানা মন্যমানাঃ ॥৭৮॥
দৃষ্ট্বেতি । হে ফাল্গুন ! অর্জ্জুন ! । যথাভূতং যথাবৃত্তম্ । সংযুগে যুদ্ধে ॥৭৯॥

ভারতভাবদীপঃ

বিযদ্ধং শক্যম্ ॥৭০—৭৬॥ প্রায়াং প্রয়াণং কৃতবান্ ॥৭৭—৭৯॥ আশাস্ত আশাধ্বম্ ॥৮০—৮৭॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪১॥

ক্রমে তিনি আমার মস্তকে এই উত্তম কিরীট বন্ধন করিয়া দিলেন এবং আমার আকৃতির যোগ্য অলঙ্কার প্রদান করিলেন ॥৭৫॥

আর অভেদ্য, সুখস্পর্শ, মনোহর ও উত্তম এই কবচটী দান করিলেন এবং গাণ্ডীবধনুতে এই অক্ষয় গুণ সংযুক্ত করিয়া দিলেন ॥৭৬॥

তদনন্তর—পূর্ব্বকালে দেবরাজ যে রথে আরোহণ করিয়া বিরোচনপুত্র বলিকে জয় করিয়াছিলেন, সেই দীপ্যমান রথে আরোহণ করিয়া আমি প্রস্থান করিলাম ॥৭৭॥

রাজা ! তাহার পর সেই রথশব্দে উদ্বুদ্ধ হইয়া দেবতারা সকলেই আমাকে দেবরাজ মনে করিয়া আগমন করিলেন ॥৭৮॥

এবং আমাকে দেখিয়া তাঁহারা জিজ্ঞাসা করিলেন—'অর্জ্জুন ! তুমি কি করিবে ?' । 'আমি যুদ্ধে এই করিব' এই ভাবে আমি তাঁহাদের নিকট যথাবৎ বৃত্তান্ত বলিলাম ॥৭৯॥

ততো বাগ্‌ভিঃ প্রশস্তাভিস্ত্রিদশাঃ পৃথিবীপতে ! ।
তুষ্টুবুর্মাং প্রসন্নাস্তে যথা দেবং পুরন্দরম্ ॥৮১॥
রথেনানেন মঘবান্ জিতবান্ শম্বরং যুধি ।
নমুচিং বলবৃত্রৌ চ প্রহ্লাদনরকাবপি ॥৮২॥
বহূনি চ সহস্রাণি প্রযুতান্যর্বুদানি চ ।
রথেনানেন দৈত্যানাং জিতবান্ মঘবা যুধি ॥৮৩॥
ত্বমপ্যনেন কৌন্তেয় ! নিবাতকবচান্ রণে ।
বিজেতা যুধি বিক্রম্য পুরেব মঘবান্ বশী ॥৮৪॥
অয়ঞ্চ শঙ্খপ্রবরো যেন জেতাসি দানবান্ ।
অনেন বিজিতা লোকাঃ শক্রেণাপি মহাত্মনা ॥৮৫॥

ভারতকৌমুদী

নিবাতেতি। শিবং মঙ্গলম্, আশাস্ত আশাধ্বম্ আশীর্বিষয়ং কুরুত ॥৮০॥

তত ইতি। ত্রিদশাস্তে দেবাঃ। তুষ্টুবুঃ, মহাবীরত্বাবধারণাদিত্যাশয়ঃ ॥৮১॥

রথেনেতি। মঘবান্ ইন্দ্রঃ। শম্বরাদয়স্তত্তন্নামাখ্যা অসুরাঃ ॥৮২॥

বহূনীতি। প্রযুতানি নিযুতানি। বস্তুতস্তু বহুত্বমাত্রপরমেতৎ সর্বম্ ॥৮৩॥

ত্বমিতি। বশী জিতেন্দ্রিয়স্ত্বমপীতি সম্বন্ধঃ। বিজেতা বিজেষ্যসে ॥৮৪॥

(আরও বলিলাম যে,) মহাভাগ নিষ্পাপ দেবগণ! আপনারা অবগত হউন যে, আমি নিবাতকবচ দানবগণকে বধ করিবার ইচ্ছায় প্রস্থান করিয়াছি। সুতরাং আপনারা আমার উপরে শুভাশীর্ব্বাদ করুন' ॥৮০॥

রাজা! তাহার পর দেবতারা প্রসন্ন হইয়া প্রশস্ত বাক্যদ্বারা দেবরাজের তুল্যই আমার স্তব করিলেন (বলিলেন)—॥৮১॥

'ইন্দ্র এই রথে আরোহণ করিয়াই যুদ্ধে শম্বর, নমুচি, বল, বৃত্র প্রহ্লাদ ও নরকাসুরকে জয় করিয়াছিলেন ॥৮২॥

এবং ইন্দ্র এই রথে আরোহণ করিয়াই যুদ্ধে সহস্র সহস্র, নিযুত নিযুত ও অর্বুদ অর্বুদ অন্য দৈত্যদিগকে জয় করিয়াছিলেন ॥৮৩॥

কুন্তীনন্দন! তুমি জিতেন্দ্রিয়। সুতরাং তুমিও পূর্ব্বকালে ইন্দ্রের মত যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া সেই যুদ্ধে নিবাতকবচদিগকে জয় করিবে ॥৮৪॥

আমরা এই উৎকৃষ্ট শঙ্খটী দিতেছি; যাহা দ্বারা তুমি দানবদিগকে জয় করিবে। মহাত্মা ইন্দ্রও এই শঙ্খদ্বারাই সমস্ত জগৎ জয় করিয়াছিলেন' ॥৮৫॥

---

(৮১) প্রথমার্দ্ধং বা ব কা পি নাস্তি।

প্রদীয়মানং দেবৈস্তং দেবদত্তং জলোদ্ভবম্।
প্রত্যগৃহ্ণং জয়ায়ৈনং স্তূয়মানস্তদাঽমরৈঃ ॥৮৬॥
সশঙ্খঃ কবচী বাণী প্রগৃহীতশরাসনঃ।
দানবালয়মত্যুগ্রং প্রয়াতোঽস্মি যুযুৎসয়া ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে অর্জ্জুনবাক্যে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——০ঃ(*)ঃ০——

দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

অর্জ্জুন উবাচ।
ততোঽহং স্তূয়মানশ্চ তত্র তত্র মহর্ষিভিঃ।
অপশ্যমুদধিং ভীমমপাংপতিমথাব্যয়ম্ ॥১॥

ভারতকৌমুদী

অয়মিতি। অয়ঞ্চ শঙ্খপ্রবরো দীয়ত ইতি শেষঃ। জেতাসি জেষ্যসি ॥৮৫॥
প্রেতি। দেবদত্তং নাম। এনং শঙ্খপ্রবরম্ ॥৮৬॥
সেতি। বাণী প্রভূতবাণশালী। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥৮৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ(০)ঃ——

তত ইতি। ভীমং হিংস্রজন্তুপূর্ণত্বাদদৃষ্টপরপারত্বাচ্চ। অব্যয়মশোষ্যম্ ॥১॥

এইরূপ বলিয়া দেবতারা তখন জলোৎপন্ন 'দৈবদত্ত'—নামক সেই শঙ্খটী দান করিলেন ; আমিও জয়লাভের জন্য ইহা গ্রহণ করিলাম ॥৮৬॥

তাহার পর শঙ্খ, কবচ, বাণ ও ধনু ধারণ করিয়া যুদ্ধ করিবার ইচ্ছায় আমি—অতিভয়ঙ্কর দানববাসস্থানের দিকে প্রস্থান করিলাম' ॥৮৭॥

——ঃ০ঃ——

অর্জ্জুন বলিলেন—'তাহার পর সেই সেই স্থানে মহর্ষিরা আমার স্তব করিলেন ; তৎপরে আমি যাইয়া ভীষণ, অশোষণীয় ও জলরাশি স্বরূপ সমুদ্র দেখিতে পাইলাম ॥১॥

* '...অষ্টষষ্ট্যধিক...' বা ব কা, '...ঊনসপ্তত্যধিক...' পি, '...সপ্তত্যধিক...' নি।

ফেনবন্তঃ প্রকীর্ণাশ্চ সংহতাশ্চ সমুত্থিতাঃ।
ঊর্ম্ময়শ্চাত্র দৃশ্যন্তে বল্গন্ত ইব পর্ব্বতাঃ ॥২॥
নাবঃ সহস্রশস্তত্র রত্নপূর্ণাঃ সমন্ততঃ।
তিমিঙ্গিলাঃ কচ্ছপাশ্চ তথা তিমিতিমিঙ্গিলাঃ ॥৩॥
মকরাশ্চাত্র দৃশ্যন্তে জলে মগ্না ইবাদ্রয়ঃ।
শঙ্খানাঞ্চ সহস্রাণি মগ্নান্যপ্সু সমন্ততঃ ॥৪॥
দৃশ্যন্তে স্ম যথা রাত্রৌ তারাস্তন্বভ্রসংবৃতাঃ।
তথা সহস্রশস্তত্র রত্নসংঘাঃ প্লবন্ত্যত ॥৫॥
বায়ুশ্চ ঘূর্ণতে ভীমস্তদদ্ভুতমিবাভবৎ।
তমুদীক্ষ্য মহাবেগং মহাম্ভোনিধিমুত্তমম্ ॥৬॥

ভারতকৌমুদী

ফেনেতি। প্রকীর্ণা বিশ্লিষ্টাঃ, সংহতা মিলিতাঃ। বল্গন্তো নৃত্যন্তঃ ॥২॥

নাব ইতি। তিমির্মৎস্যবিশেষঃ। "অস্তি মৎস্যস্তিমির্নাম শতযোজনবিস্তৃতঃ। তিমিঙ্গিলগিলোঽপ্যস্তি তদ্গিলোঽপ্যস্তি রাঘবঃ ॥" ইতি কাতন্ত্রপঞ্জীধৃতং বচনম্। তিমিঙ্গিলস্য শুক্লকৃষ্ণভেদেন দ্বৈবিধ্যাৎ পুনরুক্তিঃ ॥৩॥

মকরা ইতি। অদ্রয়ঃ পর্ব্বতাঃ। অপ্সু জলে ॥৪॥

দৃশ্যন্ত ইতি। তনুভিরল্পৈঃ অভ্রৈর্মেঘৈঃ সংবৃতাঃ। প্লবন্তি প্লবন্তে ॥৫॥

বায়ুরিতি। তদ্বায়ুঘূর্ণনম্। নিপত্য গগনাৎ। অতএবায়ং রথো বিমান এব।

ভারতভাবদীপঃ

ততোঽহমিতি ॥১—২॥ তিমির্মৎস্যস্তং গিলতি মহামৎস্যস্তিমিঙ্গিলঃ, তমপি গিলতীতি তিমিতিমিঙ্গিলঃ তিমিরিব গিলনীয়স্তিমিঙ্গিলো যস্যেতি বিগ্রহঃ ॥৩—৫॥ ঘূর্ণতে ভ্রমতি

ক্রমে তাহাতে দেখিলাম—ফেনশালী পর্বতপ্রমাণ তরঙ্গ সকল বিশ্লিষ্টভাবে ও সম্মিলিতভাবে উত্থিত হইয়া যেন নৃত্য করিতেছে ॥২॥

রত্নপূর্ণ সহস্র সহস্র নৌকা, কচ্ছপ, তিমি, শুভ্র তিমিঙ্গিল ও কৃষ্ণ তিমিঙ্গিল সকল দিকেই বিচরণ করিতেছিল ॥৩॥

তাহাতে আরও দেখিলাম—পর্ব্বতের ন্যায় বহুতর মকর এবং সহস্র সহস্র শঙ্খ জলমগ্ন অবস্থায় সকল দিকে বিচরণ করিতেছে ॥৪॥

রাত্রিতে অল্পমেঘাবৃত নক্ষত্রসমূহ যেমন দেখা যায়, তেমনই দেখিলাম—সমুদ্রের অল্পজলের তল দিয়া সহস্র সহস্র রত্ন ভাসিয়া বেড়াইতেছে ॥৫॥

এবং বায়ু ভয়ঙ্করভাবে ঘুরিতেছিল ; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে লাগিল। ক্রমে সেই মহাবেগশালী ও বিশাল মহাসমুদ্র দেখিয়া, নিকটে

(২) ফেনবত্যঃ প্রকীর্ণাশ্চ···বা ব কা নি। (৬)···সর্ব্বাম্ভোনিধিমুত্তমম্—বা ব কা নি।

অপশ্যং দানবাকীর্ণং তদ্দৈত্যপুরমন্তিকাৎ ।
তত্র বৈ মাতলিস্তূর্ণং নিপত্য পৃথিবীতলে ॥৭॥
রথং তস্থ সমাশ্লিষ্য প্রাদ্রবদ্রথযোগবিৎ ।
নাদয়ন্ রথঘোষেণ তৎ পুরং সমুপাদ্রবৎ ॥৮॥ (বিশেষকম্)
রথঘোষন্তু তং শ্রুত্বা স্তনয়িত্নোরিবাম্বরে ।
মন্বানা দেবরাজং মামাবিগ্না দানবাভবন্ ॥৯॥
সর্বে সম্ভ্রান্তমনসঃ শরচাপধরাঃ স্থিতাঃ ।
তথাঽসিশূলপরশু-গদামুষলপাণয়ঃ ॥১০॥
ততো দ্বারাণি পিদধুর্দানবাস্ত্রস্তচেতসঃ ।
সংবিধায় পুরে রক্ষাং ন স্ম কশ্চন দৃশ্যতে ॥১১॥
ততঃ শঙ্খমুপাদায় দেবদত্তং মহাস্বনম্ ।
পুরমাশ্বরমাশ্লিষ্য প্রাধমং তমহং শনৈঃ ॥১২॥

ভারতকৌমুদী

রথং রথদণ্ডবিশেষম্, সমাশ্লিষ্য ধৃত্বা, অন্যথা তস্য বিচলনসম্ভব ইতি ভাবঃ। প্রাদ্রবং দ্রুতমগচ্ছৎ, রথযোগবিৎ দ্রুতরথচালনোপায়জ্ঞঃ ॥৬—৮॥

রথেতি। স্তনয়িত্নোর্মেঘস্য। দানবাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৯॥

সর্ব ইতি। সম্ভ্রান্তমনসো বিচলিতচিত্তাঃ। স্থিতা দানবা ইত্যনুকর্ষঃ ॥১০॥

তত ইতি। পিদধুঃ আববন্ধুঃ। সংবিধায় সংবিধাতুমভিলষ্য ॥১১॥

দানবগণে পরিপূর্ণ সেই দানবনগর দেখিতে পাইলাম। তখন রথচালনের উপায়াভিজ্ঞ মাতলি সত্বর ভূতলে পতিত হইয়া, রথদণ্ড ধারণ করিয়া দ্রুত গমন করিতে লাগিলেন এবং রথের শব্দে সমস্ত দিক্ নিনাদিত করিয়া সেই নগরের নিকট উপস্থিত হইলেন ॥৬—৮॥

তখন দানবেরা আকাশে মেঘের শব্দের ন্যায় সেই রথের শব্দ শুনিয়া আমাকে দেবরাজ মনে করিয়া উদ্বিগ্ন হইল ॥৯॥

এবং তাহারা সকলেই অস্থিরচিত্ত হইয়া ধনু, বাণ, তরবারি, শূল, পরশু, গদা ও মুষল ধারণ করিয়া অবস্থান করিতে লাগিল ॥১০॥

তাহার পর কতকগুলি দানব ভীত হইয়া নগরটাকে রক্ষা করিবার জন্য তাহার দ্বারগুলি আবদ্ধ করিয়া দিল; তাহাতে কাহাকেও দেখা যাইতে লাগিল না ॥১১॥

(৮) রথং তস্য সমালক্ষ্য…বা ব কা নি। (১১)…ন স্ম কিঞ্চন দৃশ্যতে—কা। (১২)…পরমাং মুদমাশ্রিত্য প্রাধমং তং শনৈরহম্—বা ব কা নি।

স তু শব্দো দিবং লব্ধ্বা প্রতিশব্দমজীজনৎ।
বিত্রেসুশ্চ নিলিল্যুশ্চ ভূতানি সুমহান্ত্যপি ॥১৩॥
ততো নিবাতকবচাঃ সর্ব্ব এব সমন্ততঃ।
দংশিতা বিবিধৈস্ত্রাণৈর্বিচিত্রায়ুধপাণয়ঃ ॥১৪॥
আয়সৈশ্চ মহাশূলৈর্গদাভির্মুষলৈরপি।
পট্টিশৈঃ করবালৈশ্চ রথচক্রৈশ্চ ভারত! ॥১৫॥
শতঘ্নীভির্ভুশুণ্ডীভিঃ খড়্গৈশ্চিত্রৈঃ স্বলঙ্কৃতৈঃ।
প্রগৃহীতৈর্দিতেঃ পুত্ত্রাঃ প্রাদুরাসন্ সহস্রশঃ ॥১৬॥ (বিশেষকম্)
ততো বিচার্য্য বহুশো রথমার্গেষু তান্ হয়ান্।
প্রাচোদয়ৎ সমে দেশে মাতলির্ভরতর্ষভ! ॥১৭॥

ভারতকৌমুদী

তত ইতি। দেবদত্তং নাম দেবৈর্দত্তপূর্ব্বং বা। আশ্লিষ্য প্রায়েণালিঙ্গ্য ॥১২॥

স ইতি। দিবমাকাশম্। নিলিল্যুর্ল্কায়িতানি বভূবুঃ, ভূতানি প্রাণিনঃ ॥১৩॥

তত ইতি। দংশিতা আবৃতদেহাঃ, ত্রাণৈর্বর্ম্মভিঃ। আয়সৈর্লৌহনির্ম্মিতৈঃ। পট্টিশাদীনি তদানীং প্রসিদ্ধাস্ত্রাণি। প্রাদুরাসন্ প্রকাশিতা অভবন্ ॥১৪—১৬॥

ভারতভাবদীপঃ

॥৬॥ নিপত্য গত্বা, পৃথিবীতলে পাতালে ॥৭॥ আলক্ষ্য সর্ব্বসম্পদুপেতমিতি শেষঃ। আশ্লিষ্যেতি পাঠে ভূমাববতীর্য্য নিমগ্নং রথচক্রং দৃঢ়মাশ্লিষ্য উন্নীতবানিত্যর্থঃ। প্রাদ্রবৎ প্রকর্ষেণ বেগবানভূৎ ॥৮—১২॥ দিবং স্তব্ধা আকাশং ব্যাপ্য ॥১৩॥ দংশিতাঃ সন্নদ্ধাঃ, ত্রাণৈঃ

তদনন্তর আমি সেই অসুরপুরের অতিনিকটে যাইয়া, মহাশব্দকারী দেবদত্ত সেই শঙ্খ লইয়া, ধীরে ধীরে তাহার ধ্বনি করিলাম ॥১২॥

তখন সেই শব্দ আকাশে উঠিয়া প্রতিশব্দ উৎপাদন করিল; তাহাতে বড় বড় প্রাণীরাও ভীত ও লুক্কায়িত হইল ॥১৩॥

ভরতনন্দন! তাহার পর 'নিবাতকবচ-' নামক সহস্র সহস্র দৈত্যেরা সকলেই নানাবিধ বর্ম্মে আবৃতদেহ হইয়া লৌহময় মহাশূল, গদা, মুষল, পট্টিশ, করবাল, রথচক্র, শতঘ্নী, ভুষুণ্ডী ও সুশোভিত বিচিত্র তরবারি ধারণ করিয়া এবং অন্যান্য নানাবিধ অস্ত্র হস্তে লইয়া সকল দিক্ হইতে আবির্ভূত হইল ॥১৪—১৬॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর মাতলি বহুবিধ বিবেচনা করিয়া সমতল ভূমিতে রথের পথে সেই অশ্বাকৃতি যন্ত্রগুলিকে চালিত করিলেন ॥১৭॥

(১৩)…দিবং স্তব্ধা-বা ব কা নি। (১৪)…সর্ব্ব এব স্বলঙ্কৃতাঃ…বা ব কা নি।

তেন তেষাং প্রণুন্নানামাশুত্বাচ্ছীঘ্রগামিনাম্ ।
নান্বপশ্যং তদা কিঞ্চিত্তন্মেঽদ্ভুতমিবাভবৎ ॥১৮॥
ততস্তে দানবাস্তত্র বাদিত্রাণি সহস্রশঃ ।
বিকৃতস্বররূপাণি ভৃশং সর্ব্বাণ্যবাদয়ন্ ॥১৯॥
তেন শব্দেন সহসা সমুদ্রে পর্ব্বতোপমাঃ ।
আপ্লবন্ত গতৈঃ সত্ত্বৈর্মৎস্যাঃ শতসহস্রশঃ ॥২০॥
ততো বেগেন মহতা দানবা মামুপাদ্রবন্ ।
বিমুঞ্চন্তঃ শিতান্ বাণান্ শতশোঽথ সহস্রশঃ ॥২১॥
স সম্প্রহারস্তুমুলস্তেষাং মম চ ভারত ! ।
অবর্ত্তত মহাঘোরো নিবাতকবচান্তকঃ ॥২২॥

ভারতকৌমুদী

তত ইতি। হয়ান্ অশ্বান্ অশ্বাকৃতীনি যন্ত্রাণি। সমে সমতলে ॥১৭॥
তেনেতি। তেন মাতলিনা, প্রণুন্নানাং চালিতানাম্, তেষাং হয়াকৃতিযন্ত্রাণাম্ ॥১৮॥
তত ইতি। বাদিত্রাণি বাদ্যানি। ভৃশমবাদয়ন্ ॥১৯॥
তেনেতি। আপ্লবন্ত জলোপরি প্লবন্তে স্ম, সত্ত্বৈর্বৈর্যৈঃ ॥২০॥
তত ইতি। উপাদ্রবন্ অভ্যধাবন্। বিমুঞ্চন্তো নিক্ষিপন্তঃ ॥২১॥
স ইতি। সম্প্রহারো যুদ্ধম্, তেষাং দানবানাম্ ॥২২॥

মাতলিচালিত শীঘ্রগামী সেই যন্ত্রগুলির বেগে তখন আমি কোন বস্তুই যথার্থভাবে দেখিতে পারিলাম না ; তাহা যেন আমার আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥১৮॥

তাহার পর সেখানে সেই দানবেরা বিকৃতস্বর ও বিকৃতাকৃতি সর্ব্বপ্রকার সহস্র সহস্র বাদ্য অত্যন্ত বলের সহিত বাজাইতে লাগিল ॥১৯॥

সেই শব্দে শত শত ও সহস্র সহস্র পর্ব্বতপ্রমাণ মৎস্য সহসা অধীর হইয়া সমুদ্রের জলের উপরে ভাসিতে থাকিল ॥২০॥

তাহার পর শত শত ও সহস্র সহস্র দানব নিশিত বাণসমূহ নিক্ষেপ করিতে করিতে আমার দিকে মহাবেগে ধাবিত হইল ॥২১॥

ভরতনন্দন ! তখন তাহাদের ও আমার সেই তুমুল যুদ্ধ চলিতে লাগিল ; ক্রমে তাহা অতিভয়ঙ্কর ও নিবাতকবচনাশক হইয়া উঠিল ॥২২॥

(২০)···আপ্লায়ন্ত গতৈঃ সত্ত্বৈঃ···কা,·· আপ্লবন্তি গতৈঃ সত্ত্বৈঃ···পি। (২২)···আবর্ত্তত মহাঘোরঃ···বা ব কা,··· অবর্দ্ধত মহাঘোরঃ···পি।

ততো দেবর্ষয়শ্চৈব দানবর্ষিগণাশ্চ যে।
ব্রহ্মর্ষয়শ্চ সিদ্ধাশ্চ সমাজগ্মুর্মহামৃধে ॥২৩॥
তে বৈ মামনুরূপাভির্মধুরাভির্জয়ৈষিণঃ।
অস্তুবন্ মুনয়ো বাগ্‌ভির্যথেন্দ্রং তারকাময়ে ॥২৪॥
ততো নিবাতকবচাঃ সর্ব্বে বেগেন ভারত !।
অভ্যদ্রবন্ মাং সহিতাঃ প্রগৃহীতায়ুধা রণে ॥২৫॥
আচ্ছাদ্য রথপন্থানমাক্রোশন্তো মহাবলাঃ।
আবৃত্য সর্ব্বতস্তে মাং শরবর্ষৈরবাকিরন্ ॥২৬॥
ততোঽপরে মহাবীর্য্যাঃ শূলপট্টিশপাণয়ঃ।
শূলানি চ ভুশুণ্ডীশ্চ মুমুচুর্দানবা ময়ি ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি। মহামৃধে মহাযুদ্ধে সমাজগ্মুস্তদ্দর্শনায়েতি ভাবঃ ॥২৩॥
ত ইতি। তারকস্য তারকাসুরস্য আময়ে পীড়ায়াং তৎকৃতযুদ্ধ ইত্যর্থঃ ॥২৪॥
তত ইতি। অভ্যদ্রবন্ অভ্যধাবন্, সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥২৫॥
আচ্ছাদ্যেতি। রথপন্থানং মদীয়রথপথম্। অদন্তত্বাভাব আর্ষঃ ॥২৬॥
তত ইতি। মুমুচুঃ নিচিক্ষিপুঃ, ময়ি মমোপরি ॥২৭॥

ভারতভাবদীপঃ

পর্বৈঃ ॥১৪—১৯॥ আপ্লবস্ত পলায়নং কৃতবন্তঃ, গতৈঃ সত্ত্ববিগতাভির্বুদ্ধিভিরুপলক্ষিতা ভ্রান্তা ইত্যর্থঃ ॥২০—২৩॥ তারকাময়ে তারার্থে সংগ্রামে ॥২৪॥ শতাঃ শতানি অযুত-

তদনন্তর যাঁহারা দেবর্ষি, দানবর্ষি, ব্রহ্মর্ষি ও সিদ্ধ ছিলেন, তাঁহারা সেই মহাযুদ্ধ দেখিবার জন্য আগমন করিলেন ॥২৩॥

সেই জয়াভিলাষী মুনিরা পূর্ব্বকালে তারকাসুরের যুদ্ধের সময়ে অনুরূপ মধুর বাক্যে ইন্দ্রের যেমন স্তব করিয়াছিলেন, তেমন আমারও স্তব করিতে লাগিলেন ॥২৪॥

ভরতনন্দন! তাহার পর অস্ত্রধারী নিবাতকবচেরা সকলেই সম্মিলিত হইয়া যুদ্ধস্থানে বেগে আমার প্রতি ধাবিত হইল ॥২৫॥

ক্রমে সেই মহাবল দানবেরা সকল দিক্ হইতে আমাকে পরিবেষ্টনপূর্বক আমার রথের পথ রুদ্ধ করিয়া তর্জন-গর্জন করিতে থাকিয়া বাণবর্ষণদ্বারা আমাকে আবৃত করিল ॥২৬॥

(২৪) শ্লোকাৎ পরম্ '...একোনসপ্তত্যধিক...অর্জ্জুন উবাচ' বা ব কা, '...সপ্তত্যধিক...অর্জ্জুন উবাচ' পি, '...একসপ্তত্যধিক...অর্জ্জুন উবাচ' নি।

তচ্ছূলবর্ষং সুমহদ্‌গদাশক্তিসমাকুলম্ ।
অনিশং সৃজ্যমানং তৈরপতন্মদ্রথোপরি ॥২৮॥
অন্যে মামভ্যধাবন্ত নিবাতকবচা যুধি ।
শিতশস্ত্রায়ুধা রৌদ্রাঃ কালরূপাঃ প্রহারিণঃ ॥২৯॥
তানহং বিবিধৈর্বাণৈর্বেগবদ্ভিরজিহ্মগৈঃ ।
গাণ্ডীবমুক্তৈরভ্যঘ্নমেকৈকং দশভির্মৃধে ॥৩০॥
তে কৃতা বিমুখাঃ সর্ব্বে মৎপ্রমুক্তৈঃ শিলীমুখৈঃ ।
ততো মাতলিনা তূর্ণং হয়াস্তে সম্প্রচোদিতাঃ ॥৩১॥
মার্গান্ বহুবিধাংস্তত্র বিচেরুর্বাতরংহসঃ ।
সুসংযতা মাতলিনা প্রামথ্নন্ত দিতেঃ সুতান্ ॥৩২॥

ভারতকৌমুদী

তদিতি । অনিশং নিরন্তরম্, সৃজ্যমানং নিক্ষিপ্যমাণম্ ॥২৮॥
অন্য ইতি । সন্নিধৌ প্রহারসাধনং শস্ত্রম্, দূরে প্রহারসাধনঞ্চায়ুধম্ ॥২৯॥
তানিতি । অজিহ্মগৈঃ সরলগামিভিঃ । অভ্যঘ্নম্ অভ্যতাড়য়ম্, মৃধে যুদ্ধে ॥৩০॥
ত ইতি । শিলীমুখৈর্বাণৈঃ । হয়া হয়াকারযন্ত্রাণি, সম্প্রচোদিতাশ্চালিতাঃ ॥৩১॥
মার্গানিতি । বাতরংহসো বায়ুবেগা হয়া হয়াকারযন্ত্রাণীত্যর্থঃ ॥৩২॥

এবং শূল ও পট্টিশধারী মহাবল অন্য দানবেরা আমার উপরে শূল ও ভুষুণ্ডী নিক্ষেপ করিতে লাগিল ॥২৭॥

দানবনিক্ষিপ্ত গদা ও শক্তিসংসৃষ্ট সেই গুরুতর শূলবৃষ্টি অনবরত আমার রথের উপরে পড়িতে লাগিল ॥২৮॥

এবং শিলাশাণিত শস্ত্র ও অস্ত্রধারী, প্রহারকারী ও যমের ন্যায় ভয়ঙ্করমূর্ত্তি আরও কতকগুলি নিবাতকবচদানব যুদ্ধে আমার দিকে ধাবিত হইল ॥২৯॥

তখন আমি গাণ্ডীবনিক্ষিপ্ত, বেগবান্ ও সরলগামী নানাবিধ দশ দশটী বাণদ্বারা তাহাদের প্রত্যেককে তাড়ন করিলাম ॥৩০॥

আমার নিক্ষিপ্ত সেই বাণগুলি তাহাদের সকলকেই পরাঙ্মুখ করিল। তাহার পর মাতলি সত্বর সেই অশ্বাকৃতি যন্ত্রগুলিকে চালাইয়া দিলেন ॥৩১॥

বায়ুর ন্যায় বেগবান্ সেই যন্ত্রগুলি নানাবিধ পথে বিচরণ করিতে লাগিল এবং মাতলিকর্ত্তৃক সুচালিত হইয়া দৈত্যগণকে মথিত করিতে থাকিল ॥৩২॥

(৩০)…একৈকং দশভিঃ শরৈঃ—পি। (৩১)…মৎপ্রযুক্তৈঃ শিলাশিতৈঃ…বা ব কা নি।
(৩২) রথমার্গান্ বহুবিধান্…পি।

শতং শতাস্তে হরয়স্তস্মিন্ যুক্তা মহারথে।
তদা মাতলিনা যন্তা ব্যচরন্নল্পকা ইব ॥৩৩॥
তেষাং চরণপাতেন রথনেমিস্বনেন চ।
মম বাণনিপাতৈশ্চ হতাস্তে শতশোঽসুরাঃ ॥৩৪॥
গতাসবস্তথৈবান্যে প্রগৃহীতশরাসনাঃ।
হতসারথয়স্তত্র ব্যকৃষ্যন্ত তুরঙ্গমৈঃ ॥৩৫॥
তে দিশো বিদিশঃ সর্ব্বে প্রতিরুধ্য প্রহারিণঃ।
অভ্যঘ্নন্ বিবিধৈঃ শস্ত্রৈস্ততো মে ব্যথিতং মনঃ ॥৩৬॥
ততোঽহং মাতলেবীর্য্যমপশ্যং পরমাদ্ভুতম্।
অশ্বাংস্তথা বেগবতো যদযত্নাদধারয়ৎ ॥৩৭॥

ভারতকৌমুদী

শতমিতি। শতং শতা দশসহস্রসংখ্যকাঃ, হরয়োঽশ্বাস্তদাকারযন্ত্রাণি। যন্ত্রা যন্ত্রা-চালিতাঃ। অল্পকা অল্পসংখ্যকা ইব ব্যচরন্, চালনকৌশলাদিতি ভাবঃ ॥৩৩॥

তেষামিতি। চরণপাতেন নিম্নদেশাঘাতেন, রথনেমিস্বনেন রথচক্রপ্রান্তশব্দেন ॥৩৪॥

গতেতি। গতাসবো নির্গতপ্রাণাঃ, প্রগৃহীতশরাসনা ধৃতধনুষঃ ॥৩৫॥

তে ইতি। অভ্যঘ্নন্ মামিতি শেষঃ। ব্যথিতম্ উদ্বিগ্নমভবৎ ॥৩৬॥

তত ইতি। অশ্বান্ অশ্বাকারযন্ত্রাণি। অযত্নাদেব ॥৩৭॥

সেই রথযুক্ত দশসহস্র অশ্বাকৃতি যন্ত্র মাতলিকর্ত্তৃক যত্নে সঞ্চালিত হইয়া তখন অল্পসংখ্যকের ন্যায় বিচরণ করিতে লাগিল ॥৩৩॥

সেই যন্ত্রগুলির নিম্নদেশের আঘাতে, রথচক্রের শব্দে এবং আমার বাণাঘাতে শত শত দানব নিহত হইতে থাকিল ॥৩৪॥

সেই যুদ্ধে অন্য ধনুর্দ্ধর দানবগণ আমার আঘাতে প্রাণহীন হইলে এবং তাহাদের সারথি সকল নিহত হইলে, তাহাদের অশ্বগুলিই তাহাদিগকে টানিয়া লইয়া যাইতে লাগিল ॥৩৫॥

তখন সেই দানবযোদ্ধারা সকলে দিক্ ও বিদিক্ অবরুদ্ধ করিয়া নানাবিধ অস্ত্রদ্বারা আমাকে আঘাত করিতে লাগিল; তাহাতে আমার মন উদ্বিগ্ন হইল ॥৩৬॥

তাহার পর আমি মাতলির অত্যন্ত অদ্ভুত শক্তি দর্শন করিলাম। যে হেতু তিনি বিশেষ যত্ন না করিয়াই সেইরূপ বেগবান্ অশ্বাকৃতি যন্ত্রগুলিকে ধারণ করিয়া রহিলেন ॥৩৭॥

(৩৭)…তথা বেগবতো বাহান্ যত্নাৎ পুনরধারয়ৎ—পি।

ততোঽহং লঘুভিশ্চিত্রৈরস্ত্রৈস্তানস্বরান্ রণে।
চিচ্ছেদ সায়ুধান্ রাজন্! শতশোঽথ সহস্রশঃ ॥৩৮॥
এবং মে চরতস্তত্র সর্ব্বযত্নেন শক্রহন্!।
প্রীতিমানভবদ্বীরো মাতলিঃ শক্রসারথিঃ ॥৩৯॥
বধ্যমানাস্ততস্তেস্তু হয়ৈস্তেন রথেন চ।
অগমন্ প্রক্ষয়ং কেচিন্ন্যবর্ত্তন্ত তথাঽপরে ॥৪০॥
স্পর্দ্ধমানা ইবাস্মাভির্নিবাতকবচা রণে।
শরবর্ষৈঃ শরার্ত্তা মাং মহদ্ভিঃ প্রত্যবারয়ন্ ॥৪১॥
ততোঽহং লঘুভিশ্চিত্রৈর্ব্রহ্মাস্ত্রপরিমন্ত্রিতৈঃ।
ব্যধমং সায়কৈরাশু শতশোঽথ সহস্রশঃ ॥৪২॥

ভারতকৌমুদী

তত ইতি। লঘুভিঃ দ্রুতনিক্ষিপ্তৈঃ, চিত্রৈর্নানাবিধৈঃ ॥৩৮॥
এবমিতি। হে শক্রহন্নিতি যুধিষ্ঠিরসম্বোধনম্ ॥৩৯॥
বধ্যেতি। হয়ৈরশ্বৈঃ অশ্বাকারযন্ত্রৈরিত্যর্থঃ। প্রক্ষয়ং বিনাশম্ ॥৪০॥
স্পর্দ্ধেতি। শরার্ত্তা মদ্বাণপীড়িতা নিবাতকবচা ইতি সম্বন্ধঃ ॥৪১॥
তত ইতি। লঘুভির্দ্রুতক্ষিপ্তৈঃ, ব্রহ্মাস্ত্রবৎ পরিমন্ত্রিতৈঃ। ব্যধমম্ অতাড়য়ম্ ॥৪২॥

ভারতভাবদীপঃ

মিত্যর্থঃ। হয়য়োঽশ্বাঃ, শাস্তাঃ পরীক্ষিতাঃ। শমেরালোচনার্থাম্নিষ্ঠা ॥৩৩—৩৭॥ চিচ্ছেদ অহমিতি শেষঃ। পরোক্ষার্থলিট্প্রয়োগেনাজ্ঞানতৈব ময়া এবং কৃতমিতি শত্রূণামত্যন্তাপকর্ষঃ সূচিতঃ ॥৩৮—৪০॥ অস্মাভিঃ পূজায়াং বহুত্বম্ অশ্বাত্তপেক্ষয়া বা ॥৪১॥ লঘুভিঃ

রাজা! তদনন্তর আমি দ্রুতনিক্ষিপ্ত নানাবিধ অস্ত্রদ্বারা শত শত ও সহস্র সহস্র অস্ত্রধারী দানবকে যুদ্ধে ছেদন করিয়া ফেলিলাম ॥৩৮॥

শত্রুনাশক রাজা! আমি এই ভাবে সর্বপ্রযত্নে সেই যুদ্ধে বিচরণ করিতে লাগিলে, ইন্দ্রসারথি বীর মাতলি আমার উপরে সন্তুষ্ট হইলেন ॥৩৯॥

তাহার পর সেই অশ্বাকৃতি যন্ত্রের ও সেই রথের আঘাতে আহত হইয়া কতকগুলি দানব বিনষ্ট হইল এবং অপর দানবগুলি পরাঙ্মুখ হইল ॥৪০॥

এবং অন্য নিবাতকবচেরা আমার বাণে পীড়িত হইয়া, আমার সহিতই যেন স্পর্দ্ধা করিতে থাকিয়া, বিশাল বাণবৃষ্টিদ্বারা আমাকে বারণ করিতে লাগিল ॥৪১॥

তদনন্তর আমি—ব্রহ্মাস্ত্রের ন্যায় অভিমন্ত্রিত ও দ্রুতনিক্ষিপ্ত নানাবিধ বাণদ্বারা শত শত ও সহস্র সহস্র দানবকে সত্বর সত্বর তাড়ন করিতে লাগিলাম ॥৪২॥

ততঃ সম্পীড্যমানাস্তে ক্রোধাবিষ্টা মহাসুরাঃ।
অপীড়য়ন্ মাং সহিতাঃ শক্তিশূলাসিবৃষ্টিভিঃ ॥৪৩॥
ততোঽহমস্ত্রমাতিষ্ঠং পরমং তিগ্মতেজসম্।
দয়িতং দেবরাজস্য মাধবং নাম ভারত ! ॥৪৪॥
ততঃ খড়্গাংশ্চ শূলাংশ্চ শরাংশ্চৈব সহস্রশঃ।
অস্ত্রবীর্য্যেণ মহতা তৈর্মুক্তানহমচ্ছিনম্ ॥৪৫॥
ছিত্ত্বা প্রহরণান্যেষাং ততস্তানপি সর্ব্বশঃ।
প্রত্যবিধ্যমহং রোষাদ্দশভির্দশভিঃ শরৈঃ ॥৪৬॥
গাণ্ডীবাদ্ধি তথা সংখ্যে যথা ভ্রমরপঙ্‌ক্তয়ঃ।
নিষ্পতন্তি মহাবাণাস্তন্মাতলিরপূজয়ৎ ॥৪৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৪৩॥
তত ইতি। অত্রাস্ত্রশব্দস্য পুংস্ত্বমার্ষম্। আতিষ্ঠম্ অবলম্বিতবান্ ॥৪৪॥
তত ইতি। অত্র শূলশব্দস্যাপি পুংস্ত্বমার্ষম্। অস্ত্রবীর্য্যেণ তন্মাধবাস্ত্রশক্ত্যা ॥৪৫॥
ছিত্ত্বেতি। প্রহরণানি অস্ত্রাণি, এষাং দানবানাম্ ॥৪৬॥
গাণ্ডীবাদিতি। সংখ্যে যুদ্ধে। নিষ্পতন্তি নির্গচ্ছন্তি স্ম। অপূজয়ৎ প্রাশংসৎ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

শীঘ্রগৈঃ ॥৪২—৪৩॥ তিগ্মতেজসং তীক্ষ্ণং দাহকং মাধবং নাম মধোর্দৈত্যস্য বধার্থং নির্ম্মিতত্বাৎ ॥৪৪॥ ততো মাধবাস্ত্রাদুৎপন্নেন খড়্গসহিতেন ত্রিশূলেন। খড়্গাংশ্চ শূলাংশ্চেতি

তখন সেই মহাসুরগণ আমার বাণে অত্যন্ত পীড়িত ও ক্রোধাবিষ্ট হইয়া সম্মিলিতভাবে শক্তি, শূল ও অসিবৃষ্টিদ্বারা আমাকে পীড়ন করিতে লাগিল ॥৪৩॥

ভরতনন্দন! তখন আমি—ইন্দ্রের পরম প্রিয় ও তীক্ষ্ণতেজা 'মাধব'-নামক অস্ত্র গ্রহণ করিলাম ॥৪৪॥

তাহার পর আমি সেই বিশাল অস্ত্রের বলে তাহাদের নিক্ষিপ্ত সহস্র সহস্র অসি, শূল ও বাণ ছেদন করিয়া ফেলিলাম ॥৪৫॥

তাহাদের অস্ত্র ছেদন করিয়া আমি ক্রোধবশতঃ দশ দশটী বাণে তাহাদের সকলকেই প্রতিবিদ্ধ করিলাম ॥৪৬॥

তখন সেই যুদ্ধে ভ্রমরশ্রেণীর ন্যায় মহাবাণ সকল আমার গাণ্ডীবধনু হইতে নির্গত হইতে লাগিল; মাতলি তাহার প্রশংসা করিলেন ॥৪৭॥

(৪৫) ততঃ খড়্গাত্রিশূলেন তোমরাংশ্চ সহস্রশঃ···বা ব কা। (৪৭)···গাণ্ডীবাদ্ধি তদা সংখ্যে···বা ব কা নি।

তেষামপি তু বাণাস্তে বহুত্বাচ্ছলভা ইব।
অবাকিরন্ মাং বলবত্তানহং ব্যধমং শরৈঃ ॥৪৮॥
বধ্যমানাস্ততস্তে তু নিবাতকবচাঃ পুনঃ।
শরবর্ষৈর্মহদ্ভির্মাং সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৪৯॥
শরবর্ষং নিহত্যাহমস্ত্রৈঃ শরনিঘাতিভিঃ।
জ্বলদ্ভিঃ পরমৈঃ শীঘ্রৈস্তানবিধ্যং সহস্রশঃ ॥৫০॥
তেষাং ছিন্নানি গাত্রাণি বিসৃজন্তি স্ম শোণিতম্।
প্রাবৃষীবাতিবৃষ্টানি শৃঙ্গাণ্যথ ধরাভৃতাম্ ॥৫১॥
ইন্দ্রাশনিসমস্পর্শৈর্বেগবদ্ভিরজিহ্মগৈঃ।
মদ্বাণৈর্বধ্যমানাস্তে সমুদ্বিগ্নাঃ স্ম দানবাঃ ॥৫২॥

ভারতকৌমুদী

তেষামিতি। শলভাঃ পতঙ্গাঃ। অবাকিরন্ আচ্ছাদয়ন্, ব্যধমম্ অতাড়য়ম্ ॥৪৮॥
বধ্যেতি। সমন্তাৎ সর্বাভ্য এব দিগ্ভ্যঃ, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥৪৯॥
শরেতি। শীঘ্রৈঃ শীঘ্রগামিভিঃ, অস্ত্রৈরিত্যনুকর্ষঃ, তান্ নিবাতকবচান্ ॥৫০॥
তেষামিতি। প্রাবৃষি বর্ষাকালে, অতিবৃষ্টানি মেঘবারীণি, ধরাভৃতাং পর্ব্বতানাম্ ॥৫১॥
ইন্দ্রেতি। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ। সমুদ্বিগ্না ভীতাঃ। স্মেতি পাদপূরণে ॥৫২॥

ভারতভাবদীপঃ

পাঠে শরীরৈরিত্যুত্তরশ্লোকাদপকর্ষণীয়ম্ ॥৪৫—৪৭॥ তেষাং তে বাণা মামবাকিরন্নিতি সম্বন্ধঃ তদপি মাতলিরপূজয়ৎ ॥৪৮—৫৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪২॥

ক্রমে বহুত্বনিবন্ধন পতঙ্গসমূহের ন্যায় তাহাদের বাণসমূহও আমাকে আবৃত করিল; তখন আমিও তাহাদিগকে বাণদ্বারা অত্যন্ত পীড়ন করিতে লাগিলাম ॥৪৮॥

তাহার পর সেই নিবাতকবচেরা বিশাল শরবর্ষণ করিতে থাকিয়া সকল দিক্ হইতে পুনরায় আমাকে পরিবেষ্টন করিল ॥৪৯॥

তখন আমি শরনাশক অস্ত্রদ্বারা তাহাদের শরবৃষ্টি নিবারণ করিয়া, উজ্জ্বল ও দ্রুতগামী উৎকৃষ্ট অস্ত্রদ্বারা সহস্র সহস্র নিবাতকবচকে বিদ্ধ করিলাম ॥৫০॥

তাহার পর বর্ষাকালে পর্ব্বতশৃঙ্গসমূহ যেমন বৃষ্টির জল বিসর্জন করে, সেইরূপ তাহাদের ছিন্ন অঙ্গ সকল রক্ত বিসর্জন করিতে লাগিল ॥৫১॥

(৪৯)…সমন্তাৎ প্রত্যবারয়ন্—পি। (৫০) শরবেগান্নিহত্যাহমস্ত্রৈরগ্নিনিভাতিভিঃ… বা ব কা নি।

শতধা ভিন্নদেহাস্তে ক্ষীণপ্রহরণৌজসঃ।
ততো নিবাতকবচা মামযুধ্যন্ত মায়য়া ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে নিবাতকবচবধে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥*॥

—:(*):—

ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—:(*):—

অর্জ্জুন উবাচ।

ততোঽশ্মবর্ষং সুমহৎ প্রাদুরাসীৎ সমন্ততঃ।
নগমাত্রৈঃ শিলাখণ্ডৈস্তন্মাং দৃঢ়মপীড়য়ৎ ॥১॥

তদহং বজ্রসঙ্কাশৈর্মহেন্দ্রাস্ত্রপ্রচোদিতৈঃ।
অচূর্ণয়ং বেগবদ্ভিঃ শরজালৈর্মহাহবে ॥২॥

ভারতকৌমুদী

শতধেতি। ক্ষীণানি প্রহরণানি অস্ত্রাণি ওজাংসি তেজাংসি চ যেষাং তে ॥৫৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:(০):—

তত ইতি। অশ্মবর্ষং পাষাণবৃষ্টিঃ। নগমাত্রৈঃ পর্ব্বতপ্রমাণৈঃ ॥১॥

তদিতি। মহেন্দ্রাস্ত্রপ্রচোদিতৈঃ ঐন্দ্রাস্ত্রমন্ত্রেণাভিমন্ত্রিতৈঃ ॥২॥

ক্রমে বেগবান্, সরলগামী ও ইন্দ্রের বজ্রের ন্যায় স্পর্শশালী আমার বাণসমূহদ্বারা তাড়িত হইতে থাকিয়া সেই দানবেরা ভীত হইয়া পড়িল ॥৫২॥

ওদিকে সেই নিবাতকবচগণের দেহ সকল শত শত স্থানে বিদীর্ণ হইল, অস্ত্র নিঃশেষ হইয়া গেল এবং তেজও ক্ষয় পাইয়া আসিল। তাহার পর তাহারা মায়া অবলম্বন করিয়া আমার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল ॥৫৩॥

—:০:—

অর্জ্জুন বলিলেন—'তাহার পর সকল দিকেই পর্ব্বতপ্রমাণ প্রস্তরখণ্ডদ্বারা অতিবিশাল প্রস্তরবর্ষণ আরম্ভ হইল এবং তাহা আমাকে গুরুতর পীড়ন করিতে লাগিল ॥১॥

তখন আমি সেই মহাযুদ্ধে ঐন্দ্রাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত, বজ্রতুল্য ও বেগবান্ বাণসমূহদ্বারা সেই প্রস্তরসমূহকে চূর্ণ করিয়া ফেলিলাম ॥২॥

'…সপ্তত্যধিক…' বা ব কা, '…একসপ্তত্যধিক…' পি, '…দ্বিসপ্তত্যধিক…' নি।

চূর্ণ্যমানেঽশ্মবর্ষে তু পাবকঃ সমজায়ত।
তত্রাশ্মচূর্ণান্যপতন্ পাবকপ্রকরা ইব ॥৩॥
ততোঽশ্মবর্ষে বিহতে জলবর্ষং মহত্তরম্।
ধারাভিরক্ষমাত্রাভিঃ প্রাদুরাসীন্মমান্তিকে ॥৪॥
নভসঃ প্রচ্যুতা ধারাস্তিগ্মবীর্য্যাঃ সহস্রশঃ।
আবৃণ্বন্ সর্ব্বতো ব্যোম দিশশ্চোপদিশস্তথা ॥৫॥
ধারাণাঞ্চ নিপাতেন বায়োর্বিস্ফূর্জিতেন চ।
গর্জ্জিতেন চ দৈত্যানাং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৬॥
ধারা দিবি চ সম্বদ্ধা বসুধায়াঞ্চ সর্ব্বশঃ।
ব্যামোহয়ন্ত মাং তত্র নিপতন্ত্যোঽনিশং ভুবি ॥৭॥
তত্রোপদিষ্টমিন্দ্রেণ দিব্যমস্ত্রং বিশোষণম্।
দীপ্তং প্রাহিণবং ঘোরমশুষ্যত্তেন তজ্জলম্ ॥৮॥

ভারতকৌমুদী

চূর্ণ্যেতি। পাবকো বহ্নিঃ। পাবকপ্রকরা অগ্নিস্ফুলিঙ্গাঃ ॥৩॥
তত ইতি। বিহতে মমৈব শরজালৈরিতি শেষঃ। অক্ষমাত্রাভির্জপমালাতুল্যাভিঃ ॥৪॥
নভস ইতি। তিগ্মবীর্য্যা বেগাতিশয়াদিত্যাশয়ঃ। উপদিশো বিদিশঃ ॥৫॥
ধারাণামিতি। নিপাতেন নিপাতশব্দেন, বিস্ফূর্জ্জিতেন বিশালশব্দেন ॥৬॥
ধারা ইতি। ধারা জলধারাঃ। সর্বশঃ সর্ব্বত্র। ব্যামোহয়ন্ত বিহ্বলীকৃতবত্যঃ ॥৭॥
তত্রেতি। ইন্দ্রেণ উপদিষ্টমধ্যাপিতম্, বিশোষণং নাম। প্রাহিণবং অক্ষিপম্ ॥৮॥

সুতরাং সেই প্রস্তরসমূহ চূর্ণ হইতে লাগিলে অগ্নি উৎপন্ন হইতে লাগিল; তখন অগ্নিস্ফুলিঙ্গসমূহের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র প্রস্তরখণ্ড পতিত হইতে থাকিল ॥৩॥

তদনন্তর প্রস্তরবৃষ্টি প্রতিহত হইলে, আমার নিকটে জপমালার ন্যায় স্থূলধারায় অতিবিশাল জলবৃষ্টি উপস্থিত হইল ॥৪॥

তখন আকাশ হইতে নিঃসৃত তীক্ষ্ণবীর্য্য সহস্র সহস্র জলধারা সমস্ত আকাশ, দিক্ ও বিদিক্ আবৃত করিল ॥৫॥

সেই জলধারাপতনের শব্দে, বায়ুর নির্ঘোষে এবং দৈত্যগণের সিংহনাদে তখন কিছুই শুনিতে পাওয়া গেল না ॥৬॥

আকাশ ও ভূতলসম্বদ্ধ জলধারাগুলি অনবরত সমগ্র ভূতলে পতিত হইতে থাকিয়া তখন আমাকে বিহ্বল করিয়া তুলিল ॥৭॥

তখন আমি ইন্দ্রোপদিষ্ট, স্বর্গীয়, উজ্জ্বল ও ভয়ঙ্কর বিশোষণাস্ত্র নিক্ষেপ করিলাম; তাহাতেই সেই জল শুষ্ক হইয়া গেল ॥৮॥

হতেঽশ্মবর্ষে তু ময়া জলবর্ষে চ শোষিতে।
মুমুচুর্দানবা মায়ামগ্নিং বায়ুঞ্চ ভারত! ॥৯॥
ততোঽহমগ্নিং ব্যধমং সলিলাস্ত্রেণ সর্ব্বশঃ।
শৈলেন চ মহাস্ত্রেণ বায়োর্বেগমধারয়ম্ ॥১০॥
তস্যাং প্রতিহতায়াং তে দানবা যুদ্ধদুর্ম্মদাঃ।
প্রাকুর্ব্বন্ বিবিধাং মায়াং যৌগপদ্যেন ভারত! ॥১১॥
ততো বর্ষং প্রাদুরভূৎ সুমহল্লোমহর্ষণম্।
অস্ত্রাণাং ঘোররূপাণামগ্নের্বায়োস্তথাঽশ্মনাম্ ॥১২॥
সা তু মায়াময়ী বৃষ্টিঃ পীড়য়ামাস মাং যুধি।
অথ ঘোরং তমস্তীব্রং প্রাদুরাসীৎ সমন্ততঃ ॥১৩॥
তমসা সংবৃতে লোকে ঘোরেণ পরমেণ চ।
তুরগা বিমুখাশ্চাসন্ প্রাস্খলচ্চাপি মাতলিঃ ॥১৪॥

ভারতকৌমুদী

হত ইতি। অশ্মবর্ষে প্রস্তরবর্ষণে। মায়াং মায়াপ্রযুক্তম্ ॥৯॥
তত ইতি। ব্যধমং ব্যনাশয়ম্। সলিলাস্ত্রেণ বারুণাস্ত্রেণ। শৈলেন তদাখ্যেন ॥১০॥
তস্যামিতি। তস্যাম্ অগ্নিবায়ুমায়ায়াম্। যৌগপদ্যেন এককালীনত্বেন ॥১১॥
তত ইতি। বর্ষং বৃষ্টিঃ। অশ্মনাং পাষাণানাম্ ॥১২॥
সেতি। তমঃ অন্ধকারঃ। সমন্ততঃ সর্বাসু দিক্ষু ॥১৩॥
তমসেতি। পরমেণ প্রগাঢ়েন। তুরগা অস্মাকং তুরগাকারযন্ত্রাণি ॥১৪॥

ভরতনন্দন! আমি প্রস্তরবর্ষণ ও জলবর্ষণ নিবারণ করিলে, দানবেরা মায়াময় অগ্নি ও বায়ু বর্ষণ করিতে লাগিল ॥৯॥

সূর্য্য প্রকাশ পাইলেন না, অগ্নি জ্বলিলেন না এবং ব্রাহ্মণগণের মনেও কোন প্রকারেই বেদ আবির্ভূত হইল না ॥১০॥

জনমেজয়! যে সকল প্রাণী ভূমির ভিতরে ছিল, তাহারা পীড়িত হইয়া উঠিয়া আসিয়া অর্জ্জুনকে পরিবেষ্টন করিল ॥১১॥

(৭)...অস্ত্রাণি তানি দিব্যানি দর্শনায়...বা ব কা নি।

ততো ব্রহ্মর্ষয়শ্চৈব সিদ্ধা যে চ মহর্ষয়ঃ।
জঙ্গমানি চ ভূতানি সর্ব্বাণ্যেবাবতস্থিরে ॥১৩॥
দেবর্ষয়শ্চ প্রবরাস্তথৈব চ দিবৌকসঃ।
যক্ষরাক্ষসগন্ধর্ব্বাস্তথৈব চ পতত্রিণঃ।
খেচরাণি চ ভূতানি সর্বাণ্যেবাবতস্থিরে ॥১৪॥
ততঃ পিতামহশ্চৈব লোকপালাশ্চ সর্ব্বশঃ।
ভগবাংশ্চ মহাদেবঃ সগণোঽভ্যাযযৌ তদা ॥১৫॥
ততো বায়ুর্মহারাজ! দিব্যৈর্মাল্যৈঃ সমন্বিতঃ।
অভিতঃ পাণ্ডবং চিত্রৈরবচক্রে সমন্ততঃ ॥১৬॥
জগুশ্চ গাথা বিবিধা গন্ধর্ব্বাঃ সুরচোদিতাঃ।
ননৃতুঃ সংঘশশ্চৈব রাজন্নপ্সরসাং গণাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

বেপেতি। বেপমানাঃ কম্পমানাঃ। যাচন্তি চ অভয়মিতি শেষঃ ॥১২॥
তত ইতি। জঙ্গমানি গমনশীলানি, ভূতানি প্রাণিনঃ ॥১৩॥
দেবেতি। দিবৌকসো দেবাঃ। পতত্রিণঃ পক্ষিণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥
তত ইতি। সগণঃ সপ্রমথঃ। স্বস্বাস্ত্রপ্রয়োগদর্শনকৌতুকাদদৃষ্টভাবেনৈষামাগমনম্ ॥১৫॥
তত ইতি। সমন্বিতঃ পশ্চাদাগতঃ। অভিতঃ পুরস্তাৎ, অবচক্রে নিচিক্ষেপ "কৃ বিক্ষেপে" ইত্যস্য প্রয়োগঃ, আত্মনেপদং গুণাভাবশ্চার্ষঃ। করোতেঃ প্রয়োগো বা ॥১৬॥
জগুরিতি। গাথা গানানি। সুরৈশ্চোদিতা গাতুমাদিষ্টাঃ ॥১৭॥

এবং তাহারা তখন অস্ত্রের তেজে দগ্ধ হইতে থাকিয়া কম্পিত, বিকৃতমুখ ও কৃতাঞ্জলি হইয়া অর্জ্জুনের নিকট অভয় প্রার্থনা করিতে লাগিল ॥১২॥

তৎপরে যে সকল ব্রহ্মর্ষি ও সিদ্ধ মহর্ষি ছিলেন, তাঁহারা যথাস্থানে রহিলেন এবং অন্যান্য জঙ্গম সমস্ত প্রাণীরাও যথাস্থানে অবস্থান করিতে লাগিল ॥১৩॥

প্রধান প্রধান দেবর্ষি ও দেবতা যথাস্থানে রহিলেন এবং যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব, পক্ষী ও আকাশচর সমস্ত প্রাণী যথাস্থানে অবস্থান করিতে লাগিল ॥১৪॥

তাহার পর ব্রহ্মা, সমস্ত দিক্‌পাল এবং প্রমথগণের সহিত ভগবান্ মহাদেব সেস্থানে আগমন করিলেন ॥১৫॥

মহারাজ! তদনন্তর বায়ু তাঁহাদের পরে আসিয়া অর্জ্জুনের সম্মুখে থাকিয়া তাঁহার সকল দিকে দিব্য ও বিচিত্র পুষ্পমালা নিক্ষেপ করিতে লাগিলেন ॥১৬॥

তস্মিংশ্চ তাদৃশে কালে নারদশ্চোদিতঃ সুরৈঃ।
আগম্যাহ বচঃ পার্থং শ্রবণীয়মিদং নৃপ ! ॥১৮॥
অর্জ্জুনার্জ্জুন ! মা যুঙ্ক্ষ্ব দিব্যান্যস্ত্রাণি ভারত ! ।
নৈতানি নিরধিষ্ঠানে প্রযুজ্যন্তে কথঞ্চন ॥১৯॥
অধিষ্ঠানে ন চানার্ত্তঃ প্রযুঞ্জীত কদাচন।
প্রয়োগেহপি মহান্ দোষো হ্যস্ত্রাণাং কুরুনন্দন ! ॥২০॥
এতানি রক্ষ্যমাণানি ধনঞ্জয় ! যথাগমম্।
বলবন্তি সুখার্হাণি ভবিষ্যন্তি ন সংশয়ঃ ॥২১॥
অরক্ষ্যমাণান্যেতানি ত্রৈলোক্যস্যাপি পাণ্ডব ! ।
ভবন্তি স্ম বিনাশায় মৈবং ভূয়ঃ কৃথাঃ ক্বচিৎ ॥২২॥
অজাতশত্রো ! ত্বঞ্চৈব দ্রক্ষ্যসে তানি সংযুগে।
যোজ্যমানানি পার্থেন দ্বিষতামবমর্দ্দনে ॥২৩॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। চোদিতঃ অর্জ্জুনং বারয়িতুং প্রণোদিতঃ। শ্রবণীয়ং মধুরম্ ॥১৮॥
অর্জ্জুনেতি। নিরধিষ্ঠানে অনাশ্রয়ে লক্ষ্যাভাবে ইত্যর্থঃ, প্রযুজ্যন্তে কেনাপি ॥১৯॥
অধীতি। অনার্ত্তঃ অক্লেশপীড়িতশ্চ জনঃ, অধিষ্ঠানে চ লক্ষ্যেহপি ॥২০॥
এতানীতি। রক্ষ্যমাণানি অপ্রযুজ্যমানানি অথচ অবিস্মৃতানি, যথাগমং যথাশিক্ষম্ ॥২১॥
অরক্ষ্যেতি। অরক্ষ্যমাণানি প্রযুজ্যমানানি। স্মশব্দঃ পাদপূরণে। ভূয়ঃ পুনঃ ॥২২॥

রাজা ! পরে, দেবগণের আদেশক্রমে গন্ধর্ব্বেরা নানাবিধ গান করিতে লাগিল এবং অপ্সরারা দলে দলে নৃত্য করিতে থাকিল ॥১৭॥

নরনাথ ! সেইরূপ সেই সময়ে দেবগণের অনুরোধক্রমে নারদ আসিয়া অর্জ্জুনকে এই মধুর বাক্যগুলি বলিলেন—॥১৮॥

'অর্জ্জুন ! অর্জ্জুন ! ভরতনন্দন ! স্বর্গীয় অস্ত্রগুলি নিক্ষেপ করিও না। কারণ, কেহই লক্ষ্য ব্যতীত কখনও এ সকল অস্ত্র প্রয়োগ করে না ॥১৯॥

কিংবা পীড়িত না হইয়া কেহই কখনও লক্ষ্যের উপরেও প্রয়োগ করিবে না। কারণ, কুরুনন্দন ! এই সকল অস্ত্র প্রয়োগ করিলে গুরুতর অনর্থ ঘটে ॥২০॥

অর্জ্জুন ! এই দেবাস্ত্রগুলি শিক্ষা অনুসারে মনে রাখিলে, এ গুলি বলবান্ ও সুখসম্পাদনের যোগ্য হইবে ; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২১॥

আর, এ গুলি প্রয়োগ করিলে, ত্রিভুবনেরও বিনাশ ঘটাইতে পারে। অতএব পাণ্ডুনন্দন ! তুমি আর এরূপ কখনও করিও না ॥২২॥

---

(২০)…প্রয়োগেষু মহান্…বা ব কা নি।

বৈশম্পায়ন উবাচ।

নিবার্য্যাথ ততঃ পার্থং সর্ব্বে দেবা যথাগতম্।
জগ্মূরন্যে চ যে তত্র সমাজগ্মুর্নরর্ষভ! ॥২৪॥
তেষু সর্ব্বেষু কৌরব্য! প্রতিযাতেষু পাণ্ডবাঃ।
তস্মিন্নেব বনে হৃষ্টাস্ত ঊষুঃ সহ কৃষ্ণয়া ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে অস্ত্রপ্রদর্শনে ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———০:(*):০———

ভারতকৌমুদী

অথ রাজাদেশো নাতিক্রমণীয় ইতি যুধিষ্ঠিরং প্রত্যাহ অজাতেতি। সংযুগে যুদ্ধে ॥২৩॥ নিবার্য্যেতি। পার্থমর্জ্জুনং যুধিষ্ঠিরঞ্চ, নিবার্য্য নারদদ্বারা। অন্যে পক্ষিনাগাদয়ঃ ॥২৪॥ তেম্বিতি। তে পাণ্ডবা ইতি সম্বন্ধঃ। ঊষুর্বাসং চক্রুঃ, কৃষ্ণয়া দ্রৌপদ্যা ॥২৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:(০):———

ভারতভাবদীপঃ

দেবদত্তং নামতঃ ॥৬॥ দর্শনায় দর্শয়িতুম্ ॥৭॥ অর্জ্জুনেন অনেকব্রহ্মাণ্ডগর্ভস্য মহাদেবস্য সাম্যং ভাবনাবলাদ্গতেন সমাক্রান্তা পৃথিবী সমকম্পত ॥৮—১৮॥ নিরধিষ্ঠানে লক্ষ্যাভাবে সতি ॥১৯॥ অধিষ্ঠানেঽপি বা অনার্ত্তঃ ন প্রযুঞ্জীত ॥২০—২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৬॥

———(:*:)———

আর, যুধিষ্ঠির! তুমিও, যুদ্ধে শত্রুসংহারের সময়ে অর্জ্জুনকর্ত্তৃক প্রযুক্ত অবস্থায় এ অস্ত্রগুলি দেখিবে' ॥২৩॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ জনমেজয়! তাহার পর দেবতারা সকলে নারদদ্বারা অর্জ্জুনকে বারণ করাইয়া যথাস্থানে চলিয়া গেলেন এবং অন্য যাহারা সেখানে আসিয়াছিল, তাহারাও যথাস্থানে চলিয়া গেল ॥২৪॥

কুরুনন্দন! তাঁহারা সকলে চলিয়া গেলে, হৃষ্টচিত্ত পাণ্ডবেরা দ্রৌপদীর সহিত সেই বনেই বাস করিতে লাগিলেন ॥২৫॥

———:০:———

* '...পঞ্চসপ্তত্যধিক...' বা ব কা, '...সপ্তসপ্তত্যধিক...' পি, নি।

সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—:০:—

জনমেজয় উবাচ।

তস্মিন্ কৃতাস্ত্রে রথিনাং প্রবীরে প্রত্যাগতে ভবনাদ্বৃত্রহন্তুঃ।
অতঃপরং কিমকুর্ব্বন্ত পার্থাঃ সমেত্য শূরেণ ধনঞ্জয়েন ॥১॥

বৈশম্পায়ন উবাচ।

বনেষু তেষ্বেব তু তে নরেন্দ্রাঃ সহার্জ্জুনেনেন্দ্রসমেন বীরাঃ।
তস্মিংশ্চ শৈলপ্রবরে সুরম্যে ধনেশ্বরাক্রীড়গতা বিজহ্রুঃ ॥২॥
বেশ্মানি তান্যপ্রতিমানি পশ্যন্ ক্রীড়াশ্চ নানাদ্রুমসন্নিবদ্ধাঃ।
চচার ধন্বী বহুধা নরেন্দ্র! সোঽস্ত্রেষু যত্তঃ সততং কিরীটী ॥৩॥
অবাপ্য বাসং নরদেবপুত্রাঃ প্রসাদজং বৈশ্রবণস্য রাজ্ঞঃ।
ন প্রাণিনাং তে স্পৃহয়ন্তি রাজন্! শিবশ্চ কালঃ স বভূব তেষাম্ ॥৪॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। কৃতাস্ত্রে শিক্ষিতাস্ত্রে। বৃত্রহন্তুরিন্দ্রস্য। সমেত্য মিলিত্বা ॥১॥
বনেষ্বিতি। নরেন্দ্রা নরশ্রেষ্ঠাঃ। ধনেশ্বরস্য কুবেরস্য আক্রীড়গতা উদ্যানস্থিতাঃ ॥২॥
বেশ্মানীতি। বেশ্মানি গৃহাণি। সততম্ অস্ত্রেষু অস্ত্রকৌশলেষু যত্তো যত্নবান্ ॥৩॥
অবাপ্যেতি। প্রসাদজম্ অনুগ্রহজাতম্। প্রাণিনাং মর্ত্ত্যানাম্ ঐশ্বর্য্যমিতি শেষঃ ॥৪॥

জনমেজয় বলিলেন—'শিক্ষিতাস্ত্র ও রথিশ্রেষ্ঠ অর্জ্জুন ইন্দ্রভবন হইতে ফিরিয়া আসিলে, ইহার পর পাণ্ডবেরা সেই মহাবীর অর্জ্জুনের সহিত মিলিত হইয়া কি করিলেন? ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা সেই মনোহর পর্ব্বতশ্রেষ্ঠ গন্ধমাদনে সেই বনের ভিতরেই কুবেরের উদ্যানে থাকিয়া ইন্দ্রতুল্য অর্জ্জুনের সহিত আমোদ করিতে লাগিলেন ॥২॥

রাজা! অর্জ্জুনও সর্ব্বদাই অস্ত্রকৌশলে যত্নবান্ থাকিয়া, অতুলনীয় সেই সকল ভবন এবং নানাবিধ বৃক্ষের ক্রীড়া দর্শন করতঃ, ধনু ধারণপূর্ব্বক নানাস্থানে বিচরণ করিতেন ॥৩॥

মহারাজ! রাজপুত্র পাণ্ডবেরা যক্ষরাজ কুবেরের অনুগ্রহে সেই উদ্যানে বাস করিবার অধিকার পাইয়া, মানুষের ঐশ্বর্য্যভোগের আর ইচ্ছা করিতেন না। সুতরাং তাঁহাদের সে সময়টা কুশলেই গিয়াছিল ॥৪॥

(২)···সহার্জ্জুনেনেন্দ্রসমানবীরাঃ···বা ব কা নি। (৩)···বহুধা নরেন্দ্রঃ···বা ব কা নি।

সমেত্য পার্থেন যথৈকরাত্রমূষুঃ সমাস্তত্র তদা চতস্রঃ।
পূর্ব্বাশ্চ ষট্ তা দশ পাণ্ডবানাং শিবা বভূবুর্বসতাং বনেষু ॥৫॥
ততোঽব্রবীদ্বায়ুসুতস্তরস্বী জিষ্ণুশ্চ রাজানমুপোপবিশ্য।
যমৌ চ বীরৌ সুররাজকল্পাবেকান্তমাস্থায় হিতং প্রিয়ঞ্চ ॥৬॥
তব প্রতিজ্ঞাং কুরুরাজ! সত্যাং চিকীর্ষমাণাস্তদনু প্রিয়ঞ্চ।
ততো ন গচ্ছাম বনান্যপাস্য সুযোধনং সানুচরং নিহন্তুম্ ॥৭॥
একাদশং বর্ষমিদং বসামঃ সুযোধনেনাত্তসুখাঃ সুখার্হাঃ।
তং বঞ্চয়িত্বাঽধমবুদ্ধিশীলমজ্ঞাতবাসং সুখমাপ্নুয়াম ॥৮॥

ভারতকৌমুদী

বৎসরান্ সঙ্কলয়ন্নাহ সমেত্যেতি। পাণ্ডবাঃ পার্থেনার্জ্জুনেন সমেত্য মিলিত্বা, একরাত্রং যথা তথৈব, তত্র কুবেরোদ্যানে, তদা চতস্রঃ সমা বৎসরান্, ঊষুর্বাসং চক্রুঃ। পূর্ব্বাশ্চ ষট্ সমা গতা ইতি শেষঃ। অতএব তা দশ সমাঃ, বনেষু বসতাং পাণ্ডবানাং শিবা বভূবুঃ ॥৫॥

তত ইতি। বায়ুসুতো ভীমঃ, তরস্বী বলবান্, জিষ্ণুরর্জ্জুনঃ। যমৌ নকুলসহদেবৌ ॥৬॥

তবেতি। চিকীর্ষমাণাঃ কর্ত্তুমিচ্ছবঃ। তদনু তৎপরম্। গচ্ছাম ইতি বিসর্গলোপ আর্ষঃ ॥৭॥

একেতি। আত্তানি আকৃষ্য গৃহীতানি সুখানি যেষাং তে। সুখং যথা স্যাত্তথা ॥৮॥

এই ভাবে পাণ্ডবেরা তখন অর্জ্জুনের সহিত মিলিত হইয়া একটী রাত্রির ন্যায় সেখানে চারি বৎসর বাস করিলেন; আর পূর্ব্বে তাঁহাদের বনবাসের ছয় বৎসর গিয়াছিল; সুতরাং পাণ্ডবগণের বনবাসের মোট দশ বৎসর ভালভাবেই গিয়াছিল ॥৫॥

তাহার পর একদা বলবান্ ভীমসেন ও অর্জ্জুন এবং ইন্দ্রতুল্য বীর নকুল ও সহদেব একান্তে যাইয়া যুধিষ্ঠিরের নিকটে নিকটে বসিয়া এই হিত ও প্রিয় বাক্য বলিলেন—॥৬॥

'কুরুরাজ! আমরা আপনার প্রতিজ্ঞাকে সত্য কবিবার ইচ্ছায় এবং তৎপরে আপনার প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় বন পরিত্যাগ করিয়া অনুচরবর্গের সহিত দুর্য্যোধনকে বধ করিতে যাইতেছি না ॥৭॥

আমরা সুখভোগের যোগ্য হইলেও, দুর্য্যোধন আমাদের সকল সুখ আকর্ষণ করিয়া নিয়াছে; এই অবস্থায় আমরা এই একাদশ বৎসর বনে বাস করিতেছি। ইহার পর আমরা সেই নিকৃষ্টবুদ্ধি ও নিকৃষ্টস্বভাব দুর্য্যোধনকে বঞ্চনা করিয়া সুখে অজ্ঞাতবাস করিব ॥৮॥

(৮)…সুখমাপ্নুয়ামঃ—বা ব কা পি।

তবাজ্ঞয়া পার্থিব ! নির্বিশঙ্কা বিহায় মানং বিচরামো বনানি ।
সমীপবাসেন বিলোভিতাস্তে জ্ঞাস্যন্তি নাস্মানপকৃষ্টদেশান্ ॥৯॥
সংবৎসরং তত্র বিহৃত্য গূঢ়ং নরাধমং তং সুখমুদ্ধরেম ।
নির্ঘাত্য বৈরং সফলং সপুষ্পং তস্মৈ নরেন্দ্রাধমপূরুষায় ॥১০॥
সুযোধনায়ানুচরৈর্বৃতায় ততো মহীং প্রাপ্নুহি ধর্ম্মরাজ ! ।
স্বর্গোপমং দেশমিমং চরদ্ভিঃ শক্যো বিহন্তুং নরদেব ! শোকঃ ॥১১॥
(যুগ্মকম্)
কীর্ত্তিস্তু তে ভারত ! পুণ্যগন্ধা নশ্যেদ্ধি লোকেষু চরাচরেষু ।
তৎ প্রাপ্য রাজ্যং কুরুপুঙ্গবানাং শক্যং মহৎ প্রাপ্তুমথ ক্রিয়াশ্চ ॥১২॥

ভারতকৌমুদী

তবেতি। বিলোভিতাঃ প্রতারিতাঃ। অপকৃষ্টদেশান্ অপকৃষ্টদেশস্থান্ দূরস্থান্ ॥৯॥ সংবৎসরমিতি। তত্র অনির্দ্দিষ্টদূরদেশে। ফলশব্দেন বৈরস্য বিস্তারাবস্থা পুষ্পশব্দেন চ তস্যাঙ্কুরাবস্থা সূচিতা। চতুর্থী তাদর্থ্যে। শোকঃ স্বদেশত্যাগদুঃখম্ ॥১০—১১॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি। বৃত্রহন্তুরিন্দ্রস্য ॥১॥ আক্রীড়মুদ্যানম্ ॥২—৩॥ বাসং স্থানং প্রাপিনাং ভূমিষ্ঠানামৈশ্বর্য্যমিতি শেষঃ ॥৪॥ পূর্ব্বাশ্চ ষট্ সমাঃ ॥৫—৮॥ বিচরন্ বিচরন্তঃ অপকৃষ্টদেশান্ দূরস্থান্ ন জ্ঞাস্যন্তি অপি তু সমীপস্থানেবৈত ইতি জ্ঞাস্যন্তীত্যর্থঃ। জ্ঞাস্যথানাথানিতি পাঠে দেশবিশেষণম্। অপ্রসিদ্ধান্ দেশান্ তেষু সংবৎসরং গূঢ়ং বিহৃত্যেতি সম্বন্ধঃ ॥৯॥ তত্র যুদ্ধে উদ্ধরেম কণ্টকবৎ দূরীকরবাম নির্ঘাত্য প্রত্যর্প্য অপকারিণেঽপকারং কৃত্বেত্যর্থঃ। ফলং রাজ্যপ্রাপ্তিঃ পুষ্পং শত্রুবধঃ নির্ঘাত্য উদ্ধরেমেত্যন্বয়ঃ ॥১০॥ ততো

রাজা ! আমরা আপনার আদেশে আত্মসম্মান পরিত্যাগ করিয়া নিঃশঙ্কচিত্তে এখন বনে বিচরণ করিতেছি। ইহার পূর্বে আমরা যাইয়া তাহাদের নিকটে বাস করিব ; তাহাতে তাহারা প্রতারিত হইবে ; পরে আমরা দূরদেশে যাইয়া অজ্ঞাতবাস করিলে আর তাহারা আমাদিগকে জানিতে পারিবে না ॥৯॥

এই ভাবে আমরা সেই দূরদেশে গোপনে একবৎসর বাস করিয়া, পরে অনায়াসে সেই নরাধম দুর্য্যোধনকে উৎখাত করিব। নরশ্রেষ্ঠ ধর্ম্মরাজ ! এইরূপে আপনি, অনুচরবেষ্টিত নরাধম সেই দুর্য্যোধনের শত্রুতার প্রতিশোধ ফল ও ফুলের সহিতই লইয়া তাহার পর পৃথিবী লাভ করুন। রাজা ! আমরা এই স্বর্গতুল্য দেশে বাস করিতে থাকিয়া রাজ্যনাশের দুঃখ দূর করিতে পারি বটে—॥১০—১১॥

(৯)···বিচরন্ বনানি···বা ব কা পি। (১১)···মহীমাবস ধর্ম্মরাজ !···বা ব কা।

ইদন্তু শক্যং সততং নরেন্দ্র! প্রাপ্তুং ত্বয়া যল্লভসে কুবেরাৎ।
কুরুষ বুদ্ধিং দ্বিষতাং বধায় কৃতাগসাং ভারত! নিগ্রহে চ ॥১৩॥
তেজস্তবোগ্রং ন সহেত রাজন্! সমেত্য সাক্ষাদপি বজ্রপাণিঃ।
নহি ব্যথাং জাতু করিষ্যতস্তৌ সমেত্য দেবৈরপি ধর্ম্মরাজ! ॥১৪॥
তবার্থসিদ্ধ্যর্থমভিপ্রবৃত্তৌ সুপর্ণকেতুশ্চ শিনেশ্চ নপ্তা।
যথৈব কৃষ্ণোঽপ্রতিমো বলেন তথৈব রাজন্! স শিনিপ্রবীরঃ ॥১৫॥
(যুগ্মকম্)

ভারতকৌমুদী

কীর্ত্তিরিতি। নশ্যেৎ, যুদ্ধাকরণেন কাপুরুষতাপ্রকাশাদিতি ভাবঃ। মহৎ সুখমিতি শেষঃ ॥১২॥

ইদমিতি। ইদানীং কুবেরাৎ ত্বং যল্লভসে, তদিদং মর্ত্ত্যে রাজ্যকালেঽপি সততং প্রাপ্তুং ত্বয়া শক্যম্, কুবেরস্য কৃপালোপাসম্ভবাদিতি ভাবঃ। কৃতাগসাং কৃতাপরাধানাম্ ॥১৩॥

তেজ ইতি। হে রাজন্! ধর্ম্মরাজ! সাক্ষাদ্বজ্রপাণিরিন্দ্রোঽপি সমেত্য তব উগ্রং তেজঃ ন সহেত। যেন হি, রাজন্! সুবর্ণকেতুর্গরুড়ধ্বজঃ কৃষ্ণঃ, শিনের্নপ্তা পৌত্রঃ সাত্যকিশ্চ, তাবেতৌ তবার্থসিদ্ধ্যর্থমভিপ্রবৃত্তৌ সন্তৌ, যুদ্ধে দেবৈঃ সহ সমেত্য মিলিত্বাপি, জাতু কদাচিদপি, ব্যথাম্ আত্মকষ্টবোধং ন করিষ্যতঃ। তৌ কীদৃশাবিত্যাহ যথেতি। যথৈব কৃষ্ণো বলেনাপ্রতিমঃ, তথৈব স শিনিপ্রবীরঃ সাত্যকির্বলেনাপ্রতিমঃ ॥১৪—১৫॥

ভারতভাবদীপঃ

হেতোর্নহীনাবসাধিতিষ্ঠ নম্বু ইহৈব সুখং মহদস্তি কিং মহীবাসেনেত্যাশঙ্ক্যাহ স্বর্গেতি ॥১১—১২॥ নিগ্রহে চ বন্ধনে বা ভ্রাতৃত্বাৎ বধেঽপ্রবৃত্তিশ্চেদিতি ভাবঃ ॥১৩॥ সমেত্য যুদ্ধং প্রাপ্য ॥১৪॥ সুপর্ণকেতুঃ কৃষ্ণঃ, শিনের্নপ্তা সাত্যকিঃ, এতয়োর্বীর্য্যং হিতকারিত্বং চাহ

কিন্তু ভরতনন্দন! তাহাতে আপনার পবিত্র কীর্ত্তি চরাচর সমস্ত জগতে নষ্ট হইয়া যাইবে। আর, পক্ষান্তরে আপনি কৌরবশ্রেষ্ঠগণের সেই রাজ্য লাভ করিয়া মহাসুখভোগ করিতে পারিবেন এবং যাগযজ্ঞাদি ক্রিয়াও করিতে পারিবেন ॥১২॥

রাজা! আপনি এখন কুবেরের নিকট হইতে যাহা লাভ করিতেছেন, তাহা রাজ্যলাভের পরেও সর্ব্বদাই লাভ করিতে পারিবেন। অতএব ভরত-নন্দন! আপনি, অপরাধী শত্রুগণের বধ ও নিগ্রহবিষয়ে মত করুন ॥১৩॥

রাজা! স্বয়ং ইন্দ্রও আসিয়া আপনার ভয়ঙ্কর তেজ সহ্য করিতে পারেন না। কারণ, ধর্ম্মরাজ! কৃষ্ণ ও সাত্যকি আপনার কার্য্যসিদ্ধির জন্য সর্বতো-

(১৫)...তথৈব কৃষ্ণঃ...বা ব কা পি,...তথৈব চাহং নরদেববর্য্য।—বা ব কা।

তবার্থসিদ্ধ্যর্থমভিপ্রপন্নো যথৈব কৃষ্ণঃ সহ যাদবৈস্তৈঃ।
তথৈব চেমৌ নরদেববর্য্য ! যমৌ চ বীরৌ কৃতিনৌ প্রয়োগে।
ত্বদর্থযোগপ্রভবপ্রধানাঃ শমং করিষ্যাম পরান্ সমেত্য ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

ততস্তদাজ্ঞায় মতং মহাত্মা তেষাঞ্চ ধর্ম্মস্য সুতো বরিষ্ঠঃ।
প্রদক্ষিণং বৈশ্রবণাধিবাসং চকার ধর্ম্মার্থবিদুত্তমৌজাঃ ॥১৭॥
আমন্ত্র্য বেশ্মানি নদীঃ সরাংসি সর্ব্বাণি রক্ষাংসি চ ধর্ম্মরাজঃ।
যথাগতং মার্গমবেক্ষমাণঃ পুনর্গিরিঞ্চৈব নিরীক্ষমাণঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তবেতি। অভিপ্রপন্নঃ সর্বথা প্রবৃত্তঃ। ইমৌ আবাং ভীমার্জ্জুনৌ। প্রয়োগে অস্ত্রপ্রয়োগে, কৃতিনৌ নিপুণৌ। তব অর্থযোগানাং প্রয়োজনসাধনোপায়ানাং প্রভবে সম্পাদনে প্রধানা বয়ম্, পরান্ শত্রূন্, সমেত্য যুদ্ধে প্রাপ্য, শমং তেষাং শান্তিং সংহারমিত্যর্থঃ, করিষ্যামঃ। বিসর্গলোপ আর্ষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তত ইতি। তেষাং ভীমাদীনাম্। বৈশ্রবণাধিবাসং বাসায় কুবেরার্পিতগৃহসমূহম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

তথৈবেতি। কৃষ্ণোঽর্জ্জুনঃ, অহং ভীমসেনঃ ॥১৫॥ প্রয়োগেঽস্ত্রপ্রয়োগে, কৃতিনৌ কুশলৌ ॥১৬॥ ত্বদর্থযোগপ্রভবপ্রধানাঃ তব অর্থযোগপ্রভবপ্রধানাঃ তব অর্থযোগো ধনলাভঃ প্রভব ঐশ্বর্য্যোৎকর্ষস্তদ্দ্বয়ং প্রধানং যেষাং তে তথা শমং সাম শত্রুনাশেন ক্ষেমং বা সমেত্য প্রাপ্য

ভাবে প্রবৃত্ত থাকিয়া, যুদ্ধে দেবগণের সহিতও মিলিত হইয়া, কখনও নিচ্ছেদের কষ্টবোধ করিবেন না। রাজা! কৃষ্ণ যেমন বলে অতুলনীয়, শিনিবংশপ্রধান সাত্যকিও তেমনই বলে অতুলনীয় ॥১৪—১৫॥

তা'র পর সেই যাদবগণের সহিত মিলিত হইয়া কৃষ্ণ যেমন আপনার কার্য্যসিদ্ধির জন্য সর্ব্বতোভাবে প্রবৃত্ত হইবেন, তেমন অস্ত্রপ্রয়োগনিপুণ বীর নকুল ও সহদেব এবং আমরা দুই জনও আপনার কার্য্যসিদ্ধির জন্য সর্বতোভাবেই প্রবৃত্ত হইব। অতএব আমরা আপনার কার্য্যসাধনের উপায়োদ্ভাবনের প্রধান সহায়। সুতরাং আমরাই যুদ্ধে মিলিত হইয়া শত্রুদিগকে সংহার করিব ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর ধর্ম্ম ও অর্থবিৎ, উত্তমতেজা, রাজশ্রেষ্ঠ ও মহাত্মা যুধিষ্ঠির ভীমপ্রভৃতির সেই মত অবগত হইয়া কুবেরসমর্পিত গৃহগুলিকে প্রদক্ষিণ করিলেন ॥১৭॥

(১৬)...যাদবৈস্তৈঃ তথৈব চাহং নরদেববর্য্য !...বা ব কা। (১৮) শ্লোকাৎ প্রথম 'ততো মহাত্মা স বিশুদ্ধবুদ্ধিঃ সম্প্রার্থয়ামাস নগেন্দ্রবর্য্যম্' ইতি পাদদ্বয়মধিকং বা ব কা।

সমাপ্তকর্ম্মা সহিতঃ সুহৃদ্ভির্জিত্বা সপত্নান্ প্রতিলভ্য রাজ্যম্।
শৈলেন্দ্র! ভূয়স্তপসে জিতাত্মা দ্রষ্টা তবাস্মীতি মতিঙ্কার ॥১৯॥
(যুগ্মকম্)

বৃতশ্চ সর্ব্বৈরনুজৈর্দ্বিজৈশ্চ তেনৈব মার্গেণ পতিঃ কুরূণাম্।
উবাহ চৈতান্ গণশস্তথৈব ঘটোৎকচঃ পর্ব্বতনির্ঝরেষু ॥২০॥

তান্ প্রস্থিতান্ প্রীতমনা মহর্ষিঃ পিতেব পুত্রাননুশিষ্য সর্ব্বান্।
স লোমশঃ প্রীতমনা জগাম দিবৌকসাং পুণ্যতমং নিবাসম্ ॥২১॥

তেনার্ষ্টিষেণেন তথাঽনুশিষ্টাস্তীর্থানি রম্যাণি তপোবনানি।
মহান্তি চান্যানি সরাংসি পার্থাঃ সম্পশ্যমানাঃ প্রযযুর্নরাগ্র্যাঃ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি আজগরে লোমশগমনে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

আমন্ত্র্যেতি। বেশ্মানি কুবেরাপিতস্ববাসভবনানি, রক্ষাংসি স্বরক্ষণাবেক্ষণায় কুবের-নিযুক্তান্ রাক্ষসান্। সমাপ্তানি কর্ম্মাণি রাজকার্য্যাণি যেন সঃ। সপত্নান্ শত্রূন্। জিতাত্মা বশীকৃতচিত্তঃ। ভূয়ঃ পুনঃ। মতিং গমনেচ্ছাম্ ॥১৮—১৯॥

বৃত ইতি। যেনাগতঃ তেনৈব মার্গেণ গন্তুমুদ্যতা ইতি শেষঃ। এতান্ যুধিষ্ঠিরাদীন্, গণশঃ সংঘবদ্ধঃ সন্, ঘটোৎকচঃ সানুচর ইত্যাশয়ঃ ॥২০॥

তানিতি। অনুশিষ্য উপদিশ্য। দিবৌকসাং দেবানাম্, নিবাসং লোকম্ ॥২১॥

তাহার পর যুধিষ্ঠির সমস্ত বাসভবন, নদী, সরোবর ও রাক্ষসগণের সম্ভাষণ করিয়া—যে পথে আসিয়াছিলেন, সেই পথের দিকে চাহিয়া, পুনরায় গন্ধ-মাদনপর্ব্বতের প্রতি দৃষ্টিপাত করিয়া বলিলেন—'পর্ব্বতরাজ! আমি বন্ধু-বর্গের সহিত মিলিত হইয়া, শত্রুজয় ও রাজ্যলাভ করিয়া, রাজকার্য্যসমাপন-পূর্ব্বক জিতেন্দ্রিয় হইয়া, তপস্যা করিবার জন্য পুনরায় আপনার দর্শন করিব' এই কথা বলিয়া প্রস্থান করিবার ইচ্ছা করিলেন ॥১৮—১৯॥

ক্রমে কুরুপতি যুধিষ্ঠির ভ্রাতৃগণ ও ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া সেই পথেই প্রস্থান করিবার উদ্‌যোগ করিলেন; তখন অনুচরবর্গের সহিত ঘটোৎ-কচ আসিয়া দলে দলে উঁহাদিগকে বহন করিয়া পার্ব্বত্যপথে লইয়া চলিল ॥২০॥

তাঁহারা প্রস্থান করিলে, পিতা যেমন পুত্রগণকে উপদেশ দেন, সেইরূপই মহর্ষি লোমশ প্রীতচিত্তে তাঁহাদের সকলকে উপদেশ দিয়া, আবার প্রীতচিত্তেই পুণ্যতম দেবলোকে গমন করিলেন ॥২১॥

* '...ষট্‌সপ্তত্যধিক...' বা ব কা, '...অষ্টসপ্তত্যধিক...' পি নি।

অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

——০ঃ(*)ঃ০——

বৈশম্পায়ন উবাচ।

নগোত্তমং প্রস্রবণৈরুপেতং দিশাং গজৈঃ কিন্নরপক্ষিভিশ্চ।
সুখং নিবাসং জহতাং হি তেষাং ন প্রীতিরাসীদ্ভরতর্ষভাণাম্ ॥১॥
ততস্তু তেষাং পুনরেব হর্ষঃ কৈলাসমালোক্য মহান্ বভুব।
কুবেরকান্তং ভরতর্ষভাণাং মহীধরং বারিধরপ্রকাশম্ ॥২॥

ভারতকৌমুদী

তেনেতি। আর্ষ্টিষেণেন তদাখ্যেন মুনিনা, অনুশিষ্টা উপদিষ্টাঃ ॥২২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি আজগরে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(০ঃ*ঃ০)——

নগেতি। নগোত্তমং পর্ব্বতশ্রেষ্ঠং গন্ধমাদনম্। সুখং সুখজনকম্, জহতাং ত্যজতাম্ ॥১॥

তত ইতি। কুবেরস্য কান্তং প্রিয়ম্। বারিধরপ্রকাশং জলশূন্যমেঘবৎ শুভ্রম্ ॥২॥

ভারতভাবদীপঃ

যুদ্ধেন বা ॥১৭—১৮॥ ইতি প্রার্থয়ামাসেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ, মতিঞ্চকার গমনে ইতি শেষঃ ॥২০—২২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৭॥

——০ঃ*ঃ০——

এবং তীর্থযাত্রাদিপ্রভবেন পুণ্যেন দেবতাপ্রসাদাদুত্তমলোকপ্রাপ্তিরদ্ভুতসামর্থ্যপ্রাপ্তিশ্চেতি দর্শিতং প্রাপ্তমপি চ তদ্দর্পবতামনর্থকরং ভবতীতি দর্পজয়ার্থং নহুষভীমসেনয়োর্দুরবস্থাং বর্ণয়তি—নগোত্তমং প্রস্রবণৈরুপেতমিত্যাদিনা। নগোত্তমং গন্ধমাদনম্, জহতাং

এবং সেই আর্ষ্টিষেণমুনিও তাঁহাদিগকে মনোহর তীর্থ, তপোবন এবং অন্যান্য মহাসরোবরের কথা বলিয়া দিলেন, তখন নরশ্রেষ্ঠ পাণ্ডবগণ সেই সকল দেখিতে দেখিতে গমন করিতে লাগিলেন ॥২২॥

——(০ঃ*ঃ০)——

বৈশম্পায়ন বলিলেন—জলপ্রপাত, দিগ্‌হস্তী, কিন্নর ও পক্ষি-সমন্বিত এবং সুখবাসের স্থান পর্ব্বতশ্রেষ্ঠ গন্ধমাদনকে পরিত্যাগ করিবার সময়ে সেই ভরতশ্রেষ্ঠ পাণ্ডবগণের মনে আনন্দ হয় নাই ॥১॥

---

(২) ততস্তু তেষাং নরদেব! হর্ষঃ⋯পি।

সমুচ্ছ্রয়ান্ পর্ব্বতসন্নিরোধান্ গোষ্ঠান্ হরীণাং গিরিসেতুমালাঃ।
বহূন্ প্রপাতাংশ্চ সমীক্ষ্য বীরাঃ স্থলানি নিম্নানি চ তত্র তত্র ॥৩॥
তথৈব চান্যানি মহাবনানি মৃগদ্বিজানেকপসেবিতানি।
আলোকয়ন্তোঽভিযযুঃ প্রতীতাস্তে ধন্বিনঃ খড়্গধরা নরাগ্র্যাঃ ॥৪॥
(যুগ্মকম্)

বনানি রম্যাণি নদীঃ সরাংসি গুহা গিরীণাং গিরিগহ্বরাণি।
এতে নিবাসাঃ সততং বভূবুর্নিশামুখং প্রাপ্য নরর্ষভাণাম্ ॥৫॥
তে দুর্গবাসং বহুধা নিরুষ্য ব্যতীত্য কৈলাসমচিন্ত্যরূপম্।
আসেদুরত্যর্থমনোরমং তে তমাশ্রমাগ্র্যং বৃষপর্বণস্তু ॥৬॥

ভারতকৌমুদী

সমিতি। সমুচ্ছ্রয়ান্ উচ্চস্থানি, পর্ব্বতস্য সন্নিরোধান্ সঙ্কীর্ণস্থানানি, হরীণাং সিংহানাম্, গোষ্ঠান্ স্থানানি, গিরেঃ সেতুমালাঃ, প্রপাতান্ জলপ্রস্রবণানি। মৃগৈঃ পশুভিঃ দ্বিজৈঃ পক্ষিভিঃ অনেকপৈর্হস্তিভিশ্চ সেবিতানি। প্রতীতা হৃষ্টচিত্তাঃ ॥৩—৪॥

বনানীতি। গিরীণাং গহ্বরাণি কুঞ্জানি, "গহ্বরে দ্বে গুহাকুঞ্জে" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥৫॥

ত ইতি। দুর্গবাসং দুর্গমস্থানাবস্থিতিম্, নিরুষ্য বিধায়েত্যর্থঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

ত্যক্তাম্ ॥১॥ কুবেরস্য কান্তং প্রিয়ম্ ॥২॥ সমুচ্ছ্রয়ান্ উচ্চৈঃস্থানি সন্নিরোধান্ সঙ্কীর্ণস্থানি গোষ্ঠান্ স্থানানি হরীণাং সিংহানাং গিরিষু নদ্যুত্তারণার্থাঃ সেবতো মালাশ্চ মহৎসু প্রবাহেষু তত্রৈব দেবপ্রয়াগাদৌ সাঙ্গা ইতি প্রসিদ্ধাঃ প্রপাতান্ ভৃগূন্ ॥৩॥ অনেকপাঃ দ্বিপাঃ ॥৪॥

তাহার পর জলবিহীন মেঘের ন্যায় শুভ্রবর্ণ এবং কুবেরের প্রিয় কৈলাস-পর্ব্বত দেখিয়া পুনরায় তাঁহাদের মনে গুরুতর আনন্দ হইয়াছিল ॥২॥

পরে পর্বতের উচ্চতা, সঙ্কীর্ণস্থান, সিংহের স্থান, পার্ব্বত্য সেতুশ্রেণী, বহুতর জলপ্রপাত, আর সেই সেই স্থানে নিম্নস্থলগুলি দেখিয়া এবং পশু, পক্ষী ও হস্তি-সেবিত অন্যান্য মহাবন দেখিতে থাকিয়া, আনন্দিত হইয়া ধনু ও খড়্গধারী সেই নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা গমন করিতে লাগিলেন ॥৩—৪॥

সন্ধ্যাকাল উপস্থিত হইলে, প্রত্যহই মনোহর বন, নদী, সরোবর, পর্বতের গুহা বা পর্ব্বতের কুঞ্জ, ইহার কোনটা তাঁহাদের বাসস্থান হইত ॥৫॥

ক্রমে তাঁহারা নানাবিধ দুর্গমস্থানে বাস করিয়া, অচিন্তনীয়মূর্ত্তি কৈলাস-পর্ব্বত অতিক্রমপূর্ব্বক বৃষপর্বা মুনির অতিমনোহর ও শ্রেষ্ঠ আশ্রমে যাইয়া উপস্থিত হইলেন ॥৬॥

---

(৫)…নিশানিশং প্রাপ্য…ব। ব কা,… নিশাং নিশাং প্রাপ্য…পি।

সমেত্য রাজ্ঞা বৃষপর্ব্বণা তে প্রত্যর্চ্চিতাস্তেন চ বীতমোহাঃ।
শশংসিরে বিস্তরশঃ প্রবাসং গিরৌ যথাবদ্বৃষপর্বণস্তে ॥৭॥
সুখোষিতাস্তত্র ত একরাত্রং পুণ্যাশ্রমে দেবমহর্ষিজুষ্টে।
অভ্যাযযুস্তে বদরীং বিশালাং সুখেন বীরাঃ পুনরেব বাসম্ ॥৮॥
ঊষুস্ততস্তত্র মহানুভাবা নারায়ণস্থানগতাঃ সমগ্রাঃ।
কুবেরকান্তাং নলিনীং বিশোকাঃ সম্পশ্যমানাঃ সুরসিদ্ধজুষ্টাম্ ॥৯॥
তাঞ্চাথ দৃষ্ট্বা নলিনীং বিশোকাঃ পাণ্ডোঃ সুতাঃ সর্ব্বনরপ্রধানাঃ।
তে রেমিরে নন্দনবাসমেত্য দ্বিজর্ষয়ো বীতমলা যথৈব ॥১০॥
ততঃ ক্রমেণোপযযুর্বীরা যথাগতেনৈব পথা সমগ্রাঃ।
বিহৃত্য মাসং সুখিনো বদর্য্যাং কিরাতরাজ্ঞো বিষয়ং সুবাহোঃ ॥১১॥

ভারতকৌমুদী

সমেত্যেতি। সমেত্য মিলিত্বা। বীতমোহাস্ত্যক্তবিষাদাঃ। প্রবাসং প্রবাসবৃত্তান্তম্ ॥৭॥
সুখেতি। বদরীম্ অভি লক্ষীকৃত্য, পুনরেব বাসম্, আযযুঃ প্রাপুশ্চক্রুরিত্যর্থঃ ॥৮॥
ঊষুরিতি। কুবেরস্ত কান্তাং প্রিয়াম্, নলিনীং প্রাশস্তিতাং পদ্মযুতাং নদীম্ ॥৯॥
তামিতি। নন্দনে বনে বাসম্, এত্য প্রাপ্য। বীতমলাস্তপসা ত্যক্তপাপাঃ ॥১০॥
তত ইতি। বিহৃত্য সুখেনাবস্থায়, বদর্য্যাং বদরিকাশ্রমে। সুবাহোস্তদাখ্যস্ত ॥১১॥

পরে পাণ্ডবেরা রাজর্ষি বৃষপর্ব্বার সহিত মিলিত হইয়া, তাঁহার আদরে মনের বিষাদ পরিত্যাগ করিয়া, সেই বৃষপর্ব্বার নিকটে বিস্তরক্রমে ও যথাযথভাবে গন্ধমাদনপর্ব্বতবাসের বৃত্তান্ত বলিলেন ॥৭॥

এবং সেই মহাবীর পাণ্ডবেরা দেব-মহর্ষি-সেবিত সেই পুণ্যাশ্রমে একরাত্রি সুখে বাস করিয়া পুনরায় বদরিকাশ্রমে আসিয়া সুখে বাস করিতে লাগিলেন ॥৮॥

তাহার পর মহাপ্রভাবশালী পাণ্ডবেরা সকলেই (বদরিকাশ্রমের অন্তর্গত) নারায়ণস্থানে যাইয়া, দেবগণ ও সিদ্ধগণ-সেবিত এবং কুবেরের প্রিয় সেই পদ্মশোভিত নদীটী দেখিতে থাকিয়া, আনন্দিত হইয়া সেই খানেই বাস করিতে লাগিলেন ॥৯॥

তদনন্তর, নিষ্পাপ ব্রহ্মর্ষিরা যেমন ইন্দ্রের নন্দনকাননে যাইয়া আনন্দ লাভ করেন, তেমন সমস্ত মনুষ্যপ্রধান পাণ্ডবগণ সেই পদ্মশোভিত নদীটী দেখিয়া বিষাদ পরিত্যাগ করিয়া তথায় আনন্দলাভ করিতে লাগিলেন ॥১০॥

মনুষ্যবীর পাণ্ডবেরা সকলেই সেই বদরিকাশ্রমে একমাস কাল সুখে বাস

চীনাংস্তুষারান্ দরদাংশ্চ সর্ব্বান্ দেশান্ কুলিন্দস্য চ ভূরিরত্নান্।
অতীত্য দুর্গং হিমবৎপ্রদেশং পুরং সুবাহোর্দদৃশুর্নৃবীরাঃ ॥১২॥
শ্রুত্বা চ তান্ পার্থিবপুত্রপৌত্রান্ প্রাপ্তান্ সুবাহোর্বিষয়ে সমগ্রান্।
প্রত্যুদ্যযৌ প্রীতিযুতঃ স রাজা তঞ্চাভ্যনন্দন্ বৃষভাঃ কুরূণাম্ ॥১৩॥
সমেত্য রাজ্ঞা তু সুবাহুনা তে সূতৈর্বিশোকপ্রমুখৈশ্চ সর্ব্বৈঃ।
সহেন্দ্রসেনৈঃ পরিচারকৈশ্চ পৌরোগবৈর্যে চ মহানসস্থাঃ ॥১৪॥
সুখোষিতাস্তত্র ত একরাত্রং সূতানুপাদায় রথাংশ্চ সর্বান্।
ঘটোৎকচং সানুচরং বিসৃজ্য ততোঽভ্যয়ুর্যামুনমদ্রিরাজম্ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চীনানিতি। দেশানিতি সবত্রান্বেতি। দুর্গং দুর্গমম্। নৃবীরাঃ পাণ্ডবাঃ ॥১২॥

শ্রুত্বেতি। পাণ্ডুর্বিচিত্রবীর্য্যশ্চ পার্থিবৌ তৎপুত্রপৌত্রাঃ পাণ্ডবাস্তান্। বৃষভাঃ শ্রেষ্ঠাঃ ॥১৩॥

সমেত্যেতি। তে প্রসিদ্ধাঃ, তে পাণ্ডবাঃ, সুবাহুনা রাজ্ঞা, বিশোকপ্রমুখৈঃ সর্বৈঃ সূতৈঃ সারথিভিঃ, সহেন্দ্রসেনৈঃ ইন্দ্রসেনসহিতৈঃ পরিচারকৈঃ, পৌরোগবৈঃ পাকশালাধ্যক্ষৈঃ, যে চ মহানসস্থাঃ পাকশালাস্থিতাঃ পাচকাদয়স্তৈশ্চ সহ, সমেত্য মিলিত্বা, তত্র সুবাহুরাজ্যে তাম্ একরাত্রং সুখোষিতাঃ সন্তঃ, সর্বান্ সূতান্ রথাংশ্চোপাদায়, সানুচরম্ অনুচরবর্গসহিতং ঘটোৎকচং বিসৃজ্য, ততঃ যামুনং যমুনোৎপাদকম্, অদ্রিরাজং পর্বতশ্রেষ্ঠম্, অভ্যয়ুঃ অগচ্ছন্। গন্ধমাদনপ্রস্থানকালে সুবাহুরাজান্তিকে স্বসূতাদীন্ সমর্প্য গতা ইতি প্রাগুক্তং স্মর্তব্যম্। "পাকস্থানে মহানসম্। পৌরোগবস্তদধ্যক্ষঃ" ইত্যমরঃ ॥১৪—১৫॥

করিয়া তাহার পর, পূর্বে যে পথে আসিয়াছিলেন, সেই পথেই যাইতে থাকিয়া ক্রমশঃ কিরাতরাজ সুবাহুর দেশে যাইয়া উপস্থিত হইলেন ॥১১॥

পরে, মনুষ্যবীর পাণ্ডবেরা চীন, তুষার, দরদ এবং প্রচুররত্নসম্পন্ন কুলিন্দ-দেশ অতিক্রম করিয়া ক্রমে হিমালয়সন্নিহিত দুর্গম সুবাহুরাজার রাজধানী দর্শন করিলেন ॥১২॥

রাজার পুত্র এবং রাজারই পৌত্র পাণ্ডবেরা সকলে সুবাহুর রাজ্যে আসিয়াছেন ইহা শুনিয়া সুবাহুরাজা আনন্দিত হইয়া তাঁহাদের প্রত্যুদ্গমন করিলেন; তখন কুরুশ্রেষ্ঠ পাণ্ডবেরাও তাঁহার অভিনন্দন করিলেন ॥১৩॥

সুবাহুরাজা, বিশোকপ্রভৃতি সকল সারথি, ইন্দ্রসেনের সহিত সকল ভৃত্য, পাকগৃহের অধ্যক্ষগণ এবং যাহারা পাকগৃহে থাকিত সেই সকল ভৃত্যের সহিত মিলিত হইয়া, জগৎপ্রসিদ্ধ পাণ্ডবগণ—সেখানে সুখে একরাত্রি বাস করিয়া, সমস্ত সারথি ও রথপ্রভৃতি লইয়া এবং অনুচরবর্গের সহিত ঘটোৎ-

(১২) চীনাংস্তুষারান্...বা ব কা পি।

তস্মিন্ গিরৌ প্রস্রবণোপপন্নে হিমোত্তরীয়ারুণপাণ্ডুসানৌ।
বিশাখযূপং সমুপেত্য চক্রুস্তদা নিবাসং পুরুষপ্রবীরাঃ ॥১৬॥
বরাহনানামৃগপক্ষিজুষ্টং মহাবনং চৈত্ররথপ্রকাশম্।
শিবেন পার্থা মৃগয়াপ্রধানাঃ সংবৎসরং তত্র বনে বিজহ্রুঃ ॥১৭॥
তত্রাসসাদাতিবলং ভুজঙ্গং ক্ষুধার্দ্দিতং মৃত্যুমিবোগ্ররূপম্।
বৃকোদরঃ পর্ব্বতকন্দরায়াং বিষাদমোহব্যথিতান্তরাত্মা ॥১৮॥
দ্বীপোঽভবদ্‌যত্র বৃকোদরস্য যুধিষ্ঠিরো ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ।
অমোক্ষয়দ্‌যস্তমনন্ততেজা গ্রাহেণ সংবেষ্টিতসর্ব্বগাত্রম্ ॥১৯॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। হিমান্যেব শুভ্রত্বাদুত্তরীয়াণি বসনানি যস্য স চাসৌ অরুণানি পাণ্ডূনি পাণ্ডুবর্ণানি চ সানূনি সমতলদেশা যস্য স চেতি তস্মিন্। বিশাখযূপং নাম বনম্ ॥১৬॥

বরাহেতি। চৈত্ররথং নাম কুবেরোদ্যানমিব প্রকাশত ইতি তৎ। শিবেন কুশলেন ॥১৭॥

তত্রেতি। আসসাদ প্রাপ। বিষাদমোহাভ্যাং ব্যথিতঃ অন্তরাত্মা চিত্তং যস্য সঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

গুহা অল্পপ্রমাণা দরী, গহ্বরং মহতী দরী, নিশানিশং রাত্রিদিনম্ ॥৫—৮॥ নলিনীং সরসীম্ ॥৯॥ নন্দনমিন্দ্রবনম্ ॥১০—১৩॥ পৌরোগবৈঃ পুরোগামিভিঃ পটগৃহাদিসামগ্রীবাহৈঃ ॥১৩॥ যামুনং যমুনোদ্গমম্ ॥১৫॥ পুংসি যথা শ্বেতমুত্তরীয়ং শ্বেতারুণমুষ্ণীষঞ্চ তদ্বৎ গিরৌ প্রস্রবণানি অরুণপাণ্ডুসানূনি চ ভান্তীত্যুৎপ্রেক্ষা। বিশাখযূপং স্থানবিশেষঃ ॥১৬—১৭॥

কচকে বিদায় দিয়া, তাহার পর যমুনানদীর উৎপাদক পর্বতের দিকে প্রস্থান করিলেন ॥১৪—১৫॥

যে পর্বতে বহুতর জলপ্রপাত আছে, হিমরাশি যে পর্বতের উত্তরীয়বস্ত্রস্বরূপ এবং যে পর্বতের সমতল ভূমিগুলি অরুণবর্ণ ও পাণ্ডুবর্ণ, সেই পর্বতে ‘বিশাখযূপ’-নামক বনে উপস্থিত হইয়া নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা তখন তথায় বাস করিতে লাগিলেন ॥১৬॥

সেই মহাবনটী—‘চৈত্ররথ’-নামক কুবেরবনের ন্যায় মনোহর ছিল এবং তাহাতে বরাহ, নানাবিধ হরিণ ও পক্ষিগণ বিচরণ করিত; পাণ্ডবেরা সেই বনে এক বৎসর যাবৎ নির্বিঘ্নে বাস করেন এবং তৎকালে তাঁহারা প্রধানতঃ মৃগয়াই করিতেন ॥১৭॥

একদা ভীমসেন সেই বনমধ্যে একটা পর্ব্বতগুহার ভিতরে যমের ন্যায় উগ্রমূর্ত্তি, ক্ষুধার্ত্ত ও মহাবল এক সর্পকর্ত্তৃক আক্রান্ত হইয়া বিষণ্ণ, কর্ত্তব্যবিমূঢ় ও ব্যথিতচিত্ত হইয়া পড়েন ॥১৮॥

তে দ্বাদশং বর্ষমুপোপযাতং বনে বিহর্ত্তুং কুরবঃ প্রতীতাঃ।
তস্মাদ্বনাচ্চৈত্ররথপ্রকাশাচ্ছ্রিয়া জ্বলন্তস্তপসা চ যুক্তাঃ ॥২০॥
ততশ্চ যাত্বা মরুধন্বপার্শ্বং সদা ধনুর্ব্বেদরতিপ্রধানাঃ।
সরস্বতীমেত্য নিবাসকামাঃ সরস্ততো দ্বৈতবনং প্রতীয়ুঃ ॥২১॥
সমীক্ষ্য তান্ দ্বৈতবনে নিবিষ্টান্ নিবাসিনস্তত্র ততোঽভিজগ্মুঃ।
তপোদমাচারসমাধিযুক্তাস্তৃণোদপাত্রাহরণাশ্মকুট্টাঃ ॥২২॥

ভারতকৌমুদী

দ্বীপ ইতি। দ্বীপো দ্বীপবদাশ্রয়ো রক্ষক ইত্যর্থঃ। গ্রাহেণ লাঙ্গুলেন ॥১৯॥

ত ইতি। শ্রিয়া কান্ত্যা জ্বলন্তঃ, তপসা যুক্তাশ্চ, তে কুরবঃ পাণ্ডবাঃ, উপ সমীপে, উপযাতম্ উপস্থিতম্, দ্বাদশং বর্ষম্, বনে বিহর্ত্তুং বিচরিতুম্, চৈত্ররথপ্রকাশাৎ কুবেরোদ্যানতুল্যাৎ তস্মাদ্বনাৎ, প্রতীতাঃ প্রস্থিতাঃ ॥২০॥

তত ইতি। ততঃ পরম্, সদা ধনুর্ব্বেদে রতিরনুরাগ এব প্রধানং যেষাং তে পাণ্ডবাঃ, মরুধন্বনো মরুভূমেঃ, পার্শ্বং যাত্বা গত্বা, সরস্বতীং নদীমেত্য নিবাসকামাঃ সন্তঃ, ততঃ স্থানাৎ, দ্বৈতবনং তৎসন্নিহিতং সরঃ, প্রতীয়ুর্গতাঃ ॥২১॥

সমীক্ষ্যেতি। ততঃ, তপো বৈধক্লেশঃ দম ইন্দ্রিয়নিগ্রহঃ আচারঃ শাস্ত্রোক্তব্যবহারঃ সমাধির্যোগশ্চ তৈর্যুক্তাঃ, তৃণানি কুশাদীনি উদপাত্রাণি জলপাত্রাণি চ যজ্ঞার্থমাহরন্তীতি তে তৃণোদপাত্রাহরণাঃ, অশ্মসু পাষাণেষু কুট্টয়ন্তি দন্তাভাবাৎ খাদ্যবস্তু চূর্ণয়ন্তীতি তে অশ্মকুট্টাঃ। পশ্চাৎ কর্ম্মধারয়ঃ। তত্র দ্বৈতবনে নিবাসিনো মুনয়ঃ, দ্বৈতবনে নিবিষ্টান্ তান্ পাণ্ডবান্ সমীক্ষ্য অভিজগ্মুঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

বিষাদস্তেজঃপ্রতিঘাতজঃ ক্ষোভঃ মোহো বৈচিত্ত্যম্ ॥১৮॥ দ্বীপো দ্বীপবদাশ্রয়ঃ। গ্রাহেণ সর্পেণ ॥১৯—২১॥ তৃণোদপাত্রাবরণাঃ আসনার্থং তৃণেন পাদ্যার্থমুদকপাত্রেণ চ আবৃণ্বন্তি পান্থান্তরে আহরন্তি প্রত্যেকমানীতেন বরয়ন্তি তে তথাভূতাঃ অশ্মকুট্টা বানপ্রস্থা

ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠির যেখানে (বিপৎসাগরমগ্ন) ভীমসেনের দ্বীপ (রক্ষক) হইয়াছিলেন; অসাধারণ তেজস্বী যে যুধিষ্ঠির, সর্পলাঙ্গুল-বেষ্টিত-সর্ব্বাঙ্গ ভীমসেনকে মুক্ত করিয়াছিলেন ॥১৯॥

তদনন্তর সুন্দরাকৃতি অথ চ তপস্বী পাণ্ডবেরা, নিকটবর্ত্তী দ্বাদশবৎসর বনে বাস করিবার জন্য কুবেরোদ্যানতুল্য সেই বন হইতে প্রস্থান করিলেন ॥২০॥

তাহার পর সর্ব্বদা ধনুর্ব্বেদে অনুরক্ত পাণ্ডবেরা মরুভূমির পার্শ্ব দিয়া যাইয়া সরস্বতীনদীতে উপস্থিত হইয়া বাস করিবার ইচ্ছায় তথা হইতে দ্বৈতবন-সন্নিহিত সরোবরের নিকটে গমন করিলেন ॥২১॥

(২২)…তৃণোদমাত্রাবরণাশ্মকুট্টাঃ—বা ব কা।

প্লক্ষাক্ষরোহীতকবেতসাশ্চ তথা বদর্য্যঃ খদিরাঃ শিরীষাঃ ।
বিল্বেঙ্গুদাঃ পীলুশমীকরীরাঃ সরস্বতীতীররুহা বভূবুঃ ॥২৩॥
তাং যক্ষগন্ধর্ব্বমহর্ষিকান্তামগারভূতামিব দেবতানাম্ ।
সরস্বতীং প্রীতিযুতাশ্চরন্তঃ সুখং বিজহ্রুর্নরদেবপুত্রাঃ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি আজগরে পুনর্দ্বৈতবনপ্রবেশে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০ঃ(*)ঃ০——

ভারতকৌমুদী

প্লক্ষেতি। সরস্বত্যা নদ্যাস্তীরে রোহন্তি জায়ন্ত ইতি তে ॥২৩॥

তামিতি। যক্ষগন্ধর্ব্বমহর্ষীণাং কান্তা প্রিয়া তাম্, অগারভূতাং বাসকুটীরস্বরূপাং গৃহভূতাম্। সরস্বতীং নদীং প্রাপ্য। নরদেবপুত্রা রাজপুত্রাঃ পাণ্ডবাঃ ॥২৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী সমাখ্যায়াং বনপর্ব্বণি আজগরে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ(০)ঃ——

ভারতভাবদীপঃ

দন্তোলূখলিকা এব সন্তো জরয়া নষ্টদন্তা অশ্মকুট্টা ভবন্তি ॥২২॥ বভূবুঃ শোভন্তে ইতি শেষঃ ॥২৩—২৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৮॥

——ঃ০ঃ——

তৎপরে তপস্বী, ইন্দ্রিয়সংযমী, সদাচারী, যোগপরায়ণ, যজ্ঞাদিসম্পাদনের জন্য তৃণ ও জল সংগ্রহকারী এবং দন্তবিহীন তত্রত্য মুনিরা পাণ্ডবগণকে দ্বৈতবনে প্রবিষ্ট দেখিয়া তাঁহাদের প্রত্যুদ্গমন করিলেন ॥২২॥

তত্রত্য সরস্বতীনদীর তীরে পাকুড়, অক্ষ, রোহীতক, বেতস, বদরী, খদির, শিরীষ, বিল্ব, ইঙ্গুদ, পীলু, শমী ও বংশকরীর জন্মিয়া শোভা সম্পাদন করিয়াছিল ॥২৩॥

যক্ষ, গন্ধর্ব্ব ও মহর্ষিগণের প্রিয় এবং দেবগণের যেন গৃহস্বরূপ সেই সরস্বতীনদীর তীরে উপস্থিত হইয়া পাণ্ডবেরা আনন্দিতচিত্তে ও সুখে বিচরণ করিতে লাগিলেন ॥২৪॥

——(-ঃ০ঃ-)——

* '.. সপ্তসপ্তত্যধিক...' বা ব কা, '.. একোনাশীত্যধিক...' পি নি।

ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

জনমেজয় উবাচ।

কথং নাগাযুতপ্রাণো ভীমো ভীমপরাক্রমঃ।
ভয়মাহারয়ত্তীব্রং তস্মাদজগরান্মুনে! ॥১॥
পৌলস্ত্যং ধনদং যুদ্ধে যশ্চাহ্বয়তি দর্পিতঃ।
নলিন্যাং কদনং কৃত্বা নিহন্তা যক্ষরক্ষসাম্ ॥২॥
তং শংসসি ভয়াবিষ্টমাপন্নমরিসূদনম্।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং পরং কৌতূহলং হি মে ॥৩॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

বহ্বাশ্চর্য্যে বনে তেষাং বসতামুগ্রধন্বিনাম্।
প্রাপ্তানামাশ্রমাদ্রাজন্! রাজর্ষের্বৃষপর্ব্বণঃ ॥৪॥
যদৃচ্ছয়া ধনুষ্পাণির্বদ্ধখড়্গো বৃকোদরঃ।
দদর্শ তদ্বনং রম্যং দেবগন্ধর্ব্বসেবিতম্ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কথমিতি। নাগাযুতপ্রাণো দশসহস্রহস্তিতুল্যবলশালী। আহারয়ৎ প্রাপ্তবান্ ॥১॥

পৌলস্ত্যমিতি। ধনদং কুবেরম্। আহ্বয়তি মনসা আমন্ত্রয়তি স্ম, তদানীং তথৈব স্থিতত্বাদিতি প্রাগ্‌দ্রষ্টব্যম্। নলিন্যাং প্রাগুক্তসৌগন্ধিকবত্যাং নদ্যাম্, কদনমত্যাচারম্। শংসসি ব্রবীষি। আপন্নম্ আপৎপ্রাপ্তম্। পরমত্যন্তম্ ॥২—৩॥

বহ্বিতি। প্রাপ্তানাং গতানাম্। যদৃচ্ছয়া কর্ত্তব্যসঙ্কল্পশূন্যভাবেন ॥৪—৫॥

জনমেজয় বলিলেন—'মুনি! দশসহস্র হস্তীর তুল্য বলবান্ এবং ভয়ঙ্কর পরাক্রমশালী ভীমসেন সেই সর্প হইতে গুরুতর ভয় পাইলেন কি করিয়া? ॥১॥

যিনি পদ্মপূর্ণ নদীতে অত্যাচার করিয়া যক্ষ-রাক্ষসগণকে সংহার করিয়াছিলেন এবং দর্পিত হইয়া পুলস্ত্যনন্দন কুবেরকে পর্য্যন্ত যুদ্ধে আহ্বান করিয়াছিলেন, সেই শত্রুহন্তা ভীমসেনকে আপনি ভয়াবিষ্ট ও বিপন্ন বলিলেন!। ইহার হেতু আমি শুনিতে ইচ্ছা করি। কারণ, আমার অত্যন্ত কৌতুক জন্মিয়াছে' ॥২—৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! ভয়ঙ্কর ধনুর্দ্ধর পাণ্ডবেরা রাজর্ষি বৃষপর্ব্বার আশ্রম হইতে আসিয়া বহুতরাশ্চর্য্যময় বনে বাস করিতে লাগিলে, তাঁহাদের মধ্যে ভীমসেন একদা ধনু ও তরবারি ধারণ করিয়া যদৃচ্ছাক্রমে দেবগন্ধর্ব্বসেবিত সেই মনোহর বন দর্শন করিতে লাগিলেন ॥৪—৫॥

স দদর্শ শুভান্ দেশান্ গিরের্হিমবতস্তদা।
দেবর্ষিসিদ্ধচরিতানপ্সরোগণসেবিতান্ ॥৬॥
চকোরৈরুপচক্রৈশ্চ পক্ষিভির্জীবজীবকৈঃ।
কোকিলৈর্ভৃঙ্গরাজৈশ্চ তত্র তত্র নিনাদিতান্ ॥৭॥
নিত্যপুষ্পফলৈর্বৃক্ষৈর্হিমসংস্পর্শকোমলৈঃ।
উপেতান্ বহুলচ্ছায়ৈর্মনোনয়ননন্দনৈঃ ॥৮॥ (বিশেষকম্)
স সম্পশ্যন্ গিরিনদীর্বৈদূর্য্যমণিসন্নিভৈঃ।
সলিলৈর্হিমসঙ্কাশৈর্হংসকারণ্ডবাযুতৈঃ ॥৯॥
বনানি দেবদারূণাং মেঘানামিব বাগুরাঃ।
হরিচন্দনমিশ্রাণি তুঙ্গকালীয়কান্যপি ॥১০॥
মৃগয়াং পরিধাবন্ স সমেষু মরুধন্বসু।
বিধ্যন্ মৃগান্ শরৈঃ শুদ্ধৈশ্চচার সুমহাবলঃ ॥১১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকেণ হিমাদ্রিপ্রদেশদর্শনমাহ স ইতি। স বৃকোদরঃ। তত্র তত্র দেশে। মনোনয়নয়োঃ নন্দনৈঃ সুন্দরত্বাদানন্দজনকৈঃ ॥৬—৮॥

অথ পুনস্ত্রিভির্বিশেষকেণ ভীমস্য ব্যবহারমাহ স ইতি। হিমসঙ্কাশৈরতিশীতলৈরিত্যর্থঃ। "বাগুরা মৃগবন্ধনী" ইত্যমরঃ। অত্র তু বাগুরা বন্ধনজালানীত্যর্থঃ, বনানামত্যুচ্চত্বয়া তদন্তরান্তরা মেঘানাং প্রবেশাদিতি ভাবঃ। তুঙ্গকালীয়কানি পুন্নাগকালীয়কবৃক্ষবনানি। মৃগয়াং কর্ত্তুমিতি শেষঃ। সমেসু সমতলেষু মরুধন্বসু নির্জ্জলভূমিষু। শুদ্ধৈঃ অবিষলিপ্তমুখৈঃ ॥৯—১১॥

তিনি তখন হিমালয়সন্নিহিত মনোহর স্থানগুলি দেখিতে লাগিলেন; সেখানে দেবগণ, ঋষিগণ ও সিদ্ধগণ বিচরণ করিতেন এবং অপ্সরারা পরিভ্রমণ করিত; চকোর, উপচক্র, জীবজীবক, কোকিল ও ভৃঙ্গরাজপক্ষী সেই সেই স্থানে রব করিতেছিল এবং সে বনে মন ও নয়নের আনন্দজনক নানাবিধ বৃক্ষ ছিল; তাহাতে সর্ব্বদাই ফুল, ফল ও নিবিড় ছায়া ছিল এবং হিমের ন্যায় সংস্পর্শ হওয়ায় সে বৃক্ষগুলিকে কোমল বলিয়া বোধ হইত ॥৬—৮॥

ভীমসেন অনেক পার্ব্বত্য নদী দেখিলেন; সেগুলির জল বৈদূর্য্যমণির ন্যায় নির্ম্মল এবং হিমের ন্যায় শীতল ছিল; আর তাহাতে হংস ও কারণ্ডবপক্ষী বিচরণ করিত। তিনি আরও দেখিলেন—মেঘবন্ধনের জালের ন্যায় দেবদারু-বন ও শ্বেতচন্দনবৃক্ষযুক্ত পুন্নাগ এবং কালীয়কবন রহিয়াছে। তাহার পর অতিমহাবল ভীমসেন মৃগয়া করিবার জন্য সকল দিকে ধাবিত হইতে থাকিয়া

ভীমসেনস্তু বিখ্যাতো মহান্তং দংষ্ট্রিণং বলাৎ।
নিঘ্নন্ নাগশতপ্রাণো বনে তস্মিন্ মহাবলঃ ॥১২॥
মৃগাণাং স বরাহাণাং মহিষাণাং মহাভুজঃ।
বিনিঘ্নংস্তত্র তত্রৈব ভীমো ভীমপরাক্রমঃ ॥১৩॥
স মাতঙ্গশতপ্রাণো মনুষ্যশতবারণঃ।
সিংহশার্দ্দূলবিক্রান্তো বনে তস্মিন্ মহাবলঃ ॥১৪॥
বৃক্ষানুৎপাটয়ামাস তরসা বৈ বভঞ্জ চ।
পৃথিব্যাশ্চ প্রদেশান্ বৈ নাদয়ংস্তু বনানি চ ॥১৫॥ (কলাপকম্)
পর্ব্বতাগ্রাণি বৈ মৃদ্নন্ নাদয়ানশ্চ বিজ্বরঃ।
প্রক্ষিপন্ পাদপাংশ্চাপি নাদেনাপূরয়ন্ মহীম্ ॥১৬॥
বেগেন ন্যপতদ্ভীমো নির্ভয়শ্চ পুনঃ পুনঃ।
আস্ফোটয়ন্ ক্ষ্বেড়য়ংশ্চ তলতালাংশ্চ বাদয়ন্।
চিরসম্বদ্ধদর্পস্তু ভীমসেনো বনে তদা ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পুনশ্চতুর্ভিঃ কলাপকেন তৎকার্য্যমাহ ভীমেতি। বিখ্যাতো মহাবীরত্বেনেতি ভাবঃ। দংষ্ট্রিণং বরাহম্। নাগশতপ্রাণো বহুহস্তিতুল্যবলঃ। মৃগাণাং সমূহমিতি শেষঃ। এবমন্যত্র। ভীম ইত্যাদাবার্ষত্বাৎ পৌনরুক্ত্যং সহ্যম্। মনুষ্যশতানি বারয়তীতি সঃ। তরসা বলেন ॥১২—১৫॥

পর্ব্বতেতি। মৃদ্নন্ মর্দ্দয়ন্, নাদয়ানো নাদয়ংশ্চ, বিজ্বরস্তৎকর্ম্মণা ক্লেশশূন্যঃ। ন্যপতৎ ইতস্ততোঽধাবৎ। আস্ফোটয়ন্ বাহ্বাস্ফোটং কুর্ব্বন্, ক্ষ্বেড়য়ন্ সিংহনাদং কুর্বন্, তলতালাংশ্চ বাদয়ন্ করতলধ্বনিং কুর্ব্বন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬—১৭॥

বিশুদ্ধ বাণদ্বারা হরিণগণকে বিদ্ধ করতঃ সমতল মরুভূমিতে বিচরণ করিতে লাগিলেন ॥৯—১১॥

বহু হস্তীর তুল্য বলশালী এবং মহাবীর বলিয়া বিখ্যাত ভীমসেন সেই বনে বলপূর্ব্বক একটা বৃহৎ বরাহকে বধ করিয়া, ক্রমে বহুতর হরিণ, বহুতর বরাহ ও বহুতর মহিষ বধ করিলেন। তাহার পর মহাবাহু, ভয়ঙ্করপরাক্রমশালী, বহু হস্তীর তুল্য বলবান্, বহু মানুষকে নিবারণ করিতে সমর্থ এবং সিংহ ও ব্যাঘ্রের ন্যায় বিক্রমসম্পন্ন মহাবল ভীমসেন বলপূর্ব্বক সেই বন ও স্থান নিনাদিত করিয়া বৃক্ষ সকল উৎপাটিত ও ভগ্ন করিতে লাগিলেন ॥১২—১৫॥

চিরদর্পিত ভীমসেন তখন নির্ভয়চিত্তে ও বিনা ক্লেশে পর্ব্বতাগ্রমর্দ্দন ও তাহার শব্দ এবং বৃক্ষ নিক্ষেপ ও তাহার শব্দে পৃথিবী পূরণ করিয়া, কখনও

গজেন্দ্রাশ্চ মহাসত্ত্বা মৃগেন্দ্রাশ্চ মহাবলাঃ।
ভীমসেনস্য নাদেন ব্যমুঞ্চন্ত গুহাং ভয়াৎ ॥১৮॥
ক্বচিৎ প্রধাবংস্তিষ্ঠংশ্চ কচিচ্চোপবিশংস্তথা।
মৃগপ্রেপ্সুর্মহারৌদ্রে বনে চরতি নির্ভয়ঃ ॥১৯॥
স তত্র মনুজব্যাঘ্রো বনে বনচরোপমঃ।
পদ্ভ্যামপি সমাপেদে ভীমসেনো মহাবলঃ ॥২০॥
স প্রবিষ্টো মহারণ্যে নাদান্ নদতি চাদ্ভুতান্।
ত্রাসয়ন্ সর্ব্বভূতানি মহাসত্ত্বপরাক্রমঃ ॥২১॥
ততো ভীমস্য শব্দেন ভীতাঃ সর্পা গুহাশয়াঃ।
অতিক্রান্তাস্তু বেগেন জগামানুসৃতঃ শনৈঃ ॥২২॥

ভারতকৌমুদী

গজেন্দ্রা ইতি। মহাসত্ত্বা মহাবলাঃ, মৃগেন্দ্রাঃ সিংহাঃ ॥১৮॥
ক্বচিদিতি। মৃগপ্রেপ্সুঃ হন্তা পশূন্ লিপ্সমানঃ। চরতি স্ম ॥১৯॥
স ইতি। মনুজব্যাঘ্রো মনুষ্যশ্রেষ্ঠোঽপি। সমাপেদে বিচচার ॥২০॥
স ইতি। নদতি করোতি স্ম। মহাসত্ত্বো সত্ত্বপরাক্রমৌ বলবিক্রমৌ যস্য সঃ ॥২১॥
তত ইতি। অতিক্রান্তাঃ—গুহা অতিক্রম্য গতাঃ। জগাম ভীম ইতি শেষঃ ॥২২॥

বাহ্বাস্ফোটন, কখনও সিংহনাদ এবং কখনও করতলধ্বনি করিতে থাকিয়া, বেগে বার বার ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন ॥১৬—১৭॥

তখন ভীমসেনের শব্দে মহাবল হস্তিগণ ও মহাবল সিংহগণ ভয়ে গুহা ত্যাগ করিতে লাগিল ॥১৮॥

এদিকে মৃগলিপ্সু নির্ভয়চিত্ত ভীমসেন কখনও ধাবিত হইয়া, কখনও অবস্থান করিয়া এবং কখনও উপবিষ্ট হইয়া সেই মহাভীষণ বনে বিচরণ করিতে থাকিলেন ॥১৯॥

মহাবল ভীমসেন মনুষ্যশ্রেষ্ঠ হইয়াও বনচরেরই তুল্য পাদচারে সেই বনে বিচরণ করিতে লাগিলেন ॥২০॥

এবং মহাবলবিক্রমশালী ভীমসেন মহাবনমধ্যে প্রবেশ করিয়া, সকল প্রাণীর ভয় জন্মাইতে থাকিয়া অদ্ভুত গর্জ্জন করিতে লাগিলেন ॥২১॥

তাহার পর গুহাস্থিত সর্পগণ ভীমের গর্জ্জনে ভীত হইয়া, গুহা পরিত্যাগ করিয়া বেগে পলায়ন করিতে লাগিল; ভীমও ধীরে ধীরে সেগুলির অনুসরণ করিতে লাগিলেন ॥২২॥

(২২)···অতিক্রান্তস্তু বেগেন···বা ব কা।

ততোঽমরবরপ্রখ্যো ভীমসেনো মহাবলঃ।
স দদর্শ মহাকায়ং ভুজঙ্গং লোমহর্ষণম্ ॥২৩॥
গিরিদুর্গে সমাপন্নং কায়েনাবৃত্য কন্দরম্।
পর্ব্বতাভোগবর্ষ্মাণমতিকায়ং মহাবলম্।
চিত্রাঙ্গমঙ্গজৈশ্চিত্রৈর্হারিদ্রসদৃশচ্ছবিম্ ॥২৪॥
গুহাকারেণ বক্ত্রেণ চতুর্দংষ্ট্রেণ রাজতা।
দীপ্তাক্ষেণাতিতাম্রেণ লিহানং সৃক্কণী মুহুঃ ॥২৫॥
ত্রাসনং সর্ব্বভূতানাং কালান্তকযমোপমম্।
নিশ্বাসক্ষ্বেড়নাদেন ভর্ৎসয়ন্তমিব স্থিতম্ ॥২৬॥ (কলাপকম্)
স ভীমং সহসাভ্যেত্য পৃদাকুঃ কুপিতো ভৃশম্।
জগ্রাহাজগরো গ্রাহো ভুজয়োরুভয়োর্বলাৎ ॥২৭॥

ভারতকৌমুদী

চতুর্ভিঃ কলাপকেন সর্পং বর্ণয়তি তত ইতি। অমরবরপ্রখ্যো দেবশ্রেষ্ঠাকৃতিঃ। সমাপন্নমবস্থিতম্, আবৃত্য ব্যাপ্য, কন্দরং গুহাম্, পর্ব্বতস্য আভোগবৎ বিস্তারবৎ বর্ষ্ম শরীরং যস্য তম্, অতিকায়ম্ অতিদীর্ঘদেহম্। চিত্রৈরঙ্গজৈশ্চিহ্নৈশ্চিত্রাঙ্গম্, হারিদ্রসদৃশ-চ্ছবি- হরিদ্রাখণ্ডতুল্যকান্তিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। দীপ্তাক্ষেণ উজ্জ্বলনয়নেন বক্ত্রেণ বিশিষ্টম্, লিহানং জিহ্বয়া স্পৃশন্তম্। নিশ্বাসো নিশ্বাসশব্দ এব ক্ষ্বেড়নাদঃ সিংহনাদস্তেন, ভর্ৎসয়ন্তং সন্নিহিতং ভীমমিতি শেষঃ ॥২৩—২৬॥

স ইতি। পৃদাকুঃ সর্পঃ। গ্রাহো হিংস্রস্বভাবঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

কর্থামিতি ॥১—৯॥ ভুজং কালীয়কস্য কাষ্ঠবিশেষৌ ॥১০॥ মরুধন্বসু গিরের্নির্জ্জল-প্রদেশেষু। "মরুর্না গিরিধন্বনোঃ" ইতি মেদিনী ॥১১—২৩॥ পর্ব্বতস্যাভোগো বিস্তীর্ণতা

তদনন্তর শ্রেষ্ঠদেবাকৃতি ও মহাবল ভীমসেন বিশাল ও লোমহর্ষণ একটা সর্প দর্শন করিলেন; সেই মহাবল সর্প আপন শরীরদ্বারা পর্বতদুর্গের কোন গুহাকে ব্যাপ্ত করিয়া অবস্থান করিতেছিল; তাহার শরীরটা পর্ব্বতের ন্যায় বিস্তৃত ও অতিদীর্ঘ ছিল; তাহার অঙ্গ সকল বিচিত্রচিহ্নে বিচিত্র ছিল; শরীরের বর্ণ হরিদ্রার তুল্য ছিল; তাহার মুখখানা গুহার ন্যায় বৃহৎ ও অতি-তাম্রবর্ণ ছিল, তাহাতে চারিটা বৃহৎ দন্ত ও উজ্জ্বল নয়ন ছিল; সেই সর্পটা জিহ্বাদ্বারা মুহুর্মুহু ওষ্ঠপ্রান্ত লেহন করিতেছিল এবং কালান্তক যমের ন্যায় সমস্ত প্রাণীর ত্রাস জন্মাইতে থাকিয়া, নিশ্বাসশব্দরূপ সিংহনাদে ভীমসেনকে যেন তিরস্কার করিতেছিল ॥২৩—২৬॥

তেন সংস্পৃষ্টগাত্রস্য ভীমসেনস্য বৈ তদা।
সংজ্ঞা মুমোহ সহসা বরদানেন তস্য হি ॥২৮॥
দশ নাগসহস্রাণি ধারয়ন্তি হি যদ্বলম্।
তদ্বলং ভীমসেনস্য ভুজয়োরসমং পরৈঃ ॥২৯॥
স তেজস্বী তথা তেন ভুজগেন বশীকৃতঃ।
বিস্ফুরন্ শনকৈর্ভীমো ন শশাক বিচেষ্টিতুম্ ॥৩০॥
নাগাযুতসমপ্রাণঃ সিংহস্কন্ধো মহাভুজঃ।
গৃহীতো ব্যজহাৎ সত্ত্বং বরদানবিমোহিতঃ ॥৩১॥
স হি প্রযত্নমকরোত্তীব্রমাত্মবিমোক্ষণে।
ন চৈনমশকদ্বীরঃ কথঞ্চিৎ প্রতিবাধিতুম্ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি আজগরে ভীমস্যাজগরগ্রহণে ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তেনেতি। মুমোহ বিকলা বভূব। তস্য বরদানস্তু পশ্চাৎ স্ফুটীভবিষ্যতি ॥২৮॥
দশেতি। নাগসহস্রাণি হস্তিসহস্রাণি। পরৈঃ তদিতরবলৈঃ, অসমমতুল্যম্ ॥২৯॥
স ইতি। তথা তেজস্বী বলবান্। বিস্ফুরন্ স্পন্দমানঃ, বিচেষ্টিতুমপসর্ত্তুম্ ॥৩০॥
নাগেতি। নাগাযুতসমপ্রাণো দশসহস্রহস্তিতুল্যবলঃ। সত্ত্বং বলম্ ॥৩১॥

হিংস্রস্বভাব সেই অজগরসর্প কুপিত হইয়া হঠাৎ নিকটে আসিয়া বাহুবলে ভীমসেনকে দৃঢ়ভাবে ধারণ করিল ॥২৭॥

সেই সর্প স্পর্শ করিবামাত্রই তাহার উপরে বরদানের প্রভাবে তৎক্ষণাৎ ভীমসেনের চৈতন্য বিকল হইয়া গেল ॥২৮॥

দশসহস্র হস্তী যে বল ধারণ করে, ভীমসেনের বাহুযুগলে সেই বল ছিল। সুতরাং সে বল অন্যের বলের তুল্য নহে ॥২৯॥

সেই সর্প সেই প্রকার বলশালী ভীমসেনকেও বশীভূত করিল; তাই তিনি (তাহার ভুজবন্ধন হইতে) ধীরে ধীরে বাহির হইবার চেষ্টা করিয়াও বাহির হইতে পারিলেন না ॥৩০॥

দশসহস্রহস্তীর তুল্য বলশালী, সিংহের ন্যায় উন্নতস্কন্ধ ও মহাবাহু ভীমসেন সেই সর্পকর্তৃক ধৃত ও তাহার বরপ্রভাবে মোহিত হইয়া আত্মবল বিসর্জন করিলেন ॥৩১॥

---

* '...অষ্টসপ্তত্যধিক...' বা ব কা, '...অশীত্যধিক...' পি নি।

পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

——:(*):——

বৈশম্পায়ন উবাচ।

স ভীমসেনস্তেজস্বী তথা সর্পবশং গতঃ।
চিন্তয়ামাস সর্পস্য বীর্য্যমত্যদ্ভুতং মহৎ ॥১॥
উবাচ চ মহাসর্পং কাময়া ব্রূহি পন্নগ !।
কস্ত্বং ভো ভুজগশ্রেষ্ঠ ! কিং ময়া চ করিষ্যসি ॥২॥
পাণ্ডবো ভীমসেনোঽহং ধর্ম্মরাজাদনন্তরঃ।
নাগাযুতসমপ্রাণস্ত্বয়া নীতঃ কথং বশম্ ॥৩॥

ভারতকৌমুদী

স ইতি। হি যস্মাৎ। এনং ভুজঙ্গম্, প্রতিবাধিতুং প্রতিপীড়য়িতুম্ ॥৩২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি আজগরে ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(০:*:০)——

স ইতি। তেজস্বী বলবান্, তথা তাদৃশভাবেন। অত্যদ্ভুতং চিন্তয়ামাস ॥১॥
উবাচেতি। কাময়া মদিচ্ছয়া। কস্ত্বমিত্যনেন সর্পভূতঃ কশ্চিন্মহাজন ইতি ব্যজ্যতে ॥২॥
পাণ্ডব ইতি। অনন্তরঃ অনুজঃ। নাগাযুতসমপ্রাণো দশসহস্রহস্তিতুল্যবলঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

তৎপরিমাণং বর্ম্ম শরীরং বস্তু তম্ ॥২৫—২৬॥ পৃদাকুঃ সর্পঃ ॥২৭—৩০॥ সত্ত্বং বুদ্ধিম্ ॥৩১-৩২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৯॥

কারণ, মহাবীর ভীমসেন আপনাকে মুক্ত করিবার জন্য গুরুতর চেষ্টা করিলেন, কিন্তু কোন প্রকারেই সেই সর্পকে প্রতিপীড়ন করিতে সমর্থ হইলেন না ॥৩২॥

——:(০):——

বৈশম্পায়ন বলিলেন—বলবান্ ভীমসেন সেই রূপে সর্পের বশীভূত হইয়া তাহার গুরুতর শক্তিকে অত্যন্ত অদ্ভুত বলিয়া মনে করিতে লাগিলেন ॥১॥

এবং তিনি সেই মহাসর্পকে বলিলেন—'সর্প! আমার ইচ্ছাবশতঃ তুমি বল—তুমি কে ? এবং সর্পশ্রেষ্ঠ! তুমি আমাদ্বারাই বা কি করিবে ? ॥২॥

আমি পাণ্ডুর পুত্র এবং যুধিষ্ঠিরের কনিষ্ঠ ভ্রাতা, আমার নাম—'ভীমসেন'।

---

(২)···কাময়া ব্রূহি পন্নগ !···বা ব কা নি।

সিংহাঃ কেশরিণো ব্যাঘ্রা মহিষা বারণাস্তথা।
সমাগতাশ্চ বহুশো নিহতাশ্চ ময়া যুধি ॥৪॥
রাক্ষসাশ্চ পিশাচাশ্চ পন্নগাশ্চ মহাবলাঃ।
ভুজবেগমশক্তা মে সোঢ়ুং পন্নগসত্তম ! ॥৫॥
কিন্নু বিদ্যাবলং কিন্নু বরদানমথো তব।
উদ্‌যোগমপি কুর্বাণো বশগোঽস্মি কৃতস্ত্বয়া ॥৬॥
অসত্যো বিক্রমো নৃণামিতি মে ধীয়তে মতিঃ।
যথেদং মে ত্বয়া নাগ ! বলং প্রতিহতং মহৎ ॥৭॥
বৈশম্পায়ন উবাচ।
ইত্যেবংবাদিনং বীরং ভীমমক্লিষ্টকারিণম্।
ভোগেন মহতা গৃহ্য সমন্তাৎ পর্য্যবেষ্টয়ৎ ॥৮॥

ভারতকৌমুদী

সিংহা ইতি। কেশরিণঃ অশ্বাঃ। বারণা হস্তিনঃ ॥৪॥
রাক্ষসা ইতি। অতএবাহং সর্বাতিশায়িবলশালীতি ভাবঃ ॥৫॥
কিন্নিতি। উদ্‌যোগং ত্বদ্বাহুবন্ধনাদাত্মানং মোচয়িতুমুদ্যমং কুর্বাণোঽপি ॥৬॥
অসত্য ইতি। অসত্যো নিষ্ফল ইত্যর্থঃ। মে ময়া, ধীয়তে ক্রিয়তে ॥৭॥
ইতীতি। অক্লিষ্টকারিণম্ অনায়াসেন সর্বকার্য্যসম্পাদকম্। ভোগেন শরীরেণ ॥৮॥

আমি দশসহস্র হস্তীর তুল্য বলবান্, তথাপি তুমি আমাকে কি করিয়া বশীভূত করিলে? ॥৩॥

বহুতর সিংহ, ব্যাঘ্র, মহিষ, হস্তী ও অশ্ব আসিয়াছে, আমি যুদ্ধে সেগুলিকে বধ করিয়াছি ॥৪॥

এবং পন্নগশ্রেষ্ঠ! অনেক মহাবল রাক্ষস, পিশাচ ও নাগ আমার বাহুর বেগ সহ্য করিতে সমর্থ হয় নাই ॥৫॥

সুতরাং এটা কি তোমার কোন বিদ্যার শক্তি? না—কাহারও বরদানের প্রভাব? যে—আমি মুক্ত হইবার চেষ্টা করিলেও, তুমি আমাকে বশীভূত করিয়া রাখিতেছ ॥৬॥

নাগ! 'মানুষের বিক্রম নিষ্ফল' এইরূপ ধারণাই আমি করিতেছি। যে হেতু, তুমি আমার এই গুরুতর বিক্রমকে প্রতিহত করিয়াছ ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—অনায়াসে সর্ব্বকার্য্যকারী মহাবীর ভীমসেন এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে সেই সর্প আপন বিশাল শরীরদ্বারা ধরিয়া ভীমসেনের সমস্ত অঙ্গ পরিবেষ্টন করিল ॥৮॥

নিগৃহ্যৈনং মহাবাহুং ততঃ স ভুজগস্তদা।
বিমুচ্যাস্য ভুজৌ পীনাবিদং বচনমব্রবীৎ ॥৯॥
দিষ্টস্ত্বং ক্ষুধিতস্যাদ্য দেবৈর্ভক্ষ্যো মহাভুজ!।
দিষ্ট্যা কালস্য মহতঃ প্রিয়াঃ প্রাণা হি দেহিনাম্ ॥১০॥
যথা ত্বিদং ময়া প্রাপ্তং সর্পরূপমরিন্দম!।
তথাবশ্যং ময়াখ্যাপ্যং তবাদ্য শৃণু সত্তম! ॥১১॥
ইমামবস্থাং সম্প্রাপ্তো হ্যহং কোপান্মহর্ষিণাম্।
শাপস্যান্তং পরিপ্রেপ্সুঃ সর্ব্বং তৎ কথয়ামি তে ॥১২॥
নহুষো রাম রাজর্ষির্ব্যক্তং তে শ্রোত্রমাগতঃ।
তবৈব পূর্ব্বঃ পূর্ব্বেষামায়োর্বংশধরঃ সুতঃ ॥১৩॥
সোঽহং শাপাদগস্ত্যস্য ব্রাহ্মণানবমন্য চ।
ইমামবস্থামাপন্নঃ পশ্য দৈবমিদং মম ॥১৪॥

ভারতকৌমুদী

নিগৃহ্যেতি। পীনৌ স্থূলৌ। ভুজযুগলবিমোচনং শক্তিপ্রকাশাবসরপ্রদানার্থম্ ॥৯॥

দিষ্ট ইতি। হে মহাভুজ! মহতঃ কালস্য সম্বন্ধে বহুকালাবধীত্যর্থঃ, ক্ষুধিতস্য মম, অদ্য দিষ্ট্যা ভাগ্যেন, দেবৈস্ত্বং ভক্ষ্যো দিষ্টো নির্দ্দিষ্টঃ। হি যস্মাৎ, দেহিনাং প্রাণাঃ প্রিয়াঃ। অতএব ময়া তৎপ্রিয়প্রাণরক্ষার্থমেব ত্বং ভক্ষণীয় ইতি ভাবঃ ॥১০॥

যথেতি। আখ্যাপ্যং বক্তব্যম্। খ্যাধাতোঃ স্বার্থে ণিপ্রত্যয়ঃ ॥১১॥

ইমামিতি। মহর্ষিণামিতি দীর্ঘাভাবোঽপ্যার্ষঃ। পরিপ্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুঃ ॥১২॥

নহুষ ইতি। পূর্বঃ পুরুষঃ, পূর্ব্বেষাং পুরুষাণাম্, আয়োঃ আয়ুনামকস্য ॥১৩॥

সেই ভাবে মহাবাহু ভীমসেনকে পরিবেষ্টন করিয়া, তাহার পর তাঁহার বিশাল বাহুযুগল ছাড়িয়া দিয়া সেই সর্প তখন এই কথা বলিল—॥৯॥

'মহাবাহু! আমি বহুকাল হইতে ক্ষুধার্ত্ত রহিয়াছি, কিন্তু ভাগ্যবশতঃ আজ দেবতারা তোমাকে আমার খাদ্য নির্দ্দেশ করিয়াছেন। কারণ, দেহ-ধারিগণের প্রাণ প্রিয় পদার্থ ॥১০॥

অরিন্দম ক্ষত্রিয়শ্রেষ্ঠ! আমি যে ভাবে এই সর্পরূপ প্রাপ্ত হইয়াছি, তাহা আজ আমি তোমার নিকটে অবশ্যই বলিব; তুমি শ্রবণ কর—॥১১॥

আমি মহর্ষিগণের কোপে এই অবস্থা প্রাপ্ত হইয়াছি; কিন্তু আজ সেই শাপের অবসান করিবার জন্য তোমার নিকট সমস্তই বলিতেছি ॥১২॥

তোমারই পূর্ব্বপুরুষগণের পূর্ব্বপুরুষ এবং আয়ুর বংশধর পুত্র রাজর্ষি নহুষ নিশ্চয়ই তোমার কাণে আসিয়াছেন ॥১৩॥

ত্বাঞ্চেদবধ্যং দায়াদমতীব প্রিয়দর্শনম্।
অহমদ্যোপযোক্ষ্যামি বিধানং পশ্য যাদৃশম্ ॥১৫॥
নহি মে মুচ্যতে কশ্চিৎ কথঞ্চিৎ প্রগ্রহং গতঃ।
গজো বা মহিষো বাপি ষষ্ঠে কালে নরোত্তম! ॥১৬॥
নাসি কেবলসর্পেণ তির্য্যগ্‌যোনিষু বর্ত্ততা।
গৃহীতঃ কৌরবশ্রেষ্ঠ! বরদানমিদং মম ॥১৭॥
পততা হি বিমানাগ্রাম্ময়া শক্রাসনাদ্দ্রুতম্।
কুরু শাপান্তমিত্যুক্তো ভগবান্ মুনিসত্তমঃ ॥১৮॥

ভারতকৌমুদী

স ইতি। ইমামবস্থাং সর্পরূপত্বম্, আপন্নঃ প্রাপ্তঃ ॥১৪॥
ত্বামিতি। দায়াদম্ উত্তরাধিকারিণম্। উপযোক্ষ্যামি ভোক্ষ্যামি ॥১৫॥
নহীতি। প্রগ্রহং গ্রহণম্। ষষ্ঠে কালে অষ্টধাবিভক্তস্য দিনস্য ষষ্ঠভাগে ॥১৬॥
নেতি। বর্ত্ততা বর্ত্তমানেন। ইদং ত্বদ্‌গ্রহণং বরদানং বরদানপ্রভাবঃ ॥১৭॥
পততেতি। শক্রস্য ইন্দ্রস্য আসনাদ্বাহনীভূতাৎ। শাপস্য অন্তমবসানম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

স ভীমসেন ইতি ॥১॥ কাময়া ইচ্ছাতঃ ॥২—৭॥ ভোগেন দেহেন ॥৮॥ বিমুচ্য তত্ত্ব বাহুবলং জিজ্ঞাসিতুমিত্যাশয়ঃ ॥৯—১৪॥ দায়াদং স্ববংশ্যং পুত্রম্ অতএবাবধ্যম্। অমেধ্যমিতি পাঠে বৈশ্বদেবাহ্মনর্হত্বাদভক্ষ্যং নরমাংসমিত্যর্থঃ। উপযোক্ষ্যামি ভক্ষিতুমিচ্ছামি।

আমিই সেই নহুষ। আমি ব্রাহ্মণগণের অবমাননা করিয়া অগস্ত্যের অভিসম্পাতে এই অবস্থা প্রাপ্ত হইয়াছি; আমার এই অদৃষ্ট দেখ ॥১৪॥

ভীম! তুমি আমার বংশসম্ভূত এবং অত্যন্তপ্রিয়দর্শন বলিয়া যদিও অবধ্য, তথাপি আজ আমি তোমাকে ভক্ষণ করিব। কারণ, আমার সম্বন্ধে যেরূপ বিধান আছে, তাহা দেখ ॥১৫॥

নরশ্রেষ্ঠ! হস্তী বা মহিষ, কিংবা অন্য যে কোন প্রাণী দিনের ষষ্ঠভাগে আমার হাতে আসিয়া কোন প্রকারেই মুক্ত হয় না ॥১৬॥

কৌরবশ্রেষ্ঠ! তির্য্যগ্‌যোনিবর্ত্তী কেবল সর্পকর্ত্তৃক তুমি গৃহীত হও নাই, এটা আমার প্রতি বরদানেরও প্রভাব বটে ॥১৭॥

কারণ, ইন্দ্রের বিমানাগ্র হইতে দ্রুত পতিত হইতে থাকিয়া আমি, মুনিশ্রেষ্ঠ ভগবান্ অগস্ত্যকে বলিয়াছিলাম যে, 'মহর্ষি! আপনি আমার শাপের অবসান করুন' ॥১৮॥

(১৭) নহি কেবলবীর্য্যেণ…বা ব কা।

স মামুবাচ তেজস্বী কৃপয়াভিপরিপ্লুতঃ।
মোক্ষস্তে ভবিতা রাজন্! কস্মাচ্চিৎ কালপর্য্যয়াৎ ॥১৯॥
ততোঽস্মি পতিতো ভূমৌ ন চ মামজহাৎ স্মৃতিঃ।
স্মার্ত্তমস্তি পুরাণং মে যথৈবাধিগতং তথা ॥২০॥
যস্তু তে ব্যাহৃতান্ প্রশ্নান্ প্রতিক্রয়াদ্বিশেষবিৎ।
স ত্বাং মোক্ষয়িতা শাপাদিতি মামব্রবীদৃষিঃ ॥২১॥
গৃহীতস্ত ত্বয়া রাজন্! প্রাণিনোঽপি বলীয়সঃ।
সত্ত্বভ্রংশোঽধিকস্যাপি সর্ব্বস্যাশু ভবিষ্যতি ॥২২॥
ইতি চাঽপ্যহমশ্রৌষং বচস্তেষাং দয়াবতাম্।
ময়ি সঞ্জাতহার্দ্দানামথ তেঽন্তর্হিতা দ্বিজাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

স ইতি। সঃ অগস্ত্যঃ। কালপর্য্যয়াৎ কালাতিক্রমাৎ ॥১৯॥
তত ইতি। অজহাৎ অত্যজৎ। স্মার্ত্তং স্মৃতিলব্ধং জ্ঞানম্ ॥২০॥
য ইতি। তে ত্বয়া, ব্যাহৃতান্ উক্তান্। বিশেষবিৎ আধিক্যেনাভিজ্ঞঃ ॥২১॥
গৃহীতস্তেতি। সত্ত্বভ্রংশো বলক্ষয়ঃ, অধিকস্যাপি স্বাপেক্ষয়া শ্রেষ্ঠস্যাপি ॥২২॥
ইতীতি। সঞ্জাতহার্দ্দানাং তদানীং মদনুনয়েন উৎপন্নবন্ধুভাবানাম্ ॥২৩॥

তখন সেই তেজস্বী মহর্ষি দয়ার্দ্র হইয়া আমাকে বলিয়াছিলেন যে, 'রাজা! কিছুকাল অতীত হইলে পর, আপনার শাপের অবসান হইবে' ॥১৯॥

তাহার পর আমি ভূতলে পতিত হইলাম; কিন্তু আমার স্মৃতি আমাকে ত্যাগ করিল না। যাহাতে আমি তোমাকে অবগত হইতে পারিয়াছি, সেই-রূপ পূর্বস্মৃতিই আমার আছে ॥২০॥

তাহার পর ঋষি (অগস্ত্য) আবার আমাকে বলিলেন—'যে বিশেষজ্ঞ লোক আপনার প্রশ্নের উত্তর বলিবেন, তিনিই আপনাকে শাপ হইতে মুক্ত করি-বেন' ॥২১॥

আর, রাজা! আপনি ধারণ করিলে, বলবান্ ও আপনা অপেক্ষা শ্রেষ্ঠ হইলেও সর্ববিধ প্রাণীরই তৎক্ষণাৎ বলক্ষয় হইবে' ॥২২॥

আমি এই উক্তিও তাঁহাদের শুনিয়াছিলাম। কারণ, তখন আমার দুঃখ ভাবিয়া এবং আমার অনুনয়ে তাঁহারা আমার প্রতি দয়ালু ও বন্ধুভাবাপন্ন হইয়াছিলেন। তাহার পর সেই ব্রাহ্মণেরা অন্তর্হিত হইলেন ॥২৩॥

(২১)...প্রতিক্রয়াদ্বিভাগবিৎ...বা ব কা।

সোঽহং পরমদুষ্কর্ম্মা বসামি নিরয়েঽশুচৌ।
সর্পযোনিমিমাং প্রাপ্য কালাকাঙ্ক্ষী মহাদ্যুতে! ॥২৪॥
তমুবাচ মহাবাহুর্ভীমসেনো ভুজঙ্গমম্।
ন চ কুপ্যে মহাসর্প! ন চাত্মানং বিগর্হয়ে ॥২৫॥
যস্মাদভাবী ভাবী বা মনুষ্যঃ সুখদুঃখয়োঃ।
আগমে যদিবাপায়ে ন তত্র গ্লপয়েন্মনঃ ॥২৬॥
দৈবং পুরুষকারেণ কো বঞ্চয়িতুমর্হতি।
দৈবমেব পরং মন্যে পুরুষার্থো নিরর্থকঃ ॥২৭॥

ভারতকৌমুদী

স ইতি। নিরয়ে নরকে নরককল্পে অস্মিন্ পর্ব্বতকন্দরে, অশুচৌ অপবিত্রে ॥২৪॥

তমিতি। কুপ্যে ত্বাং প্রতি, আত্মানং স্বঞ্চ ন বিগর্হয়ে বলক্ষয়ান্ন নিন্দামি ॥২৫॥

কুত ইত্যাহ যস্মাদিতি। যস্মাদ্ধেতোঃ, মনুষ্যঃ, আগমে ধনাদ্যুপচয়সময়েঽপি সুখস্য অভাবী বলাভাবাদ্দুঃখী ভবতি; যদি বা অপায়ে ধনক্ষয়সময়ে চাপি, দুঃখস্য ভাবী আশ্রয়ী বলাদ্যভাবাদেব দুঃখী ভবতি; তত্রোভয়ত্রাপি মনো ন গ্লপয়েৎ গ্লানিং ন কুর্য্যাৎ; দৈবাধীনত্বাদিতি ভাবঃ। ভীমস্য তু তদানীং ধনক্ষয়সময় এব বলাভাবোঽপি। নীলকণ্ঠব্যাখ্যানে তু সামর্থ্যবৎপক্ষে গ্লান্যসম্ভবাৎ মনো ন গ্লপয়েদিতি নিষেধানুপপত্তির্দ্রষ্টব্যা ॥২৬॥

অথ পুরুষকারেণৈব দৈবং নিবর্ত্তয়েদিত্যাহ দৈবমিতি। বঞ্চয়িতুং নিবর্ত্তয়িতুম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

বিধানং দৈবম্ ॥১৫॥ ষষ্ঠে কালেঽষ্টধাবিভক্তস্যাহ্নো ভাগে ॥১৬—১৯॥ স্মার্ত্তং স্মৃতিবিষয়ং পুরাণং চিরকালীনমপি স্মরামীত্যর্থঃ ॥২০॥ বিভাগবিদাত্মানাত্মবিবেকবিৎ ॥২১—২৫॥ যস্মান্মনুষ্যঃ পুণ্যপাপসাম্যেনোপাত্তজন্মা সুখস্যাগমে কদাচিদভাবী সামর্থ্যহীনঃ, কদাচিৎ ভাবী

মহাবল! সেই মহাদুষ্কার্য্যকারী আমি এই সর্প হইয়া শাপাবসানের সময় প্রতীক্ষা করিতে থাকিয়া, এই অপবিত্র নরকতুল্য গুহাতে বাস করিতেছি' ॥২৪॥

তখন মহাবাহু ভীমসেন সেই সর্পকে বলিলেন—'মহাসর্প! আমি আপনার প্রতি ক্রুদ্ধ হই নাই, কিংবা নিজেকেও নিন্দা করিতেছি না ॥২৫॥

যে হেতু, মানুষ উন্নতির সময়েও যে দুঃখভোগ করে, কিংবা অবনতির সময়েও যে দুঃখভোগ করে, তাহাতে মনে গ্লানি করিবে না ॥২৬॥

কারণ, কোন্ ব্যক্তি পুরুষকারদ্বারা দৈবকে নিবারণ করিতে পারে?। অতএব আমি দৈবকে পুরুষকার অপেক্ষা প্রধান মনে করি। সুতরাং পুরুষকার দৈবের নিকট নিষ্ফল হইয়া যায় ॥২৭॥

(২৫)…ন চ কুপ্যে মহাসত্ত্ব!…বা ব কা নি।

পশ্য দৈবাবপাতাদ্ধি ভুজবীর্য্যব্যপাশ্রয়ম্।
ইমামবস্থাং সংপ্রাপ্তমনিমিত্তমিহাদ্য মাম্ ॥২৮॥
কিন্তু নাদ্যানুশোচামি তথাত্মানং বিনাশিতম্।
যথা তু বিপিনে ন্যস্তান্ ভ্রাতৄন্ রাজ্যপরিচ্যুতান্ ॥২৯॥
হিমবাংশ্চ সুদুর্গোঽয়ং যক্ষরাক্ষসসঙ্কুলঃ।
মাঞ্চাসমীক্ষমাণাস্তে প্রপতিষ্যন্তি বিহ্বলাঃ ॥৩০॥
বিনষ্টমথ মাং শ্রুত্বা ভবিষ্যন্তি নিরুদ্যমাঃ।
ধর্ম্মশীলা ময়া তে হি বাধ্যন্তে রাজ্যগৃদ্ধিনা ॥৩১॥

ভারতকৌমুদী

পুরুষকারস্য দুর্বলত্বং প্রত্যক্ষমেব দর্শয়তি পশ্যেতি। দৈবাবপাতাদ্ধি দুর্দ্দৈবোপস্থিতে-রেব, অদ্য ইহ, ভুজবীর্য্যব্যপাশ্রয়ং মম বাহুবলক্ষয়ম্, মাঞ্চ অনিমিত্তং যুদ্ধাদিকারণং বিনৈব, ইমাং ভুজঙ্গভোগবন্ধনরূপামবস্থাং সম্প্রাপ্তং পশ্য ॥২৮॥

কিন্ত্বিতি। বিনাশিতমাত্মানং তথা নানুশোচামি, যথা ভ্রাতৄননুশোচামীত্যন্বয়ঃ ॥২৯॥

হিমবানিতি। সুদুর্গঃ অতীবদুর্গমঃ। প্রপতিষ্যন্তি, মামন্বেষ্টুমিতি শেষঃ ॥৩০॥

বিনষ্টমিতি। রাজ্যগৃদ্ধিনা রাজ্যাভিলাষিণা ময়া, বাধ্যন্তে কটূক্তিভিঃ পীড্যন্তে ॥৩১॥

ভারতভাবদীপঃ

সামর্থ্যবান্ অবশ্যং ভবতি এবং সুখস্যাপায়ে দুঃখস্যাপ্যাগমেঽপায়ে চ তস্মাদবশ্যম্ভাবিত্বাদস্য-তত্ত্বজ্ঞ সুখাপায়ে দুঃখাগমে বা মনো ন গ্রপয়েন্ন গ্লানিং নয়েৎ ॥২৬—৩০॥ ময়া রাজ্যগৃদ্ধিনা

দেখুন—আজ এখানে দুর্দ্দৈব উপস্থিত হওয়াতেই আমার বাহুবল নষ্ট হইয়াছে এবং আমি বিনা কারণে এই অবস্থা প্রাপ্ত হইয়াছি ॥২৮॥

কিন্তু আজ বনে স্থাপিত ও রাজ্যচ্যুত ভ্রাতাদের জন্য আমার যেরূপ শোক হইতেছে, নিজের মৃত্যুতে সেরূপ শোক হইতেছে না ॥২৯॥

যক্ষ ও রাক্ষসে পরিপূর্ণ এই হিমালয়পর্বত অতিদুর্গম; অথচ আমাকে না দেখিয়া সেই ভ্রাতারা আকুল হইয়া আমাকে অন্বেষণ করিবার জন্য চেষ্টা করিবেন ॥৩০॥

তা'র পর আমার মৃত্যুসংবাদ শুনিয়া তাঁহারা নিরুদ্যম হইয়াই পড়িবেন। হায়! আমি রাজ্যলোভে সেই ধার্ম্মিক ভ্রাতৃগণকে প্রায়ই কটূক্তিদ্বারা পীড়ন করিয়া থাকি ॥৩১॥

(২৮) পশ্য দৈবোপঘাতাদ্ধি…পি নি। (২৯)…অহঞ্চ বিপিনে ন্যস্তান্…পি। (৩০)…মাং সমুদ্বীক্ষমাণাস্তে প্রপতিষ্যন্তি বিহ্বলাঃ—বা ব কা।

অথবা নার্জ্জুনো ধীমান্ বিষাদমুপযাস্যতি ।
সর্ব্বাস্ত্রবিদনাধৃষ্যো দেবগন্ধর্ব্বরাক্ষসৈঃ ॥৩২॥
সমর্থঃ স মহাবাহুরেকোঽপি সুমহাবলঃ ।
দেবরাজমপি স্থানাৎ প্রচ্যাবয়িতুমঞ্জসা ॥৩৩॥
কিং পুনর্ধৃতরাষ্ট্রস্য পুত্রং দুর্দ্যূতদেবিনম্ ।
বিদ্বিষ্টং সর্ব্বলোকস্য দম্ভমোহপরায়ণম্ ॥৩৪॥ (যুগ্মকম্)
মাতরঞ্চৈব শোচামি কৃপণাং পুত্রগৃদ্ধিনীম্ ।
যাঽস্মাকং নিত্যমাশাস্তে মহত্ত্বমধিকং পরৈঃ ॥৩৫॥
তস্যাঃ কথং ত্বনাথায়া মদ্বিনাশাদ্ভুজঙ্গম ! ।
অফলাস্তে ভবিষ্যন্তি ময়ি সর্ব্বে মনোরথাঃ ॥৩৬॥
নকুলঃ সহদেবশ্চ যমৌ চ গুরুবর্ত্তিনৌ ।
মদ্বাহুবলসংগুপ্তৌ নিত্যং পুরুষমানিনৌ ॥৩৭॥
রূপঞ্চ তে দিব্যমনন্তকান্তি প্রজ্ঞাঞ্চ দৈবীং সুভগে! বিভর্ষি ॥২৩॥

সরস্বত্যুবাচ।

শ্রেষ্ঠানি যানি দ্বিপদাং বরিষ্ঠ! যজ্ঞেষু বিদ্বন্নুপপাদয়ন্তি।
তৈরেব চাহং সম্প্রবৃদ্ধা ভবামি চাপ্যায়িতা রূপবতী চ বিপ্র! ॥২৪॥

ভারতকৌমুদী

অগ্নীতি। ভাবে যুষ্মদ্বিধানাং ভক্তৌ বিষয়ে। অর্থম্ ঐহিকং পারলৌকিকঞ্চ বিষয়ম্ ॥২২॥
নহীতি। দৈবীম্ অখিলার্থপ্রদ্যোতিনীম্, প্রজ্ঞাং বুদ্ধিম্ ॥২৩॥
শ্রেষ্ঠানীতি। যানি হবিরাদীনি। উপপাদয়ন্তি যাজ্ঞিকাঃ। আপ্যায়িতা তোষিতা ॥২৪॥

ভারতভাবদীপঃ

জাত্বা ॥২১॥ অগ্নিহোত্রাৎ সৎকর্ম্মণঃ সকাশাদহং পরাপরবিদ্যারূপা সরস্বত্যভ্যাগতা আবির্ভূতাঽস্মি ত্বৎসংযোগাৎ ত্বৎসন্নিধিং প্রাপ্য এতমর্থং কর্ম্মণাং পারম্পর্য্যেণ কৈবল্যহেতুত্বং সগুণব্রহ্মবিদ্যাং চাব্রুবং যতোঽহং ভাবে স্থিতা শ্রদ্ধাবানগ্নিহোত্রাদিনা দেবতাপ্রসাদং প্রাপ্য কাম্যাপাস্তিজ্ঞানফলানি বিন্দতীত্যর্থঃ ॥২২॥ ন হি ত্বয়েতি শ্লোকদ্বয়তাৎপর্য্যং সোপাসনেন কর্ম্মণা বিদ্যা সমুল্লসতীতি ॥২৩॥ যজ্ঞেষু শ্রেষ্ঠানি কর্ম্মাঙ্গাববদ্ধোপাসনানি। উপাসনাস্বরূপঞ্চ—"অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহহমহমৌষধম্। মন্ত্রোঽহমহমেবাজ্যমহমগ্নিরহং হুত"-

তার্ক্ষ্য বলিলেন—'মাহাত্ম্যবতি! আমি আপনাকে পরমাত্মস্বরূপা, পরলোকবিষয়ে ও কর্ম্মকাণ্ডবিষয়ে অত্যন্ত বুদ্ধিমতী, এমন কি সাক্ষাৎ বুদ্ধিদেবী বিবেচনা করিয়া জিজ্ঞাসা করিতেছি—আপনি কে?' ॥২১॥

সরস্বতী বলিলেন—'আমি, ব্রাহ্মণশ্রেষ্ঠগণের সংশয় দূর করিবার জন্য অগ্নিহোত্রপ্রভৃতি সৎকর্ম্ম হইতে উঠিয়া আসিয়াছি এবং আপনাকে পাইয়া ও আপনার ভক্তিতে আকৃষ্ট হইয়া যথাযথভাবে এই সত্য বিষয়গুলি বলিয়াছি' ॥২২॥

তার্ক্ষ্য বলিলেন—'মাহাত্ম্যবতি! আপনার তুল্য আর কোন নারী নাই, আপনি সাক্ষাৎ লক্ষ্মীর ন্যায় অত্যন্ত শোভা পাইতেছেন, আপনার এই অনন্তকান্তিসম্পন্ন দিব্য রূপ প্রকাশ পাইতেছে এবং আপনি তত্ত্বপ্রকাশিনী বুদ্ধি বহন করেন' ॥২৩॥

যচ্চাপি দ্রব্যমুপযুজ্যতে হ বানস্পত্যমায়সং পার্থিবং বা ।
দিব্যেন রূপেণ চ প্রজ্ঞয়া চ তেনৈব সিদ্ধিরিতি বিদ্ধি বিদ্বন্ ! ॥২৫॥

তার্ক্ষ্য উবাচ ।

ইদং শ্রেয়ঃ পরমং মন্যমানা ব্যায়চ্ছন্তে মুনয়ঃ সম্প্রতীতাঃ ।
আচক্ষ্ব মে তং পরমং বিশোকং মোক্ষং পরং যং প্রবিশন্তি ধীরাঃ ।
সাংখ্যা যোগাঃ পরমং যং বিদন্তি পরং পুরাণং তমহং ন বেদ্মি ॥২৬॥

সরস্বত্যুবাচ ।

তং বৈ পরং বেদবিদঃ প্রপন্নাঃ পরং পরেভ্যঃ প্রথিতং পুরাণম্ ।
স্বাধ্যায়বন্তো ব্রতপুণ্যযোগৈস্তপোধনা বীতশোকা বিমুক্তাঃ ॥২৭॥

ভারতকৌমুদী

যদিতি। উপযুজ্যতে যজ্ঞোপযোগি ভবতি। বানস্পত্যং বৃক্ষোৎপন্নং সমিদাদি, আয়সং তৈজসং স্রুক্স্রুবাদি, পার্থিবং যবাদি। তেনৈব দ্রব্যেণ অস্য মন্ত্রপস্য সিদ্ধিঃ ॥২৫॥

ইদমিতি। ইদং স্বৈরস্তূয়মানং ধ্যানাদিকম্। ব্যায়চ্ছন্তে বিস্তারেণ কুর্ব্বন্তি, সম্প্রতীতাঃ বেদবাক্যে বিশ্বাসিনঃ। ন বেদ্মি রূপতো ন্যনতশ্চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

মিতি ভগবদুপদিষ্টং সর্ব্বেষু যজ্ঞাঙ্গেষু ব্রহ্মদৃষ্টিকরণম্ ॥২৪॥ বানস্পত্যং সমিজ্জুহ্বাদি। আয়সং সৌবর্ণাদি, পার্থিবং ব্রীহ্যাদি। দিব্যেন দিবে স্বর্গায় হিতেন রূপেণ। প্রজ্ঞয়া অহং ক্রতুরিত্যাদিনা উক্তবিধপ্রজ্ঞাত্মকেন তবৈব প্রত্যগাত্মনঃ সিদ্ধিঃ প্রাপ্তির্মুক্তিবা ন স্বনাত্মভূতস্বানাপ্তরসিদ্ধিরিতি বিদ্ধি ॥২৫॥ ইদং তবৈব সিদ্ধিরিত্যনেনোপক্ষিপ্তং প্রত্যগ্রূপং ব্যায়চ্ছন্তে নিগৃহ্ণন্তি ইন্দ্রিয়াদীনীতি শেষঃ। সম্প্রতীতাঃ সম্যগ্বিশ্বাসযুক্তাঃ ॥২৬॥

সরস্বতী বলিলেন—হে মনুষ্যশ্রেষ্ঠ জ্ঞানী ব্রাহ্মণ ! যাজ্ঞিকেরা যজ্ঞে যে সকল শ্রেষ্ঠ বস্তু সম্পাদন করেন, আমি সেইগুলি দ্বারাই বর্দ্ধিত, আপ্যায়িত ও রূপবতী হইয়া থাকি ॥২৪॥

এবং জ্ঞানী ব্রাহ্মণ ! বৃক্ষোৎপন্ন, তৈজসনির্ম্মিত এবং ভূসমুৎপন্ন যে সকল দ্রব্য যজ্ঞের উপযোগী হয়, সেই সকল দ্রব্যদ্বারাই আমার এই দিব্য কান্তি ও বুদ্ধিসম্পন্ন রূপ নিষ্পন্ন হয় ; ইহা আপনি অবগত হউন' ॥২৫॥

তার্ক্ষ্য বলিলেন—'দেবি ! বেদবিশ্বাসী মুনিরা 'ইহাই পরম মঙ্গল' এইরূপ মনে করিয়া যে জন্য সর্ব্বদা ধ্যান করেন এবং জ্ঞানীরা যাহা লাভ করেন, সেই শোকবিহীন পরম পুরুষার্থ উত্তম মুক্তির বিষয় আপনি আমার নিকট বলুন। কারণ, সাংখ্যাচার্য্যেরা ও যোগাচার্য্যেরা যাহাকে সর্বশ্রেষ্ঠ বলিয়া জানেন, সেই পুরাণ পরম পদার্থকে আমি জানি না' ॥২৬॥

(২৫)···তবৈব সিদ্ধিরিতি বিদ্ধি বিদ্বন্ !—বা ব কা।

তস্যাথ মধ্যে বেতসঃ পুণ্যগন্ধঃ সহস্রশাখো বিপুলো বিভাতি।
তস্য মূলাৎ সরিতঃ প্রস্রবন্তি মধূদকপ্রস্রবণাঃ সুপুণ্যাঃ ॥২৮॥

ভারতকৌমুদী

ব্রহ্মোপাসনায়াঃ ফলং প্রদর্শয়ন্তী তামস্মৈ রোচয়িতুমাহ তমিতি। অথতো বেদবিদঃ, পাঠতশ্চ স্বাধ্যায়বন্তঃ পুরুষসূক্তাদিজপপরায়ণাঃ, তপোধনা ধনবদাদৃততপস্যা জনাঃ, ব্রতং ব্রহ্মচর্য্যাদি, পুণ্যং তীর্থস্নানাদি, যোগশ্চিত্তবৃত্তিনিরোধশ্চ তৈঃ, পরেভ্যঃ শ্রেষ্ঠেভ্যো বিরাড়াদিভ্যোঽপি পরং শ্রেষ্ঠম্, প্রথিতং সচ্চিদানন্দরূপতয়া বেদে প্রসিদ্ধম্ "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, পুরাণং সর্ব্বকারণত্বাৎ সর্ব্বেভ্যঃ পুরাতনম্, পরং সর্বাপেক্ষয়োৎকৃষ্টম্, তং পরমাত্মানম্, প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তঃ, বীতশোকাস্ত্যক্তশোকাঃ "তরতি শোকমাত্মবিৎ" ইতি শ্রুতেঃ, বিমুক্তা নির্বাণাখ্যবিশেষমুক্তিপ্রাপ্তাশ্চ ভবন্তি "বিমুক্তশ্চ বিমুচ্যতে" ইতি শ্রুতেঃ। অতস্তদুপাসনায়াং যতস্বেতি ভাবঃ ॥২৭॥

তত এব পরব্রহ্মণো ব্রহ্মাণ্ডমুৎপন্নমিতি রূপকমুখেনাহ তস্যেতি। অথ তস্য পরব্রহ্মণো মধ্যে, "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ" ইতি ভগবদুক্তেঃ; পুণ্যঃ পবিত্রো গন্ধঃ সৌরভং যস্য সঃ, অন্যত্র পুণ্যাঃ পুণ্যলভ্যা গন্ধা গন্ধাস্থা বিষয়াঃ শব্দস্পর্শরূপরসগন্ধা যত্র সঃ; তথা সহস্রং শাখাঃ পত্রপল্লবাশ্রয়া অবয়বা যস্য সঃ, অন্যত্র সহস্রং সহস্রভেদভিন্নাঃ শাখাঃ সুরনরাদিশ্রেণয়ো যত্র সঃ, বিপুলো বিশালঃ বেতসঃ স্বনামপ্রসিদ্ধো লতাবিশেষঃ, অন্যত্র বেতসরূপং ব্রহ্মাণ্ডম্, বিভাতি; নদীপুলিনমধ্যে বেতসবদিতি ভাবঃ। পুণ্য-

ভারতভাবদীপঃ

বেদবিদ এব প্রপন্না ন ত্ববৈদিকাঃ। "নাবেদবিন্মনুতে তং বৃহন্তম্"মিতি শ্রুতেঃ। পরং ব্রহ্ম পরেভ্যো বিরাট্সূত্রান্তর্যামিভ্যঃ সোপাধিকেভ্যঃ পরং নিরুপাধিকম্বাচ্ছ্রেষ্ঠং প্রথিতং সচ্চিদানন্দরূপেণ সর্ব্বত্র প্রথাং গতম্; যথোক্তম্—"অস্তি ভাতি প্রিয়ং রূপং নাম চেত্যংশপঞ্চকম্। আদ্যং ত্রয়ং ব্রহ্মরূপং জগদ্রূপং ততো দ্বয়"মিতি। পুরাণং পুরাপি নবং তেন সোপাধিকানামুৎপত্তিঃ সূচিতা। ব্রতমহিংসাদি পুণ্যং জপাদি যোগশ্চিত্তবৃত্তিনিরোধস্তৈঃ তপঃ স্বধর্ম্মাচরণমেব ধনং যেষাং তে প্রাপ্নুবন্তীতি শেষঃ ॥২৭॥ অস্য প্রত্যগস্বনোঽদ্বয়ত্ব-সিদ্ধ্যর্থমিত এবান্তর্যাম্যাদিনা সমুত্থানমাহ—তস্যেতি। তস্য চিদাত্মনো মধ্যে বেতসো বঞ্জুলতরুরিব সবীজাঙ্কুরো ব্রহ্মাণ্ডবৃক্ষশিশুঃ। পরিচ্ছেদস্বান্তরধ্যস্তঃ। পুণ্যো রমণীয়ো গন্ধ ইব গন্ধাদিবিষয়ো ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যবতি যস্মিংস্তীতি পুণ্যগন্ধঃ। সহস্রমনন্তং শাখা ইব ভোগস্থানানি যস্মিন্। বিপুলোঽপরিচ্ছিন্নো বিভাতি তস্য মূলাদবিদ্যারূপাৎ সরিত ইব সন্ততপ্রবাহবত্যো ভোগবাসনাঃ প্রস্রবন্তি তিষ্ঠন্তি মধুবন্মধুমুদকবদাপ্যায়নকরং ভোগজং সুখং প্রস্রবন্তি তা মধূদকপ্রস্রবণাঃ ভোগবাসনাত্মত্তরকালীনং ভোগসুখং প্রবৃত্তিজননাদিদ্বারা

সরস্বতী বলিলেন—বেদবিৎ ও জপপরায়ণ তপস্বীরা ব্রত, পুণ্যকার্য্য এবং যোগাভ্যাস দ্বারা শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ, বেদপ্রসিদ্ধ ও অনাদি সেই পরব্রহ্মকে লাভ করিয়া শোক অতিক্রমপূর্ব্বক নির্ব্বাণমুক্তি লাভ করেন ॥২৭॥

শাখাং শাখাং মহানদ্যঃ সংযান্তি সিকতাশয়াঃ।
ধানাপূপা মাংসশাকাঃ সদা পায়সকর্দ্দমাঃ ॥২৯॥

ভারতকৌমুদী

পাপাভ্যাং নানাবস্থাপ্রাপ্তের্দোদুল্যমানবেতসরূপতয়া বর্ণনম্। তস্য বেতসস্য বেতসরূপ-ব্রহ্মাণ্ডস্য চ, মূলাৎ ব্রধ্নদেশাৎ কারণীভূতায়া অবিদ্যায়াশ্চ; মধু বেতসফলরসঃ মধুবন্মধুরঞ্চ উদকং জলং জলবতৃপ্তিকরঞ্চ পুত্রাদি তয়োস্তস্য চ প্রস্রবণঃ প্রবাহো যাসু তাঃ; সুপুণ্যাঃ পুণ্যবদতীব হৃদ্যাঃ, সরিতো নদ্যঃ নদীরূপাঃ সংসারাশ্চ, প্রস্রবন্তি প্রবহন্তি ॥২৮॥

পুনর্ব্রহ্মাণ্ডমেব বর্ণয়তি শাখামিতি। সিকতা বালুকাস্তদ্রূপা বিশ্লিষ্টাঃ পুত্রাদয়শ্চ শেরতে অবতিষ্ঠন্তে যাসু তাঃ; ধানা ভৃষ্টযবাস্তদ্রূপা লঘবশ্চ অপূপাঃ পিষ্টকানি তদ্রূপাঃ আপাতমধুরাঃ পরিণামে ক্ষতিকরাশ্চ ভোগা আসু সন্তীতি তাঃ; মাংসং তদ্রূপং হিংসা-প্রাপ্যং সুখং শাকস্তদ্রূপমসারং সুখঞ্চ আসন্তীতি তাঃ; তথা পায়সং তদ্রূপমাপাতমধুরং পরিণামে ক্ষতিকরঞ্চ সুখম্, কর্দ্দমঃ পঙ্কঃ তদ্রূপো মালিন্যজনকো ভোগশ্চ আসন্তীতি তাশ্চ। এষু ত্রিষ্বেব অস্ত্যর্থে অর্শ আদিত্বাদৎ। মহানদ্যঃ মহানদীবদবিচ্ছিন্নপ্রবাহাঃ সংসারাঃ; শাখাং শাখাং সুরনরাদিং ভিন্নভিন্নমংশঞ্চ; সংযান্তি স্পৃশন্তি। অতো ব্রহ্মাণ্ডমেব হেয়মিতি ভাবঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

প্রস্রবতীতি প্রসিদ্ধম্ ॥২৮॥ শাখামিতি। মহানদ্যো বাসনাঃ পুরা শাখাং শাখাং তত্ত ভোগস্থানং সংযান্তি স্বপ্রবাহপতিতং পুরুষং নয়ন্তীত্যর্থঃ। পুণ্যবাসনয়া পুণ্যমাচরন্ স্বর্গং গচ্ছত্যেবমন্যত্রাপি। সিকতা ইব পরস্পরমসংশ্লিষ্টাঃ পুত্রপশ্বাদয়স্তাসু শেরতে তাঃ সিকতাশয়াঃ পুত্রাদিবিষয়া ইত্যর্থঃ। ধানা ভৃষ্টযবাঃ, অপূপাঃ সচ্ছিদ্রং ভক্ষ্যং শেষং প্রসিদ্ধম্। ধানা-দিকং মধূদকস্থানীয়স্য সুখস্য বিশেষণং বিষয়সুখং হি ধানাবন্ন স্বসজাতীয়ং প্রসূতে অপূপ-বদনেকচ্ছিদ্রযুক্তং মাংসবদ্ধিংসালভ্যং নান্যপহত্য ভূতানি ভোগঃ সম্ভবতীতি প্রসিদ্ধেঃ। শাকবদল্পসারং পায়সবন্মধুরং পাকে গুরুতরঞ্চ কর্দ্দমবচ্চিত্তপটস্য মলিনীকরণঞ্চেতি পরচৈতন্যভূমাবনাদ্যবিদ্যামূলাদুত্থিতোঽয়ং সংসারবৃক্ষোঽতিবিরসফলো বিদ্যয়াঽবিদ্যানাশাৎ

নদীপুলিনের মধ্যে বেতসলতার ন্যায় সেই পরব্রহ্মের মধ্যে এই বিশাল ব্রহ্মাণ্ড রহিয়াছে; তাহাতে পবিত্র সৌরভের ন্যায় শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ আছে; এবং বহুতর শাখার ন্যায় দেবতা ও মনুষ্যাদি রহিয়াছে; আর তাহার মূল অবিদ্যা হইতে এই সংসারনদী প্রবাহিত হইতেছে; তাহাতে আবার মধুর ন্যায় মিষ্ট এবং জলের ন্যায় তৃপ্তিকর পুত্রাদি রহিয়াছে ॥২৮॥

এই ব্রহ্মাণ্ডমধ্যে আবার মহানদীসমূহের ন্যায় অবিচ্ছিন্ন সংসারপ্রবাহ সকল প্রত্যেক শাখার ন্যায় দেবতা ও মনুষ্যপ্রভৃতি প্রত্যেক অংশকে স্পর্শ করিয়া চলিয়াছে; তাহাতে বালুকার ন্যায় পুত্র-কলত্রাদি রহিয়াছে; আবার খইর মত হালকা, এবং পিষ্টকের তুল্য আপাতমধুর ও পরিণামে কষ্টকর ভোগ আছে; আর মাংসের ন্যায় হিংসালভ্য ও শাকের ন্যায় অসার সুখ অবস্থান

যস্মিন্নগ্নিমুখা দেবাঃ সেন্দ্রাঃ সহমরুদ্গণাঃ।
ঈজিরে ক্রতুভিঃ শ্রেষ্ঠৈস্তৎ পদং পরমং মুনে! ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং সরস্বতীতার্ক্ষ্যসংবাদে সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

ভারতকৌমুদী

ইদানীমুপাদেয়মাহ যস্মিন্নিতি। হে মুনে! ইন্দ্রেণ সহেতি সেন্দ্রাঃ, মরুদ্গণৈর্বায়ুসমূহৈঃ সহেতি সহমরুদ্গণাঃ, অগ্নিমুখা অগ্নিপ্রভৃতয়ো দেবাঃ, শ্রেষ্ঠৈঃ ক্রতুভিঃ, যস্মিন্ যদুদ্দেশে ঈজিরে যজ্ঞং চক্রুঃ, তৎ পরব্রহ্মৈব, পরমং পদং বস্তু। অতস্তদেবাশ্রয়েতাশয়ঃ ॥৩০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(০:*:০)——

ভারতভাবদীপঃ

সমূলমুন্মূলনীয় ইত্যর্থঃ। তথা চ চিদদ্বৈতমব্যাহতম্ ॥২৯॥ যস্মিন্ সংপ্রাপ্তিনিমিত্তং শ্রেষ্ঠৈঃ ক্রতুভির্যোগযজ্ঞৈরগ্ন্যাদয়ো যদ্গচ্ছন্তি তন্মম বিদ্যারূপায়াঃ সরস্বত্যাঃ পদং পদনীয়ং প্রাপণীয়ং স্থানং পরমং সর্ব্বোৎকৃষ্টং জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়ভানশূন্যং ব্রহ্মাদ্বৈতম্ ॥৩০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৭॥

——:০:——

করিতেছে এবং পায়সের ন্যায় প্রথমে সুখজনক ও পরিণামে কষ্টদায়ক অথ চ কর্দ্দমের ন্যায় মালিন্যজনক ভোগ রহিয়াছে ॥২৯॥

অতএব তার্ক্ষ্যমুনি! (এই সংসার হইতে মুক্তিলাভ করিবার জন্য) অগ্নি-প্রভৃতি দেবতারাও ইন্দ্র এবং বায়ুর সহিত মিলিত হইয়া যাঁহার উদ্দেশে উত্তম উত্তম যজ্ঞ করিয়াছেন; সেই পরব্রহ্মই পরমপদার্থ। (তাঁহাকে আশ্রয় করুন) ॥৩০)

——:(০):——

(৩০)···তৎ পদং পরমং মম—বা ব কা। * '···ষড়শীত্যধিক···' বা ব কা, '···অষ্টাশীত্যধি···' পি, '···একোননবত্যধিক···' নি।

অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

—— ০ঃ(*)ঃ০ ——

বৈশম্পায়ন উবাচ।

ততঃ স পাণ্ডবো বিপ্রং মার্কণ্ডেয়মুবাচ হ।
কথয়স্বেহ চরিতং মনোর্বৈবস্বতস্য চ ॥১॥

মার্কণ্ডেয় উবাচ।

বিবস্বতঃ সুতো রাজন্! মহর্ষিঃ সুপ্রতাপবান্।
বভূব নরশার্দ্দূল! প্রজাপতিসমদ্যুতিঃ ॥২॥

ভারতকৌমুদী

মার্কণ্ডেয়স্য সপ্তকল্পান্তজীবিতয়া সর্বেষাং বৃত্তান্তানাং প্রত্যক্ষদর্শনাত্তদ্বাক্যং সর্বথৈব সত্যং ভবেদিতি বিশ্বাসাদ্যুধিষ্ঠিরেণেতিহাসঃ পৃষ্ট ইত্যাহ তত ইতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥১॥

বিবস্বত ইতি। বিবস্বতঃ সূর্য্যস্য। প্রজাপতিসমদ্যুতিঃ বিরিঞ্চিতুল্যতেজাঃ ॥২॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বত্র চিদ্ভাবেঽবিদ্যামূলো জগদ্বৃক্ষ উত্থিতঃ সোঽবিদ্যাক্ষয়ে ভূমাবেব লীয়ত ইতি দর্শিতম্। তত্র সকৃদবিদ্যাক্ষয়ে সংসারভানং ন স্যাৎ। দৃশ্যতে চ—ক্ষীণাবিদ্যানামপি মার্কণ্ডেয়াদীনাং সংসারভানমস্মদাদিবদিতি জীবন্মুক্তৌ সন্দিহানো রাজা মার্কণ্ডেয়মবং চেত্যাহ— ততঃ স ইতি। মনোশ্চমূতে ইতি অভিমানাত্মকোঽহঙ্কারো মনুঃ। বিশেষেণ বস্তে আচ্ছাদয়তি চিৎপ্রকাশমিতি। বিবোঽজ্ঞানং তদ্বান্ বিবস্বান্ মায়াবী ঈশ্বরঃ। "মায়িনং তু মহেশ্বর"মিতি শ্রুতেঃ। স এব বৈবস্বতস্তস্য বৈবস্বতস্য চরিতং সঞ্চরণম্ অবিদ্যানাশে সত্যবিদ্যকোঽহঙ্কারঃ কথং সঞ্চরতি ন হি তন্তুদাহে পটস্তিষ্ঠতীত্যাক্ষেপঃ ॥১॥ অপরস্যাখ্যায়িকামনুস্মৃত্যৈব উত্তরমাহ—বিবস্বত ইত্যাদিনা। অত্র পরব্রহ্মণ এব রূপান্তরং মৎস্যাখ্যো জীবঃ সোঽহঙ্কারেণ মনুনা উত্তরোত্তরশ্রেষ্ঠেষ্বলিঙ্গরাদিরূপেষু স্থূলদেহেষু তপোবলান্নিপাত্যতে। স চ সমুদ্রাখ্যো বৈরাজে দেহে নিপতিতশ্চ কল্পান্তেঽবিদ্যানাশরূপে সত্যাপি দগ্ধপটন্যায়েনানুবর্ত্তমানমহঙ্কারং সপ্তর্ষিসংজ্ঞকৈঃ প্রাণাদিভির্ব্বীজসংজ্ঞৈঃ প্রারব্ধকর্মভিশ্চ সহিতং চরমদেহনাব্যারূঢ়ং বাসনাবরত্রয়া জীবমৎস্যেন প্রলয়কালেঽপ্যুহ্যমানং মেরুশৃঙ্গসমেঽচলে ভগবতো রূপে সদ্বাসনয়া লব্ধাস্পদং বিলীনমনুলক্ষ্য জীবমৎস্যোঽদর্শনং প্রাপ্নোতি বিলীনে হ্যহঙ্কারে জীবত্বং নশ্যতি। স পুনর্নিরস্তজীবভাবোঽহঙ্কারো ব্রহ্মরূপতামাপন্নো যথাপূর্ব্বং বাসনয়া জগৎ সৃজতি। নষ্টেঽপ্যবিদ্যাখ্যে কারণে সংসারভানলক্ষণং কার্য্যং চক্রভ্রমিবৎ কিঞ্চিৎ-

---

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর যুধিষ্ঠির মার্কণ্ডেয়মুনিকে কহিলেন—'মহর্ষি আপনি এখন বৈবস্বতমনুর চরিত্র বলুন' ॥১॥

মার্কণ্ডেয় বলিলেন—'নরশ্রেষ্ঠ রাজা! সূর্য্যের একটী পুত্র জন্মিয়াছিল

ওজসা তেজসা লক্ষ্ম্যা তপসা চ বিশেষতঃ।
অতিচক্রাম পিতরং মনুঃ স্বঞ্চ পিতামহম্ ॥৩॥
ঊর্দ্ধবাহুর্বিশালায়াং বদর্য্যাং স নরাধিপঃ।
একপাদস্থিতস্তীব্রং চচার সুমহত্তপঃ ॥৪॥
অবাক্‌শিরাস্তথা চাপি নেত্রৈরনিমিষৈর্দৃঢ়ম্।
সোঽতপ্যত তপো ঘোরং বর্ষাণামযুতং তদা ॥৫॥
তং কদাচিত্তপস্যন্তমার্দ্রচীরং জটাধরম্।
চীরিণীতীরমাগম্য মৎস্যো বচনমব্রবীৎ ॥৬॥
ভগবন্! ক্ষুদ্রমৎস্যোঽস্মি বলবদ্ভ্যো ভয়ং মম।
মৎস্যেভ্যো হি ততো মাং ত্বং ত্রাতুমর্হসি সুব্রত! ॥৭॥

ভারতকৌমুদী

ওজসেতি। বেদার্থমননান্মনুঃ, বিশেষতো বিশেষেণ, ওজসা প্রতাপেন, তেজসা বলেন, লক্ষ্ম্যা কান্ত্যা চ, পিতরং সূর্য্যম্, তপসা চ স্বং পিতামহং কশ্যপমতিচক্রাম ॥৩॥

ঊর্দ্ধেতি। বদর্য্যাং বদরিকাশ্রমে, স নরাধিপো মনুঃ ॥৪॥

অবাগিতি। কদাচিদবাক্‌শিরা অধঃশিরাঃ, কদাচিচ্চ দৃঢ়মনিমিষৈর্নেত্রৈর্বিশিষ্টঃ ॥৫॥

তমিতি। আর্দ্রচীরং স্নানানন্তরমুত্থানাদার্দ্রকৌপীনম্। চীরিণ্যা নদ্যাস্তীরং তৎসমীপম্ ॥৬॥

ভারতভাবদীপঃ

কালমনুবর্ত্তত ইত্যধ্যায়তাৎপর্য্যম্ ॥২॥ অক্ষরার্থস্তু পিতরমীশ্বরং পিতামহং শুদ্ধং ব্রহ্মাতিচক্রাম দেহাদাবাবেশবলান্ন মহত্ত ইত্যর্থঃ ॥৩॥ এবমহঙ্কারস্য ঈশাত্মজ্ঞানাং বন্ধে প্রসক্তে

(এবং তাহার নাম হইয়াছিল—'মনু') ; সেই পুত্র—যথাকালে মহর্ষি, অসাধারণ তেজস্বী, এমন কি ব্রহ্মার তুল্য তেজীয়ান্‌ই হইয়াছিলেন ॥২॥

সেই মনু সমধিক প্রতাপ, বল ও কান্তিদ্বারা পিতা সূর্য্যকে এবং তপস্যাদ্বারা পিতামহ কশ্যপকে পর্য্যন্ত অতিক্রম করিয়াছিলেন ॥৩॥

কারণ, সেই মনু রাজা হইয়া, বদরিকাশ্রমে যাইয়া, ঊর্দ্ধবাহু ও একপাদে থাকিয়া, ভয়ঙ্কর ও অতিগুরুতর তপস্যা করিয়াছিলেন ॥৪॥

তখন তিনি কখনও অধোমস্তক হইয়া, কখনও বা অত্যন্ত নির্নিমেষ নয়নে থাকিয়া দশসহস্রবৎসরপর্য্যন্ত ভয়ঙ্কর তপস্যা করিয়াছিলেন ॥৫॥

কোন সময়ে ক্ষুদ্র একটী মৎস্য চীরিণীনদীর তীরের নিকটে আসিয়া আর্দ্রকৌপীন ও জটাধারী তপস্বী মনুকে এই কথা বলিল—॥৬॥

'ভগবন্! সুব্রত! আমি একটী ক্ষুদ্র মৎস্য; বলবান্ মৎস্যগণ হইতে আমার ভয় জন্মিয়াছে; সুতরাং আপনি আমাকে রক্ষা করুন ॥৭॥

দুর্ব্বলং বলবন্তো হি মৎস্যা মৎস্যং বিশেষতঃ।
ভক্ষয়ন্তি সদা বৃত্তির্বিহিতা নঃ সনাতনী ॥৮॥
তস্মাদ্‌ভয়ৌঘান্মহতো মজ্জন্তং মাং বিশেষতঃ।
ত্রাতুমর্হসি কর্ত্তাস্মি কৃতে প্রতিকৃতং তব ॥৯॥
মৎস্যস্য বচনং শ্রুত্বা কৃপয়াভিপরিপ্লুতঃ।
মনুর্বৈবস্বতোঽগৃহ্ণাত্তং মৎস্যং পাণিনা স্বয়ম্ ॥১০॥
উদকান্তমুপানীয় মৎস্যং বৈবস্বতো মনুঃ।
অলিঞ্জরে প্রাক্ষিপত্তং চন্দ্রাংশুসদৃশপ্রভম্ ॥১১॥
স তত্র ববৃধে রাজন্! মৎস্যঃ পরমসৎকৃতঃ।
পুত্রবচ্চাকরোত্তস্মৈ মনুর্ভাবং বিশেষতঃ ॥১২॥

ভারতকৌমুদী

ভগবন্নিতি। সুব্রত! অতিশয়েন দয়াব্রতধারিন্!। অতএব মত্ত্রাণং তবাবশ্যকম্ ॥৭॥
দুর্বলমিতি। বিহিতা বিধাত্রেতি শেষঃ। ময়াপি ক্ষুদ্রতমমৎস্যভক্ষণাদিতি ভাবঃ ॥৮॥
তস্মাদিতি। কৃতে মম ত্রাণে, অহমপি তব প্রতিকৃতং প্রত্যুপকারং কর্ত্তাস্মি ॥৯॥
মৎস্যস্যেতি। অভিপরিপ্লুত আর্দ্রীকৃতান্তঃকরণঃ ॥১০॥
উদকেতি। উদকান্তমুপানীয় অলিঞ্জরমিতি শেষঃ। অলিঞ্জরে বৃহন্মৃৎপাত্রে ॥১১॥
স ইতি। পরমসৎকৃতঃ খাদ্যদানাদিনা অতীবাদৃতঃ। ভাবং স্নেহম্ ॥১২॥

বলবান্ মৎস্যেরা ক্ষুদ্র মৎস্যদিগকে বিশেষভাবে সর্বদাই ভক্ষণ করিয়া থাকে। কারণ, বিধাতাই আমাদের পক্ষে এই বৃত্তি চিরকালের জন্য নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন ॥৮॥

অতএব আপনি, এই জলমগ্ন অবস্থায় আমাকে সেই গুরুতর ভয় হইতে বিশেষভাবে রক্ষা করুন; আপনি আমাকে রক্ষা করিলে, আমিও আপনার প্রত্যুপকার করিব' ॥৯॥

বৈবস্বতমনু মৎস্যের সেই কথা শুনিয়া অত্যন্ত দয়ার্দ্র হইয়া আপন হস্তেই তাহাকে ধারণ করিলেন ॥১০॥

এবং বৈবস্বতমনু অপর হস্তদ্বারা একটা জালাকে জলের নিকটে আনিয়া তাহার ভিতরে চন্দ্রকিরণের ন্যায় শুভ্রবর্ণ সেই মৎস্যটাকে নিক্ষেপ করিলেন ॥১১॥

রাজা! ক্রমে সেই মৎস্যটী অত্যন্ত আদরের সহিত পালিত হইতে

(৮)…আস্বদন্তি সদা বৃত্তিঃ…বা ব কা পি। (১০) স মৎস্যবচনং শ্রুত্বা—বা ব কা নি। পুত্রবৎ স্বীকরোত্তস্মৈ…বা ব কা নি।

অথ কালেন মহতা স মৎস্যঃ সুমহানভূৎ।
অলিঞ্জরে যথা চৈব নাসৌ সমভবৎ কিল ॥১৩॥
অথ মৎস্যো মনুং দৃষ্ট্বা পুনরেবাভ্যভাষত।
ভগবন্! সাধু মেঽন্যাস্থৎ স্থানং সম্প্রতিপাদয় ॥১৪॥
উদ্ধৃত্যালিঞ্জরাত্তস্মাত্ততঃ স ভগবান্ মনুঃ।
তং মৎস্যমনয়দ্বাপীং মহতীং সমনুস্তদা ॥১৫॥
তত্র তং প্রাক্ষিপচ্চাপি মনুঃ পরপুরঞ্জয়ঃ।
অথাবর্দ্ধত মৎস্যঃ স পুনর্ব্বর্ষগণান্ বহূন্ ॥১৬॥
দ্বিযোজনায়তা বাপী বিস্তৃতা চাপি যোজনম্।
তস্যাং নাসৌ সমভবন্মৎস্যো রাজীবলোচন! ॥১৭॥
বিচেষ্টিতুঞ্চ কৌন্তেয়! মৎস্যো বাপ্যাং বিশাংপতে!।
মনুং মৎস্যস্তদা দৃষ্ট্বা পুনরেবাভ্যভাষত ॥১৮॥

ভারতকৌমুদী

অথেতি। অসৌ মৎস্যঃ, ন সমভবৎ বৃহৎকায়ত্বান্ন সম্মাতি স্ম ॥১৩॥
অথেতি। সাধু বৃহত্ত্বয়া মদ্বিচরণে উত্তমং স্থানম্, সম্প্রতিপাদয় কল্পয় ॥১৪॥
উদ্ধৃত্যেতি। মনুনা মনসি কর্ত্তব্যমননেন সহেতি সমনুরিতি ন পৌনরুক্ত্যম্ ॥১৫॥
তত্রেতি। বহূন্ বর্ষগণানিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥১৬॥
দ্বীতি। ন সমভবৎ ন সম্মাতি স্ম, অতিবৃহৎকায়ত্বাদিতি ভাবঃ ॥১৭॥
বীতি। বিচেষ্টিতুং কিঞ্চিদপি বিচলিতুম্, নাশক্নোদিতি শেষঃ ॥১৮॥

থাকিয়া সেই জালার ভিতরেই বৃদ্ধি পাইতে লাগিল; মনুও সেই মৎস্যটীর উপরে পুত্রের ন্যায় সমধিক স্নেহ করিতে লাগিলেন ॥১২॥

তাহার পর দীর্ঘকালে সেই মৎস্য অতিবৃহৎ হইয়া উঠিল; যাহাতে সেই জালার ভিতরে আর সে ধরিতে লাগিল না ॥১৩॥

তদনন্তর মৎস্য পুনরায় মনুকে দেখিয়া বলিল—'ভগবন্! আপনি অন্যই আমার জন্য আর একটী ভাল স্থান কল্পনা করুন' ॥১৪॥

তখন ভগবান্ মনু মনে মনে পর্য্যালোচনা করিয়া সেই জালা হইতে মৎস্যকে তুলিয়া বিশাল একটা দীঘীতে লইয়া গেলেন ॥১৫॥

এবং শত্রুনগরবিজয়ী মনু সেই মৎস্যকে সেই দীঘীর ভিতরে ছাড়িয়া দিলেন। তাহার পর সেই মৎস্য সেইখানে বহুবৎসর যাবৎ বৃদ্ধি পাইল ॥১৬॥

হে পদ্মনয়ন! সেই দীঘীটা দুই যোজন দীর্ঘ এবং একযোজন বিস্তৃত ছিল; তথাপি তাহাতে সে মৎস্য ধরিতে লাগিল না। ॥১৭॥

নয় মাং ভগবন্ ! সাধো ! সমুদ্রমহিষীং প্রিয়াম্ ।
গঙ্গাং তত্র নিবৎস্যামি যথা বা তাত ! মন্যসে ॥১৯॥
নিদেশে হি ময়া তুভ্যং স্থাতব্যমনসূয়তা ।
বৃদ্ধির্হি পরমা প্রাপ্তা ত্বৎকৃতে হি ময়ানঘ ! ॥২০॥
এবমুক্তো মনুর্মৎস্যমনয়দ্ভগবান্ বশী ।
নদীং গঙ্গাং তত্র চৈনং স্বয়ং প্রাক্ষিপদচ্যুতঃ ॥২১॥
স তত্র ববৃধে মৎস্যঃ কঞ্চিৎ কালমরিন্দম ! ।
ততঃ পুনর্মনুং দৃষ্ট্বা মৎস্যো বচনমব্রবীৎ ॥২২॥
গঙ্গায়াং হি ন শক্নোমি বৃহত্ত্বাচ্চেষ্টিতুং প্রভো ! ।
সমুদ্রং নয় মামাশু প্রসীদ ভগবন্নিতি ॥২৩॥

ভারতকৌমুদী

নয়েতি। হে ভগবন্! অণিমাদ্যৈশ্বর্য্যশালিন্!। অতএব মন্নয়নযোগ্যতেত্যাশয়ঃ। হে সাধো! অতএব পরকষ্টদর্শনং তব দুঃসহমিতি ভাবঃ ॥১৯॥

নিদেশ ইতি। তুভ্যং তব। ত্বৎকৃতে হি তব সাহায্যেনৈব ॥২০॥

এবমিতি। ভগবান্ অণিমাদ্যৈশ্বর্য্যবান্। অতএব তাদৃশস্যাপি বহনে প্রবৃত্তিরিতি ভাবঃ। বশী ইন্দ্রিয়জয়েন স্বাধীনঃ। অচ্যুতো যোগতপস্যাভ্যামভ্রষ্টঃ ॥২১॥

স ইতি। তত্র গঙ্গায়াম্। কঞ্চিৎ কালমিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥২২॥

ভারতভাবদীপঃ

তপসস্তন্নিবৃত্ত্যুপায়ত্বমাহ—ঊর্দ্ধবাহুরিত্যাদিনা ॥৪—৫॥ চীরিণী নদীবিশেষঃ ॥৬—১০॥ অলিঞ্জরে মণিকাখ্যপাত্রে ॥১১—১২॥ ন সমভবৎ স্থলখেন ন মমাবিত্যর্থঃ ॥১৩—২০॥

কুন্তীনন্দন রাজা ! সেই মৎস্য তখন সেই দীর্ঘীর ভিতরে একটুও চলিতে পারিত না। তখন মৎস্য পুনরায় মনুকে দেখিয়া বলিল—॥১৮॥

ভগবন্ ! সাধু ! আপনি আমাকে সমুদ্রের প্রিয়মহিষী গঙ্গাতে নিয়া যান, আমি সেই খানে বাস করিব। অথবা পিতঃ ! আপনি যাহা মনে করেন' ॥১৯॥

হে নিষ্পাপ ! আমি আপনার অসূয়া না করিয়া আপনার আদেশেই থাকিব। কারণ, আমি আপনার সাহায্যেই অত্যন্ত বৃদ্ধি পাইয়াছি' ॥২০॥

মৎস্য এইরূপ বলিলে, ইন্দ্রিয়জয়ী, পরমধার্ম্মিক ও ঐশ্বর্য্যশালী মনু নিজেই সেই মৎস্যকে গঙ্গানদীতে লইয়া গেলেন এবং তাহাতেই ছাড়িয়া দিলেন ॥২১॥

অরিন্দম যুধিষ্ঠির ! সেই মৎস্য সেই গঙ্গাতেই কিছু কাল বৃদ্ধি পাইল। তাহার পর আবার মনুকে দেখিয়া মৎস্য এই কথা বলিল—॥২২॥

উদ্ধৃত্য গঙ্গাসলিলাত্ততো মৎস্যং মনুঃ স্বয়ম্।
সমুদ্রমনয়ৎ পার্থ! তত্র চৈনমবাসৃজৎ ॥২৪॥
সুমহানপি মৎস্যস্তু স মনোর্নয়তস্তদা।
আসীদ্‌যথেষ্টহার্য্যশ্চ স্পর্শগন্ধসুখশ্চ বৈ ॥২৫॥
যদা সমুদ্রে প্রক্ষিপ্তঃ স মৎস্যো মনুনা তদা।
তত এনমিদং বাক্যং স্ময়মান ইবাব্রবীৎ ॥২৬॥
ভগবন্! হি কৃতা রক্ষা ত্বয়া সর্ব্বা বিশেষতঃ।
প্রাপ্তকালস্তু যৎ কার্য্যং ত্বয়া তচ্ছ্রূয়তাং মম ॥২৭॥
অচিরাদ্ভগবন্! ভৌমমিদং স্থাবরজঙ্গমম্।
সর্ব্বমেব মহাভাগ! প্রলয়ং বৈ গমিষ্যতি ॥২৮॥

ভারতকৌমুদী

গঙ্গায়ামিতি। বৃহত্ত্বাৎ আত্মনোঽতিবিশালদেহত্বাৎ, চেষ্টিতুং বিচলিতুম্ ॥২৩॥

উদ্ধৃত্যেতি। অবাসৃজৎ প্রাক্ষিপৎ ॥২৪॥

অথ কথং মনুস্তাদৃশং ভারিণং মৎস্যমনয়দিত্যাহ সুমহানিতি। যথেষ্টহার্য্যঃ তূলরাশিবদিচ্ছানুসারেণৈব বাহ্যঃ, স্পর্শগন্ধয়োঃ সুখো মৎস্যত্বেঽপি সুখজনকস্তৎপ্রভাবাদেব ॥২৫॥

যদেতি। ততস্তস্মিন্ স্থান এব স্থিতঃ। স্ময়মান ঈষদ্ধসন্ ॥২৬॥

ভগবন্নিতি। প্রাপ্ত উপস্থিতপ্রায়ঃ কালো যস্য তৎ ॥২৭॥

অচিরাদিতি। ভৌমং ভূতলবর্ত্তি। প্রলয়ং জলমগ্নতাম্ ॥২৮॥

'প্রভু! আমি অতিবৃহৎ হইয়াছি বলিয়া গঙ্গাতেও চলিতে পারিতেছি না। অতএব ভগবন্! আপনি আমার প্রতি প্রসন্ন হউন, সত্বর আমাকে সমুদ্রে নিয়া চলুন' ॥২৩॥

পৃথানন্দন! তাহার পর মনু নিজেই সেই মৎস্যকে গঙ্গার জল হইতে তুলিয়া সমুদ্রে লইয়া গেলেন এবং তাহাতেই উহাকে ছাড়িয়া দিলেন ॥২৪॥

মনু যখন সেই মৎস্যকে লইয়া চলিয়াছিলেন, তখন সেই মৎস্য অতিবৃহৎ হইলেও মনুর পক্ষে ইচ্ছানুসারে বহনীয় হইয়াছিল এবং তাহার গন্ধ ও স্পর্শ মনুর পক্ষে সুখজনকই হইয়াছিল ॥২৫॥

মনু যখন তাহাকে সমুদ্রে ছাড়িয়া দিলেন, তখন সেই মৎস্য সেই খানে থাকিয়া হাসিতে হাসিতেই যেন মনুকে এই কথা বলিল—॥২৬॥

'ভগবন্! আপনি সর্বত্রই আমাকে বিশেষভাবে রক্ষা করিয়াছেন। সুতরাং যে কার্য্যের সময় প্রায় উপস্থিত হইয়া আসিল, তাহা আমার নিকট শ্রবণ করুন ॥২৭॥

সংপ্রক্ষালনকালোঽয়ং লোকানাং সমুপস্থিতঃ।
তস্মাত্ত্বাং বোধয়াম্যদ্য যত্তে হিতমনুত্তমম্ ॥২৯॥
ত্রসানাং স্থাবরাণাঞ্চ যচ্চেঙ্গং যচ্চ নেঙ্গতি।
তস্য সর্ব্বস্য সংপ্রাপ্তঃ কালঃ পরমদারুণঃ ॥৩০॥
নৌশ্চ কারয়িতব্যা তে দৃঢ়া যুক্তবটারকা।
তত্র সপ্তর্ষিভিঃ সার্দ্ধমারুহেথা মহামুনে! ॥৩১॥
বীজানি চৈব সর্ব্বাণি যথোক্তানি দ্বিজৈঃ পুরা।
তস্যামারোহয়ের্নাবি সুসংগুপ্তানি ভাগশঃ ॥৩২॥

ভারতকৌমুদী

সমিতি। অয়ং সংপ্রক্ষালনস্য জলপ্লাবনস্য কালঃ। বোধয়ামি জ্ঞাপয়ামি ॥২৯॥

ত্রসানামিতি। ত্রস্যন্তি ত্রাসাদিনা গচ্ছন্তীতি ত্রসা জঙ্গমাস্তেষাম্। ত্রস্যতেঃ পচাদিত্বাদচ্। ত্রসত্বং স্থাবরত্বঞ্চ যথাক্রমং ব্যাচষ্টে যদিতি। ইঙ্গং চলনশীলং মনুষ্যাদি। নেঙ্গতি ন চলতি প্রস্তরাদি। সংপ্রাপ্ত উপস্থিতঃ ॥৩০॥

নৌরিতি। নৌঃ কাচিত্তরিঃ। যুক্তো বন্ধনার্থং লগ্নো বটারকঃ শণরজ্জুর্যত্র সা ॥৩১॥

বীজানীতি। বীজানি ধান্যাদীনাম্। ভাগশঃ সুসংগুপ্তানি অতিসুরক্ষিতানি ॥৩২॥

ভারতভাবদীপঃ

স মৎস্যোঽচ্যুত ইতি সম্বন্ধঃ ॥২১॥ মৎস্যস্পর্শগন্ধজং চিদাভাসসম্পর্কজং সুখং যস্যাস্তীতি তস্য মনোঃ ॥২৫—২৮॥ সম্প্রক্ষালনমেকীভাবেন শুক্তিরজতস্যেব প্রপঞ্চমলস্য দূরীকরণম্ ॥২৯॥ ত্রসানাং জঙ্গমানাম্, ইঙ্গং চলনশীলং বৃক্ষাদি, নেঙ্গতি পাষাণাদি, কালোঽস্তঃ ॥৩০॥ বটারকা রজ্জুঃ। বট বেষ্টনেঽস্য রূপম্। সপ্তর্ষিভিঃ প্রাণেন্দ্রিয়ৈঃ ॥৩১॥ বীজানি কর্ম্মাণি

ভগবন্! মহাভাগ! ভূতলের এই স্থাবরজঙ্গমাত্মক সমস্ত পদার্থই অচিরকালমধ্যে জলমগ্ন হইবে ॥২৮॥

জগতের এই জলপ্লাবনের কাল প্রায় উপস্থিত হইল। অতএব আপনার পক্ষে যাহা পরম হিতকর, তাহা আজ আমি আপনাকে জানাইতেছি ॥২৯॥

যাহা চলে এবং যাহা চলে না, সেই রূপ সমস্ত জঙ্গম ও স্থাবরপদার্থের পক্ষেই অতিদারুণ সময় উপস্থিত হইতেছে ॥৩০॥

অতএব মহর্ষি! আপনি একখানা দৃঢ় নৌকা নির্ম্মাণ করাইবেন, তাহাতে যেন শণের একটা দড়ি লাগান থাকে; তা'র পর আপনি সপ্তর্ষিদিগের সহিত সেই নৌকায় আরোহণ করিয়া থাকিবেন ॥৩১॥

আর, পূর্ব্বে ব্রাহ্মণেরা যে সকল বীজের কথা বলিয়াছেন, সেই সকল বীজ ভাগে ভাগে সুরক্ষিত করিয়া সেই নৌকায় তুলিয়া রাখিবেন ॥৩২॥

নৌস্থশ্চ মাং প্রতীক্ষেথাস্তদা মুনিজনপ্রিয় ! ।
আগমিষ্যাম্যহং শৃঙ্গী বিজ্ঞেয়স্তেন তাপস ! ॥৩৩॥
এবমেব ত্বয়া কার্য্যমাপৃষ্টোঽসি ব্রজাম্যহম্ ।
তা ন শক্যা মহত্যো বৈ আপস্তর্ত্তুং ময়া বিনা ।
নাভিশঙ্ক্যমিদঞ্চাপি বচনং মে ত্বয়া বিভো ! ॥৩৪॥
এবং করিষ্য ইতি তং স মৎস্যং প্রত্যভাষত ।
জগ্মতুশ্চ যথাকামমনুজ্ঞাপ্য পরস্পরম্ ॥৩৫॥
ততো মনুর্মহারাজ ! যথোক্তং মৎস্যকেন হ ।
বীজান্যাদায় সর্ব্বাণি সাগরং পুপ্লুবে তদা ॥৩৬॥
নৌকয়া শুভয়া বীর ! মহোর্ম্মিণমরিন্দম ! ।
চিন্তয়ামাস চ মনুস্তং মৎস্যং পৃথিবীপতে ! ॥৩৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নাবিতি। শৃঙ্গী বিশালশৃঙ্গবান্, তেন শৃঙ্গেণ তদ্দর্শনেনৈব ত্বয়াহং বিজ্ঞেয়ঃ ॥৩৩॥

এবমিতি। আপৃষ্টঃ সম্ভাষিতঃ। আপো জলম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

এবমিতি। স মনুঃ। অনুজ্ঞাপ্য গমনানুমতিং কারয়িত্বা ॥৩৫॥

তত ইতি। মৎস্যকেনেত্যজ্ঞানে কপ্রত্যয়ঃ। পুপ্লুবে ততার, তদানীমেব জলপ্লাবনারম্ভাদিত্যাশয়ঃ। শুভয়া দৃঢ়নির্ম্মিতত্বাদিতি ভাবঃ। মহোর্ম্মিণমিতি ব্রীহ্যাদিত্বাদিন্ ॥৩৬-৩৭॥

ভারতভাবদীপঃ

সুসংগুপ্তানি দর্শনাযোগ্যানি অদৃষ্টানীত্যর্থঃ ॥৩২॥ মামন্তরাত্মানং প্রতীক্ষেথাঃ প্রতীপং জড়ানৃতাদিপ্রাতিকূল্যেন ঈক্ষেথা আলোচয়। আগমিষ্যাম্যাবির্ভবিষ্যামি। শৃঙ্গী শৃণাতি হিনস্তি জীবোপাধীন্ বাধতে ইতি শৃঙ্গং মূর্ত্তিস্তদ্বান্। কথাপক্ষে সুগমমেব ॥৩৩॥ আপঃ

মুনিজনপ্রিয় তাপস ! আপনি সেই ভাবে সেই নৌকায় থাকিয়া আমার প্রতীক্ষা করিতে থাকিবেন ; তাহার পর আমি বিশাল শৃঙ্গ ধারণ করিয়া আসিব ; তখন আপনি আমার সেই বিশাল শৃঙ্গ দেখিয়াই আমাকে চিনিতে পারিবেন ॥৩৩॥

আপনি এইরূপই করিবেন। (যাইবার সময়ে) আপনাকে সম্ভাষণ করিতেছি ; আমি চলিলাম। কিন্তু প্রভু! আমাকে ছাড়া আপনি সেই বিশাল জলরাশি উত্তীর্ণ হইতে পারিবেন না, কিংবা আমার এই কথার উপরেও আপনি সন্দেহ করিবেন না' ॥৩৪॥

'এইরূপই করিব' এই কথা মনু সেই মৎস্যকে বলিলেন। তাহার পর তাঁহারা পরস্পর পরস্পরের অনুমতি লইয়া ইচ্ছানুসারে চলিয়া গেলেন ॥৩৫॥

স চ তচ্চিন্তিতং জ্ঞাত্বা মৎস্যঃ পরপুরঞ্জয় ! ।
শৃঙ্গী তত্রাজগামাশু তদা ভরতসত্তম ! ॥৩৮॥
তং দৃষ্ট্বা মনুজব্যাঘ্র ! মনুর্মৎস্যং জলার্ণবে ।
শৃঙ্গিণং তং যথোক্তেন রূপেণাদ্রিমিবোচ্ছ্রিতম্ ॥৩৯॥
বটারকময়ং পাশমথ মৎস্যস্য মূর্দ্ধনি ।
মনুর্মনুজশার্দ্দূল ! তস্মিন্ শৃঙ্গে ন্যবেশয়ৎ ॥৪০॥
সংযতস্তেন পাশেন মৎস্যঃ পরপুরঞ্জয় ! ।
বেগেন মহতা নাবং প্রাকর্ষল্লবণাম্ভসি ॥৪১॥
স ততার তয়া নাবা সমুদ্রং মনুজেশ্বর ! ।
নৃত্যমানমিবোর্ম্মীভির্গর্জমানমিবাম্ভসা ॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। জ্ঞাত্বা, সর্ব্বজ্ঞত্বাদিতি তাৎপর্য্যম্। শৃঙ্গী বিশালশৃঙ্গশালী ॥৩৮॥
তমিতি। দৃষ্ট্বা আশ্বস্তোঽভূদিতি শেষঃ। উচ্ছ্রিতমুচ্চম্। শৃঙ্গমেব তাদৃশমিত্যর্থঃ ॥৩৯॥
বটেতি। বটারকময়ং শণসূত্রময়ম্। মূর্দ্ধনি মূর্দ্ধস্থে। ন্যবেশয়ৎ অবধ্নাৎ ॥৪০॥
সংযত ইতি। সংযতঃ শৃঙ্গে বদ্ধঃ। প্রাকর্ষৎ আকৃষ্য নীত্বাঽচলৎ ॥৪১॥
স ইতি। স মনুঃ। অম্ভসা অম্ভোবেগশব্দেন। উভয়ত্রাপ্যার্ষত্বাদানশ্ ॥৪২॥

বীর মহারাজ! তদনন্তর মনু, মৎস্যের কথা অনুসারে একখানা সুদৃঢ় নৌকা নির্ম্মাণ করাইয়া সমস্ত বীজ লইয়া সেই নৌকায় আরোহণ করিয়া মহাতরঙ্গময় মহাসমুদ্রে ভাসিলেন এবং অরিন্দম রাজা! মনু তখন সেই মৎস্যকে স্মরণ করিলেন ॥৩৬—৩৭॥

শক্রনগরবিজয়ী ভরতশ্রেষ্ঠ! তখন সেই বিশাল-শৃঙ্গ-ধারী মৎস্যও মনু স্মরণ করিতেছেন জানিয়া সত্বরই সেখানে আগমন করিল ॥৩৮॥

নরশ্রেষ্ঠ! তখন মনু মহাসমুদ্রমধ্যে সেই মৎস্যকে এবং পর্ব্বতের ন্যায় উচ্চ যথোক্তরূপ তাহার শৃঙ্গ দেখিয়া আশ্বস্ত হইলেন ॥৩৯॥

মনুষ্যশ্রেষ্ঠ! তাহার পর মনু মৎস্যের মস্তকস্থিত সেই শৃঙ্গে আপন নৌকার সেই শণসূত্রময় রজ্জু বন্ধন করিলেন ॥৪০॥

শক্রনগরবিজয়ী রাজা! মৎস্য সেই রজ্জুবদ্ধ হইয়া লবণজলের উপর দিয়া মহাবেগে সেই নৌকাখানাকে টানিয়া লইয়া চলিল ॥৪১॥

রাজা! তখন সমুদ্র যেন তরঙ্গদ্বারা নৃত্য করিতেছিল এবং জলের

(৪২) স চ তাংস্তারয়ন্ নাবা…বা ব কা পি।

ক্ষোভ্যমাণা মহাবাতৈঃ সা নৌস্তস্মিন্ মহোদধৌ।
ঘূর্ণতে চপলেব স্ত্রী মত্তা পরপুরঞ্জয়! ॥৪৩॥
নৈব ভূমির্ন চ দিশঃ প্রদিশো বা চকাশিরে।
সর্বমাম্ভসমেবাসীৎ খং দ্যৌশ্চ নরপুঙ্গব! ॥৪৪॥
এবম্ভূতে তদা লোকে সঙ্কুলে ভরতর্ষভ!।
অদৃশ্যন্তর্ষয়ঃ সপ্ত মনুর্মৎস্যস্তথৈব চ ॥৪৫॥
এবং বহূন্ বর্ষগণান্ তাং নাবং সোঽথ মৎস্যকঃ।
চকর্ষাতন্দ্রিতো রাজংস্তস্মিন্ সলিলসঞ্চয়ে ॥৪৬॥
ততো হিমবতঃ শৃঙ্গং যৎ পরং ভরতর্ষভ!।
তত্রাকর্ষত্ততো নাবং স মৎস্যঃ কুরুনন্দন! ॥৪৭॥
অথাব্রবীত্তদা মৎস্যস্তানৃষীন্ প্রহসন্ শনৈঃ।
অস্মিন্ হিমবতঃ শৃঙ্গে নাবং বধ্নীত মা চিরম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

ক্ষোভ্যেতি। ক্ষোভ্যমাণা সঞ্চাল্যমানা। মত্তা মদ্যপানেন ॥৪৩॥

নেতি। দিশঃ প্রদিশো দিগাদিপ্রান্তস্থাস্তরুলতাদয়ঃ। আম্ভসং জলময়ম্ ॥৪৪॥

এবমিতি। লোকে জগতি, সঙ্কুলে জলব্যাপ্তে। অদৃশ্যন্ত তৈরেব ঋষ্যাদিভিঃ ॥৪৫॥

এবমিতি। চকর্ষ আকৃষ্য চলিতঃ, অতন্দ্রিতঃ অনলসঃ ॥৪৬॥

তত ইতি। পরম্ উচ্চতাধিক্যেন প্রধানম্। ততঃ পূর্ব্বস্থানাৎ ॥৪৭॥

শব্দে যেন গর্জন করিতেছিল; এহেন সমুদ্রটাকে মনু নৌকায় উঠিয়া উত্তীর্ণ হইতে লাগিলেন ॥৪২॥

শত্রুনগরবিজয়ী যুধিষ্ঠির! সেই নৌকাখানা সেই মহাসমুদ্রের মধ্যে মহাবায়ুবেগে সঞ্চালিত হইয়া মত্তা ও চঞ্চলা স্ত্রীর ন্যায় ঘুরিতে লাগিল ॥৪৩॥

নরশ্রেষ্ঠ! তখন ভূমি, দিক্, বা বিদিক্—কিছুই প্রকাশ পাইতেছিল না; আকাশপ্রভৃতি সমস্তই যেন জলময় ছিল ॥৪৪॥

ভরতশ্রেষ্ঠ! এইরূপে জগৎটাই জলব্যাপ্ত হইলে, তখন কেবল সাত জন ঋষি, মনু ও মৎস্যকে দেখা যাইতে লাগিল ॥৪৫॥

রাজা! তাহার পর সেই মৎস্য আলস্যবিহীন হইয়া সেই সমুদ্রের উপর দিয়া সেই নৌকাখানাকে এই ভাবে অনেক বৎসর যাবৎ টানিয়া নিল ॥৪৬॥

ভরতশ্রেষ্ঠ কুরুনন্দন! তদনন্তর সেই মৎস্য—হিমালয়ের যেটা প্রধান শৃঙ্গ, সেই খানে সেই নৌকাখানাকে টানিয়া নিল ॥৪৭॥

তাহার পর তখনই সেই মৎস্য সহাস্যমুখে ধীরে ধীরে সেই ঋষিগণকে বলিল—'এই হিমালয়ের শৃঙ্গে নৌকা বন্ধন করুন, বিলম্ব করিবেন না' ॥৪৮॥

সা বদ্ধা তত্র তৈস্তূর্ণমৃষিভির্ভরতর্ষভ !।
নৌর্মৎস্যস্য বচঃ শ্রুত্বা শৃঙ্গে হিমবতস্তদা ॥৪৯॥
তচ্চ নৌবন্ধনং নাম শৃঙ্গং হিমবতঃ পরম্।
খ্যাতমদ্যাপি কৌন্তেয় ! তদ্বিদ্ধি ভরতর্ষভ ! ॥৫০॥
অথাব্রবীদনিমিষস্তানৃষীন্ সহিতস্তদা।
অহং প্রজাপতির্ব্রহ্মা মৎপরং নাধিগম্যতে।
মৎস্যরূপেণ যূয়ঞ্চ ময়াস্মান্মোক্ষিতা ভয়াৎ ॥৫১॥
মনুনা চ প্রজাঃ সর্বাঃ সদেবাসুরমানুষাঃ।
স্রষ্টব্যাঃ সর্ব্বলোকাশ্চ যচ্চেঙ্গং যচ্চ নেঙ্গতি ॥৫২॥

ভারতকৌমুদী

অথেতি। মা চিরং বিলম্বং ন কুরুতেত্যর্থঃ ॥৪৮॥

সেতি। তত্র শৃঙ্গে শৃঙ্গস্থে কস্মিংশ্চিদ্বৃক্ষে ॥৪৯॥

তদিতি। নৌর্বধ্যতে অস্মিন্নিতি নৌবন্ধনম্। পরং প্রধানম্ ॥৫০॥

অথেতি। নিমিষহীনত্বাদনিমিষঃ স মৎস্যঃ। সহিতৈস্তৈর্মিলিতঃ। মৎ মমাপেক্ষয়া, পরং সৃষ্টিকর্তৃষু প্রধানম্, নাধিগম্যতে ন জ্ঞায়তে কেনাপি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥

ভারতভাবদীপঃ

সংসারাঃ। ময়া বিনা মদীয়ং জ্ঞানং বিনা ॥৩৪—৫০॥ অহমিতি। অচলে অমূর্তে কারণাত্মনি শৃঙ্গে বন্ধনস্য ফলমীশ্বরানুগ্রহাদহং ব্রহ্মাস্মীতি জ্ঞানমিত্যর্থঃ। তথা চান্যত্র পূর্বং মূর্ত্তৌ ধৃতং চিত্তং মূর্ত্তেরেকৈকাবয়বত্যাগেনৈকদেশেঽস্মিতামাত্রে চ ধারয়েৎ ইত্যুক্তা। তত্র লব্ধপদং চিত্তমাকৃষ্য ব্যোম্নি ধারয়েৎ। তচ্চ ত্যক্তা মদারোহো ন কিঞ্চিদপি চিন্তয়েদিতি ব্যোমাখ্যামূর্ত্তদ্বারা মূর্ত্তামূর্ত্তেতরে শুদ্ধে আরোহ উক্তঃ। অত্র হিমবতঃ শৃঙ্গে নাবং বধ্নীতেত্যহং প্রজাপতির্ব্রহ্মেতি চ শ্লোকাভ্যাং মূর্ত্ত্যারাধনাদেব কারণং ব্রহ্ম নির্বিশেষঞ্চ ব্রহ্ম ক্রমেণ প্রাপ্যত ইতি দর্শিতম্। মৎস্যরূপেণ জ্ঞাতেন যূয়ং ভয়ান্মোক্ষিতা ইতি ভয়মহঙ্কারাদেরেব ধর্ম্ম ইত্যুক্তম্। শেষং স্পষ্টম্ ॥৫১—৫৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৮॥

ভরতশ্রেষ্ঠ ! মৎস্যের কথা শুনিয়া সেই ঋষিরা তখনই নৌকাখানাকে সেই হিমালয়ের শৃঙ্গে বন্ধন করিলেন ॥৪৯॥

ভরতশ্রেষ্ঠ কুন্তীনন্দন ! তুমি অবগত হও যে, সেই কারণে সেই হিমালয়ের প্রধান শৃঙ্গটা অদ্যাপি 'নৌবন্ধন'-নামে অভিহিত হইতেছে ॥৫০॥

তাহার পর মৎস্য সেই ঋষিগণকে বলিল—'আমি—প্রজাপতি ব্রহ্মা; কোন ব্যক্তিই অপর সৃষ্টিকর্ত্তাকে আমা অপেক্ষা প্রধান বলিয়া জানে না। আমি আজ মৎস্যরূপে তোমাদিগকে এই ভয় হইতে মুক্ত করিলাম ॥৫১॥

তপসা চাতিতীব্রেণ প্রতিভাঽস্য ভবিষ্যতি।
মৎপ্রসাদাৎ প্রজাসর্গে ন চ মোহং গমিষ্যতি।
ইত্যুক্ত্বা বচনং মৎস্যঃ ক্ষণেনাদর্শনং গতঃ ॥৫৩॥
স্রষ্টুকামঃ প্রজাশ্চাপি মনুর্বৈবস্বতঃ স্বয়ম্।
প্রমূঢ়োঽভূৎ প্রজাসর্গে ততস্তেপে মহত্তপঃ ॥৫৪॥
তপসা মহতা যুক্তঃ সোঽথ স্রষ্টুং প্রচক্রমে।
সর্ব্বাঃ প্রজা মনুঃ সাক্ষাদ্‌যথাবস্তুরতর্ষভ! ॥৫৫॥
ইত্যেতন্মাৎস্যকং নাম পুরাণং পরিকীর্ত্তিতম্।
আখ্যানমিদমাখ্যাতং সর্বপাপহরং ময়া ॥৫৬॥
য ইদং শৃণুয়ান্নিত্যং মনোশ্চরিতমাদিতঃ।
স সুখী সর্ব্বপূর্ণার্থঃ স্বর্গলোকমিয়ান্নরঃ ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং বৈবস্বতোপাখ্যানে অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মনুনেতি। ইঙ্গতীতি ইঙ্গং চলনশীলং পশ্বাদি, নেঙ্গতি ন চলতি, তচ্চ স্থাবরম্ ॥৫২॥
তপসেতি। প্রতিভা সৃষ্টৌ প্রখরা বুদ্ধিঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৫৩॥
স্রষ্টুকাম ইতি। প্রমূঢ়ঃ প্রজানাং প্রকারবিষয়ে কর্ত্তব্যজ্ঞানহীনঃ ॥৫৪॥
তপসেতি। যথাবৎ প্রকারবিষয়ে যথোচিতম্ ॥৫৫॥
ইতীতি। মৎস্যস্যেদমিতি মাৎস্যকম্। ইদমাখ্যানং শতপথব্রাহ্মণেঽপি দৃশ্যতে ॥৫৬॥

মনু—দেবতা, অসুর ও মানুষস্বরূপ সমস্ত প্রজা, সমস্ত লোক এবং সমস্ত স্থাবর ও জঙ্গম পদার্থ সৃষ্টি করিবেন ॥৫২॥

অতিতীব্র তপস্যার প্রভাবে ইঁহার প্রতিভা জন্মিবে এবং ইনি আমার অনুগ্রহে প্রজাসৃষ্টির বিষয়ে কোনরূপ ভ্রমে পতিত হইবেন না’। এই কথা বলিয়া মৎস্য তৎক্ষণাৎ অদৃশ্য হইয়া গেল ॥৫৩॥

তদনন্তর বৈবস্বতমনু প্রজা সৃষ্টি করিবার ইচ্ছা করিলেন বটে, কিন্তু কি প্রকারে সৃষ্টি করিবেন, তাহা স্থির করিতে পারিলেন না। তৎপরে তিনি গুরুতর তপস্যা করিতে আরম্ভ করিলেন ॥৫৪॥

তাহার পর মনু গুরুতর তপস্যান্বিত হইয়া যথোচিতভাবে সমস্ত প্রজা সৃষ্টি করিতে আরম্ভ করিলেন ॥৫৫॥

এই আমি ‘মাৎস্যক-’ নামক অতিপ্রাচীন উপাখ্যান বলিলাম। মহর্ষিরা এই উপাখ্যানটীকে সর্বপাপনাশক বলিয়া প্রকাশ করিয়াছেন ॥৫৬॥

* ‘…সপ্তাশীত্যধিক…’ বা ব কা, ‘…ঊননবত্যধিক…’ পি, ‘…নবত্যধিক…’ নি।

ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ

—— ০:(*):০ ——

বৈশম্পায়ন উবাচ।

ততঃ স পুনরেবাথ মার্কণ্ডেয়ং যশস্বিনম্।
পপ্রচ্ছ বিনয়োপেতো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥১॥
নৈকে যুগসহস্রান্তাস্ত্বয়া দৃষ্টা মহামুনে!।
ন চাপীহ সমঃ কশ্চিদায়ুষ্মান্ দৃশ্যতে তব ॥২॥
বর্জয়িত্বা মহাত্মানং ব্রহ্মাণং পরমেষ্ঠিনম্।
ন তেঽস্তি সদৃশঃ কশ্চিদায়ুষা ব্রহ্মবিত্তম! ॥৩॥

ভারতকৌমুদী

য ইতি। সর্ব্বে পূর্ণা অর্থা অভীষ্টবিষয়া যস্য সঃ। ইয়াদ্‌গচ্ছেৎ ॥৫৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(০:*:০)——

তত ইতি। অত্রাথশব্দো বাক্যারম্ভে। অতো ন তত ইত্যনেনার্থো পুনরুক্তিঃ ॥১॥

নৈক ইতি। নৈকে অনেকে, যুগসহস্রাণামন্তা অবসানানি ॥২॥

বর্জ্জয়িত্বেতি। পরমে পদে তিষ্ঠতীতি পরমেষ্ঠী। হে ব্রহ্মবিত্তম! বেদজ্ঞশ্রেষ্ঠ! ॥৩॥

ভারতভাবদীপঃ

এবং জীবন্মুক্তিং প্রসাধ্য "তস্যাথ মধ্যে বেতসঃ পুণ্যগন্ধঃ" ইত্যাদিনা নির্গুণে ব্রহ্মণোহ সগুণস্য মায়িকা ভাবাভাবাবুক্তৌ তৎপ্রপঞ্চার্থং ততঃ স পুনরেবাথেত্যাদি মন্যমানো যথা-

---

যে লোক প্রত্যহ এই মনুচরিত্রটী আদ্যোপান্ত শ্রবণ করে, সে লোক সুখী ও পূর্ণমনোরথ হইয়া স্বর্গলোকে গমন করে' ॥৫৭॥

——:(০):——

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর ধর্ম্মরাজ যুধিষ্ঠির বিনয়নম্র হইয়া পুনরায় যশস্বী মার্কণ্ডেয়মুনির নিকট জিজ্ঞাসা করিলেন—॥১॥

'মহর্ষি! আপনি অনেক যুগসমাপ্তি দেখিয়াছেন। এই জগতে আপনার তুল্য আয়ুষ্মান্ অন্য কাহাকেও দেখা যায় না ॥২॥

হে বেদজ্ঞশ্রেষ্ঠ! পরমেষ্ঠী মহাত্মা ব্রহ্মা ব্যতীত অন্য কোন লোকই আয়ুবিষয়ে আপনার সমান নাই ॥৩॥

অনন্তরীক্ষে লোকেঽস্মিন্ দেববানববর্জিতে।
ত্বমেব প্রলয়ে বিপ্র! ব্রহ্মাণমুপতিষ্ঠসে ॥৪॥
প্রলয়ে চাপি নির্ব্বৃত্তে প্রবুদ্ধে চ পিতামহে।
ত্বমেকঃ সৃজ্যমানানি ভূতানীহ প্রপশ্যসি ॥৫॥
চতুর্বিধানি বিপ্রর্ষে! যথাবৎ পরমেষ্ঠিনা।
বায়ুভূতা দিশঃ কৃত্বা বিক্ষিপ্যাপস্ততস্ততঃ ॥৬॥ (যুগ্মকম্)
ত্বয়া লোকগুরুঃ সাক্ষাৎ সর্ব্বলোকপিতামহঃ।
আরাধিতো দ্বিজশ্রেষ্ঠ! তৎপরেণ সমাধিনা ॥৭॥
স্বপ্রমাণমথো বিপ্র! ত্বয়া কৃতমনেকশঃ।
ঘোরেণাবিশ্য তপসা বেধসো নির্জ্জিতাত্ত্বয়া ॥৮॥

ভারতকৌমুদী

অনন্তেতি। অনন্তরীক্ষে প্রাণ্যভাবাৎ হার্দ্দাকাশশূন্যে। উপতিষ্ঠসে আরাধ্নোষি ॥৪॥

প্রলয় ইতি। নির্ব্বৃত্তে অবসিতে, প্রবুদ্ধে জাগরিতে, পিতামহে ব্রহ্মণি। প্রলয়কালে ব্রহ্মা নিদ্রাতীতি পুরাণসংবাদঃ। ভূতানি প্রাণিনঃ। চতুর্বিধানি জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জরূপাণি। বায়ুভূতা বায়ুপূর্ণাঃ, আপো জলানি ॥৫—৬॥

ত্বয়েতি। তৎপরেণ ব্রহ্মনিষ্ঠেন, সমাধিনা ধ্যানেন ॥৭॥

ভারতভাবদীপঃ

বিধীত্যন্তমধ্যায়দ্বয়মারভ্যতেঽদ্বৈতসিদ্ধ্যর্থে ॥১—৩॥ অন্তরিক্ষে স্থূলবিয়দাদ্যভাববতি অস্মিন্ লোকে প্রত্যগাত্মনি প্রলয়ে স্থূলপ্রপঞ্চস্য লয়ে সতি। ব্রহ্মাণং সূত্রাত্মানং সূক্ষ্মভূতময়হিরণ্যগর্ভম্ ॥৪॥ ইহ হৃদয়পুণ্ডরীকে ॥৫॥ চতুর্বিধানি বাসনাময়ানি জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জানি। অস্য প্রলয়স্য পুরুষযত্নসাধ্যতামাহ—বায়ুভূতা ইতি। দিশঃ স্থূলং জগৎপ্রাণনিরোধেন বায়ুমাত্রতামাপাদ্য ততস্ততস্তেন তেনোপায়েনাপো দেহাকারপরিণতা বিক্ষিপ্য পরিত্যজ্য ব্রহ্মাণ্ডং স্থূলদেহে তচ্চ লিঙ্গে প্রবিলাপ্যেত্যর্থঃ ॥৬॥ লোকগুরুঃ সূত্রাত্মা সমাধিনা মনঃ-

---

ব্রাহ্মণ! প্রলয়কালে হৃদয়াকাশরহিত এবং দেবদানববিহীন এই জগতে কেবল আপনিই ব্রহ্মার উপাসনা করিয়া থাকেন ॥৪॥

ব্রহ্মর্ষি! প্রলয়কাল পরিসমাপ্ত এবং ব্রহ্মা জাগরিত হইলে, ব্রহ্মা এই জগতে দিক্‌সমূহকে বায়ুপূর্ণ এবং জলরাশিকে যথাস্থানে স্থাপিত করিয়া যথানিয়মে চতুর্বিধ প্রাণী সৃষ্টি করিতে থাকেন; তখন একমাত্র আপনিই তাহা দেখিতে পান ॥৫—৬॥

এবং দ্বিজশ্রেষ্ঠ! তখন আপনি ব্রহ্মার বিষয়ে ধ্যান অবলম্বন করিয়া জগতের গুরু এবং সমস্ত লোকের পিতামহ সেই সাক্ষাৎ ব্রহ্মার আরাধনা করিয়া থাকেন ॥৭॥

নারায়ণাঙ্কপ্রখ্যস্ত্বং সাম্পরায়েঽতিপঠ্যতে।
ভগবানেকশঃ কৃত্বা ত্বয়া বিষ্ণোশ্চ বিশ্বকৃৎ ॥৯॥
কর্ণিকোদ্ধরণং দিব্যং ব্রহ্মণঃ কামরূপিণঃ।
রত্নালঙ্কারযোগ্যাভ্যাং দৃগ্ভ্যাং দৃষ্টস্ত্বয়া পুরা ॥১০॥

ভারতকৌমুদী

ত্বেতি। হে বিপ্র! ত্বয়া অনেকশো বহুবারমেব, ত্বেন আত্মনৈব প্রমাণং প্রত্যক্ষং কৃতম্, জগৎসৃষ্টেরিতি শেষঃ। তথা ত্বয়া আবিশ্য তপস্যেবাভিনিবিশ্য, তেন চ ঘোরেণ তপসা, বেধসঃ সৃষ্টিকর্ত্তারো মরীচ্যাদয়ো নির্জ্জিতাঃ ॥৮॥

নারায়ণেতি। ত্বম্, জলশায়িনো নারায়ণস্য অঙ্কঃ অঙ্কবর্ত্তী ব্রহ্মা তৎপ্রখ্যঃ প্রভাবে তত্তুল্যঃ। তথা ত্বয়া, সাম্পরায়ে জগৎসংহারে প্রলয়কাল ইত্যর্থঃ, বিষ্ণোঃ সম্বন্ধী বিষ্ণো-র্নাভিকমলস্থ ইতি তাৎপর্য্যম্, ভগবান্ বিশ্বকৃৎ ব্রহ্মা, একশ একৈকং কৃত্বা, অতিপঠ্যতে অতীবস্তূয়তে নারায়ণো ব্রহ্মা চ প্রত্যেকমেবাধিকং স্তূয়ত ইত্যর্থঃ ॥৯॥

কর্ণিকেতি। পুরা সৃষ্টিপ্রারম্ভকালে, ত্বয়া, কামরূপিণো ব্রহ্মণঃ, দিব্যমলৌকিকম্, কর্ণিকায়া আধারীভূতপদ্মবীজকোষস্য উদ্ধরণং দলাপসারণেনাবিষ্করণং যোগবলেন কৃত্বেতি

ভারতভাবদীপঃ

প্রণিধানেন ॥৭॥ অনেকশোঽনেকৈরুপায়ৈঃ কৃতং কার্য্যং সর্ব্বং ব্রহ্মাণ্ডং স্বপ্রমাণমাত্ম-সম্মিতং কৃত্বা সার্ব্বাত্ম্যং প্রাপ্যেত্যর্থঃ। যদ্বা স্বং প্রত্যক্চিতিরেব প্রমাণং যস্মিন্ স্বয়ং বেদ্যং কৃত্বা সার্ব্বজ্ঞ্যং প্রাপ্যেত্যর্থঃ। ঘোরেণ তীব্রেণ তপসা ঐকাগ্র্যেণ। "মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চ ঐকাগ্র্যং পরমং তপ" ইতি স্মৃতেঃ। বেধসো বিরাজো মরীচ্যাদয়ো বা নির্জ্জিতাঃ স্বাত্ম-সাৎকৃতাঃ ॥৮॥ নারায়ণস্যাঙ্কঃ স্থানং সমীপং বা। "অঙ্কস্থানেঽন্তিকে" ইতি বিশ্বঃ। তত্র প্রখ্যঃ প্রখ্যাতো ভগবদ্ভক্তেষূত্তমঃ, সাম্পরায়ে পরলোকে স্থূলদেহত্যাগে বা কর্ত্তব্যে সত্যতি-পঠ্যসেঽত্যন্তং স্তূয়সে লোকৈরিতি শেষঃ। ভগবানিত্যাদিসার্দ্ধঃ, অক্ষরাধিক্যমার্ষম্। বিষ্ণোর্ব্রহ্মণ উপলব্ধিস্থানত্বেন তৎসম্বন্ধিকর্ণিকোদ্ধরণং কৃত্বা যোগকলয়া হৃদয়পুণ্ডরীক-মুদ্ঘাট্যেত্যর্থঃ ত্বয়া দৃগ্ভ্যাং ভগবানেকশোঽনেকবারং দৃষ্ট ইত্যন্বয়ঃ। রত্নানি তত্তজ্জা-ত্যুৎকৃষ্টবস্তূনি তেষামলঙ্কারো নিবারণক্রিয়া পরং বৈরাগ্যমিতি যাবৎ যোগোঽভিযোগোঽ-ভ্যাসঃ বৈরাগ্যাভ্যাসাভ্যামিত্যর্থঃ। দৃগ্ভ্যামিতি বিষমস্থদৃষ্ট্যা হার্দাকাশে দৃষ্টো বহি-র্দৃষ্ট্যাঽপি যোগজধর্ম্মসংস্কৃতয়া ব্যবহিতাদিদর্শিন্যা কৃৎস্নব্রহ্মাণ্ডরূপী করতলামলকবদ্দৃষ্ট ইত্যভি-

ব্রাহ্মণ! আপনি নিজেই অনেকবার জগৎসৃষ্টি প্রত্যক্ষ করিয়াছেন এবং তপস্যাতেই অভিনিবিষ্ট থাকিয়া সেই ভয়ঙ্কর তপস্যা দ্বারা সৃষ্টিকর্ত্তাদিগকে জয় করিয়াছেন ॥৮॥

আপনি, নারায়ণের ক্রোড়বর্ত্তী ব্রহ্মার তুল্য এবং আপনি প্রলয়কালে নারায়ণ ও ব্রহ্মা ইঁহাদের প্রত্যেকেরই বিশেষ স্তব করিয়া থাকেন ॥৯॥

(৯)…সাম্পরায়েঽতিপঠ্যসে…বা ব কা নি।

তস্মাৎ সর্ব্বান্তকো মৃত্যুর্জরা বা দেহনাশিনী।
ন ত্বাং বিশতি বিপ্রর্ষে! প্রসাদাৎ পরমেষ্ঠিনঃ ॥১১॥
যদা নৈব রবির্নাগ্নির্ন বায়ুর্ন চ চন্দ্রমাঃ।
নৈবান্তরীক্ষং নৈবোর্ব্বী শেষং ভবতি কিঞ্চন ॥১২॥
তস্মিন্নেকার্ণবে লোকে নষ্টে স্থাবরজঙ্গমে।
নষ্টে দেবাসুরগণে সমুৎসন্নমহোরগে ॥১৩॥
শয়ানমমিতাত্মানং পদ্মোৎপলনিকেতনম্।
ত্বমেকঃ সর্ব্বভূতেশং ব্রহ্মাণমুপতিষ্ঠসে ॥১৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

শেষঃ, রত্নালঙ্কারৌ কর্ণয়োঃ রত্নকুণ্ডলদ্বয়ং তদ্যোগ্যাভ্যাং সুন্দরতয়া তৎস্পর্শযোগ্যাভ্যাম্। এতেন জ্ঞাননয়নং ব্যাবর্ত্তিতম্। দৃগ্ভ্যাং নেত্রাভ্যাম্, দৃষ্টঃ, তস্য সৃষ্টিব্যাপার ইতি শেষঃ ॥১০॥

তস্মাদিতি। বিশতি আশ্রয়তি। পরমেষ্ঠিনঃ অতিশ্রেষ্ঠস্য ব্রহ্মণঃ ॥১১॥

যদেতি। অন্তরীক্ষং দ্যুলোকঃ, উর্ব্বী ভূলোকঃ, শেষমবশিষ্টম্, ভবতি তিষ্ঠতি। একঃ অর্ণব এব যত্র তস্মিন্। সমুৎসন্না নাশং গতা মহোরগা যস্মিংস্তস্মিন্। পদ্মমেব উৎপলং পুষ্পং তদেব চ নিকেতনং গৃহং যস্য তম্ ॥১২—১৪॥

ভারতভাবদীপঃ

প্রায়েণ ॥৯—১০॥ তব ত্বাং ন বিশতীত্যপকৃষ্যতে ॥১১॥ শেষমবশিষ্টং পঞ্চমহাভূতপ্রলয়ে সতীত্যর্থঃ ॥১২॥ একার্ণবসদৃশে একরসে লোকে আত্মনি সলিল একো দ্রষ্টাদ্বৈতো ভবতি আত্মানমেব লোকমুপাসীতেত্যাদৌ নির্ব্বিশেষে আত্মনি সলিললোকশব্দয়োঃ প্রয়োগদর্শনাৎ স্থাবরাদৌ নষ্টে বাধিতে সতি ॥১৩॥ স্বয়মপি তত্র শয়ানং সমুদ্রে বীচিবল্লীনং পদ্মোৎপল-নিকেতনং হৃৎপদ্মবল্লীপুষ্পস্থমাত্মানং মায়াবিনং ব্রহ্মাণং ব্রহ্ম অসুবাগ্যাপেক্ষয়া পুংস্ত্বম্ ॥১৪॥

এবং আপনি পূর্ব্বকালে কামরূপী ব্রহ্মার আবাস কর্ণিকাকে আবিষ্কার করিয়া কর্ণকুণ্ডলস্পর্শযোগ্য নয়নযুগলদ্বারাই তাঁহার সৃষ্টিকার্য্য দর্শন করিয়াছিলেন ॥১০॥

ব্রহ্মর্ষি! সেই জন্যই ব্রহ্মার অনুগ্রহে সর্ব্বনাশক মৃত্যু কিংবা দেহনাশিনী জরা আপনাকে আশ্রয় করিতে পারে না ॥১১॥

যখন চন্দ্র, সূর্য্য, অগ্নি, বায়ু, দ্যুলোক, ভূলোক বা অন্য কোন বস্তুই অবশিষ্ট থাকে না; স্থাবর ও জঙ্গম সমস্ত পদার্থই নষ্ট হইয়া যায়, দেবগণ ও অসুরগণপর্য্যন্ত থাকেন না এবং মহানাগসমূহও বিনষ্ট হইয়া যায়, জগৎটাই কেবল সমুদ্রময় হইয়া পড়ে, সেই সময়ে সর্ব্বভূতের ঈশ্বর পদ্মস্থিত অমিত-মাহাত্ম্য ব্রহ্মাকে একমাত্র আপনিই উপাসনা করিয়া থাকেন ॥১২—১৪॥

এতৎ প্রত্যক্ষতঃ সর্বং পূর্ব্ববৃত্তং দ্বিজোত্তম ! ।
তস্মাদিচ্ছাম্যহং শ্রোতুং সর্ব্বহেত্বাত্মিকাং কথাম্ ॥১৫॥
অনুভূতং হি বহুশস্ত্বয়ৈকেন দ্বিজোত্তম ! ।
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিৎ সর্ব্বলোকেষু নিত্যদা ॥১৬॥

মার্কণ্ডেয় উবাচ ।

হন্ত তে কথয়িষ্যামি নমস্কৃত্বা স্বয়ম্ভুবে ।
পুরুষায় পুরাণায় শাশ্বতায়াব্যয়ায় চ ।
অব্যক্তায় সুসূক্ষ্মায় নির্গুণায় গুণাত্মনে ॥১৭॥
য এষ পুরুষব্যাঘ্র ! পীতবাসা জনার্দ্দনঃ ।
এষ কর্ত্তা বিকর্ত্তা চ ভূতাত্মা ভূতকৃৎ প্রভুঃ ॥১৮॥

ভারতকৌমুদী

এতদিতি। এতৎ সর্বং ত্বয়া দৃষ্টমিতি শেষঃ। সর্বহেত্বাত্মিকাং কালবিষয়াম্ ॥১৫॥

অনুভূতমিতি। নিত্যদা কদাপি। সপ্তকল্পান্তজীবিত্বাদিত্যুভয়ত্রাপি ভাবঃ ॥১৬॥

হন্তেতি। হন্ত হর্ষে। স্বয়ম্ভুবে কেনাপ্যজনিতায়, পুরুষায় চিদ্রূপায়, পুরাণায় সর্বেভ্যঃ প্রাচীনায়, শাশ্বতায় নিত্যায়, অব্যয়ায় হ্রাসহীনায়, অব্যক্তায় চাক্ষুষজ্ঞানে অস্পষ্টায়, সুসূক্ষ্মায় দুর্বোধায়, নির্গুণায় তুরীয়ায়, গুণাত্মনে মায়োপহিতায় চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

য ইতি। এষ ইত্যঙ্গুল্যা নির্দ্দিষ্টঃ। বিকর্ত্তা কর্তৃবিপরীতঃ সংহর্ত্তা ॥১৮॥

ভারতভাবদীপঃ

এতৎ সর্ব্বং ত্বয়া দৃষ্টমিতি শেষঃ ॥১৫—১৬॥ স্বয়ম্ভুবে অজন্মনে অন্যাপি জন্মত্বে তস্য তস্যাপী-ত্যনবস্থাপাতঃ, পুরুষায় পূর্ণায় পুরাণায় নিত্যৈকরূপায় শাশ্বতায়ানাদয়ে অব্যয়ায় নিত্যায়। অব্যক্তায় রূপাদিহীনায় সুসূক্ষ্মায় দুর্লক্ষ্যায় গুণাত্মনে মায়োপাধয়ে স এষ ইত্যঙ্গুল্যা

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি, প্রাচীন সমস্ত বৃত্তান্তই প্রত্যক্ষ দেখিয়াছেন। অতএব আমি সেই প্রাচীন কালের কথা আপনার নিকট শুনিতে ইচ্ছা করি ॥১৫॥

দ্বিজশ্রেষ্ঠ! এক আপনিই বহু ঘটনা দেখিয়াছেন এবং সমস্ত জগতের কোন বস্তুই কোন কালেও আপনার অবিদিত নাই' ॥১৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'স্বয়ম্ভু, নিত্য, হ্রাসবিহীন, অব্যক্ত, অতিসূক্ষ্ম, এবং নির্গুণ, অথ চ গুণবান্ পুরাণ পুরুষকে নমস্কার করিয়া তোমার নিকট বলিব ॥১৭॥

নরশ্রেষ্ঠ! এই যে পীতাম্বর কৃষ্ণ রহিয়াছেন, ইনিই সৃষ্টিকর্ত্তা ও সংহার-কর্ত্তা এবং ইনিই প্রাণিগণের আত্মা, বিধাতা ও নিয়ন্তা ॥১৮॥

(১৭) হন্ত তে বর্ত্তয়িষ্যামি···বা ব কা পি।

অচিন্ত্যং মহদাশ্চর্য্যং পবিত্রমপি চোচ্যতে।
অনাদিনিধনং ভূতং বিশ্বমব্যয়মক্ষয়ম্ ॥১৯॥
এষ কর্ত্তা ন ক্রিয়তে কারণঞ্চাপি পৌরুষে।
যং হ্যেষ পুরুষো বেদ বেদা অপি ন তং বিদুঃ ॥২০॥
সর্ব্বমাশ্চর্য্যমেবৈতন্নির্বৃত্তং রাজসত্তম!।
আদিতো মনুজব্যাঘ্র! কৃৎস্নস্য জগতঃ ক্ষয়ে ॥২১॥

ভারতকৌমুদী

অচিন্ত্যমিতি। ভূতং বস্তু, বিশ্বং বিশ্বাত্মকং ব্রহ্ম, অব্যয়মহ্রাসম্, অক্ষয়মনাশম্ ॥১৯॥
এষ ইতি। ন ক্রিয়তে কেনাপি। পৌরুষে পুরুষকারসামান্যে ॥২০॥
সর্ব্বমিতি। এতৎ উৎপত্ত্যাদিকং কার্য্যম্। ক্ষয়ে ক্ষয়পর্য্যন্তে কালে ॥২১॥

ভারতভাবদীপঃ

নির্দিশতি ॥১৭॥ বিকর্ত্তা বিবিধরূপত্বকর্ত্তা মহদ্ব্রহ্ম ॥১৮॥ বিশ্বং বিশ্বাত্মকমপ্যব্যয়ম্ অপরিণামি অতএবাক্ষয়মবিনাশি এষ পীতবাসাঃ কর্ত্তৈব ন তু ক্রিয়তে। এতেন কৃষ্ণমূর্ত্তের্ব্যবহারাপেক্ষয়া নিত্যত্বমনাদিত্বঞ্চ দর্শিতম্। তচ্চ ব্যুৎপাদিতমাদিসভাপর্ব্বটীকয়োঃ। পৌরুষে কারণং চায়মেব তস্মাৎ প্রার্থনীয় ইতি ভাবঃ ॥১৯॥ য এনমিতি বক্তব্যে যন্থেষ ইত্যুক্তির্ব্বেত্তৃবেদিত্রোরত্যন্তাভেদপ্রদর্শনার্থা। তথা চ শ্রুতিঃ—"ব্রহ্ম বা ইদমগ্র আসীত্তদাত্মানমেবাবেদহং ব্রহ্মাস্মী"তি তদিদং সর্বমভবদিতি। ব্রহ্মৈব পশ্যতি ব্রহ্ম নাব্রহ্ম ব্রহ্ম পশ্যতীতি স্মৃতিশ্চ বেদা অপি ন তং বিদুরবাঙ্মনসগোচরত্বাৎ সর্ব্বমিতি আদিতঃ পরমাত্মনো নির্বৃত্তং নিষ্পন্নমেতৎ প্রত্যক্ষাদিগম্যং সর্ব্বজগত্যাশ্চর্য্যমেব স্বপ্নমায়েন্দ্রজালবদসম্ভাবনীয়োৎপত্তিস্থিতিকমেব কদা জগতঃ ক্ষয়ে দৃষ্টে সতি। অধিষ্ঠানসাক্ষাৎকারাৎ প্রাগেব বাদিভিঃ প্রধানপরমাণ্বাদিকং জগৎকারণমনুমীয়তে, তস্মিন্ সতি তু প্রধানাদেরভাবাবধারণাৎ কথমেকস্মাদপরিণামিনোঽসহায়াদ্বিচিত্ররচনাত্মকং জগজ্জাতং রজ্জ্বাঃ সর্প ইবেত্যত্যাশ্চর্য্যমিতি ভাবঃ। তথা চ ব্রহ্মৈব সংসরতি তদেব চ জগদাত্মনা নির্বর্ত্তত ইতি শ্লোকদ্বয়তাৎপর্য্যম্ ॥২০॥ অয়মেব পুরুষঃ স্বাজ্ঞানোত্থমাশ্চর্য্যরূপং জগৎপশ্যংস্তত্র রাগাদিমান্ ভূত্বা যুগচতুষ্টয়াত্মা ভবতি। তথা চ শ্রুতিঃ—"কলিঃ শয়ানো ভবতি সঞ্জিহানস্তু দ্বাপরঃ। উত্তিষ্ঠংস্ত্রেতা ভবতি কৃতং সম্পদ্যতে চর"ন্নিতি ধর্ম্মাৎ পরাঙ্মুখঃ পুরুষ এব কলিঃ ধর্ম্মং শাস্ত্রাচার্য্যাভ্যাং জানন্ দ্বাপরঃ তমনুষ্ঠাতুমিচ্ছংস্ত্রেতা অনুতিষ্ঠন্ কৃতং ভবতি এতেষাং ব্যুৎক্রমেণ কালঃ প্রমাণমাহ—কলে-

মহর্ষিরা বলেন—'জগন্ময় ব্রহ্মপদার্থ—অচিন্তনীয়, মহাশ্চর্য্য ও পবিত্র; ইঁহার জন্ম নাই, মৃত্যু নাই, হ্রাস নাই এবং নাশ নাই ॥১৯॥

ইনি সমস্ত সৃষ্টি করেন, কিন্তু ইঁহাকে কেহ সৃষ্টি করে না; ইনি সমস্ত পুরুষকারের কারণ এবং ইনি যাহা জানেন, বেদও তাহা জানে না ॥২০॥

(২০)···যন্থেষ পুরুষো বেদ দেবা অপি ন তং বিদুঃ—বা ব কা।

চত্বার্য্যাহুঃ সহস্রাণি বর্ষাণাং তৎ কৃতং যুগম্ ।
তস্য তাবচ্ছতী সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ তথাবিধঃ ॥২২॥
ত্রীণি বর্ষসহস্রাণি ত্রেতাযুগমিহোচ্যতে ।
তস্য তাবচ্ছতী সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ ততঃ পরম্ ॥২৩॥
তথা বর্ষসহস্রে দ্বে দ্বাপরং পরিমাণতঃ ।
তস্যাপি দ্বিশতী সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ তথাবিধঃ ॥২৪॥

ভারতকৌমুদী

সত্যযুগপরিমাণমাহ চত্বারীতি। এষু সর্বেষেব বর্ষগণনা দেবপরিমাণেনৈব জ্ঞেয়া, "সহস্রমেকং বর্ষাণাং দিব্যং কলৌ প্রকীর্ত্তিতম্" ইতি মৎস্যপুরাণবচনৈকবাক্যত্বাৎ কলিবর্ষগণনে দিব্যমিত্যনেন দেবপরিমাণস্যৈব গ্রহণেনান্যেষামপি তথাত্বৌচিত্যাৎ। এবঞ্চ শ্রীমদ্ভাগবতমতেনাপ্যস্য সামঞ্জস্যমূহ্যেম্। তস্য কৃতযুগস্য, তাবচ্ছতী চতুঃশতী, তথাবিধঃ বর্ষচতুঃশতীরূপ এব। যুগবর্ষেষু পূর্ণং যুগলক্ষণম্, সন্ধ্যাকালে তস্য কিয়ান্ হ্রাসঃ, সন্ধ্যাংশকালে চ পরযুগলক্ষণস্যৈব প্রায়েণ প্রকাশ ইতি ভেদঃ। এবং সর্বত্র ॥২২॥

ত্রেতায়াঃ পরিমাণমাহ ত্রীণীতি। তাবচ্ছতী ত্রিশতী, সন্ধ্যাংশশ্চ ত্রিশতী ॥২৩॥

দ্বাপরস্য পরিমাণমুল্লিখতি তথেতি। পরিমাণতো দেবপরিমাণেন ॥২৪॥

ভারতভাবদীপঃ

বীভৎসত্বপ্রদর্শনার্থঞ্চত্বার্য্যাহুরিত্যাদিনা ॥২১॥ তাবচ্ছতী চতুঃশতী সন্ধ্যা পূর্বস্মিন্ যুগে উত্তরযুগধর্ম্মাণামুপসর্জ্জনতয়া সংক্রমঃ সন্ধ্যাংশস্তূত্তরস্মিন্ পূর্ব্বযুগধর্ম্মাণাং তথাবিধ উত্তরপ্রকারস্ত্রিশতীমিতোঽয়মেব পূর্ব্বযুগাপেক্ষয়া সন্ধ্যাংশ উত্তরযুগাপেক্ষয়া সন্ধ্যেতি চোচ্যতে। তথাচ কৃতত্রেতয়োঃ সন্ধ্যাসন্ধ্যাংশৌ সপ্তশতী। ত্রেতাদ্বাপরয়োঃ পঞ্চশতী। দ্বাপরকল্যোস্ত্রিশতী কলিকৃতয়োস্তু পঞ্চশতীতি বিজ্ঞেয়ম্। এবঞ্চ কৃতস্যাদৌ চতুঃশতী কল্যপেক্ষয়া সন্ধ্যাংশোঽপি কৃতাপেক্ষয়া সন্ধ্যা। এবং সর্ব্বত্র জ্ঞেয় সন্ধ্যাসন্ধ্যাংশয়ো-

---

রাজাধিরাজ মনুষ্যশ্রেষ্ঠ! সমগ্র জগতের আদি হইতে শেষ পর্য্যন্ত যাহা নিষ্পন্ন হয়, সে সমস্তই আশ্চর্য্য ॥২১॥

মুনিরা বলেন—দেবপরিমাণে চারি হাজার বৎসরে সত্যযুগ হয়; আর চারি শত বৎসরে তাহার সন্ধ্যাকাল এবং চারি শত বৎসরে তাহার সন্ধ্যাংশকাল হয় ॥২২॥

দেবপরিমাণে তিন হাজার বৎসরে ত্রেতাযুগ হয়; আর তিন শত বৎসরে তাহার সন্ধ্যাকাল এবং তৎপরে তিন শত বৎসরে তাহার সন্ধ্যাংশকাল হয় ॥২৩॥

দেবপরিমাণে দুই হাজার বৎসরে দ্বাপরযুগ হয়; আর দুই শত বৎসরে তাহার সন্ধ্যাকাল ও দুই শত বৎসরে তাহার সন্ধ্যাংশকাল হয় ॥২৪॥

সহস্রমেকং বর্ষাণাং ততঃ কলিযুগং স্মৃতম্ ।
তস্য বর্ষশতং সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ ততঃ পরম্ ॥২৫॥
সন্ধ্যাসন্ধ্যাংশয়োস্তুল্যং প্রমাণমুপধারয় ।
ক্ষীণে কলিযুগে চৈব প্রবর্ত্ততি কৃতং যুগম্ ॥২৬॥
এষা দ্বাদশসাহস্রী যুগাখ্যা পরিকীর্ত্তিতা ।
এতৎ সহস্রপর্য্যন্তমহর্ব্রাহ্মমুদাহৃতম্ ॥২৭॥
বিশ্বং হি ব্রাহ্মভবনে সর্বতঃ পরিবর্ত্ততে ।
লোকানাং মনুজব্যাঘ্র ! প্রলয়ং তং বিদুর্বুধাঃ ॥২৮॥
অল্পাবশিষ্টে তু তদা যুগান্তে ভরতর্ষভ ! ।
সহস্রান্তে নরাঃ সর্বে প্রায়শোঽনৃতবাদিনঃ ॥২৯॥

ভারতকৌমুদী

কলেঃ পরিমাণং দর্শয়তি সহস্রমিতি। বর্ষশতম্ একমিত্যর্থঃ ॥২৫॥

সন্ধ্যেতি। প্রমাণং পরিমাণম্। কলিসন্ধ্যাংশে সত্যযুগলক্ষণস্য প্রায়েণ প্রকাশঃ ॥২৬॥

এষেতি। চতুর্ষু যুগেষু বর্ষাণাং দশ সহস্রাণি, তেষাং সন্ধ্যাসন্ধ্যাংশয়োর্দ্বে সহস্রে ইতি মিলিত্বা দ্বাদশসাহস্রী। যুগাখ্যা চতুর্যুগসংখ্যা। সহস্রপর্য্যন্তম্ একসহস্রাত্মকম্, এতৎ দেবপরিমাণকং চতুর্যুগম্, ব্রাহ্মং ব্রহ্মণঃ সম্বন্ধি, অহর্দিনমুদাহৃতম্। এবঞ্চ ব্রহ্মণো রাত্রেরপি তথাত্বাৎ "দৈবে যুগসহস্রে দ্বে ব্রাহ্মঃ" ইত্যমরকোষেণ সহ ন বিরোধঃ ॥২৭॥

বিশ্বমিতি। সর্বতঃ সর্বম্, বিশ্বং জগৎ, ব্রাহ্মভবনে রাত্রৌ ব্রহ্মণো গৃহে ॥২৮॥

ধর্ম্মবিপ্লবাদিদানীং কলিযুগশেষাবস্থামাহ অল্পেতি। যুগান্তে কলৌ। অল্পাবশিষ্টঃ কীদৃশ ইত্যাহ সহস্রান্ত ইতি। সহস্রস্য দেবপরিমাণেন সহস্রবৎসরাত্মকস্য কলিযুগস্য চতুর্দ্ধা বিভক্তস্য অন্তে অন্তিমভাগে। অনৃতবাদিনো মিথ্যাভাষিণঃ ॥২৯॥

এবং দেবপরিমাণে এক হাজার বৎসরে কলিযুগ হয়; আর এক শত বৎসরে তাহার সন্ধ্যাকাল ও একশত বৎসরে তাহার সন্ধ্যাংশকাল হয় ॥২৫॥

যুধিষ্ঠির! সন্ধ্যা ও সন্ধ্যাংশের পরিমাণ সমান জানিবে এবং কলিযুগ সমাপ্ত হইলে আবার সত্যযুগ প্রবৃত্ত হয় জানিবে ॥২৬॥

মুনিরা বলিয়াছেন—চারি যুগের পরিমাণ—এই (দেবপরিমাণে) বার হাজার বৎসর এবং দেবপরিমাণে ইহার এক হাজারে ব্রহ্মার একটী দিন হয় ॥২৭॥

নরশ্রেষ্ঠ! এই সমস্ত জগৎটাই ব্রহ্মার রাত্রিতে যাইয়া ব্রহ্মার গৃহে উপস্থিত হয় এবং পণ্ডিতেরা সেই কালটাকেই প্রলয়কাল বলিয়া জানেন ॥২৮॥

ভরতশ্রেষ্ঠ! কলিযুগ অল্পমাত্র অবশিষ্ট থাকিতে অর্থাৎ দেবপরিমাণে

যজ্ঞপ্রতিনিধিঃ পার্থ ! দানপ্রতিনিধিস্তথা ।
ব্রতপ্রতিনিধিশ্চৈব তস্মিন্ কালে প্রবর্ত্ততে ॥৩০॥
ব্রাহ্মণাঃ শূদ্রকর্ম্মাণস্তথা শূদ্রা ধনার্জ্জকাঃ ।
ক্ষত্রধর্ম্মেণ চাপ্যত্র বর্ত্তয়ন্তি গতে যুগে ॥৩১॥
নিবৃত্তযজ্ঞস্বাধ্যায়া দণ্ডাজিনবিবর্জ্জিতাঃ ।
ব্রাহ্মণাঃ সর্ব্বভক্ষ্যাশ্চ ভবিষ্যন্তি কলৌ যুগে ॥৩২॥
অজপা ব্রাহ্মণাস্তাত ! শূদ্রা জপপরায়ণাঃ ।
বিপরীতে তদা লোকে পূর্ব্বরূপং ক্ষয়স্য তৎ ॥৩৩॥
বহবো ম্লেচ্ছরাজানঃ পৃথিব্যাং মনুজাধিপ ! ।
মৃষানুশাসিনঃ পাপা মৃষাবাদপরায়ণাঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

যজ্ঞেতি। তদানীং কর্ম্মণাং মুখ্যঃ কল্পঃ প্রায়েণৈব ন বর্ত্তত ইত্যাশয়ঃ ॥৩০॥
ব্রাহ্মণা ইতি। ধনার্জ্জকা দ্বিজাতিসেবাব্যতিরেকেণৈবেতি ভাবঃ। গতে অবসিতে ॥৩১॥
নিবৃত্তেতি। দণ্ডৈর্বৈণবাদিভিঃ, অজিনৈঃ কৃষ্ণমৃগচর্ম্মভির্বিবর্জ্জিতাঃ ॥৩২॥
অজপা ইতি। লোকে লোকভাবে, ক্ষয়স্য কলিযুগাবসানস্য ॥৩৩॥
বহব ইতি। মৃষানুশাসিনঃ অন্যায়েন প্রজাশাসনকারিণঃ ॥৩৪॥

একসহস্রবৎসরাত্মক কলিযুগের শেষভাগে প্রায় সকল মানুষই মিথ্যাবাদী হয় ॥২৯॥

পৃথানন্দন ! সেই সময়ে যজ্ঞ, দান ও ব্রতের প্রতিনিধি চলিতে আরম্ভ হয় ॥৩০॥

কলিযুগ অবসিত হইয়া আসিলে, ব্রাহ্মণেরা শূদ্রের কার্য্য করেন ; আবার শূদ্রেরা দ্বিজাতিসেবা ব্যতিরেকে ধন উপার্জ্জন করে এবং ক্ষত্রিয়ধর্ম্ম অবলম্বন করিয়া জীবিকানির্ব্বাহ করে ॥৩১॥

কলিযুগে ব্রাহ্মণদের যজ্ঞ ও বেদপাঠ তিরোহিত হইয়া যায়, আর তাঁহারা দণ্ড ও মৃগচর্ম্মবর্জ্জিত হন এবং সর্বভক্ষ্য হইয়া উঠেন ॥৩২॥

বৎস ! ব্রাহ্মণেরা জপশূন্য হন, আর শূদ্রেরা জপপরায়ণ হয়। এই ভাবে তখন লোকের ভাব বিপরীত হইতে থাকিলেই কলিযুগাবসানের লক্ষণ প্রকাশ পায় ॥৩৩॥

নরনাথ ! পাপাচারী বহুসংখ্যক ম্লেচ্ছ রাজা হইয়া পৃথিবীতে অন্যায়ভাবে শাসন করে এবং মিথ্যা ব্যবহার করে ॥৩৪॥

আন্ধ্রাঃ শকাঃ পুলিন্দাশ্চ যবনাশ্চ নরাধিপাঃ।
কাম্বোজা বাহ্লিকাঃ শূরাস্তথাভীরা নরোত্তম! ॥৩৫॥
ন তদা ব্রাহ্মণঃ কশ্চিৎ স্বধর্ম্মমুপজীবতি।
ক্ষত্রিয়াশ্চাপি বৈশ্যাশ্চ বিকর্ম্মস্থা নরাধিপ! ॥৩৬॥
অল্পায়ুষঃ স্বল্পবলাঃ স্বল্পবীর্য্যপরাক্রমাঃ।
অল্পসারাল্পদেহাশ্চ তথা সত্যাল্পভাষিণঃ ॥৩৭॥
বহুশূন্যা জনপদা মৃগব্যালাবৃতা দিশঃ।
যুগান্তে সমনুপ্রাপ্তে বৃথা চ ব্রহ্মবাদিনঃ ॥৩৮॥
ভোবাদিনস্তথা শূদ্রা ব্রাহ্মণাশ্চার্য্যবাদিনঃ।
যুগান্তে মনুজব্যাঘ্র! ভবন্তি বহুজন্তবঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

আন্ধ্রা ইতি। আন্ধ্রাদয়ো জাতিবিশেষাঃ। নরাধিপা ভবন্তীতি শেষঃ ॥৩৫॥

নেতি। স্বধর্ম্মং যাজনাদিকম্। বিকর্ম্মস্থা বিরুদ্ধকর্ম্মকারিণঃ ॥৩৬॥

অল্পেতি। বীর্য্যমুৎসাহঃ। অল্পঃ সারো দৃঢ়তা যেষাং তে, অল্পদেহাঃ খর্ব্বদেহাঃ। সত্যম্ অল্পং যত্র তৎ সত্যাল্পং বাক্যং ভাষন্ত ইতি তে ॥৩৭॥

বহ্বিতি। বহব এব শূন্যা জনরহিতা যেষু তে, মৃগৈঃ পশুভির্ব্যালৈঃ সর্পৈশ্চ আবৃতাঃ। যুগান্তে কলিযুগাবসানে, বৃথা ব্রহ্মবাদিনঃ জ্ঞানাচারাভাবেন কেবলবেদবক্তারঃ ॥৩৮॥

ভোবাদিন ইতি। ভো ইত্যবজ্ঞাসূচকম্ আর্য্যেতি চ গৌরবব্যঞ্জকং সম্বোধনম্ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

স্থলাং প্রমাণং ভবতি ॥২২—২৮॥ কলের্দোষান্ বর্ণয়তি—প্রহাণায় ধর্ম্মাংসেন মোক্ষমার্গে প্রীতিজননায় চ। সহস্রান্ত ইতি। সহস্রস্য চতুর্ভাগকৃতস্যান্তেঽন্তিমপাদে ॥২৯—৩৫॥ স্বধর্ম্মং যাজনপ্রতিগ্রহাদি ॥৩৬॥ সত্যেঽল্পং সত্যাল্পং সত্যবাদোঽত্যল্প ইত্যর্থঃ ॥৩৭॥

নরশ্রেষ্ঠ! অন্ধ্র, শক, পুলিন্দ, যবন, কম্বোজ, বাহ্লিক, শূর ও আভীর জাতীয় লোকেরা রাজা হয় ॥৩৫॥

রাজা! তখন কোন ব্রাহ্মণই আপন ধর্ম্ম অবলম্বন করিয়া জীবিকানির্ব্বাহ করেন না এবং ক্ষত্রিয়-বৈশ্যেরাও বিরুদ্ধ কর্ম্ম করিতে থাকেন ॥৩৬॥

প্রায় মানুষই—অল্পায়ু, অল্পবল, অল্পোৎসাহ, অল্পপরাক্রম, অল্পসার, খর্ব্ব-দেহ এবং অল্পসত্যভাষী হয় ॥৩৭॥

কলিযুগের অবসান হইয়া আসিলে, দেশের মধ্যে বহুদেশই লোকশূন্য, দিক্ সকল পশু-সর্পে পরিপূর্ণ এবং বহু লোকই বৃথা বেদবক্তা হয় ॥৩৮॥

নরশ্রেষ্ঠ! কলিযুগের শেষে শূদ্রেরা ব্রাহ্মণদিগকে 'ভো' বলিয়া সম্বোধন করে, আর ব্রাহ্মণেরা শূদ্রদিগকে 'আর্য্য' বলিয়া সম্বোধন করেন এবং জন্তুর সংখ্যা অধিক হয় ॥৩৯॥

ন তথা ঘ্রাণযুক্তাশ্চ সর্ব্বগন্ধা বিশাংপতে ।
রসাশ্চ মনুজব্যাঘ্র ! ন তথা স্বাদুযোগিনঃ ॥৪০॥
বহুপ্রজা হ্রস্বদেহাঃ শীলাচারবিবর্জিতাঃ ।
মুখেভগাঃ স্ত্রিয়ো রাজন্ ! ভবিষ্যন্তি জনাধিপ ! ॥৪১॥
অট্টশূলা জনপদাঃ শিবশূলাশ্চতুষ্পথাঃ ।
কেশশূলাঃ স্ত্রিয়ো রাজন্ ! ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥৪২॥

ভারতকৌমুদী

নেতি । তথা মধুরত্বেন, ঘ্রাণযুক্তা নাসিকাসম্বদ্ধাঃ । স্বাদুযোগিনঃ স্বাদুতাভাজঃ ॥৪০॥

চেতি সূত্রাভ্যাং নিত্যসিদ্ধেশ্বরস্য উপাসনাসিদ্ধানামীশ্বরাণাং চান্যস্য জগৎসৃষ্টৌ স্বাতন্ত্র্যম্, ইতরেষাং ভূতসৃষ্টিকালে সন্নিধানাদসামর্থ্যঞ্চ। উভয়েষাং শীতবাদিত্রাদিভোগে সাম্যং চাস্তীতি প্রদর্শ্য আদ্যস্য স্বরূপং মহদাদিবিকারাদ্বহির্ভূতং চকারাত্তদন্তর্ব্বর্ত্তি চ। "স ভূমিং সর্ব্বতো বৃত্বাঽত্যতিষ্ঠদ্দশাঙ্গুল"মিতি বেদ এবাবিকারস্য রূপস্য স্থিতিমাহ। তস্মাৎ কৃষ্ণমূর্ত্তির্ব্যবহারতো বিয়দাদিবন্নিত্যেতি যুক্তমুৎপশ্যামঃ শ্রুতিবিরোধস্তত্র প্রাগেব নিরস্তঃ

হে ব্রহ্মর্ষিসেবিত ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি তোমার উপরে বার বার সন্তুষ্ট হইয়া ব্রহ্মার রূপ ধারণ করিয়া তোমাকে বর দিয়াছি ॥৪২॥

স্থাবর-জঙ্গমবিহীন একমাত্র সমুদ্রস্বরূপ জগৎটাকে দেখিয়া তুমি আকুল হইয়া পড়িয়াছিলে, তাহা আমি বুঝিয়াছিলাম; তাই তোমাকে (উদরের ভিতরে নিয়া) আবার জগৎ দেখাইয়াছি ॥৪৩॥

তুমি যখন আমার শরীরের ভিতরে প্রবেশ করিয়াছিলে, তখন আবার সমস্ত জগৎ দেখিয়া বিস্মিত হইয়া আমার মায়া বুঝিতে পার নাই ॥৪৪॥

ব্রহ্মর্ষি! সেই জন্যই আমি তোমাকে আবার মুখ হইতে নিঃসারিত করিয়াছি এবং দেবদানবগণেরও দুর্জ্ঞেয় আমার স্বরূপ তোমার নিকট বলিয়াছি ॥৪৫॥

ব্রহ্মর্ষি! যে পর্য্যন্ত সেই মহাতপা ভগবান্ ব্রহ্মা জাগরিত না হন, সে পর্য্যন্ত তুমি নিঃশঙ্কচিত্ত হইয়া এই খানেই সুখে বিচরণ কর ॥৪৬॥

ততো বিবুদ্ধে তস্মিংস্তু সর্ব্বলোকপিতামহে।
একীভূতো হি স্রক্ষ্যামি শরীরাণি দ্বিজোত্তম ! ॥৪৭॥
আকাশং পৃথিবীং জ্যোতির্বায়ুং সলিলমেব চ।
লোকে যচ্চ ভবেচ্ছেষমিহ স্থাবরজঙ্গমম্ ॥৪৮॥ (যুগ্মকম্)

মার্কণ্ডেয় উবাচ।

ইত্যুক্ত্বান্তর্হিতস্তাত ! স দেবঃ পরমাদ্ভুতঃ।
প্রজাশ্চেমাঃ প্রপশ্যামি বিচিত্রা বিবিধাঃ কৃতাঃ ॥৪৯॥
এবং দৃষ্টং ময়া রাজন্ ! তস্মিন্ প্রাপ্তে যুগক্ষয়ে।
আশ্চর্য্যং ভরতশ্রেষ্ঠ ! সর্বধর্ম্মভৃতাং বর ! ॥৫০॥
যঃ স দেবো ময়া দৃষ্টঃ পুরা পদ্মায়তেক্ষণঃ।
স এষ পুরুষব্যাঘ্র ! সম্বন্ধী তে জনার্দ্দনঃ ॥৫১॥

ভারতকৌমুদী

তত ইতি। একীভূতঃ সম্মিলিতঃ। স শরীরাণি সৃজেৎ, অহঞ্চ জীবরূপেণ তেষু প্রবিশেয়ম্, উভয়োরেকাত্মত্বাচ্চ "তৎ সৃষ্টা তদেবানুপ্রাবিশৎ" ইতি শ্রুত্যা ন বিরোধ ইতি ভাবঃ। জ্যোতিঃ চন্দ্রসূর্য্যাদিরূপং তেজঃ। শেষমবশিষ্টং পর্ব্বতাদি ॥৪৭—৪৮॥

ইতীতি। প্রপশ্যামি, তস্যাসাধারণমায়াবশাদেবেতি ভাবঃ ॥৪৯॥

এবমিতি। প্রাপ্তে উপস্থিতে, যুগক্ষয়ে প্রলয়ে ॥৫০॥

য ইতি। সম্বন্ধী মাতুলপুত্রত্বরূপসম্বন্ধবান্। ধ্যানাদেবেদমবগতমিত্যাশয়ঃ ॥৫১॥

ভারতভাবদীপঃ

॥৩৯—৪৫॥ যাবদিতি। ব্রহ্মা বিরাট্ ইহ লিঙ্গাত্মনি স্থূলাধ্যাসোদয়াদর্বাক্ সূক্ষ্মে এব স্থাতব্যমিত্যর্থঃ। স্পষ্টার্থমন্যৎ ॥৪৬—৫৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! তাহার পর সেই সর্ব্বলোকপিতামহ ব্রহ্মা জাগরিত হইলে, আমি তাঁহার সহিত মিলিত হইয়া সর্ব্বপ্রকার শরীর, আকাশ, পৃথিবী, তেজ, বায়ু, জল এবং এই জগতে স্থাবর-জঙ্গমাত্মক যে কিছু অবশিষ্ট পদার্থ থাকে, তাহা সৃষ্টি করিব' ॥৪৭—৪৮॥

মার্কণ্ডেয় বলিলেন—'বৎস ! এই সকল বলিয়া সেই পরমাশ্চর্য্য দেবতা অন্তর্হিত হইলেন। তাহার পরই আমি দেখি—বিচিত্র ও নানাবিধ এই সকল প্রজা সৃষ্টি করা হইয়াছে। ॥৪৯॥

ধার্ম্মিকপ্রধান ভরতশ্রেষ্ঠ রাজা ! সেই প্রলয়ের সময়ে আমি এইরূপ আশ্চর্য্য দেখিয়াছিলাম ॥৫০॥

অস্যৈব বরদানাদ্ধি স্মৃতির্ন প্রজহাতি মাম্।
দীর্ঘমায়ুশ্চ কৌন্তেয়! স্বচ্ছন্দমরণং মম ॥৫২॥
স এষ কৃষ্ণো বার্ষ্ণেয়ঃ পুরাণঃ পরমো বিভুঃ।
আস্তে হরিরচিন্ত্যাত্মা ক্রীড়ন্নিব মহাভুজঃ ॥৫৩॥
এষ ধাতা বিধাতা চ সংহর্ত্তা চৈব শাশ্বতঃ।
শ্রীবৎসবক্ষা গোবিন্দঃ প্রজাপতিপতিঃ প্রভুঃ ॥৫৪॥
দৃষ্ট্বেমং বৃষ্ণিপ্রবরং স্মৃতির্মামিয়মাগতা।
আদিদেবময়ং জিষ্ণুং পুরুষং পীতবাসসম্ ॥৫৫॥
সর্ব্বেষামেব ভূতানাং পিতা মাতা চ মাধবঃ।
গচ্ছধ্বমেনং শরণং শরণ্যং কৌরবর্ষভাঃ! ॥৫৬॥

ভারতকৌমুদী

অস্যেতি। স্বচ্ছন্দমরণং নিজেচ্ছানুসারেণৈব মৃত্যুঃ, জাতমিতি শেষঃ ॥৫২॥

স ইতি। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশসম্ভূতঃ। বিভুর্বিশ্বব্যাপী ॥৫৩॥

এষ ইতি। ধাতা রক্ষিতা, বিধাতা স্রষ্টা, শাশ্বতো নিত্যঃ। শ্রীবৎসো রোমাবর্ত্তো বক্ষসি যস্য সঃ, গোবিন্দো বৃন্দাবনে গোপালকঃ, প্রজাপতীনাং ব্রহ্মাদীনামপি পতিঃ ॥৫৪॥

দৃষ্টেতি। আদিদেবময়মিতি স্বরূপার্থে ময়ট্। পুরুষং সাংখ্যসম্মতম্ ॥৫৫॥

সর্ব্বেষামিতি। পিতা উৎপাদনাৎ, মাতা চ গর্ভে ধারণাৎ। তচ্চ প্রাগেবোক্তম্ ॥৫৬॥

পুরুষশ্রেষ্ঠ! আমি পূর্ব্বকালে সেই যে পদ্মনয়ন দেবতাকে দেখিয়াছিলাম, তিনিই এই তোমার মাতুলপুত্র কৃষ্ণ। ॥৫১॥

কুন্তীনন্দন! ইঁহারই বরের প্রভাবে সেই স্মৃতি আমাকে ত্যাগ করে নাই এবং আমার দীর্ঘ আয়ু ও ইচ্ছামৃত্যু হইয়াছে ॥৫২॥

সর্ব্বাপেক্ষা প্রাচীন, সর্বাপেক্ষা উত্তম, সর্ব্বব্যাপী এবং অচিন্তনীয়স্বভাব সেই নারায়ণ বৃষ্ণিবংশে এই মহাবাহু কৃষ্ণ হইয়া লীলা প্রকাশ করিবার জন্যই যেন অবস্থান করিতেছেন ॥৫৩॥

ইনি—সৃষ্টিকর্ত্তা, রক্ষাকর্ত্তা, সংহারকর্ত্তা, সনাতন, বক্ষে শ্রীবৎসচিহ্নধারী, গোকুলে গোপালনকারী, প্রজাপতিদেরও পতি এবং বিশ্বনিয়ন্তা ॥৫৪॥

আদিদেব, সর্ব্ববিজয়ী, পুরুষ ও পীতবসন এই বৃষ্ণিবংশপ্রবরকে দেখিয়া আমার এই স্মৃতি উপস্থিত হইয়াছে ॥৫৫॥

কৌরবশ্রেষ্ঠগণ! এই কৃষ্ণই সর্ব্বভূতের পিতা, মাতা ও রক্ষিতা। সুতরাং তোমরা ইঁহার শরণাগত হও' ॥৫৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তাশ্চ তে পার্থা যমৌ চ পুরুষর্ষভৌ।
দ্রৌপদ্যা সহিতাঃ সর্ব্বে নমশ্চক্রুর্জ্জনার্দ্দনম্ ॥৫৭॥
স চৈতান্ পুরুষব্যাঘ্র! সাম্না পরমবল্গুনা।
সান্ত্বয়ামাস মানার্হো মন্যমানো যথাবিধি ॥৫৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং মার্কণ্ডেয়নারায়ণসংবাদে ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ

—— ০:(*):০ ——

বৈশম্পায়ন উবাচ।

যুধিষ্ঠিরস্তু কৌন্তেয়ো মার্কণ্ডেয়ং মহামুনিম্।
পুনঃ পপ্রচ্ছ সাম্রাজ্যে ভবিষ্যাং জগতো গতিম্ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। পার্থাঃ কুন্তীপুত্রাঃ, যমৌ নকুলসহদেবৌ ॥৫৭॥

স ইতি। সাম্না আশ্বাসবাক্যেন, পরমবল্গুনা অতিসুন্দরেণ ॥৫৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(০:*:০)——

যুধীতি। সাম্রাজ্যে আত্মনা কর্ত্তব্যে সতি। গতিমবস্থাম্ ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—মার্কণ্ডেয় এইরূপ বলিলে, কুন্তীর পুত্রগণ, পুরুষশ্রেষ্ঠ নকুল ও সহদেব এবং দ্রৌপদী ইঁহারা সকলেই সম্মিলিত হইয়া কৃষ্ণকে নমস্কার করিলেন ॥৫৭॥

নরশ্রেষ্ঠ জনমেজয়! জগৎপূজনীয় কৃষ্ণও যথাবিধানে তাঁহাদের প্রতি সম্মান করিয়া পরমসুন্দর আশ্বাসবাক্যে তাঁহাদিগকে আশ্বস্ত করিলেন ॥৫৮॥

——:(০):——

বৈশম্পায়ন বলিলেন—কুন্তীনন্দন যুধিষ্ঠির সাম্রাজ্য করিবেন বলিয়া মহর্ষি মার্কণ্ডেয়ের নিকটে জগতের ভাবী অবস্থার বিষয়ে পুনরায় জিজ্ঞাসা করিলেন ॥১॥

'…একোননবত্যধিক…' বা ব কা, '…নবত্যধিক…' পি, '…দ্বিনবত্যধিক…' নি।

যুধিষ্ঠির উবাচ।

আশ্চর্য্যভূতং ভবতঃ শ্রুতং নো বদতাং বর!।
মুনে! ভার্গব! যদ্বৃত্তং যুগাদৌ প্রভবাপ্যয়ম্ ॥২॥
অস্মিন্ কলিযুগে ত্বস্তি পুনঃ কৌতূহলং মম।
সমাকুলেষু ধর্ম্মেষু কিং নু শেষং ভবিষ্যতি ॥৩॥
কিংবীর্য্যা মানবাস্তত্র কিমাহারবিহারিণঃ।
কিমায়ুষঃ কিংবসনা ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥৪॥
কাঞ্চ কাষ্ঠাং সমাসাদ্য পুনঃ সম্পদ্যতে কৃতম্।
বিস্তরেণ মুনে! ব্রূহি বিচিত্রাণীহ ভাষসে ॥৫॥
ইত্যুক্তঃ স মুনিশ্রেষ্ঠঃ পুনরেবাভ্যভাষত।
রময়ন্ বৃষ্ণিশার্দ্দূলং পাণ্ডবাংশ্চ মহানৃষিঃ ॥৬॥

ভারতকৌমুদী

আশ্চর্য্যেতি। নঃ অস্মাভিঃ। প্রভবঃ সৃষ্টিশ্চ অপায়ঃ প্রলয়শ্চেতি তৎ ॥২॥
অস্মিন্নিতি। অস্মিন্ অচিরভাবিনি। সমাকুলেষু বিপ্লুতেষু। শেষমবশিষ্টম্ ॥৩॥
কিমিতি। কিং কীদৃশং বীর্য্যং যেষাং তে। এবমন্যত্র ॥৪॥
কামিতি। কাষ্ঠাং কালম্, "কাষ্ঠা কালেঽপি" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥৫॥
ইতীতি। রময়ন্ আনন্দয়ন্, বৃষ্ণিশার্দ্দূলং কৃষ্ণম্ ॥৬॥

ভারতভাবদীপঃ

এবং কৃষ্ণাদ্বৈতং প্রসাধ্য তত্র প্রীতিহেতোর্বিষয়বৈরাগ্যস্যোৎপাদনায় পুনর্ভবিষ্যমেবা-
ায়দ্বয়েন প্রশ্নপূর্ব্বকমাহ—যুধিষ্ঠিরস্ত্বিত্যাদিনা। সাম্রাজ্যে কর্ত্তব্যে সতি ॥১—২॥ কিন্তু

যুধিষ্ঠির বলিলেন—বাগ্মিশ্রেষ্ঠ মুনি ভৃগুনন্দন! যুগের আদিতে জগতের য প্রলয় ও উৎপত্তি হইয়া গিয়াছে, তাহার আশ্চর্য্য বৃত্তান্ত আমরা আপনার নিকট শুনিলাম ॥২॥

কিন্তু অচিরভাবী কলিযুগের বিষয়ে আবার আমার কৌতূহল জন্মিয়াছে; যে, ধর্ম্মবিপ্লব চলিতে থাকিলে, অবশিষ্ট কতটুকু ধর্ম্ম থাকিবে? ॥৩॥

সেই কলিযুগে মানুষের কি প্রকার বল, কি প্রকার আহার ও বিহার, কতটুকু আয়ু এবং কি রূপ বসন হইবে? ॥৪॥

আবার কোন্ সময়ে সত্যযুগ আরম্ভ হইবে? এই সমস্ত বিষয় আপনি বিস্তরক্রমে বলুন। আপনি বড়ই বিচিত্র কথা বলেন ॥৫॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, মুনিশ্রেষ্ঠ মহর্ষি মার্কণ্ডেয়, কৃষ্ণ ও পাণ্ডবগণকে আনন্দিত করিয়া পুনরায় বলিতে আরম্ভ করিলেন ॥৬॥

মার্কণ্ডেয় উবাচ।

শৃণু রাজন্ ! ময়া দৃষ্টং যৎ পুরা শ্রুতমেব চ।
অনুভূতঞ্চ রাজেন্দ্র ! দেবদেবপ্রসাদজম্ ॥৭॥
ভবিষ্যং সর্ব্বলোকস্য বৃত্তান্তং ভরতর্ষভ ! ।
কলুষং কালমাসাদ্য কথ্যমানং নিবোধ মে ॥৮॥
কৃতে চতুষ্পাৎ সকলো নির্ব্যাজোপাধিবর্জিতঃ।
বৃষঃ প্রতিষ্ঠিতো ধর্ম্মো মনুষ্যে ভরতর্ষভ ! ॥৯॥
অধর্ম্মপাদবিদ্ধস্তু ত্রিভিরংশৈঃ প্রতিষ্ঠিতঃ।
ত্রেতায়াং দ্বাপরেঽর্দ্ধেন ব্যামিশ্রো ধর্ম্ম উচ্যতে ॥১০॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি। অনুভূতং রসনাদিভিঃ। দেবদেবপ্রসাদজং নারায়ণানুগ্রহজনিতম্ ॥৭॥

ভবিষ্যমিতি। কলুষং কলুষময়ং কালং কলিযুগম্ ॥৮॥

কৃত ইতি। কৃতে সত্যযুগে, চতুষ্পাৎ, অতএব সকলঃ পূর্ণঃ, নির্ব্যাজশ্ছলহীনশ্চ উপাধিভির্দ্বেষাদিভির্বর্জিতশ্চেতি সঃ। বৃষো বৃষভ ইব ॥৯॥

অধর্ম্মেতি। অধর্ম্মস্য পাদেন একেন বিদ্ধঃ সম্বদ্ধঃ। অর্দ্ধেন অধর্ম্মস্য ॥১০॥

ভারতভাবদীপঃ

কথন্তু শেষং জগত্তবিষ্যতি উৎকর্ষং প্রাপ্স্যতি ॥৩—৪॥ কাষ্ঠাং অবধিম্, কৃতং কৃতযুগম্ ॥৫—৭॥ কলুষং কলিম্ ॥৮॥ নির্ব্যাজশ্ছদ্মহীনঃ, উপাধিবর্জ্জিতঃ লোভাদিহীনঃ বৃষ ইব

মার্কণ্ডেয় বলিলেন—রাজশ্রেষ্ঠ রাজা। আমি নারায়ণের অনুগ্রহে পূর্ব্বকালে যাহা দেখিয়াছি, শুনিয়াছি, কিংবা অন্যভাবে প্রত্যক্ষ করিয়াছি, তাহা তুমি শ্রবণ কর ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! কলিকালে সকল লোকেরই যাহা ঘটিবে, তাহা আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! সত্যযুগে ধর্ম্ম—মানুষের উপরে বৃষের ন্যায় চারি পাদেই অবস্থান করে ; সুতরাং তখন ধর্ম্ম পূর্ণ এবং ছল-দ্বেষাদিশূন্য থাকে ॥৯॥

ত্রেতাযুগে অধর্ম্মের এক পাদ উপস্থিত হয়, সুতরাং ধর্ম্মের তিন পাদ থাকে ; আর দ্বাপরযুগে ধর্ম্ম অর্দ্ধ এবং অধর্ম্ম অর্দ্ধ মিশ্রিত থাকে ॥৯॥

ভরতশ্রেষ্ঠ! কলিযুগে অধর্ম্ম তিন পাদ দ্বারা মনুষ্যদিগকে আক্রমণ করিয়া অবস্থান করে। সুতরাং তখন ধর্ম্ম কেবল একপাদদ্বারা মনুষ্যকে আশ্রয় করে ॥১০॥

ত্রিভিরংশৈরধর্ম্মস্তু লোকানাক্রম্য তিষ্ঠতি।
তামসং যুগমাসাদ্য তদা ভরতসত্তম!।
চতুর্থাংশেন ধর্ম্মস্তু মনুষ্যানুপতিষ্ঠতি ॥১১॥
আয়ুর্বীর্য্যমথো বুদ্ধির্বলং তেজশ্চ পাণ্ডব!।
মনুষ্যাণামনুযুগং হ্রসতীতি নিবোধ মে ॥১২॥
রাজানো ব্রাহ্মণা বৈশ্যাঃ শূদ্রাশ্চৈব যুধিষ্ঠির!।
ব্যাজৈর্ধর্ম্মং চরিষ্যন্তি ধর্ম্মবৈতংসিকা নরাঃ ॥১৩॥
সত্যং সংক্ষেপ্স্যতে লোকে নরৈঃ পণ্ডিতমানিভিঃ।
সত্যহান্যা ততস্তেষামায়ুরল্পং ভবিষ্যতি ॥১৪॥
আয়ুষঃ প্রক্ষয়াদ্বিদ্যাং ন শক্ষ্যস্ত্যপজীবিতুম্।
বিদ্যাহীনানবিজ্ঞানাল্লোভোঽপ্যভিভবিষ্যতি ॥১৫॥
লোভক্রোধপরা মূঢ়াঃ কামাসক্তাশ্চ মানবাঃ।
বৈরবদ্ধা ভবিষ্যন্তি পরস্পরবধৈষিণঃ ॥১৬॥

ভারতকৌমুদী

ত্রিভিরিতি। তামসং যুগং কলিযুগম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

আয়ুরিতি। বীর্য্যং মানসী শক্তিঃ। অনুযুগং যুগক্রমেণ ॥১২॥

রাজান ইতি। রাজানঃ ক্ষত্রিয়াঃ। ব্যাজৈশ্ছলৈঃ। ধর্ম্ম এব বিতংসঃ প্রতারণায়াং প্রাবরণং তেন চরন্তীতি ধর্ম্মবৈতংসিকাঃ প্রতারণার্থকধর্ম্মাবরণেনাবৃতা ইত্যর্থঃ। "বিতংসো বন্ধনোপায়ে মৃগাণাং পক্ষিণামপি। তেষামপি চ বিশ্বাসহেতোঃ প্রাবরণেঽপি চ॥" ইতি বিশ্বঃ ॥১৩॥

সত্যমিতি। সংক্ষেপ্স্যতে প্রায়েণৈব মিথ্যাব্যবহারাদল্পীকরিষ্যতে ॥১৪॥

আয়ুষ ইতি। বিদ্যাং দীর্ঘকালসাধ্যাম্। অবিজ্ঞানাৎ কার্য্যাকার্য্যজ্ঞানাভাবাৎ ॥১৫॥

পাণ্ডুনন্দন! তুমি আমার নিকট জানিয়া রাখ যে, মনুষ্যগণের আয়ু, বুদ্ধি, দৈহিক বল, মানসিক বল ও তেজ—এইগুলি যুগে যুগে হ্রাস পায় ॥১২॥

যুধিষ্ঠির! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রেরা কলিযুগে ধর্ম্মের আবরণে আবৃত থাকিয়া ছলপূর্ব্বক ধর্ম্মাচরণ করিবে ॥১৩॥

জগতে পণ্ডিতাভিমানী লোকেরা বহু পরিমাণে মিথ্যা ব্যবহার করিয়া সত্যকে সংক্ষিপ্ত করিবে; তাহার পর সত্যহানি হওয়ায় তাহাদের আয়ু অল্প হইয়া যাইবে ॥১৪॥

আয়ু ক্ষয় হওয়ায় বিদ্যা অবলম্বন করিয়া জীবিকা নির্বাহ করিতে পারিবে না। কর্ত্তব্যজ্ঞান না থাকায় বিদ্যাহীনদিগকে লোভ আসিয়া অভিভূত করিবে ॥১৫॥

ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ সঙ্কীর্য্যন্তঃ পরস্পরম্ ।
শূদ্রতুল্যা ভবিষ্যন্তি তপঃসত্যবিবর্জ্জিতাঃ ॥১৭॥
অন্ত্যা মধ্যা ভবিষ্যন্তি মধ্যাশ্চান্ত্যা ন সংশয়ঃ ।
ঈদৃশো ভবিতা লোকো যুগান্তে পর্য্যুপস্থিতে ॥১৮॥
বস্ত্রাণাং প্রবরা শাণী ধান্যানাং কোরদূষকাঃ ।
ভার্য্যামিত্রাশ্চ পুরুষা ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥১৯॥
মৎস্যামিষেণ জীবন্তো দুহন্তশ্চাপ্যজৈড়কম্ ।
গোষু নষ্টাসু পুরুষা যেঽপি নিত্যং ধৃতব্রতাঃ ।
তেঽপি লোভসমাযুক্তা ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥২০॥

ভারতকৌমুদী

লোভেতি। বৈরবদ্ধা আবদ্ধশত্রুভাবাঃ সন্তঃ ॥১৬॥

ব্রাহ্মণা ইতি। সঙ্কীর্য্যন্তো যোনিবিচারাভাবাৎ সম্মিশ্রিতা ভবন্তঃ ॥১৭॥

অন্ত্যা ইতি। অন্ত্যাশ্চাণ্ডালাদয়ঃ, মধ্যা বৈশ্যশূদ্রাঃ ॥১৮॥

বস্ত্রাণামিতি। শাণী শণসূত্রনির্ম্মিতা শাটী। ভার্য্যৈব মিত্রং যেষাং তে ॥১৯॥

মৎস্যেতি। মৎস্যামিষেণ মৎস্যমাংসব্যবসায়েন। অজাশ্ছাগাশ্চ এড়কা মেষাশ্চ তৎ দুহন্তো ভবিষ্যন্তীতি সম্বন্ধঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

চতুষ্পাৎ ॥৯॥ অর্দ্ধেনাধর্ম্মেণ ॥১০—১২॥ ধর্ম্মবৈতংসিকাঃ ধর্ম্মজালিকাঃ। "বিতংসো বন্ধনোপায়ে পশূনাং পক্ষিণামপি" ইতি মেদিনী। ধর্ম্মজালং বিস্তার্য্য লোকান্ বঞ্চয়ন্তীত্যর্থঃ ॥১৩—১৭॥ অন্ত্যা ইতি। চাণ্ডালাঃ ক্ষত্রিয়াদিকর্ম্ম ক্ষত্রিয়াদয়শ্চাণ্ডালকর্ম্ম করিষ্যন্তীত্যর্থঃ ॥১৮॥

লোভ ও ক্রোধপরায়ণ, মূঢ় এবং কামাসক্ত মানুষেরা পরস্পর শত্রুতাবদ্ধ হইয়া পরস্পর বধাভিলাষী হইবে ॥১৬॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যেরা পরস্পর সঙ্কীর্ণ এবং তপস্যা ও সত্যবর্জ্জিত হইয়া শূদ্রতুল্য হইয়া যাইবে ॥১৭॥

যুগান্তকাল উপস্থিত হইলে মানুষ এইরূপ হইবে যে, অন্ত্যজেরা মধ্যম এবং মধ্যমেরা অন্ত্যজ হইবে। এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৮॥

যুগাবসানে মানুষের মিত্র হইবে ভার্য্যা, বস্ত্রের মধ্যে প্রধান হইবে শণের শাটী এবং ধান্যের মধ্যে প্রধান হইবে কোদ্রব (কোদ) ॥১৯॥

যুগশেষে মানুষেরা মৎস্য-মাংসের ব্যবসা করিয়া জীবিকা নির্ব্বাহ করিবে, গরু মরিয়া যাওয়ায় ছাগী ও মেষী দোহন করিবে এবং যাহারা সর্ব্বদা ব্রতচারী, তাহারাও লোভী হইবে ॥২০॥

(১৭)···সঙ্কীর্য্যন্ত পরস্পরম্···বা ব কা।

অন্যোন্যং পরিমুষ্ণন্তো হিংসয়ন্তশ্চ মানবাঃ।
অজপা নাস্তিকাঃ স্তেনা ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥২১॥
সরিত্তীরেষু কুদ্দালৈর্বাপয়িষ্যন্তি চৌষধীঃ।
তাশ্চাপ্যল্পফলাস্তেষাং ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥২২॥
শ্রাদ্ধে দৈবে চ পুরুষা যে চ নিত্যং ধৃতব্রতাঃ।
তেঽপি লোভসমাযুক্তা ভোক্ষ্যন্তীহ পরস্পরম্ ॥২৩॥
পিতা পুত্রস্য ভোক্তা চ পিতুঃ পুত্রস্তথৈব চ।
অতিক্রান্তানি ভোজ্যানি ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥২৪॥
ন ব্রতানি চরিষ্যন্তি ব্রাহ্মণা বেদনিন্দকাঃ।
ন যক্ষ্যন্তি ন হোষ্যন্তি হেতুবাদবিমোহিতাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

অন্যোন্যমিতি। পরিমুষ্ণন্তশ্চোরয়ন্তঃ। স্তেনাশ্চৌরাঃ ॥২১॥

সরিদিতি। সরিত্তীরেষু, তত্র জলসৌলভ্যাদন্যত্র তদভাবাৎ। ওষধীর্ধান্যাদীঃ ॥২২॥

শ্রাদ্ধ ইতি। রামস্য পিতুঃ শ্রাদ্ধে শ্যামঃ, শ্যামস্য চ পিতুঃ শ্রাদ্ধে রাম ইত্যেবংক্রমেণ ॥২৩॥

পিত্তেতি। পুত্রস্য নাতুঃ শ্রাদ্ধে পিতা ভোক্তা। এবমন্যত্র। অতিক্রান্তানি পর্য্যুষিতানি ॥২৪॥

নেতি। ন হোষ্যন্তি ন দাস্যন্তি। ব্রতাদিভিঃ কিং ফলমিত্যেবং হেতুবাদেন বিমোহিতাঃ ॥২৫॥

কলিযুগের শেষে মানুষেরা পরস্পর পরস্পরের ঘরে চুরি ও হিংসা করিবে এবং জপশূন্য, নাস্তিক ও চৌর হইবে ॥২১॥

কলিযুগের অবসানে কৃষকেরা (বৃষ্টি না হওয়ায়) নদীর তীরে বীজ বপন করিবে এবং তাহাদের তাহাতেও ফল অল্পই হইবে ॥২২॥

যে সকল লোক সর্বদাই ব্রতচারী, তাহারাও লোভী হইয়া শ্রাদ্ধে ও দৈবকার্য্যে পরস্পর পরস্পরের বাড়ী ভোজন করিবে ॥২৩॥

কলিযুগের শেষে পিতা, পুত্রকৃত শ্রাদ্ধে এবং পুত্র, পিতৃকৃত শ্রাদ্ধে ভোজন করিবে এবং খাদ্যবস্তু সকল পর্য্যুষিত হইবে ॥২৪॥

ব্রাহ্মণেরাও—বেদনিন্দক এবং হেতুবাদে মুগ্ধ হইয়া ব্রত, যজ্ঞ, কিংবা দান করিবে না ॥২৫॥

(২১)…স্বরাপা নাস্তিকাঃ স্তেনাঃ…পি। (২৫) অত্রৈব শ্লোকে 'নিন্দেষীহাং করিষ্যন্তি হেতুবাদবিমোহিতাঃ' ইত্যর্দ্ধমধিকং বা ব কা নি।

নিম্নে কৃষিং করিষ্যন্তি যোক্ষ্যন্তি ধুরি ধেনুকাঃ।
একহায়নবৎসাংশ্চ যোজয়িষ্যন্তি মানবাঃ ॥২৬॥
পুত্রঃ পিতৃবধং কৃত্বা পিতা পুত্রবধং তথা।
নিরুদ্বেগো বৃহদ্বাদী ন নিন্দামুপলপ্স্যতে ॥২৭॥
ম্লেচ্ছভূতং জগৎ সর্বং নিষ্ক্রিয়ং যজ্ঞবর্জ্জিতম্।
ভবিষ্যতি নিরানন্দমনুৎসবমথো তথা ॥২৮॥
প্রায়শঃ কৃপণানাং হি তথাঽবন্ধুমতামপি।
বিধবানাঞ্চ বিত্তানি হরিষ্যন্তীহ মানবাঃ ॥২৯॥
স্বল্পবীর্য্যবলাঃ স্তব্ধা লোভমোহপরায়ণাঃ।
তৎকথাদানসন্তুষ্টা দুষ্টানামপি মানবাঃ ॥৩০॥
পরিগ্রহং করিষ্যন্তি পাপাচারপরিগ্রহাঃ।
সমাহ্বয়ন্তঃ কৌন্তেয়! রাজানঃ পাপবুদ্ধয়ঃ ॥৩১॥

ভারতকৌমুদী

নিম্ন ইতি। নিম্নে দেশে, বৃষ্ট্যভাবেন উচ্চে জলালাভাৎ। ধুরি ভারবহনে ॥২৬॥
পুত্র ইতি। বৃহদ্বাদী সুষ্ঠু কৃতং ময়েতি বৃহতা স্বরেণ বক্তা ॥২৭॥
ম্লেচ্ছেতি। নিষ্ক্রিয়ং ব্রতদানাদিক্রিয়ারহিতম্। অতএব ম্লেচ্ছভূতম্ ॥২৮॥
প্রায়শ ইতি। কৃপণানাং ক্ষুদ্রাণাং নিঃস্বানামিত্যর্থঃ। অবন্ধুমতাম্ ॥২৯॥
স্বল্পেতি। বীর্য্যং দৈহিকী শক্তিঃ, বলঞ্চ মানসিকী শক্তিঃ, স্তব্ধা জড়াঃ। দুষ্টানামপি জনানাম্, তৎকথাদানেন দানাঙ্গীকারমাত্রেণৈব সন্তুষ্টা ভবিষ্যন্তি ॥৩০॥

মানুষেরা নিম্নভূমিতে কৃষি করিবে, ধেনুগণকে ভারবহনে নিযুক্ত করিবে এবং একবৎসরের বৎসকেও হল-শকটে যোগ করিবে ॥২৬॥

পুত্র পিতৃহত্যা করিয়া এবং পিতা পুত্রহত্যা করিয়া নিরুদ্বেগ হইবে, উচ্চকণ্ঠে আত্মশ্লাঘা করিবে, অথ চ নিন্দাভাজন হইবে না ॥২৭॥

সমগ্র জগৎটাই ম্লেচ্ছের মত হইয়া সৎক্রিয়াবিহীন, যজ্ঞবিবর্জ্জিত, নিরানন্দ ও নিরুৎসব হইবে ॥২৮॥

প্রায় মানুষই—দরিদ্র, বন্ধুবিহীন ও বিধবাদিগের ধন হরণ করিবে ॥২৯॥

মানুষের দৈহিক বল ও মানসিক বল অত্যন্ত অল্প হইয়া যাইবে এবং মানুষ—জড় ও লোভ-মোহপরায়ণ হইবে, আর দুর্জনের নিকট হইতেও দানের অঙ্গীকার মাত্র পাইয়াই সন্তোষ লাভ করিবে ॥৩০॥

কুন্তীনন্দন! পাপবুদ্ধি রাজারা পাপাচার স্বীকারপূর্ব্বক অন্যকে আহ্বান করিয়া আনিয়া তাহার নিকট হইতে প্রতিগ্রহ করিবে ॥৩১॥

পরস্পরবধোদ্‌যুক্তা মূর্খাঃ পণ্ডিতমানিনঃ।
ভবিষ্যন্তি যুগস্যান্তে ক্ষত্রিয়া লোককণ্টকাঃ ॥৩২॥
অরক্ষিতারো লুব্ধাশ্চ মানাহঙ্কারদর্পিতাঃ।
কেবলং দণ্ডরুচয়ো ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥৩৩॥
আক্রম্যাক্রম্য সাধূনাং দারাংশ্চাপি ধনানি চ।
ভোক্ষ্যন্তে নিরনুক্রোশা রুদতামপি ভারত! ॥৩৪॥
ন কন্যাং যাচতে কশ্চিন্নাপি কন্যা প্রদীয়তে।
স্বয়ংগ্রাহা ভবিষ্যন্তি যুগান্তে সমুপস্থিতে ॥৩৫॥
রাজানশ্চাত্যসন্তুষ্টাঃ পরার্থান্ মূঢ়চেতসঃ।
সর্ব্বোপায়ৈর্হরিষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৩৬॥

ভারতকৌমুদী

পরীতি। পরিগ্রহম্ আহৃতেভ্যঃ প্রতিগ্রহং করিষ্যন্তি, প্রতিগ্রহনিষেধেঽপি ॥৩১॥
পরস্পরেতি। মূর্খা অপি পণ্ডিতমানিনঃ। লোকানাং কণ্টকা উৎপাতকরাঃ ॥৩২॥
অরক্ষিতার ইতি। দণ্ড এব রুচিরভিপ্রায়ো যেষাং তে ক্ষত্রিয়াঃ ॥৩৩॥
আক্রম্যেতি। ভোক্ষ্যন্তে ক্ষত্রিয়া ইত্যনুবৃত্তিঃ, নিরনুক্রোশা নির্দ্দয়াঃ ॥৩৪॥
নেতি। স্বয়মেব গ্রাহঃ পতিগ্রহণং যাসাং তাঃ ॥৩৫॥
রাজান ইতি। পরার্থান্ সজ্জনানামপি ধনানি ॥৩৬॥

ভারতভাবদীপঃ

শাণী শণসূত্রজা ॥১৯—২৬॥ (পাঠান্তরে) নিম্নেষু হীনেষু কর্ম্মসু ॥১॥ বৃহদ্বাদী অকর্ত্তা ব্রহ্মাহমিতি বদনশীলঃ ॥২৭—৩৫॥ পরার্থান্ পরধনানি ॥৩৬॥ হন্তো হন্তং পরিমুষেন্তত্তবদেকো-

কলিযুগের শেষে মূর্খ রাজারাও পণ্ডিতাভিমানী হইয়া পরস্পর পরস্পরের বধে উদ্‌যোগী এবং লোকের কণ্টকস্বরূপ হইবে ॥৩২॥

কলিযুগের অবসানে রাজারা প্রজারক্ষা করিবে না, অথ চ লোভী এবং অভিমান ও গর্ব্বে দর্পিত, আর কেবল দণ্ডরুচিসম্পন্ন হইবে ॥৩৩॥

ভরতনন্দন! নির্দ্দয় রাজারা আক্রমণ করিয়া করিয়া, রোদনপরায়ণ সাধুদিগেরও ভার্য্যা এবং ধন ভোগ করিবে ॥৩৪॥

কলিযুগের অবসান উপস্থিত হইলে, কেহ কন্যা প্রার্থনা করিবে না এবং কেহ কন্যাকে দানও করিবে না; কিন্তু কন্যারা নিজেরাই পতি গ্রহণ করিবে ॥৩৫॥

কলিযুগের শেষ উপস্থিত হইলে, অত্যন্ত অসন্তুষ্ট এবং মূর্খ রাজারা সমস্ত উপায়ে পরের ধন হরণ করিবে ॥৩৬॥

ম্লেচ্ছীভূতং জগৎ সর্ব্বং ভবিষ্যতি ন সংশয়ঃ।
হস্তো হস্তং পরিমুষেৎ যুগান্তে সমুপস্থিতে ॥৩৭॥
সত্যং সংক্ষিপ্যতে লোকে নরৈঃ পণ্ডিতমানিভিঃ।
স্থবিরা বালমতয়ো বালাঃ স্থবিরবুদ্ধয়ঃ ॥৩৮॥
ভীরুস্তথা শূরমানী শূরা ভীরুবিষাদিনঃ।
ন বিশ্বসন্তি চান্যোন্যং যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৩৯॥
একাহার্য্যং জগৎ সর্ব্বং লোভমোহব্যবস্থিতম্।
অধর্ম্মো বর্দ্ধতে তত্র ন তু ধর্ম্মঃ প্রবর্ত্ততে ॥৪০॥
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যা ন শিষ্যন্তি জনাধিপ !।
একবর্ণস্তদা লোকো ভবিষ্যতি যুগক্ষয়ে ॥৪১॥

ভারতকৌমুদী

ম্লেচ্ছীতি। একো হস্তঃ, অপরমপি হস্তং পরিমুষেৎ চোরয়েৎ ॥৩৭॥
সত্যমিতি। সংক্ষিপ্যতে অধিকমিথ্যাব্যবহারেণাল্পীক্রিয়তে ॥৩৮॥
ভীরুরিতি। ভীরুবৎ বিষাদিনো বচসি কর্ম্মণি চ অবসন্নাঃ ॥৩৯॥
একেতি। একম্ একবিধমেব আহার্য্যং খাদ্যং যস্য তৎ ॥৪০॥

ভারতভাবদীপঃ

দরজোঽপি ভ্রাতা ভ্রাতরং বঞ্চয়েদেব ॥৩৭—৩৯॥ একাহার্য্যম্ একবিধমেব মাংসশাকাদিক-মাহারমর্হতীতি তথা ভক্ষ্যাভক্ষ্যবিভাগো নাস্তীত্যর্থঃ ॥৪০॥ একবর্ণঃ বর্ণবিভাগনাশনাৎ

কলিযুগের অবসানকাল উপস্থিত হইলে, সমগ্র জগৎটাই ম্লেচ্ছের ন্যায় হইয়া যাইবে এবং এক হাত অপর হাত হইতেও চুরি করিবে ; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩৭॥

জগতে পণ্ডিতাভিমানী লোকেরা সত্যকে সংক্ষিপ্ত করিয়া ফেলিবে এবং বৃদ্ধেরা বালকবুদ্ধি ও বালকেরা বৃদ্ধবুদ্ধি হইবে ॥৩৮॥

কলিযুগের অবসান উপস্থিত হইলে, ভীরু লোক বীরাভিমানী এবং বীর লোক ভীরুর ন্যায় অবসন্ন হইবে ; আর মানুষেরা পরস্পর বিশ্বাস করিবে না ॥৩৯॥

সমস্ত জগৎটাই লোভ-মোহপরায়ণ হইবে এবং সকলের খাদ্যই এক রকম হইবে ; আর তখন অধর্ম্ম বৃদ্ধি পাইবে, ধর্ম্ম থাকিবেই না ॥৪০॥

নরনাথ ! সেই যুগাবসানে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য অবশিষ্ট থাকিবে না, সকল লোকই একবর্ণ হইয়া যাইবে ॥৪১॥

(৪০) একহার্য্যং যুগং সর্বম্···পি।

ন ক্ষংস্যতি পিতা পুত্ত্রং পুত্ত্রশ্চ পিতরং তথা।
ভার্য্যাশ্চ পতিশুশ্রূষাং ন করিষ্যন্তি সংক্ষয়ে ॥৪২॥
যে যবান্না জনপদা গোধূমান্নাস্তথৈব চ।
তান্ দেশান্ সংশ্রয়িষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৪৩॥
স্বৈরাচারাশ্চ পুরুষা যোষিতশ্চ বিশাংপতে!।
অন্যোন্যং ন সহিষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৪৪॥
ম্লেচ্ছীভূতং জগৎ সর্ব্বং ভবিষ্যতি যুধিষ্ঠির!।
ন শ্রাদ্ধৈস্তর্পয়িষ্যন্তি দৈবতানীহ মানবাঃ ॥৪৫॥
ন কশ্চিৎ কস্যচিচ্ছ্রোতা ন কশ্চিৎ কস্যচিদ্‌গুরুঃ।
তমোগ্রস্তস্তদা লোকো ভবিষ্যতি জনাধিপ! ॥৪৬॥
পরমায়ুশ্চ ভবিতা তদা বর্ষাণি ষোড়শ।
ততঃ প্রাণান্ বিমোক্ষ্যন্তি যুগান্তে সমুপস্থিতে ॥৪৭॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণা ইতি। ন শিষ্যন্তি অবশিষ্টা ন স্থাস্যন্তি ॥৪১॥
নেতি। ন ক্ষংস্যতি ক্ষমাবিষয়ং ন করিষ্যতি। সংক্ষয়ে যুগাবসানে ॥৪২॥
য ইতি। সংশ্রয়িষ্যন্তি ধান্যান্না ইতি শেষঃ, ধান্যদৌর্লভ্যাদিত্যাশয়ঃ ॥৪৩॥
স্বৈরেতি। স্বৈরাচারাঃ স্বেচ্ছাচারাঃ। ন সহিষ্যন্তি স্ত্রীপুরুষান্তরসংশ্রয়িত্বমপি ॥৪৪॥
ম্লেচ্ছীতি। শ্রাদ্ধৈঃ শ্রদ্ধয়া দেয়ৈরুপচারৈঃ, অথবা দেবতোদ্দেশ্যকশ্রাদ্ধৈঃ ॥৪৫॥
নেতি। শ্রোতা উপদেশগ্রহীতা শিষ্য ইত্যর্থঃ। তমোগ্রস্তঃ অজ্ঞানাকুলঃ ॥৪৬॥

যুগশেষে পিতা পুত্ত্রকে, কিংবা পুত্ত্র পিতাকে ক্ষমা করিবে না এবং পত্নীরা পতির পরিচর্য্যা করিবে না ॥৪২॥

যুগান্তকাল উপস্থিত হইলে, ধান্যান্নভোজী লোকেরা—যে সকল দেশে যবান্ন বা গোধূমান্ন প্রচলিত, সেই সকল দেশের আশ্রয় লইবে ॥৪৩॥

নরনাথ! যুগাবসান উপস্থিত হইলে, পুরুষেরা ও স্ত্রীলোকেরা স্বেচ্ছাচারী হইয়া পরস্পর পরস্পরকে সহ্য করিবে না ॥৪৪॥

যুধিষ্ঠির! সমস্ত জগৎটাই ম্লেচ্ছ হইয়া যাইবে এবং মানুষেরা শ্রদ্ধাপ্রদত্ত উপচারদ্বারা দেবগণকে তৃপ্ত করিবে না ॥৪৫॥

নরনাথ! কেহ কাহারও শিষ্য বা কেহ কাহারও গুরু হইবে না এবং তখন সকল লোকই অজ্ঞানান্ধ হইবে ॥৪৬॥

যুগান্তকাল উপস্থিত হইলে মানুষের ষোড়শ বৎসরমাত্র পরমায়ু হইবে এবং তাহার পরই তাহারা প্রাণত্যাগ করিবে ॥৪৭॥

পঞ্চমে বাথ ষষ্ঠে বা বর্ষে কন্যা প্রসূয়তে।
সপ্তবর্ষাষ্টবর্ষাশ্চ প্রজাস্যন্তি নরাস্তদা ॥৪৮॥
পত্যৌ স্ত্রী তু তদা রাজন্! পুরুষো বা স্ত্রিয়ং প্রতি।
যুগান্তে রাজশার্দ্দূল! ন তোষমুপযাস্যতি ॥৪৯॥
অল্পদ্রব্যা বৃথালিঙ্গা হিংসা চ প্রভবিষ্যতি।
ন কশ্চিৎ কস্যচিদ্দাতা ভবিষ্যতি যুগক্ষয়ে ॥৫০॥
অট্টশূলা জনপদাঃ শিবশূলাশ্চতুষ্পথাঃ।
কেশশূলাঃ স্ত্রিয়শ্চাপি ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥৫১॥
ম্লেচ্ছাচারাঃ সর্বভক্ষা দারুণাঃ সর্ব্বকর্ম্মসু।
ভাবিনঃ পশ্চিমে কালে মনুষ্যা নাত্র সংশয়ঃ ॥৫২॥
ক্রয়বিক্রয়কালে চ সর্ব্বঃ সর্ব্বস্য বঞ্চনাম্।
যুগান্তে ভরতশ্রেষ্ঠ! বিত্তলোভাৎ করিষ্যতি ॥৫৩॥

ভারতকৌমুদী

পরমেতি। পরমায়ুঃ আধিক্যেন জীবনকালঃ ॥৪৭॥

পঞ্চম ইতি। প্রজাস্যন্তি সন্তানং জনয়িষ্যন্তি। "সপ্তবর্ষাষ্টবর্ষাশ্চ স্ত্রিয়ো গর্ভধরা নৃপ!" ইতি যৎ প্রাগুক্তম্ (১৬০২ পৃষ্ঠে), অনেন চ তৎপরাবস্থোক্তেতি ন বিরোধঃ ॥৪৮॥

পত্যাবিতি। তোষং রমণে কর্ম্মান্তরে বা আশানুরূপমানন্দম্ ॥৪৯॥

অল্পেতি। অল্পদ্রব্যা অল্পধনাঃ, বৃথালিঙ্গা মিথ্যাসাধুচিহ্নধারিণো ভবিষ্যন্তি ॥৫০॥

অট্টেতি। ব্যাখ্যাতমিদং প্রাক্ (১৫৯৮ পৃষ্ঠে)। তত্র স্বাতন্ত্র্যাদুক্তিঃ, অত্র চ যুধিষ্ঠির-নিয়োগাদুক্তিরিতি ন পৌনরুক্ত্যম্ ॥৫১॥

ম্লেচ্ছেতি। সর্বং বিহিতং নিষিদ্ধঞ্চ ভক্ষয়ন্তীতি তে। পশ্চিমে যুগান্তে ॥৫২॥

তখন স্ত্রীলোক পঞ্চম বা ষষ্ঠ বর্ষে সন্তান প্রসব করিবে এবং পুরুষ সপ্তম বা অষ্টম বর্ষে স্ত্রীলোকের গর্ভ জন্মাইবে ॥৪৮॥

রাজশ্রেষ্ঠ রাজা! সেই যুগান্তসময়ে পত্নী পতির প্রতি এবং পতি পত্নীর প্রতি সন্তুষ্ট থাকিবে না ॥৪৯॥

কলিযুগের শেষে লোকের ধন অল্প হইবে, তাহারা মিথ্যা সাধুর চিহ্ন ধারণ করিবে, হিংসা প্রবল হইবে এবং কেহ কাহাকে দান করিবে না ॥৫০॥

কলিযুগের অবসানে দেশ সকল দুর্ভিক্ষপীড়িত, চতুষ্পথগুলি প্রতারকে পরিপূর্ণ এবং স্ত্রীলোকেরা অবগুণ্ঠনবিহীন হইবে ॥৫১॥

কলিযুগের চরম সময়ে মানুষেরা ম্লেচ্ছাচার, সর্ব্বভোজী এবং সমস্ত কার্য্যেই নিষ্ঠুর হইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৫২॥

জ্ঞানানি চাপ্যবিজ্ঞায় করিষ্যন্তি ক্রিয়াস্তথা।
আত্মচ্ছন্দেন বর্ত্তন্তে যুগান্তে সমুপস্থিতে ॥৫৪॥
স্বভাবাৎ ক্রূরকর্ম্মাণশ্চান্যোন্যমভিশংসিনঃ।
ভবিতারো জনাঃ সর্ব্বে সংপ্রাপ্তে তু যুগক্ষয়ে ॥৫৫॥
আরামাংশ্চৈব বৃক্ষাংশ্চ নাশয়িষ্যন্তি নির্ব্যথাঃ।
ভবিতা সংশয়ো লোকে জীবিতস্য হি দেহিনাম্ ॥৫৬॥
তথা লোভাভিভূতাশ্চ ভবিষ্যন্তি নরা নৃপ!।
ব্রাহ্মণাংশ্চ হনিষ্যন্তি ব্রাহ্মণস্বোপভোগিনঃ ॥৫৭॥
হাহাকৃতা দ্বিজাশ্চৈব ভয়ার্ত্তা বৃষলার্দ্দিতাঃ।
ত্রাতারমলভন্তো বৈ ভ্রমিষ্যন্তি মহীমিমাম্ ॥৫৮॥
জীবিতান্তকরাঃ ক্রূরা রৌদ্রাঃ প্রাণিবিহিংসকাঃ।
যদা ভবিষ্যন্তি নরাস্তদা সংক্ষেপ্স্যতে যুগম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

ক্রয়েতি। সর্ব্বস্য স্বপরসাধারণস্য ॥৫৩॥
জ্ঞানানীতি। জ্ঞায়ন্তে এভিরিতি জ্ঞানানি শাস্ত্রাণি। আত্মনশ্ছন্দেনাভিপ্রায়েণ ॥৫৪॥
স্বভাবাদিতি। ক্রূরকর্ম্মাণো নিষ্ঠুরকার্য্যকারিণঃ, অভিশংসিনো নিন্দাবাদিনঃ ॥৫৫॥
আরামানিতি। আরামান্ উদ্যানানি। সংশয়ো ভবিতা, দস্যুভিরাক্রমণাৎ ॥৫৬॥
তথেতি। ব্রাহ্মণস্বোপভোগিনঃ অন্যায়েন ব্রাহ্মণধনভোগিনঃ ॥৫৭॥
হাহেতি। বৃষলার্দ্দিতাঃ শূদ্রপীড়িতাঃ। ত্রাতারং রক্ষকম্ ॥৫৮॥

ভরতশ্রেষ্ঠ! কলিযুগের অবসানে ধনলোভে ক্রয়-বিক্রয়ের সময়ে সকলেই সকলের প্রতারণা করিবে ॥৫৩॥

যুগান্তকাল উপস্থিত হইলে, মানুষ শাস্ত্র না জানিয়া শাস্ত্রীয় কার্য্য করিবে এবং আপন ইচ্ছানুসারে কার্য্যে প্রবৃত্ত হইবে ॥৫৪॥

যুগাবসান উপস্থিত হইলে, সকল লোকই স্বভাবতঃ নিষ্ঠুরকর্ম্মা ও পরস্পর নিন্দাবাদী হইবে ॥৫৫॥

মানুষ বিনা কষ্টে উদ্যান ও বৃক্ষ নষ্ট করিবে এবং জগতে দস্যুভয়ে মানুষের জীবনসংশয় হইবে ॥৫৬॥

রাজা! মানুষ লোভাভিভূত হইয়া ব্রহ্মহত্যা করিবে এবং অন্যায্য উপায়ে ব্রহ্মস্ব ভোগ করিবে ॥৫৭॥

ব্রাহ্মণেরা শূদ্রকর্ত্তৃক পীড়িত ও ভয়ার্ত্ত হইয়া রক্ষক না পাইয়া হাহাকার করিতে করিতে এই পৃথিবী ভ্রমণ করিবেন ॥৫৮॥

আশ্রয়িষ্যন্তি চ নদীঃ পর্ব্বতান্ বিষমাণি চ।
প্রধাবমানা বিত্রস্তা দ্বিজাঃ কুরুকুলোদ্বহ! ॥৬০॥
দস্যুভিঃ পীড়িতা রাজন্! কাকা ইব দ্বিজোত্তমাঃ।
কুরাজভিশ্চ সততং করভারপ্রপীড়িতাঃ ॥৬১॥
ধৈর্য্যং ত্যক্ত্বা মহীপাল! দারুণে যুগসংক্ষয়ে।
বিকর্ম্মাণি করিষ্যন্তি শূদ্রাণাং পরিচারকাঃ ॥৬২॥
শূদ্রা ধর্ম্মং প্রবক্ষ্যন্তি ব্রাহ্মণাঃ পর্য্যুপাসকাঃ।
শ্রোতারশ্চ ভবিষ্যন্তি প্রামাণ্যেন ব্যবস্থিতাঃ ॥৬৩॥
বিপরীতশ্চ লোকোঽয়ং ভবিষ্যত্যধরোত্তরঃ।
এড়ূকান্ পূজয়িষ্যন্তি বর্জ্জয়িষ্যন্তি দেবতাঃ।
শূদ্রাঃ পরিচরিষ্যন্তি ন দ্বিজান্ যুগসংক্ষয়ে ॥৬৪॥

ভারতকৌমুদী

জীবিতেতি। ক্রূরা নিষ্ঠুরাঃ। সংক্ষেপ্যাতে অবসিতং ভবিষ্যতি ॥৫৯॥
আশ্রয়িষ্যন্তীতি। বিষমাণি উচ্চাবচানি কন্দরাদীনি ॥৬০॥
দস্যুভিরিতি। কাকা ইব জীবিকার্থং ভ্রমিষ্যন্তীতি শেষঃ ॥৬১॥
ধৈর্য্যমিতি। বিকর্ম্মাণি শূদ্রসেবাদীনি বিরুদ্ধকর্ম্মাণি, করিষ্যন্তি দ্বিজোত্তমাঃ ॥৬২॥
শূদ্রা ইতি। প্রামাণ্যেন শূদ্রোক্তৌ প্রামাণ্যবোধেন, ব্যবস্থিতাঃ সংবৃত্তাঃ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

॥৪১—৪৭॥ প্রজাস্বস্থি প্রজা জনয়িষ্যন্তি ॥৪৮—৫৩॥ জ্ঞানানি জ্ঞেয়স্বরূপাণি ॥৫৪—৫৭॥ বৃষলার্দ্দিতাঃ শূদ্রপীড়িতাঃ ॥৫৮॥ সংক্ষেপ্যাতে নাশং গমিষ্যতি ॥৫৯—৬০॥ কাকা ইব সর্ব্বতঃ

যখন সকল মানুষই জীবননাশক, নিষ্ঠুরস্বভাব, ভয়ঙ্করপ্রকৃতি এবং সমস্ত প্রাণীর হিংসক হইবে, তখন যুগশেষ হইবে ॥৫৯॥

কুরুকুলশ্রেষ্ঠ! ব্রাহ্মণেরা ভীত হইয়া দৌড়াইতে থাকিয়া নদী, পর্বত ও গুহাপ্রভৃতি স্থানে আশ্রয় লইবেন ॥৬০॥

রাজা! ব্রাহ্মণেরা দস্যুকর্ত্তৃক পীড়িত হইয়া কাকের ন্যায় জীবিকানির্বাহের জন্য পরিভ্রমণ করিবেন এবং সর্ব্বদাই অত্যাচারি-রাজকর্ত্তৃক করভারে পীড়িত হইবেন ॥৬১॥

নরনাথ! সেই ভয়ঙ্কর যুগশেষে ব্রাহ্মণেরা ধৈর্য্য ত্যাগ করিয়া শূদ্রের সেবক হইয়া বিরুদ্ধ কার্য্য করিবেন ॥৬২॥

শূদ্রেরা ধর্ম্ম বলিবে; আর ব্রাহ্মণেরা তাহাদের সেবক হইয়া, তাহাদের কথায় প্রামাণ্য বোধ করিয়া তাহার শ্রোতা হইবেন ॥৬৩॥

আশ্রমেষু মহর্ষীণাং ব্রাহ্মণাবসথেষু চ।
দেবস্থানেষু চৈত্যেষু নাগানামালয়েষু চ ॥৬৫॥
এড়ূকচিহ্না পৃথিবী ন দেবগৃহভূষিতা।
ভবিষ্যতি যুগে ক্ষীণে তদ্‌যুগান্তস্য লক্ষণম্ ॥৬৬॥ (যুগ্মকম্)
যদা রৌদ্রা ধর্ম্মহীনা মাংসাদাঃ পানপাস্তথা।
ভবিষ্যন্তি নরা নিত্যং তদা সংক্ষেপ্স্যতে যুগম্ ॥৬৭॥
পুষ্পে পুষ্পং যদা রাজন্! ফলে বা ফলমাশ্রিতম্।
প্রজাস্যতি মহারাজ! তদা সংক্ষেপ্স্যতে যুগম্ ॥৬৮॥
অকালবর্ষী পর্জ্জন্যো ভবিষ্যতি গতে যুগে।
অক্রমেণ মনুষ্যাণাং ভবিষ্যন্তি তদা ক্রিয়াঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

বিপরীত ইতি। অধরো নীচ উত্তরঃ শ্রেষ্ঠ ইত্যপরেভিরঃ। বিপরীত ইত্যুক্তেঃ ক্ষত্তরোঽপ্যপর ইতি গম্যতে। এড়ূকান্ ভিত্ত্যন্তর্গতানি নির্গোপানি কাষ্ঠানি "ভিত্তিঃ স্ত্রী কুড্যমেড়ূকং যদন্তর্ন্যস্তকীকসম্" ইত্যমরঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥

আশ্রমেম্বিতি। চৈত্যেষু যজ্ঞায়তনেষু, নাগানাং হস্তিনাম্। এড়ূকানি ভিত্ত্যন্তরে সমর্পণযোগ্যানি কাষ্ঠান্যেব চিহ্নানি যস্যাঃ সা ॥৬৫—৬৬॥

যদেতি। মাংসাদা নরমাংসভোজিনঃ, পানপাঃ সর্ব্বসনক্ষং সুরাপায়িনঃ ॥৬৭॥

পুষ্প ইতি। আশ্রিতং লম্বিতং সৎ, প্রজাস্যতি উৎপৎস্যতে ॥৬৮॥

এই জগৎটাই বিপরীত হইয়া যাইবে; নীচ উচ্চ হইবে এবং উচ্চ নীচ হইবে। মানুষ দেওয়ালের কাঠের পূজা করিবে (মালাপ্রভৃতিদ্বারা সজ্জিত করিবে), কিন্তু দেববিগ্রহগুলিকে বর্জন করিবে। আর যুগশেষে শূদ্রেরা দ্বিজাতিগণের সেবা করিবে না ॥৬৪॥

যুগাবসান হইয়া আসিলে মহর্ষিদের আশ্রমে, ব্রাহ্মণদের বাসস্থানে, দেবালয়ে, যজ্ঞভবনে এবং হস্তিশালায় দেওয়ালের কাঠ দিয়া ভূমি চিহ্নিত করা হইবে; কিন্তু দেবগৃহদ্বারা ভূষিত করা হইবে না; তাহাই যুগান্তের লক্ষণ হইবে ॥৬৫—৬৬॥

যখন মানুষেরা সর্ব্বদাই নিষ্ঠুরপ্রকৃতি, ধর্ম্মহীন, নরমাংসভোজী এবং সুরাপায়ী হইবে, তখন যুগশেষ হইবে ॥৬৭॥

রাজা! যখন ফুলে ফুল এবং ফলে ফল জন্মিবে, তখন যুগশেষ হইবে ॥৬৮॥

কলিযুগের অবসান হইয়া আসিলে, মেঘ অকালে বর্ষণ করিবে এবং তখন মানুষের কার্য্য সকল অক্রমে হইবে ॥৬৯॥

বিরোধমথ যাস্যন্তি ব্রাহ্মণা বৃষলৈঃ সহ।
মহী ম্লেচ্ছজনাকীর্ণা ভবিষ্যতি ততোঽচিরাৎ ॥৭০॥
করভারভয়াদ্বিপ্রা ভজিষ্যন্তি দিশো দশ।
অন্যায়বর্ত্তিনশ্চাপি ভবিষ্যন্তি নরাধিপাঃ ॥৭১॥
নির্ব্বিশেষা জনপদাস্তথা বিষ্টিকরার্দ্দিতাঃ।
আশ্রমানুপলপ্স্যন্তি ফলমূলোপজীবিনঃ ॥৭২॥
এবং পর্য্যাকুলে লোকে মর্য্যাদা ন ভবিষ্যতি।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ পরিত্যক্ষ্যন্তি সৎক্রিয়াম্ ॥৭৩॥
ন স্থাস্যন্ত্যপদেশে চ শিষ্যা বিপ্রিয়কারিণঃ।
আচার্য্যোঽপনিধিশ্চৈব ভৎর্স্যতে তদনন্তরম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

অকালেতি। পর্জন্যো মেঘঃ। অক্রমেণ আদৌ ভোজনং পরঞ্চ স্নানমিত্থংভাবেন ॥৬৯॥

বিরোধমিতি। যাস্যন্তি করিষ্যন্তি। বৃষলৈঃ শূদ্রৈঃ ॥৭০॥

করেতি। ভজিষ্যন্তি আশ্রয়িষ্যন্তি ॥৭১॥

নিরিতি। নির্ব্বিশেষাঃ সমানাচারাঃ, জনপদাস্তত্রত্যজনাঃ, বেতনালাভেন কার্য্যনিষ্পাদনং বিষ্টিকরস্তেন অর্দ্দিতাঃ সন্তঃ, আশ্রমানুপলপ্স্যন্তি আশ্রয়িষ্যন্তি ॥৭২॥

এবমিতি। মর্য্যাদা নিয়মঃ শৃঙ্খলেত্যর্থঃ। সৎক্রিয়াং ব্রতদানাদিম্ ॥৭৩॥

নেতি। অপগতো নিধির্যস্য সোঽপনিধির্নির্ধনঃ, ভৎর্স্যতে নিন্দ্যতে শিষ্যৈরপি ॥৭৪॥

ভারতভাবদীপঃ

শস্কিনঃ নীচবৃত্ত্যুপজীবিনো বা ॥৬১—৬৩॥ এড়ূকান্ অস্থ্যঙ্কিতানি কুড্যানি। "ভিত্তিঃ স্ত্রী কুড্যমেড়ূকং যদন্তর্ন্যস্তকীকসম্" ইত্যমরঃ ॥৬৪-৭১॥ নির্ব্বিশেষাঃ তুল্যাচারবেশাঃ,বিষ্টিকরাঃ

তাহার পর ব্রাহ্মণেরা শূদ্রদের সহিত বিরোধ করিবেন; তৎপরে অচিরকালমধ্যেই পৃথিবী ম্লেচ্ছে পরিপূর্ণ হইবে ॥৭০॥

ব্রাহ্মণেরা করভারের ভয়ে দশ দিক্ আশ্রয় করিবেন এবং রাজারাও অন্যায়বর্ত্তী হইবেন ॥৭১॥

দেশের লোকের মধ্যে কোন ভেদ থাকিবে না এবং তাহারা বেগার দেওয়ার ভয়ে আশ্রমে যাইয়া ফল-মূলভোজী হইবে ॥৭২॥

জগৎটাই এইরূপ পর্য্যাকুল হইয়া পড়িলে, লোকসমাজে কোনই শৃঙ্খলা থাকিবে না; আর ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্যেরাও সৎকার্য্য ত্যাগ করিবেন ॥৭৩॥

গুরুর অপ্রিয়কারী শিষ্যেরা গুরুর উপদেশের অধীন থাকিবে না এবং তৎপরে দরিদ্র গুরুকে নিন্দা করিবে ॥৭৪॥

(৭১) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি। (৭৩) পরার্দ্ধং বা ব কা পি ন দৃশ্যতে।

অর্থযুক্ত্যা প্রবৎর্স্যন্তি মিত্রসম্বন্ধিবান্ধবাঃ।
অভাবঃ সর্ব্বভূতানাং যুগান্তে সম্ভবিষ্যতি ॥৭৫॥
দিশঃ প্রজ্বলিতাঃ সর্ব্বা নক্ষত্রাণ্যপ্রভাণি চ।
জ্যোতীংষি প্রতিকূলানি বাতাঃ পর্য্যাকুলাস্তথা ॥৭৬॥
উল্কাপাতাশ্চ বহবো মহাভয়নিদর্শকাঃ।
ষড়্ভিরন্যৈশ্চ সহিতো ভাস্করঃ প্রতপিষ্যতি ॥৭৭॥
তুমুলাশ্চাপি নির্হ্রাদা দিগ্দাহাশ্চাপি সর্ব্বশঃ।
কবন্ধান্তর্হিতো ভানুরুদয়াস্তমনে তদা ॥৭৮॥
অকালবর্ষী ভগবান্ ভবিষ্যতি সহস্রদৃক্।
শস্যানি চ ন রোক্ষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৭৯॥
অভীক্ষ্ণং ক্রূরবাদিন্যঃ পরুষা রুদিতপ্রিয়াঃ।
ভর্ত্তৄণাং বচনে চৈব ন স্থাস্যন্তি ততঃ স্ত্রিয়ঃ ॥৮০॥

ভারতকৌমুদী

অর্থেতি। অর্থযুক্ত্যা ধনলাভেনৈব, প্রবৎর্স্যন্তি কার্য্যেষু প্রবৃত্তা ভবিষ্যন্তি ॥৭৫॥
দিশ ইতি। জ্যোতীংষি মঙ্গলাদয়ো গ্রহাঃ। পর্য্যাকুলা অনিয়মবাহিনঃ ॥৭৬॥
উল্কেতি। অন্যৈঃ ষড়্ভির্ভাস্করৈঃ। প্রতপিষ্যতি জগৎ প্রতপ্স্যতি ॥৭৭॥
তুমুলা ইতি। নির্হ্রাদা আকস্মিকশব্দাঃ। কবন্ধঃ তদাকারা ছায়া ॥৭৮॥
অকালেতি। সহস্রদৃক্ ইন্দ্রঃ। ন রোক্ষ্যন্তি নোৎপৎস্যন্তে ॥৭৯॥
অভীক্ষ্ণমিতি। অভীক্ষ্ণং বারং বারম্। পরুষা রুক্ষস্বভাবাঃ ॥৮০॥

মিত্র, সম্বন্ধী এবং বান্ধবগণও অর্থলাভের সম্ভাবনা থাকিলেই কার্য্যে প্রবৃত্ত হইবে এবং যুগশেষে সকল লোকেরই অর্থাভাব উপস্থিত হইবে ॥৭৫॥

সমস্ত দিক্ প্রজ্বলিত হইবে, নক্ষত্র সকল প্রভাশূন্য হইয়া যাইবে, গ্রহগণ প্রতিকূলভাবে চলিবে এবং বায়ু অনিয়মে বহিবে ॥৭৬॥

মহাভয়সূচক বহুতর উল্কাপাত হইবে এবং সূর্য্য অন্য ছয়টা সূর্য্যের সহিত মিলিত হইয়া জগৎ সন্তপ্ত করিবেন ॥৭৭॥

তখন তুমুল নির্হ্রাদ চলিতে থাকিবে, সর্বত্রই দিগ্দাহ হইবে এবং উদয়-কালে ও অস্তকালে সূর্য্য কবন্ধাকৃতি ছায়াদ্বারা আবৃত হইবেন ॥৭৮॥

যুগান্তকাল উপস্থিত হইলে ভগবান্ ইন্দ্র অকালে বর্ষণ করিবেন এবং শস্য উৎপন্ন হইবে না ॥৭৯॥

তাহার পর স্ত্রীলোকেরা সর্বদা নিষ্ঠুরভাষী, রুক্ষস্বভাব ও রোদনপরায়ণ হইবে এবং ভর্ত্তাদের আদেশের অধীনে থাকিবে না ॥৮০॥

পুত্রাশ্চ মাতাপিতরৌ হনিষ্যন্তি যুগক্ষয়ে।
সূদয়িষ্যন্তি চ পতীন্ স্ত্রিয়ঃ পুত্রানুপাশ্রিতাঃ ॥৮১॥
অপর্ব্বণি মহারাজ! সূর্য্যং রাহুরুপৈষ্যতি।
যুগান্তে হুতভুক্ চাপি সর্ব্বতঃ প্রজ্বলিষ্যতি ॥৮২॥
পানীয়ং ভোজনঞ্চাপি যাচমানাস্তদাঽধ্বগাঃ।
ন লপ্স্যন্তে নিবাসঞ্চ নিরস্তাঃ পথি শেরতে ॥৮৩॥
নির্ঘাতবায়সা নাগা শকুনাঃ সমৃগদ্বিজাঃ।
রূক্ষা বাচো বিমোক্ষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৮৪॥
মিত্রং সম্বন্ধিনশ্চাপি সন্ত্যক্ষ্যন্তি নরাস্তদা।
জনং পরিজনঞ্চাপি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৮৫॥
অথ দেশান্ দিশশ্চাপি পত্তনান্যাপণানি চ।
ক্রমশঃ সংশ্রয়িষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৮৬॥

ভারতকৌমুদী

পুত্রা ইতি। সূদয়িষ্যন্তি বিদলিষ্যন্তি। পুত্রান্ তৎপক্ষান্ ॥৮১॥

অপর্ব্বণীতি। অপর্ব্বণি অমাবস্যেতরকালে। সর্ব্বত আর্দ্রকাষ্ঠেঽপি ॥৮২॥

পানীয়মিতি। অধ্বগাঃ পথিকাঃ। নিরস্তা গৃহস্থৈর্দ্দূরীকৃতাঃ সন্তঃ ॥৮৩॥

নির্ঘাতেতি। নির্ঘাতাঃ প্রাগুক্তলক্ষণা বাতাহতবাতপাতাশ্চ বায়সাঃ কাকাশ্চ তে, নাগাঃ সর্পাঃ, শকুনা গৃধ্রাঃ, সমৃগদ্বিজাঃ পশুপক্ষিভিঃ সহ। বাচঃ শব্দান্ ॥৮৪॥

মিত্রমিতি। সম্বন্ধিনঃ শ্যালকাদীন্ ॥৮৫॥

যুগশেষে পুত্রেরা মাতা-পিতাকে হত্যা করিবে এবং স্ত্রীলোকেরা পুত্রদের পক্ষ অবলম্বন করিয়া ভর্ত্তাদের নির্যাতন করিবে ॥৮১॥

মহারাজ! যুগাবসানে অমাবস্যাভিন্ন অন্য সময়ে রাহু সূর্য্যের নিকট উপস্থিত হইবে এবং সর্বত্রই অগ্নি প্রজ্বলিত হইতে থাকিবে ॥৮২॥

সেই সময়ে পথিকগণ গৃহস্থগণের নিকট পানীয় জল, খাদ্য এবং বাসস্থান প্রার্থনা করিয়াও সেগুলি পাইবে না, প্রত্যুত গৃহস্থগণকর্ত্তৃক বিতাড়িত হইয়া যাইয়া পথে শয়ন করিবে ॥৮৩॥

যুগান্তকাল উপস্থিত হইলে নির্ঘাত, কাক, সর্প, শকুন ও অন্যান্য পশু-পক্ষী রূক্ষ শব্দ করিবে ॥৮৪॥

যুগাবসানকাল আসিলে তখন মানুষেরা মিত্র, সম্বন্ধী, আত্মীয় জন ও পরিজনদিগকে পরিত্যাগ করিবে ॥৮৫॥

(৮১)···স্ত্রিয়ঃ পুত্রানপাশ্রিতাঃ— বা ব কা নি। (৮৬)···পত্তনানি পুরাণি চ·· বা ব কা পি।

হা তাত! হা সুতেত্যেবং তদা বাচঃ সুদারুণাঃ।
বিক্রোশমানাশ্চান্যোন্যং জনো গাং পর্য্যটিষ্যতি ॥৮৭॥
ততস্তুমুলসংঘাতে বর্ত্তমানে যুগক্ষয়ে।
দ্বিজাতিপূর্ব্বকো লোকঃ ক্রমেণ প্রভবিষ্যতি ॥৮৮॥
ততঃ কালান্তরে হ্যস্মিন্ পুনর্লোকবিবৃদ্ধয়ে।
ভবিষ্যতি পুনর্দৈবমনুকূলং যদৃচ্ছয়া ॥৮৯॥
যদা সূর্য্যশ্চ চন্দ্রশ্চ তথা তিষ্যবৃহস্পতী।
একরাশৌ সমেষ্যন্তি প্রবৎর্স্যতি তদা কৃতম্ ॥৯০॥
কালবর্ষী চ পর্জন্যো নক্ষত্রাণি শুভানি চ।
প্রদক্ষিণা গ্রহাশ্চাপি ভবিষ্যন্ত্যনুলোমগাঃ ॥৯১॥

ভারতকৌমুদী

অথেতি। পত্তনানি পুরাণি, আপণানি ক্রয়বিক্রয়গৃহাণি, ক্লীবত্বমার্ষম্ ॥৮৬॥
হেতি। বিক্রোশমানা আহ্বানকালে উচ্চারয়ন্তঃ। গাং পৃথিবীম্ ॥৮৭॥
তত ইতি। তুমুলঃ সংঘাতঃ সংহারো যত্র তস্মিন্। প্রভবিষ্যতি প্রভুত্বং প্রাপ্স্যতি ॥৮৮॥
তত ইতি। ততঃ কলিরূপাৎ কালাৎ। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া ॥৮৯॥
যদেতি। তিষ্যঃ পুষ্যানক্ষত্রঞ্চ বৃহস্পতিশ্চেতি তিষ্যবৃহস্পতী। তথা চ যদা একস্মিন্ কর্কটরাশৌ ঘটকতয়া পুষ্যানক্ষত্রং তত্রৈব চ পুষ্যে সূর্য্যচন্দ্রৌ বৃহস্পতিশ্চৈতে সমেষ্যন্তি, তদা কৃতং সত্যযুগম্, প্রবৎর্স্যতি প্রবৃত্তং ভবিষ্যতি ॥৯০॥

ভারতভাবদীপঃ

তিস্রদত্ত্বা কার্য্যং কারয়ন্তি তে ॥৭২—৭৩॥ আচার্য্যোঽপি অপনিধিঃ নির্ধনঃ, ভৎর্স্যতে ধিক্ক্রিয়তে ॥৭৪॥ অর্থযুক্তা ধনযোগেন, ন তু স্নেহেন ধর্ম্মেণ বা ॥৭৫—৭৭॥ কবন্ধাঙ্কিতঃ

তৎপরে তাহারা অন্য দেশ, অন্য দিক্, নগর ও দোকানে যাইয়া ক্রমশঃ আশ্রয় লইবে ॥৮৬॥

তখন 'হা পিতঃ! হা পুত্র!' এইরূপ নিদারুণ বাক্য উচ্চারণপূর্ব্বক পরস্পর আহ্বান করিতে থাকিয়া লোক সকল পৃথিবী পর্য্যটন করিবে ॥৮৭॥

তাহার পর মহামারী উপস্থিত হইবে এবং কলিযুগের শেষ হইয়া যাইবে। তৎপরে ক্রমশঃ দ্বিজাতিগণ ও অন্যান্য লোক প্রভুত্ব লাভ করিবে ॥৮৮॥

সেই কলিযুগের পরে আবার অন্য কাল উপস্থিত হইবে; তখন ঈশ্বরের ইচ্ছায় লোকবৃদ্ধির জন্য দৈব পুনরায় অনুকূল হইবে ॥৮৯॥

যখন এক কর্কটরাশিতে পুষ্যানক্ষত্রে চন্দ্র, সূর্য্য ও বৃহস্পতি আসিবেন, তখনই সত্যযুগ প্রবৃত্ত হইবে ॥৯০॥

(৮৯) ততঃ কালান্তরেঽস্মিন্···বা ব কা নি।

ক্ষেমং সুভিক্ষমারোগ্যং ভবিষ্যতি নিরাময়ম্ ।
কল্কী বিষ্ণুযশা নাম দ্বিজঃ কালপ্রচোদিতঃ ॥৯২॥
উৎপৎস্যতে মহাবীর্য্যো মহাবুদ্ধিপরাক্রমঃ ।
সম্ভূতঃ সম্ভলগ্রামে ব্রাহ্মণাবসথে শুভে ॥৯৩॥ (যুগ্মকম্)
মনসা তস্য সর্ব্বাণি বাহনান্যায়ুধানি চ ।
উপস্থাস্যন্তি যোধাশ্চ শস্ত্রাণি কবচানি চ ॥৯৪॥
স ধর্ম্মবিজয়ী রাজা চক্রবর্ত্তী ভবিষ্যতি ।
স চেমং সঙ্কুলং লোকং প্রসাদমুপনেষ্যতি ॥৯৫॥
উত্থিতো ব্রাহ্মণো দীপ্তঃ ক্ষয়ান্তকৃদুদারধীঃ ।
সংক্ষেপকো হি সর্ব্বস্য যুগস্য পরিবর্ত্তকঃ ॥৯৬॥

ভারতকৌমুদী

কালেতি। শুভানি সপ্রভাণি, পূর্ব্বত্র অপ্রভাণীত্যভিধানাৎ। প্রদক্ষিণাঃ শুভাঃ ॥৯১॥

ক্ষেমমিতি। ক্ষেমং মঙ্গলম্। নিরাময়ং সর্ববিধোৎপাতাভাবঃ। বিষ্ণুযশা বিষ্ণুযশসো বিপ্রস্য পুত্রঃ "ভবিতা বিষ্ণুযশসঃ" ইতি শ্রীমদ্ভাগবতসংবাদাৎ ॥৯২—৯৩॥

মনসেতি। মনসা মনস ইচ্ছামাত্রেণৈব। যোধা যোদ্ধারঃ সৈন্যাঃ ॥৯৪॥

স ইতি। সঙ্কুলম্ ঈর্ষ্যাদ্বেষাদিব্যাপ্তম্, প্রসাদং মৈত্র্যাদিনৈর্ম্মল্যম্ ॥৯৫॥

উত্থিত ইতি। ক্ষয়ান্তকৃৎ মহামারীনিবৃত্তিকৃৎ। সর্বস্য ঈর্ষ্যাদ্বেষাদেশ্চিত্তকালুষ্যস্য, সংক্ষেপকো নিবারকঃ, যুগস্য পরিবর্ত্তকঃ সত্যযুগপ্রবর্ত্তক ইত্যর্থঃ ॥৯৬॥

তখন মেঘ যথাসময়ে বর্ষণ করিবে, নক্ষত্র সকল উজ্জ্বল হইবে এবং গ্রহগণ অনুকূল হইয়া জগতের মঙ্গল জন্মাইবে ॥৯১॥

এবং সর্ব্বত্র মঙ্গল, সুভিক্ষ, আরোগ্য ও সমস্ত উৎপাতের নিবৃত্তি হইবে; আর 'সম্ভল–'নামক গ্রামে মঙ্গলময় ব্রাহ্মণভবনে কালের প্রেরণায় মহাবল, মহাবুদ্ধি ও মহাপরাক্রমশালী হইয়া ভগবান্ কল্কী বিষ্ণুযশার পুত্ররূপে জন্ম গ্রহণ করিবেন ॥৯২—৯৩॥

তাঁহার ইচ্ছামাত্রে সমস্ত বাহন, অস্ত্র, শস্ত্র, কবচ ও যোদ্ধা উপস্থিত হইবে ॥৯৪॥

তিনি ধর্ম্ম অনুসারে বিজয়ী হইয়া রাজচক্রবর্ত্তী হইবেন এবং ঈর্ষ্যাদ্বেষাদি-কলুষিত এই জগৎটাকেই নির্ম্মল করিবেন ॥৯৫॥

অসাধারণ তেজস্বী ও উদারবুদ্ধি সেই ব্রাহ্মণ ক্রমিক উন্নতি লাভ করিতে থাকিয়া দূষিত ভাবের নিবৃত্তি, মহামারীর নিবারণ এবং যুগের পরিবর্ত্তন করিবেন ॥৯৬॥

স সর্ব্বত্র গতান্ ক্ষুদ্রান্ ব্রাহ্মণৈঃ পরিবারিতঃ।
উৎসাদয়িষ্যতি তদা সর্ব্বম্লেচ্ছগণান্ দ্বিজঃ ॥৯৭॥
ততশ্চৌরক্ষয়ং কৃত্বা দ্বিজেভ্যঃ পৃথিবীমিমাম্।
বাজিমেধে মহাযজ্ঞে বিধিবৎ কল্পয়িষ্যতি ॥৯৮॥
স্থাপয়িত্বা চ মর্য্যাদাঃ স্বয়ম্ভুবিহিতাঃ শুভাঃ।
বনং পুণ্যযশঃকর্ম্মা রমণীয়ং প্রবেক্ষ্যতি ॥৯৯॥
তচ্ছীলমনুবর্ৎস্যন্তি মনুষ্যা লোকবাসিনঃ।
বিপ্রৈশ্চৌরক্ষয়ে চৈব কৃতে ক্ষেমং ভবিষ্যতি ॥১০০॥
কৃষ্ণাজিনানি শক্তীশ্চ ত্রিশূলান্যায়ুধানি চ।
স্থাপয়ন্ দ্বিজশার্দ্দূলো দেশেষু বিজিতেষু চ ॥১০১॥
সংস্তূয়মানো বিপ্রেন্দ্রৈর্মানয়ানো দ্বিজোত্তমান্।
কল্কিশ্চরিষ্যতি মহীং সদা দস্যুবধে রতঃ ॥১০২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। ক্ষুদ্রান্ নিকৃষ্টহৃদয়ান্। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৯৭॥
তত ইতি। চৌরক্ষয়ং দস্যুসংহারম্। কল্পয়িষ্যতি প্রদাস্যতি ॥৯৮॥
স্থাপয়িত্বেতি। মর্য্যাদাঃ সমাজাদিনিয়মান্। পুণ্যে যশঃকর্ম্মণী যস্য সঃ ॥৯৯॥
তদিতি। অনুবর্ৎস্যন্তি অনুসরিষ্যন্তি। ক্ষেমং জগতো মঙ্গলম্ ॥১০০॥
কৃষ্ণেতি। স্থাপয়ন্ দুষ্টদমনার্থম্। মানয়ানঃ সম্মানয়ন্ ॥১০১—১০২॥

ভারতভাবদীপঃ

রাহুস্তরিতঃ ॥৭৮—৮৯॥ যদেতি। শুক্রসূর্য্যচন্দ্রাঃ যদা যুগপৎ পুষ্যনক্ষত্রমেষ্যন্তি তদা কৃতযুগপ্রবৃত্তিরিত্যর্থঃ ॥৯০—৯৭॥ কল্পয়িষ্যতি দাস্যতি ॥৯৮—৯৯॥ বিপ্রৈর্হেতুভিঃ, কৃতে যুগে

এবং তিনি তখন ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া সর্ব্বত্র বিদ্যমান নিকৃষ্টহৃদয় সর্ববিধ ম্লেচ্ছগণকে উৎসন্ন করিবেন ॥৯৭॥

তাহার পর তিনি দস্যুসংহার করিয়া মহাযজ্ঞ অশ্বমেধে ব্রাহ্মণগণকে এই পৃথিবীটা যথাবিধানে দান করিবেন ॥৯৮॥

তদনন্তর পবিত্রকীর্ত্তি ও পবিত্রকর্ম্মা কল্কি ব্রহ্মার বিহিত মাঙ্গলিক নিয়ম সকল স্থাপন করিয়া রমণীয় বনে প্রবেশ করিবেন ॥৯৯॥

তখন মর্ত্ত্যবাসী মানুষেরা তাঁহার চরিত্রের অনুসরণ করিবে এবং ব্রাহ্মণেরা দস্যুসংহার করিলে জগতের মঙ্গল হইবে ॥১০০॥

(৯৭) শ্লোকাৎ পরম্ '…নবত্যধিক…মার্কণ্ডেয় উবাচ'—বা ব কা, '… একনবত্যধিক… মার্কণ্ডেয় উবাচ'—পি, '…ত্রিনবত্যধিক…মার্কণ্ডেয় উবাচ'—নি।

হা মাতস্তাত পুত্রেতি তাস্তা বাচঃ সুদারুণাঃ।
বিক্রোশমানান্ সুভৃশং দস্যূন্ নেষ্যতি সংক্ষয়ম্ ॥১০৩॥
ততোঽধর্ম্মবিনাশো বৈ ধর্ম্মবৃদ্ধিশ্চ ভারত!।
ভবিষ্যতি কৃতে প্রাপ্তে ক্রিয়াবাংশ্চ জনস্তদা ॥১০৪॥
আরামাশ্চৈব চৈত্যাশ্চ তড়াগাবসথাস্তথা।
পুষ্করিণ্যশ্চ বিবিধা দেবতায়তনানি চ ॥১০৫॥
যজ্ঞক্রিয়াশ্চ বিবিধা ভবিষ্যন্তি কৃতে যুগে।
ব্রাহ্মণাঃ সাধবশ্চৈব মুনয়শ্চ তপস্বিনঃ ॥১০৬॥ (যুগ্মকম্)
আশ্রমা হতপাষণ্ডাঃ স্থিতাঃ সত্যে জনাস্তদা।
প্রযন্তি সর্ব্ববীজানি রোপ্যমাণানি চৈব হ ॥১০৭॥

ভারতকৌমুদী

হেতি। তাস্তা আত্মীয়বিষয়া বাচ উচ্চার্য্য বিক্রোশমানান্ আহ্বয়তঃ ॥১০৩॥

তত ইতি। ক্রিয়াবান্ যাগাদিসৎকর্ম্মান্বিতঃ ॥১০৪॥

আরামা ইতি। আরামা উপবনানি, চৈত্যা যজ্ঞশালাঃ, তড়াগা জলাশয়বিশেষাশ্চ আবসথা পথিকাবাসাশ্চ তে। ব্রাহ্মণাশ্চ সাধুপ্রভৃতয়ো ভবিষ্যন্তি ॥১০৫—১০৬॥

আশ্রমা ইতি। হতাঃ পাষণ্ডা বৃথাধর্ম্মচিহ্নধারিণো যেষাং তে। প্রযন্তি রোহন্তি ॥১০৭॥

ভারতভাবদীপঃ

॥১০০॥ কৃষ্ণাজিনানি ব্রহ্মচারিপরিধেয়ানি তেন সর্ব্বাণি ব্রাহ্মণকর্ম্মাণি লক্ষ্যন্তে শক্তীরিত্যাদিনা রাজধর্ম্মান্ স্থাপয়ন্ ব্রহ্মক্ষত্রয়োর্ধর্ম্মব্যবস্থাং চক্রে ইতি ভাবঃ ॥১০১—১০৩॥ অধর্ম্মবিনাশ

ব্রাহ্মণশ্রেষ্ঠ কল্কি বিজিত দেশসমূহে কৃষ্ণমৃগের চর্ম্ম (ঢাল), শক্তি, ত্রিশূল ও অন্যান্য অস্ত্র রাখিয়া, ব্রাহ্মণদিগের স্তুতিবাদ শ্রবণ এবং তাঁহাদের সংবর্দ্ধনা করিয়া (সেই বনের ভিতরে) সর্ব্বদাই দস্যুসংহারে নিরত হইয়া, ক্রমে পৃথিবীতে বিচরণ করিবেন ॥১০১—১০২॥

বিভিন্ন স্থানের দস্যুরা 'হা মাতঃ! হা পিতঃ! হা পুত্র!' এইরূপ নিদারুণ বাক্য সকল উচ্চারণপূর্ব্বক তাহাদিগকে ডাকিতে থাকিবে এই অবস্থায় কল্কি তাহাদিগকে সংহার করিবেন ॥১০৩॥

ভরতনন্দন! তাহার পর সত্যযুগ উপস্থিত হইলে, তখন অধর্ম্মের লোপ ও ধর্ম্মের বৃদ্ধি হইবে এবং মানুষ সৎক্রিয়ান্বিত হইবে ॥১০৪॥

সত্যযুগ উপস্থিত হইলে, উপবন, যজ্ঞশালা, বৃহৎ বৃহৎ জলাশয়, পথিকদিগের জন্য বাসভবন, নানাবিধ পুষ্করিণী, দেবালয় ও বিবিধ যজ্ঞকার্য্য হইবে এবং ব্রাহ্মণেরাও সাধু, মুনি ও তপস্বী হইবেন ॥১০৫—১০৬॥

(১০৭) আশ্রমাঃ সহ পাষণ্ডাঃ...বা ব কা পি।

সর্ব্বেষ্বৃতুষু রাজেন্দ্র ! সর্বং শস্যং ভবিষ্যতি।
নরা দানেষু নিরতা ব্রতেষু নিয়মেষু চ ॥১০৮॥
জপ্যযজ্ঞপরা বিপ্রা ধর্ম্মকামা মুদা যুতাঃ।
পালয়িষ্যন্তি রাজানো ধর্ম্মেণেমাং বসুন্ধরাম্ ॥১০৯॥
ব্যবহাররতা বৈশ্যা ভবিষ্যন্তি কৃতে যুগে।
ষট্‌কর্ম্মনিরতা বিপ্রাঃ ক্ষত্রিয়া বিক্রমে রতাঃ ॥১১০॥
শুশ্রূষায়াং রতাঃ শূদ্রাস্তথা বর্ণত্রয়স্য চ।
এষ ধর্ম্মঃ কৃতযুগে ত্রেতায়াং দ্বাপরে তথা ॥১১১॥
পশ্চিমে যুগকালে চ যঃ স তে সম্প্রকীর্ত্তিতঃ।
সর্ব্বলোকস্য বিদিতা যুগসংখ্যা চ পাণ্ডব ! ॥১১২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সর্বেষ্বিতি। নিরতা ভবিষ্যন্তীতি বচনবিপরিণামেন পূর্বক্রিয়ানুবৃত্তিঃ ॥১০৮॥
জপ্যেতি। মুদা উৎপাতাপগমাদানন্দেন যুতাঃ ॥১০৯॥
ব্যবেতি। ব্যবহারো বাণিজ্যাদিঃ। ষট্ কর্ম্মাণি যজনযাজনাধ্যয়নাধ্যাপনদানপ্রতিগ্রহাঃ ॥১১০॥
শুশ্রূষায়ামিতি। বর্ণত্রয়স্য উচ্চস্য। পশ্চিমে যুগকালে কলৌ। যুগসংখ্যা সত্যাদীনাং চতুর্ণাং যুগানাং দেবপরিমাণেন চতুস্ত্রিদ্ব্যেকসহস্রবৎসররূপা ॥১১১—১১২॥

ভারতভাবদীপঃ

ইতি চ্ছেদঃ ॥১০৪—১০৬॥ যে আশ্রমাঃ সহ পাষণ্ডাঃ প্রাক্ স্থিতাস্তে প্রজাশ্চ সত্যজনা ভবিষ্যন্তীতি সম্বন্ধঃ; প্রযন্তি নশ্যন্তি, বীজানি সংস্কারাঃ, রোপ্যমাণানি ক্রিয়মাণৈঃ কর্ম্মভির্দৃঢ়ং সম্পাদ্যমানান্যপি জ্ঞানবলান্নশ্যন্তীত্যর্থঃ ॥১০৭—১৩১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬১॥

তখন আশ্রম হইতে পাষণ্ডেরা দূরীকৃত হইবে, সকল লোকই সত্যে অবস্থান করিবে এবং রোপণ করিলেই সমস্ত বীজ উৎপন্ন হইবে ॥১০৭॥

রাজশ্রেষ্ঠ ! সকল ঋতুতেই শস্য জন্মিবে এবং মানুষ দান, ব্রত ও নিয়মে নিরত হইবে ॥১০৮॥

ব্রাহ্মণেরা আনন্দিত হইয়া ধর্ম্মকামনায় জপ ও যজ্ঞপরায়ণ হইবেন এবং রাজারা ধর্ম্ম অনুসারে এই পৃথিবী পালন করিবেন ॥১০৯॥

সত্যযুগে ব্রাহ্মণেরা যজনাদি ষট্‌কর্ম্মে, ক্ষত্রিয়েরা বিক্রমে এবং বৈশ্যেরা বাণিজ্যে নিরত হইবেন ॥১১০॥

শূদ্রেরা উচ্চ তিন বর্ণের পরিচর্য্যায় ব্যাপৃত হইবে। পাণ্ডুনন্দন ! সত্য, ত্রেতা ও দ্বাপরযুগের এই ধর্ম্ম এবং কলিযুগের যে ধর্ম্ম, তাহা তোমার নিকট বলিলাম; আর চারি যুগের পরিমাণ ত সকলেরই জানা আছে ॥১১১—১১২॥

এতত্তে সর্ব্বমাখ্যাতমতীতানাগতং তথা।
বায়ুপ্রোক্তমনুস্মৃত্য পুরাণমৃষিসংস্তুতম্ ॥১১৩॥
এবং সংসারমার্গা মে বহুশশ্চিরজীবিনা।
দৃষ্টাশ্চৈবানুভূতাশ্চ তাংস্তে কথিতবানহম্ ॥১১৪॥
ইদঞ্চৈবাপরং ভূয়ঃ সহ ভ্রাতৃভিরচ্যুত!।
ধর্ম্মসংশয়মোক্ষার্থং নিবোধ বচনং মম ॥১১৫॥
ধর্ম্মে ত্বয়াত্মা সংযোজ্যো নিত্যং ধর্ম্মভৃতাং বর!।
ধর্ম্মাত্মা হি সুখং রাজন্! প্রেত্য চেহ চ বিন্দতি ॥১১৬॥
নিবোধ চ শুভাং বাণীং যাং প্রবক্ষ্যামি তেঽনঘ!।
ন ব্রাহ্মণে পরিভবঃ কর্ত্তব্যস্তে কদাচন।
ব্রাহ্মণঃ কুপিতো হন্যাদপি লোকান্ প্রতিজ্ঞয়া ॥১১৭॥

বৈশম্পায়ন উবাচ।

মার্কণ্ডেয়বচঃ শ্রুত্বা কুরূণাং প্রবরো নৃপঃ।
উবাচ বচনং ধীমান্ পরমং পরমদ্যুতিঃ ॥১১৮॥

ভারতকৌমুদী

এতদিতি। পুরাণং পুরাতনম্, ঋষিভিঃ সংস্তুতং পরিচিতং বিদিতমিত্যর্থঃ ॥১১৩॥
এবমিতি। মে ময়া বহুশো দৃষ্টাঃ, মনসা চানুভূতাঃ ॥১১৪॥
ইদমিতি। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট!। ধর্ম্মসংশয়স্য মোক্ষার্থং নিবৃত্ত্যর্থম্ ॥১১৫॥
ধর্ম্ম ইতি। আত্মা মনঃ। প্রেত্য পরলোকে। বিন্দতি লভতে ॥১১৬॥
নিবোধেতি। প্রতিজ্ঞয়া হননবিষয়কবাক্যমাত্রেণৈব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৭॥

যুধিষ্ঠির! ঋষিগণের বিদিত বায়ুপ্রোক্ত প্রাচীন বচন সকল স্মরণ করিয়া আমি এই ভূত ও ভবিষ্যৎ বিষয়গুলি তোমার নিকট বলিলাম ॥১১৩॥

আমি চিরজীবী বলিয়া সংসারের এই সকল পথ বহুবার দেখিয়াছি এবং অনুভব করিয়াছি; তাহা আমি তোমার নিকট বলিলাম ॥১১৪॥

ধার্ম্মিক যুধিষ্ঠির! তুমি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া ধর্ম্মসন্দেহ-নিবৃত্তির জন্য পুনরায় আমার এই অপর বাক্য শ্রবণ কর ॥১১৫॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ রাজা! তুমি সর্বদাই ধর্ম্মে মনকে সংযুক্ত রাখিবে। কারণ, ধর্ম্মাত্মা লোক ইহলোকে ও পরলোকে সুখ লাভ করে ॥১১৬॥

নিষ্পাপ রাজা! আমি তোমার নিকট যে শুভজনক বাক্য বলিব, তাহা তুমি শ্রবণ কর। তুমি কখনও ব্রাহ্মণের অপমান করিও না। কারণ, ব্রাহ্মণ কুপিত হইয়া একমাত্র বাক্যদ্বারাই সমস্ত জগৎ বিনষ্ট করিতে পারেন' ॥১১৭॥

কস্মিন্ ধর্ম্মে ময়া স্থেয়ং প্রজাঃ সংরক্ষতা মুনে!।
কথঞ্চ বর্ত্তমানো বৈ ন চ্যবেয়ং স্বধর্ম্মতঃ ॥১১৯॥

মার্কণ্ডেয় উবাচ।

দয়াবান্ সর্ব্বভূতেষু হিতো রক্তোঽনসূয়কঃ।
সত্যবাদী মৃদুর্দান্তঃ প্রজানাং রক্ষণে রতঃ ॥১২০॥
চর ধর্ম্মং ত্যজাধর্ম্মং পিতৄন্ দেবাংশ্চ পূজয়।
প্রমাদাদ্‌যৎ কৃতং তেঽভূৎ সম্যগ্‌দানেন তজ্জয় ॥১২১॥ (যুগ্মকম্)
অলং তে মানমাশ্রিত্য সততং পরবান্ ভব।
বিজিত্য পৃথিবীং সর্ব্বাং মোদমানঃ সুখী ভব ॥১২২॥
এষ ভূতো ভবিষ্যশ্চ ধর্ম্মস্তে সমুদীরিতঃ।
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদতীতানাগতং ভুবি ॥১২৩॥

ভারতকৌমুদী

মার্কণ্ডেয়েতি। পরমং নিজহিতবিষয়ত্বাদুত্তমম্, পরমদ্যুতির্মহাতেজাঃ ॥১১৮॥
কস্মিন্নিতি। কস্মিন্ কীদৃশে, স্থেয়ং স্থাতব্যম্। চ্যবেয়ং ভ্রশ্যেয়ম্ ॥১১৯॥
দয়েতি। রক্তোঽনুরাগী। দান্ত ইন্দ্রিয়দমনশালী। প্রমাদাদনবধানাৎ ॥১২০—১২১॥
অলমিতি। মানং স্বাধীনতাগর্ব্বম্। পরবান্ দয়াদিনা পরাধীনঃ ॥১২২॥
এষ ইতি। ভূতঃ অতীতঃ। এতদুদীরণং নিষ্প্রয়োজনমেবেত্যাহ নেতি ॥১২৩॥

বৈশম্পায়ন বলিলেন—বুদ্ধিমান্, মহাতেজা ও কুরুশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির মার্কণ্ডেয়ের বাক্য শুনিয়া এই উত্তম বাক্য বলিলেন—॥১১৮॥

'মুনি! আমি প্রজা পালন করিবার সময়ে কি রূপ ধর্ম্মে থাকিব? এবং কি প্রকারে থাকিয়াই বা নিজ ধর্ম্ম হইতে ভ্রষ্ট হইব না?' ॥১১৯॥

মার্কণ্ডেয় বলিলেন—'রাজা! তুমি সকল প্রাণীর উপরেই দয়ালু, হিতৈষী, অনুরাগী ও অসূয়াবিহীন হইয়া এবং সত্যবাদী, কোমলস্বভাব, ইন্দ্রিয়জয়ী ও প্রজাপালনে নিরত থাকিয়া ধর্ম্ম আচরণ কর, অধর্ম্ম ত্যাগ কর, দেবগণ ও পিতৃগণের পূজা কর এবং অনবধানতাবশতঃ তোমার যে পাপ করা হইয়াছে, উপযুক্ত দান করিয়া সে পাপ নষ্ট কর ॥১২০—১২১॥

তুমি গর্বিত হইও না, সর্বদা পরাধীনই থাক এবং সমগ্র পৃথিবী জয় করিয়া আমোদ অনুভব কর এবং সুখী হও ॥১২২॥

এই তোমার নিকট ভূত ও ভবিষ্য ধর্ম্ম বলিলাম। কিন্তু জগতে ভূত বা ভবিষ্য কোন বিষয়ই তোমার অবিদিত নাই ॥১২৩॥

তস্মাদিমং পরিক্লেশং ত্বং তাত ! হৃদি মা কৃথাঃ।
প্রাজ্ঞাস্তাত ! ন মুহ্যন্তি কালেনাপি প্রপীড়িতাঃ ॥১২৪॥
এষ কালো মহাবাহো ! অপি সর্বদিবৌকসাম্।
মুহ্যন্তি হি প্রজাস্তাত ! কালেনাপি প্রচোদিতাঃ ॥১২৫॥
মা চ তেঽত্র বিশঙ্কা ভূদ্‌যন্ময়োক্তং তবানঘ !।
আশঙ্ক্য মদ্বচো হ্যেতদ্ধর্ম্মলোপো ভবেত্তব ॥১২৬॥
জাতোঽসি প্রথিতে বংশে কুরূণাং ভরতর্ষভ !।
কর্ম্মণা মনসা বাচা সর্ব্বমেতৎ সমাচর ॥১২৭॥

যুধিষ্ঠির উবাচ।

যত্ত্বয়োক্তং দ্বিজশ্রেষ্ঠ ! বাক্যং শ্রুতিমনোহরম্।
তথা করিষ্যে যত্নেন ভবতঃ শাসনং বিভো ! ॥১২৮॥
ন মে লোভোঽস্তি বিপ্রেন্দ্র ! ন ভয়ং ন চ মৎসরঃ।
করিষ্যামি হি তৎ সর্বমুক্তং যত্তে ময়ি প্রভো ! ॥১২৯॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। ইমং রাজ্যনাশবনবাসাদিকৃতম্। কালেন কালকৃতদুঃখেন ॥১২৪॥
এষ ইতি। এষ ঈদৃশদুঃখপ্রযোজকঃ। কালেন তদুপস্থাপিতদুঃখেন ॥১২৫॥
মেতি। বিশঙ্কা অসত্যত্বসন্দেহঃ। ধর্ম্মলোপো ভবেৎ, এতদ্বিপরীতাচরণাৎ ॥১২৬॥
জাত ইতি। সদ্বংশজাতস্যৈব সৎকর্ম্মযোগ্যত্বং স্বাভাবিকমিতি ভাবঃ ॥১২৭॥
যদিতি। শ্রুত্যা শ্রবণমাত্রেণৈব মনোহরম্। শাসনমাদেশম্ ॥১২৮॥

অতএব বৎস ! তুমি এই কষ্টগুলিকে মনে স্থান দিও না। কারণ, বৎস ! বুদ্ধিমান্ লোকেরা কালপ্রণোদিত হইয়াও মোহিত হন না ॥১২৪॥

বৎস মহাবাহু ! দেবতাদেরও এইরূপ কাল উপস্থিত হইয়া থাকে। সুতরাং সাধারণ লোকেরাই কালপ্রণোদিত হইয়া মোহিত হয় ॥১২৫॥

নিষ্পাপ রাজা ! আমি তোমার নিকট যাহা বলিয়াছি, সে বিষয়ে যেন তোমার কোন সন্দেহ হয় না। কারণ, আমার বাক্যে সন্দেহ করিলে তোমার ধর্ম্মলোপ হইবে ॥১২৬॥

ভরতশ্রেষ্ঠ ! তুমি জগদ্বিখ্যাত কুরুবংশে জন্মিয়াছ। সুতরাং বাক্য, মন ও কর্ম্ম দ্বারা এই সমস্ত আচরণ কর' ॥১২৭॥

যুধিষ্ঠির বলিলেন—প্রভু ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনি যে শ্রুতিমধুর বাক্য বলিয়াছেন, সেই অনুসারেই আমি যত্নপূর্ব্বক আপনার আদেশ পালন করিব ॥১২৮॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তু বচনং তস্য মার্কণ্ডেয়স্য ধীমতঃ।

সংহৃষ্টাঃ পাণ্ডবা রাজন্! সহিতাঃ শার্ঙ্গধন্বনা ॥১৩০॥

বিপ্রর্ষভাশ্চ তে সর্ব্বে যে তত্রাসন্ সমাগতাঃ।

তথা কথাং শুভাং শ্রুত্বা মার্কণ্ডেয়স্য ধীমতঃ।

বিস্মিতাঃ সমপদ্যন্ত পুরাণস্য নিবেদনাৎ ॥১৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং যুধিষ্ঠিরানুশাসনে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ

—— ০:(*):০ ——

জনমেজয় উবাচ।

ভূয় এব ব্রাহ্মণানাং মাহাত্ম্যং বক্তুমর্হসি।

পাণ্ডবানাং যথাচষ্ট মার্কণ্ডেয়ো মহাতপাঃ ॥১॥

ভারতকৌমুদী

নেতি। মৎসরো দ্বেষঃ। তে ত্বয়া, ময়ি মমান্তিকে ॥১২৯॥

শ্রুত্বেতি। সংহৃষ্টা বভূবুঃ। শার্ঙ্গধন্বনা কৃষ্ণেন ॥১৩০॥

বিপ্রেতি। সমপদ্যন্ত সঞ্জাতাঃ, পুরাণস্য প্রাচীনবৃত্তান্তস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামেকষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(০:*:০)———

ব্রাহ্মণমাহাত্ম্যস্যৈব প্রস্তুতত্বাত্তদেব জিজ্ঞাসতে ভূয় ইতি। আচষ্ট অবদৎ ॥১॥

প্রভু ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমার লোভ নাই, ভয় নাই এবং বিদ্বেষও নাই। সুতরাং আপনি আমার নিকট যাহা বলিলেন, সে সমস্তই আমি করিব' ॥১২৯॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! পাণ্ডবেরা জ্ঞানী মার্কণ্ডেয়ের কথা শুনিয়া কৃষ্ণের সহিত আনন্দিত হইলেন ॥১৩০॥

আর, সেই স্থানে যে সকল শ্রেষ্ঠ ব্রাহ্মণ আগমন করিয়াছিলেন, তাঁহারা জ্ঞানী মার্কণ্ডেয়ের সেই মঙ্গলজনক কথা শুনিয়া এবং প্রাচীন বৃত্তান্ত জানিয়া বিস্মিত হইলেন ॥১৩১॥

———:(০):———

* '…একনবত্যধিক…' বা ব কা, '…দ্বিনবত্যধিক…' পি, '…চতুর্নবত্যধিক…' নি।

বৈশম্পায়ন উবাচ।

ভূয় এব ব্রাহ্মণমাহাত্ম্যং বক্তুমর্হসীত্যব্রবীৎ পাণ্ডবেয়ো মার্কণ্ডেয়ম্ ॥২॥

অথাচষ্ট মার্কণ্ডেয়ো পূর্বমিদং শ্রূয়তাং ব্রাহ্মণানাং চরিতম্ ॥৩॥

অযোধ্যায়ামিক্ষ্বাকুকুলোদ্বহঃ পার্থিবঃ পরিক্ষিন্নাম মৃগয়ামগমৎ ॥৪॥

তমেকাশ্বেন মৃগমনুসরন্তং মৃগো দূরমপাহরৎ ॥৫॥

অথাধ্বনি জাতশ্রমঃ ক্ষুত্তৃষ্ণাভিভূতশ্চৈকস্মিন্ দেশে নীলং গহনং বনষণ্ডমপশ্যৎ। তচ্চ বিবেশ ॥৬॥

ততস্তস্য বনষণ্ডস্য মধ্যেঽতীবরমণীয়ং সরো দৃষ্ট্বা সাশ্ব এব ব্যগাহত ॥৭॥

ভারতকৌমুদী

ভূয় ইতি। ভূয় এব বহুলমেব। পাণ্ডবেয়ো যুধিষ্ঠিরঃ ॥২॥

অথেতি। অপূর্ব্বমাশ্চর্য্যম্ ॥৩॥

অযোধ্যায়ামিতি। মৃগয়াং কর্তুমিতি শেষঃ ॥৪॥

তমিতি। একাশ্বেন একমাত্রেণাশ্বেন ॥৫॥

অথেতি। গহনং নিবিড়ম্, বনষণ্ডং বনসমূহম্ ॥৬॥

তত ইতি। ব্যগাহত, পথিশ্রমাপনোদনায়েতি ভাবঃ ॥৭॥

জনমেজয় বলিলেন—মহাতপা মার্কণ্ডেয় পাণ্ডবগণের নিকটে যাহা বলিয়াছিলেন, সেই ব্রাহ্মণমাহাত্ম্য আপনি আরও বলুন ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—সেই সময়ে যুধিষ্ঠির মার্কণ্ডেয়মুনিকে বলিলেন—'আপনি পুনরায় ব্রাহ্মণমাহাত্ম্য বলুন' ॥২॥

তাহার পর মার্কণ্ডেয় বলিলেন—'যুধিষ্ঠির! তুমি ব্রাহ্মণদিগের এই অপূর্ব চরিত্র শ্রবণ কর ॥৩॥

অযোধ্যানগরে ইক্ষ্বাকুবংশসম্ভূত 'পরিক্ষিৎ'-নামে এক রাজা ছিলেন; তিনি একদা মৃগয়া করিতে গমন করিয়াছিলেন ॥৪॥

তিনি একমাত্র অশ্বে আরোহণ করিয়া একটা মৃগের অনুসরণ করিতে লাগিলে, সেই মৃগ তাঁহাকে দূরে লইয়া গেল ॥৫॥

তাহার পর তিনি পরিশ্রান্ত এবং ক্ষুধা-পিপাসায় কাতর হইয়া এক স্থানে নীলবর্ণ ও নিবিড় বনশ্রেণী দেখিলেন এবং তাহার ভিতরে প্রবেশ করিলেন ॥৬॥

তৎপরে তিনি সেই বনশ্রেণীর মধ্যে অতিমনোহর একটী সরোবর দেখিয়া অশ্বের সহিতই তাহাতে অবগাহন করিলেন ॥৭॥

(২) ভূয় এব ব্রাহ্মণমহাভাগ্যম্…বা ব কা পি।

অথাশ্বস্তঃ স বিসমৃণালমশ্বায়াগ্রতো নিক্ষিপ্য পুষ্করিণীতীরে সংবিবেশ। ততঃ শয়ানো মধুরং গীতমশৃণোৎ ॥৮॥

স শ্রুত্বাঽচিন্তয়ৎ— নেহ মনুষ্যগতিং পশ্যামি। কস্য খল্বয়ং গীতশব্দ ইতি ॥৯॥

অথাপশ্যৎ কন্যাং পরমরূপদর্শনীয়াং পুষ্পাণ্যবচিন্বতীং গায়ন্তীঞ্চ। অথ সা রাজ্ঞঃ সমীপে পর্য্যক্রামৎ ॥১০॥

তামব্রবীদ্রাজা—কস্যাসি ভদ্রে! কা বা ত্বমিতি। সা প্রত্যুবাচ— কন্যাস্মীতি। তাং রাজোবাচ—অর্থী ত্বয়াহমিতি ॥১১॥

অথোবাচ কন্যা—সময়েনাহং শক্যা ত্বয়া লব্ধুং নান্যথেতি। রাজা তাং সময়মপৃচ্ছৎ। কন্যোবাচ—নোদকং মে দর্শয়িতব্যমিতি ॥১২॥

ভারতকৌমুদী

তান্ শর্ব্বান্ নৃপতেঃ পুত্রানদহৎ স্বেন তেজসা।
মুখজেনাগ্নিনা ক্রুদ্ধো লোকানুদ্বর্ত্তয়ন্নিব ॥২৫॥
ক্ষণেন রাজশার্দ্দূল! পুরেব কপিলঃ প্রভুঃ।
সগরস্যাত্মজান্ ক্রুদ্ধস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৬॥ (যুগ্মকম্)
তেষু ক্রোধাগ্নিদগ্ধেষু তদা ভরতসত্তম।
তং প্রবুদ্ধং মহাত্মানং কুম্ভকর্ণমিবাপরম্।
আসসাদ মহাতেজাঃ কুবলাশ্বো মহীপতিঃ ॥২৭॥
তস্য বারি মহারাজ! সুস্রাব বহু দেহতঃ।
তদাঽপীয়ত তত্তেজো রাজা বারিময়ং নৃপ! ॥২৮॥
যোগী যোগেন বহ্নিঞ্চ শময়ামাস বারিণা।
ব্রহ্মাস্ত্রেণ চ রাজেন্দ্র! দৈত্যং ক্রূরপরাক্রমম্।
দদাহ ভরতশ্রেষ্ঠ! সর্ব্বলোকাভয়ায় বৈ ॥২৯॥

ভারতকৌমুদী

ক্রুদ্ধ ইতি। আস্বাদনাৎ, পাবকমগ্নিম্, সংবর্ত্তকসমং প্রলয়াগ্নিতুল্যম্ ॥২৪॥

তানিতি। উদ্বর্ত্তয়ন্ উৎসাদয়ন্। প্রভুঃ তপঃপ্রভাবশালী ॥২৫—২৬॥

তেম্বিতি। প্রবুদ্ধং জাগরিতম্। আসসাদ প্রাপ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

তস্যেতি। তস্য ধুন্ধোঃ। অপীয়তেতি "পীঙ্ পানে" ইতি দৈবাদিকাত্মনেপদিনঃ পীধাতোর্হস্তন্যাং প্রয়োগঃ। রাজা কুবলাশ্বঃ, বারিময়ং তত্তেজো ধুন্ধোস্তেজঃ ॥২৮॥

এবং তখনই ধুন্ধু ক্রুদ্ধ হইয়া মুখ হইতে প্রলয়াগ্নির তুল্য অগ্নি উদগার করিতে থাকিয়া কুবলাশ্বের পুত্রগণের নানাবিধ অস্ত্র ভক্ষণ করিয়া ফেলিল ॥২৪॥

এবং পূর্ব্বকালে তপঃপ্রভাবশালী মহর্ষি কপিল ক্রুদ্ধ হইয়া সগরের পুত্রগণকে যেমন দগ্ধ করিয়াছিলেন, তেমন ক্রুদ্ধ ধুন্ধু আপন প্রভাবে সমস্ত জগৎ উৎসন্ন করিতে প্রবৃত্ত হইয়াই যেন মুখনির্গত অগ্নিদ্বারা কুবলাশ্বের সকল পুত্রকে দগ্ধ করিয়া ফেলিল। তাহা যেন অদ্ভুতের ন্যায় হইল ॥২৫—২৬॥

ভরতশ্রেষ্ঠ! কুবলাশ্বের পুত্রেরা ধুন্ধুর ক্রোধাগ্নিতে দগ্ধ হইলে মহাতেজা কুবলাশ্বরাজা অপর কুম্ভকর্ণের ন্যায় জাগরিত ধুন্ধুর নিকটে উপস্থিত হইলেন ॥২৭॥

মহারাজ! তখন ধুন্ধুর দেহ হইতে প্রচুর জলস্রাব হইতে লাগিল; কিন্তু কুবলাশ্বরাজা সেই জলময় ধুন্ধুর তেজ পান করিয়া ফেলিলেন ॥২৮॥

সোঽস্ত্রেণ দগ্ধ্বা রাজর্ষিঃ কুবলাশ্বো মহাসুরম্।
সুরশক্রমমিত্রঘ্নং ত্রৈলোক্যেশ ইবাপরঃ ॥৩০॥
ধুন্ধোর্বধাত্তদা রাজা কুবলাশ্বো মহামনাঃ।
ধুন্ধুমার ইতি খ্যাতো নাম্নাঽপ্রতিরথোঽভবৎ ॥৩১॥ (যুগ্মকম্)
প্রীতৈশ্চ ত্রিদশৈঃ সর্বৈর্মহর্ষিসহিতৈস্তদা।
বরং বৃণীষ্বেত্যুক্তঃ স প্রাঞ্জলিঃ প্রণতস্তদা ॥৩২॥
অতীবমুদিতো রাজন্নিদং বচনমব্রবীৎ।
দদ্যাং বিত্তং দ্বিজাগ্র্যেভ্যঃ শত্রূণাঞ্চাপি দুর্জয়ঃ ॥৩৩॥
সখ্যঞ্চ বিষ্ণুনা মে স্যাদ্ভূতেষ্বদ্রোহ এব চ।
ধর্ম্মে রতিশ্চ সততং স্বর্গে বাসস্তথাঽক্ষয়ঃ ॥৩৪॥ (বিশেষকম্)
তথাঽস্ত্বিতি ততো দেবৈঃ প্রীতৈরুক্তঃ স পার্থিবঃ।
ঋষিভিশ্চ সগন্ধর্বৈরুতঙ্কেন চ ধীমতা ॥৩৫॥

ভারতকৌমুদী

যোগীতি। যোগী যোগপ্রভাবশালী রাজা, বারিণা বারুণাস্ত্রেণ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

স ইতি। ত্রৈলোক্যেশঃ নারায়ণঃ। ধুন্ধুং মারয়তীতি সঃ ॥৩০—৩১॥

প্রীতৈরিতি। ত্রিদশৈর্দেবৈঃ। দুর্জয়ো ভবেয়ম্। রতিরনুরাগঃ ॥৩২—৩৪॥

তথেতি। স পার্থিবঃ কুবলাশ্বঃ ॥৩৫॥

এবং যোগপ্রভাবশালী কুবলাশ্বরাজা যোগবলে জলদ্বারা ধুন্ধুর মুখস্থিত অগ্নি নির্বাপিত করিলেন, আর সমস্ত লোককে নির্ভয় দিবার জন্য ব্রহ্মাস্ত্রদ্বারা ভয়ঙ্করপরাক্রমশালী ধুন্ধুদৈত্যকে দগ্ধ করিয়া ফেলিলেন ॥২৯॥

রাজর্ষি কুবলাশ্ব, দেবশত্রু ও শত্রুহন্তা মহাসুর ধুন্ধুকে ব্রহ্মাস্ত্রদ্বারা দগ্ধ করিয়া দ্বিতীয় নারায়ণের ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং মহামনা কুবলাশ্বরাজা তখন ধুন্ধুকে বধ করায় জগতে 'অপ্রতিরথ' ও 'ধুন্ধুমার' এই নামদ্বারা বিখ্যাত হইলেন ॥৩০—৩১॥

রাজা! তখন মহর্ষিগণের সহিত দেবতারা সকলেই সন্তুষ্ট হইয়া বলিলেন—'রাজা! আপনি বর গ্রহণ করুন'। তখন কুবলাশ্বরাজা কৃতাঞ্জলি, অবনত ও অত্যন্ত আনন্দিত হইয়া এই কথা বলিলেন—'আমি যেন ব্রাহ্মণগণকে ধন দান করিতে পারি, শত্রুদের পক্ষে যেন দুর্জয় হই, বিষ্ণুর সহিত যেন আমার সখিত্ব হয়, প্রাণীদের উপর যেন দ্রোহ হয় না, সর্ব্বদা ধর্ম্মে যেন অনুরাগ থাকে এবং অন্তিমে যেন অক্ষয় স্বর্গবাস হয়' ॥৩২—৩৪॥

সম্ভাব্য চৈনং বিবিধৈরাশীর্ব্বাদৈস্ততো নৃপ ! ।
দেবা মহর্ষয়শ্চাপি স্বানি স্থানানি ভেজিরে ॥৩৬॥
তস্য পুত্রাস্ত্রয়ঃ শিষ্টা যুধিষ্ঠির ! তদাঽভবন্ ।
দৃঢ়াশ্বঃ কপিলাশ্বশ্চ চণ্ডাশ্বশ্চৈব ভারত ! ॥৩৭॥
তেভ্যঃ পরম্পরা রাজন্ ! ইক্ষ্বাকূণাং মহাত্মনাম্ ।
বংশস্য সুমহাভাগ ! রাজ্ঞামমিততেজসাম্ ॥৩৮॥
এবং স নিহতস্তেন কুবলাশ্বেন সত্তম ! ।
ধুন্ধুর্নাম মহাদৈত্যো মধুকৈটভয়োঃ সুতঃ ॥৩৯॥
কুবলাশ্বশ্চ নৃপতির্ধুন্ধুমার ইতি স্মৃতঃ ।
নাম্না চ গুণসংযুক্তস্তদা প্রভৃতি সোঽভবৎ ॥৪০॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ।
ধৌন্ধুমারমুপাখ্যানং প্রথিতং যস্য কর্ম্মণা ॥৪১॥

ভারতকৌমুদী

সম্ভাব্যেতি। সম্ভাব্য সম্ভাবয্য সংবর্দ্ধ্য। ভেজিরে জগ্মুঃ ॥৩৬॥
তস্যেতি। তস্য কুবলাশ্বস্য। শিষ্টা অবশিষ্টাঃ ॥৩৭॥
তেভ্য ইতি। তেভ্যো দৃঢ়াশ্বাদিভ্যঃ, ইক্ষ্বাকূণাং বংশস্য পরম্পরা ধারা স্থিতা ॥৩৮॥
এবমিতি। হে সত্তম ! সাধুশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! ॥৩৯॥
কুবলেতি। স্মৃতো লোকে খ্যাতঃ। গুণসংযুক্তঃ শৌর্য্যাদিগুণবান্ ॥৪০॥
এতদিতি। যস্য কুবলাশ্বাদেঃ, কর্ম্মণা যুদ্ধাদিনা ॥৪১॥

তাহার পর দেবগণ, ঋষিগণ, গন্ধর্বগণ ও জ্ঞানী উতঙ্কমুনি সন্তুষ্ট হইয়া কুবলাশ্বকে বলিলেন—'তাহাই হইবে' ॥৩৫॥

রাজা ! তদনন্তর দেবতারা ও মহর্ষিরা নানাবিধ আশীর্ব্বাদদ্বারা কুবলাশ্ব রাজাকে সংবর্দ্ধিত করিয়া স্ব স্ব স্থানে চলিয়া গেলেন ॥৩৬॥

ভরতনন্দন যুধিষ্ঠির ! তখন দৃঢ়াশ্ব, কপিলাশ্ব ও চণ্ডাশ্বনামে তিনটী পুত্র মাত্র কুবলাশ্বরাজার অবশিষ্ট ছিল ॥৩৭॥

মহাভাগ রাজা ! অমিততেজা ও মহাত্মা ইক্ষ্বাকুবংশীয় রাজগণের বংশের ধারা সেই দৃঢ়াশ্বপ্রভৃতি হইতেই রহিয়া গিয়াছে ॥৩৮॥

সাধুশ্রেষ্ঠ ! সেই কুবলাশ্বরাজা এই ভাবে সেই মধু-কৈটভের পুত্র মহাদৈত্য ধুন্ধুকে বধ করিয়াছিলেন ॥৩৯॥

এবং সেই গুণবান্ কুবলাশ্বরাজা তদবধি 'ধুন্ধুমার' এই নামে জগতে প্রসিদ্ধ হইয়া গিয়াছেন ॥৪০॥

ইদন্তু পুণ্যমাখ্যানং বিষ্ণোঃ সমনুকীর্ত্তনম্।
শৃণুয়াদ্যঃ স ধর্ম্মাত্মা পুত্রবাংশ্চ ভবেন্নরঃ ॥৪২॥
আয়ুষ্মান্ ভূতিমাংশ্চৈব শ্রুত্বা ভবতি পর্ব্বসু।
ন চ ব্যাধিভয়ং কিঞ্চিৎ প্রাপ্নোতি বিগতজ্বরঃ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং ধুন্ধুমারোপাখ্যানে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:০:)———

চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ

——:(*):——

বৈশম্পায়ন উবাচ।
ততো যুধিষ্ঠিরো রাজা মার্কণ্ডেয়ং মহামুনিম্।
পপ্রচ্ছ ভরতশ্রেষ্ঠ! ধর্ম্মপ্রশ্নং সুদুর্বচম্ ॥১॥

ভারতকৌমুদী

ইদমিতি। পুণ্যং পুণ্যজনকম্। বিষ্ণোঃ সম্যক্ অনুকীর্ত্তনং যত্র তৎ ॥৪২॥

আয়ুষ্মানিতি। ভূতিমান্ ধনাদিসম্পত্তিমান্, পর্ব্বসু সংক্রান্ত্যাদিষু ॥৪৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:(০):———

যুধিষ্ঠির! তুমি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে এবং যাঁহার কার্য্য অনুসারে ধুন্ধুমারের উপাখ্যান প্রসিদ্ধ হইয়াছে, এই তোমার নিকট সেই সমস্ত বৃত্তান্ত বলিলাম ॥৪১॥

যে লোক এই বিষ্ণুচরিত্রসমন্বিত পুণ্য উপাখ্যান শ্রবণ করে, সে লোক ধার্ম্মিক ও পুত্রবান্ হয় ॥৪২॥

মানুষ পর্ব্বকালে এই উপাখ্যান শুনিয়া দীর্ঘায়ু ও ধনসম্পত্তিশালী হয় এবং সন্তাপবিহীন হইয়া কোন রোগের ভয় পায় না ॥৪৩॥

———(০:*:০)———

* '…নবনবত্যধিকশততমঃ…' নি, '…দ্ব্যধিকদ্বিশততমঃ…' বা ব, '…চতুরধিকদ্বিশততমঃ…' কা, '…সপ্তাধিকদ্বিশততমঃ…' নি।

(১)…মার্কণ্ডেয়ং মহাদ্যুতিম্…ধর্ম্মপ্রশ্নং সুদুর্বিদম্—বা ব কা নি।

শ্রোতুমিচ্ছামি ভগবন্ ! স্ত্রীণাং মাহাত্ম্যমুত্তমম্ ।
কথ্যমানং ত্বয়া বিপ্র ! সূক্ষ্মধর্ম্মঞ্চ তত্ত্বতঃ ॥২॥
প্রত্যক্ষমিহ বিপ্রর্ষে ! দেবা দৃশ্যন্তি সত্তম ! ।
সূর্য্যাচন্দ্রমসৌ বায়ুঃ পৃথিবী বহ্নিরেব চ ॥৩॥
পিতা মাতা চ ভগবন্ ! গুরুরেব চ সত্তম ! ।
যচ্চান্যদ্দেববিহিতং তচ্চাপি ভৃগুনন্দন ! ॥৪॥ (যুগ্মকম্)
মান্যা হি গুরবঃ সর্ব্বে একপত্ন্যস্তথা স্ত্রিয়ঃ ।
পতিব্রতানাং শুশ্রূষা দুষ্করা প্রতিভাতি মে ॥৫॥
পতিব্রতানাং মাহাত্ম্যং বক্তুমর্হসি নঃ প্রভো ! ।
নিরুধ্য চেন্দ্রিয়গ্রামং মনঃ সংরুধ্য চানঘ ! ॥৬॥
পতিং দৈবতবচ্চাপি চিন্তয়ন্ত্যঃ স্থিতা হি যাঃ ।
ভগবন্ ! দুষ্করং হ্যেতৎ প্রতিভাতি মম প্রভো ! ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। পপ্রচ্ছ চকারেত্যর্থঃ। অতিদুঃখেনোচ্যত ইতি সুদুর্বচম্ ॥১॥
শ্রোতুমিতি। সূক্ষ্মধর্ম্মঞ্চ স্ত্রীণামেব, তত্ত্বতো যাথার্থ্যেন ॥২॥
প্রত্যক্ষমিতি। দৃশ্যন্তি লোকৈর্দৃশ্যন্তে। দেবৈর্ন বিহিতং দেববিহিতং বিগ্রহাদি ॥৩-৪॥
মান্যা ইতি। একঃ পতির্যাসাং তা একপত্ন্যঃ। পতিব্রতানাং তৎকর্ত্তৃকা ॥৫॥
পতীতি। নঃ অস্মান্। দৈবতবদ্দেবমিব। এতৎ পতিব্রতাকার্য্যম্ ॥৬—৭॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ জনমেজয় ! তাহার পর রাজা যুধিষ্ঠির মহর্ষি মার্কণ্ডেয়ের নিকটে ধর্ম্মবিষয়ে কঠিন প্রশ্ন করিলেন—॥১॥

'ভগবন্ ! আপনি স্ত্রীলোকদিগের উত্তম মাহাত্ম্য ও সূক্ষ্ম ধর্ম্ম যথার্থরূপে বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি ॥২॥

সাধুশ্রেষ্ঠ ব্রহ্মর্ষি ! এই জগতে কতকগুলি দেবতাকে প্রত্যক্ষ দেখা যায় (যথা—) চন্দ্র, সূর্য্য, বায়ু, পৃথিবী, অগ্নি, পিতা, মাতা ও আচার্য্য। আর ভগবন্ সাধুশ্রেষ্ঠ ভৃগুনন্দন ! দেবতারূপে অন্য যাহা নির্ম্মিত হয়, তাহাও প্রত্যক্ষ দেবতা (দেববিগ্রহ) ॥৩—৪॥

সমস্ত গুরুজন এবং একমাত্র-পতি-পরায়ণ স্ত্রীলোকগণ—এই উভয়ই পূজনীয়। কারণ, পতিব্রতারা যে পতির পরিচর্য্যা করেন, তাহা আমার নিকট দুষ্কর বলিয়াই বোধ হয় ॥৫॥

নিষ্পাপ প্রভু ! যাঁহারা নয়নপ্রভৃতি ইন্দ্রিয়সমূহকে ও মনকে নিরুদ্ধ

মাতাপিত্রোশ্চ শুশ্রূষা স্ত্রীণাং ভর্ত্তরি চ দ্বিজ ! ।
স্ত্রাণাং ধর্ম্মাৎ সুঘোরাদ্ধি নান্যং পশ্যামি দুষ্করম্ ॥৮॥
সাধ্বাচারাঃ স্ত্রিয়ো ব্রহ্মন্ ! যৎ কুর্ব্বন্তি সদাদৃতাঃ।
দুষ্করং খলু কুর্ব্বন্তি পিতরং মাতরঞ্চ বৈ ॥৯॥
একপত্ন্যশ্চ যা নার্য্যো যাশ্চ সত্যং বদন্ত্যুত।
কুক্ষিণা দশ মাসাংশ্চ গর্ভং সন্ধারয়ন্তি যাঃ ॥১০॥
নার্য্যঃ কালেন সম্ভূয় কিমদ্ভুততরং ততঃ।
সংশয়ং পরমং প্রাপ্য বেদনামতুলামপি ॥১১॥
প্রজায়ন্তে সুতান্ নার্য্যো দুঃখেন মহতা বিভো ! ।
পুষ্ণন্তি চাপি মহতা স্নেহেন দ্বিজপুঙ্গব ! ॥১২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

মাতেতি। শুশ্রূষা পুত্রকর্তৃকা, ভর্ত্তরি স্ত্রীণাং শুশ্রূষা। ধর্ম্মাৎ পাতিব্রাত্যাৎ ॥৮॥

সাধ্বিতি। সদা আদৃতা আদরবত্যঃ। পিতরং মাতরঞ্চ প্রতি পুত্রা যৎ কুর্ব্বন্তি ॥৯॥

একেতি। এক এব পতির্যাসাং তা একপত্ন্যঃ। সম্ভূয় রজস্বলা ভূত্বা। সংশয়ং প্রসবকালে জীবনসন্দেহম্। প্রজায়ন্তে জনয়ন্তি। পুষ্ণন্তি সুতান্ ॥১০—১২॥

করিয়া পতিকে দেবতার ন্যায় চিন্তা করিতে থাকিয়া সংসারে অবস্থান করেন, সেই পতিব্রতাদের মাহাত্ম্য আপনি আমাদের নিকট বলুন। ভগবন্ প্রভু ! পতিব্রতাদের এই কার্য্যটা কিন্তু আমার নিকট দুষ্কর বলিয়াই বোধ হয় ॥৬—৭॥

ব্রাহ্মণ ! পুত্রেরা মাতা ও পিতার যে শুশ্রূষা করে, স্ত্রীলোকেরা ভর্ত্তার যে পরিচর্য্যা করে এবং স্ত্রীলোকদের যে ভয়ঙ্কর পাতিব্রাত্যধর্ম্ম, এই সকল অপেক্ষা অন্য দুষ্কর কর্ম্ম আমি দেখিতে পাই না ॥৮॥

ব্রাহ্মণ ! সাধ্বী রমণীরা সর্ব্বদা যত্নপরায়ণ হইয়া যে পতিসেবা করেন এবং পুত্রেরা পিতা ও মাতার যে পরিচর্য্যা করে, তাহা অতিদুষ্কর কার্য্যই করে ॥৯॥

প্রভু ব্রাহ্মণশ্রেষ্ঠ ! যাঁহারা একমাত্র পতির প্রতিই আসক্ত থাকেন, যাঁহারা সর্ব্বদাই সত্য বাক্য বলেন এবং যাঁহারা যথাকালে রজস্বলা হইয়া দশ মাস যাবৎ উদরে গর্ভ ধারণ করেন, তা'র পর প্রসবের কালে অতুলনীয় বেদনা অনুভব করিয়া জীবনে পর্য্যন্ত গুরুতর-সন্দেহাপন্ন হইয়া গুরুতর কষ্টে সন্তান প্রসব করেন, পরে আবার মহাকষ্টে তাহাদের লালন-পালন করেন, সেই সকল নারীদের সেই সকল কার্য্য হইতে গুরুতর অদ্ভুত কার্য্য কি আছে ? ॥১০—১২॥

যে চ ক্রূরেষু সর্ব্বেষু বর্ত্তমানা জুগুপ্সিতাঃ।
স্বকর্ম্ম কুর্ব্বন্তি সদা দুষ্করং তচ্চ মে মতম্ ॥১৩॥
ক্ষত্রধর্ম্মসমাচারং তত্ত্বং ব্যাখ্যাহি মে দ্বিজ ! ।
ধর্ম্মঃ সুদুর্লভো বিপ্র ! নৃশংসেন মহাত্মনাম্ ॥১৪॥
এতদিচ্ছামি ভগবন্ ! প্রশ্নং প্রশ্নবিদাং বর ! ।
শ্রোতুং ভৃগুকুলশ্রেষ্ঠ ! শুশ্রূষে তব সুব্রত ! ॥১৫॥

মার্কণ্ডেয় উবাচ।

হন্ত তে সর্ব্বমাখ্যাস্যে প্রশ্নমেতং সুদুর্ব্বচম্।
তত্ত্বেন ভরতশ্রেষ্ঠ ! গদতস্তন্নিবোধ মে ॥১৬॥
মাতৃস্তু গৌরবাদন্যে পিতৄনন্যে তু মেনিরে।
দুষ্করং কুরুতে মাতা বিবর্দ্ধয়তি যা প্রজাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

য ইতি। যে চ যোদ্ধারঃ, ক্রূরেষু নিষ্ঠুরেষু হত্যাদিকর্ম্মসু ॥১৩॥

ক্ষত্রেতি। তত্ত্বং যথার্থং যথা স্যাত্তথা। নৃশংসেন মহাত্মনাং ধর্ম্মঃ সুদুর্লভঃ ॥১৪॥

এতদিতি। প্রশ্নং প্রশ্নোত্তরম্। শুশ্রূষে অনুনয়েন শুশ্রূষাং করোমি ॥১৫॥

হন্তেতি। প্রশ্নং প্রশ্নোত্তরম্। তত্ত্বেন যাথার্থ্যেন, গদতো বদতঃ ॥১৬॥

মাতৃরিতি। অন্যে পিতৃভ্যো মাতৄঃ গৌরবাদধিকা মেনিরে, "সহস্রন্তু পিতৄর্মাতা গৌরবেণাতিরিচ্যতে" ইতি স্মৃতেঃ। অন্যে তু মাতৃভ্যঃ পিতৄন্ গৌরবাদধিকান্ মেনিরে, "বীজস্য চৈবং যোন্যাশ্চ বীজমুৎকৃষ্টমুচ্যতে" ইতি স্মৃত্যাশয়াদিতি ভাবঃ। ব্যক্তিভেদাদন্ত-বচনম্। মাতুরধিকত্বে যুক্তিমাহ দুষ্করমিতি। প্রজাঃ সন্তানান্ ॥১৭॥

আর, যে সকল যোদ্ধা সমস্ত নিষ্ঠুর কার্য্যে প্রবৃত্ত হইয়া সকলের নিকটেই নিন্দিত হইতে থাকিয়া সর্ব্বদাই আপন কার্য্য করিতে থাকেন, তাহাও দুষ্কর কার্য্য বলিয়াই আমি ধারণা করি ॥১৩॥

ব্রাহ্মণ ! আর আপনি আমার নিকট যথাযথভাবে ক্ষত্রিয়ধর্ম্ম বলুন। কারণ, নৃশংসের পক্ষে সাধুর ধর্ম্ম লাভ করা অতিদুষ্কর ॥১৪॥

ভগবন্ প্রশ্নজ্ঞশ্রেষ্ঠ ! এই সকল প্রশ্নের উত্তর আমি শুনিতে ইচ্ছা করি। ভৃগুকুলশ্রেষ্ঠ ! দৃঢ়ব্রতপরায়ণ ! আমি আপনার শুশ্রূষা করিতেছি' ॥১৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! কঠিন হইলেও এই সকল প্রশ্নের উত্তর আমি তোমার নিকট বলিব। এখনই যথাযথভাবে বলিতেছি, তাহা তুমি শ্রবণ কর ॥১৬॥

অনেকে পিতা অপেক্ষা মাতাকে গৌরবে অধিক মনে করেন; আবার

তপসা দেবতেজ্যাভির্বন্দনেন তিতিক্ষয়া।
অভিচারৈরুপায়ৈশ্চাপীহন্তে পিতরঃ সুতান্ ॥১৮॥
এবং কৃচ্ছ্রেণ মহতা পুত্রং প্রাপ্য সুদুর্লভম্।
চিন্তয়ন্তি সদা বীর! কীদৃশোঽয়ং ভবিষ্যতি ॥১৯॥
আশংসতে হি পুত্রেষু পিতা মাতা চ ভারত!।
যশঃ কীর্ত্তিমথৈশ্বর্য্যং প্রজা ধর্ম্মং তথৈব চ ॥২০॥
তয়োরাশান্তু সফলাং যঃ করোতি স ধর্ম্মবিৎ।
পিতা মাতা চ রাজেন্দ্র! তুষ্যতো যস্য নিত্যশঃ।
ইহ প্রেত্য চ তস্যাথ কীর্ত্তির্ধর্ম্মশ্চ শাশ্বতঃ ॥২১॥
ন চ যজ্ঞক্রিয়া কাচিন্ন শ্রাদ্ধং নোপবাসকম্।
যা তু ভর্ত্তরি শুশ্রূষা তয়া স্বর্গং জয়ত্যুত ॥২২॥

ভারতকৌমুদী

পিতুরধিকত্বে যুক্তিমাহ দ্বাভ্যাং তপসেতি। তপসা উপবাসাদিনা, দেবতেজ্যাভি-দেবপূজয়া, বন্দনেন দেবতানামেব, তিতিক্ষয়া শীতাদিসহনেন। অভিচারৈঃ পশুবলি-দানাদিভিঃ, উপায়ৈর্জ্জলাশয়াদিবিশেষেষু ফলবিশেষদানাদিভিশ্চ, ঈহন্তে লব্ধুং চেষ্টন্তে ॥১৮॥

এবমিতি। চিন্তয়ন্তি পিতর ইত্যনুবৃত্তিঃ। কীদৃশো বিদ্বান্ মূর্খো বা ॥১৯॥

আশংসত ইতি। ঐশ্বর্য্যং ধনাদিসম্পদম্, প্রজাঃ সন্ততীঃ ॥২০॥

তয়োরিতি। ইহ লোকে, প্রেত্য পরলোকে চ। শাশ্বতঃ স্থায়ী। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

অনেকে মাতা অপেক্ষা পিতাকে গৌরবে শ্রেষ্ঠ বলিয়া ধারণা করেন। ইহার প্রতি ক্রমিক কারণ এই যে, যে মাতা সন্তানকে বর্দ্ধিত করেন, তিনি দুষ্কর কার্য্যই করেন ॥১৭॥

আবার পিতা—তপস্যা, দেবতার পূজা ও বন্দনা, শীতগ্রীষ্মপ্রভৃতি সহ্য করা, অভিচার এবং অন্যান্য উপায়দ্বারা পুত্রলাভের চেষ্টা করেন ॥১৮॥

এবং তিনি অতিকষ্টে অতিদুর্লভ পুত্র লাভ করিয়া সর্ব্বদাই চিন্তা করেন যে, এ পুত্র কিপ্রকার হইবে ॥১৯॥

ভরতনন্দন! তা'র পর পিতা ও মাতা দুই জনই পুত্রের যশ, কীর্ত্তি, ঐশ্বর্য্য, সন্তান ও ধর্ম্মের আকাঙ্ক্ষা করেন ॥২০॥

রাজশ্রেষ্ঠ! যে লোক পিতা ও মাতার আশা সফল করে, সেই লোকই বাস্তবিক ধর্ম্মজ্ঞ; আর যাহার উপরে পিতা ও মাতা সর্ব্বদা সন্তুষ্ট থাকেন, তাহার ইহলোকে ও পরলোকে কীর্ত্তি ও ধর্ম্ম স্থায়ী হয় ॥২১॥

এতৎ প্রকরণং রাজন্নধিকৃত্য যুধিষ্ঠির ! ।
পতিব্রতানাং নিয়তং ধর্ম্মঞ্চাবহিতঃ শৃণু ॥২৩॥
কশ্চিদ্দ্বিজাতিপ্রবরো বেদাধ্যায়ী তপোধনঃ ।
তপস্বী ধর্ম্মশীলশ্চ কৌশিকো নাম ভারত ! ॥২৪॥
সাঙ্গোপনিষদো বেদানধীতে দ্বিজসত্তমঃ ।
স বৃক্ষমূলে কস্মিংশ্চিদ্বেদানুচ্চারয়ন্ স্থিতঃ ॥২৫॥
উপরিষ্টাচ্চ বৃক্ষস্য বলাকা সংন্যলীয়ত ।
তয়া পুরীষমুৎসৃষ্টং ব্রাহ্মণস্য তদোপরি ॥২৬॥
তামবেক্ষ্য ততঃ ক্রুদ্ধঃ সমপধ্যায়ত দ্বিজঃ ।
ভৃশং ক্রোধাভিভূতেন বলাকা সা নিরীক্ষিতা ॥২৭॥

ভারতকৌমুদী

নেতি। ন কাচিৎ পতিব্রতাপক্ষে ন তাদৃশফলজনিকেত্যর্থঃ। এবমন্যত্র ॥২২॥
এতদিতি। এতৎ প্রকরণং ত্বৎপৃষ্টবিষয়সামান্যম্। নিয়তং নির্দ্দিষ্টম্ ॥২৩॥
কশ্চিদিতি। তপ এব ধনং ধনবদাদৃতং যস্য সং, অতএব তপস্বী ॥২৪॥
সেতি। অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ উপনিষদ্ভিশ্চ সংহিতি তান্, অধীতে স্ম ॥২৫॥
উপেতি। বলাকা বকপক্ষিণী, সংন্যলীয়ত গুপ্তভাবেন স্থিতা ॥২৬॥
তামিতি। সমপধ্যায়ত তস্যা অপকারং মৃত্যুমচিন্তয়দিত্যর্থঃ ॥২৭॥

পতিব্রতার পক্ষে যজ্ঞ, শ্রাদ্ধ বা উপবাস সেরূপ ফল জন্মায় না, ভর্ত্তার শুশ্রূষা যেরূপ ফল জন্মায়। সুতরাং পতিব্রতা স্ত্রী ভর্তৃশুশ্রূষাদ্বারাই স্বর্গ জয় করেন ॥২২॥

অতএব রাজা যুধিষ্ঠির ! তুমি এই জিজ্ঞাসিত বিষয়গুলির মধ্যে পতিব্রতার নির্দ্দিষ্ট ধর্ম্মই অবহিত হইয়া শ্রবণ কর ॥২৩॥

ভরতনন্দন ! বেদাধ্যায়ী, তপোধন, তপঃপরায়ণ ও ধর্ম্মশীল 'কৌশিক'-নামে কোন ব্রাহ্মণ ছিলেন ॥২৪॥

তিনি অঙ্গ ও উপনিষদের সহিত বেদ অধ্যয়ন করিয়াছিলেন। তাই তিনি একদা কোন বৃক্ষমূলে বসিয়া বেদ পাঠ করিতেছিলেন ॥২৫॥

ওদিকে সেই বৃক্ষের উপরে একটা বকপক্ষিণী গুপ্তভাবে রহিয়াছিল; সে তখন কৌশিকের মস্তকের উপরে বিষ্ঠা ত্যাগ করিল ॥২৬॥

তখন কৌশিক তাহার দিকে চাহিয়া তাহার মৃত্যু চিন্তা করিলেন এবং তিনি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তাহার প্রতি দৃষ্টিপাত করিলেন ॥২৭॥

(২৩) শ্লোকাৎ পরম্ '…চতুরধিকদ্বিশততমঃ…মার্কণ্ডেয় উবাচ—বা ব, '…পঞ্চাধিকদ্বিশততমঃ…' বা, '…অষ্টাধিকদ্বিশততমঃ…' নি।

অপধ্যাতা চ বিপ্রেণ ন্যপতদ্ধরণীতলে।
বলাকাং পতিতাং দৃষ্ট্বা গতসত্ত্বামচেতনাম্ ॥২৮॥
কারুণ্যাদভিসন্তপ্তঃ পর্য্যশোচত তাং দ্বিজঃ।
অকার্য্যং কৃতবানস্মি রোষরাগবলাৎকৃতঃ ॥২৯॥ (যুগ্মকম্)
ইত্যুক্ত্বা বহুশো বিদ্বান্ গ্রামং ভৈক্ষায় সংশ্রিতঃ।
গ্রামে শুচীনি প্রচরন্ কুলানি ভরতর্ষভ! ॥৩০॥
প্রবিষ্টস্তৎ কুলং যত্র পূর্ব্বং চরিতবাংস্তু সঃ।
দেহীতি যাচমানোঽসৌ তিষ্ঠেত্যুক্তঃ স্ত্রিয়া ততঃ ॥৩১॥ (যুগ্মকম্)
শৌচন্তু যাবৎ কুরুতে ভাজনস্য কুটুম্বিনী।
এতস্মিন্নন্তরে রাজন্! ক্ষুধাসম্পীড়িতো ভৃশম্।
ভর্ত্তা প্রবিষ্টঃ সহসা তস্যা ভরতসত্তম! ॥৩২॥
সা তু দৃষ্ট্বা পতিং সাধ্বী ব্রাহ্মণং ব্যবহায় তম্।
পাদ্যমাচমনীয়ং বৈ দদৌ ভর্ত্তুস্তথাসনম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

অপেতি। গতসত্ত্বাং নির্গতপ্রাণাম্। রোষরাগেণ ক্রোধেন বলাৎকৃত আক্রান্তঃ ॥২৮-২৯॥

ইতীতি। ভৈক্ষায় ভিক্ষাকরণায়, শুচীনি পবিত্রাণি, কুলানি গৃহাণি। স্ত্রিয়া তদ্-গৃহস্বামিন্যা। দুষ্টগৃহাৎ প্রতিগ্রহনিষেধেন শুচীনীত্যুক্তম্ ॥৩০—৩১॥

শৌচমিতি। শৌচং পরিষ্কারম্, ভাজনস্য ভিক্ষাদানপাত্রস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

সেতি। ব্যবহায় বিহায় তস্মৈ ভিক্ষাদানোদ্যোগং পরিত্যজ্যেত্যর্থঃ ॥৩৩॥

ব্রাহ্মণ মৃত্যুচিন্তা করিবামাত্রই সেই বকপক্ষিণী ভূতলে পতিত হইল। তখন ব্রাহ্মণ তাহাকে পতিতা, প্রাণহীনা ও অচেতনা দেখিয়া সর্ব্বপ্রকারে সন্তপ্ত হইয়া দয়াবশতঃ তাহার জন্য শোক করিলেন (বলিলেন—) 'আমি ক্রোধের বশীভূত হইয়া অকার্য্য করিয়া ফেলিয়াছি' ॥২৮—২৯॥

এইরূপ বলিয়া কৌশিক ভিক্ষা করিবার জন্য অনেক গ্রামে যাইয়া পবিত্র পবিত্র বাড়ীগুলিতে বিচরণ করিতে থাকিয়া সেই বাড়ীতে প্রবেশ করিলেন, যে বাড়ীতে তিনি পূর্ব্বেও আসিয়াছিলেন। তাহার পর তিনি 'ভিক্ষা দিন' বলিয়া প্রার্থনা করিলে, সেই বাড়ীর গৃহিণী বলিলেন—'দাঁড়ান' ॥৩০—৩১॥

ভরতশ্রেষ্ঠ রাজা! এই কথা বলিয়া গৃহিণী যখন ভিক্ষাদানের পাত্রখানি পরিষ্কার করিতে লাগিলেন, এই সময়েই তাঁহার স্বামী অত্যন্ত ক্ষুধার্ত্ত হইয়া হঠাৎ আসিয়া প্রবেশ করিলেন ॥৩২॥

তখন সাধ্বী সেই গৃহিণী স্বামীকে দেখিয়া, সেই ব্রাহ্মণকে পরিত্যাগ

প্রহ্বা পর্য্যচরচ্চাপি ভর্ত্তারমসিতেক্ষণা ।
আহারেণাথ ভক্ষ্যৈশ্চ ভোজ্যৈঃ সুমধুরৈস্তথা ॥৩৪॥
উচ্ছিষ্টং ভাবিতা ভর্ত্তুর্ভুঙ্‌ক্তে নিত্যং যুধিষ্ঠির ! ।
দৈবতঞ্চ পতিং মেনে ভর্ত্তুশ্চিত্তানুসারিণী ॥৩৫॥
কর্ম্মণা মনসা বাচা নান্যচিত্তাঽভ্যগাৎ পতিম্ ।
তং সর্ব্বভাবোপগতা পতিশুশ্রূষণে রতা ॥৩৬॥
সাধ্বাচারা শুচির্দক্ষা কুটুম্বস্য হিতৈষিণী ।
ভর্ত্তুশ্চাপি হিতং যত্তৎ সততং সাঽনুবর্ত্ততে ॥৩৭॥
দেবতাঽতিথিভৃত্যানাং শ্বশ্রূশ্বশুরয়োস্তথা ।
শুশ্রূষণপরা নিত্যং সততং সংযতেন্দ্রিয়া ॥৩৮॥

ভারতকৌমুদী

প্রহ্বেতি। প্রহ্বা নম্রা সতী। ভক্ষ্যৈরন্নাদিভিঃ, ভোজ্যৈঃ পেয়ৈর্জ্জলাদিভিঃ ॥৩৪॥
উচ্ছিষ্টমিতি। ভাবোঽনুরাগোঽস্য সঞ্জাতেতি ভাবিতা ॥৩৫॥
কর্ম্মণেতি। অভ্যগাৎ অন্বগমৎ। সর্ব্বেষু ভাবেষবস্থাসু উপগতা প্রাপ্তা ॥৩৬॥
সাধ্বিতি। দক্ষা গৃহকর্ম্মনিপুণা, কুটুম্বস্য পরিজনবর্গস্য ॥৩৭॥
দেবতেতি। সততং সংযতেন্দ্রিয়া সর্ব্বদৈবাত্মভোগবর্জ্জিতেত্যর্থঃ ॥৩৮॥

করিয়া, স্বামীকে পাদপ্রক্ষালন ও মুখপ্রক্ষালনের জল এবং আসন দান করিলেন ॥৩৩॥

তাহার পর নীলনয়না গৃহিণী নম্র থাকিয়া অতিমধুর ভক্ষ্য ও পেয় দান করিয়া স্বামীর শুশ্রূষা করিতে লাগিলেন ॥৩৪॥

যুধিষ্ঠির! সেই গৃহিণী নিত্যই অনুরাগের সহিত স্বামীর উচ্ছিষ্ট ভোজন করিতেন এবং তাঁহার চিত্তের অনুসরণ করিতে থাকিয়া তাঁহাকে দেবতা মনে করিতেন ॥৩৫॥

আর, গৃহিণী অনন্যমনা হইয়া বাক্য, মন ও কর্ম্মদ্বারা স্বামীর অনুসরণ করিতেন, সমস্ত অবস্থাতেই তাঁহার নিকট উপস্থিত থাকিতেন এবং তাঁহার পরিচর্য্যায় প্রবৃত্ত রহিতেন ॥৩৬॥

এবং সদাচারসম্পন্না, পবিত্রা, গৃহকর্ম্মনিপুণা ও পরিজনহিতৈষিণী সেই গৃহিণী স্বামীর যাহা হিত, সর্বদা তাহারই অনুসরণ করিতেন ॥৩৭॥

তা'র পর তিনি সর্ব্বদাই সংযতেন্দ্রিয় থাকিয়া দেবতা, অতিথি, ভৃত্য, শ্বশ্রূ ও শ্বশুরের শুশ্রূষা করিতেন ॥৩৮॥

সা ব্রাহ্মণং তদা দৃষ্ট্বা সংস্থিতং ভৈক্ষ্যকাঙ্ক্ষিণম্।
কুর্ব্বতী পতিশুশ্রূষাং সস্মারাথ শুভেক্ষণা ॥৩৯॥
ব্রীড়িতা সাঽভবৎ সাধ্বী তদা ভরতসত্তম!।
ভিক্ষামাদায় বিপ্রায় নির্জ্জগাম যশস্বিনী ॥৪০॥

ব্রাহ্মণ উবাচ।

কিমিদং ভবতি ত্বং মাং তিষ্ঠেত্যুক্ত্বা বরাঙ্গনে!।
উপরোধং কৃতবতী ন বিসর্জ্জিতবত্যসি ॥৪১॥

মার্কণ্ডেয় উবাচ।

ব্রাহ্মণং ক্রোধসন্তপ্তং জ্বলন্তমিব তেজসা।
দৃষ্ট্বা সাধ্বী মনুষ্যেন্দ্র! সান্ত্বপূর্ব্বং বচোঽব্রবীৎ ॥৪২॥
ক্ষন্তুমর্হসি মে বিদ্বন্! ভর্ত্তা মে দৈবতং মহৎ।
স চাপি ক্ষুধিতঃ শ্রান্তঃ প্রাপ্তঃ শুশ্রূষিতো ময়া ॥৪৩॥

ভারতকৌমুদী

সেতি। ব্রাহ্মণং দৃষ্ট্বা তং ভৈক্ষ্যকাঙ্ক্ষিণং সংস্থিতং সস্মারেতি সম্বন্ধঃ ॥৩৯॥
ব্রীড়িতেতি। ব্রীড়িতা ভিক্ষাদানে বিলম্বকরণালজ্জিতা ॥৪০॥
কিমিতি। উপরোধং গমননিরোধম্। বিসর্জ্জনে তু গৃহান্তরে ভিক্ষাসম্ভব আসীৎ ॥৪১॥
ব্রাহ্মণমিতি। সান্ত্বপূর্ব্বম্ অনুনয়পূর্ব্বকম্ ॥৪২॥
ক্ষন্তুমিতি। প্রাপ্ত উপস্থিতঃ। অতএব ময়া স শুশ্রূষিতঃ ॥৪৩॥

ক্রমে সুলোচনা সেই গৃহিণী স্বামীর পরিচর্য্যা করিতে করিতে ব্রাহ্মণকে দেখিতে পাইয়া—তিনি যে ভিক্ষার জন্য রহিয়াছেন, তাহা স্মরণ করিলেন ॥৩৯॥

ভরতশ্রেষ্ঠ! তখন সাধ্বী ও যশস্বিনী গৃহিণী লজ্জিতা হইলেন এবং ব্রাহ্মণের জন্য ভিক্ষা লইয়া নির্গত হইলেন ॥৪০॥

তখন ব্রাহ্মণ বলিলেন—'বরবর্ণিনি! এটা কি হইল? আপনি আমাকে 'দাঁড়ান' বলিয়া থামাইলেন, কিন্তু বিদায় করিলেন না!' ॥৪১॥

মার্কণ্ডেয় কহিলেন—'নরশ্রেষ্ঠ! ব্রাহ্মণ তখন ক্রোধে সন্তপ্ত হইয়া আপন তেজে যেন জ্বলিতেছিলেন, ইহা দেখিয়া সাধ্বী গৃহিণী অনুনয়পূর্ব্বক তাঁহাকে এই কথা বলিলেন—॥৪২॥

'জ্ঞানী ব্রাহ্মণ! আপনি আমাকে ক্ষমা করুন। কারণ, স্বামী আমার নিকট একজন প্রধান দেবতা; তিনিও আবার পরিশ্রান্ত ও ক্ষুধার্ত্ত হইয়া উপস্থিত হইয়াছিলেন; তাই আমি আগে তাঁহার শুশ্রূষা করিয়াছি' ॥৪৩॥

ব্রাহ্মণ উবাচ।

ব্রাহ্মণা ন গরীয়াংসো গরীয়াংস্তে পতিঃ কৃতঃ।
গৃহস্থধর্ম্মে বর্তন্তী ব্রাহ্মণানবমন্যসে।
ইন্দ্রোঽপ্যেষাং প্রণমতে কিং পুনর্মানবো ভুবি ॥৪৪॥
অবলিপ্তে! ন জানাসি বৃদ্ধানাং ন শ্রুতং ত্বয়া।
ব্রাহ্মণা হ্যগ্নিসদৃশা দহেয়ুঃ পৃথিবীমপি ॥৪৫॥

স্ত্র্যুবাচ। *

নাবজানাম্যহং বিপ্রান্ দেবৈস্তুল্যান্ মনস্বিনঃ।
অপরাধমিমং বিপ্র! ক্ষন্তুমর্হসি মেঽনঘ! ॥৪৬॥
জানামি তেজো বিপ্রাণাং মহাভাগ্যঞ্চ ধীমতাম্।
অপেয়ঃ সাগরঃ ক্রোধাৎ কৃতো হি লবণোদকঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণা ইতি। তে ত্বয়া পতির্গরীয়ান্ কৃতঃ, আদৌ তস্যৈব শুশ্রূষণাৎ। বর্তন্তী বর্তমানা। এবাং ব্রাহ্মণানামন্তিকে, প্রণমতে অবনমতি। সটপাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥

অবেতি। হে অবলিপ্তে! গর্বিতে! স্বয়ং ন জানাসি, বৃদ্ধানাং সকাশাৎ ॥৪৫॥

নেতি। নাবজানামি নাবজ্ঞাবিষয়ীকরোমি। তত্র হেতুর্দেবৈরিত্যাদিঃ ॥৪৬॥

জানামীতি। মহাভাগ্যং মাহাত্ম্যঞ্চ ॥৪৭॥

ব্রাহ্মণ বলিলেন—'ব্রাহ্মণেরা তোমার নিকট শ্রেষ্ঠ হইলেন না, তুমি স্বামীকেই শ্রেষ্ঠ করিলে। ওহে! তুমি গৃহস্থধর্ম্মে থাকিয়া ব্রাহ্মণদের অবমাননা করিতেছ। তুমি জান—ইন্দ্রও ব্রাহ্মণদের নিকট অবনত থাকেন, ভূতলের মানুষের কথা আর কি বলিব ॥৪৪॥

গর্বিতে! তুমি নিজেও জান না, বৃদ্ধদের নিকটেও শোন নাই যে, অগ্নিতুল্য ব্রাহ্মণেরা পৃথিবীকেও দগ্ধ করিতে পারেন' ॥৪৫॥

গৃহিণী বলিলেন—'নিষ্পাপ ব্রাহ্মণ! মনস্বী ব্রাহ্মণেরা দেবতার তুল্য। সুতরাং আমি তাঁহাদের অবজ্ঞা করি না। অতএব আপনি আমার এই অপরাধ ক্ষমা করুন ॥৪৬॥

জ্ঞানী ব্রাহ্মণদের তেজ ও মাহাত্ম্যের বিষয় আমি জানি। যাঁহারা ক্রোধবশতঃ সমুদ্রকে লবণজলপূর্ণ এবং অপেয় করিয়াছেন ॥৪৭॥

* ইতঃ পরম্ 'নাহং বলাকা বিপ্রর্ষে! ত্যজ ক্রোধং তপোধন!। অনয়া ক্রুদ্ধয়া দৃষ্ট্যা ক্রুদ্ধঃ কিং মাং করিষ্যসি'। অয়মধিকঃ শ্লোকঃ—বা ব কা।

তথৈব দীপ্ততপসাং মুনীনাং ভাবিতাত্মনাম্।
যেষাং ক্রোধাগ্নিরদ্যাপি দণ্ডকে নোপশাম্যতি ॥৪৮॥
ব্রাহ্মণানাং পরিভবাদ্বাতাপিঃ সুদুরাত্মবান্।
অগস্ত্যমৃষিমাসাদ্য জীর্ণঃ ক্রূরো মহাসুরঃ ॥৪৯॥
বহুপ্রভাবাঃ শ্রূয়ন্তে ব্রাহ্মণানাং মহাত্মনাম্।
ক্রোধঃ সুবিপুলো ব্রহ্মন্! প্রসাদশ্চ মহাত্মনাম্।
অস্মিংস্ত্বতিক্রমে ব্রহ্মন্! ক্ষন্তুমর্হসি মেঽনঘ! ॥৫০॥
পতিশুশ্রূষয়া ধর্ম্মো যঃ স মে রোচতে দ্বিজ!।
দৈবতেষ্বপি সর্বেষু ভর্ত্তা মে দৈবতং পরম্।
অবিশেষেণ তস্যাহং কুর্য্যাং ধর্ম্মং দ্বিজোত্তম! ॥৫১॥
শুশ্রূষায়াঃ ফলং পশ্য পত্যুর্ব্রাহ্মণ! যাদৃশম্।
বলাকা হি ত্বয়া দগ্ধা রোষাত্তদ্বিদিতং ময়া ॥৫২॥

ভারতকৌমুদী

তথেতি। ভাবিতাত্মনাং মৈত্র্যাদিভাবনয়া শোধিতচিত্তানাম্। দণ্ডকে অরণ্যে ॥৪৮॥
ব্রাহ্মণানামিতি। পরিভবাদবজ্ঞাতঃ। ক্রূরো নিষ্ঠুরচিত্তঃ ॥৪৯॥
বহ্বিতি। অতিক্রমে যোগ্যকারণেন কৃতে পরিভবে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫০॥
পতীতি। ন বিদ্যতে বিশেষো যস্মাত্তেন। ধর্ম্মং শুশ্রূষারূপম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥
শুশ্রূষায়া ইতি। পতিশুশ্রূষাবশাদেব ময়া সর্বজ্ঞতা লব্ধেতি ভাবঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

তত ইতি। পতিব্রতাখ্যানমিতঃ স্ত্রীমাহাত্ম্যাদীনাং পৃষ্টানাং নির্ণয়ার্থম্। তত্রাপি "নাহং বলাকা বিপ্রর্ষে" ইত্যতঃ প্রাক্তনো গ্রন্থঃ স্পষ্টার্থঃ ॥১—৪৭॥ দণ্ডকে দণ্ডকারণ্যে

এবং উজ্জ্বলতপা ও নির্ম্মলচিত্ত যে সকল মুনির ক্রোধাগ্নি অদ্যাপি দণ্ড-কারণ্যে নির্বাণ পায় নাই ॥৪৮॥

আর, অতিদুরাত্মা ও নিষ্ঠুরচিত্ত মহাসুর বাতাপি ব্রাহ্মণগণকে অবজ্ঞা করিয়াই অগস্ত্যমুনির উদরে জীর্ণ হইয়া গিয়াছে ॥৪৯॥

ব্রাহ্মণ! এইরূপ মহাত্মা ব্রাহ্মণদের বহুতর প্রভাবের কথা শুনিতে পাই; আর, মহাত্মা ব্রাহ্মণদের ক্রোধও গুরুতর এবং অনুগ্রহও গুরুতর হইয়া থাকে। অতএব নিষ্পাপ ব্রাহ্মণ! আপনি এই অতিক্রমে আমাকে ক্ষমা করুন ॥৫০॥

তবে, ব্রাহ্মণ! পতিশুশ্রূষায় যে ধর্ম্ম হয়, তাহাই আমার ভাল লাগে। কারণ, সমস্ত দেবতার মধ্যে পতিই আমার নিকট পরম দেবতা। তাই সর্ব্বাপেক্ষা অধিকভাবে পতিশুশ্রূষারূপ ধর্ম্ম আমি করিয়া থাকি ॥৫১॥

ক্রোধঃ শত্রুঃ শরীরস্থো মনুষ্যাণাং দ্বিজোত্তম ! ।
যঃ ক্রোধমোহৌ ত্যজতি তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৩॥
যো বদেদিহ সত্যানি গুরুং সন্তোষয়েত চ ।
হিংসিতশ্চ ন হিংসেত তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৪॥
জিতেন্দ্রিয়ো ধর্ম্মপরঃ স্বাধ্যায়নিরতঃ শুচিঃ ।
কামক্রোধৌ বশৌ যস্য তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৫॥
যস্য চাত্মসমো লোকো ধর্ম্মজ্ঞস্য মনস্বিনঃ ।
সর্বধর্ম্মেষু চরতস্তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৬॥
যোঽধ্যাপয়েদধীয়ীত যজেদ্বা যাজয়ীত বা ।
দদ্যাদ্বাপি যথাশক্তি তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

ক্রোধ ইতি। তং ব্রাহ্মণেতরমপি। এতেন ক্রোধস্ত্বয়া ন কার্য্য ইতি সূচিতম্ ॥৫৩॥
য ইতি। সন্তোষয়েত শুশ্রূষাদিনা। হিংসেত হিংস্যাৎ ॥৫৪॥
জিতেতি। স্বাধ্যায়নিরতো বেদপাঠাসক্তঃ, শুচিঃ কায়ে মনসি চ পবিত্রঃ ॥৫৫॥
যস্যেতি। আত্মসমঃ সুখে দুঃখে চ স্বসদৃশঃ, লোকোঽন্যো জনঃ ॥৫৬॥
য ইতি। অধ্যাপয়েদধীয়ীত চ বেদম্। যাজয়ীত পরং যাজয়েৎ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

॥৪৮—৫১॥ শুশ্রূষায়া ইতি। ভর্তৃশুশ্রূষায়াঃ সার্ব্বজ্ঞ্যপ্রাপ্তির্দ্দর্শিতা ॥৫২॥ সা চ ব্রাহ্মণানাং ব্রহ্মবিদামেবাস্তীতি তল্লক্ষণান্যাহ—ক্রোধ ইতি ॥৫৩॥ অত্র লক্ষণকথনং নিষ্প্রয়োজনমিতি যান্যেব বিদ্বল্লক্ষণানি তানি বিদ্যাসাধনানীতি ন্যায়েন ব্রাহ্মণ্যকামস্য ক্রোধাদিত্যাগো

ব্রাহ্মণ ! পতিশুশ্রূষা করায় আমার যেরূপ ফল হইয়াছে, তাহা আপনি দেখুন—আপনি ক্রোধবশতঃ বকপক্ষিণীটাকে যে দগ্ধ করিয়াছেন, তাহা আমি জানিতে পারিয়াছি ॥৫২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! ক্রোধ মানুষের শরীরস্থ শত্রু। অতএব যিনি সেই ক্রোধ ও মোহকে ত্যাগ করেন, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৩॥

যিনি সত্য বাক্য বলেন, গুরুকে সন্তুষ্ট রাখেন এবং পরে হিংসা করিলেও পরের হিংসা করেন না, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৪॥

যিনি জিতেন্দ্রিয়, ধর্ম্মপরায়ণ, বেদপাঠনিরত ও পবিত্র এবং কাম ও ক্রোধ যাঁহার বশীভূত, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৫॥

সর্ব্বধর্ম্মসেবী ও মনস্বী যে ধার্ম্মিকের নিকটে অন্য লোকও নিজের মতই বিবেচিত হয়, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৬॥

ব্রহ্মচারী বদান্যো যোঽপ্যধীয়াদ্দ্বিজপুঙ্গবঃ ।
স্বাধ্যায়বানপ্রমত্তস্তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥৫৮॥
যদ্‌ব্রাহ্মণানাং কুশলং তদেষাং পরিকীর্ত্তয়েৎ ।
সত্যং তথা ব্যাহরতাং নানৃতে রমতে মনঃ ॥৫৯॥
ধর্ম্মন্তু ব্রাহ্মণস্যাহুঃ স্বাধ্যায়ং দমমার্জবম্ ।
ইন্দ্রিয়াণাং নিগ্রহঞ্চ শাশ্বতং দ্বিজসত্তম ! ।
সত্যার্জবং ধর্ম্মমাহুঃ পরং ধর্ম্মবিদো জনাঃ ॥৬০॥
দুর্জ্জ্যেয়ঃ শাশ্বতো ধর্ম্মঃ স চ সত্যে প্রতিষ্ঠিতঃ ।
শ্রুতিপ্রমাণো ধর্ম্মঃ স্যাদিতি বৃদ্ধানুশাসনম্ ॥৬১॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। অধীয়াৎ অঙ্গশাস্ত্রাণি। অপ্রমত্তো ধর্ম্মে অবহিতঃ ॥৫৮॥

যদিতি। পরিকীর্ত্তয়েৎ ব্রাহ্মণ এব। ব্যাহরতাং বদতাম্ ॥৫৯॥

ধর্ম্মমিতি। স্বাধ্যায়ং বেদপাঠম্। শাশ্বতং চিরন্তনম্। পরং প্রধানম্। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥৬০॥

ভারতভাবদীপঃ

গুর্ব্বারাধনাদি চ কর্ত্তব্যত্বেন বিধীয়তে—য ইতি। সত্যবাক্ গুরুভক্তঃ ক্ষমাবাংশ্চ ভবেদিত্যর্থঃ ॥৫৪—৫৯॥ শাশ্বতো ধর্ম্ম আত্মদর্শনম্। যদাহ যাজ্ঞবল্ক্যঃ—"ইজ্যাচারদমাহিংসাদানস্বাধ্যায়কর্ম্মণাম্। অয়ন্তু পরমো ধর্ম্মো যদ্‌যোগেনাত্মদর্শন"মিতি। সত্যে ত্রৈকালিক-

যিনি অধ্যয়ন ও অধ্যাপনা, যজন ও যাজন এবং শক্তি অনুসারে দান করেন, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ মনে করেন ॥৫৭॥

যে দ্বিজশ্রেষ্ঠ ব্রহ্মচারী ও বদান্য থাকিয়া ব্যাকরণপ্রভৃতি অঙ্গশাস্ত্র অধ্যয়ন করেন এবং বেদপাঠে নিরত ও ধর্ম্মে অবহিত থাকেন, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ বলিয়া মনে করেন ॥৫৮॥

ব্রাহ্মণ—ব্রাহ্মণদিগের যাহা মঙ্গল, তাহাই তাঁহাদের নিকট বলিবেন। আর সত্যবাদীদিগের মন মিথ্যায় প্রবৃত্ত হয় না ॥৫৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! ধর্ম্মজ্ঞ লোকেরা—বেদপাঠ, অন্তরিন্দ্রিয়দমন, বহিরিন্দ্রিয়-সংযম এবং সরলতা এই কয়টীকে ব্রাহ্মণের সনাতন ধর্ম্ম বলিয়া থাকেন; তাহার মধ্যে আবার সত্য ও সরলতাকে প্রধান ধর্ম্ম বলেন ॥৬০॥

বৃদ্ধবর্গের এই উপদেশ যে, সনাতন ধর্ম্ম দুর্জ্জ্যেয়; তবে তাহা সত্যে প্রতিষ্ঠিত আছে এবং বেদই তাহার প্রমাণ ॥৬১॥

(৫৮) ব্রহ্মচারী চ বেদান্ যোঽপ্যধীয়ীত দ্বিজোত্তমঃ···পি।

বহুধা দৃশ্যতে ধর্ম্মঃ সূক্ষ্ম এব দ্বিজোত্তম ! ।
ভগবানপি ধর্ম্মজ্ঞঃ স্বাধ্যায়নিরতঃ শুচিঃ ।
ন তু তত্ত্বেন ভগবন্ ! ধর্ম্মং বেৎসীতি মে মতিঃ ॥৬২॥
যদি বিপ্র ! ন জানীষে ধর্ম্মং পরমকং দ্বিজ ! ।
ধর্ম্মব্যাধং ততঃ পৃচ্ছ গত্বা তু মিথিলাং পুরীম্ ॥৬৩॥
মাতাপিতৃভ্যাং শুশ্রূষুঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ ।
মিথিলায়াং বসেদ্ব্যাধঃ স তে ধর্ম্মান্ প্রবক্ষ্যতি ।
তত্র গচ্ছস্ব ভদ্রং তে যথাকামং দ্বিজোত্তম ॥৬৪॥
অত্যুক্তমপি মে সর্বং ক্ষন্তুমর্হস্যনিন্দিত ! ।
স্ত্রিয়ো হ্যবধ্যাঃ সর্বেষাং যে ধর্ম্মমভিবিন্দতে ॥৬৫॥

ভারতকৌমুদী

শ্রুত্যেতি। শ্রুতিরেব প্রমাণং যস্য সঃ ॥৬১॥

বহুধেতি। ভগবান্ ভবানপি। তত্ত্বেন যাথার্থ্যেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥

যদীতি। পরমকং যথার্থভূতম্। ধর্ম্মব্যাধং তদাখ্যয়া প্রসিদ্ধম্ ॥৬৩॥

মাতেতি। মাতাপিতৃভ্যাং মাতাপিত্রোঃ। যথাকামমিচ্ছানুসারেণ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥

অত্যুক্তমিতি। অভিবিন্দতে বিচারয়ন্তি। "বিদ বিচারণে" ইত্যস্য রূপম্ ॥৬৫॥

হে মাহাত্ম্যশালী ব্রাহ্মণশ্রেষ্ঠ ! ধর্ম্ম বহুবিধ হইলেও তাহা সূক্ষ্ম বলিয়াই ধারণা হয়। তবে, আপনিও ধর্ম্মজ্ঞ, বেদপাঠনিরত এবং পবিত্র বটেন, কিন্তু তথাপি আপনি যথার্থরূপে ধর্ম্ম জানেন বলিয়া আমার ধারণা হয় না ॥৬২॥

ব্রাহ্মণ ! আপনি যদি যথার্থরূপে ধর্ম্ম না জানিয়া থাকেন, তবে মিথিলা-নগরীতে যাইয়া ধর্ম্মব্যাধের নিকট জিজ্ঞাসা করুন ॥৬৩॥

পিতা ও মাতার শুশ্রূষাকারী, সত্যবাদী এবং জিতেন্দ্রিয় এক ব্যাধ মিথিলা-নগরীতে বাস করেন, তিনি আপনার নিকটে ধর্ম্ম বলিবেন। ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনার ইচ্ছা হইলে আপনি সেখানে যাইতে পারেন ; তাহাতে আপনার মঙ্গল হইবে ॥৬৪॥

ব্রাহ্মণ ! আমি আপনার সম্বন্ধে সমস্তই অত্যুক্তি করিয়াছি ; আপনি সে বিষয়ে ক্ষমা করুন। কারণ, যাঁহারা ধর্ম্মসম্বন্ধে বিচার করেন, তাঁহাদের পক্ষে সকল স্ত্রীই অবধ্য' ॥৬৫॥

ব্রাহ্মণ উবাচ।

প্রীতোঽস্মি তব ভদ্রং তে গতঃ ক্রোধশ্চ শোভনে!।
উপালম্ভস্ত্বয়া প্রোক্তো মম নিঃশ্রেয়সং পরম্।
স্বস্তি তেঽস্তু গমিষ্যামি সাধয়িষ্যামি শোভনে! ॥৬৬॥

মার্কণ্ডেয় উবাচ।

তয়া বিসৃষ্টো নির্গম্য স্বমেব ভবনং যযৌ।
বিনিন্দন্ স স্বমাত্মানং কৌশিকো দ্বিজসত্তমঃ ॥৬৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং পতিব্রতোপাখ্যানে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———০ঃ(*)ঃ০———

ভারতকৌমুদী

প্রীত ইতি। ত্বয়া প্রোক্ত উপালম্ভ এব তিরস্কারঃ, মম পরং নিঃশ্রেয়সং মঙ্গলং জনয়িষ্যতীতি শেষঃ। স্বস্তি মঙ্গলম্। সাধয়িষ্যামি তদ্ধর্ম্মজ্ঞানম্ ॥৬৬॥

তয়েতি। তয়া গৃহিণ্যা, বিসৃষ্টো ভিক্ষাদানপূর্ব্বকং ত্যক্তঃ ॥৬৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———ঃ(০)ঃ———

ভারতভাবদীপঃ

ব্যাধশূদ্রে বস্তুনি প্রতিষ্ঠিতঃ পর্য্যবসিতঃ অস্তোঽধর্ম্মস্তৎসত্যে প্রতিষ্ঠিত ইত্যর্থাৎ সিদ্ধম্ ॥৬০—৬৫॥ সাধয়িষ্যামি স্বকার্য্যমিতি শেষঃ ॥৬৬—৬৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৪॥

ব্রাহ্মণ বলিলেন—'শোভনে! আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি; তোমার মঙ্গল হউক; আমার ক্রোধ গিয়াছে। আর শোভনে! তুমি যে আমাকে তিরস্কার করিয়াছ, তাহা আমার পরম মঙ্গল জন্মাইবে। তোমার মঙ্গল হউক, আমি মিথিলায় যাইব এবং সে কার্য্য সাধন করিব' ॥৬৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'সেই গৃহিণী ভিক্ষা দিয়া বিদায় করিলে, ব্রাহ্মণশ্রেষ্ঠ কৌশিক সে গৃহ হইতে নির্গত হইয়া আপনাকে নিন্দা করিতে করিতে আপন ভবনে চলিয়া গেলেন ॥৬৭॥

(৬৬) ইতঃ পরম্ 'যত্র চাসৌ নিবসতে ধর্ম্মব্যাধো মহামতিঃ—পি। * '…একাধিকদ্বিশততমঃ…' পি, '…পঞ্চাধিকদ্বিশতঃ…' ব; ব, '…ষড়ধিকদ্বিশততমঃ…' কা, …নবাধিক-দ্বিশততমঃ…' নি।

পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

মার্কণ্ডেয় উবাচ।

চিন্তয়িত্বা তদাশ্চর্য্যং স্ত্রিয়া প্রোক্তমশেষতঃ।
বিনিন্দন্ স স্বমাত্মানমাগস্কৃত ইবাবভৌ ॥১॥
চিন্তয়ানশ্চ ধর্ম্মস্য সূক্ষ্মাং গতিমথাব্রবীৎ।
শ্রদ্দধানেন বৈ ভাব্যং গচ্ছামি মিথিলামহম্ ॥২॥
কৃতাত্মা ধর্ম্মবিত্তস্যাং ব্যাধো নিবসতে কিল।
তং গচ্ছাম্যহমদ্যৈব ধর্ম্মং প্রষ্টুং তপোধনম্ ॥৩॥
ইতি সঞ্চিন্ত্য মনসা শ্রদ্দধানঃ স্ত্রিয়া বচঃ।
বলাকাপ্রত্যয়েনাসৌ ধর্ম্ম্যৈশ্চ বচনৈঃ শুভৈঃ ॥৪॥
সম্প্রতস্থে স মিথিলাং কৌতূহলসমন্বিতঃ।
অতিক্রামন্নরণ্যানি গ্রামাংশ্চ নগরাণি চ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

চিন্তেতি। আগোঽপরাধঃ কৃতং যেন সঃ, অগ্ন্যাহিতাদিবৎ পরনিপাতঃ ॥১॥

চিন্তেতি। অব্রবীৎ মনসা। শ্রদ্দধানেন স্ত্রীবাক্যে বিশ্বসতা ময়া ভাব্যম্ ॥২॥

কৃতেতি। কৃতাত্মা ধর্ম্মোপদেশলাভেন শিক্ষিতচিত্তঃ। তস্যাং মিথিলায়াম্ ॥৩॥

ইতীতি। বলাকা তন্মারণজ্ঞানং তস্যাঃ প্রত্যয়েন বিশ্বাসেন যন্ময়া বলাকা নিহতা তত্তয়া বিদিতমিতি সা সর্বজ্ঞেবেতি বিশ্বাসেনেত্যর্থঃ। স কৌশিকঃ ॥৪—৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'সেই স্ত্রীলোকটী যাহা বলিয়াছিল, সেই সকল আশ্চর্য্য বিষয় চিন্তা করিয়া আপনাকে নিন্দা করিতে থাকিয়া কৌশিক যেন অপরাধীর ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥১॥

তাহার পর তিনি ধর্ম্মের সূক্ষ্মগতির বিষয় চিন্তা করিয়া মনে মনে বলিলেন—'আমি স্ত্রীলোকটীর কথায় বিশ্বাস করিব এবং মিথিলায় যাইব ॥২॥

কারণ, সেখানে শিক্ষিত ও ধর্ম্মজ্ঞ ব্যাধ বাস করেন; সুতরাং সেই তপোধনের নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করিবার জন্য অদ্যই আমি তাঁহার নিকট যাইব' ॥৩॥

'আমি যে বকপক্ষিণীকে মারিয়াছি, তাহা তিনি জানিতে পারিয়াছেন; সুতরাং তিনি সর্ব্বজ্ঞ হইয়াছেন; এই বিশ্বাসে এবং তাঁহার ধর্ম্মসঙ্গত শুভ-

ততো জগাম মিথিলাং জনকেন সুরক্ষিতাম্।
ধর্ম্মকেতুসমাকীর্ণাং যজ্ঞোৎসববতীং শুভাম্ ॥৬॥
গোপুরাট্টালকবতীং হর্ম্ম্যপ্রাকারশোভনাম্।
প্রবিশ্য নগরীং রম্যাং বিমানৈর্বহুভির্যুতাম্ ॥৭॥
পণ্যৈশ্চ বহুভির্যুক্তাং সুবিভক্তমহাপথাম্।
অশ্বৈ রথৈস্তথা নাগৈর্যোধৈশ্চ বহুভির্বৃতাম্ ॥৮॥
হৃষ্টপুষ্টজনাকীর্ণাং নিত্যোৎসবসমাকুলাম্।
সোঽপশ্যদ্বহুবৃত্তান্তাং ব্রাহ্মণঃ সমতিক্রমন্ ॥৯॥ (কলাপকম্)
ধর্ম্মব্যাধমপৃচ্ছচ্চ স চাস্য কথিতো দ্বিজৈঃ।
অপশ্যত্তত্র গত্বা তং সূনামধ্যে ব্যবস্থিতম্ ॥১০॥
মার্গমাহিষমাংসানি বিক্রীণন্তং তপস্বিনম্।
আকুলত্বাচ্চ ক্রেতৄণামেকান্তে সংস্থিতো দ্বিজঃ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। ধর্ম্মকেতুভির্যজ্ঞাদিধর্ম্মকার্য্যার্থোত্থাপিতৈর্ধ্বজৈঃ সমাকীর্ণাং ব্যাপ্তাম্। গোপুরাণি পুরদ্বারাণি অট্টালকা গৃহবিশেষাশ্চ তদ্বতীম্। বিমানৈর্ব্যোমযানৈঃ সপ্ততলভবনৈর্বা। নাগৈর্হস্তিভিঃ। বহুবৃত্তান্তাং বহুব্যাপারাকুলাম্॥৬—৯॥

ধর্ম্মেতি। সূনায়াঃ প্রাণিবধস্থানস্য মধ্যে, "সূনা পুত্র্যাং বধস্থানগলশুণ্ডিকয়োরপি" ইতি বিশ্বঃ। মৃগাণামিমানীতি মার্গাণি মাহিষাণি চ মাংসানি ১০—১১॥

জনক বাক্য শ্রবণে তাঁহার বাক্যে বিশ্বাস করিতেই হইবে' এইরূপ মনে মনে চিন্তা করিয়া কৌশিক কৌতুকান্বিত হইয়া বন, গ্রাম ও নগর অতিক্রম করিতে থাকিয়া মিথিলায় গমন করিতে লাগিলেন ॥৪—৫॥

ক্রমে কৌশিক যাইয়া জনকরাজরক্ষিত মনোহর মিথিলানগরীতে উপস্থিত হইলেন; সেই নগরীতে বহুতর ধর্ম্মধ্বজ, যজ্ঞ, উৎসবকার্য্য, পুরদ্বার, অট্টালিকা, ধনীর ভবন, প্রাচীর ও বহুতর বিমান ছিল। এহেন নগরীতে প্রবেশ করিয়া তিনি দেখিলেন—বহুতর বিক্রেয় দ্রব্য, সুন্দরভাবে বিভক্ত মহাপথ সকল, অশ্ব, রথ, হস্তী, বহুতর যোদ্ধা এবং হৃষ্ট ও পুষ্ট জন তথায় রহিয়াছে; আর সর্ব্বদাই উৎসব ও নানাবিধ ঘটনা চলিতেছে ॥৬—৯॥

'ধর্ম্মব্যাধ কোথায় আছেন' বলিয়া কৌশিক জিজ্ঞাসা করিলেন, তখন অন্য ব্রাহ্মণেরা উঁহার নিকট তাঁহার কথা বলিয়া দিলেন। তখন কৌশিক সেখানে যাইয়া দেখিলেন—কুৎসিতাকৃতি ধর্ম্মব্যাধ মাংসের দোকানের মধ্যে থাকিয়া

স তু জ্ঞাত্বা দ্বিজং প্রাপ্তং সহসা সংভ্রমোত্থিতঃ।
আজগাম যতো বিপ্রঃ স্থিত একান্ত আসনে ॥১২॥

ব্যাধ উবাচ।

অভিবাদয়ে ত্বাং ভগবন্! স্বাগতং তে দ্বিজোত্তম!।
অহং ব্যাধো হি ভদ্রং তে কিং করোমি প্রশাধি মাম্ ॥১৩॥
একপত্ন্যা যদুক্তোঽসি গচ্ছ ত্বং মিথিলামিতি।
জানাম্যেতদহং সর্ব্বং যদর্থং ত্বমিহাগতঃ ॥১৪॥
শ্রুত্বা চ তস্য তদ্বাক্যং স বিপ্রো ভৃশবিস্মিতঃ।
দ্বিতীয়মিদমাশ্চর্য্যমিত্যচিন্তয়ত দ্বিজঃ ॥১৫॥
অদেশস্থং হি তে স্থানমিতি ব্যাধোঽব্রবীদ্দ্বিজম্।
গৃহং গচ্ছাব ভগবন্! যদি তে রোচতেঽনঘ! ॥১৬॥

ভারতকৌমুদী

স ইতি। স ধর্ম্মব্যাধঃ। প্রাপ্তমাগতম্। সম্ভ্রমেণ ব্যস্ততয়া উত্থিতঃ ॥১২॥

অভীতি। তে তব, ভদ্রং মঙ্গলং কিম্। প্রশাধি উপদিশ ॥১৩॥

একেতি। এক এব পতির্যস্যাস্তয়া পতিব্রতয়া। এতেনাত্মনঃ সর্বজ্ঞত্বং সূচিতম্ ॥১৪॥

শ্রুত্বেতি। ভৃশবিস্মিতঃ, আত্মনো বৃত্তান্তজ্ঞানদর্শনেন সর্ব্বজ্ঞত্বাস্থানাদিতি ভাবঃ ॥১৫॥

অদেশেতি। তে তব, স্থানম্ ইদমবস্থানম্, অদেশস্থম্ অপ্রশস্তস্থানস্থম্ ॥১৬॥

হরিণ ও মহিষের মাংস বিক্রয় করিতেছেন; সেখানে ক্রেতাদের অত্যন্ত ভিড় হইয়াছিল বলিয়া কৌশিক একপ্রান্তে রহিলেন ॥১০—১১॥

ক্রমে কৌশিক আসিয়াছেন ইহা জানিয়া ধর্ম্মব্যাধ তৎক্ষণাৎ ব্যস্ততার সহিত উঠিয়া—কৌশিক একপ্রান্তে যেখানে আসনে অবস্থান করিতেছিলেন, সেইখানে আসিলেন ॥১২॥

ধর্ম্মব্যাধ বলিলেন—'ভগবন্ ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি আপনাকে অভিবাদন করিতেছি; আপনার সুখে আগমন হইয়াছে ত? আপনার মঙ্গল ত? আমিই সেই ব্যাধ; আমি আপনার কি করিব, আপনি আমাকে তাহার উপদেশ দিন ॥১৩॥

'আপনি মিথিলায় যান' এইরূপ আপনাকে যে পতিব্রতা বলিয়াছেন এবং আপনি যে জন্য এখানে আসিয়াছেন, সে সমস্তই আমি জানি' ॥১৪॥

কৌশিক ধর্ম্মব্যাধের সেই কথা শুনিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং ভাবিলেন যে, 'ইহা দ্বিতীয় আশ্চর্য্য দেখিলাম' ॥১৫॥

(১২)···স্থিত একান্তদর্শনে—বা ব কা।

মার্কণ্ডেয় উবাচ।

বাঢ়মিত্যেব তং বিপ্রো হৃষ্টো বচনমব্রবীৎ।
অগ্রতস্তু দ্বিজং কৃত্বা স জগাম গৃহং প্রতি।
প্রবিশ্য চ গৃহং রম্যমাসনেনাভিপূজিতঃ ॥১৭॥
পাদ্যমাচমনীয়ঞ্চ প্রতিগৃহ্য দ্বিজোত্তমঃ।
ততঃ সুখোপবিষ্টস্তং ব্যাধং বচনমব্রবীৎ ॥১৮॥
কর্ম্মৈতদ্বৈ ন সদৃশং ভবতঃ প্রতিভাতি মে।
অনুতপ্যে ভৃশং তাত! তব ঘোরেণ কর্ম্মণা ॥১৯॥

ব্যাধ উবাচ।

কুলোচিতমিদং কর্ম্ম পিতৃপৈতামহং মম।
বর্ত্তমানস্য মে ধর্ম্মে স্বে মন্যুং মা কৃথা দ্বিজ! ॥২০॥

ভারতকৌমুদী

বাঢ়মিতি। বাঢ়ম্ অবশ্যমেব ময়া ত্বদ্গৃহং গন্তব্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

পাদ্যমিতি। দ্বিজোত্তমঃ কৌশিকঃ ॥১৮॥

কর্ম্মেতি। এতৎ প্রাণিবধরূপং কর্ম্ম, ভবতো ন সদৃশম্, ধার্ম্মিকত্বাৎ ॥১৯॥

কুলেতি। স্বে স্বকীয়ে, মন্যুং দৈন্যম্, "সহজং কর্ম্ম কৌন্তেয়! সদোষমপি ন ত্যজেৎ" ইতি ন্যায়াদিত্যাশয়ঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

চিন্তয়িত্বেতি। আগোঽপরাধঃকৃতমনেনেত্যাগস্কৃতঃ ॥১—৬॥ বিমানৈঃ সাপ্তভৌমিকগৃহৈঃ ॥৭—৯॥ সূনা বধস্থানং তন্মধ্যে ॥১০—১৫॥ অদেশস্থম্ অযোগ্যদেশস্থম্ ॥১৬—২০॥

তাহার পর ধর্ম্মব্যাধ কৌশিককে বলিলেন—'ভগবন্! আপনার এই অবস্থানটা অযোগ্যস্থানে হইতেছে। অতএব আপনার যদি ইচ্ছা হয়, তবে চলুন, আমরা আমার বাড়ী যাই' ॥১৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'তখন কৌশিক আনন্দিত হইয়া ধর্ম্মব্যাধকে কহিলেন—'অবশ্যই যাইব'। তখন ধর্ম্মব্যাধ কৌশিককে অগ্রবর্ত্তী করিয়া আপন ভবনে গমন করিলেন এবং সুন্দর একখানি গৃহে প্রবেশ করিয়া আসন-দান-পূর্ব্বক কৌশিককে সম্মানিত করিলেন ॥১৭॥

তাহার পর কৌশিক পাদ্য ও আচমনীয় গ্রহণ করিয়া সুখে উপবেশন-পূর্ব্বক সেই ব্যাধকে বলিলেন—॥১৮॥

'এই কার্য্য আপনার উপযুক্ত নহে, ইহাই আমার ধারণা। সুতরাং আপনার এই ভয়ঙ্কর কার্য্যে আমি অত্যন্ত অনুতপ্ত হইতেছি' ॥১৯॥

ধর্ম্মব্যাধ বলিলেন—'ব্রাহ্মণ! ইহা আমার পিতৃপিতামহাদিক্রমে কুলো-

বিধাত্রা বিহিতং পূর্ব্বং কর্ম্ম স্বমনুপালয়ন্ ।
প্রযত্নাচ্চ গুরূ বৃদ্ধৌ শুশ্রূষেঽহং দ্বিজোত্তম ! ॥২১॥
সত্যং বদে নাভ্যসূয়ে যথাশক্তি দদামি চ ।
দেবতাতিথিভৃত্যানামবশিষ্টেন বর্ত্তয়ে ॥২২॥
ন কুৎসয়াম্যহং কিঞ্চিন্ন গর্হে বলবত্তরম্ ।
কৃতমন্বেতি কর্ত্তারং পুরা কর্ম্ম দ্বিজোত্তম ! ॥২৩॥
কৃষিগোরক্ষবাণিজ্যমিহ লোকস্য জীবনম্ ।
দণ্ডনীতিস্ত্রয়ীবিদ্যা তেন লোকো ভবত্যুত ॥২৪॥
কর্ম্ম শূদ্রে কৃষির্বৈশ্যে সংগ্রামঃ ক্ষত্রিয়ে স্মৃতঃ ।
ব্রহ্মচর্য্যং তপো মন্ত্রাঃ সত্যঞ্চ ব্রাহ্মণে সদা ॥২৫॥

ভারতকৌমুদী

বিধাত্রেতি। কর্ম্ম প্রাণিবধরূপম্। গুরূ মাতাপিতরৌ ॥২১॥
সত্যমিতি। নাভ্যসূয়ে পরদোষং নাবিষ্করোমি। বর্ত্তয়ে জীবিকাং নির্বাহয়ামি ॥২২॥
নেতি। কুৎসাদিকর্ম্মণা পরজন্মনি দুঃখং ভবেদিতি ততো নিবর্ত্ত ইত্যাশয়ঃ ॥২৩॥
কৃষীতি। জীবনং জীবিকানির্ব্বাহোপায়ঃ। ত্রয়ীবিদ্যা বেদবিদ্যা। লোকঃ স্বর্গঃ ॥২৪॥
কর্ম্মেতি। কর্ম্ম দ্বিজানাং পরিচর্য্যাকার্য্যম্। তপো বৈধোপবাসাদি ॥২৫॥

ভারতভাবদীপঃ

গুরূ মাতাপিতরৌ ॥২১॥ নাভ্যসূয়ে পরগুণেষু দোষং নাবিষ্কুর্ব্বে, বর্ত্তয়ে জীবামি ॥২২॥ কুৎসা বিদ্যমানদোষসংকীর্ত্তনম্, গর্হা অবিদ্যমানদোষারোপঃ। পুরাকৃতং কর্ম্মেতি

চিত কর্ম্ম। অতএব আমি আপন ধর্ম্মে রহিয়াছি বলিয়া আপনি অনুতাপ করিবেন না ॥২০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি বিধাতৃবিহিত আপন ধর্ম্ম পালন করিতে থাকিয়া বিশেষ যত্নপূর্ব্বক বৃদ্ধ পিতা-মাতার শুশ্রূষা করিতেছি ॥২১॥

আমি সত্য বলি, কাহারও অসূয়া করি না, শক্তি অনুসারে দান করি এবং দেবতা, অতিথি ও ভৃত্যবর্গের ভোজনাবশিষ্ট ভোজন করিয়া জীবন ধারণ করি ॥২২॥

আর আমি কাহারও কুৎসা প্রকাশ করি না এবং বলবান্‌কেও নিন্দা করি না। কারণ, পূর্ব্বকৃত কর্ম্ম কর্ত্তার অনুসরণ করিয়া থাকে ॥২৩॥

এই জগতে কৃষি, গোপালন, বাণিজ্য, দণ্ডনীতি এবং বেদবিদ্যা এই কয়টী লোকের জীবিকানির্ব্বাহের উপায় এবং তাহা দ্বারাই স্বর্গ হইয়া থাকে ॥২৪॥

শূদ্রের কার্য্য—দ্বিজাতিসেবা, বৈশ্যের কার্য্য—কৃষি, ক্ষত্রিয়ের কার্য্য—যুদ্ধ এবং ব্রাহ্মণের কার্য্য—ব্রহ্মচর্য্য, তপস্যা, মন্ত্ররক্ষা ও সত্যব্যবহার ॥২৫॥

রাজা প্রশাস্তি ধর্ম্মেণ স্বধর্ম্মনিরতাঃ প্রজাঃ ।
বিকর্ম্মাণশ্চ যে কেচিত্তান্ যুনক্তি স্বকর্ম্মসু ॥২৬॥
ভেতব্যং হি সদা রাজ্ঞাং প্রজানামধিপা হি তে ।
বারয়ন্তি বিকর্ম্মস্থং নৃপা মৃগমিবেষুভিঃ ॥২৭॥
জনকস্যেহ বিপ্রর্ষে ! বিকর্ম্মস্থো ন বিদ্যতে ।
স্বধর্ম্মনিরতা বর্ণাশ্চত্বারোঽপি দ্বিজোত্তম ! ॥২৮॥
স এষ জনকো রাজা দুর্ব্বৃত্তমপি চেৎ সুতম্ ।
দণ্ড্যং দণ্ডে নিক্ষিপতি তথা ন গ্লাতি ধার্ম্মিকম্ ॥২৯॥
সুযুক্তচারো নৃপতিঃ সর্ব্বং ধর্ম্মেণ পশ্যতি ।
শ্রীশ্চ রাজ্যঞ্চ দণ্ডশ্চ ক্ষত্রিয়াণাং দ্বিজোত্তম ! ॥৩০॥
রাজানো হি স্বধর্ম্মেণ শ্রিয়মিচ্ছন্তি ভূয়সীম্ ।
সর্ব্বেষামেব বর্ণানাং ত্রাতা রাজা ভবত্যুত ॥৩১॥

ভারতকৌমুদী

রাজেতি। বিকর্ম্মাণো বিরুদ্ধকর্ম্মকারিণঃ। যুনক্তি ব্যাপারয়তি ॥২৬॥
ভেতব্যমিতি। বারয়ন্তীত্যতঃ পরোপকারিত্বাদাজ্ঞা অপীতি ভাবঃ ॥২৭॥
জনকস্যেতি। জনকস্য রাজ্ঞ ইহ রাজ্যে ॥২৮॥
স ইতি। নিক্ষিপতি প্রেরয়তি। গ্লাতি অপমানেন প্রপয়তি ॥২৯॥
স্বিতি। সুষ্ঠু যুক্তাঃ কর্ম্মসু ব্যাপারিতাশ্চারা গূঢ়পুরুষা যেন সঃ ॥৩০॥

রাজা ধর্ম্ম অনুসারে স্বধর্ম্ম নিরত প্রজাবর্গকে শাসন করিয়া থাকেন এবং যাহারা বিরুদ্ধকর্ম্মকারী, তাহাদিগকে আপন আপন কর্ম্মে ব্যাপৃত করেন ॥২৬॥

সর্ব্বদাই রাজাদের ভয় করিবে। কারণ, রাজারা প্রজাদের অধিপতি এবং বাণদ্বারা যেরূপ হরিণকে বারণ করে, সেইরূপ তাঁহারা বিরুদ্ধকর্ম্মকারীকে বারণ করেন ॥২৭॥

ব্রহ্মর্ষি ! জনকরাজার এই রাজ্যে বিরুদ্ধকর্ম্মকারী কোন লোক নাই; ব্রাহ্মণপ্রভৃতি চারিটী বর্ণই আপন আপন কর্ম্মে নিরত আছেন ॥২৮॥

তার পর আপন পুত্রও যদি দুর্ব্বৃত্ত ও দণ্ডার্হ হয়, তবে এই জনকরাজা তাহারও দণ্ড বিধান করেন এবং ধার্ম্মিকের অবমাননা করেন না ॥২৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! রাজা নিপুণভাবে গুপ্তচর নিযুক্ত করিয়া ধর্ম্ম অনুসারেই সমস্ত পর্য্যবেক্ষণ করেন এবং সম্পদ, রাজ্য ও দণ্ড ক্ষত্রিয়েরই হাতে থাকে ॥৩০॥

রাজারা আপন ধর্ম্ম অনুসারেই প্রচুর সম্পদ লাভ করিবার ইচ্ছা করেন এবং রাজাই সকল বর্ণের রক্ষক হন ॥৩১॥

পরেণ হি হতান্ ব্রহ্মন্ ! বরাহমহিষানহম্ ।
ন স্বয়ং হন্মি বিপ্রর্ষে ! বিক্রীণামি সদাহ্যহম্ ॥৩২॥
ন ভক্ষয়ামি মাংসানি ঋতুগামী সদা হ্যহম্ ।
সদোপবাসী চ তথা নক্তং ভোজী সদা দ্বিজ ! ॥৩৩॥
অশীলশ্চাপি পুরুষো ভূত্বা ভবতি শীলবান্ ।
প্রাণিহিংসারতিশ্চাপি ভবতে ধার্ম্মিকঃ পুনঃ ॥৩৪॥
ব্যভিচারান্নরেন্দ্রাণাং ধর্ম্মঃ সঙ্কীর্য্যতে মহান্ ।
অধর্ম্মো বর্ত্ততে চাপি সঙ্কীর্য্যন্তে ততঃ প্রজাঃ ॥৩৫॥
ভেরুণ্ডা বামনাঃ কুব্জাঃ স্থূলশীর্ষাস্তথৈব চ ।
ক্লীবাশ্চান্ধাশ্চ বধিরা জায়ন্তে স্তব্ধলোচনাঃ ॥৩৬॥
পার্থিবানামধর্ম্মত্বাৎ প্রজানামভবঃ সদা ।
স এব রাজা জনকঃ প্রজা ধর্ম্মেণ পশ্যতি ।
অনুগৃহ্লন্ প্রজাঃ সর্ব্বাঃ স্বধর্ম্মনিরতাঃ সদা ॥৩৭॥

ভারতকৌমুদী

রাজান ইতি। শ্রিয়মাত্মনঃ সম্পদম্। উতশব্দঃ পাদপূরণে ॥৩১॥
মাংসবিক্রয়েঽপ্যাত্মনো হিংসায়া অভাবমাহ পরেণেতি। অহ্বহং প্রত্যহম্ ॥৩২॥
নেতি। ঋতুগামী ঋতুকাল এব ভার্য্যাগামী। সদা দিনেষু। নক্তং রাত্রৌ ॥৩৩॥
অশীল ইতি। শীলবান্ ভবতি সৎসংসর্গাৎ। ধার্ম্মিকো ভবতে, স্বধর্ম্মাচরণাৎ ॥৩৪॥
ব্যভীতি। সঙ্কীর্য্যতে পরস্পরমিশ্রিতো ভবতি। পরত্রাপ্যেবম্ ॥৩৫॥
ভেরুণ্ডা ইতি। ভেরুণ্ডা বিকটাকারাঃ, "ভেরুণ্ডো ভীমদর্শনে" ইতি বিশ্বঃ ॥৩৬॥
পার্থিবানামিতি। অধর্ম্মত্বাদধার্ম্মিকত্বাৎ। অভবঃ অমঙ্গলম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

ব্রহ্মর্ষি ! অন্য লোক যে সকল বরাহ ও মহিষ বধ করে, আমি তাহাই প্রত্যহ বিক্রয় করি ; কিন্তু আমি নিজে কোন প্রাণী বধ করি না ॥৩২॥

আমি মাংস ভক্ষণ করি না, সর্ব্বদা ঋতুকালেই ভার্য্যাগমন করি এবং দিনে উপবাসী থাকিয়া রাত্রিতে ভোজন করি ॥৩৩॥

মানুষ অসচ্চরিত্র হইয়াও সৎসংসর্গে সচ্চরিত্র হইতে পারে, আবার প্রাণিহিংসায় রত থাকিয়াও স্বধর্ম্মাচরণে ধার্ম্মিক হইতে পারে ॥৩৪॥

রাজাদের ব্যভিচারেই নির্ম্মল ধর্ম্ম সঙ্কীর্ণ হইয়া যায় এবং অধর্ম্মও চলিতে থাকে ; আবার তাহাতেই প্রজারাও সঙ্কীর্ণ হইতে থাকে ॥৩৫॥

ক্রমে বিকটাকার, খর্ব, কুব্জ, স্থূলমস্তক, নপুংসক, অন্ধ, বধির ও স্তব্ধনয়ন লোক সকল জন্মিতে থাকে ॥৩৬॥

মহামহোপাধ্যায়

শ্রীযুক্ত হরিদাসসিদ্ধান্তবাগীশমহাশয় প্রণীত গ্রন্থাবলী

মূলগ্রন্থ।

(মুদ্রিতগ্রন্থ)

১। স্মৃতিচিন্তামণি (ব্যবস্থাগ্রন্থ)
২। বিরাজসরোজিনী (নাটিকা)
৩। বিধবার অশ্রুকণা (২য় সং)
৪। রুক্মিণীহরণ (মহাকাব্য)

[মুদ্রাপণীয়গ্রন্থ]

৫। শঙ্করসম্ভব (খণ্ডকাব্য)
৬। বিয়োগবৈভব (খণ্ডকাব্য)
৭। সরলা (গদ্যকাব্য)
৮। কংসবধ [নাটক]
৯। জানকীবিক্রম [নাটক]
১০। বঙ্গীয়প্রতাপ [নাটক]
১১। বৈদিকবাদমীমাংসা (ইতিহাস)

পুস্তকের নাম	মূল্য	মাশুলাদি
১। বিরাজসরোজিনী (নাটিকা)	॥০	।/০
২। রুক্মিণীহরণ (মহাকাব্য)	১॥০	।৶০
৩। স্মৃতিচিন্তামণি (উৎকৃষ্ট ব্যবস্থাগ্রন্থ ৩য় সং)	২৲	।৶০
টীকাগ্রন্থ।		
৪। উত্তররামচরিত (সটীকানুবাদ ২য় সং)	২॥০	।৶০
৫। মালবিকাগ্নিমিত্র (সটীকানুবাদ ২য় সং)	১।০	।৶০
৬। মালতীমাধব (সটীকানুবাদ ২য় সং)	২॥০	।৶০
৭। দশকুমারচরিত (সটীকানুবাদ ২য় সং)	১।০	।৶০
৮। কাদম্বরীপূর্ব্বার্দ্ধ (সটীকানুবাদ ২য় সং)	৫৲	৸৶০
৯। সাহিত্যদর্পণ (বিস্তৃত টীকাসমেত ২য় সং)	৩॥০	॥৶০
১০। মেঘদূত (সটীকান্বয়-হিন্দী-বঙ্গানুবাদ)	১।০	।/০
১১। কুমারসম্ভব (সটীকা-হিন্দী-বঙ্গানুবাদ)	১।০	।৶০
১২। মৃচ্ছকটিক (সটীকানুবাদ)	৩৲	॥৶০
১৩। অভিজ্ঞানশকুন্তল (সটীকানুবাদ)	৩৲	।৶০
১৪। রঘুবংশ (সটীকা-হিন্দী-বঙ্গানুবাদ)	৪৲	॥৶০
১৫। শিশুপালবধ (পরীক্ষায় পাঠ্য ও অপাঠ্য সর্ব্বত্র মল্লিনাথকৃতটীকা, সিদ্ধান্তবাগীশকৃত টিপ্পনী, বঙ্গানুবাদ ও মুখ্যান্বয় সহিত)	৫৲	৸৶০
১৬। নৈষধচরিত (পরীক্ষায় পাঠ্য ও অপাঠ্য সর্ব্বত্রই সিদ্ধান্তবাগীশকৃত বিস্তৃত সরল টীকা, মুখ্যান্বয় ও বঙ্গানুবাদ সহিত) পূর্ব্বার্দ্ধ	৫৲	৸৶০
উত্তরার্দ্ধ	৪৲	॥৶০
একত্র উভয়ার্দ্ধ	৮৲	১।৶০
১৭। মুদ্রারাক্ষস (সটীকানুবাদ)	২৲	।৶০

কর্ম্মাধ্যক্ষ ৪১ নং সুরিলেন, সিদ্ধান্তবিদ্যালয়, কলিকাতা।

কলিকাতা ৪১নং সুরিলেনস্থ সিদ্ধান্তপ্রেসে
শ্রীহেমচন্দ্রভট্টাচার্য্যকর্ত্তৃক মুদ্রিত।